রত্নমালা।

প্রথম খণ্ড

(অর্থাৎ)

হিন্দু-রাজনীতি।

দ্বিতীয় সংস্করণ।

শ্রীমধুসূদন ভট্টাচার্য্য-কর্ত্তৃক সঙ্কলিত

ও

জেলা মুর্শিদাবাদের অন্তর্গত জঙ্গীপুর-রঘুনাথগঞ্জ হইতে

তৎকর্ত্তৃক প্রকাশিত।

প্রিণ্টার :—এ. ব্যানার্জি,

মেট্‌কাফ্ প্রেস,

৭৬ নং বলরাম দে ষ্ট্রীট্, কলিকাতা।

১৩১৬।

[মুল্য ৩৲ তিন টাকা।

ওঁ নমো গণেশায়।

মন্বাদি-শাস্ত্রার্ণব-সম্ভবানি

রত্নানি সংগৃহ্য সুদুর্লভানি।

কণ্ঠোচিতেয়ং গ্রথিতা বুধানাং

ভট্টেন মালা মধুসূদনেন ॥

বিজ্ঞাপন।

পূজ্যপাদ মনু, অত্রি, বিষ্ণু ও যাজ্ঞবল্ক্য প্রভৃতি ধর্ম্ম-শাস্ত্রপ্রয়োজক মহর্ষিদিগের শাস্ত্র-সংহিতা পুস্তক এবং মহামুনি বাল্মীকির রামায়ণ ও মহামুনি বেদব্যাস-প্রণীত মহাভারতাদি হিন্দুধর্ম্মশাস্ত্ররূপ আকরে সদুপদেশরূপ বহুতর রত্ন-রাজী বিরাজিত রহিয়াছে। আমি ঐ শাস্ত্রাকর হইতে রাজনীতি-বিষয়ক কতকগুলি সদুপদেশ-রত্ন সঙ্কলন করিয়া সাধারণের সুবিধার্থে তাহার বঙ্গানুবাদ এই "রত্নমালা-প্রথমখণ্ড" মুদ্রিত ও প্রকাশিত করিলাম। "রত্নমালা" দ্বিতীয়খণ্ডে সমাজনীতি ও তৃতীয়খণ্ডে ধর্ম্মনীতি-বিষয়ক সদুপদেশরত্ন সংগ্রথিত হইয়াছে, তাহা পশ্চাৎ মুদ্রিত ও প্রকাশিত হইবে।

প্রকৃতি-জাত বন-কুসুম চয়ন করিয়া মালাকর পুষ্পমালা গ্রন্থন করে, ধনাঢ্য-বিলাসী ব্যক্তি তাহা সাদরে গ্রহণ করিয়া গলদেশে ধারণ করতঃ পুষ্পের সৌন্দর্য্য-সৌরভে মোহিত ও আমোদিত হইয়া থাকেন, তাহা পুষ্পেরই গুণ, কিন্তু মালাকর যত্ন ও পরিশ্রমের ফল-স্বরূপ যথোচিত মূল্য গ্রহণ করিয়া লাভ-ভাগী হইয়া থাকে। রত্নানুসন্ধিৎসু রত্নাকর অনুসন্ধান করিয়া বহু-যত্নে ও বহু-পরিশ্রমে রত্ন-সংগ্রহ-পূর্ব্বক রত্নমালা গ্রন্থন করে, বিভবশালী বিভূতিমান্ পুরুষেরা অত্যাদরে বহুমূল্যে তাহা গ্রহণ ও রমণীর কণ্ঠাভরণ করিয়া আনন্দ উপভোগ করিয়া থাকেন, তাহা রত্নেরই গুণ, কিন্তু রত্ন-সংগ্রাহক মালা-গ্রন্থনকারী কেবল যত্ন ও পরিশ্রমের ফল-স্বরূপ তাহাতে যথেষ্ট লাভভাগী হইয়া থাকেন। প্রাচীন মহর্ষিদিগের সদুপদেশরূপ রত্ন, শাস্ত্ররূপ আকরে নানা স্থানে বিরাজিত রহিয়াছে, আমি কেবল যত্ন ও পরিশ্রম-সহকারে তাহা সঙ্কলিত করিয়া এই "রত্নমালা" গ্রন্থন করিলাম, সুতরাং ইহাতে আমার যত্ন ও পরিশ্রম ব্যতীত অন্য

কৃতিত্ব কিছুই নাই। এক্ষণে সংগৃহীত উপদেশ-রত্নগুলি মূল্যবান্ বোধে সাধারণ-সমীপে এই "রত্নমালা" কিঞ্চিৎ আদরণীয় হইলেও আমার যত্ন ও পরিশ্রম সফল এবং আপনাকে কৃতার্থম্মন্য ও লাভবান্ জ্ঞান করিব।

আমি কৃতজ্ঞ-হৃদয়ে স্বীকার করিতেছি যে, বর্দ্ধমান রাজবাটীর বঙ্গানুবাদ মহাভারত এবং ভাটপাড়ানিবাসী পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন মহাশয়কর্ত্তৃক বঙ্গভাষায় অনূদিত সংহিতা ও বাল্মীকিরামায়ণাদি পুস্তক হইতে এই পুস্তক সঙ্কলন বিষয়ে যথেষ্ট সাহায্য প্রাপ্ত হইয়াছি।

আমার পরম-বন্ধু জঙ্গীপুরের প্রধানতম উকীল ও মিউনিসিপালিটীর পূর্ব্বতন চেয়ারম্যান শ্রীযুক্ত বাবু কৃষ্ণবল্লভ রায় মহাশয় এবং জঙ্গীপুর-মিউনিসিপালিটীর অধুনাতন ভাইস্ চেয়ারম্যান ও বিজ্ঞতম উকীল শ্রীযুক্ত বাবু ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় বি, এল, মহাশয় অনুগ্রহপূর্ব্বক এই পুস্তকখানি দেখিয়া দিয়াছেন, একারণ তাঁহাদিগের নিকট চির-কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ রহিলাম।

নাখুরিয়া--জেলা নদীয়া
১৩১১ সাল, শ্রাবণ।

শ্রীমধুসূদন ভট্টাচার্য্য

দ্বিতীয় সংস্করণ সম্বন্ধে নিবেদন,—

জগদীশ্বরের কৃপায় রত্নমালা প্রথম খণ্ড "হিন্দু-রাজনীতি"র প্রথম সংস্করণের সহস্র খণ্ড পুস্তক দুই বৎসর পূর্ব্বে নিঃশেষিত হইয়াছে। ভগবৎ-কৃপায় অনেক বাধা-বিপত্তি উত্তীর্ণ হইয়া সম্প্রতি উহার দ্বিতীয়-সংস্করণ প্রকাশ করিলাম। ঈশ্বরানুগ্রহে ইহা বিদ্বৎসমাজে পূর্ব্ববৎ আদরণীয় হইলে, কৃতার্থম্মন্য হইব।

প্রথম সংস্করণে কেবল শাস্ত্র-সংকলিত শ্লোকের বঙ্গানুবাদ প্রকাশিত হইয়াছিল। কতকগুলি কৃতবিদ্য বিজ্ঞ মহাত্মার অভিপ্রায়ানুসারে এবারে শাস্ত্রের মূল সংস্কৃত শ্লোক ও শ্লোক সংখ্যা সহিত প্রকাশিত হইল, ইহা তাঁহাদিগের ও সাধারণের পরিতৃপ্তিকর হয়, ইহা একান্ত বাঞ্ছনীয়।

দেবর্ষি নারদ পাণ্ডব-সভায় সমাগত হইয়া, মহারাজ যুধিষ্ঠিরকে প্রশ্নচ্ছলে রাজনীতি বিষয়ে যে সকল উপদেশ দিয়াছিলেন তাহা মহাভারত সভাপর্ব্বের পঞ্চম অধ্যায়ে এবং শ্রীরামচন্দ্র প্রশ্নচ্ছলে ভরতকে রাজনীতি বিষয়ে যে সকল উপদেশ দিয়াছিলেন, তাহা বাল্মীকি রামায়ণের শততম সর্গে লিখিত আছে। ঐ সভাপর্ব্বের পঞ্চম অধ্যায় ও বাল্মীকি রামায়ণের শততম সর্গ হইতে যে সকল রাজনীতির উপদেশ এই গ্রন্থে সংকলিত হইয়াছে, তাহা প্রশ্নরূপে অনূদিত না হইয়া রাজ-কর্ত্তব্যাকর্ত্তব্য বিধিরূপে অনুবাদ করা হইয়াছে, পাঠকগণের অবগতি জন্য তাহা নিবেদিত হইল।

এই দ্বিতীয় সংস্করণে পূর্ব্বাতিরিক্ত শুক্রনীতিসার, কামন্দকীয় নীতি-সার ও অগ্নি পুরাণাদি গ্রন্থ হইতে বহুতর উপদেশ-রত্ন ও কয়েকটী নূতন বিষয় সংকলিত হওয়ায়, বিশেষতঃ মূল সংস্কৃত শ্লোক থাকায় গ্রন্থের কলেবর অনেক বৃদ্ধি হইয়াছে, এ কারণ মুদ্রাঙ্কন ব্যয় অত্যধিক হওয়ায় পুস্তকের মূল্য ২৲ দুই টাকা স্থলে, যত দূর সম্ভব সুলভ মূল্য ৩৲ তিন টাকা স্থির করা হইল।

নাথুরিয়া—জেলা নদীয়া
১৩১৬ সাল—২৮শে অগ্রহায়ণ। } শ্রীমধুসূদন ভট্টাচার্য্য।

যে যে শাস্ত্র হইতে উদ্ধৃত তাহার সাঙ্কেতিক চিহ্ন।

সাঙ্কেতিক-চিহ্ন।	গ্রন্থের নাম।
কাম,	কামন্দকীয় নীতিসার।
শুক্র	শুক্রনীতিসার।
কা,	কাশীখণ্ড।
দেবী,	দেবীভাগবত।
শ্রী, ভা,	শ্রীমদ্ভাগবত।
শ্রী, ভ, গী,	শ্রীমদ্ভগবদ্গীতা।
অগ্নি,	অগ্নিপুরাণ।
বা, আ,	বাল্মীকি রামায়ণ আদিকাণ্ড।
বা, অ,	,, অযোধ্যাকাণ্ড।
বা, অর	,, অরণ্যকাণ্ড।
বা, কি	,, কিষ্কিন্ধ্যাকাণ্ড।
বা, সু,	,, সুন্দরকাণ্ড।
বা, ল,	,, লঙ্কাকাণ্ড।
বা, উ,	,, উত্তরকাণ্ড।
ম, আ	মহাভারত আদিপর্ব্ব।
ম, স,	,, সভাপর্ব্ব।
ম, ব,	,, বনপর্ব্ব।
ম, উ,	,, উদ্যোগপর্ব্ব।
ম, ভী,	,, ভীষ্মপর্ব্ব।

সাঙ্কেতিক-চিহ্ন।	গ্রন্থের নাম।
ম, দ্রো,	মহাভারত দ্রোণপর্ব্ব।
ম, শা,	,, শান্তিপর্ব্ব।
ম, অনু,	,, অনুশাসনপর্ব্ব।
যো, মু,	যোগবাশিষ্ঠরামায়ণ-মুমুক্ষুপ্রকরণ।
মনু,	মনুসংহিতা।
অত্রি,	অত্রিসংহিতা।
বিষ্ণু,	বিষ্ণুসংহিতা।
হা,	হারীতসংহিতা।
যাজ্ঞ,	যাজ্ঞবল্ক্যসংহিতা।
পরা,	পরাশরসংহিতা।
গৌ,	গৌতমসংহিতা।
বসিষ্ঠ,	বসিষ্ঠসংহিতা।

অ,—অধ্যায়। স,—সর্গ।

স্ক,—স্কন্ধ।

অ, স, স্ক, ইহার পূর্ব্বের সংখ্যা সমুদায়ই পূরণ বাচক বুঝিতে হইবে এবং পরের অঙ্ক শ্লোকসংখ্যা বুঝিতে হইবে।

সূচীপত্র।

বিষয়।	পৃষ্ঠা।

সূচীপত্র সমাপ্ত

রত্নমালা।

প্রথম খণ্ড।

হিন্দু-রাজনীতি।

এই "রত্নমালা" প্রথম খণ্ডে রাজনীতি সঙ্কলিত হইল। যদিও কালবশে প্রাচীন হিন্দু রাজনীতির অনেক পরিবর্ত্তন হইয়াছে, তথাপি শাস্ত্রীয় প্রাচীন রাজনীতি যে বিশুদ্ধ ও মঙ্গলপ্রদ, ইহা সকলেই স্বীকার করিবেন, তাহাতে সন্দেহ নাই। দেশীয় হিন্দুসন্তান, বিশেষতঃ নৃপনন্দনগণ প্রাচীন কালের মহর্ষিগণের বিহিত ও অনুমোদিত রাজনীতি কিরূপ ছিল এবং ভূপতির কিরূপ গুণোপেত, আচারশীল ও কর্ম্ম-কুশল হওয়া আবশ্যক, তাহা যাহাতে সহজে অবগত হইতে পারেন, তন্নিমিত্ত এই পুস্তকে হিন্দুধর্ম্মশাস্ত্রবিহিত প্রয়োজনীয় রাজনীতি সকল সঙ্কলিত হইল।

অনেকে বিবেচনা করিতে পারেন যে, রাজনীতি কেবল রাজাদিগের জন্যই; কিন্তু বাস্তবিক তাহা নহে। শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীভগবান্ কর্ত্তৃক উক্ত হইয়াছে।

"যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরোজনঃ।

অর্থাৎ শ্রেষ্ঠ ব্যক্তিগণ যেরূপ কর্ম্মের অনুষ্ঠান করেন, অন্যান্য সাধারণ ব্যক্তিও তাঁহাদের অনুসরণ করিয়া থাকে, শ্রেষ্ঠ-গণ যাহা প্রামাণিক বলিয়া স্বীকার করিয়া থাকেন, অন্যান্য লোক তাহারই মর্য্যাদা করে। অতএব নৃপতিগণ যে রাজনীতি মার্গানু-সারে কার্য্যানুবর্ত্তী হইবেন, তাহা অপর সাধারণ সকলেরই অনু-করণীয়। বিশেষতঃ রাজা প্রজার সম্বন্ধ কি, প্রজার প্রতি রাজার কতদূর কর্ত্তৃত্বাধিকার আছে এবং রাজশাসনাধীন প্রজাগণ পিতৃস্থানীয় রাজাকর্ত্তৃক কিরূপে রক্ষণীয় ইত্যাদি বিষয় সমুদায় কেবল রাজনীতি জ্ঞানেই সমুদ্বোধিত হয়, অতএব রাজনীতি সম্রাট্, রাজা, মহারাজ হইতে সামান্য গৃহস্থ পর্য্যন্ত সকলেরই যে জ্ঞাতব্য, ইহা বলা বাহুল্য।

আরও কিঞ্চিৎ অনুধাবন করিয়া দেখিলে বুঝা যায়, আপন আপন পারিবারিক সংসারের প্রধান ব্যক্তি সকলেই রাজা। যদি সুনীতি অনুসারে আপন পারিবারিক সংসার পরিচালিত করিতে পারা যায়, পরিবারস্থ সকলেই সুনীতি অনুশীলন করিয়া আপন আপন চরিত্রকে সুনীতি-সম্পন্ন করিতে পারে, গৃহস্থালীর কর্ত্তা ব্যক্তি যদি পরিবারস্থ সকলের সুনীতির দিকে, আপন আয়, ব্যয়, সংস্থিতির দিকে লক্ষ্য রাখিয়া এবং স্বীয় চরিত্র অন্যের আদর্শস্বরূপে গঠিত করিয়া সংসারযাত্রা নির্ব্বাহ করিতে পারেন, তাহা হইলে সংসারে দুঃখ-ক্লেশ প্রবেশ করিতে পারে না, গৃহস্থালী সুখধাম হইয়া উঠে। আমাদিগের শাস্ত্র-লিখিত রাজনীতিই চরিত্রগঠনের প্রধান উপায়। সচ্চরিত্রতা সাধনের

ও উচ্চাশয়ে, উচ্চকর্ম্মা হইয়া সংসারযাত্রা নির্ব্বাহের যাহা কিছু উপদেশ তৎসমুদয় আমাদিগের শাস্ত্রে রাজনীতিমধ্যেই প্রকটিত আছে। অতএব আবাল-বৃদ্ধ সকলেই সর্ব্বথা রাজনীতির অনুশীলন দ্বারা সচ্চরিত্র, সহৃদয় ও মহোচ্চপ্রকৃতিবান্ হইয়া সংসার-যাত্রা নির্ব্বাহ করিতে সক্ষম হন, তৎপক্ষে সকলেরই যত্নবান্ হওয়া উচিত।

প্রথম স্তবক।

[রাজার নীতি-শাস্ত্রজ্ঞানের আবশ্যকতা।]

শাস্ত্রপাঠেই লোকের জ্ঞানোন্মেষ হয়, শাস্ত্রই কর্ত্তব্যের প্রদর্শক, শাস্ত্র-জ্ঞানই অকর্ত্তব্য হইতে প্রতিনিবৃত্ত করে এবং শাস্ত্র-জ্ঞানই লোকের চরিত্রগঠনের প্রধান সহায়। পবিত্র-চরিত্র, পরম-জ্ঞানী ঋষিগণ লোকহিতার্থে জ্ঞান-বিজ্ঞানের আদর্শ-স্বরূপে শাস্ত্র সমুদায় প্রণয়ন করিয়াছেন। মনুষ্যমাত্রেরই শাস্ত্রজ্ঞান লাভ করিয়া কর্ত্তব্যকার্য্যে প্রবৃত্ত ও অকর্ত্তব্য-কার্য্য হইতে নিবৃত্ত হওয়া এবং শাস্ত্রানুসারে স্ব স্ব চরিত্রগঠন করা একান্ত আবশ্যক। বিশেষতঃ রাজগণের লোকসাধারণের আদর্শ-চরিত্র হওয়া উচিত। অতএব নীতিশাস্ত্রাদি বিবিধ শাস্ত্র আলোচনা করা রাজাদিগের অবশ্যকর্ত্তব্য। শাস্ত্রকারেরা শাস্ত্রালোচনার আবশ্যকতা যাহা বর্ণন করিয়াছেন, তাহা এস্থলে সংকলিত হইল।

১। নীতিশাস্ত্র সর্ব্বোপজীবক, লোকস্থিতিকৃৎ, ধর্ম্মার্থকামের মূল-স্বরূপ ও মোক্ষপ্রদ। অতএব রাজা সর্ব্বদা যত্নসহকারে নীতিশাস্ত্র অভ্যাস করিবেন, নীতিশাস্ত্রে জ্ঞান লাভ করিলে নৃপতি শত্রুজিৎ ও লোক-রঞ্জক হন। শুক্র ১অ। ৫—৬।

২। নীতিশাস্ত্রে জ্ঞানলাভ করিলে, রাজগণ সুনীতি-কুশল হন। তজ্জন্য ব্যাকরণাদিতে ব্যুৎপত্তির আবশ্যকতা নাই. ব্যাকরণ ব্যতীত কি শব্দার্থের জ্ঞান সম্ভব নহে? ন্যায়তর্ক ব্যতিরেকে কি প্রাকৃত পদার্থের জ্ঞান হয় না? মীমাংসা বিনা কি বিধি ক্রিয়া ও ব্যবহার জ্ঞান হয় না? বেদান্ত বিনা কি দেহাবধির নশ্বরত্বের জ্ঞান হয় না? এই সকল নিজ নিজ মত প্রতিপাদক মাত্র। এই সকল শাস্ত্র কেবল তৎতৎ মতানুসারিগণের গৃহীত, তদ্দ্বারা লোকাচার-পরায়ণ ব্যক্তিদিগের বুদ্ধিকৌশলের কি উপকার সাধিত হইবে?। শুক্র, ১অ। ৭—১০।

১। সর্ব্বোপজীবকং লোকস্থিতিকৃন্নীতিশাস্ত্রকম্।
ধর্ম্মার্থকামমূলং হি স্মৃতং মোক্ষপ্রদং যতঃ॥
অতঃ সদা নীতিশাস্ত্রমভ্যসেদ্ যত্নতোনৃপঃ।
যদ্বিজ্ঞানাৎ নৃপাদ্যাশ্চ শত্রুজিল্লোকরঞ্জকাঃ॥ শুক্র—১ অ। ৫—৬।

২। সুনীতি কুশলা নিত্যং প্রভবন্তি চ ভূমিপাঃ।
শব্দার্থানাং ন কিং জ্ঞানং বিনা ব্যাকরণং ভবেৎ?॥
প্রাকৃতানাং পদার্থানাং ন্যায়তর্কৈর্বিনা ন কিম্?।
বিধিক্রিয়া ব্যবস্থানাং ন কিং মীমাংসয়া বিনা?॥
দেহাবধিনশ্বরত্বং বেদান্তৈর্ন বিনা হি কিম্?।
স্বস্বাভিমতবোধীনি শাস্ত্রাণ্যেতানি সন্তি হি॥
তত্তন্মতানুগৈঃ সর্ব্বৈর্বিধৃতানি জনৈঃ সদা।
বুদ্ধিকৌশলমেতদ্ধি তৈঃ কিং স্যাদ্ ব্যবহারিণাম্?॥ শুক্র, ১অ।৭—১০।

৩। যেমন আহার ব্যতীত দেহীর দেহস্থিতি হয় না, সেইরূপ নীতি বিনা সর্ব্ব লোকের ব্যবহার স্থিতি হয় না। নীতিশাস্ত্র সর্ব্বাভীষ্টকর ও সর্ব্বসম্মত; রাজা সকলের প্রভু, অতএব রাজারও অতীব প্রয়োজনীয়। শুক্র, ১অ। ১১—১২।

৪। অপথ্যাশিগণের রোগের ন্যায় নীতিহীনদিগের শত্রু উৎপন্ন হয়, পথ্যাশিগণের রোগের ন্যায় অনীতি-হীনের শত্রু কদাচিৎ উৎপন্ন হইয়া থাকে। শুক্র, ১অ। ১৩।

৫। প্রজাপরিপালন ও দুষ্টনিগ্রহণ রাজার পরমধর্ম্ম, নীতি বিনা উভয়ই অসম্ভব। শুক্র, ১অ। ১৪।

৬। অনীতিরূপ ছিদ্র, নিত্য রাজার ভয়াবহ, শত্রু-সংবর্দ্ধন ও মহৎ বলহ্রাসকর। শুক্র, ১অ। ১৫।

৭। নীতিত্যাগ করিয়া যে স্বেচ্ছাচারী হয়, সে দুঃখভাগী হয়; স্বেচ্ছা-

৩। সর্ব্বলোক-ব্যবহার-স্থিতির্নীত্যা বিনা ন হি।
যথাশনৈর্বিনা দেহস্থিতি র্ন স্যাদ্ধি দেহিনাম্॥
সর্ব্বাভীষ্টকরং নীতিশাস্ত্রং স্যাৎ সর্ব্বসম্মতম্।
অত্যাবশ্যং নৃপস্যাপি স সর্ব্বেষাং প্রভুর্যতঃ॥ শুক্র, ১ অ। ১১-১২।

৪। শত্রবো নীতিহীনানাং যথাপথ্যাশিনাং গদাঃ।
সদ্যঃ কেচিচ্চ কালেন ভবন্তি ন ভবন্তি চ॥ শুক্র, ১অ। ১৩।

৫। নৃপস্য পরমোধর্ম্মঃ প্রজানাং পরিপালনম্।
দুষ্টনিগ্রহণং নিত্যং ন নীত্যা তে বিনাহ্যুভে॥ শুক্র, ১ অ ১৪।

৬। অনীতিরেব সংছিদ্রং রাজ্ঞো নিত্যং ভয়াবহম্।
শত্রুসংবর্দ্ধনং প্রোক্তং বলহ্রাসকরং মহৎ॥ শুক্র, ১ অ। ১৫।

৭। নীতিং ত্যক্ত্বা বর্ত্ততে যঃ স্বতন্ত্রঃ স হি দুঃখভাক্।
স্বতন্ত্রপ্রভুসেবা তু হ্যসিধারাবলেহনম্॥ শুক্র, ১ অ ১৬।

চারী প্রভুর সেবা অসিধার অবলেহনের ন্যায় (বিপদ্-সঙ্কুল)। শুক্র, ১অ। ১৬।

৮। নীতি-সম্পন্ন রাজা সুখারাধ্য ও অনীতিমান্ রাজা দুরারাধ্য; যেখানে নীতি ও বল উভয়ই বিদ্যমান থাকে, তথায় লক্ষ্মী সর্ব্বতোমুখী হইয়া থাকেন। শুক্র, ১অ। ১৭।

৯। যেমন রাষ্ট্র সকল স্বভাবতঃই লোকের হিতকর, সেইরূপ রাজা আত্মহিতার্থ আপনিই নীতি ধারণ করিবেন। শুক্র, ১অ। ১৮।

১০। যে রাজার সর্ব্বদা অনীতিবশতঃ অনৈপুণ্য, তাঁহার রাষ্ট্র ভিন্ন, বল ভিন্ন ও অমাত্যাদি গণ ভিন্ন হইয়া থাকে। এবং তিনি অচিরাৎ রাজ্যভ্রষ্ট হন। শুক্র, ১অ। ১৯।

১১। কাল যাপন যে কোন উপায়ে করিতেই হয়, তন্মধ্যে মূর্খেরা ক্রীড়া প্রভৃতি ব্যসনের সাহায্যে এবং পণ্ডিতেরা শাস্ত্রচিন্তার সাহায্যে কাল যাপন করিয়া থাকেন। দেবী ভা, ১অ। ১২।

১২। যিনি নয়ন দ্বারা সুপ্ত হইয়াও নীতিরূপ নেত্রদ্বারা জাগরিত

৮। স্বারাধ্যো নীতিমান্ রাজা দুরারাধ্যস্ত্বনীতিমান্।
যত্র নীতিবলে চোভে তত্র শ্রীঃ সর্ব্বতোমুখী॥ শুক্র, ১অ, ১৭।

৯। অপ্রেরিত-হিতকরং সর্ব্বরাষ্ট্রং ভবেদ্ যথা।
তথা নীতিস্তু সন্ধার্য্যা নৃপেণাত্মহিতায় বৈ॥ শুক্র, ১অ, ১৮।

১০। ভিন্নং রাষ্ট্রং বলং ভিন্নং ভিন্নোঽমাত্যাদিকোগণঃ।
অকৌশল্যং নৃপস্যৈতদনীতের্যস্য সর্ব্বদা॥ শুক্র, ১অ, ১৯।

১১। যেন কেনাপ্যুপায়েন কালাতিবাহনং স্মৃতম্।
ব্যসনৈরিহ মূর্খাণাং বুধানাং শাস্ত্রচিন্তনৈঃ॥ দেবী ১অ, ১২

১২। নয়নাভ্যাং প্রসুপ্তো বা জাগর্ত্তি নয়চক্ষুষা।
ব্যক্তক্রোধ-প্রসাদশ্চ স রাজা পূজ্যতে জনৈঃ॥ বা, অর, ৩৩স, ২১।

থাকেন এবং যাঁহার ক্রোধ ও প্রসাদ কার্য্যদ্বারা ব্যক্ত হয়, সকলেই সেই ভূপালকে পূজা করে। বা, অর, ৩৩স। ২১।

১৩। যে নৃপতি শাস্ত্রচক্ষুঃ (শাস্ত্রজ্ঞান জনিত দিব্যদৃষ্টি-সম্পন্ন) নহেন, তিনি অন্ধ। যে মদহেতু সৎপথ পরিত্যাগ করে, ঈদৃশ চক্ষুষ্মান্ অপেক্ষা অন্ধও ভাল। মন্ত্রকুশল মন্ত্রীর সাহায্যে অন্ধ রাজা উত্তীর্ণ হইতে পারে, কিন্তু চক্ষুষ্মান্ মদান্ধ হইলে, সে নানা প্রকারে আত্মার বিনাশ সাধন করে। সুবিজ্ঞ অমাত্যের অভিপ্রায় অনুসারে কার্য্য করিয়া শাস্ত্র-চক্ষুঃ রাজা ধর্ম্মার্থ বিনাশক ব্যসন সকল পরিত্যাগ করিবেন।

কাম, ১৪স। ৩—৫।

১৪। যে শাস্ত্রবিধি পরিত্যাগ পূর্ব্বক স্বেচ্ছাচারী হইয়া কার্য্য করে, তাহার অন্তঃকরণে শুদ্ধি হয় না, তাহার ইহলোকে সুখ ও মোক্ষরূপা গতিও লাভ হয় না। কার্য্যাকার্য্য নিরূপণে শাস্ত্রই তোমার প্রমাণ, অতএব শাস্ত্রানুসারে নিজ অধিকারানুরূপ শাস্ত্রীয় ব্যবস্থা বিদিত হইয়া কর্ত্তব্য কর্ম্মে প্রবৃত্ত হও। শ্রী, ভ, গীতা, ১৬অ। ২৩—২৪।

১৩। অশাস্ত্রচক্ষুর্নৃপতিরন্ধ ইত্যভিধীয়তে।
বরমন্ধো ন চক্ষুষ্মান্মদাক্ষিপ্তসৎপথঃ॥
মন্ত্রিভির্মন্ত্রকুশলৈরন্ধঃ সন্তার্য্যতে নৃপঃ।
চক্ষুষ্মাংশ্চ মদান্ধঃ সন্নাত্মানং হন্ত্যশেষতঃ॥
শাস্ত্রচক্ষুর্নৃপস্তস্মান্মহামাত্যমতে স্থিতঃ।
ধর্ম্মার্থ প্রতিঘাতীনি ব্যসনানি পরিত্যজেৎ॥ কাম, ১৪ স, ৩—৫।

১৪। যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্॥
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে কার্য্যাকার্য্য-ব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি॥

শ্রী, ভ, গীতা, ১৬অ, ২৩—২৪।

১৫। বহুশাস্ত্র চিন্তা করিলে মনুষ্য অহঙ্কারী ও ধর্ম্মান্ধ হয় না। এক শাস্ত্র অধ্যয়ন করিয়া তত্ত্ব নির্ণয় করা যায় না, বহুশাস্ত্র আলোচনা করিলে লোকতত্ত্বদর্শী হয়, অতএব বুদ্ধিমান্ ব্যক্তি নিরলস হইয়া নিত্য বহুশাস্ত্র আলোচনা করিবে। শুক্র, ৩অ। ১৩৪—১৩৫।

১৬। যে রাজা শুক্রোপদিষ্ট নীতিসার সর্ব্বদা আলোচনা করেন, তিনিই রাজকার্য্যভার বহন করিতে সমর্থ। শুক্র, ৪অ, ৭প্র, ৪২৪।

দ্বিতীয় স্তবক।

[রাজার আবশ্যকতা।]

জগদীশ্বর মনুষ্যদিগকে বুদ্ধি-বিবেচনাদি গুণে অলঙ্কৃত করিয়া সৃষ্টি করিয়াছেন; কিন্তু ভাগ্যবলেই হউক অথবা সুকৃতি-দুষ্কৃতিবলেই হউক কিংবা ঈশ্বরের অভিপ্রায়েই হউক, সকল

১৫। নাহঙ্কারী চ ধর্ম্মান্ধঃ শাস্ত্রাণাং তত্ত্বচিন্তনৈঃ।
একং শাস্ত্রমধীয়ানো ন বিদ্যাৎ কার্য্যনির্ণয়ম্॥
স্যাদ্ বহ্বাগমসন্দর্শী ব্যবহারো মহানতঃ।
বুদ্ধিমানভ্যসেন্নিত্যং বহুশাস্ত্রাণ্যতন্দ্রিতঃ॥ শুক্র, ৩অ, ১৩৪—১৩৫।

১৬। শুক্রোক্ত-নীতিসারং যশ্চিন্তয়েদনিশং সদা।
ব্যবহারধুরং বোঢ়ুং স শক্তো নৃপতির্ভবেৎ॥ শুক্র, ৪অ, ৭প্র—৪২৪।

মনুষ্য-শরীরে সেই সকল গুণ সমানভাবে অবস্থিত নহে, প্রত্যেক শরীরেই ন্যূনাধিক্যানুসারে সেই সকল গুণের তারতম্য আছে। কোন বিষয়ে একজনের বুদ্ধি যে ভাব গ্রহণ করে, হয়ত অন্যের বুদ্ধিতে তাহা বিপরীতরূপে প্রকটিত হয়; একজন কোন বিষয়ে যেরূপ বিবেচনা করে, অপরে হয়ত তাহার ঠিক বিপরীত বুঝে। পৃথিবীতে নানা দেশ ও নানা জাতি আছে, সকল দেশীয় সকল জাতীয় লোকের মধ্যে অধিকাংশই আপন আপন দেশের রাজা থাকা কামনা করেন এজন্য সকল দেশেই রাজা বা রাজকীয়-ক্ষমতাসম্পন্ন শাসনকর্ত্তা আছেন। কিন্তু কোন কোন দেশে আবার এমন কতকগুলি লোকও আছে, যাহারা রাজা থাকা আবশ্যক বোধ করে না। তাহারা মনে করে, রাজা আবার কেন? রাজা থাকার প্রয়োজন কি? জগদীশ্বর সকল মনুষ্যকেই সৃষ্টি করিয়াছেন, পৃথিবীতে সকলেই সমানভাবে থাকিবে; এক জন সম্পূর্ণ ঐশ্বর্য্য ভোগ করিবে, আর একজন নিতান্ত দুঃস্থাবস্থায় কাল যাপন করিবে, ইহা কখনই ঈশ্বরের অভিপ্রেত হইতে পারে না, ইহাই তাহাদের বিশ্বাস। তাহারা সেই বিশ্বাসে নির্ভর করিয়া, জগতীতলে নানা অনর্থকর উপদ্রবও করিয়া থাকে, কিন্তু তাহাদের সেই বিশ্বাস সম্পূর্ণ ভ্রমাত্মক। পৃথিবীতে রাজা না থাকিলে মহান্ অনর্থ সংঘটিত হয়, ইহা তাহারা বুঝে না। ঐ সম্প্রদায়ের মতাবলম্বী হইয়া যাহারা তদ্রূপ বিশ্বাস করে, তাহাদের সংশয়াপনোদনের নিমিত্ত "রাজার আবশ্যকতা" বিষয়ে শাস্ত্রকার দিগের অভিপ্রায় এস্থলে সংকলিত হইল।

১। জগৎ অরাজক হইলে সকলেই ভয়ে আকুল হয়, এই জন্য সমুদায় চরাচর রক্ষার জন্য পরমেশ্বর রাজার সৃষ্টি করিয়াছেন। মনু ৭ অ। ৩।

২। স্ব স্ব ধর্ম্মানুষ্ঠান-নিরত ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের ও ব্রহ্মচর্য্যাদি আশ্রম চতুষ্টয়ের রক্ষাবিধানার্থ প্রজাপতি রাজার সৃষ্টি করিয়াছেন। মনু ৭ অ। ৩৫।

৩। রাজার অভিষেচন করাই রাজ্যবাসী লোকদিগের কর্ত্তব্যতম। কারণ, দস্যুগণ অরাজক এবং বলহীন রাজ্যকে অভিভূত করিয়া থাকে। ম, শা, ৬৭ অ। ২।

৪। অরাজক রাজ্যমধ্যে পরস্পর পরস্পরের ধর্ম্মরক্ষার নিমিত্ত যত্নবান্ হয় না, অধিকন্তু পরস্পর পরস্পরের অনিষ্ট চেষ্টাই করিয়া থাকে। অতএব এতাদৃশ রাজবিহীন রাজ্যকে ধিক্। ম, শা, ৬৭ অ। ৩।

৫। অরাজক রাজ্যমধ্যে বাস করা কর্ত্তব্য নহে, কারণ তাদৃশ রাজ্যে অগ্নিও দেবগণের হব্য বহন করেন না। ম, শা, ৬৭ অ,। ৫।

১। অরাজকে হি লোকেঽস্মিন্ সর্ব্বতোবিদ্রুতে ভয়াৎ।
রক্ষার্থমস্য সর্ব্বস্য রাজানমসৃজৎ প্রভুঃ॥ মনু, ৭অ, ৩।

২। স্বে স্বে ধর্ম্মে নিবিষ্টানাং সর্ব্বেষামনুপূর্ব্বশঃ।
বর্ণানামাশ্রমাণাঞ্চ রাজা সৃষ্টোঽভিরক্ষিতা॥ মনু ৭ অ, ৩৫।

৩। রাষ্ট্রস্যৈতৎ কৃত্যতমং রাজ্ঞ এবাভিষেচনম্।
অনিন্দ্রমবলং রাষ্ট্রং দস্যবোঽভিভবন্ত্যুত॥ ম, শা, ৬৭ অ, ২।

৪। অরাজকেষু রাষ্ট্রেষু ধর্ম্মো ন ব্যবতিষ্ঠতে।
পরস্পরঞ্চ খাদন্তি সর্ব্বথাধিগরাজকম্॥ ম, শা, ৬৭ অ, ৩।

৫। নারাজকেষু রাষ্ট্রেষু বস্তব্যমিতি রোচয়ে।
নারাজকেষু রাষ্ট্রেষু হব্যমগ্নির্বহত্যুত॥ ম, শা, ৬৭অ, ৫।

৬। হতবীর্য্য অরাজক রাজ্যমধ্যে অপর রাজ্যার্থী বলশালী রাজা আগমন করিলে, তাঁহাকে প্রত্যুদ্‌গমনাদি দ্বারা সম্মান প্রদর্শন করাই সুমন্ত্রণার কার্য্য। কারণ পাপময় অরাজক হইতে অধিক দোষাবহ আর কিছুই নাই। ম, শা, ৬৭ অ। ৬—৭।

৭। অরাজক রাজ্যমধ্যে পাপী পুরুষ পরবিত্ত হরণ করিয়া পরমপ্রীতি লাভ করিয়া থাকে, কিন্তু যখন অপরে তাহার বিত্ত হরণ করে, তখন তাহারাই রাজার নিমিত্ত ইচ্ছা প্রকাশ করিয়া থাকে। কারণ তাহা হইলে পাপাচারিগণ কোনরূপেই মঙ্গললাভ করিতে পারে না, অরাজক হইলে দুইজনে একের বিত্ত এবং অপর বহুলোকে দুইজনের বিত্ত হরণ করে; দাস্যবৃত্তির অনর্হদিগকে বলপূর্ব্বক দাস করিয়া থাকে এবং বলপূর্ব্বক পরস্ত্রীগণকে হরণ করে; এই জন্যই দেবগণ প্রজাপালক রাজার নিয়ম করিয়াছেন। ম, শা, ৬৭ অ। ১৩—১৫।

৮। প্রজাগণ যে ধর্ম্ম আচরণ করে, রাজাই তাহার মূল; কারণ তাহারা রাজভয়েই পরস্পরকে হিংসা করিতে পারে না। ম, শা, ৬৮ অ। ৮।

৬। অথ চেদভিবর্ত্তেত রাজ্যার্থী বলবত্তরঃ।
অরাজকানি রাষ্ট্রাণি হতবীর্য্যাণি তা পুনঃ॥
প্রত্যুদ্‌গম্যাভিপূজ্যঃ স্যাদেতদত্র সুমন্ত্রিতম্।
নহি পাপাৎ পরতরমস্তি কিঞ্চিদরাজকাৎ॥ ম, শা, ৬৭অ, ৬—৭।

৭। প্রীয়তে হি হরন্ পাপঃ পরবিত্তমরাজকে।
যদাস্য উদ্ধরন্ত্যন্যে তদা রাজানমিচ্ছতি॥
পাপা হ্যপি তদা ক্ষেমং ন লভন্তে কদাচন।
একস্য হি দ্বৌ হরতো দ্বয়োশ্চ বহবোঽপরে॥
অদাসঃ ক্রিয়তে দাসো হ্রিয়ন্তে চ বলাৎ স্ত্রিয়ঃ।
এতস্মাৎ কারণাদ্দেবাঃ প্রজাপালান্ প্রচক্রিরে॥ ম, শা, ৬৭ অ। ১৩—১৫।

৮। রাজমূলো মহাপ্রাজ্ঞ ধর্ম্মো লোকস্য লক্ষ্যতে।
প্রজা রাজভয়াদেব ন খাদন্তি পরস্পরম্॥ ম, শা, ৬৮অ। ৮

৯। যেরূপ চন্দ্রসূর্য্যের অনুদয়ে জীবগণ ঘোরান্ধকারে নিমগ্ন হয় এবং পরস্পরকে দেখিতে পায় না, যেরূপ অল্পোদক সরোবরে মৎস্যগণ এবং হিংস্রভয়রহিত কাননমধ্যে বিহঙ্গমগণ পুনঃ পুনঃ হিংসা করতঃ ইচ্ছানুসারে বিচরণ করে ও কালক্রমে পরস্পর কাহারও বাক্য সহ্য না করিয়া সকলের বাক্য অতিক্রম এবং সকলেই উৎপীড়ন করতঃ অচিরকাল মধ্যে বিনাশ প্রাপ্ত হয়, তদ্রূপ রাজা না থাকিলে প্রজাগণও পালকবিহীন পশুর ন্যায় ঘোরান্ধকারে নিমগ্ন হইয়া বিনষ্ট হয়। ম, শা, ৬৮অ, ১০—১৩।

১০। যদি রাজা রক্ষা না করেন, তাহা হইলে বলবান্‌গণ বলপূর্ব্বক দুর্ব্বলগণের পরিগ্রহ (পত্নী) সকল হরণ করিত, তাহারা স্ব স্ব সামর্থ্য অনুসারে পরম আগ্রহেও তাহা রক্ষা করিতে সমর্থ হইত না। ম, শা, ৬৮ অ। ১৪।

১১। যদি রাজা রক্ষা না করেন, তবে কেহই "এই বস্তু আমার"

৯। যথা হ্যনুদয়ে রাজন্ ভূতানি শশিসূর্য্যয়োঃ।
অন্ধে তমসি মজ্জেয়ুরপশ্যন্তঃ পরস্পরম্॥
যথা হ্যনুদকে মৎস্যা নিরাক্রন্দে বিহঙ্গমাঃ।
বিহরেয়ুর্যথাকামং বিহিংসন্তঃ পুনঃ পুনঃ॥
বিমথ্যাতিক্রমেরংশ্চ বিষহ্যাপি পরস্পরম্।
অভাবমচিরেণৈব গচ্ছেয়ুর্নাত্র সংশয়ঃ॥
এবমেব বিনা রাজ্ঞা বিনশ্যেয়ুরিমাঃ প্রজাঃ।
অন্ধে তমসি মজ্জেয়ুরগোপাঃ পশবো যথা॥ ম, শা, ৬৮অ, ১০—১৩।

১০। হরেয়ুর্ব্বলবন্তোঽপি দুর্ব্বলানাং পরিগ্রহান্।
হন্যুর্ব্যাযচ্ছমানাংশ্চ যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮ অ, ১৪।

১১। মমেদমিতি লোকেঽস্মিন্ন ভবেৎ সম্পরিগ্রহঃ।
ন দারা ন চ পুত্রঃ স্যান্ন ধনং ন পরিগ্রহঃ।
বিষ্বগ্‌লোপঃ প্রবর্ত্তেত যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮ অ ১৫।

এইরূপ জ্ঞান করিতে পারিত না, স্ত্রী, পুত্র, অন্নাদি ভক্ষদ্রব্য অথবা অপর কোন বস্তু স্বায়ত্ত থাকিত না, রাজা রক্ষা না করিলে অর্থ সকল ক্ষয় প্রাপ্ত হইত। ম, শা, ৬৮ অ,। ১৫।

১২। যদি রাজা পালন না করিতেন, তাহা হইলে পাপাচারী চৌরগণ বলপূর্ব্বক সকলের যান, বস্ত্র, অলঙ্কার এবং অপর বিবিধ রত্ন সকল হরণ করিত। ম, শা, ৬৮ অ। ১৬।

১৩। যদি রাজা পালন না করিতেন, তাহা হইলে, ধর্ম্মচারিগণের প্রতি বহুধা শস্ত্রপাত হইত এবং সকলেই অধর্ম্মের আশ্রয় গ্রহণ করিত। ম, শা, ৬৮ অ,। ১৭।

১৪। রাজা রক্ষা না করিলে সকলেই বৃদ্ধ পিতা, মাতা, আচার্য্য, অতিথি এবং গুরুগণকে ক্লেশ দিতে এবং বিনাশ করিতেও সঙ্কুচিত হইত না। ম, শা, ৬৮ অ,। ১৮।

১৫। যদি রাজা পালন না করিতেন, তাহা হইলে অর্থশালিগণের নিয়তই বধ, বন্ধন অথবা নিরতিশয় ক্লেশ উপস্থিত হইত এবং কেহই কোন বস্তু সর্ব্বতোভাবে আমার বলিয়া জ্ঞান করিতে পারিত না। ম, শা, ৬৮ অ। ১৯।

১২। যানং বস্ত্রমলঙ্কারান্ রত্নানি বিবিধানি চ।
হরেয়ুঃ সহসা পাপা যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ. ১৬।

১৩। পতেদ্বহুবিধং শস্ত্রং বহুধা ধর্ম্মচারিষু।
অধর্ম্মঃ প্রগৃহীতঃ স্যাদ্ যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ১৭।

১৪। মাতরং পিতরং বৃদ্ধমাচার্য্যমতিথিং গুরুম্।
ক্লিশ্নীয়ুরপি হিংস্যুর্ব্বা যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ১৮।

১৫। বধবন্ধপরিক্লেশো নিত্যমর্থবতাং ভবেৎ।
মমত্বঞ্চ ন বিন্দেয়ুর্যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ১৯।

১৬। রাজা রক্ষা না করিলে, সকলেই অকালে কালকবলে পতিত হইত; অখিল লোকই দস্যুগণের অধীন হইত এবং সকলেই ঘোর নরকে পতিত হইত। ম, শা, ৬৮ অ। ২০।

১৭। যদি রাজা রক্ষা না করিতেন, তাহা হইলে যোনিদোষ, কৃষি অথবা বণিক্ পথ কিছুই থাকিত না; ধর্ম্ম নিমগ্ন ও বেদ সকল বিলুপ্ত হইত। ম, শা, ৬৮ অ। ২১।

১৮। রাজা রক্ষা না করিলে, সপ্তবিধ দক্ষিণাবিশিষ্ট যজ্ঞ, বিবাহ অথবা সমাজ কিছুই বিধিবৎ প্রবর্ত্তিত হইত না। ম, শা, ৬৮ অ। ২২।

১৯। রাজার শাসন না থাকিলে বৃষগণও গো সকলে রেতঃ-সেচন করিত না, গর্গরী সকল মথিত হইত না; সুতরাং ঘোষগণও বিনষ্ট হইত। ম, শা, ৬৮ অ। ২৩।

২০। রাজা রক্ষা না করিলে, সকল লোকই ত্রস্ত ও উদ্বিগ্ন হইয়া হাহাকার করতঃ অচেতনবৎ ক্ষণকাল মধ্যে বিনাশ প্রাপ্ত হইত। ম, শা, ৬৮ অ। ২৪।

১৬। অস্তাশ্চাকাল এব স্যুর্লোকোঽয়ং দস্যুসাদ্ভবেৎ।
পতেয়ুর্নরকং ঘোরং যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ২০।

১৭। ন যোনি দোষা বর্ত্তেত ন কৃষির্ন বণিক্ পথঃ।
মজ্জেদ্ধর্ম্মস্ত্রয়ী নস্যাদ্ যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ২১।

১৮। ন যজ্ঞাঃ সম্প্রবর্ত্তেয়ুর্বিধিবৎ সাপ্তদক্ষিণাঃ।
ন বিবাহাঃ সমাজো বা যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ২২।

১৯। ন বৃষা সম্প্রবর্ত্তেরন্ন মথ্যেরংশ্চ গর্গরাঃ।
ঘোষাঃ প্রণাশং গচ্ছেয়ুর্যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ২৩।

২০। ত্রস্তমুদ্বিগ্নহৃদয়ং হাহাভূতমচেতনম্।
ক্ষণেন বিনশেৎ সর্ব্বং যদি রাজা ন পালয়েৎ ॥ ম, শা, ৬৮অ, ২৪।

২১। যদি রাজা রক্ষা না করিতেন, তাহা হইতে কেহই নির্ভয়চিত্তে যথাবিহিত দক্ষিণাবিশিষ্ট সাংবৎসরিক যজ্ঞসকল আচরণ করিত না। ম, শা, ৬৮ অ। ২৫।

২২। রাজশাসন না থাকিলে বিদ্যাস্নাত, ব্রতস্নাত, তপস্বী ও ব্রাহ্মণ বেদচতুষ্টয় অধ্যয়ন করিতেন না। ম, শা, ৬৮ অ। ২৬।

২৩। যদি রাজা পালন না করিতেন, তাহা হইলে যে ব্যক্তি ব্রহ্মহত্যাকারীকে হনন করিয়াছে, সে তাদৃশ ধর্ম্ম জন্য প্রশংসা লাভ করিতে পারিত না। পরন্তু ব্রহ্মঘাতী সুস্থেন্দ্রিয় হইয়া বিচরণ করিত। ম, শা, ৬৮ অ। ২৭।

২৪। রাজার শাসন না থাকিলে চৌরগণ হস্তস্থ ধনাদিও অপহরণ করিত; সেতু সকল ভগ্ন হইত এবং প্রজাগণও ভয়বিহ্বল হইয়া চতুর্দ্দিকে বিদ্রুত হইত। ম, শা, ৬৮ অ। ২৮।

২৫। রাজা রক্ষা না করিলে চতুর্দ্দিকে অনীতি সকল প্রবর্ত্তিত হইত বর্ণসঙ্কর জাতির বৃদ্ধি হইত এবং রাজ্যমধ্যে নিয়ত দুর্ভিক্ষ উপস্থিত হইত। ম, শা, ৬৮। ২৯।

২১। ন সংবৎসর-সত্রাণি তিষ্ঠেয়ুরকুতোভয়াঃ।
বিধিবদ্দক্ষিণাবন্তি যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮অ, ২৫।

২২। ব্রাহ্মণাশ্চতুরো বেদান্নাধীয়ীরংস্তপস্বিনঃ।
বিদ্যাস্নাতা ব্রতস্নাতা যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮অ, ২৬।

২৩। ন লভেদ্ধর্ম্মসংশ্লেষং হতবিপ্রহতো জনঃ।
হর্ত্তা স্বস্থেন্দ্রিয়ো গচ্ছেদ্ যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮অ, ২৭।

২৪। হস্তাদ্ধস্তং পরিমুষেয়ুর্ভিদ্যেরন্ সর্ব্বসেতবঃ।
ভয়ার্ত্তং বিদ্রবেৎ সর্ব্বং যদি রাজা ন পালযেৎ॥ ম, শা, ৬৮অ, ২৮।

২৫। অনয়াঃ সম্প্রবর্ত্তেরন্ ভবেদ্বৈ বর্ণসঙ্করঃ।
দুর্ভিক্ষমাবিশেদ্রাষ্ট্রং যদি রাজা ন পালয়েৎ॥ ম, শা, ৬৮অ, ২৯।

২৬। যেরূপ গৃহদ্বার বন্ধ করিয়া ইচ্ছানুসারে নিদ্রা যায় তদ্রূপ নৃপতি কর্ত্তৃক রক্ষিত হইয়া মনুষ্যগণ অকুতোভয়ে সর্ব্বত্র বিচরণ করিয়া থাকে। ম, শা, ৬৮ অ। ৩০।

২৭। যখন বলশালিগণ প্রহার করিলেও দুর্ব্বল গণ তাহা সহ্য করিয়া থাকে, তখন যদি ধার্ম্মিক নরপতি সর্ব্বতোভাবে পৃথিবীকে রক্ষা না করিতেন, তাহা হইলে অপরে যে অপরের আক্রোশ বাক্য সহ্য করিবে, তাহা বিচিত্র কি? নরপতি যথাবৎ রক্ষা করিলে সর্ব্বালঙ্কার ভূষিত অবলাগণও অকুতোভয়ে রাজমার্গে বিচরণ করিতে পারে। ম, শ, ৬৮ অ, ৩১—৩২।

২৮। যদি ভূপতি রক্ষা করেন, তাহা হইলে পরস্পর সকলেই সকলকে অনুগ্রহ করে এবং পরস্পর হিংসা না করিয়া ধর্ম্মপথেই বিচরণ করিয়া থাকে। ম, শা, ৬৮ অ। ৩৩।

২৯। যখন ভূপতি প্রজাগণকে যথাবৎ রক্ষা করেন, তৎকালে ব্রাহ্মণাদি বর্ণত্রয়ে সকলেই পৃথগ্বিধ যজ্ঞ দ্বারা দেবগণের অর্চ্চনা এবং মনঃসংযোগ সহকারে বিদ্যাধ্যয়ন করিয়া থাকে। ম, শা, ৬৮অ। ৩৪।

২৬। বিবৃতা হি যথাকামং গৃহদ্বারাণি শেরতে।
মনুষ্যা রক্ষিতা রাজ্ঞা সমন্তাদকুতোভয়াঃ ॥ ম, শা, ৬৮অ, ৩০।

২৭। না ক্রুষ্টং সহতে কশ্চিৎ কুতো বা হস্তলাঘবং।
যদি রাজা ন সম্যগ্গাং রক্ষয়ত্যপি ধার্ম্মিকঃ ॥
স্ত্রিয়শ্চাপুরুষা মার্গং সর্ব্বালঙ্কারভূষিতাঃ।
নির্ভয়াঃ প্রতিপদ্যন্তে যদি রক্ষতি ভূমিপঃ ॥ ম, শা, ৬৮অ, ৩১-৩২।

২৮। ধর্ম্মমেব প্রপদ্যন্তে ন হিংসন্তি পরস্পরং।
অনুগৃহ্নন্তি চান্যোন্যং যদি রক্ষতি ভূমিপঃ। ম, শা, ৬৮অঃ ৩৩।

২৯। যজন্তে চ মহাযজ্ঞৈস্ত্রয়ো বর্ণাঃ পৃথগ্বিধৈঃ।
যুক্তাশ্চাধীয়তে বিদ্যাং যদা রক্ষতি ভূমিপঃ ॥ ম, শা, ৬৮অ, ৩৪।

৩০। বার্ত্তামূল এই লোক বেদত্রয় দ্বারা রক্ষিত। পরন্তু রাজার সুশাসন থাকিলেই তৎসমস্ত সুরক্ষিত হইয়া থাকে। ম, শা, ৬৮ অ। ৩৫।

৩১। যদি দণ্ডধারক নরপতি লোকসকলের সহিত পৃথিবীকে রক্ষা না করিতেন, তাহা হইলে বলশালিগণ জলজীবী মৎস্য সকলের ন্যায়, দুর্ব্বলগণকে ভক্ষণ করিয়া ফেলিত। ম, শা, ৬৭ অ। ১৬।

রাজা পরীক্ষিৎ ধ্যান-মগ্ন শমাক ঋষির গলদেশে মৃতসর্প প্রদান করায় সেই ঋষির পুত্র শৃঙ্গী ক্রুদ্ধ হইয়া, "সপ্তম দিনে মহাসর্প তক্ষক তাঁহাকে দংশন করিবে।" এই অভিশাপ প্রদান করিলে শমাক ঋষি স্বীয় পুত্র শৃঙ্গীকে বলিয়াছিলেন ;—

৩২। হে পুত্র! রাজা অপরাধ করিলেও তাঁহাকে আমাদের ক্ষমা করা উচিত, আমরা ধর্ম্মকে নষ্ট করিলে, ধর্ম্ম আমাদিগকে নষ্ট করেন। যদি রাজা আমাদিগকে রক্ষা না করেন, তাহা হইলে আমাদিগের বিলক্ষণ অমঙ্গল ঘটিতে পারে, আমরা আর যথাসুখে ধর্ম্মানুষ্ঠান করিতে সমর্থ হই না। ধর্ম্মপরায়ণ রাজগণ কর্ত্তৃক সুরক্ষিত হইয়া

৩০। বার্ত্তামূলো হ্যয়ং লোকস্ত্রয্যা বৈ ধার্য্যতে সদা।
তৎ সর্ব্বং বর্ত্ততে সম্যগ্‌যদা রক্ষতি ভূমিপঃ ॥ ম, শা, ৬৮অ, ৩৫।

৩১। রাজা চেন্ন ভবেল্লোকে পৃথিব্যাং দণ্ডধারকঃ।
জলে মৎস্যানিবাভক্ষ্যন্ দুর্ব্বলং বলবত্তরাঃ ॥ ম শা, ৬৭অ, ১৬।

৩২। ক্ষন্তব্যং পুত্র! ধর্ম্মো হি হতো হন্তি ন সংশয়ঃ।
যদি রাজা ন সংরক্ষেৎ পীড়া নঃ পরমা ভবেৎ ॥
ন শক্নুয়াম চরিতুং ধর্ম্মং পুত্র! যথাসুখম্।
রক্ষ্যমাণা বয়ং তাত! রাজভির্ধর্ম্ম দৃষ্টিভিঃ ॥
চরামো বিপুলং ধর্ম্মং তেষাং ভাগোঽস্তি ধর্ম্মতঃ।
সর্ব্বথা বর্ত্তমানস্য রাজ্ঞঃ ক্ষন্তব্যমেবহি ॥ ম, আ, ৪১আ, ২২-২৪।

আমরা বিপুল ধর্ম্মোপার্জ্জন করিয়া থাকি; সুতরাং রাজা ধর্ম্মতঃ আমাদিগের ধর্ম্মের অংশভাগী হন, অতএব রাজা অপরাধ করিলেও তাঁহাকে ক্ষমা করিতে হয়। ম, আ, ৪১ অ। ২২—২৪।

৩৩। অরাজক হইলে সর্ব্বদা দস্যুভয় প্রভৃতি নানাদোষ উপস্থিত হইয়া থাকে; লোক সকল উচ্ছৃঙ্খল হইলে রাজাই দণ্ড বিধান করিয়া তাহাদিগের শাসন করেন, যখন সকলেই রাজদণ্ড ভয়ে সাতিশয় ভীত হয়; তখনই শান্তি সংস্থাপিতা হইয়া থাকে। সর্ব্বদা উদ্বিগ্ন থাকিলে কেহ ধর্ম্মাচরণ বা যাগাদি ক্রিয়া করিতে পারে না, সুতরাং রাজা হইতেই ধর্ম্ম ও ধর্ম্ম হইতেই স্বর্গলাভ হইয়া থাকে। ভূপাল কর্ত্তৃক সমুদায় যাগাদি ক্রিয়া অনুষ্ঠিত হইলে দেবগণ প্রীত হইয়া বৃষ্টি করেন, বৃষ্টি হইতে শস্যাদি উৎপন্ন হয় এবং শস্যাদি হইতে প্রজাগণ জীবন ধারণ করে। ম, আ, ৪১ অ। ২৭—৩০।

৩৪। রাজা রাজ্য রক্ষা করেন বলিয়া তিনি মনুষ্যগণের ধাতা হন, ভগবান্ মনু কহিয়াছেন যে, রাজা দশসংখ্যক শ্রোত্রিয় ব্রাহ্মণের সমান মান্য। ম, আ, ৪১ অ। ৩১।

৩৩। অরাজকে জনপদে দোষা জায়ন্তি বৈ সদা।
উদ্‌বৃত্তং সততং লোকং রাজা দণ্ডেন শাস্তি বৈ॥
দণ্ডাৎ প্রতিভয়ং ভূয়ঃ শান্তিরুৎপদ্যতে তদা।
নোদ্বিগ্নশ্চরতে ধর্ম্মং নোদ্বিগ্নশ্চরতে ক্রিয়াম্॥
রাজ্ঞা প্রতিষ্ঠিতো ধর্ম্মো ধর্ম্মাৎ স্বর্গঃ প্রতিষ্ঠিতঃ।
রাজ্ঞো যজ্ঞক্রিয়াঃ সর্ব্বা যজ্ঞাদ্দেবাঃ প্রতিষ্ঠিতাঃ॥
দেবাদ্‌বৃষ্টিঃ প্রবর্ত্তেত বৃষ্টেরোষধয়ঃ স্মৃতাঃ।
ওষধিভ্যো মনুষ্যাণাং ধারয়ন্ সততং হিতম্॥ ম, শা, ৪১অ, ২৭—৩০।

৩৪। মনুষ্যাণাঞ্চ যো ধাতা রাজা রাজ্যকরঃ পুনঃ।
দশশ্রোত্রিয় সমো রাজা ইত্যেবং মনুরব্রবীৎ॥ ম, শা, ৪১অ, ৩১।

৩৫। চক্রপাণি ভগবানেরই নামান্তর নরদেব, এই অবনীতলে যদি সেই নরদেব-নামা চক্রপাণি ভগবান্ না থাকেন, তাহা হইলে দস্যু-দিগের প্রাচুর্য্য হইয়া উঠে, লোক সকল রক্ষণাভাবে ক্ষণকালের মধ্যে মেঘসংঘের ন্যায় ছিন্ন ভিন্ন হইয়া নষ্ট হইয়া যায়। শ্রী, ভা, ১স্ক, ১৮অ। ৪৩।

৩৬। রাজা বিনষ্ট হইলে দস্যু ও চৌরগণ প্রজাকুলের ধন, ধান্য অকুতোভয়ে অপহরণ করিবে ; পরস্পর পরস্পরকে হত্যা করিবে ; একজন অন্যের প্রতি পরুষ বাক্য প্রয়োগ করিবে ; এবং পরস্পর পরস্পরের পশু, স্ত্রী ও অর্থ অপহরণ করিতে থাকিবে। দস্যুদিগের সংখ্যা অতিশয় বৰ্দ্ধিত হইবে। শ্রী, ভা, ১স্ক, ১৮ অ ; ৪৪।

৩৭। রাজা না থাকিলে মনুষ্যদিগের আর্য্যধর্ম্ম অর্থাৎ সদাচার এবং বেদোক্ত বর্ণ ও আশ্রম ধর্ম্ম সমুদায়ই নষ্ট হইয়া যাইবে। তাহারা কুক্কুর ও বানরের ন্যায় কেবল অর্থ ও কামেরই বশবর্ত্তী হইয়া থাকিবে ; অত-এব কেবল বর্ণসঙ্করই বৃদ্ধি পাইবে। শ্রী, ভা, ১স্ক, ১৮ অ। ৪৫।

৩৫। অলক্ষ্যমাণে নরদেব-নাম্নি
রথাঙ্গপাণা বয়মঙ্গ লোকঃ।
তদাহি চৌরঃ প্রচুরো বিনঙ্ক্ষ্য
ত্যরক্ষমাণোঽবিবরূথবৎ ক্ষণাৎ॥ শ্রী, ভা, ১স্ক, ১৮অ, ৪৩।

৩৬। তদদ্য নঃ পাপমুপৈত্যনন্বয়ং
যন্নষ্টনাথস্য বসোর্বিলুম্পকাৎ।
পরস্পরং ঘ্নন্তি শপন্তি বৃঞ্জতে
পশূন্ স্ত্রিয়োঽর্থান্ পুরুদস্যবো জনাঃ॥ শ্রী, ভা, ১স্ক, ১৮অ, ৪৪।

৩৭। তদার্য্যধর্ম্মঃ প্রবিলীয়তে নৃণাং
বর্ণাশ্রমাচার যুতস্ত্রয়ীময়ঃ।
ততোঽর্থ কামাভিনিবেশিতাত্মনাং
শুনাং কপীনামিব বর্ণসঙ্করঃ॥ শ্রী, ভা, ১স্ক, ১৮অ ৪৫॥

৩৮। পালক ব্যতিরেকে পশুগণ, সেনাপতি ব্যতিরেকে সৈনিকবর্গ, চন্দ্র ব্যতিরেকে রজনী এবং বৃষ ব্যতিরেকে গবীগণ যেরূপ হইয়া থাকে, নরপতির অদর্শনে রাজ্যও সেইরূপ হইয়া থাকে। বা, অ, ১৪স। ৫৪—৫৫।

৩৯। অরাজক জনপদে বিদ্যুন্মালা-যুক্ত গর্জ্জনকারী মেঘ বারিবর্ষণ করে না; অরাজক দেশে বীজবপন হয় না; অরাজক দেশে পুত্র পিতার এবং ভার্য্যা ভর্ত্তার বশীভূত হয় না; অরাজক দেশে কাহারও ধন থাকে না; অরাজক দেশে কাহারও ভার্য্যা বশবর্ত্তিনী হয় না; অরাজক দেশে অপর এই এক মহৎ ভয় হয় যে, সত্যব্যবহার একেবারেই বিলুপ্ত হইয়া পড়ে; অরাজক দেশে মানবেরা হৃষ্ট হইয়া কোন সভা সংস্থাপন অথবা রমণীয় উদ্যান ও পুণ্যজনক গৃহসমস্ত নির্ম্মাণ করিতে পারেন না; অরাজক

৩৮। যথা হ্যপালাঃ পশবো যথা সেনা হ্যনায়কাঃ।
যথা চন্দ্রং বিনা রাত্রির্যথা গাবো বিনা বৃষম্॥
"এবং হি ভবিতা রাষ্ট্রং যত্র রাজা ন দৃশ্যতে।" বা, অ, ১৪স, ৫৪—৫৫।

৩৯। নারাজকে জনপদে বিদ্যুন্মালী মহাস্বনঃ।
অভিবর্ষতি পর্জ্জন্যো মহীং দিব্যেন বারিণা॥
নারাজকে জনপদে বীজমুষ্টিঃ প্রকীর্য্যতে।
নারাজকে পিতুঃ পুত্রো ভার্য্যা বা বর্ত্ততে বশে॥
অরাজকে ধনং নাস্তি নাস্তি ভার্য্যাপ্যরাজকে।
ইদমত্যাহিতঞ্চান্যৎ কুতঃ সত্যমরাজকে॥
নারাজকে জনপদে কারয়ন্তি সভাং নরাঃ।
উদ্যানানি চ রম্যাণি হৃষ্টাঃ পুণ্যগৃহাণি চ॥
নারাজকে জনপদে যজ্ঞশীলা দ্বিজাতয়ঃ।
সত্রাণ্যন্বাসতে দান্তা ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ॥
নারাজকে জনপদে মহাযজ্ঞেষু যজ্বনঃ।
ব্রাহ্মণা বসুসম্পূর্ণা বিসৃজন্ত্যাপ্তদক্ষিণাঃ॥ বা, অ, ৬৭স, ৯—১৩।

দেশে দ্বিজাতিগণ যাগশীল হন না এবং তীক্ষ্ণব্রতধারী দমগুণোপেত ব্রাহ্মণেরাও যজ্ঞ অনুষ্ঠান করেন না ; অরাজক দেশে বহুধনশালী ব্রাহ্মণেরা মহাযজ্ঞ অনুষ্ঠান করিয়াও ঋত্বিক্ দিগকে উপযুক্ত দক্ষিণা প্রদান করেন না। বা, অ, ৬৭ স। ৯—১৪।

৪০। যাহাতে নট ও নর্ত্তকেরা প্রহৃষ্ট হইয়া থাকে, তাদৃশ উৎসব সকল ও রাজ্য শ্রীবৃদ্ধিকারক সমাজ সমস্ত অরাজক দেশে বৃদ্ধি প্রাপ্ত হয়

৪০। নারাজকে জনপদে প্রহৃষ্টনটনর্ত্তকাঃ।
উৎসবাশ্চ সমাজাশ্চ বর্দ্ধন্তে রাষ্ট্রবর্দ্ধনাঃ ॥
নারাজকে জনপদে সিদ্ধার্থাঃ ব্যবহারিণঃ।
কথাভিরভিরজ্যন্তে কথাশীলাঃ কথাপ্রিয়ৈঃ ॥
নারাজকে জনপদে তূদ্যানানি সমাগতাঃ।
সায়াহ্নে ক্রীড়িতুং যান্তি কুমার্য্যো হেমভূষিতাঃ ॥
নারাজকে জনপদে ধনবন্তঃ সুরক্ষিতাঃ।
শেরতে বিবৃতদ্বারাঃ কৃষিগোরক্ষজীবিনঃ ॥
নারাজকে জনপদে বাহনৈঃ শীঘ্রবাহিভিঃ।
নরা নির্যান্ত্যরণ্যানি নারীভিঃ সহ কামিনঃ ॥
নারাজকে জনপদে বদ্ধঘণ্টা বিষাণিনঃ।
অটন্তি রাজমার্গেষু কুঞ্জরাঃ ষষ্টিহায়নাঃ ॥
নারাজকে জনপদে শরান্ সন্ততমস্যতাম্।
শ্রূয়তে তলনির্ঘোষ ইষ্বস্ত্রাণামুপাসনে ॥
নারাজকে জনপদে বণিজো দূরগামিনঃ।
গচ্ছন্তি ক্ষেমমধ্বানং বহুপণ্য সমাচিতাঃ ॥
নারাজকে জনপদে চরত্যেকচরো বশী।
ভাবয়ন্নাত্মনাত্মানং যত্র সায়ং গৃহো মুনিঃ ॥
নারাজকে জনপদে যোগক্ষেমঃ প্রবর্ত্ততে।
ন চাপ্যরাজকে সেনা শত্রূন্ বিষহতে যুধি ॥

না; অরাজক দেশে বক্তৃতাশীল ব্যবহারোপজীবীরা বক্তৃতা করিয়া অভিনন্দন যোগ্য হইলেও বক্তৃতাপ্রিয় জনগণ কর্ত্তৃক অভিনন্দিত হন না; অরাজক দেশে সায়ংকালে স্বর্ণালঙ্কারভূষিতা কুমারীরা ক্রীড়ার্থ দলে দলে উদ্যানে গমন করিতে পারে না; অরাজক দেশে প্রভূত-ধনশালী কৃষি-জীবী ও গোরক্ষাজীবীরা নির্ভয়চিত্তে দ্বার উদ্ঘাটন পূর্ব্বক শয়ন করিতে সমর্থ হয় না; অরাজক দেশে বিলাসী নটেরা নারীগণের সহিত শীঘ্রবাহী বাহন দ্বারা অরণ্যমধ্যে গমন করিতে পারে না। অরাজক দেশে প্রশস্ত দন্তশালী ঘণ্টালঙ্কৃত ষষ্টিবর্ষবয়স্ক কুঞ্জর সকল রাজপথে বিচরণ করে না; অরাজক দেশে ইষু ও অস্ত্র শিক্ষার্থ নিরন্তর শস্ত্র নিক্ষেপকারী যোধগণের তলধ্বনি শ্রুতি-গোচর হয় না; অরাজক দেশে বিবিধপণ্যশালী দূরগামী বণিকেরা কুশলে পথে গমন করিতে পারে না। যিনি নিরন্তর মনে মনে পরমাত্মাকে চিন্তা করিতে করিতে একাকী বিচরণ করতঃ যথায় সায়ংকাল উপস্থিত হয়, সেই স্থানেই বাস করেন, এতাদৃশ জিতেন্দ্রিয় মুনিও অরাজক দেশে বিচরণ করেন না। অরাজক দেশে যোগ (অর্থাৎ প্রাপ্তির উপায়) ও ক্ষেম (অর্থাৎ অর্থরক্ষণের উপায়) এই উভয়ের প্রসক্তি থাকে না;

নারাজকে জনপদে হৃষ্টৈঃ পরম বাজিভিঃ।
নরাঃ সংযান্তি সহসা রথৈশ্চ প্রতিমণ্ডিতাঃ॥
নারাজকে জনপদে নরাঃ শাস্ত্রবিশারদাঃ।
সংবদন্তোপতিষ্ঠন্তে বনেষূপবনেষু বা॥
নারাজকে জনপদে মাল্যমোদকদক্ষিণাঃ।
দেবতাভ্যর্চ্চনার্থায় কল্প্যন্তে নিয়তৈর্জনৈঃ॥
নারাজকে জনপদে চন্দনাগুরুরূষিতাঃ।
রাজপুত্রা বিরাজন্তে বসন্ত ইব শাখিনঃ॥
যথা হ্যনুদকা নদ্যো যথা বাপ্যতৃণং বনম্।
অগোপালা যথা গাবস্তথা রাষ্ট্রমরাজকম্॥ বা, অ, ৬৭স, ১৫—২৯।

অরাজক দেশে সৈনিকেরাও যুদ্ধে শত্রুদিগকে সহ্য করিতে পারে না। অরাজক জনপদে মানবেরা ভূষিত হইয়া হৃষ্ট ও উৎকৃষ্ট অশ্ব বা রথদ্বারা সহসা ইতস্ততঃ ভ্রমণ করিতে সমর্থ হয় না; অরাজক দেশে বন বা উপবন মধ্যে শাস্ত্রবিশারদ ব্যক্তিরা পরস্পরে শাস্ত্রীয় বিচার করতঃ অবস্থান করিতে পারেন না; অরাজক দেশে মানবেরা দেবতা আরাধনার্থ নিয়ত মাল্য, মোদক ও দক্ষিণা কল্পনা করেন না এবং অরাজক জনপদে রাজপুত্রেরা চন্দন ও অগুরুচন্দন-চর্চ্চিত হইয়া বসন্তকালীন বৃক্ষগণের ন্যায় বিরাজিত হন না। জল-বিহীনা নদী, তৃণরহিত বন ও পালকহীন গোযূথ যেরূপ অবস্থাপন্ন হয়, অরাজক জনপদও সেইরূপ অবস্থাপন্ন হইয়া থাকে। বা, অ, ৬৭ স। ১৫—২৯।

৪১। অরাজক রাজ্যে কেহ কাহারও আত্মীয় হয় না; সকল ব্যক্তিই মৎস্যগণের ন্যায়, পরস্পর পরস্পরকে ভক্ষণ করে এবং যে সকল ধর্ম্মমর্য্যাদা লঙ্ঘনকারী নাস্তিকেরা পূর্ব্বে রাজদণ্ডে দণ্ডিত হইয়া অভিভূত হইয়াছিল, তাহারাও নিঃশঙ্কহৃদয়ে প্রভুতা স্থাপনে উদ্যত হয়। বা. অ, ৬৭ স। ৩১—৩২।

৪২। অহো! যদি রাজা ইহলোকে সাধু ও অসাধু কার্য্যের বিভাগ না করিতেন, তবে এই ভূমণ্ডল অন্ধকারের ন্যায় হইত, পৃথিবী মধ্যে কাহারও কার্য্যাকার্য্য জ্ঞান থাকিত না। বা, অ, ৬৭স। ৩৬।

৪১। নারাজকে জনপদে স্বকং ভবতি কস্যচিৎ।
মৎস্যা ইব জনা নিত্যং ভক্ষয়ন্তি পরস্পরম্॥
যে হি সম্ভিন্নমর্য্যাদা নাস্তিকাশ্ছিন্নসংশয়াঃ।
তেঽপি ভাবায় কল্প্যন্তে রাজদণ্ডনিপীড়িতাঃ॥ বা. অ, ৬৭ স, ৩১—৩২।

৪২। অহো তম ইবেদং স্যান্ন প্রজ্ঞায়েত কিঞ্চন।
রাজা চেন্ন ভবেল্লোকে বিভজন্ সাধ্বসাধুনী॥ বা অ ৬৭ স ৩৬।

৪৩। রাজা, অমাত্য, পুর, রাষ্ট্র, কোষ, দণ্ড এবং সুহৃৎ এই সাতটীই রাজ্যের অঙ্গ; এজন্য রাজ্যকে সপ্তাঙ্গ বলা যায়। প্রকৃতি-পদ-বাচ্য এই সপ্তাঙ্গের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব অঙ্গের বিনাশরূপ ব্যসন, অতিশয় মহৎ জানিবে। যেমন যতির ত্রিদণ্ডের মধ্যে কোন দণ্ডের আধিক্য নাই, তদ্রূপ এই সপ্তাঙ্গের মধ্যে কোন অঙ্গেরই আধিক্য নাই, উহারা পরস্পর পরস্পরের সাহায্যকারী, তবে যে অঙ্গদ্বারা যে কার্য্য সম্পন্ন হয়, সেই কার্য্যসম্বন্ধে সেই অঙ্গকেই শ্রেষ্ঠ বলিতে হয়। মনু ৯ অ ২৯৪—২৯৭।

৪৪। যদি রাজা সম্যক্ নেতৃত্ব না করেন, তাহা হইলে সমুদ্রে কর্ণধার-বিহীন নৌকার ন্যায় প্রজাবৃন্দ বিপ্লুত হইয়া যায়। (কাম, ১স। ১০) (শুক্র, ১ অ। ৬৫।)

৪৩। স্বাম্যমাত্যৌ পুরং রাষ্ট্রং কোশদণ্ডৌ সুহৃৎ তথা।
সপ্ত প্রকৃতয়ো হ্যেতাঃ সপ্তাঙ্গং রাজ্যমুচ্যতে॥
সপ্তানাং প্রকৃতীনান্তু রাজ্যস্যাসাং যথাক্রমম্।
পূর্ব্বং পূর্ব্বং গুরুতরং জানীয়াদ্ব্যসনং মহৎ॥
সপ্তাঙ্গস্যেহ রাজ্যস্য বিষ্টব্ধস্য ত্রিদণ্ডবৎ।
অন্যোন্যগুণ বৈশেষ্যান্ন কিঞ্চিদতিরিচ্যতে॥
তেষু তেষু তু কৃত্যেষু তত্তদঙ্গং বিশিষ্যতে।
যেন যত্র সাধ্যতে কার্য্যং তত্তস্মিন্ শ্রেষ্ঠমুচ্যতে॥ মনু, ৯অ, ২৯৪—২৯৭।

৪৪। যদি ন স্যান্নরপতিঃ সম্যঙ্‌নেতা ততঃপ্রজা।
অকর্ণধারা জলধৌ বিপ্লবেতেহ নৌরিব॥ কাম, ১স, ১০। শুক্র, ১অ, ৬৫।

* যদিও কার্য্য সম্বন্ধে সপ্তাঙ্গ রাজ্যের প্রত্যেক অঙ্গেরই শ্রেষ্ঠত্ব স্বীকার করিতে হয়, তথাপি রাজাই রাজ্যের মূল বলিয়া, রাজার শ্রেষ্ঠত্ব সকলেই স্বীকার করিয়া থাকেন। অতএব সপ্তাঙ্গ রাজ্যে রাজার যে বিশেষ আবশ্যক তাহার সন্দেহ নাই। শুক্রনীতিসারে রাজাকেই শীর্ষ স্থানীয় বলিয়াছেন, যথা—

"স্বাম্যমাত্য সুহৃৎ কোশ রাষ্ট্র দুর্গ বলানি চ।
সপ্তাঙ্গমুচ্যতে রাজ্যং তত্র মূর্দ্ধা নৃপঃ স্মৃতঃ॥"

৪৫। সুবিজ্ঞ প্রাচীন-জনানুবর্ত্তী রাজা জগতের অভ্যুদয়ের হেতু এবং চন্দ্র যেরূপ সমুদ্রের আনন্দজনক সেইরূপ লোক সকলের নয়নানন্দজনক। শুক্র, ১ অ। ৬৪।

৪৬। রাজার অভাবে প্রজাগণ স্ব স্ব ধর্ম্মে থাকে না, পৃথিবীতে রাজারও প্রজা বিনা শোভা হয় না। শুক্র, ১ অ। ৬৬।

৪৭। জগৎ অরাজক হওয়ায় ভয় হেতু সকলে পলায়ন করিতে প্রবৃত্ত হইলে, সকলের রক্ষার নিমিত্ত ব্রহ্মা রাজার সৃষ্টি করিয়াছিলেন। শুক্র, ১ অ। ৭১।

৪৮। রাজ্য সর্ব্বদা এক-নায়ক হইবে, কদাপি বহুনায়ক যুক্ত করিবে না। রাজা কদাপি রাজ্যকে নায়কবিহীন করিতে চেষ্টা করিবেন না,

---

৪৫। রাজাস্য জগতো হেতুর্ব্বৃদ্ধে বৃদ্ধাভিসম্মতঃ।
নয়নানন্দ জনকঃ শশাঙ্ক ইব তোয়ধেঃ॥ শুক্র, ১অ, ৬৪।

৪৬। ন তিষ্ঠন্তি স্বস্বধর্ম্মে বিনা পালেন বৈ প্রজা।
প্রজয়া তু বিনাস্বামী পৃথিব্যাং নৈব শোভতে॥ শুক্র, ১অ, ৬৬।

৪৭। অরাজকে হি সর্ব্বস্মিন্ সর্ব্বতো বিদ্রুতে ভয়াৎ।
রক্ষার্থমস্য সর্ব্বস্য রাজানমসৃজৎ প্রভুঃ॥ শুক্র, ১অ, ৭১।

৪৮। "সদৈকনায়কং রাজ্যং কুর্য্যান্ন বহুনায়কম্।"
নানায়কং ক্বচিদপি কর্ত্তুমীহেত্তে ভূমিপঃ।
রাজকুলে তু বহবঃ পুরুষা যদি সন্তি হি॥
তেষু জ্যেষ্ঠো ভবেদ্রাজা শেষাস্তৎকার্য্য সাধকাঃ।
গরীয়াংসো বরাঃ সর্ব্বসহায়েভ্যোঽভিবৃদ্ধয়ে॥
জ্যেষ্ঠোঽপি বধিরঃ কুষ্ঠী মূকোঽন্ধঃ ষণ্ড এব যঃ।
স রাজ্যার্হো ভবেন্নৈব ভ্রাতা তৎপুত্র এব হি॥
স্বকনিষ্ঠোঽপি জ্যেষ্ঠস্য ভ্রাতুঃ পুত্রস্তু রাজ্যভাক্।
যথাগ্রজস্য চাভাবে কনিষ্ঠা রাজ্যভাগিনঃ।
দায়াদানামৈকমত্যং রাজ্ঞঃ শ্রেয়স্করং পরম্॥ শুক্র, ১অ, ৩৪০—৩৪৪।

যদি রাজকুলে বহুপুরুষ বর্ত্তমান থাকে, তন্মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনিই রাজা হইবেন, অবশিষ্ট সকলে তাঁহার কার্য্যসাধক হইবে। সহকারিগণের মধ্যে প্রধানগণ শ্রেষ্ঠ হইবে। এইরূপে অভ্যুদয় হয়। যদি জ্যেষ্ঠ বধির, কুষ্ঠী, মূক, অন্ধ, ক্লীব হন, তবে তিনি রাজ্যার্হ হইবেন না, তাঁহার ভ্রাতা, পুত্র, ভ্রাতুষ্পুত্র ঐ সকল দোষ বিরহিত হইলে, তিনিই রাজ্যলাভ করিবেন। স্বকনিষ্ঠ ও জ্যেষ্ঠ ভ্রাতার পুত্রও রাজ্যলাভ করিবে, অগ্রজের অভাবে কনিষ্ঠ রাজ্যলাভ করিবে। দায়াদগণের এক মতাবলম্বন রাজার পরম মঙ্গলকর। শুক্র, ১ অ। ৩৪০—৩৪৪।

৪৯। রাজার মৃত্যু হইলে কাল নিয়ম নাই, পুরোহিত প্রভৃতি তৎক্ষণাৎ দ্রব্যসম্ভারে অভিষেক করিয়া নবীন রাজার জয় ঘোষণা করিবেন। নবীন রাজা সিংহাসনে বসিয়া রাজ্যমধ্যে সর্ব্বত্র অভয়ঘোষণা করাইবেন এবং দুর্গত-বন্দী প্রভৃতিকে মোচন করিবেন।

অগ্নি, ২১৮ অ,। ৫—৬।

অধুনা ইংরেজরাজত্বে নূতন রাজার রাজ্যাভিষেক সময়ে কোন কোন দুর্গত-কারাবাসীকে মোচন করা হইয়া থাকে, ইহা আমাদিগের প্রাচীন শাস্ত্র-সম্মত সুব্যবস্থা।

৪৯। কুর্য্যান্মৃতে নৃপে নাত্র কালস্য নিয়মঃ স্মৃতঃ।
তিলৈঃ সিদ্ধার্থকৈঃ স্নানং সাংবৎসরপুরোহিতৌ॥
ঘোষয়িত্বা জয়ং রাজ্ঞো রাজা ভদ্রাসনে স্থিতঃ।
অভয়ং ঘোষয়েদ্দুর্গান্মোচয়েদ্রাজ্যপালকে॥ অগ্নি, ২১৮ অ,. ৫—৬।

তৃতীয় স্তবক।

[রাজগুণ]

অতি সৌভাগ্যবালী না হইলে নৃপকুলে জন্ম বা রাজশ্রী লাভ হয় না। নৃপতিগণ ঈশ্বরের বিভূতি-স্বরূপ। শ্রীমদ্ভগবদ্গীতার দশম অধ্যায়ে শ্রীভগবদুক্ত বাক্য এই—

"যদ্ যদ্ বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেববা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্॥"

অর্থাৎ যাহা যাহা ঐশ্বর্য্যযুক্ত, লক্ষ্মীযুক্ত ও বলশালী, সেই সেই প্রাণীই আমার (ঈশ্বরের) শক্তির অংশ হইতে উৎপন্ন হইয়াছে। শ্রীমদ্ভগবদ্গীতার দশম অধ্যায়ে শ্রীভগবান্ আরও বলিয়াছেন,

"উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্॥"

ইহাতেও মনুষ্যদিগের মধ্যে রাজা "আমি" শ্রীভগবান্ কর্ত্তৃক ইহাই উক্ত হইয়াছে। অতএব শ্রীমান ভূপতিগণ যে ঈশ্বরের বিভূতিস্বরূপ ইহা নিশ্চয়। শ্রীমদ্ভগবদ্গীতার ষষ্ঠ অধ্যায়েও শ্রীভগবদুক্ত বাক্য এই—

"প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে॥"

অর্থাৎ যোগভ্রষ্ট পুণ্যাত্মা পুরুষ তৎপ্রাপ্য স্বর্গলাভ ও তথায় বহু বর্ষ বাস করিয়া পৃথিবীতে শ্রীমন্তের গৃহে জন্মগ্রহণ করেন।

(প্রাচীন ঋষিগণ বলেন, ইন্দ্রাদি দেবগণের অংশ হইতে রাজারা উৎপন্ন হইয়াছেন।) যাহা হউক এস্থলে উক্ত ভগবদুক্ত শ্রীমন্ত শব্দে অগ্রেই নৃপকুল ধর্ত্তব্য, তাহাতে সন্দেহ নাই। সেই যোগ-ভ্রষ্ট পুণ্যাত্মাগণই নৃপকুলে জন্ম পরিগ্রহণ করিয়া পৃথিবী পালন করেন। সেই যোগভ্রষ্ট মহাপুরুষদিগের পূর্ব্বজন্মার্জ্জিত স্বাভাবিক মহদ্‌গুণগ্রাম, অনন্তর-জাত নৃপদেহে বিরাজিত থাকিবে, তাহা আশ্চর্য্য নহে। সুতরাং রাজশরীরে কতকগুলি মহদ্‌গুণ স্বভাবতঃই বর্ত্তমান থাকে, তদ্ভিন্ন কতকগুলি গুণ তাঁহাদিগকে শিক্ষা ও অভিজ্ঞতা দ্বারা অর্জ্জন করিতে হয়। অতএব রাজাদিগের শরীরে যে সকল স্বাভাবিক গুণ স্বতঃই বর্ত্তমান আছে ও যাহা তাঁহাদিগের শিক্ষাভিজ্ঞতা দ্বারা উপার্জ্জন করিতে হয়, তদ্বিষয়ে শাস্ত্রকারদিগের অভিমত এস্থলে সঙ্কলিত হইল।

১। ইন্দ্র, বায়ু, যম, সূর্য্য, অগ্নি, বরুণ, চন্দ্র ও কুবের এই অষ্ট দিক্‌পালের সারভূত অংশ গ্রহণ করিয়া ঈশ্বর রাজাকে সৃষ্টি করিয়াছেন। মনু ৭ অ। ৪।

২। ইন্দ্রাদি দেবশ্রেষ্ঠগণের অংশ হইতে রাজা নির্ম্মিত হইয়াছেন বলিয়া তেজের আতিশয্য দ্বারা তিনি সকল প্রাণীকে অতিক্রম করিয়া থাকেন। মনু ৭ অ। ৫।

১। ইন্দ্রানিল যমার্কাণামগ্নেশ্চ বরুণস্য চ।
চন্দ্রবিত্তেশয়োশ্চৈব মাত্রা নির্হৃত্য শাশ্বতীঃ। মনু ৭ অ। ৪।

২। যস্মাদেষাং সুরেন্দ্রাণাং মাত্রাভ্যো নির্ম্মিতোনৃপঃ॥
তস্মাদভিভবত্যেষ সর্ব্বভূতানি তেজসা॥ মনু, ৭ অ, ৫।

৩। অসাবধান হইয়া যে অগ্নির নিকট যায় অগ্নি কেবল তাহাকেই দগ্ধ কবেন, পরন্তু রাজার কোপাগ্নিতে পতিত হইলে সপরিবারে পশু ও দ্রব্য সম্পত্তির সহিত নষ্ট হইতে হয়। মনু ৭ অ। ৯।

৪। চক্ষুরাদি ইন্দ্রিয়গণের উপর সম্পূর্ণ আধিপত্য লাভ করিবার নিমিত্ত রাজার দৃঢ়রূপে যত্নবান্ হওয়া আবশ্যক, কারণ, সম্পূর্ণ জিতেন্দ্রিয় রাজাই কেবল প্রজাগণকে নিজ কর্ত্তব্যাসক্ত রাখিতে পারেন। মনু ৭অ। ৪৪।

৫। কার্য্যবিশেষে রাজার মৃদুভাব বা তীক্ষ্ণভাব ধারণ করা উচিত, কারণ কার্য্যানুরোধে মৃদু-তীক্ষ্ণভাবধারী নরপতি প্রায় সর্ব্বজনপ্রিয় হইয়া থাকেন। মনু ৭ অ। ১৪০।

৬। যে রাজা কোন উপায় অবলম্বন করিবার পূর্ব্বে তাহা হইতে কি মঙ্গলামঙ্গল সমুত্থিত হইবে বুঝিতে পারেন; উপস্থিত কার্য্য সকল বিজ্ঞতার সহিত সত্বরসম্পাদন করেন এবং নিজ জীবনের ভূতপূর্ব্ব ঘটনা সকল তন্ন তন্ন করিয়া তুলনা করিয়া দেখেন, তিনি কদাপি শত্রুকর্ত্তৃক পরাভূত হন না। মনু ৭অ। ১৭৯।

৩। একমেব দহত্যগ্নির্নরং দুরুপসর্পিণম্।
কুলং দহতি রাজাগ্নিঃ সপশুদ্রব্যসঞ্চয়ম্॥ মনু ৭অ, ৯।

৪। ইন্দ্রিয়াণাং জয়ে যোগং সমাতিষ্ঠেদ্দিবানিশং।
জিতেন্দ্রিয়ো হি শক্নোতি বশে স্থাপয়িতুং প্রজাঃ॥ মনু, ৭অ, ৪৪।

৫। তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চ স্যাৎ কার্য্যং বীক্ষ্য মহীপতিঃ।
তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চৈব রাজা ভবতি সম্মতঃ॥ মনু ৭অ, ১৪০।

৭। আয়ত্যাং গুণদোষজ্ঞস্তদাত্বে ক্ষিপ্রনিশ্চয়ঃ।
অতীতে কার্য্যশেষজ্ঞঃ শত্রুভির্নাভিভূয়তে॥ মনু ৭অ, ১৭৯।

(যুধিষ্ঠিরের প্রতি ভীষ্মের উপদেশ।)

৭। তুমি সর্ব্বদা পুরুষকারার্থ যত্নশীল হও, পুরুষের উদ্যোগ ব্যতীত কেবল দৈব রাজাদিগের কার্য্য-সংসাধনে সমর্থ হন না। (কর্ম্মেরই ফলাফল দ্বারা নিশ্চয় করিয়া, পুরুষ উভয়বিধ দোষ অর্থাৎ আরব্ধ কর্ম্মের ফল সিদ্ধ না হইলে কর্ম্মের অকরণ জন্য লোকাপবাদ হইতে, আর সিদ্ধ হইলে দুঃখ হইতে মুক্ত হইতে পারে। যদি দৈববশতঃ আরব্ধ কর্ম্ম প্রতিহতও হয়, তথাপি মনে কখন সন্তাপ করিবে না. পুনরায় দ্বিগুণ যত্নের সহিত সেই কার্য্য সিদ্ধির নিমিত্ত প্রবৃত্ত হইবে; ইহাই রাজাদিগের পরম নীতি।) ম, শা, ৫৬ অ। ১৪।

৮। সত্য যেমন রাজাদিগের কার্য্যসিদ্ধিকারক, সেরূপ আর কিছুই নহে; সত্য-নিরত ভূপতি ইহলোক কি পরলোক উভয়ত্রই পরম আনন্দ লাভ করেন। ম, শা, ৫৬ অ। ১৭।

৯। রাজা নিজ রন্ধ্র গোপন ও পর রন্ধ্র অন্বেষণ করিতে করিতে অন্য হইতে নিজ মন্ত্রণা গোপন এবং ন্যায়ানুগত বিচার দ্বারা সমস্ত কার্য্যেই সরলতা অবলম্বন করিবেন। ম, শা, ৫৬ অ। ২০।

১০। ভূপতি মৃদুস্বভাব হইলে প্রকৃতিগণ তাঁহাকে সর্ব্বপ্রকারে

৭। উত্থানেন সদা পুত্র প্রযতেথা যুধিষ্ঠির।
নহ্যুত্থানমৃতে দৈবং রাজ্ঞামর্থং প্রসাধয়েৎ॥ ম, শা, ৫৬অ, ১৪।

৮। নহি সত্যাদৃতে কিঞ্চিদ্রাজ্ঞাং বৈ সিদ্ধিকারকম্।
সত্যেহি রাজা নিরতঃ প্রেত্য চেহ চ নন্দতি॥ ম, শা, ৫৬অ, ১৭।

৯। আর্জ্জবং সর্ব্ব কার্য্যেষু শ্রয়েথাঃ কুরুনন্দন।
পুনর্নয়-বিচারেণ ত্রয়ী-সংবরণেন চ॥ ম, শা, ৫৬অ, ২০।

১০। মৃদুর্হি রাজা সততং লঙ্ঘ্যো ভবতি সর্ব্বশঃ।
তীক্ষ্ণাচ্চোদ্বিজতে লোকস্তস্মাদুভয়মাশ্রয়॥ ম, শা, ৫৬অ, ২১।

অতিক্রম করে এবং তীক্ষ্ণ হইলে লোকে তাঁহা হইতে উদ্বিগ্ন হয়; অতএব নৃপতির বসন্তকালীন সূর্য্যের ন্যায় সমুচিত মৃদুত্ব ও তীক্ষ্ণত্ব উভয়ই অবলম্বন করা শ্রেয়ঃ। ম. শা, ৫৬ অ। ২১।

১১। রাজা সত্যবাদী ও ধর্ম্মশীল হইলে প্রকৃতিপুঞ্জ তাঁহার প্রতি অনুরক্ত হয়। ম, শা, ৫৬ অ। ৩৬।

১২। নৃপতি কখনই ধৈর্য্য পরিত্যাগ করিবেন না, কারণ রাজা ধীর এবং প্রখ্যাত-দণ্ড হইলে তাঁহার কুত্রাপি ভয় উপস্থিত হয় না। ম, শা, ৫৬ অ। ৪৭।

১৩। রাজা আপনাকে সর্ব্বতোভাবে রক্ষা করতঃ পৃথিবীকে রক্ষা করিবেন, কেননা পণ্ডিতেরা সকলই আত্মমূল বলিয়া থাকেন। ম, শা, ৮৯ অ। ১৩।

১৪। রাজা আমার ছিদ্র কি, ব্যসন কি হইতেছে, অবিনিপাতিত কি আছে, কোথা হইতে আমাকে দোষ আশ্রয় করিতেছে, এই সকল বিষয় নিয়ত চিন্তা করিবেন। ম, শা, ৮৯ অ। ১৪।

১৫। নৃপতির নিয়ত উদ্যমশীল হওয়া কর্ত্তব্য; কারণ রাজা রমণী-

১১। "ধর্ম্মাত্মা সত্যবাক্‌চৈব রাজা রঞ্জয়তি প্রজাঃ॥" ম, শা, ৫৬অ, ৩৬।

১২। ন সন্ত্যাজ্যং চ তে ধৈর্য্যং কদাচিদপি পাণ্ডব।
ধীরস্য স্পষ্টদণ্ডস্য ন ভয়ং বিদ্যতে ক্বচিৎ॥ ম, শা, ৫৬অ, ৪৭।

১৩। আত্মানং সর্ব্বতো রক্ষন্ রাজন্ রক্ষস্ব মেদিনীম্।
আত্মমূলমিদং সর্ব্বমাহুর্ব্বৈ বিদুষো জনাঃ॥ ম, শা, ৮৯অ, ১৩।

১৪। কিং ছিদ্রং কোনুসঙ্গোমে কিং বাস্ত্যবিনিপাতিতং।
কুতো মামাশ্রয়েদ্দোষ ইতি নিত্যং বিচিন্তয়েৎ॥ ম, শা, ৮৯ অ, ১৪।

১৫। নিত্যোদ্যুক্তেন বৈ রাজ্ঞা ভবিতব্যং যুধিষ্ঠির।
প্রশস্যতে ন রাজা হি নারীবোদ্যমবর্জ্জিতঃ॥ ম, শা, ৫৭অ। ১।

গণের ন্যায় উদ্যম-বিহীন হইলে প্রশংসা লাভ করিতে পারেন না। ম, শা, ৫৭ অ। ১।

১৬। পরধনে লোভ প্রকাশ করা নৃপতির কর্ত্তব্য নহে; ভৃত্যবর্গকে যথা সময়ে বেতন প্রদান করা কর্ত্তব্য। নৃপতি সত্যবাদী, ক্ষমাশীল এবং বিক্রম-সম্পন্ন হইলে নির্দ্দিষ্ট পথ হইতে বিচলিত হন না। ম, শা, ৫৭ অ। ১২।

১৭। যিনি ক্রোধ এবং মনোবৃত্তি সকলকে বশীভূত করিয়াছেন, শাস্ত্রোক্ত বাক্য সকলে যাঁহার অবিশ্বাস নাই, যিনি ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ-এই চতুর্ব্বর্গে রত এবং বেদ-নিরত ও যাঁহার মন্ত্রণা সকল অপরের শ্রুতি-গোচর হয় না, এতাদৃশ বিবিধ শক্তি-সম্পন্ন ব্যক্তিই রাজা হইবার যোগ্য। সাধারণের নিকট মন্ত্র সকল প্রকাশ হওয়া অপেক্ষা নৃপতিগণের আর সঙ্কট কিছুই নাই। ম, শা, ৫৭ অ। ১৩—১৪।

১৮। যমের ন্যায় প্রভাবশালী ও সদ্বিচারক, কুবের-সদৃশ কোষ-সঞ্চয়-রত এবং স্বপক্ষ ও পরপক্ষের অমাত্য, রাষ্ট্র, দুর্গ, কোষ ও দণ্ড এই পঞ্চ প্রকৃতি বেত্তা, ক্ষয় ও বৃদ্ধিজনক কার্য্য সকলের অবস্থা বিশেষে গুণ ও দোষ সকল অবগত হওয়া ভূপতির কর্ত্তব্য। ম, শা, ৫৭ অ। ১৮।

১৬। ন হিংস্যাৎ পরবিত্তানি দেয়ং কালে চ দাপয়েৎ।
বিক্রান্তঃ সত্যবাক্ ক্ষান্তো নৃপো ন চলতে পথঃ॥ ম, শা, ৫৭অ, ১২।

১৭। আত্মবাংশ্চ জিতক্রোধঃ শাস্ত্রার্থকৃতনিশ্চয়ঃ।
ধর্ম্মে চার্থে চ কামে চ মোক্ষে চ সততং রতঃ॥
ত্রয্যাং সংবৃতমন্ত্রশ্চ রাজা ভবিতুমর্হসি।
বৃজিনং চ নরেন্দ্রাণাং নান্যচ্চারক্ষণাৎ পরম্॥ ম, শা, ৫৭ অ, ১৩—১৪

১৮। কোশস্যোপার্জ্জন রতির্যমবৈশ্রবণোপমঃ।
বেত্তাচ দশবর্গস্য স্থানবৃদ্ধিক্ষয়াত্মনঃ॥ ম, শা, ৫৭অ, ১৮।

১৯। নৃপতি অভুক্তগণের ভোজন দাতা, ভুক্তগণের তত্ত্বাবধায়ক, বৃদ্ধগণের উপাসক, অনলস, লোভবিহীন এবং সুমুখ হইবেন। সর্ব্বদা সন্তুষ্ট-চিত্ত ও চারুদর্শন হওয়া, সাধুচরিত পথে বিচরণ এবং প্রকৃতি পুঞ্জের সহিত সহাস্য বদনে আলাপ করাই নৃপতির কর্ত্তব্য। ম, শা, ৫৭ অ। ১৯—২০।

২০। রাজা স্বয়ং সমরকুশল, দাতা (অর্থাৎ যথাসময়ে দানশীল), শুদ্ধাচার, জিতেন্দ্রিয়, যথাকালভোজী এবং মনোহর ভূষণ-ভূষিত হইবেন। ম, শা, ৫৭ অ। ২২।

২১। নৃপতি প্রত্যক্ষ ও পরোক্ষ এই উভয়বিধ বৃত্তি, সমভাবে পর্য্যালোচনা করিয়া কার্য্যে প্রবৃত্ত হইলে কখনই দুঃখভাগী হন না। ম, শা, ৫৭ অ। ২৬।

২২। সত্য ঋষিদিগেরও পরম ধন এবং নরপালদিগেরও বিশ্বাসোৎপাদনের কারণ সত্য ভিন্ন অপর কিছুই নহে। গুণবান্, শীল-সম্পন্ন,

১৯। অভৃতানাং ভবেদ্ভর্ত্তা ভৃতানামন্ববেক্ষকঃ।
নৃপতিঃ সুমুখশ্চ স্যাৎ স্মিতপূর্ব্বাভিভাষিতা॥
উপাসিতা চ বৃদ্ধানাং জিততন্দ্রিরলোলুপঃ।
সতাংবৃত্তে স্থিতমতিঃ সন্তোষ্যশ্চারুদর্শনঃ॥ ম, শা, ৫৭অ,। ১৯—২০।

২০। স্বয়ং প্রহর্ত্তা দাতা চ বশ্যাত্মা রম্যসাধনঃ।
কালে দাতা চ ভোক্তা চ শুদ্ধাচারস্তথৈব চ॥ ম, শা, ৫৭অ, ২২।

২১। প্রত্যক্ষা চ পরোক্ষা চ বৃত্তিশ্চাস্য ভবেৎ সমা।
এবং কুর্ব্বন্নরেন্দ্রোহপি ন খেদমিহ বিন্দতি॥ ম, শা, ৫৭অ, ২৬।

২২। ঋষীণামপি রাজেন্দ্র সত্যমেব পরং ধনম্।
তথা রাজ্ঞাং পরং সত্যান্নাস্তি বিশ্বাসকারণম্॥
গুণবান্ শীলবান্ দান্তো মৃদুর্ধর্ম্মো জিতেন্দ্রিয়ঃ।
সুদর্শঃ স্থূললক্ষ্যশ্চ ন ভ্রংশ্যেত সদাশ্রিয়ঃ॥ ম, শা, ৫৬অ। ১৮—১৯।

দান্ত, দয়াবান্, ধর্ম্মনিষ্ঠ, জিতেন্দ্রিয়, প্রিয়দর্শন ও বদান্য ভূপাল কদাচ শ্রীভ্রষ্ট হন না। ম, শা, ৫৬ অ। ১৮-১৯।

২৩। যে বিশুদ্ধ-স্বভাব ভূপতি নিরন্তর প্রকৃতি-পুঞ্জের চিত্ত-রঞ্জনে অনুরক্ত থাকেন, তিনি কখনই অরাতি-কুল-কর্ত্তৃক আক্রান্ত হইয়া স্থানভ্রষ্ট হন না; হইলেও তাহা পুনঃ প্রাপ্ত হন। ম, শা, ৫৭ অ। ২৮।

২৪। রাজা যদি ক্রোধ-রহিত, মৃদুদণ্ড, জিতেন্দ্রিয় এবং মৃগয়াদি ব্যসনে অনাসক্ত হন, তাহা হইলে তিনি হিমালয়-সদৃশ সর্ব্বভূতের বিশ্বাস ভাজন হইয়া থাকেন। ম, শা, ৫৭ অ। ২৯।

২৫। যে নৃপতি প্রাজ্ঞ, দানশীল, পরচ্ছিদ্রানুসন্ধায়ী, সুন্দরদর্শন, চাতুর্ব্বর্ণ্য প্রজাবর্গের নয়াপনয়বিৎ (নীতি-অনীতিবেত্তা), জিত-ক্রোধ, নিয়ত সুপ্রসন্ন, ক্ষিপ্রকারী, মনস্বী, ক্রিয়াবান্, আত্মশ্লাঘা-বিরহিত ও যোগাভ্যাস-রত এবং যাঁহার অমাত্যগণ অক্রোধ স্বভাব ও যাঁহার আরব্ধ কার্য্য সকল নির্ব্বিঘ্নে পরিসমাপ্ত হইতে দেখা যায়, তিনিই রাজসত্তম বলিয়া কথিত হন। ম, শা, ৫৭ অ। ৩০—৩২।

২৩। শুচিস্তু পৃথিবীপালো লোকচিত্তগ্রহে রতঃ।
ন পতত্যরিভির্গ্রস্তঃ পতিতশ্চাবতিষ্ঠতে॥ ম, শা, ৫৭অ.। ২৮।

২৪। অক্রোধনো হ্যব্যসনী মৃদুদণ্ডো জিতেন্দ্রিয়ঃ।
রাজা ভবতি ভূতানাং বিশ্বাস্যো হিমবানিব॥ ম, শা, ৫৭অ, ২৯।

২৫। প্রাজ্ঞস্ত্যাগগুণোপেতঃ পররন্ধ্রেষু তৎপরঃ।
সুদর্শঃ সর্ব্ববর্ণানাং নয়াপনয়বিত্তথা॥
ক্ষিপ্রকারী জিত-ক্রোধঃ সুপ্রসাদো মহামনাঃ।
অরোষপ্রকৃতির্যুক্তঃ ক্রিয়াবানবিকত্থনঃ॥
আরব্ধান্যেব কার্য্যাণি সুপর্য্যবসিতানি চ।
যস্য রাজ্ঞঃ প্রদৃশ্যন্তে স রাজা রাজসত্তমঃ॥ ম, শা, ৫৭অ, ৩০—৩২।

২৬। পুত্রগণ যেরূপ পিতৃগৃহে বাস করে, তদ্রূপ যাঁহার রাজ্য মধ্যে মনুষ্যগণ নির্ভয়চিত্তে বিচরণ করে, সেই ভূপতিই রাজসত্তম বলিয়া কথিত হন। ম, শা, ৫৭ অ। ৩৩।

২৭। যাঁহার পুরবাসিগণ সকলেই বিভবশালী এবং নয়াপনয়-কুশল লোক সকল যাঁহার রাজ্যমধ্যে বাস করে, সেই নৃপতিই রাজসত্তম। ম, শা, ৫৭ অ। ৩৪।

২৮। যাঁহার রাজ্যবাসিগণ রাজবশীভূত, নীতি-নিপুণ, রাজাজ্ঞা-প্রতিপালক, পরাভিভবশীল ও দানরত প্রকৃতিগণ যথাবিধি পালিত এবং সুশাসন-শাসিত হইয়া পরস্পর বিরোধ না করিয়া নিজ নিজ কর্ম্মে নিযুক্ত থাকে, তিনিই ভূপতি বলিয়া অভিহিত হন। ম, শা, ৫৭ অ। ৩৫-৩৬।

২৯। যে নৃপতির রাজ্যমধ্যে দম্ভ, অনৃত, মায়া এবং মৎসরাদি নাই, তিনিই সনাতন ধর্ম্ম পালন জন্য ফলভোগ করিয়া থাকেন। ম, শা, ৫৭ অ। ৩৭।

২৬। পুত্রা ইব পিতুর্গেহে বিষয়ে যস্য মানবাঃ।
নির্ভয়া বিচরিষ্যন্তি স রাজা রাজসত্তমঃ॥ ম, শা. ৫৭ অ, ৩৩।

২৭। অগূঢ় বিভবা যস্য পৌরা রাষ্ট্রনিবাসিনঃ।
নয়াপনয়বেত্তারঃ স রাজা রাজসত্তমঃ॥ ম, শা, ৫৭অ, ৩৪।

২৮। স্বকর্ম্মনিরতা যস্য জনা বিষয়বাসিনঃ।
অসঙ্ঘাতরতা দান্তাঃ পাল্যমানা যথাবিধি॥
বশ্যা নেয়া বিধেয়াশ্চ ন চ সঙ্ঘর্ষশীলিনঃ।
বিষয়ে দানরুচয়ো নরা যস্য স পার্থিবঃ॥ ম, শা. ৫৭অ, ৩৫—৩৬

২৯। ন যস্য কূটং কপটং ন মায়া ন চ মৎসরঃ।
বিষয়ে ভূমিপালস্য তস্য ধর্ম্মঃ সনাতনঃ॥ ম, শা, ৫৭অ, ৩৭

৩০। যিনি জ্ঞানবান্ পণ্ডিতগণকে সৎকার করেন এবং শাস্ত্রানুশীল ও পুরবাসিগণের হিতসাধনে রত থাকেন, তাদৃশ সন্মার্গ-বর্ত্তী দানশীল নৃপতিই রাজত্বলাভ করিবার যোগ্য। ম, শা, ৫৭ অ। ৩৮।

৩১। শত্রুগণ যাঁহার চারগণকে অপ্রেরিতের এবং মন্ত্রণা সকলকে অকৃতের ন্যায় অবগত হইতে না পারে, সেই রাজাই রাজত্ব লাভ করিবার যোগ্য। ম, শা, ৫৭ অ। ৩৯।

৩২। লোক সকলকে সর্ব্বতোভাবে রক্ষা করা ভিন্ন, রাজ্যার্থী ভূপতির আর সনাতন ধর্ম্ম নাই; কারণ রক্ষাই প্রজারঞ্জনের মূল। ম, শা, ৫৭ অ। ৪২।

৩৩। যথাকালে চারনিয়োগ ও দূতপ্রেরণ, সময়ানুসারে দান, মৎসর-বিহীন জনগণের নিকট হইতে সদ্যুক্তিগ্রহণ, অসদুপায় অবলম্বন দ্বারা কর

৩০। যঃ সৎকরোতি জ্ঞানানি জ্ঞেয়ে পরহিতে রতঃ।
সতাং বর্ত্মানুগস্ত্যাগী স রাজা রাজ্যমর্হতি॥ ম, শা, ৫৭অ, ৩৮।

৩১। যস্য চারাশ্চ মন্ত্রাশ্চ নিত্যকৈব কৃতাকৃতাঃ।
ন জ্ঞায়ন্তে হি রিপুভিঃ স রাজা রাজ্যমর্হতি॥ ম, শা, ৫৭অ, ৩৯।

৩২। তদ্রাজ্যে রাজ্যকামানাং নান্যো ধর্ম্মঃ সনাতনঃ।
ঋতে রক্ষান্তু বিস্পষ্টাং রক্ষা লোকস্য ধারিণী॥ ম, শা, ৫৭অ, ৪২।

৩৩। চারশ্চ প্রণিধিশ্চৈব কালে দানমমৎসরাৎ।
যুক্ত্যাদানং নচাদানমযোগেন যুধিষ্ঠির॥
সতাং সগ্রহণং শৌর্য্যং দাক্ষ্যং সত্যং প্রজাহিতম্।
অনার্জ্জবৈরার্জ্জবৈশ্চ শত্রুপক্ষস্য ভেদনম্॥
কেতনানাঞ্চ জীর্ণানামবেক্ষা চৈব সীদতাম্।
দ্বিবিধস্য চ দণ্ডস্য প্রয়োগঃ কালচোদিতঃ॥
সাধুনামপরিত্যাগঃ কুলীনানাঞ্চ ধারণম্।
নিচয়শ্চ নিচেয়ানাং সেবা বুদ্ধিমতামপি॥

সংগ্রহ না করা, সাধুলোক সংগ্রহ করা, সত্যবাদী হওয়া, সময়ানুরূপ শৌর্য্য ও কার্য্যদক্ষতা প্রকাশ এবং প্রকৃতি-পুঞ্জের হিতসাধন চেষ্টা করা, সরল অথবা কুটিল উপায় অবলম্বন করিয়া শত্রুপক্ষগণের পরস্পর ভেদ জন্মাইয়া দেওয়া, জীর্ণ এবং ভগ্নোন্মুখ গৃহ সকলের পর্য্যবেক্ষণ, শারীর এবং অর্থ এই উভয়বিধ দণ্ডের সময়ানুরূপ প্রয়োগ, সাধু এবং সৎকুল-প্রসূত-গণকে পরিত্যাগ না করিয়া কার্য্যবিশেষে নিযুক্ত করা, ধান্যাদি যে সকল বস্তু সংগ্রহ করা কর্ত্তব্য, তাহাদের সংগ্রহ, বুদ্ধিমান্গণের সেবা, সৈন্যগণের উৎসাহ বর্দ্ধন, নিয়ত প্রজাগণের অবস্থা পর্য্যবেক্ষণ, কোষ-বর্দ্ধন এবং কার্য্যকালে তাহার রিক্ততা প্রদর্শন না করা, প্রহরিগণের উপর কেবল বিশ্বাস না করিয়া স্বয়ং স্বপুর-পর্য্যবেক্ষণ, অপরের দ্বারা পুরবাসি গণের এবং ভৃত্যবর্গের ভেদ জন্মাইয়া দেওয়া, প্রচ্ছন্নভাবে শত্রুগণের নিকটস্থিত মিত্রবর্গের যথাযথ তত্ত্বাবধারণ, স্বয়ং অন্তঃপুর পর্য্যবেক্ষণ, ভৃত্যবর্গকে অবিশ্বাস, শত্রুগণকে আশ্বাস প্রদান এবং তাহাদিগকে অবজ্ঞা না করা, অসাধুসঙ্গ পরিত্যাগ, সতত উদেযাগী এবং নীতিমার্গানুযায়ী হওয়াই নৃপতিগণের কর্ত্তব্য। বৃহস্পতি নৃপতিগণের উদ্যোগকেই রাজ ধর্ম্মের মূল বলিয়া নির্দ্দেশ করিছেন। ম, শা, ৫৮ অ। ৫—১৩।

বলানাং হর্ষণং নিত্যং প্রজানামন্ববেক্ষণম্।
কার্য্যেষ্বখেদঃ কোষস্য তথৈব চ বিবর্দ্ধনম্॥
পুরগুপ্তিরবিশ্বাসঃ পৌর সঙ্ঘাত ভেদনম্।
অরিমধ্যস্থমিত্রাণাং যথাবচ্চান্ববেক্ষণম্॥
উপজাপশ্চ ভৃত্যানামাত্মনঃ পুরদর্শনম্।
অবিশ্বাসঃ স্বয়ঞ্চৈব পরস্যাশ্বাসনং তথা॥
নীতি ধর্ম্মানুসরণং নিত্যমুত্থানমেব চ।
রিপূণামনবজ্ঞানং নিত্যং চানার্য্যবর্জ্জনম্॥
উত্থানং হি নরেন্দ্রাণাং বৃহস্পতিরভাষত! ম, শা, ৫৮অ, ৫—১৩।

৩৪। অকৃতাত্ম-ব্যক্তিগণ সুমহৎ রাজ্যতন্ত্র রক্ষা করিতে সমর্থ হয় না। নিরতিশয় মৃদু ব্যক্তি আয়াসসাধ্য স্থান (রাজ্য) রক্ষা করিতে সমর্থ হয় না এবং নিতান্ত সরল প্রকৃতি হইলেও সর্ব্বলোক-লোভজনক রাজ্য রক্ষা হয় না, সুতরাং সারল্য এবং ক্রৌর্য্য এই উভয় মিশ্র বৃত্তি অবলম্বন করা নৃপতির কর্ত্তব্য। ম, শা, ৫৮ অ। ২১—২২।

৩৫। নৃপতি অন্যের দুরাধর্ষ হইবেন এবং অপর মনুষ্য-কর্ত্তৃক আভাষিত হইয়া সহাস্যবদনে মধুরবাক্যে প্রত্যুত্তর করিবেন। উপকারকের নিকট কৃতজ্ঞ, গুরুজনের নিকট দৃঢ়ভক্তি, সকলের সহিত সংবিভাগী এবং জিতেন্দ্রিয় হইবেন। অন্য দ্বারা ঈক্ষিত হইয়া মৃদুভাবে শোভনরূপে মনোহর দৃষ্টি নিক্ষেপ করিবেন। ম, শা, ৬৭ অ। ৩৮—৩৯।

৩৬। প্রজ্ঞা মনুষ্যকে প্রগল্‌ভ করে কিন্তু রাজা লোক সকলকে সর্ব্বপ্রকার উৎকর্ষ লাভ করিতে দেন না। রাজা যাহাকে আক্রমণ

৩৪। রাজ্যং হি সুমহত্তন্ত্রং ধার্য্যতে নাকৃতাত্মভিঃ।
ন শক্যং মৃদুনা বোঢ়ুমায়াসস্থানমুত্তমম্॥
রাজ্যং সর্ব্বামিষং নিত্যমার্জ্জবেনেহ ধার্য্যতে।
তস্মান্মিশ্রেণ সততং বর্ত্তিতব্যং যুধিষ্ঠির॥ ম, শা, ৫৮অ, ২১—২২।

৩৫। গোপ্তা তস্মাদদুরাধর্ষঃ স্মিতপূর্ব্বাভিভাষিতা।
আভাষিতশ্চ মধুরং প্রত্যাভাষেত মানবান্॥
কৃতজ্ঞো দৃঢ়ভক্তিঃ স্যাৎ সংবিভাগী জিতেন্দ্রিয়ঃ।
ঈক্ষিতঃ প্রতিবীক্ষেত মৃদু বল্গু চ সুষ্ঠু চ॥ ম, শা, ৬৭অ, ৩৮—৩৯।

৩৬। প্রজ্ঞা প্রগল্‌ভং কুরুতে মনুষ্যং
রাজা কৃশং বৈ কুরুতে মনুষ্যং।
রাজাভিপন্নস্য কুতঃ সুখানি
রাজাভ্যুপেতং সুখিনং করোতি॥ ম, শা, ৬৮অ, ৫৮।

করেন তাহার সুখ কোথায়? পরন্তু তাঁহার অনুগত থাকিলে সর্ব্বপ্রকারে সুখলাভ হইয়া থাকে। ম, শা, ৬৮ অ। ৫৮।

৩৭। মহাযশা নরপতিগণ দম, সত্য এবং সৌহৃদ্যের সহিত বসুমতী শাসন করতঃ সুমহৎ যজ্ঞ করিয়া অমর শাশ্বত পদ লাভ করিয়া থাকেন। ম, শা, ৬৮ অ। ৬০।

৩৮। রাজা প্রথমতঃ আপনার চিত্তকে জয় করিয়া তদনন্তর শত্রুগণকে জয় করিতে চেষ্টা করিবেন। কারণ যিনি আপনার চিত্তকে জয় করিতে অসমর্থ, তাদৃশ নরপতি কিরূপে শত্রুকে জয় করিবেন? ম, শা, ৬৯ অ। ৪।

৩৯। নৃপতির বেদ ও বেদাঙ্গ সকল অধ্যয়ন করা এবং প্রাজ্ঞ, তপস্যারত, নিয়ত দানশীল ও যজ্ঞশীল হওয়া কর্ত্তব্য। নৃপতির এই সমস্ত গুণ স্থির থাকা কর্ত্তব্য কারণ ব্যবহার লোপ হইলে তাঁহার স্বর্গলাভই বা কোথায়? এবং যশই বা কোথায়? ম, শা ৬৯। ৩১—৩২।

৪০। যে নরপতি ষাড়্‌গুণ্য, ত্রিবর্গ এবং পরম ত্রিবর্গ অবগত

৩৭। নরাধিপশ্চাপ্যনুশিষ্য মেদিনীং
দমেন সত্যেন চ সৌহৃদেন।
মহদ্ভিরিষ্ট্বা ক্রতুভির্ম্মহাযশা
স্ত্রিবিষ্টপে স্থানমুপৈতি শাশ্বতম্॥ ম, শা, ৬৮ অ, ৬০।

৩৮। আত্মা জেয়ঃ সদা রাজ্ঞা ততো জেয়াশ্চ শত্রবঃ।
অজিতাত্মা নরপতির্ব্বিজয়েত কথং রিপূন্॥ ম, শা, ৬৯ অ, ৪।

৩৯। বেদবেদাঙ্গবিৎ প্রাজ্ঞঃ সুতপস্বী নৃপো ভবেৎ।
দানশীলশ্চ সততং যজ্ঞশীলশ্চ ভারত॥
এতে গুণাঃ সমস্তাঃ স্যুর্নৃপস্য সততং স্থিরাঃ।
ব্যবহারলোপে নৃপতেঃ কুতঃ স্বর্গঃ কুতো যশঃ॥ ম, শা, ৬৯ অ, ৩১—৩২।

৪০। ষাড়্‌গুণ্যঞ্চ ত্রিবর্গঞ্চ ত্রিবর্গং পরমং তথা।
যো বেত্তি পুরুষব্যাঘ্র স ভুঙ্‌ক্তে পৃথিবীমিমাম্॥ ম, শা, ৬৯ অ, ৬৬।

হইয়াছেন, তিনি এই পৃথিবীকে ভোগ করিতে সমর্থ হন। ম, শা, ৬৯ অ। ৬৬।

(ক) শত্রুর সহিত সন্ধি করিয়া নিঃশঙ্কচিত্তে অবস্থান, শত্রুর প্রতি-যান, শত্রুর সহিত বিরোধ করিয়া অবস্থান, শত্রুকে ভয় প্রদর্শন করিবার নিমিত্ত যাত্রার ছল করিয়া অবস্থান, দ্বৈধীভাব এবং অগম্য দুর্গ অথবা অন্য প্রবল নরপতির আশ্রয় গ্রহণ এই ছয়টি নৃপতির ষাড়্গুণ্য। ম, শা, ৬৯ অ, ৬৭—৬৮।

(খ) ক্ষয়, স্থান এবং বৃদ্ধি ইহাই পরম ত্রিবর্গ। ম, শা, ৬৯অ, ৬৯।

(গ) ধর্ম্ম, অর্থ, কাম ইহাই ত্রিবর্গ। ম, শা, ৬৯ অ, ৭০।

৪১। নৃপতির রাগ-দ্বেষ বিহীন হইয়া ধর্ম্ম কার্য্য সকল আচরণ, লোভবশীভূত না হইয়া ও পরলোকের প্রতি দৃষ্টি রাখিয়া স্নেহ প্রকাশ, কোনরূপ নিষ্ঠুর আচরণ না করিয়া অর্থ উপার্জ্জন এবং যাহাতে ধর্ম্ম ও অর্থ বিনষ্ট না হয়, এতাদৃশ অনুদ্ধতভাবে ইন্দ্রিয়গণের প্রীতিসাধন করা কর্ত্তব্য। ম, শা, ৭০ অ, ৩।

(ক) ষাড়্গুণ্যমিতি যৎ প্রোক্তং তন্নিবোধ যুধিষ্ঠির।
সন্ধানাসনমিত্যেব যাত্রা সন্ধানমেবচ।
বিগৃহ্যাসনমিত্যেব যাত্রাং সম্পরিগৃহ্য চ।
দ্বৈধীভাবস্তথান্যেষাং সংশ্রয়োঽথ পরস্য চ॥ ম, শা, ৬৯ অ, ৬৭—৬৮।

(খ) ত্রিবর্গশ্চাপি যঃ প্রোক্তস্তমিহৈকমনাঃ শৃণু।
ক্ষয়ঃ স্থানঞ্চ বৃদ্ধিশ্চ ত্রিবর্গ পরমস্তথা॥ ম, শা, ৬৯ অ, ৬৯।

(গ) ধর্ম্মশ্চার্থশ্চ কামশ্চ সেবিতব্যোঽথ কালতঃ।
ধর্ম্মেণ চ মহীপালশ্চিরং পালয়তে মহীং॥ ম, শা, ৬৯ অ, ৭০।

৪১। চরেদ্ধর্ম্মানকটুকো মুঞ্চেৎ স্নেহং ন চাস্তিকঃ।
অনৃশংসশ্চরেদর্থং চরেৎ কামমনুদ্ধতঃ॥ ম, শা, ৭০ অ, ৩।

৪২। নৃপতি অদীন ভাবে প্রিয় বাক্য বলিবেন, শূর হইয়াও শ্লাঘা-বিহীন ও প্রগল্ভ হইয়াও সদয় হইবেন এবং দাতা হইয়াও অপাত্রে দান করিবেন না। ম, শা ৭০ অ, ৪।

৪৩। নৃপতি ঈর্ষাবিরহিত, গুপ্তদার, শুদ্ধ ও ঘৃণা-বিহীন হইবেন, যাহাতে অনুপকার হয়, তাদৃশ অন্ন পরিত্যাগ করিয়া বিশুদ্ধ-দ্রব্য ভোজন করিবেন এবং কান্তায় একান্ত সঙ্গত হইবেন না। ম, শা, ৭০ অ, ৮।

৪৪। নৃপতি ধর্ম্ম-নিষ্ঠ, বেদজ্ঞ, দেব-পূজারত, ব্রত-পরায়ণ ও গুণ-বান্ হইবেন এবং গৃহাগত ব্রাহ্মণকে নিয়ত অর্চ্চনা করিবেন। ম, শা, ৭১ অ। ৩।

৪৫। নৃপতি কাম-ক্রোধ-বর্জ্জন পুরঃসর স্বীয় বুদ্ধি প্রভাবে ধৈর্য্য ও সরল ভাব অবলম্বন করিয়া যথার্থ প্রাপ্য বস্তু প্ররিগ্রহ করিবেন। ম, শা, ৭১ অ। ৬।

৪৬। নরনাথ সুরক্ষক, দাতা, নিত্যধর্ম্মরত, অনলস, এবং কাম-দ্বেষ-বিহীন হইলে মনুষ্যগণ তাঁহার অনুরক্ত হইয়া থাকে। ম, শা, ৭১ অ। ১২।

৪২। প্রিয়ং ব্রূয়াদকৃপণঃ শূরঃ স্যাদবিকত্থনঃ।
দাতা নাপাত্রবর্ষী স্যাৎ প্রগল্‌ভঃ স্যাদনিষ্ঠুরঃ॥ ম, শা, ৭০ অ, ৪।

৪৩। অনীর্ষুর্গুপ্তদারঃ স্যাচ্চোক্ষরঃ স্যাদঘৃণীনৃপঃ।
স্ত্রিয়ঃ সেবেত নাত্যর্থং মৃষ্টং ভুঞ্জীত নাহিতম্॥ ম, শা, ৭০ অ, ৮।

৪৪। ধর্ম্মনিষ্ঠান্ শ্রুতবতো দেবব্রতসমাহিতান্।
অর্চ্চয়িত্বা যজেথাস্ত্বং গৃহে গুণবতো দ্বিজান্॥ ম, শা, ৭১ অ, ৩।

৪৫। আর্জ্জবেন চ সম্পন্নো ধৃত্যা বুদ্ধ্যাচ ভারত।
যথার্থং প্রতিগৃহ্লীয়াৎ কামক্রোধৌ চ বর্জ্জয়েৎ॥ ম, শা, ৭১ অ, ৬।

৪৬। গোপায়িতারং দাতারং ধর্ম্মনিত্যমতন্দ্রিতম্।
অকামদ্বেষসংযুক্তমনুরজ্যন্তি মানবাঃ॥ ম, শা, ৭১ অ, ১২।

৪৭। যাহাদের রাজপুরোহিত ধর্ম্মাত্মা ও মন্ত্রবিৎ এবং রাজাও তাদৃশ গুণযুক্ত সেই প্রজাগণ সর্ব্বতোভাবেই মঙ্গললাভ করিয়া থাকে। রাজা এবং রাজপুরোহিত পরস্পর অবহিত ও সমচেতা হইয়া সৌহৃদ্য অবলম্বন করতঃ তপস্বিগণের ন্যায় ধর্ম্মরত ও শ্রদ্ধাবান্ হইলে দেবতা, পিতৃলোক, পুত্র এবং প্রজা সকলের উন্নতি সাধন করিয়া থাকেন। ম, শা, ৭৩ অ। ২—৪।

৪৮। নৃপতি প্রজাপালনে প্রবৃত্ত হইয়া দানশীল, উপবাসী, তপস্যা-রত এবং যজ্ঞশীল হইবেন। নৃপতি ধর্ম্মানুসারে প্রকৃতিপুঞ্জকে নিয়ত পালন করতঃ নিত্য উদ্‌যোগ এবং বিবিধ দান দ্বারা ধার্ম্মিকগণকে পূজা করিবেন। তিনি ধার্ম্মিকগণকে পূজা করিলে তাঁহারা সর্ব্বত্রই পূজিত হন, কারণ ভূপতি যে আচরণ করেন, তাহাই প্রজাবর্গের অনুমত হইয়া

৪৭। ধর্ম্মাত্মা মন্ত্রবিদ্ যেষাং রাজ্ঞাং রাজন্ পুরোহিতঃ।
রাজাচৈবং গুণো যেষাং কুশলং তেষু সর্ব্বশঃ॥
উভৌ প্রজা বর্দ্ধয়তো দেবান্ সর্ব্বান্ সুতান্ পিতৃন্।
ভবেয়াতাং স্থিতৌ ধর্ম্মে শ্রদ্ধেয়ৌ সুতপস্বিনৌ॥
পরস্পরস্য সুহৃদৌ বিহিতৌ সমচেতসৌ।
ব্রহ্মক্ষত্রস্য সম্মানাৎ প্রজা সুখমবাপ্নুয়াৎ॥ ম, শা, ৭৩ অ, ২—৪।

৪৮। দানশীলো ভবেদ্রাজা যজ্ঞশীলশ্চ ভারত।
উপবাসতপঃশীলঃ প্রজানাং পালনে রতঃ॥
সর্ব্বাশ্চৈব প্রজা নিত্যং রাজা ধর্ম্মেণ পালয়ন্।
উত্থানেন প্রদানেন পূজয়েচ্চাপি ধার্ম্মিকান্॥
রাজ্ঞা হি পূজিতো ধর্ম্মস্ততঃ সর্ব্বত্র পূজ্যতে।
যদ্ যদা চরতে রাজা তৎপ্রজানাং স্ম রোচতে॥
নিত্যমুদ্যতদণ্ডশ্চ ভবেন্মৃত্যুরিবারিষু।
নিহন্যাৎ সর্ব্বতো দস্যূন্ন কামাৎ কস্যচিৎ ক্ষমেৎ॥ ম, শা, ৭৫ অ, ২—৫।

থাকে। নরনাথ যমের ন্যায় শক্রবর্গের প্রতি নিয়ত উদ্যতদণ্ড হইবেন এবং সর্ব্বতোভাবে দস্যুগণের বিনাশসাধন করিবেন, কখনই ইচ্ছানুসারে কাহাকেও ক্ষমা করিবেন না। ম, শা, ৭৫ অ। ২—৫।

৪৯। শুদ্ধ অনৃশংস বৃত্তি দ্বারা রাজ্য কখনই পরিরক্ষিত হন না। ম, শা, ৭৫ অ। ১৮।

৫০। যে নৃপতি ধৃষ্ট, শূর, দুষ্টদিগের প্রহর্ত্তা, অনৃশংস, জিতেন্দ্রিয়, প্রজাবৎসল এবং অতিথি ও অধীনস্থ পরিবারবর্গের ভোজনাবসানে ভোজনকারী, মনুষ্যেরা সেই নৃপতিকে আশ্রয় করিয়াই জীবনযাত্রা নির্ব্বাহ করিয়া থাকে। ম, শা, ৭৫ অ, ৩৭।

৫১। রাজাদিগের সহিত যাহারা সঙ্গত হয়, তাহারা আশীবিষের সহিত সঙ্গত হইয়া থাকে, যে হেতু বহু মিত্র ও বহু অমিত্র রাজাদিগের নিকট বিদ্যমান থাকে। ম, শা, ৮২ অ। ২৪।

৫২। মহীপতি প্রসাদিত হইলে, দেবতার ন্যায় সকল অর্থ সম্পাদন করেন এবং ক্রুদ্ধ হইলে অনলের ন্যায় সমূলে দগ্ধ করেন। মা, শা, ৮২ অ। ৩০।

৫৩। দণ্ডধারী নৃপতি সর্ব্বদা সান্ত্ব-বাক্য প্রয়োগ করিবেন, যেহেতু

৪৯। "ন চ শুদ্ধানৃশংসেন শক্যং রাজ্যমুপাসিতুং॥" ম, শা, ৭৫ অ, ১৮।

৫০। ধৃষ্টং শূরং প্রহর্ত্তারমনৃশংসং জিতেন্দ্রিয়ম্।
বৎসলং সংবিভক্তারমুপজীবন্তি তং নরাঃ॥ ম, শা, ৭৫ অ, ৩৭।

৫১। আশীবিষৈশ্চ তস্যাহুঃ সঙ্গতং যস্য রাজভিঃ।
বহুমিত্রাশ্চ রাজানো বহ্বমিত্রাস্তথৈব চ॥ ম, শা, ৮২ অ, ২৪।

৫২। দেবতেব হি সর্ব্বার্থান্ কুর্য্যাদ্রাজা প্রসাদিতঃ।
বৈশ্বানর ইব ক্রুদ্ধঃ সমূলমপি নির্দহেৎ॥ ম, শা, ৮২ অ, ৩০।

৫৩। তস্মাৎ সান্ত্বং প্রযোক্তব্যং দণ্ডমাধিৎসতাহপিহি।
ফলং চ জনয়ত্যেবং ন চাস্যোদ্বিজতে জনঃ॥ ম, শা, ৮৪ অ, ৯।

সাম্ভই ফল উৎপাদন করে, তাহাতে কেহ উত্তেজিত হয় না। ম, শা, ৮৪ অ। ৯।

৫৪। যে রাজা সকল বিষয় সন্দর্শন করিয়া, কোন ব্যক্তির স্বীয় দুঃখ নিবেদনের পূর্ব্বেই "তুমি কি নিমিত্ত আসিয়াছ" এইরূপ জিজ্ঞাসা করেন এবং সহাস্যবদনে তাহার সহিত কথোপকথন করেন, তাঁহার প্রতি সকল লোকই প্রসন্ন হইয়া থাকে। ম, শা, ৮৪ অ। ৬।

৫৫। নৃপতি স্বয়ং পরের বিশ্বাস ভাজন হইবেন, পরকে কদাচ বিশ্বাস করিবেন না, এমন কি পুত্রের প্রতিও বিশ্বাস করা প্রশস্ত নহে। ম, শা, ৮৫ অ। ৩৩।

৫৬। নরপতিগণ অহিতকারী ঔরসপুত্রদিগকেও পরিত্যাগ করেন। এবং হিতকারী সম্পর্ক বিহীন ব্যক্তিকেও গ্রহণ করিয়া থাকেন। বা, অ, ২৬ স। ৩৬।

৫৭। যেরূপ নয়ন নিয়তই শরীরের হিতসাধনে প্রবৃত্ত হইয়া থাকে, সেইরূপ সত্য ও ধর্ম্মের প্রবর্ত্তক রাজাও নিয়তই রাজ্যের হিত সাধনে প্রবৃত্ত হইয়া থাকেন। বা, অ, ৬৭ স। ৩৩।

৫৪। যস্তু সর্ব্বমভিপ্রেক্ষ্য পুর্ব্বমেবাভিভাষতে।
স্মিত-পূর্ব্বাভিভাষী চ তস্য লোকঃ প্রসীদতি॥ ম, শা, ৮৪ অ, ৬।

৫৫। বিশ্বাসয়েৎ পরাংশ্চৈব বিশ্বসেচ্চ ন কস্যচিৎ।
পুত্রেষ্বপি হি রাজেন্দ্র বিশ্বাসো ন প্রশস্যতে॥ ম, শা, ৮৫ অ, ৩৩।

৫৬। ঔরসানপি পুত্রান্ হি ত্যজন্ত্যহিতকারিণঃ।
সমর্থান্ প্রতিগৃহ্ণন্তি জনানপি নরাধিপাঃ॥ বা, অ, ২৬ স। ৩৬।

৫৭। যথা দৃষ্টিঃ শরীরস্য নিত্যমেব প্রবর্ত্ততে।
তথা নরেন্দ্রো রাষ্ট্রস্য প্রভবঃ সত্যধর্ম্ময়োঃ॥ বা, অ, ৬৭ স। ৩৩।

৫৮। রাজাই সত্য, রাজাই ধর্ম্ম, রাজাই কুলীনদিগের কুল, রাজাই সকলের পিতামাতা এবং রাজাই সকলের হিতকারী, রাজা স্বীয় অতি উৎকৃষ্ট চরিত্র দ্বারা ইন্দ্র, যম, কুবের ও বরুণ দেবকেও অতিক্রম করেন। বা, অ, ৬৭ স। ৩৪—৩৫।

৫৯। রাজা এরূপ গাম্ভীর্য্যশালী হইবেন যাহাতে কর্ম্মচারিগণ নিঃশঙ্কভাবে সম্মুখীন হইতে না পারে এবং কদাচ যেন তাহারা দৃষ্টিপথের অন্তরালে না থাকে। (কর্ম্মচারীদিগের কার্য্য নিয়ত দর্শন ও একান্ত অদর্শন এতদুভয়ের মধ্যবর্ত্তিতাই অর্থপ্রাপ্তির কারণ।) বা, অ, ১০০ স। ৫২।

৬০। নৃপতির নিম্নলিখিত দোষগুণ বিষয়ে অভিজ্ঞতা থাকা আবশ্যক। বা, অ, ১০০ স। ৬৮—৭২।

৫৮। রাজা সত্যঞ্চ ধর্ম্মশ্চ রাজা কুলবতাং কুলম্।
রাজা মাতা পিতা চৈব রাজা হিতকরো নৃণাম্॥
যমো বৈশ্রবণঃ শক্রো বরুণশ্চ মহাবলঃ।
বিশিষ্যন্তে নরেন্দ্রেণ বৃত্তেন মহতা ততঃ॥ বা, অ, ৬৭ স। ৩৪—৩৫।

৫৯। কচ্চিন্ন সর্ব্বে কর্ম্মান্তাঃ প্রত্যক্ষাস্তেঽবিশঙ্কয়া।
সর্ব্বে বা পুনরুৎসৃষ্টা মধ্যমেবাত্র কারণম্॥ বা, অ, ১০০ স। ৫২।

৬০। দশপঞ্চচতুর্ব্বর্গান্ সপ্তবর্গঞ্চ তত্ত্বতঃ।
অষ্টবর্গং ত্রিবর্গঞ্চ বিদ্যাস্তিস্রশ্চ রাঘব॥
ইন্দ্রিয়াণাং জয়ং বুদ্ধা ষাড়্‌গুণ্যং দৈবমানুষং।
কৃত্যং বিংশতি বর্গঞ্চ তথা প্রকৃতিমণ্ডলং॥
যাত্রাদণ্ডবিধানঞ্চ দ্বিযোনী সন্ধিবিগ্রহৌ।
কচ্চিদেতান্ মহাপ্রাজ্ঞ যথাবদনুমন্যসে॥
মন্ত্রিভিস্ত্বং যথোদ্দিষ্টৈঃ চতুর্ভিস্ত্রিভিরেব বা।
কচ্চিৎ সমস্তৈর্ব্যস্তৈশ্চ মন্ত্রং মন্ত্রয়সে বুধঃ।

(ক) মৃগয়া, অক্ষক্রীড়া, দিবানিদ্রা, পরিবাদ, স্ত্রীসেবা, মদ্যপান, নৃত্য, গীত, বাদ্য, বৃথাভ্রমণ এই দশবিধ কামজদোষ।

(খ) জলদুর্গ, গিরিদুর্গ, বৃক্ষদ্বারা নির্ম্মিত দুর্গ, সর্ব্বশস্যশূন্য প্রদেশস্থ ঐরিণ দুর্গ এবং উষ্ণকালে যে ধান্বন দুর্গ হয়, এই পঞ্চবিধ দুর্গ। (পঞ্চবর্গ)।

(গ) সাম, দান, ভেদ, দণ্ড এই চতুর্ব্বর্গ।

(ঘ) রাজা, অমাত্য, রাজ্য, দুর্গ, কোষ, বল, সুহৃদ্, পরস্পর উপকারী এই সপ্তাঙ্গ রাজ্য। (সপ্তবর্গ)।

(ঙ) পৈশুন্য, সাহস, দ্রোহ, ঈর্ষা, অসূয়া, সাধুনিন্দা, বাগ্‌দণ্ড, নিষ্ঠুরতা, ক্রোধজাত এই অষ্টবর্গ।

(চ) ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ। অথবা

(ছ) উৎসাহশক্তি, প্রভুশক্তি, মন্ত্রশক্তি, এই ত্রিবর্গ।

(জ) বেদবিদ্যা, বার্ত্তাশাস্ত্রজ্ঞান, দণ্ডনীতি এই ত্রিবিধ বিদ্যা।

(ঝ) ইন্দ্রিয়গণেরজয়ের উপায় যোগাভ্যাস।

(ঞ) সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয় এই, ষাড়্‌গুণ্য।

(ট) রাজকার্য্যে নিযুক্ত ব্যক্তি হইতে, চোর হইতে, শত্রু হইতে, রাজবল্লভ পুরুষ হইতে, পৃথিবীপাল হইতে যে ভয় উৎপন্ন হয়; সেই পঞ্চবিধ মানুষ উৎপাত।

(ঠ) হুতাশন, জল, ব্যাধি, দুর্ভিক্ষ, মড়ক, এই পঞ্চবিধ দৈব-বিপদ্।

কচ্চিত্তে সফলা বেদাঃ কচ্চিত্তে সফলা ক্রিয়াঃ।
কচ্চিত্তে সফলা দারাঃ কচ্চিত্তে সফলং শ্রুতম্। বা, অ, ১০০ স। ৬৮—৭২।*

* শ্রীরামচন্দ্র প্রশ্নচ্ছলে ভরতকে রাজধর্ম্মের উপদেশ দিয়াছিলেন।

(ড) শত্রুপক্ষীয়—অল্প বেতন, লুব্ধ, মানী, অবমানিত, এই চতুর্ব্বিধ ব্যক্তিকে, ক্রুদ্ধ, কোপিত, ভীত, ভীষিত, করিবার কারণ রূপ চারিটি রাজকৃত্য।

(ঢ) বালক, বৃদ্ধ, দীর্ঘরোগী, জ্ঞাতিবহিষ্কৃত, ভীরু, ভীরুজনক, লুব্ধ, লুব্ধজনক, বিরক্তপ্রকৃতি, বিষয়ে অতিশয় আসক্তিমান, অনেক-চিত্ত, দেবব্রাহ্মণনিন্দক, দৈবোপহত, দৈবচিন্তক, দুর্ভিক্ষরূপবিপদাপন্ন, সৈন্যক্ষয়-রূপ বিপদ্‌গ্রস্ত, দূরদেশস্থ, বহুরিপুবেষ্টিত, যথাকালে কার্য্যে অনিযুক্ত এবং যে ব্যক্তি সত্যধর্ম্মে রত নহে এইরূপ বিংশতি পুরুষরূপ বিগ্রহযোগ্য বিংশতিবর্গ।

(ণ) অমাত্য, রাষ্ট্র, দুর্গ, কোশ ও দণ্ড এই পঞ্চ প্রকৃতি তথা অরিমিত্র প্রভৃতি দ্বাদশ রাজমণ্ডল, পঞ্চবিধ রণযাত্রা, ব্যূহরচনা, ভেদরূপ দণ্ডবিধান, সন্ধিবিগ্রহাদি ষড়্‌বিধ গুণের মধ্যে দ্বৈধীভাব ও সমাশ্রয়ের কারণ সন্ধি এবং যান ও আসনের কারণ বিগ্রহ এই সকলের মধ্যে ত্যাগ ও গ্রহণ যোগ্য অংশ সকল সম্যক্ জ্ঞাত হইয়া অনুজ্ঞা প্রচার।

(ত) মন্ত্রণা লক্ষণাক্রান্ত তিন অথবা চারিজন ব্যস্ত বা সংহত মন্ত্রীর সহিত নীতিশাস্ত্রোক্ত মন্ত্রবিচার পদ্ধতি অতিক্রম না করিয়া মন্ত্রণা করণ।

(থ) বেদবিহিত কর্ম্মের অনুষ্ঠান দ্বারা বেদ সকল সফলীকরণ ও উদ্দেশ্যফলযুক্ত রাজকার্য্য সকল সফলীকরণ এবং বিনয় দ্বারা শাস্ত্রজ্ঞানের সফলতা সম্পাদন করণ।

৬১। যিনি ভ্রান্তিহীন, রাজ্যবিষয়ক সকল তত্ত্বে অভিজ্ঞ, জিতেন্দ্রিয়, কৃতজ্ঞ ও ধর্ম্মানুষ্ঠানরত হন, সেই রাজা বহুকাল স্বরাজ্যে স্থিরতর থাকেন। বা, অর, ৩৩ স। ২০।

৬১। অপ্রমত্তশ্চ যো রাজা সর্ব্বজ্ঞোবিজিতেন্দ্রিয়ঃ।
কৃতজ্ঞো ধর্ম্মশীলশ্চ স রাজা তিষ্ঠতে চিরম্॥ বা, অর, ৩৩ স। ২০।

৬২। যিনি নয়ন দ্বারা প্রসুপ্ত হইয়াও নীতিরূপ নেত্রদ্বারা জাগরিত থাকেন এবং যাঁহার ক্রোধ ও প্রসাদ কার্য্যদ্বারা ব্যক্ত হয়, সকলেই সেই মহীপতিকে পূজা করে। বা, অর ৩৩ স। ২১।

৬৩। ধীর প্রজারা শাস্ত্রে অনুল্লিখিত ধর্ম্ম, অর্থ বা কাম সম্পাদন বিষয়ে রাজার অনুকরণ করিয়া থাকেন, রাজা সমুদায় দ্রব্যের মধ্যে উত্তম রত্ন স্বরূপ এবং প্রজাদিগের পক্ষে যেন সাক্ষাৎ ধর্ম্ম ও কাম; রাজা হইতে ধর্ম্ম, অর্থ ও কাম প্রবর্ত্তিত হয়। বা, আর ৫০ স। ৯—১০।

৬৪। লোক মধ্যে সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব ও সমাশ্রয় এই ছয় প্রকার উপায় আছে, রাজারা এই ছয় উপায় অবলম্বন পূর্ব্বক সমস্ত বিষয় বিচার করিয়া থাকেন। সুদশার শেষ হইলে মানব দুর্দ্দশা-গ্রস্ত হয়। বা, অর ৭২ স। ৮।

৬৫। রাজাদিগের বিজাতীয় প্রাণীমধ্যেও মিত্রতা থাকে। বা, কি ২ স।২১।

৬৬। শম, দম, ধর্ম্ম, ধৈর্য, ক্ষমা, বল, পরাক্রম ও অপরাধী ব্যক্তিকে

৬২। নয়নাভ্যাং প্রসুপ্তো বা জাগর্ত্তি নয়চক্ষুষা।
ব্যক্তক্রোধ প্রসাদশ্চ স রাজা পূজ্যতে জনৈঃ॥ বা, অর, ৩৩ স। ২১।

৬৩। অর্থং বা যদি বা কামং শিষ্টাঃ শাস্ত্রেষনাগতম্।
ব্যবস্যন্ত্যনু রাজানং ধর্ম্মং পৌলস্ত্যনন্দন॥
রাজা ধর্ম্মশ্চ কামশ্চ দ্রব্যাণাঞ্চোত্তমা নিধিঃ।
ধর্ম্মং শুভং বা পাপং বা রাজমূলং প্রবর্ত্ততে॥ বা, অর, ৫০ স। ৯—১০।

৬৪। রাম ষড়্‌যুক্তয়োলোকে যাভিঃ সর্ব্বং বিমৃশ্যতে।
পরিমৃষ্টো দশান্তেন দশাভাগেন সেব্যতে॥ বা, অর, ৭২। ৮।

৬৫। "রাজানো বহুমিত্রাশ্চ"———। বা, কি, ২ স। ২১।

৬৬। দমঃ শমঃ ক্ষমা ধর্ম্মো ধৃতিঃ সত্যং পরাক্রমঃ।
পার্থিবানাং গুণা রাজন্ দণ্ডশ্চাপ্যপকারিষু॥ বা, কি, ১৭ স। ১৯।

সমুচিত দণ্ড প্রদান এ সমস্ত রাজাদিগের স্বাভাবিক গুণ। বা, কি ১৭ স। ১৯।

৬৭। যে ব্যক্তি কোষ, দণ্ড, মিত্র ও আত্মা এই সমস্তকে সমভাব বোধ করেন, তিনিই মহৎ রাজ্য ভোগ করিয়া থাকেন। বা, কি, ২৯স। ১১।

৬৮। যে রাজা বীর্য্যবান্, বল-সম্পন্ন, দয়ালু, ইন্দ্রিয়-সংযমী, কৃতজ্ঞ ও সত্যবাদী হন, তিনি ইহলোকে মহত্ত্ব লাভ করিয়া থাকেন। বা, কি, ৩৪ স।৭।

৬৯। যে রাজা ধর্ম্ম, অর্থ ও কামকে সময়োচিত বিভাগ করিয়া সতত সেবা করিয়া থাকেন, তিনিই রাজ্যভোগে সমর্থ। আর যিনি শত্রুবধে উদ্‌যুক্ত, মিত্রসংগ্রহে রত এবং ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ যথাকালে বিভাগ করিয়া তাহার ফলভোগে আসক্ত হন, সেই রাজাই ধর্ম্মযুক্ত হইয়া থাকেন। বা, কি, ৩৮ স। ২১—২৩।

৭০। বুদ্ধিমান্ রাজারা ধর্ম্মপথে থাকিলে চিরকাল রাজ্যভোগ করিয়া থাকেন, অতএব তুমি কদাচ পাপে লিপ্ত হইবে না। বা, উ, ৫০ স।১১। *

৬৭। যস্য কোশশ্চ দণ্ডশ্চ মিত্রাণ্যাত্মা চ ভূমিপ।
সমান্যেতানি সর্ব্বাণি স রাজ্যং মহদশ্নুতে॥ বা, কি, ২৯ স। ১১।

৬৮। সত্বাভিজনসম্পন্নঃ সানুক্রোশো জিতেন্দ্রিয়ঃ।
কৃতজ্ঞঃ সত্যবাদী চ রাজা লোকে মহীয়তে॥ বা, কি, ৩৪ স। ৭।

৬৯। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ কালে যস্তু নিষেবতে।
বিভজ্য সততং বীর স রাজা হরিসত্তম॥
অমিত্রাণাং বধে যুক্তো মিত্রাণাং সংগ্রহে রতঃ।
ত্রিবর্গফলভোক্তা চ রাজা ধর্ম্মেণ যুজ্যতে॥ বা, কি, ৩৮ স। ২১—২৩।

৭০। মা চ বুদ্ধিমধর্ম্মে ত্বং কুর্য্যা রাজন্ কথঞ্চন।
বুদ্ধিমন্তো হি রাজানো ধ্রুবমশ্নন্তি মেদিনীম্॥ বা, উ, ৫০ স। ১১। *

---

* শ্রীরামচন্দ্র বিভীষণকে উপদেশ দিয়াছিলেন।

৭১। যে নৃপতি কর্ত্তব্যবিষয়ের মন্ত্রণা স্থির করিয়া ন্যায়ানুসারে রাজকার্য্যে প্রবৃত্ত হন, তাঁহাকে কখনই পশ্চাৎ সন্তাপিত হইতে হয় না। কিন্তু সামাদি উপায় অবলম্বন না করিয়া যে সকল কার্য্য অনুষ্ঠিত হইয়া থাকে, তাহা পরহিংসাদি যাগপ্রযুক্ত হবির ন্যায়, দূষিত হয়। যিনি প্রথম কর্ত্তব্য-কর্ম্ম সকল পরে এবং পশ্চাৎ কর্ত্তব্যকর্ম্ম সকল প্রথমে করেন, তিনি রাজার নীতি ও অনীতি বিষয়ে নিতান্ত অনভিজ্ঞ। বা, ল, ১২ স। ৩০—৩২। *

৭২। ধর্ম্মের দ্বারা রাজা রাজ্যলাভ করেন এবং ধর্ম্মানুসারেই রাজ্য-পালন করিয়া থাকেন। বিশেষতঃ রাজা সমস্ত জনগণের ভয়নাশক, ধর্ম্মকার্য্য করাতেই রাজাই লোকের রক্ষক হন। বা, উ, ৭১ স।১৫।

৭৩। রাজাদিগের চরিত্র যেরূপ প্রজাগণের চরিত্রও সেইরূপ হইয়া থাকে। সত্যবাক্য ও সর্ব্বভূতে দয়াই সনাতন রাজচরিত্র, সুতরাং রাজ্যও

৭১। ন্যায়েন রাজকার্য্যাণি যঃ করোতি দশানন।
ন স সন্তপ্যতে পশ্চান্নিশ্চিতার্থমতির্নৃপঃ॥
অনুপায়েন কর্ম্মাণি বিপরীতানি যানি চ।
ক্রিয়মাণানি দুষ্যন্তি হবীংষ্যপ্রয়তেষ্বিব॥
যঃ পশ্চাৎ পূর্ব্বকার্য্যাণি কর্ম্মাণ্যভিচিকীর্ষতি।
পূর্ব্বঞ্চাপর কার্য্যাণি স ন বেদ নয়ানয়ৌ॥ বা, ল, ১২ স। ৩০—৩২।*

৭২। ধর্ম্মেণ রাষ্ট্রং বিন্দেত ধর্ম্মেণৈবানুপালয়েৎ।
ধর্ম্মাচ্ছরণ্যতাং যাতি রাজা সর্ব্বভয়াপহঃ॥ বা, উ, ৭১ স। ১৫।

৭৩। "যদ্ বৃত্তাঃ সন্তি রাজানস্তদ্বৃত্তাঃ সন্তি হি প্রজাঃ॥"
সত্যমেবানৃশংসঞ্চ রাজবৃত্তং সনাতনম্।
তস্মাৎ সত্যাত্মকং রাজ্যং সত্যে লোকঃ প্রতিষ্ঠিতঃ॥
ঋষয়শ্চৈব দেবাশ্চ সত্যমেব হি মেনিরে।
সত্যবাদী হি লোকেঽস্মিন্ পরং গচ্ছতি চাক্ষয়ং। বা, অ, ১০৯ স। ৯—১১।

---

* রাম-লক্ষ্মণের বধোপায় জিজ্ঞাসু দশাননকে কুম্ভকর্ণ বলিয়াছিলেন।

সত্যময় এবং সত্যেই সমস্ত লোক প্রতিষ্ঠিত রহিয়াছে। ঋষিগণ, দেবগণ সত্যকেই সম্মান করিয়া থাকেন, ইহলোকে যিনি সত্যবাদী হন, তিনি পরে অক্ষয় ব্রহ্মলোক গমন করেন। বা, অ, ১০৯ স। ৯—১১।

৭৪। একজনের জন্য সমস্ত লোক বিনাশ করা কর্ত্তব্য নহে। রাজারা মৃদু, শান্ত-স্বভাব হন ও যুদ্ধে দণ্ড দিয়া থাকেন। বা, অর, ৬৫ স। ৯।

৭৫। নীতি ও অনীতি এবং অনুগ্রহ ও নিগ্রহ এ সমস্ত বিষয়ে রাজ-ব্যবহার কখন সঙ্কীর্ণ হয় না, অর্থাৎ রাজারা নীতির অনুবর্ত্তন করিবার স্থলে অনীতির অনুবর্ত্তন বা অনীতির অনুবর্ত্তন করিবার স্থলে নীতির অনু-বর্ত্তন করেন না এবং অনুগ্রহ করিবার স্থলে নিগ্রহ বা নিগ্রহ করিবার স্থলে অনুগ্রহ করেন না, যেহেতু তাঁহারা ইচ্ছানুসারে কোন কার্য্যেই প্রবৃত্ত হন না, বস্তুতঃ ক্ষাত্র ধর্ম্মানুসারেই সকল কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকেন। বা, কি, ১৭ স।৩২।

৭৬। লোক সকলের মধ্যে কেহ প্রাতঃ, মধ্যাহ্ন ও রাত্রি এই ত্রিকালে যথাক্রমে ধর্ম্ম, অর্থ ও কামকে সেবা করেন; কেহ সেই সেই কালে ধর্ম্ম কামাদি দ্বন্দ্ব এবং কেহ বা এককালে তিনকে সেবা করিয়া থাকেন। কিন্তু এই তিনের মধ্যে কি শ্রেষ্ঠ, ইহা যিনি শ্রবণ করিয়াও

৭৪। নৈকস্য তু কৃতে লোকান্ বিনাশয়িতুমর্হসি।
যুক্ত দণ্ডা হি মৃদবঃ প্রশান্তা বসুধাধিপাঃ॥ বা, অর, ৬৫ স। ৯।

৭৫। নয়শ্চ বিনয়শ্চোভৌ নিগ্রহানুগ্রহাবপি।
রাজবৃত্তিরসঙ্কীর্ণা ন নৃপাঃ কাম বৃত্তয়ঃ॥ বা, কি, ১৭ স। ৩২।

৭৬। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ বা সর্ব্বান্ বা রক্ষসাম্পতে।
ভজতে পুরুষঃ কালে ত্রীণি দ্বন্দ্বানি বা পুনঃ॥
ত্রিষু চৈতেষু যচ্ছ্রেষ্ঠং শ্রুত্বা তন্নাববুধ্যতে।
রাজা বা রাজপুত্রো বা ব্যর্থং তস্য বহুশ্রুতম্॥ বা, ল, ৬৩ স। ৯—১০।

বুঝিতে না পারেন, তিনি রাজাই হউন, আর রাজপুত্রই হউন, তাঁহার সমস্ত নীতি জ্ঞানই বিফল হয়। বা, ল, ৬৩ স। ৯—১০।

৭৭। যে রাজা কর্ত্তব্য বিষয়ের ক্ষয়, বৃদ্ধি ও স্থিতি অবধারণপূর্ব্বক সামাদির বিষয় চিন্তা করতঃ অমাত্যগণের সহিত কার্য্য সকলের আরম্ভোপায়, পুরুষদ্রব্যসম্পৎ, দেশকালবিভাগ, বিপত্তিপ্রতীকার ও কার্য্যসিদ্ধি এই পাঁচপ্রকার মন্ত্রণা করিয়া কার্য্য করেন, তিনিই যথার্থ নীতিপথের অনুসরণ করিয়া থাকেন। বা, ল, ৬৩ স। ৭।

৭৮। ইহা নিশ্চয় জানিবে যে, লোকে ধর্ম্মানুষ্ঠান নিবন্ধনই রাজা হইয়া থাকে, কামানুষ্ঠানে রাজা হইতে পারে না। সুতরাং রাজাই সকল লোককে রক্ষা করিয়া থাকেন। রাজা যদি ধর্ম্মাচরণ করেন, তাহা হইলে দেবত্ব লাভ করিতে পারেন, আর যদি অধর্ম্মাচরণ করেন, তাহা হইলে নরকগামী হইয়া থাকেন। প্রাণিগণ ধর্ম্মে অবস্থান করেন, ধর্ম্ম রাজাতে অবস্থান করিয়া থাকেন; অতএব যে রাজা সেই ধর্ম্মকে রক্ষা করেন,

---

৭৭। ত্রয়াণাং পঞ্চধা যোগং কর্ম্মণাং যা প্রপদ্যতে।
সচিবৈঃ সময়ং কৃত্বা স সম্যগ্‌বর্ত্ততে পথি॥ বা, ল, ৬৩ স। ৭।

৭৮। ধর্ম্মায় রাজা ভবতি ন কামকরণায় তু।
মান্ধাতরিতি জানীহি রাজা লোকস্য রক্ষিতা॥
রাজা চরতি চেদ্ধর্ম্মং দেবত্বায়ৈব কল্পতে।
স চেদধর্ম্মং চরতি নরকায়ৈব গচ্ছতি॥
ধর্ম্মে তিষ্ঠন্তি ভূতানি ধর্ম্মো রাজনি তিষ্ঠতি।
তং রাজা সাধুঃ যঃ শাস্তি স রাজা পৃথিবীপতিঃ॥
রাজা পরম ধর্ম্মাত্মা লক্ষ্মীবান্ ধর্ম্ম উচ্যতে।
দেবাশ্চ গর্হাং গচ্ছন্তি ধর্ম্মো নাস্তীতি চোচ্যতে॥
স্বধর্ম্মে বর্ত্তমানানামর্থসিদ্ধিঃ প্রদৃশ্যতে।
তদেব মঙ্গলং লোকঃ সর্ব্বঃ সমনুবর্ত্ততে॥ ম, শা, ৯০অ। ৩—৭।

তিনিই পৃথিবীপতি হন। যে রাজা শ্রীমান্ ও পরম ধর্ম্মশীল, লোকে তাঁহাকেই ধর্ম্ম বলিয়া থাকে। আর লোকে এইরূপ বলিয়া থাকে যে, যে রাজার ধর্ম্ম নাই, তাহার গৃহ হইতে দেবগণ পলায়ন করিয়া থাকেন। যাঁহারা স্বধর্ম্মে বিদ্যমান থাকেন, তাঁহাদেরই অর্থ-সিদ্ধি দৃষ্ট হইয়া থাকে; অতএব সকলেই সেই মঙ্গলময় ধর্ম্মের অনুবর্ত্তী হইবেন। ম, শা, ৯০ অ। ৩—৭।*

৭৯। রাজাই প্রাণীদিগের হর্ত্তাকর্ত্তা; পরন্তু যে রাজা ধর্ম্মাত্মা তিনিই কর্ত্তা, আর যিনি অধর্ম্মাত্মা তিনিই হর্ত্তা হইয়া থাকেন। ম, শা, ৯১ অ।৯।*

৮০। যখন নৃপতি কায়, বাক্য ও কর্ম্মদ্বারা সকলকে পরিত্রাণ করেন, পুত্রের প্রতিও ক্ষমা না করেন, তখন তাঁহার তাহাই ধর্ম্মরূপে কীর্ত্তিত হইয়া থাকে। ম, শা, ৯১।৩২।*

৮১। অতিশয় প্রিয়জনও বাক্য বা কর্ম্ম দ্বারা পাপাচরণ করিলে নৃপতি তাঁহার প্রতি যদি ক্ষমা না করেন, তাহা হইলে রাজার তাহা ধর্ম্ম বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। ম, শা, ৯১।৩৫।*

৮২। যখন রাজা শরণাগত মানবগণের মর্য্যাদা ভেদ না করিয়া

৭৯। রাজৈব কর্ত্তা ভূতানাং রাজৈব চ বিনাশকঃ;
ধর্ম্মাত্মা যঃ স কর্ত্তা স্যাদধর্ম্মাত্মা বিনাশকঃ॥ ম শা, ৯১অ। ৯।

৮০। ত্রায়তে হি যদা সর্ব্বং বাচা কায়েন কর্ম্মণা।
পুত্রস্যাপি ন মৃষ্যেচ্চ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ম, শা, ৯১অ। ৩২।

৮১। পাপমাচরতো যত্র কর্ম্মণা ব্যাহৃতেন বা।
প্রিয়স্যাপি ন মৃষ্যেত স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ম, শা, ৯১অ। ৩৫।

৮২। যদা শারণিকান্ রাজা পুত্রবৎ পরিরক্ষতি।
ভিনত্তি চ ন মর্য্যাদাং স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ম, শা, ৯১অ। ৩৬।

---

* মান্ধাতার প্রতি উতথ্য মুনির উপদেশ।

পুত্রবৎ প্রতিপালন করেন, তখন নৃপতির তাহা পরম ধর্ম্মরূপে কীর্ত্তিত হইয়া থাকে। ম, শা, ৯১ অ।৩৮*

৮৩। যে রাজা মিত্রগণকে উন্নত, শত্রুসকলকে অবনত এবং সাধুদিগকে সম্মানিত করেন, তিনিই ধার্ম্মিক বলিয়া উক্ত হন। ম, শা, ৯১। ৩৯।*

৮৪। যে নৃপতি সত্যপালন, প্রীতিসহকারে নিত্য ভূমিদান, অতিথি সৎকার ও ভৃত্যবর্গের ভরণপোষণ করেন, লোকে তাদৃশ নরেন্দ্রকেই ধার্ম্মিক বলিয়া থাকে। ম, শা, ৯১ অ। ৪০।*

৮৫। যে নৃপতি দণ্ডবিৎ, প্রাজ্ঞ ও শূর তিনিই রাজ্য রক্ষা করিতে সক্ষম হন, পরন্তু দণ্ডজ্ঞানশূন্য, ক্লীব, বুদ্ধিহীন নরপতি তাহা কদাচ রক্ষ করিতে সমর্থ হন না। ম, শা, ৯১ অ। ৪৯।*

৮৬। যে রাজা কল্যাণগ্রাহী, অসূয়া-বিহীন, জিতেন্দ্রিয় ও মতিমান্ তিনি স্রোতঃ দ্বারা প্রবৃদ্ধ সাগরের ন্যায় বর্দ্ধিত হন। ম, শা, ৯২ অ। ১১।

৮৭। যাঁহার জনপদ উন্নত-সম্পত্তিযুক্ত, যিনি রাজপ্রিয়, সন্তুষ্ট এব সচিবসমন্বিত সেই পৃথিবীপতিকেই দৃঢ়মূল বলিয়া জানিবে। ম, শা,

---

৮৩। বিবর্দ্ধয়তি মিত্রাণি তথারীংশ্চাপি কর্ষতি।
সম্পূজয়তি সাধূংশ্চ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ম, শা, ৯১অ। ৩৯ :

৮৪। সত্যং পালয়তি প্রীত্যা নিত্যং ভূমিং প্রযচ্ছতি।
পূজয়েদতিথীন্ ভৃত্যান্ স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ম, শা, ৯১অ। ৪০।

৮৫। তদ্দণ্ডবিন্নৃপঃ প্রাজ্ঞঃ শূরঃ শক্নোতি রক্ষিতুম্।
নহি শক্যমদণ্ডেন ক্লীবেনাবুদ্ধিনাপি বা॥ ম, শা, ৯১অ। ৪৯।

৮৬। অথাদদানঃ কল্যাণমনসূয়ুর্জ্জিতেন্দ্রিয়ঃ।
বর্দ্ধতে মতিমান্ রাজা—স্রোতোভিরিব সাগরঃ॥ ম, শা, ৯২অ। ১১।

৮৭। যস্য স্ফীতো জনপদঃ সম্পন্নপ্রিয়রাজকঃ।
সন্তুষ্টপুষ্টসচিবো দৃঢ়মূলঃ স পার্থিবঃ॥ ম, শা, ৯৪অ। ৩।

৮৮। যাঁহার পুরবাসী ও জনপদবাসী জনগণ দয়ালু, ধনশালী ও ধান্যবান্, সেই মহীপতিকেই দৃঢ়মূল বলিয়া জানিবে। ম, শা, ৯৪ অ। ৫।

৮৯। ব্রহ্মন্! আমি কপট এবং দম্ভ দ্বারা জীবিত থাকিতে ইচ্ছা করি না এবং অধর্ম্মযুক্ত সুমহৎ অর্থও আকাঙ্ক্ষা করি না। ম, শা, ১০৬ অ। ১।*

৯০। যিনি দক্ষ এবং উত্তমরূপে ইন্দ্রিয় সকলকে নিগৃহীত করিয়াছেন, সেই নৃপতিরই রাজ্য বর্ত্তমান থাকে। ম, শা, ১১২ অ। ১৯।

৯১। যিনি গুহ্য মন্ত্রণা শ্রবণ করিয়াছেন ও সহায়সম্পন্ন এবং যিনি পরীক্ষা করিয়া কার্য্য করেন, ইহলোকে তাঁহারই অর্থ সমুদায় বর্ত্তমান রহে, সহায়-সম্পন্ন নৃপতি সমস্ত বসুমতী শাসন করিতে সমর্থ। ম, শা, ১১২ অ। ১৯—২০।

৯২। একাকী রাজ্য শাসন করিতে কেহই সমর্থ নহে। সহায়হীন নৃপতি অর্থ লাভ করিতে অথবা লব্ধ অর্থ সতত রক্ষা করিতে সমর্থ হন না।

৮৮। পৌরজানপদা যস্য ভূতেষু চ দয়ালবঃ।
সধনা ধান্যবন্তশ্চ দৃঢ়মূলঃ স পার্থিবঃ॥ ম, শা, ৯৪অ। ৫।

৮৯। ন নিকৃত্যা ন দম্ভেন ব্রহ্মন্নিচ্ছামি জীবিতুম্।
নাধর্ম্মযুক্তানিচ্ছেয়মর্থান্ সুমহতোঽপ্যহম্॥ ম, শা, ১০৬অ। ১।

৯০। "রাজ্যং তিষ্ঠতি দক্ষস্য সংগৃহীতেন্দ্রিয়স্য চ।" ম, শা, ১১২অ। ১৯।

৯১। "গুহ্যং মন্ত্রং শ্রুতবতঃ সুসহায়স্য চানঘ॥"
পরীক্ষ্যকারিণো হ্যর্থাস্তিষ্ঠন্তীহ যুধিষ্ঠির।
সহায়যুক্তেন মহী কৃৎস্না শক্যাপ্রশাসিতুম্॥ ম, শা, ১১২অ। ১৯—২০।

৯২। ন চ প্রশাস্তুং রাজ্যং হি শক্যমেকেন ভারত।
অসহায়বতা তাত নৈবার্থাঃ কেচিদপ্যুত॥

* ক্ষেমদর্শী রাজা কালকবৃক্ষীয় মুনিকে বলিয়াছিলেন।

যাঁহার সমস্ত ভৃত্যজন জ্ঞান-বিজ্ঞান-কোবিদ, হিতৈষী, সৎকুল-প্রসূত ও স্নিগ্ধ, তিনিই রাজ্যফল ভোগ করেন। যাঁহার মন্ত্রিগণ সদ্বংশ-সম্ভূত, উৎকোচাদি দ্বারা অভেদ্য, সহবাসনিষ্ঠ নৃপতির মতিপ্রদ, সাধুসম্বদ্ধ, জ্ঞান-কোবিদ, অনাগতবিধাতা, কালজ্ঞান-বিশারদ এবং অতিক্রান্ত বিষয়ের জন্য শোক না করেন, তিনিই রাজ্যফল ভোগ করেন। যে রাজার সহায় সকল সমসুখদুঃখভাগী, প্রিয়কারী, অর্থচিন্তাপর এবং সত্যরত হয়, তিনিই রাজ্যফল ভোগ করেন। যাঁহার জনপদ অনার্ত্ত, সতত সন্নিকর্ষ-গত, অক্ষুদ্র ও সৎপথাবলম্বী, সেই নৃপতিই রাজ্যভাগী হন। আপ্ত ও সন্তুষ্ট, কোষবৃদ্ধিকর জনগণ কর্ত্তৃক যাঁহার ধনাগার সকল সতত উপচয় প্রাপ্ত হয়, তিনিই নৃপোত্তম। অগ্রে সঞ্চয়, তৎপরে উৎকোচ দ্বারা অভেদ্য, অলুব্ধ ও বিশ্বস্ত মন্ত্রিগণ কর্ত্তৃক যাঁহার ধান্যাদি সামগ্রী দ্বারা গৃহ সমুদায়

লব্ধং লব্ধা হ্যপি সদা রক্ষিতুং ভরতর্ষভ।
যস্য ভৃত্যজনঃ সর্ব্বো জ্ঞানবিজ্ঞানকোবিদঃ।
হিতৈষী কুলজঃ স্নিগ্ধঃ স রাজ্যফলমশ্নুতে॥
মন্ত্রিণো যস্য কুলজা অসংহার্য্যাঃ সহোষিতাঃ।
নৃপতের্ম্মতিদাঃ সন্তঃ সম্বন্ধজ্ঞানকোবিদাঃ॥
অনাগতবিধাতারঃ কালজ্ঞান বিশারদাঃ।
অতিক্রান্তমশোচন্তঃ স রাজ্যফলমশ্নুতে॥
সমদুঃখসুখা যস্য সহায়াঃ প্রিয়কারিণঃ।
অর্থচিন্তাপরাঃ সত্যাঃ স রাজ্যফলমশ্নুতে।
যস্য নার্ত্তো জনপদঃ সন্নিকর্ষগতঃ সদা।
অক্ষুদ্রঃ সৎপথালম্বী স রাজা রাজ্যভাগ্ভবেৎ
কোশাখ্যপটলং যস্য কোশ বৃদ্ধিকরৈর্নরৈঃ।
আপ্তৈস্তুষ্টৈশ্চ সততং চীয়তে স নৃপোত্তমঃ॥
কোষ্ঠাগারমসংহার্য্যৈরাপ্তৈঃ সঞ্চয়তৎপরৈঃ।
পাত্রভূতৈরলুব্ধৈশ্চ পাল্যমানং গুণী ভবেৎ॥

প্রতিপালিত হয়, তিনি বহু-গুণ-বিশিষ্ট হন। যাঁহার নগর মধ্যে ব্যবহার কার্য্য অর্থাৎ অর্থী-প্রত্যর্থিগণের বিবাদ নির্ণয় হইয়া থাকে এবং উহাদিগের অপরাধ অনুসারে দণ্ড বিহিত হয়, ললাট-লিখিত নিদর্শনক্রমে সেই নৃপতি ধর্ম্মভাগী হন। রাজধর্ম্মজ্ঞ যে নরপতি বিবেচনা পূর্ব্বক মনুষ্য-সংগ্রহ করেন এবং সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও সমাশ্রয় এই ষড়্-বর্গ প্রতিগ্রহ করেন, তিনিই ধর্ম্মফল ভোগ করিয়া থাকেন। ম, শা, ১১৫ অ। ১৩—২৩।

৯৩। ধীর, ক্ষমাবান, শুচি, সময়ানুসারে তীক্ষ্ণ, পুরুষ-প্রযত্নবিৎ, শুশ্রূষু, শ্রুতবান. শ্রোতা, তর্ক-বিতর্ক-কোবিদ, মেধাবী, ধারণাযুক্ত, যথা-

ব্যবহারশ্চ নগরে যস্য কর্ম্ম ফলোদয়ঃ।
দৃশ্যতে শঙ্খলিখিতঃ স্বধর্ম্মফলভাঙ্‌নৃপঃ॥
সংগৃহীতমনুষ্যশ্চ যো রাজা রাজধর্ম্মবিৎ।
ষড়্‌বর্গং প্রতিগৃহ্লাতি স ধর্ম্মফলমশ্নুতে॥ ম, শা, ১১৫অ। ১৩—২৩।
ধীরোঽমর্ষী শুচিস্তীক্ষ্ণঃ কালে পুরুষকালবিৎ।
শুশ্রূষুঃ শ্রুতবান্ শ্রোতা উহাপোহবিশারদঃ॥
মেধাবী ধারণাযুক্তো যথান্যায়োপপাদকঃ।
দান্তঃ সদা প্রিয়ভাষী ক্ষমাবাংশ্চ বিপর্য্যয়ে॥
দানাচ্ছেদে স্বয়ঙ্কারী শ্রদ্ধালুঃ সুখদর্শনঃ।
আর্ত্তহস্তপ্রদোনিত্যমমাত্যো হি হিতে রতঃ।
নাহম্বাদী ন নির্দ্বন্দ্বো ন যৎকিঞ্চনকারকঃ।
কৃতে কর্ম্মাণ্যমাত্যানাং কর্ত্তা ভক্তজনপ্রিয়ঃ॥
সংগৃহীত জনোঽস্তব্ধঃ প্রসন্নবদনঃ সদা।
সদা ভৃত্য জনাপেক্ষী ন ক্রোধী সুমহামনাঃ॥
যুক্তদণ্ডো ন নির্দ্দণ্ডো ধর্ম্ম কার্য্যানুশাসনঃ।
চারনেত্রঃ প্রজাবেক্ষী ধর্ম্মার্থকুশলঃ সদা।
„ রাজাগুণশতাকীর্ণ এষ্টব্যস্তাদৃশো ভবেৎ॥" ম, শা, ১১৮অ। ১৭—২৩।

ন্যায়ে কার্য্য নির্ব্বাহক, দান্ত, সতত প্রিয়ভাষী, অপকারকের প্রতি ক্ষমা-বান্‌, দানের অবিচ্ছেদকারী, শ্রদ্ধালু, সুখ-দর্শন, আর্ত্তগণের অবলম্বন, নিয়ত অমাত্য যাঁহার হিতরত, অনহঙ্কারী, সুখ-দুঃখ সহিষ্ণু, যৎকিঞ্চনকারিতা-পরিশূন্য, অমাত্যগণ কর্ত্তৃক কোন কার্য্য কৃত হইলে তাহাদের উপকারক, ভক্তজনপ্রিয়, সংগৃহীত-জন, অস্তব্ধ, সতত-প্রসন্ন-বদন, নিয়ত ভৃত্য জনা-পেক্ষী, অক্রোধ, প্রশস্ত-চিত্ত, সমুচিত দণ্ডদাতা, অনির্দ্দিণ্ড, ধর্ম্মকার্য্যানু-শাসন, চারনেত্র, প্রজাবেক্ষণ-তৎপর এবং সতত ধর্ম্মার্থ কুশল এতাদৃশগুণ-গণান্বিত নৃপতি সকলেরই বাঞ্ছনীয় হন। ম, শা, ১১৮ অ। ১৭—২০।

৯৪। যে নৃপতি সমস্ত বস্তু সংগ্রহ করিতে সতত আগ্রহাবিষ্ট, যিনি উত্থানশীল ও মিত্র-সম্পন্ন সেই রাজাই রাজসত্তম। ম, শা, ১১৮ অ। ২৭।

৯৫। ভুজগ-ভোজী ময়ুর যেমন বিচিত্র বর্হ ধারণ করে, তদ্রূপ ধর্ম্মজ্ঞ ধরাপতি বহুবিধ রূপ ধারণ করিবেন। ক্রূরত্ব, কৌটিল্য, অভয়-প্রদত্ব, সত্য ও সরলতা এই সকলের মধ্যবর্ত্তী হইয়া যিনি সত্ত্বগুণাবলম্বন করেন, সেই নৃপতিই সুখী হন। যে বিষয়ে যাহা হিতকর হয়, তাহাই তৎকালের রূপ অর্থাৎ দণ্ডকালে ক্রূরতা এবং অনুগ্রহকালে শান্ততা প্রদর্শন করি-বেন। যেহেতু বহুরূপধারী ধরণীশ্বরের সূক্ষ্ম বিষয়ও অবসন্ন হয় না। ম, শা, ১২০ অ। ৪—৬।

৯৪। সর্ব্বসংগ্রহণে যুক্তো নৃপো ভবতি যঃ সদা।
উত্থানশীলো মিত্রাঢ্যঃ স রাজা রাজসত্তমঃ॥ ম, শা, ১১৮অ। ২৭।

৯৫। যথা বর্হাণি চিত্রাণি বিভর্ত্তি ভুজগাসনঃ।
তথা বহুবিধং রাজা রূপং কুর্ব্বীত ধর্ম্মবিৎ॥
তৈক্ষ্ণ্যং জিহ্মত্বমাদম্ভ্যং সত্যমার্জ্জবমেবচ।
মধ্যস্থঃ সত্ত্বমাতিষ্ঠংস্তথা বৈ সুখমৃচ্ছতি॥
যস্মিন্নর্থে হিতং যৎ স্যাত্তদ্বর্ণং রূপমাদিশেৎ।
বহুরূপস্য রাজ্ঞো হি সূক্ষ্মোঽপ্যর্থো ন সীদতি॥ ম, শা, ১২০অ। ৪—৬।

৯৬। সলিল মধ্যে প্রক্ষিপ্ত তপ্ত লৌহ যেমন তৎক্ষণাৎ শৈত্যগুণ-সম্পন্ন হয়, তদ্রূপ প্রাজ্ঞ পুরুষ বুদ্ধিশক্তি বশতঃ বৃহস্পতি সদৃশ হইয়াও, যদি নিকৃষ্ট কথা অর্থাৎ আপনার নির্ব্বুদ্ধিত্ব প্রবাদ প্রাপ্ত হন, তবে তিনি সত্বই যুক্তি অবলম্বনপূর্ব্বক স্বভাবের স্বাস্থ্য কামনা করিয়া থাকেন। ম, শা, ১২০ অ। ২১।

৯৭। যাঁহার ক্রোধ ও হর্ষ অব্যর্থ এবং যিনি স্বয়ং কার্য্যসকল অবলোকন করিয়া থাকেন, আর আত্মপ্রত্যয়ই যাঁহার ধনাগার, সেই রাজার পক্ষে বসুন্ধরাই বসুদাত্রী হইয়া থাকেন। যাঁহার অনুগ্রহ স্পষ্টরূপে প্রতীয়মান হয় এবং যিনি যথার্থ জানিয়া নিগ্রহ করেন, আর যে নৃপতি আত্মরক্ষা করতঃ রাজ্য রক্ষা করিয়া থাকেন, তিনিই রাজধর্ম্মজ্ঞ। ম, শা, ১২০ অ। ৩০—৩১।

৯৮। প্রজাপতি মনু কহিয়াছেন যে, রাজাতে পিতা, মাতা, গুরু, রক্ষিতা, বহ্নি, কুবের ও যম এই সাত জনের গুণ থাকে; যেহেতু রাজা

৯৬। স নিকৃষ্টাং কথাং প্রাজ্ঞো যদি বুদ্ধ্যা বৃহস্পতিঃ।
স্বভাবমেষ্যতে গুপ্তং কৃষ্ণায়সমিবোদকে॥ ম, শা, ১২০অ। ২১।

৯৭। অমোঘক্রোধহর্ষস্ত স্বয়ং কৃত্যান্ববেক্ষিতুঃ।
আত্মপ্রত্যয় কোশস্য বসুদৈব বসুন্ধরা॥
ব্যক্তশ্চানুগ্রহো যস্ত যথার্থশ্চাপি নিগ্রহঃ।
গুপ্তাত্মা গুপ্তরাষ্ট্রশ্চ স রাজা রাজধর্ম্মবিৎ॥ ম, শা, ১২০অ। ৩০—৩১।

৯৮। মাতা পিতা গুরুর্গোপ্তা বহ্নির্বৈশ্রবণো যমঃ।
সপ্ত রাজ্ঞো গুণানেতান্মনুরাহ প্রজাপতিঃ॥
পিতা হি রাজা রাষ্ট্রস্য প্রজানাং যোঽনুকম্পনঃ।
তস্মিন্মিথ্যাবিনীতো হি তির্য্যগ্‌গচ্ছতি মানবঃ॥
সম্ভাবয়তি মাতেব দীনমপ্যুপপদ্যতে।
দহত্যগ্নিরিবানিষ্টান্ যময়ন্নসতো যমঃ॥

প্রজাগণের প্রতি অনুকম্পা প্রকাশ করতঃ রাজ্যের পিতৃস্বরূপ হইয়াছেন, যে মানব তাঁহার নিকট মিথ্যা বিনয় করে, সে তির্য্যগ্‌যোনি প্রাপ্ত হয়। রাজা দরিদ্র ব্যক্তিকেও মাতার ন্যায় প্রতিপালন করেন বলিয়া মাতৃস্থানীয় হইয়াছেন; অনিষ্ট দহন করেন বলিয়া অগ্নি ও অসৎ সকলকে শাসন করেন এই জন্য যম স্বরূপ হইয়াছেন; ইষ্ট ব্যক্তিকে অর্থ বিতরণ করতঃ কামপ্রদ কুবের, ধর্ম্মোপদেশ দান হেতু গুরু এবং পালন করতঃ রক্ষক স্বরূপ হইয়া থাকেন। যে রাজা গুণ সমূহ দ্বারা পুরবাসী ও জনপদবাসী জনগণের মনোরঞ্জন করেন এবং স্বয়ং ধর্ম্মানুসারে তাহাদিগকে পালন করিয়া থাকেন, তাঁহার রাজ্য কখন বিচ্যুত হয় না। যে রাজা স্বয়ং পুরবাসী ও জনপদবাসী জনগণের সম্মান অবগত হন, তিনি ইহলোক ও পরলোকে সুখ ভোগ করিয়া থাকেন। যাঁহার প্রজাগণ করভারে প্রপীড়িত হইয়া নিয়ত উদ্বিগ্ন ও অনিষ্ট দ্বারা কষ্ট প্রাপ্ত হয়, তিনি শত্রুর নিকট পরাভূত হন। সরোবরের শতদলের ন্যায় যাঁহার প্রজা সকল সতত পরিবর্দ্ধিত হয়,

ইষ্টেষু বিসৃজন্নর্থান্ কুবের ইব কামদঃ।
গুরুর্ধর্ম্মোপদেশেন গোপ্তা চ পরিপালয়ন্॥
যস্তু রঞ্জয়তে রাজা পৌরজানপদান্ গুণৈঃ।
ন তস্য ভ্রংসতে রাজ্যং স্বয়ং ধর্ম্মানুপালনাৎ॥
স্বয়ং সমুপজানন্ হি পৌরজানপদার্চ্চনম্।
স সুখং প্রেক্ষ্যতে রাজা ইহলোকে পরত্র চ॥
নিত্যোদ্বিগ্নাঃ প্রজা যস্য করভার প্রপীড়িতাঃ।
অনর্থৈর্বিপ্রলুপ্যন্তে স গচ্ছতি পরাভবম্॥
প্রজা যস্য বিবর্দ্ধন্তে সরসীব মহোৎপলম্।
স সর্ব্বফলভাগ্রাজা স্বর্গলোকে মহীয়তে॥
বলিনা বিগ্রহো রাজন্ন কদাচিৎ প্রশস্যতে।
বলিনা বিগ্রহো যস্য কুতো রাজ্যং? কুতঃ সুখম্? ॥ ম,শা, ১৩৯অ। ১০৩—১১১

সেই ফলভাগী ভূপাল স্বর্গলোকে বসতি করেন। নৃপতির বলবানের সহিত বিগ্রহ করা কদাচ প্রশংসিত নহে, যাঁহার বলবানের সহিত বিগ্রহ হইয়া থাকে, তাঁহার রাজ্যই বা কোথায়? সুখই বা কোথায়? ম, শা, ১৩৯ অ। ১০৩—১১১।

৯৯। কোন কোন রাজা হিমের ন্যায় শীতল, অগ্নির ন্যায় ক্রূর এবং যমের ন্যায় গুণদোষ বিচারক হইয়া থাকেন, আর কোন কোন শত্রুতাপন ভূপাল লাঙ্গলের ন্যায় বিপক্ষের মূলোন্মূলন এবং বজ্রের ন্যায় আকস্মিক পাত দ্বারা দুষ্টগণের শাসন করিয়া থাকেন। ম, শা, ১৫২ অ। ২১।

১০০। বলবান্ ভূপতি সন্তুষ্ট থাকিলে সমস্তই মঙ্গল, অন্যথা তিনি প্রকুপিত হইলে সমস্ত দেশকে উৎসন্ন করিতে পারেন। ম, শা, ৬৭ অ। ৮।

১০১। অমিততেজা মহাত্মা রাজারা অগ্নি, ইন্দ্র, চন্দ্র, যম ও বরুণ এই পঞ্চ দেবতা-রূপধারণ করতঃ উষ্ণতা, বিক্রম, শুভদর্শনতা, দণ্ড ও প্রসন্নতা ধারণ করেন, অতএব সর্ব্বদা সকল অবস্থাতেই তাঁহারা মাননীয় ও পূজনীয়। বা, অর, ৪০ স। ১২—১৩।*

৯৯। হিমাগ্নি ঘোর সদৃশো রাজা ভবতি কশ্চন।
লাঙ্গলাশনি কল্পো বা ভবেদন্যঃ পরন্তপ॥ ম, শা, ১৫২অ। ২১।

১০০। স চেৎ সমস্তুপশ্যেত সমগ্রং কুশলং ভবেৎ।
বলবান্ হি প্রকুপিতঃ কুর্য্যান্নিঃশেষতামপি॥ ম, শা, ৬৭অ। ৮।

১০১। পঞ্চরূপাণি রাজানো ধারয়ন্ত্যমিতৌজসঃ।
অগ্নেরিন্দ্রস্য সোমস্য যমস্য বরুণস্য চ॥
ঔষ্ণ্যং তথা বিক্রমঞ্চ সৌম্যং দণ্ডং প্রসন্নতাম্।
ধারয়ন্তি মহাত্মানো রাজানঃ ক্ষণদাচর॥ বা, অর, ৪০স। ১২—১৩।

* রাবণ মারীচকে বলিয়াছিলেন।

১০২। হস্তী, অশ্ব ও রথসমূহে পরিপূর্ণ সুসমৃদ্ধ পিতৃ-পিতামহ ক্রমে প্রাপ্ত রাজ্য পাইলে কাহার না মনোগতি পরিবর্ত্তিত হয়? বা, ল, ১২৭ স। ১৬।

১০৩। অপটু নৃপতি কদাচ প্রজাপালনে সমর্থ হন না, কেননা রাজ্যরূপ মহাভার বহন করা অতি দুষ্কর। (অতএব নৃপতির রাজকার্য্যে পটুতা লাভ করা কর্ত্তব্য।) ম, শা, ৯১ অ। ৪৮।

১০৪। যে নৃপতি মারাত্মক নহেন, শত্রুগণও তাঁহার দ্বেষ করে না, কেন না, যে ব্যক্তি ক্রোধকে নিহত করিতে পারেন, কেহই তাঁহার দ্বেষ্টা হয় না। ম, শা, ৯৪ অ। ৯।

১০৫। যে রাজা কৃতজ্ঞ ও ধর্ম্মজ্ঞ, যাঁহার প্রকৃতিবর্গ তাঁহার প্রতি অনুরক্ত ও পরিপুষ্ট এবং যিনি কার্য্যারম্ভে স্থিরবুদ্ধি, তিনি আপাততঃ হীন-বল হইলেও প্রশংসনীয়। মনু ৭ অ। ২০৯।

১০৬। যাঁহাদের রাজপুরোহিত ধর্ম্মাত্মা ও মন্ত্রবিৎ এবং রাজাও তাদৃশ গুণযুক্ত সেই প্রজাগণ সর্ব্বতোভাবেই মঙ্গল লাভ করিয়া থাকে। ম, শা, ৭৩ অ। ২।

১০২। সর্ব্বকামসমৃদ্ধং হি হস্ত্যশ্বরথসঙ্কুলম্।
পিতৃপৈতামহং রাজ্যং কস্য নাবর্ত্তয়েন্মনঃ॥ বা, ল, ১২৭স। ১৬।

১০৩। ন হ্যত্যদক্ষো নৃপতিঃ প্রজাঃ শক্নোতি রক্ষিতুম্।
ভারো হি সুমহাংস্তাত রাজ্যং নাম সুদুষ্করম্॥ ম, শা, ৯১অ। ৪৮।

১০৪। নৈষ দ্বিষন্তো হীয়ন্তে রাজ্ঞো নিত্যমনিঘ্নতঃ।
ক্রোধং নিহন্তুং যো বেদ তস্য দ্বেষ্টা ন বিদ্যতে॥ ম, শা, ৯৪অ। ৯।

১০৫। ধর্ম্মজ্ঞঞ্চ কৃতজ্ঞঞ্চ তুষ্টপ্রকৃতিমেবচ।
অনুরক্তং স্থিরারম্ভং লঘুমিত্রং প্রশস্যতে॥ মনু ৭অ। ২০৯।

১০৬। ধর্ম্মাত্মা মন্ত্রবিদ্ যেষাং রাজ্ঞাং রাজন্ পুরোহিতঃ।
রাজা চৈবং গুণো যেষাং কুশলং তেষু সর্ব্বশঃ॥ ম, শা, ৭৩অ। ২।

১০৭। রাজা অনবহিত-চিত্ত হইলে, অসাধুলোক সাধু, সাধুলোক অসাধু, শত্রুজন মিত্র ও মিত্রজন শত্রু হইয়া থাকে। ম, শা, ৮০ অ। ৮।

১০৮। যে রাজা পাপকারীর পক্ষে প্রতাপযুক্ত, নিত্য তেজস্বী এবং দুষ্ট সামন্ত সম্বন্ধে হিংসাশালী হন, তাঁহাকে আগ্নেয় ব্রতধারী বলা যায়। মনু ৯ অ। ৩১০।

১০৯। বিশেষ উৎসাহ-সম্পন্ন, বহুদর্শী, কৃতজ্ঞ, বৃদ্ধসেবী, বিনয়ী, গাম্ভীর্য্যযুক্ত, সদ্বংশোদ্ভব, সত্যবাদী, পবিত্র, অদীর্ঘ-সূত্র, (অর্থাৎ অবশ্য-কর্ত্তব্যের আরম্ভে এবং কার্য্যের সমাপনে আলস্যশূন্য), মেধাবী, প্রশস্তমনাঃ, অপরুষ (অর্থাৎ যিনি পরদোষ কীর্ত্তনে রত নহেন), ধার্ম্মিক, ব্যসন-শূন্য, দুর্ব্বোধ-অর্থ অবধারণে সক্ষম, নির্ভীক, রহস্যবেত্তা (অর্থাৎ গোপনীয়ার্থ-গোপনে চতুর) স্বরন্ধ্রগোপ্তা (অর্থাৎ স্বীয় সপ্তাঙ্গ রাজ্যের মধ্যে কোন স্থানে যদি কোন বিশৃঙ্খলা থাকে তাহার প্রচ্ছাদনে তৎপর), বিনীত এবং আন্বিক্ষিকী (অর্থাৎ তর্কশাস্ত্র) দণ্ডনীতি (অর্থাৎ অর্থশাস্ত্র), বার্ত্তা (অর্থাৎ কৃষিবাণিজ্যাদি বিষয়ক শাস্ত্র) ও ত্রয়ী (অর্থাৎ ঋক্, যজুঃ, সাম) এই সকল শাস্ত্রে বিশেষরূপে শিক্ষিত ব্যক্তি রাজ্যে অভিষিক্ত হইবেন। যাজ্ঞ ১ অ। ৩০৯—৩১১।

১০৭। অসাধুঃ সাধুতামেতি সাধুর্ভবতি দারুণঃ।
অরিশ্চ মিত্রং ভবতি মিত্রংচাপি প্রদুষ্যতি॥ ম, শা, ৮০অ। ৮।

১০৮। প্রতাপযুক্ত তেজস্বী নিত্যং স্যাৎ পাপকর্ম্মসু।
দুষ্ট সামন্ত হিংস্রশ্চ তদাগ্নেয়ং ব্রতং স্মৃতম্॥ মনু ৯অ। ৩১০।

১০৯। মহোৎসাহঃ স্থূললক্ষ্যঃ কৃতজ্ঞো বৃদ্ধসেবকঃ।
বিনীতঃ সত্ত্বসম্পন্নঃ কুলীনঃ সত্যবাক্ শুচিঃ॥
অদীর্ঘসূত্রঃ স্মৃতিমানক্ষুদ্রোঽপরুষস্তথা।
ধার্ম্মিকোঽব্যসনশ্চৈব প্রাজ্ঞঃ শূরোরহস্যবিৎ॥
স্বরন্ধ্রগোপ্তাম্বীক্ষিক্যাং দণ্ডনীত্যাং তথৈব চ।
বিনীতস্ত্বথ বার্ত্তায়াং ত্রয্যাঞ্চৈব নরাধিপঃ॥ যাজ্ঞ, ১অ। ৩০৯—৩১১।

১১০। সূর্য্যের ন্যায় তিনি (রাজা) চক্ষু এবং মনকে উত্তপ্ত করিয়া থাকেন, পৃথিবীতে কোন লোকই রাজাকে আভিমুখ্যে অবলোকন করিতে সক্ষম হয় না। মনু ৭ অ। ৬।

১১১। রাজা প্রভাবে অগ্নি, বায়ু, সূর্য্য, চন্দ্র, যম, কুবের,, বরুণ এবং মহেন্দ্রের তুল্য। মনু ৭ অ। ৭।

১১২। যিনি শ্রোত্রাদি পঞ্চবর্গ এবং আপন চিত্তকে বশীভূত করিয়াছেন, এতাদৃশ জিতেন্দ্রিয় নরপতিই অরাতিবর্গকে জয় করিতে সমর্থ হন। ম, শা, ৬৯ অ। ৫।

১১৩। রাজা,—ইন্দ্র, সূর্য্য, বায়ু, বরুণ, চন্দ্র, অগ্নি ও পৃথিবীর বীর্য্যানুরূপ চরিত অবলম্বন করিবেন। ইন্দ্রদেব যেমন বর্ষাকালে অপর্য্যাপ্ত বারিবর্ষণ করেন, সেইরূপ রাজা ইন্দ্রব্রতধারী হইয়া প্রজাপুঞ্জের প্রার্থিত বিষয় সকল বর্ষণ করিতে থাকিবেন। সূর্য্যদেব যেমন অল্পে অল্পে আট মাসকাল স্বীয় রশ্মি দ্বারা ক্রমে ক্রমে পৃথিবীর রসাকর্ষণ করিতে থাকেন,

---

১১০। তপত্যাদিত্যবচ্চৈষ চক্ষূংষি চ মনাংসি চ।
ন চৈনং ভুবি শক্নোতি কশ্চিদপ্যভিবীক্ষিতম্॥ মনু, ৭অ। ৬।

১১১। সোঽগ্নির্ভবতি বায়ুশ্চ সোঽর্কঃ সোমঃ স ধর্ম্মরাট্।
স কুবেরঃ স বরুণঃ স মহেন্দ্রঃ প্রভাবতঃ॥ মনু, ৭অ। ৭।

১১২। এতাবানাত্ম বিজয়ঃ পঞ্চবর্গ-বিনিগ্রহঃ।
জিতেন্দ্রিয়ো নরপতির্ব্বাধিতুং শক্নুয়াদরীন্॥ ম, শা, ৬৯অ। ৫।

১১৩। ইন্দ্রার্কস্য বায়োশ্চ যমস্য বরুণস্য চ।
চন্দ্রস্যাগ্নেঃ পৃথিব্যাশ্চ তেজোবৃত্তং নৃপশ্চরেৎ॥
বার্ষিকাংশ্চতুরো মাসান্ যথেন্দ্রোঽভিপ্রবর্ষতি।
তথাভিবর্ষেৎ স্বংরাষ্ট্রং কামৈরিন্দ্রব্রতং চরন্॥
অষ্টৌ মাসান্ যথাদিত্যস্তোয়ং হরতি রশ্মিভিঃ
তথা হরেৎ করং রাষ্ট্রান্নিত্যমর্কব্রতং হি তৎ॥

রাজাও সেইরূপ অর্কব্রত হইয়া অল্পে অল্পে রাজ্য হইতে কর গ্রহণ করিবেন। বায়ুদেব যেমন সর্ব্বভূতে প্রবিষ্ট থাকিয়া বিচরণ করিতেছেন, রাজাও তদ্রূপ বায়ুব্রত হইয়া চারপুরুষ দ্বারা সর্ব্বত্র প্রবিষ্ট থাকিয়া রাজকার্য্য পর্য্যবেক্ষণ করিবেন। কাল প্রাপ্ত হইলে যম যেমন প্রিয় ও দ্বেষ্য বিচার করেন না, রাজাও দণ্ডবিধান সময়ে প্রিয় বা দ্বেষ্য বিবেচনা না করিয়া ন্যায় দণ্ড বিধান করিবেন, এই তাঁহার যমব্রত। বরুণের পাশ যেমন দৃঢ় বন্ধন, রাজাও পাপীদিগকে সেইরূপ নিগ্রহ করিবেন, ইহাই তাঁহার বরুণব্রত। পূর্ণচন্দ্র দর্শনে লোকে যেমন আনন্দ প্রকাশ করে, সেইরূপ যে রাজাকে প্রাপ্ত হইয়া প্রকৃতিবর্গ আনন্দিত থাকে, তাঁহাকে চন্দ্রব্রতধারী রাজা বলা যায়। যে রাজা পাপকারীর পক্ষে প্রতাপযুক্ত, নিত্য তেজস্বী এবং দুষ্ট-সামন্ত সম্বন্ধে হিংসাশালী হন, তাঁহাকে আগ্নেয়ব্রতধারী বলা যায়। পৃথিবী যেমন সর্ব্বভূতকে সমভাবে ধারণ করিয়া আছেন, তদ্রূপ যে রাজা সমুদায় প্রজাকে সমভাবে প্রতিপালন করেন,

প্রবিশ্য সর্ব্ব-ভূতানি যথা চরতি মারুতঃ।
তথা চারৈঃ প্রবেষ্টব্যং ব্রতমেতদ্ধি মারুতম্ ॥
যথা যমঃ প্রিয়দ্বেষ্যৌ প্রাপ্তকালে নিযচ্ছতি।
তথা রাজ্ঞা নিয়ন্তব্যাঃ প্রজাস্তদ্ধি যমব্রতম্ ॥
বরুণেন যথা পাশৈর্বদ্ধ এবাভিদৃশ্যতে।
তথা পাপান্নিগৃহ্নীয়াদ্ ব্রতমেতদ্ধি বারুণম্ ॥
পরিপূর্ণং যথা চন্দ্রং দৃষ্ট্বা হৃষ্যন্তি মানবাঃ।
তথা প্রকৃতয়ো যস্মিন্ স চান্দ্রব্রতিকো নৃপঃ ॥
প্রতাপযুক্তস্তেজস্বী নিত্যং স্যাৎ পাপ-কর্ম্মসু।
দুষ্টসামন্ত হিংস্রশ্চ তদাগ্নেয়ং ব্রতং স্মৃতম্ ॥
যথা সর্ব্বাণি ভূতানি ধরা ধারয়তে সমম্।
তথা সর্ব্বাণি ভূতানি বিভ্রতঃ পার্থিবং ব্রতম্ ॥

তাঁহাকে পার্থিব ব্রতধারী বলা যায় এই সকল এবং অন্যান্য উপায় দ্বারা রাজা নিত্য অনৃশংস থাকিয়া স্বরাজ্যের এবং পররাজ্যগত চৌরগণকে নিগ্রহ করিবেন। মনু ৯ অ। ৩০৩—৩১২।

১১৪। যিনি সতত সাধু সকলকে রক্ষা করেন এবং অসৎ লোকদিগকে দমন করেন তাঁহাকেই রাজা করা কর্ত্তব্য, কেন না, তাদৃশ ব্যক্তিই এই সমস্ত পৃথিবী ধারণ করিতে সমর্থ হন। ম, শা, ৭৮ অ। ৪৪।

১১৫। ন্যায়পর রাজা আপনাকে ও প্রজাবর্গকে ত্রিবর্গ দ্বারা পালন করিবেন, অন্যথা বিনাশ নিশ্চিত। ধর্ম্ম হেতুই যবন রাজা বহুদিন পৃথিবী উপভোগ করিয়াছিলেন, আবার নহুষ রাজা অধর্ম্মবশতঃ অধঃপতিত হইয়াছিলেন। অতএব ধর্ম্ম সম্মুখে রাখিয়া রাজা অর্থ চেষ্টা করিবেন, ধর্ম্মেই রাজ্য বর্দ্ধিত হয়, সম্পদ্ ইহারই সুমধুর ফল। কাম, ১স।১৩-১৫।

১১৬। ন্যায়তঃ অর্থের অর্জ্জন, বর্দ্ধন ও পালন এবং সৎপাত্রে প্রতিপত্তি এই চতুর্ব্বিধ রাজবৃত্ত। কাম, ১স। ১৮।

এতৈরুপায়ৈরন্যৈশ্চ যুক্তো নিত্যমতন্দ্রিতঃ।
স্তেনান্ রাজা নিগৃহ্নীয়াৎ স্বারাষ্ট্রে পর এব চ॥ মনু, ৯অ, ৩০৩—৩১২।

১১৪। নিত্যং যস্তু সতো রক্ষেদসতশ্চ নিবর্ত্তয়েৎ।
স এব রাজা কর্ত্তব্যস্তেন সর্ব্বমিদং ধৃতম্॥ ম, শা, ৭৮অ, ৪৪।

১১৫। ন্যায় প্রবৃত্তো নৃপতিরাত্মানমপি চ প্রজাঃ।
ত্রিবর্গেণোপসন্ধত্তে নিহন্তি ধ্রুবমন্যথা॥
ধর্ম্মাদ্বৈ যবনো রাজা চিরায় বুভুজে ভুবম্।
অধর্ম্মাচ্চৈব নহুষঃ প্রতিপেদে রসাতলম্॥
তস্মাদ্ধর্ম্মং পুরস্কৃত্য যতেতার্থায় পার্থিবঃ।
ধর্ম্মেণ বর্দ্ধতে রাজ্যং তস্য স্বাদু ফলং শ্রিয়ঃ॥ কাম, ১স, ১৩—১৫।

১১৬। ন্যায়েনার্জ্জনমর্থস্য রক্ষণং বর্দ্ধনং তথা।
সৎপাত্র প্রতিপত্তিশ্চ রাজবৃত্ত চতুর্ব্বিধম্॥ কাম, ১স, ১৮।

১১৭। নয়-বিক্রম-সম্পন্ন ও সোদ্যম হইয়া সম্পদ্ চিন্তা করিবে। নীতির মূল বিনয়; বিনয় শাস্ত্র-জ্ঞান-সাধ্য। ইন্দ্রিয় নিগ্রহের নাম বিনয়, তদ্যুক্ত ব্যক্তিরই শাস্ত্রে অধিকার, তত:পর শাস্ত্রনিষ্ঠ ব্যক্তির শাস্ত্রার্থের স্ফূরণ হয়। কাম, ১স। ১৯-২০।

১১৮। শাস্ত্র, প্রজ্ঞা, ধৃতি, দাক্ষ্য (নৈপুণ্য) প্রাগল্ভ্য, ধারয়িষ্ণুতা, উৎসাহ. বাগ্মিতা, দাঢ্য (দৃঢ়তা), বিপদ্কালে ক্লেশসহিষ্ণুতা, প্রভাব, শুচিতা, মৈত্রী, ত্যাগ, সত্য, কৃতজ্ঞতা, কুল, শীল ও দম এই সকল গুণ সম্পদের হেতু। কাম ১স। ২১-২২।

১১৯। রাজা প্রথমতঃ আপনি বিনয় শিক্ষা করিবেন, অনন্তর অমাত্য, ভৃত্য, পুত্র ও প্রজাবর্গকে বিনয় শিক্ষা প্রদান করিবেন। সর্ব্বদা প্রজারঞ্জন-নিরত, প্রজাপালন-তৎপর, বিনীতাত্মা রাজা পরম সম্পদ্ প্রাপ্ত হন। কাম, ১স। ২৩—২৪।

১১৭। নয়বিক্রমসম্পন্নঃ স্বথানশ্চিন্তয়েচ্ছ্রিয়ম্।
নয়স্য বিনয়ো মূলং বিনয়ঃ শাস্ত্রনিশ্চয়ঃ॥
বিনয়ো হীন্দ্রিয়জয়স্তদ্যুক্তঃ শাস্ত্রমৃচ্ছতি।
তন্নিষ্ঠস্য হি শাস্ত্রার্থাঃ প্রসীদন্তি ততঃ পরম্॥ কাম, ১স ১৯—২০।

১১৮। শাস্ত্রং প্রজ্ঞা ধৃতির্দাক্ষ্যং প্রাগল্ভ্যং ধারয়িষ্ণুতা।
উৎসাহো বাগ্মিতাদার্ঢ্যমাপৎক্লেশ-সহিষ্ণুতা॥
প্রভাবঃ শুচিতা মৈত্রী ত্যাগঃ সত্যং কৃতজ্ঞতা।
কুলং শীলং দমশ্চেতি গুণাঃ সম্পত্তি হেতবঃ॥ কাম, ১ স২১—২২।

১১৯। আত্মানং প্রথমং রাজা বিনয়েনোপপাদয়েৎ।
ততোঽমাত্যাংস্ততোভৃত্যাংস্ততঃ পুত্রাংস্ততঃ প্রজাঃ।
সদানুরক্তপ্রকৃতিঃ প্রজাপালন তৎপরঃ।
বিনীতাত্মা হি নৃপতির্ভূয়সীং শ্রিয়মশ্নুতে॥ কাম, ১স, ২৪।

১২০। বিষয়ারণ্যচর দুর্দ্দান্ত, চঞ্চল ইন্দ্রিয়-হস্তীকে জ্ঞানাঙ্কুশ দ্বারা বশীভূত করিবে। কাম, ১স। ২৫।

১২১। প্রযত্ন দ্বারা আত্মা অর্থ হইতে প্রতিনিবৃত্ত হইয়া মনকে আশ্রয় করে, আত্মা ও মনের সংযোগ হইতে প্রবৃত্তি উৎপন্ন হয়। মন বিষয়ামিষ লোভে ইন্দ্রিয়দিগকে প্রেরণ করে, মনকে সযত্নে রোধ করিবে, তাহাকে জয় করিলেই ইন্দ্রিয় জয় হইল। বিজ্ঞান, হৃদয়, চিত্ত, মন ও বুদ্ধি ইহাদিগের দ্বারা আত্মার প্রবর্ত্তন ও নিবর্ত্তন হয়। ধর্ম্ম, অধর্ম্ম, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ আত্মার এই সকল সংস্কারকে আত্মলিঙ্গ কহে। জ্ঞানের অযুগপদ্ভাবের নাম মনোলিঙ্গ, নানা অর্থে সঙ্কল্পের নাম ইহার (মনের) কর্ম্ম। শ্রোত্র, ত্বক্, চক্ষুর্দ্বয়, জিহ্বা ও নাসিকা এই পাঁচটী এবং পায়ু, উপস্থ, হস্ত, পদ ও বাক্ এই ইন্দ্রিয় সংগ্রহ। শব্দ,

১২০। প্রকীর্ণবিষয়ারণ্যে ধাবন্তং বিপ্রমাথিনম্।
জ্ঞানাঙ্কুশেন কুর্ব্বীত বশমিন্দ্রিয়দন্তিনম্॥ কাম, ১স, ২৫।

১২১। আত্মা প্রযত্নেনার্থেভ্যো মনঃ সমধিতিষ্ঠতি।
সংযোগাদাত্মমনসোঃ প্রবৃত্তিরুপজায়তে॥
বিষয়ামিষলোভেন মনঃ প্রেরয়তীন্দ্রিয়ম্।
তন্নিরুন্ধ্যাৎ প্রযত্নেন জিতে তস্মিন্ জিতেন্দ্রিয়ঃ॥
বিজ্ঞানং হৃদয়ং চিত্তং মনো বুদ্ধিশ্চ তৎসমম্।
অনেনাত্মা করোতীহ প্রবর্ত্তন নিবর্ত্তনে॥
ধর্ম্মাধর্ম্মৌ সুখং দুঃখমিচ্ছাদ্বেষৌ তথৈব চ।
প্রযত্নজ্ঞান সংস্কারা আত্মলিঙ্গমুদাহৃতং॥
জ্ঞানস্যাযুগপদ্ভাবো মনসোলিঙ্গমুচ্যতে।
নানার্থেষু চ সঙ্কল্পঃ কর্ম্মচাস্য প্রকীর্ত্তিতম্॥
শ্রোত্রং ত্বক্ চক্ষুষী জিহ্বা নাসিকা চেতি পঞ্চমী।
পায়ূপস্থে হস্তপাদৌ বাগিন্দ্রিয়সংগ্রহঃ॥

স্পর্শ, রূপ, রস, গন্ধ, এবং উৎসর্গ, আনন্দন, আদান, গতি ও আলাপ এই কয়টী তাহাদের ক্রিয়া। আত্মা ও মন এই দুইটীকে অন্তঃকরণ কহে, এই দুইটী হইতে প্রযত্ন সংযোগে সঙ্কল্প জন্মে। আত্মা, বুদ্ধীন্দ্রিয় এবং অর্থ ইহাদিগকে বহিষ্করণ কহে, সঙ্কল্প ও অধ্যবসায় দ্বারা ইহার সিদ্ধি হয়। এই উভয় করণকে যত্ন ও অনন্তর্য্যক কহে, তাহা হইতে প্রবৃত্তির সংরোধ হইলে নির্ম্মনস্কতা জন্মে। নয় ও অপনয়বিদ্ রাজা এইরূপে করণ-সামর্থ্য হইতে আত্ম-সংযম করিয়া স্বীয় হিতসাধন করিবেন। কাম, ১স। ২৬—৩৬।

১২২। শাস্ত্রজ্ঞানের নিমিত্ত গুরুগৃহ-বাস, বিনয় শিক্ষার জন্য বিদ্যা; বিদ্যা-বিনীত নৃপতি বিপদ্কালে অবসাদ প্রাপ্ত হন না। কাম, ১স। ৫৯।

১২৩। যে রাজা বৃদ্ধোপসেবী তিনিই সজ্জন-সম্মত। অসদ্বৃত্তি

শব্দঃ স্পর্শশ্চ রূপঞ্চ রসো গন্ধশ্চ পঞ্চমঃ।
উৎসর্গানন্দনাদান প্রত্যালাপাশ্চ তৎক্রিয়াঃ॥
আত্মা মনশ্চ তদ্বিদ্যোরন্তঃকরণ মুচ্যতে।
আভ্যাং তু স প্রযত্নাভ্যাং সঙ্কল্প উপজায়তে॥
আত্মা বুদ্ধীন্দ্রিয়াণ্যর্থা বহিষ্করণ মুচ্যতে।
সঙ্কল্পাধ্যবসায়াভ্যাং সিদ্ধিরস্য প্রকীর্ত্তিতা॥
উভে এতে হি করণে যত্নানন্তর্য্যকে স্মৃতে।
তস্মাৎ প্রবৃত্তি সংরোধাদ্ভাবয়েন্নির্ম্মনস্কতাম্॥
এবং করণ সামর্থ্যাৎ সংযম্যাত্মানমাত্মনা।
নয়াপনয়বিদ্রাজা কুর্ব্বীত হিতমাত্মনঃ॥ কাম, ১স, ২৬—৩৬।

১২২। শাস্ত্রায় গুরুসংযোগঃ শাস্ত্রং বিনয় বৃদ্ধয়ে।
বিদ্যাবিনীতো নৃপতির্ন কৃচ্ছ্রেষ্ববসীদতি॥ কাম, ১স, ৫৯।

১২৩। বৃদ্ধোপসেবী নৃপতিঃ সতাং ভবতি সম্মতঃ।
প্রের্য্যমাণেঽপ্যসদ্বৃত্তৈর্নাকার্য্যেষু প্রবর্ত্ততে॥ কাম, ১স, ৬০।

লাভে নিযুক্ত হইলেও তিনি কদাচ অকার্য্যে প্রবৃত্ত হন না। কাম, ১স। ৬০।

১২৪। মহীপতি প্রতিদিন বিভূতি লাভ করিয়া শুক্লপক্ষের চন্দ্রের ন্যায় বৃদ্ধি প্রাপ্ত হন। কাম, ১স। ৬১।

১২৫। নীতি পথানুবর্ত্তী জিতেন্দ্রিয় রাজার শ্রী প্রদীপ্ত হইয়া উঠে এবং কীর্ত্তি গগণ স্পর্শ করে। কাম, ১স। ৬২।

১২৬। এইরূপে বিনয়ী, নয়ান্বিত, রাজধর্ম্মপালন-রত রাজা মহারত্ন-গিরির উন্নত শিখর প্রদেশের ন্যায় সম্পদের উচ্চ স্থান অধিকার করেন। কাম, ১ স। ৬৩।

১২৭। এই লোক-ব্যতিরেক-বর্ত্তিনী পার্থিবতা স্বভাবতঃ সমুন্নতা, ইহাকে সবলে বিনয়ে নিয়োগ করিবে। নীতির সিদ্ধি বিষয়ে বিনয়ই পূর্ব্বচর। কাম, ১ স। ৬৪।

১২৪। আদধানঃ প্রতিদিনং কলাঃ সম্যঙ্ মহীপতিঃ।
শুক্লপক্ষে প্রতিচরন্ শশাঙ্ক ইব বর্দ্ধতে॥ কাম, ১স, ৬১।

১২৫। জিতেন্দ্রিয়স্য নৃপতের্নীতিমার্গানুসারিণঃ।
ভবন্তি জ্বলিতা লক্ষ্ম্যঃ কীর্ত্তয়শ্চ নভস্পৃশঃ॥ কাম, ১স, ৬২।

১২৬। ইতি স্ম রাজা বিনয়ী নয়ান্বিতো
নিষেবমাণো নরদেব সেবিতম্।
পদং সমাক্রামতি ভাস্বরং শ্রিয়ঃ
শিরোমহারত্নগিরেরিবোন্নতম্॥ কাম, ১স, ৬৩।

১২৭। ইয়ং হি লোকব্যতিরেকবর্ত্তিনী
স্বভাবতঃ পার্থিবতা সমুন্নতা।
বলাত্তদেনাং বিনয়ে নিযোজয়ে
ন্নয়স্য সিদ্ধৌ বিনয়ঃ পুরঃসরঃ॥ কাম, ১স, ৬৪।

১২৮। বিনীত হইলে সেব্যতা প্রাপ্ত হয়। বিনয় রাজগণের অলঙ্কার-স্বরূপ। দানরত-ভদ্র-নৃপতি বিনয় দ্বারা মৃদু-সঞ্চলচ্ছুণ্ড হস্তীর ন্যায় শোভমান হইয়া থাকেন। কাম, ১স। ৬৫।

১২৯। মহাত্মাগণের গুরুসেবা বিদ্যার নিমিত্ত, বিদ্যা সুমতি লাভের জন্য; তাঁহাদিগের শ্রুতান্বিতা মতি নিশ্চয় সম্পদের জন্য। কাম, ১ স। ৬৬।

১৩০। সদ্‌গুরুর সেবা করিবে। শুচি অনুবৃত্তি পরায়ণ হইলে সম্পদের অধিকারী হয়। বিনয়ান্বিত হইলে রাজপদ ও সম্পদে অধিকার জন্মে। কাম, ১স। ৬৭।

১৩১। পরাক্রান্ত হইলেও যদি অবিনয়-নিরত হয়, তাহা হইলে

১২৮। পরাং বিনীতঃ সমুপৈতি সেব্যতা
মহীপতীনাং বিনয়ো বিভূষণম্।
প্রবৃত্তদানো মৃদুসঞ্চরৎকরঃ
করীব ভদ্রো বিনয়েন শোভতে ॥ কাম, ১স, ৬৫।

১২৯। গুরুস্তু বিদ্যাধিগমায় সেব্যতে
শ্রুতা চ বিদ্যা মতয়ে মহাত্মনাম্।
শ্রুতানুবন্ধীনি মতানি বেধসা
মসংশয়ং সাধুভবন্তি ভূতয়ে ॥ কাম, ১স, ৬৬।

১৩০। সুনিপুণমুপসেব্য সদ্‌গুরুম্
শুচিরনুবৃত্তিপরো বিভূতয়ে।
ভবতি হি বিনয়োপবৃংহিতো
নৃপতিপদায় শমায় চ ক্ষমঃ ॥ কাম, ১স, ৬৭।

১৩১। অবিনয়রতমাদরাদৃতে
বশমবশঞ্চ নয়ন্তি বিদ্বিষঃ!
শ্রুতবিনয়বিধিং সমাশ্রিত
স্তমুরপি নৈতি পরাভবং ক্বচিৎ ॥ কাম, ১স, ৬৮।

শত্রুগণ তাহাকে অনায়াসে পরাভূত করে। শ্রুত-বিনয়-বিধিজ্ঞ ব্যক্তি মৃদু (দুর্ব্বল) হইলেও কখন পরাভূত হন না। কাম, ১ স। ৬৮।

১৩২। সত্যবাক্য, দয়া, দান, দীন ও আশ্রিত ব্যক্তির রক্ষা, সাধুসঙ্গ ইহাই সৎপুরুষের লক্ষণ। সৎপুরুষ হৃদ্গত গুরুতর দুঃখযুক্ত হইলেও পরম দয়া সমন্বিত হইয়া দীন জনকে উদ্ধার করিয়া থাকেন। যাঁহারা সদাচার দ্বারা দুঃখ-পঙ্ক-সাগরে মগ্ন দীনজনকে উদ্ধার করেন, তাঁহাদের হইতে অধিক সৎপুরুষ জগতে আর কেহই নাই। রাজা পরম দয়া অবলম্বন করিয়া ও ধর্ম্ম হইতে অবিচলিত হইয়া পীড়িত ও অনাথদিগের অশ্রু-মার্জ্জন অর্থাৎ দুঃখ মোচন করিবেন। কাম, ৩ স। ২—৫।

১৩৩। প্রথমে আপনাকে গুণান্বিত করিবে, পরে অপর সকলের পরীক্ষা করিবে। যাঁহারা অকৃতাত্মা (গুণশীলাদিবিহীন) তাঁহাদের সাধু-নৃপতিত্ব লাভ দুষ্কর, যিনি আত্মসংস্কারযুক্ত তিনিই রাজা হইবার উপযুক্ত। *কাম, ৪স। ৩—৪।*

১৩২। বাক্ সূনৃতা দয়া দানং দীনোপগতরক্ষণম্।
ইতি সঙ্গঃ সতাং সাধু হ্যেতৎ সৎপুরুষব্রতম্॥
আবিষ্ট ইব দুঃখেন হৃদ্গতেন গরীয়সা।
সমন্বিতঃ করুণয়া পরয়া দীনমুদ্ধরেৎ॥
ন তেভ্যোঽভ্যধিকাঃ সন্তঃ সন্তি সৎপুরুষ ব্রতৈঃ।
দুঃখপঙ্কার্ণবে মগ্নং দীনমভ্যুদ্ধরন্তি যে॥
দয়ামাস্থায় পরমাং ধর্ম্মাদবিচলন্নৃপঃ।
পীড়িতানামনাথানাং কুর্য্যাদশ্রু প্রমার্জ্জনম্॥ কাম, ৩স, ২—৫।

১৩৩। আত্মানমেব প্রথমমিচ্ছেদ্গুণসমন্বিতম্।
কুর্ব্বীত গুণসংযুক্ত স্ততঃ শেষপরীক্ষণাম্॥
সাধুভূতলদেবত্বং দুষ্করঞ্চাকৃতাত্মভিঃ।
আত্মসংস্কার-সম্পন্নো রাজা ভবিতুমর্হতি॥ কাম, ৪স, ৩—৪।

১৩৪। জগতের আশ্রয়স্বরূপা, দুষ্প্রাপ্যা, দুর্ল্লভা রাজলক্ষ্মী জল যেমন আধারে থাকে, সেইরূপ সুসংস্কৃত নির্ম্মল-স্বভাব রাজাকে আশ্রয় করেন। কাম, ৪স। ৫।

১৩৫। কুল, সৎস্বভাব, বয়ঃ, শীল, দাক্ষিণ্য, ক্ষিপ্রকারিতা, অসংবিবাদিতা, সত্য, বৃদ্ধসেবা, কৃতজ্ঞতা, দৈবসম্পন্নতা (শুভাদৃষ্ট) বুদ্ধি, অক্ষুদ্র-পরিচারিতা (সাধুসেবা), শক্যসামন্ততা, দৃঢ়ভক্তিতা, দীর্ঘদর্শিত্ব (দূরদর্শিতা), উৎসাহ, শুচিতা, স্থূললক্ষ্যতা, বিনীততা ও ধার্ম্মিকতা এই-গুলি সাধ্যায়ত্ত গুণ। এই সকল গুণসম্পন্ন হইলে বিখ্যাত হওয়া যায়। যাহাতে লোকাভিগম্যতা (লোকপ্রীতি) লাভ করা যায়—সেইরূপ কার্য্য করিবে। কাম, ৪ স। ৬—৯।

১৩৬। সম্পদ্ লাভ করিয়া সজ্জনসেব্য হইবে। যাহাতে সজ্জনের পরিতোষ হয় না, সে সম্পদ্ বৃথা। কাম, ৪স। ১৩।

১৩৪। লোকাধারাঃ শ্রিয়ো রাজ্ঞাং দুরাপা দুষ্প্ররিগ্রহাঃ।
তিষ্ঠন্ত্যাপ ইবাধারে বিশদাত্মনি সংস্কৃতে॥ কাম, ৪স, ৫।

১৩৫। কুলং সত্ত্বং বয়ঃশীলং দাক্ষিণ্যং ক্ষিপ্রকারিতা॥
অসংবিবাদিতা সত্যং বৃদ্ধসেবা কৃতজ্ঞতা॥
দৈবসম্পন্নতা বুদ্ধিরক্ষুদ্রপরিচারিতা।
শক্যসামন্ততা চৈব তথা চ দৃঢ়ভক্তিতা॥
দীর্ঘদর্শিত্বমুৎসাহঃ শুচিতা স্থূললক্ষ্যতা।
বিনীততা ধার্ম্মিকতা গুণাঃ সাধ্যাভিগামিকাঃ॥
গুণৈরেতৈরুপেতঃ সন্ স্বব্যক্তমভিগম্যতে।
তথা চ কুর্ব্বীত যথা গচ্ছেল্লোকাভিগম্যতাম্॥ কাম, ৪স, ৬—৯।

১৩৬। বিভূতীঃ প্রাপ্য পরমাঃ সতাং সম্ভোগ্যতাং ব্রজেৎ।
যাসু সন্তো ন তিষ্ঠন্তি তা বৃথৈব বিভূতয়ঃ॥ কাম, ৪স, ১৩।

১৩৭। অসৎ লোকেই অসতের ধনসম্পত্তি ভোগ করে। কিম্পাক (মাকাল) বৃক্ষের ফল কাকেই ভক্ষণ করে, অপরে নহে। কাম, ৪স। ১৭।

১৩৮। বাগ্মী, প্রগল্‌ভ, স্মৃতিমান্, উদগ্র (উদার), বলবান্, বশী (জিতেন্দ্রিয়), দণ্ডের নেতা, নিপুণ, শিল্পকুশল, যুদ্ধবিগ্রহবিশারদ, পরাক্রমণসহ, সর্ব্বদর্শী, প্রতিক্রিয়াভিজ্ঞ, পরচ্ছিদ্রদর্শী, সন্ধিবিগ্রহবিশারদ, মন্ত্রণাপ্রচারগোপ্তা, দেশকালের বিভাগবেত্তা, যথাবিধি অর্থগৃহীতা ও দাতা, পাত্রজ্ঞ, ক্রোধ-লোভ-ভয়-দ্রোহ-বিস্ময়-চাপল্য-বর্জ্জিত, পরপীড়ন-খলতা-মাৎসর্য্য-ঈর্ষা-মিথ্যাকথন-বিহীন, বৃদ্ধের উপদেশশ্রোতা, সমর্থ, সুন্দরাকৃতি, গুণানুরাগী, সহাস্য-বচন, ঈদৃশ পুরুষকে আত্মসম্পৎ-সম্পন্ন কহে। এই সকল গুণসম্পন্ন, লোকযাত্রাভিজ্ঞ, স্থির এবং যাঁহার প্রতি প্রজাবর্গ পিতার ন্যায় বিশ্বাস স্থাপন করে, তিনিই (প্রকৃত) রাজা। কাম, ৪স। ১৫—২০।

১৩৭। অসদ্ভিরসতামেব ভুজ্যন্তে ধনসম্পদঃ।
ফলং কিম্পাকবৃক্ষস্য ধ্বাঙ্ক্ষা ভক্ষন্তি নেতরে॥ কাম, ৪স, ১৪

১৩৮। বাগ্মী প্রগল্‌ভঃ স্মৃতিমানুদগ্রো বলবান্ বশী।
নেতা দণ্ডস্য নিপুণঃ কৃতশিল্পঃ সুবিগ্রহঃ॥
পরাভিযোগপ্রসহো দৃষ্টসর্ব্ব প্রতিক্রিয়ঃ।
পরচ্ছিদ্রানুপেক্ষী চ সন্ধিবিগ্রহতত্ত্ববিৎ॥
গূঢ়মন্ত্রপ্রচারশ্চ দেশকাল বিভাগবিৎ।
আদাতা সম্যগর্থানাং বিনিযোক্তাচ পাত্রবিৎ॥
ক্রোধলোভভয়দ্রোহ স্তম্ভচাপলবর্জ্জিতঃ।
পরোপতাপপৈশুন্য মাৎসর্য্যের্ষানৃতাতিগঃ॥
বৃদ্ধোপদেশসম্পন্নঃ শক্তো মধুরদর্শনঃ।
গুণানুরাগী স্মিতবাগাত্মসম্পৎ প্রকীর্ত্তিতা॥
ইত্যাদি গুণসম্পন্নে লোকযাত্রাবিদি স্থিরে।
নির্ব্বৃত্তঃ পিতরীবাস্তে যত্র লোকঃ স পার্থিবঃ॥ কাম, ৪স, ১৫—২০।

১৩৯। যে রাজা স্বয়ং আত্মসম্পৎসম্পন্ন এবং যিনি অপরকে আত্ম-সম্পৎসম্পন্ন করেন, মহেন্দ্রের তুল্য এরূপ রাজা লাভ করিয়া প্রজাবর্গ সমৃদ্ধ হয়। কাম, ৪ স। ২১।

১৪০। শ্রবণেচ্ছা, শ্রবণ, গ্রহণ, ধারণ, তর্কবিতর্ক, মীমাংসা, অর্থবোধ ও তত্ত্বজ্ঞান এই কয়টী ধীর বুদ্ধির গুণ এবং নিপুণতা, শৈঘ্র্য (ক্ষিপ্র-কারিতা) অমর্ষ (অপরাভব), শৌর্য্য, উৎসাহ-লক্ষণ এই সকল গুণসম্পন্ন ব্যক্তি রাজপদের উপযুক্ত। কাম, ৪ স। ২২।

১৪১। ত্যাগ, সত্য, শৌর্য্য এই তিনটী মহাগুণ। এই গুণত্রয়-সম্পন্ন রাজা সর্ব্বগুণ লাভ করেন। কাম, ৪ স। ২৪।

১৪২। রাজা নিষ্প্রভ হইলে জগৎ নিষ্প্রভ হয়, সূর্য্যোদয়ে যেমন পদ্ম বিকসিত হয়, সেইরূপ রাজার সম্পদে জগৎ প্রফুল্ল হয়। কাম, ৪ স। ৪২।

১৪৩। যাঁহার অনুজীবী বর্গ অনুগত ও পরিতোষিত, যিনি মধুরবাদী,

১৩৯। আত্মসম্পৎ গুণৈঃ সম্যক্ সংযুক্তং যুক্তকারিণম্।
মহেন্দ্রমিব রাজানং প্রাপ্য লোকোঽভিবর্দ্ধতে ॥ কাম, ৪স, ২১।

১৪০। শুশ্রূষা শ্রবণঞ্চৈব গ্রহণং ধারণং তথা।
উহোঽপোহোঽর্থ বিজ্ঞানং তত্ত্বজ্ঞানঞ্চধীগুণাঃ ॥
দাক্ষ্যং শৈর্ঘ্যং তথামর্ষঃ শৌর্য্যঞ্চোৎসাহলক্ষণম্।
গুণৈরেতৈরুপেতঃ সন্ রাজা ভবিতুমর্হতি ॥ কাম, ৪স, ২২—২৩।

১৪১। ত্যাগঃ সত্যঞ্চ শৌর্য্যঞ্চ ত্রয় এতে মহাগুণাঃ।
প্রাপ্নোতি হি গুণান্ সর্ব্বান্ এতৈর্যুক্তো নরাধিপঃ ॥ কাম, ৪স, ২৪।

১৪২। নরেশ্বরে জগৎ সর্ব্বং নিমীলতি নিমীলতি।
সূর্য্যোদয়ে যথাঽম্ভোজং তৎপ্রবোধে প্রবুধ্যতে ॥ কাম, ৪স, ৪২।

১৪৩। অনুগত পরিতোষিতানুজীবী-
মধুরবচশ্চরিতানুরক্তলোকঃ।
সুনিপুণ পরমাপ্তসক্তমন্ত্রো
ভবতি নৃপঃ সুচিরং প্রদীপ্তরশ্মিঃ ॥ কাম, ৫স, ৯২।

প্রজাবর্গ যাঁহার অনুরক্ত ও বশীভূত, যিনি সুনিপুণ, যিনি পরমাপ্ত-সক্তত্তন্ত্র (বিশ্বস্তানুরক্ত) তাদৃশ নৃপতি চিরদিন প্রবল প্রতাপে পৃথিবী শাসন করেন। কাম, ৫ স। ৯২।

১৪৪। সূক্ষ্মাবুদ্ধি সত্ব (সৎস্বভাব) ও প্রযত্ন সহযোগে দৃঢ়া ও স্থিরা-বুদ্ধি হয়। অরণি যেমন অগ্নি প্রসব করে, দৃঢ়াবুদ্ধি সেইরূপ মহৎফল প্রসব করে। কাম, ১৩ স। ২।

১৪৫। রাজা তপস্যাদ্বারা অন্যের তেজ অপহরণ করেন, শাস্তা, পালক ও লোকরঞ্জক হন, অতএব রাজা স্বপ্রাক্তন ফলে ও তপোবলে এই পৃথিবী পালন করিয়া থাকেন। শুক্র ১ অ। ২০।

১৪৬। সাত্বিক, তামস ও রাজস ত্রিবিধ তপস্যা, যে যেরূপ তপস্যা করে, সে সেইরূপ রাজা হয়। যিনি স্বধর্ম্ম-নিরত, প্রজা-পরিপালক, সর্ব্বযজ্ঞযষ্টা, শত্রুগণের নেতা, দানশৌণ্ড, ক্ষমী, শূর, বিষয়ে নিস্পৃহ ও বিরক্ত তিনি সাত্বিক রাজা, তিনি অন্তিমকালে মোক্ষলাভ করেন। ইহার

১৪৪। সূক্ষ্মা সত্ত্বপ্রযত্নাভ্যাং দৃঢ়া বুদ্ধিরধিষ্ঠিতা।
প্রসূতে হি ফলং শ্রীমদরণীব হুতাশনম্॥ কাম. ১৩স, ২।

১৪৫। তপসা তেজ আদত্তে শাস্তা পাতা চ রঞ্জকঃ।
নৃপঃস্বপ্রাক্তনাদ্ধত্তে তপসা চ মহীমিমাম্॥ শুক্র, ১অ, ২০।

১৪৬। সাত্বিকং তামসঞ্চৈব রাজসং ত্রিবিধং তপঃ।
যাদৃক্ তপতি যোঽত্যর্থং তাদৃক্ ভবতি সো নৃপঃ॥
যো হি স্বধর্ম্মনিরতঃ প্রজানাং পরিপালকঃ।
যষ্টা চ সর্ব্ব যজ্ঞানাং নেতা শত্রুগণস্য চ॥
দান-শৌণ্ডঃ ক্ষমী শূরো নিস্পৃহো বিষয়েষ্বপি।
বিরক্তঃ সাত্বিকঃ সো হি নৃপোঽন্তে মোক্ষমন্বিয়াৎ॥
বিপরীতস্তামসঃ স্যাৎ সোঽন্তে নরকভাজনঃ।
নির্ঘৃণশ্চ মদোন্মত্তো হিংসকঃ সত্যবর্জ্জিতঃ॥

বিপরীত তামস রাজা, তিনি অন্তে নরকভোগ করেন। ইনি নির্ঘৃণ, মদোন্মত্ত, হিংসক ও সত্য-বর্জ্জিত হন। রাজস রাজা দাম্ভিক, লোভী, বিষয়ী, বঞ্চক, শঠ, মন-বাক্য-কর্ম্মে ঐক্যবিহীন ও কলহপ্রিয়। নীচ-প্রিয়, স্বতন্ত্র, নীতিহীন, কাপট্যপূর্ণ এই নৃপাধম অন্তে স্থাবরত্ব বা পশুত্ব লাভ করেন। সাত্ত্বিক রাজা দেবাংশ, তামস রাজা রাক্ষসাংশ ও রাজস রাজা মানবাংশ ভোগ করেন, অতএব সত্ত্বে মনোনিবেশ করিবে। শুক্র, ১ অ। ২৯—৩৫।

১৪৭। নৃপতি ন্যায়প্রবৃত্ত হইলে স্বীয় আত্মা ও প্রজার ত্রিবর্গের (ধর্ম্মার্থকামের) কারণ হন, অন্যথা স্বীয় আত্মা ও প্রজা উভয়ই নিশ্চিত বিনষ্ট হয়। রাজা যুধিষ্ঠির দ্বৈতবনে ধর্ম্মানুষ্ঠান করিয়া স্বর্গ ভোগ করিয়াছিলেন ও অধর্ম্মবশতঃ নহুষ রাজা রসাতল প্রাপ্ত হইয়াছিলেন। বেণ রাজা অধর্ম্মবশতঃ বিনষ্ট হইয়াছিলেন ও পৃথু ধর্ম্মবশতঃ সমৃদ্ধিলাভ করিয়াছিলেন, অতএব রাজা ধর্ম্ম আশ্রয় করিয়া অর্থলাভের জন্য যত্ন করিবেন। শুক্র ১অ। ৬৭—৬৯।

রাজসো দাম্ভিকো লোভী বিষয়ী বঞ্চকঃ শঠঃ।
মনসান্যশ্চ বচসা কর্ম্মণা কলহপ্রিয়ঃ॥
নীচপ্রিয়ঃ স্বতন্ত্রশ্চ নীতিহীনশ্ছলান্তরঃ।
স তির্য্যক্‌ত্বং স্থাবরত্বং ভবিতান্তে নৃপাধমঃ॥
দেবাংশান্ সাত্ত্বিকো ভুঙ্‌ক্তে রাক্ষসাংশাংস্তু তামসঃ।
রাজসো মানবাংশাংস্তু সত্ত্বে ধার্য্যং মনস্ততঃ॥ শুক্র, ১অ, ২৯—৩৫।

১৪৭। ন্যায়প্রবৃত্তো নৃপতি রাত্মানমথ চ প্রজাঃ।
ত্রিবর্গেণোপসন্ধত্তে নিহন্তি ধ্রুবমন্যথা॥
ধর্ম্মং দ্বৈতবনে রাজা বিধায় বুভুজে দিবম্।
অধর্ম্মাচ্চৈব নহুষঃ প্রতিপেদে রসাতলম্॥
বেণো নষ্টস্ত্বধর্ম্মেণ পৃথুর্ব্বৃদ্ধস্তু ধর্ম্মতঃ।
তস্মাদ্ধর্ম্মং পুরস্কৃত্য যতেতার্থায় পার্থিবঃ॥ শুক্র, ১অ, ৬৭—৬৯।

১৪৮। রাজা সর্ব্বদা পিতা, মাতা, গুরু, ভ্রাতা, বন্ধু, কুবের ও যম এই সপ্তজনের গুণযুক্ত হইবেন। রাজা পিতার ন্যায় প্রজাগণের গুণ-সাধনে সংদক্ষ এবং পুষ্টিবিধায়িনী ও অপরাধ-ক্ষময়িত্রী মাতার ন্যায় হইবেন। সুবিদ্যাধ্যাপক গুরু যেমন শিষ্যের হিতোপদেষ্টা ও ভ্রাতা যেমন পিতৃধন হইতে স্বভাগ উদ্ধার করেন, রাজাও সেইরূপ হইবেন। রাজা বন্ধুর ন্যায় আত্ম, স্ত্রী, ধন ও গোপনীয় বিষয়ের গোপ্তা, কুবেরের ন্যায় ধনদ ও যমের ন্যায় সুদণ্ড বিধায়ক হইবেন। সমৃদ্ধিশালী রাজাতে এই সকল গুণ বর্ত্তমান থাকে, রাজা কদাপি এই সপ্তগুণ পরিত্যাগ করিবেন না। শুক্র, ১অ। ৭৮—৮২।

১৪৯। সমর্থ হইয়াও যিনি অপরাধ ক্ষমা করেন, তিনি প্রজা সুশাসন করিতে সক্ষম। সমগ্র গুণ-সম্পন্ন হইয়াও ক্ষমা-বর্জ্জিত হইলে রাজা শোভা প্রাপ্ত হন না। শুক্র, ১অ। ৮৩।

১৪৮। পিতা মাতা গুরুর্ভ্রাতা বন্ধুর্বৈশ্রবণো যমঃ।
নিত্যং সপ্তগুণৈরেষাং যুক্তো রাজা ন চান্যথা॥
গুণসাধনসংদক্ষঃ স্বপ্রজায়াঃ পিতা যথা।
ক্ষময়িত্র্যপরাধানাং মাতা পুষ্টিবিধায়িনী॥
হিতোপদেষ্টা শিষ্যস্য সুবিদ্যাধ্যাপকো গুরুঃ।
স্বভাগোদ্ধারকৃৎ ভ্রাতা যথাশাস্ত্রং পিতুর্ধনাৎ॥
আত্মস্ত্রীধনগুহ্যানাং গোপ্তা বন্ধুস্তু মিত্রবৎ।
ধনদস্তু কুবেরঃ স্যাদ্ যমঃ স্যাচ্চ সুদণ্ডকৃৎ॥
প্রবৃদ্ধিমতি সুরাজ্ঞি নিবসন্তি গুণা অমী।
এতে সপ্তগুণা রাজ্ঞা ন হাতব্যাঃ কদাচন॥ শুক্র, ১অ, ৭৮—৮২।

১৪৯। ক্ষমতে যোঽপরাধং স শক্তঃ সুদমনে ক্ষমী।
ক্ষময়া তু বিনা ভূপো ন ভাত্যখিল সদ্গুণৈঃ॥ শুক্র, ১অ, ৮৩।

১৫০। বিনয় নীতির মূল, শাস্ত্রতত্ত্ব বোধ হইতে বিনয় জন্মে, ইন্দ্রিয় জয় বিনয়ের মূল, জিতেন্দ্রিয় শাস্ত্রাধিকারী হয়। রাজা প্রথমে আপনাকে, পরে পুত্র, পরে অমাত্য, অনন্তর ভৃত্য, পরিশেষে প্রজাগণকে বিনয়ান্বিত করিবেন। শুক্র, ১ অ। ৯২—৯৩।

১৫১। রাজা কেবল পরোপদেশই অবলম্বন করিবেন না, সুগুণ হইলেও অনেক সময়ে রাজা রাজ্যচ্যুত হইয়া থাকেন। শুক্র, ১অ। ৯৪।

১৫২। বিষয়ারণ্যে ধাবমান, দুর্দ্দান্ত, ইন্দ্রিয়হস্তীকে জ্ঞানাঙ্কুশ দ্বারা বশীভূত করিবে। মন বিষয়ামিষলোভে ইন্দ্রিয়কে প্রেরণ করে, অতএব সযত্নে মনোনিরোধ করিবে, মন জয় করিলেই ইন্দ্রিয় জয় হয়। যে রাজা একটী মাত্র মনকে পরাজয় করিতে অসমর্থ, তিনি কিরূপে সসাগরা পৃথিবী জয় করিবেন? শুক্র, ১অ। ৯৮—১০০।

১৫০। নয়স্য বিনয়ো মূলং বিনয়ঃ শাস্ত্রনিশ্চয়াৎ।
বিনয়স্যেন্দ্রিয়জয়স্তদ্‌যুক্তঃ শাস্ত্রমৃচ্ছতি॥
আত্মানং প্রথমং রাজা বিনয়েনোপপাদয়েৎ।
ততঃ পুত্রাং স্ততোঽমাত্যাং স্ততোভৃত্যাংস্ততোপ্রজাম্॥ শুক্র, ১অ, ৯২—৯৩।

১৫১। পরোপদেশকুশলঃ কেবলো ন ভবেন্নৃপঃ।
প্রজাধিকারহীনঃ স্যাৎ সগুণোঽপি নৃপঃ কচিৎ॥ শুক্র, ১অ, ৯৪।

১৫২। প্রকীর্ণ বিষয়ারণ্যে ধাবন্তং বিপ্রমাথিনম্।
জ্ঞানাঙ্কুশেন কুর্ব্বীত বশমিন্দ্রিয়দন্তিনম্॥
বিষয়ামিষ লোভেন মনঃ প্রেরয়তীন্দ্রিয়ম্।
তন্নিরুধ্যাৎ প্রযত্নেন জিতে তস্মিন্ জিতেন্দ্রিয়ঃ॥
একস্যৈব হি যোঽশক্তো মনসঃ সন্নিবর্হণে।
মহীং সাগর পর্য্যন্তাং স কথং হ্যবজেষ্যতি?॥ শুক্র, ১অ, ৯৮—১০০।

১৫৩। শাস্ত্রজ্ঞানের নিমিত্ত বৃদ্ধসেবা, বিনয়ের নিমিত্ত শাস্ত্রজ্ঞান, বিদ্যা-বিনীত রাজা সর্ব্বদা সাধুজন-প্রিয় হন। শুক্র, ১অ। ১৪৮।

১৫৪। যে রাজা দুর্ব্বৃত্তগণ কর্ত্তৃক প্রের্য্যমাণ হইয়াও অসৎকার্য্যে প্রবৃত্ত হন না এবং যাহা শ্রুতি, স্মৃতি, লোকাচার ও মন দ্বারা সুনিশ্চিত ও যাহা ধর্ম্মকার্য্য তাহারই অনুষ্ঠান করিয়া থাকেন এবং যিনি গ্রহণ-প্রত্যর্পণের বিভাগে বিচক্ষণ তিনিই পণ্ডিত। শুক্র, ১অ। ১৪৯—১৫০।

১৫৫। জিতেন্দ্রিয় নীতিশাস্ত্রানুসারী নৃপতির সম্পদ্ উন্নত ও কীর্ত্তি নভস্পর্শিনী হইয়া থাকে। শুক্র, ১অ। ১৫১।

১৫৬। আনৃশংস্যই সকল জীবের পরম ধর্ম্ম, অতএব রাজা আনৃশংস্যের সহিত দরিদ্র পালন করিবেন। শুক্র, ১অ। ১৫৯।

১৫৭। যাঁহারা প্রিয় ও সংকৃত হইতে ইচ্ছা করেন ও যাঁহারা প্রিয়ভাষী তাঁহারা মানবদেহধারী, শ্রীমন্ত, বন্দ্য-চরিত দেবতা। শুক্র ১অ।১৭০।

১৫৩। শাস্ত্রায় গুরুসংযোগঃ শাস্ত্রং বিনয়বৃদ্ধয়ে।
বিদ্যাবিনীতো নৃপতিঃ সতাং ভবতি সম্মতঃ॥ শুক্র, ১অ, ১৪৮।

১৫৪। প্রের্য্যমাণোঽপ্যসদ্ বৃত্তৈর্নাকার্য্যেষু প্রবর্ত্ততে।
শ্রুত্যা স্মৃত্যা লোকতশ্চ মনসা সাধুনিশ্চিতম্॥
যৎ কর্ম্ম ধর্ম্ম সংজ্ঞং তদ্ ব্যবসতি চ পণ্ডিতঃ।
আদদান প্রতিদান কলা সম্যক্ মহীপতিঃ॥ শুক্র, ১অ, ১৪৯—১৫০।

১৫৫। জিতেন্দ্রিয়স্য নৃপতের্নীতিশাস্ত্রানুসারিণঃ।
ভবন্ত্যাচ্চলিতা লক্ষ্ম্যঃ কীর্ত্তয়শ্চ নভস্পৃশঃ॥ শুক্র, ১ অ। ১৫১।

১৫৬। আনৃশংস্যং পরো ধর্ম্মঃ সর্ব্বপ্রাণভৃতাং যতঃ।
তস্মাদ্রাজানৃশংস্যেন পালয়েৎকৃপণং জনম্॥ শুক্র ১ অ। ১৫৯।

১৫৭। যে প্রিয়াণি প্রভাষন্তে প্রিয়মিচ্ছন্তি সৎকৃতম্।
শ্রীমন্তো বন্দ্যচরিতা দেবাস্তে নরবিগ্রহাঃ॥ শুক্র, ১ অ। ১৭০।

১৫৮। জীবে দয়া, মৈত্রী, সৌহৃদ্য, দান ও মধুর বাক্য এরূপ বশীকরণ ত্রিভুবনে আর নাই। শুক্র, ১ অ। ১৭১।

১৫৯। যে রাজা বলবান্, বুদ্ধিমান্, শূর, প্রতাপবান্ ও যুক্ত-পরাক্রমী, তিনি সমগ্র পৃথিবীশ্বর সম্রাট্ হইয়া ধন-পূর্ণ পৃথিবী উপভোগ করেন। শুক্র, ১ অ

১৬০। পরাক্রম, বল, বুদ্ধি ও শৌর্য্য এই কয়টী শ্রেষ্ঠ গুণ। এই সকল গুণহীন অথচ অন্য গুণ-সম্পন্ন রাজা ধনবান্ হইলেও সামান্য ভূমিও উপভোগ করিতে পারেন না, প্রত্যুত শীঘ্র রাজ্যভ্রষ্ট হন। ঐ সকল গুণ-হীন মহা ধনশালী রাজা অপেক্ষা স্বল্প-ধন রাজা শোভা প্রাপ্ত হন। এই সকল গুণ-সম্পন্ন রাজা অব্যাহতাজ্ঞ ও তেজস্বী হন। অন্য সাধারণে পৃথিবী বশীকরণে সমর্থ হয় না। শুক্র, ১অ। ১৭৬—১৭৮।

১৬১। যিনি পক্ষপাত পরিত্যাগ করিয়া বালকেরও ভাল কথা গ্রহণ করেন, ধর্ম্মতত্ত্ব যথাযথ নিরূপণ করিয়া গ্রহণ করেন, তিনিই পণ্ডিত।

১৫৮। ন হীদৃশং সংবননং ত্রিষু লোকেষু বিদ্যতে।
দয়া মৈত্রী চ ভূতেষু দানঞ্চ মধুরা চ বাক্॥ শুক্র, ১ অ। ১৭১।

১৫৯। বলবান্ বুদ্ধিমান্ শূরো যো হি যুক্ত পরাক্রমী।
বিত্তপূর্ণাং মহীং ভুঙেক্ত স ভূপো ভূপতির্ভবেৎ॥ শুক্র, ১ অ। ১৭৫।

১৬০। পরাক্রমো বলংবুদ্ধিঃ শৌর্য্যমেতে বরা গুণাঃ।
এভির্হীনোঽন্যগুণযুগ্ মহীভুক্ সধনোঽপি চ॥
মহীং স্বল্পাং নৈব ভুঙ্ক্তে স্রাক্ চ রাজ্যাদ্বিনশ্যতি।
মহাধনাচ্চ নৃপতের্বিভাত্যল্পোঽপি পার্থিবঃ॥
অব্যাহতাজ্ঞস্তেজস্বী এভিরেব গুণৈর্ভবেৎ।
রাজ্ঞঃ সাধারণাস্ত্বন্যে ন শক্তা ভূপ্রসাধনে॥ শুক্র, ১অ, ১৭৬—১৭৮।

১৬১। "পক্ষং সন্ত্যজ্য যত্নেন বালস্যাপি সুভাষিতম্॥"
গৃহ্নাতি ধর্ম্ম তত্ত্বজ্ঞ ব্যবসতি স পণ্ডিতঃ।
রাজোঽপি দুর্গুণান্ বক্তিপ্রত্যক্ষমবিশঙ্কিতঃ॥

যিনি অশঙ্কিতভাবে (অন্যের কথা কি) রাজারও সমক্ষে তাঁহার দোষ কীর্ত্তন করেন, এবং যিনি রাজার দোষ সকলকেও গুণ বলিয়া বর্ণনা করেন না তিনিই বক্তা। যাঁহার ভার্য্যা, পুত্র বা ধন কিছুই অদেয় নাই—এবং যিনি সৎপাত্রে আত্মোৎসর্গ করেন, তিনিই দাতা। যে গুণের দ্বারা অশঙ্কিত কার্য্য করিতে ক্ষমতা জন্মে তাহাই বল। শুক্র, ১অ।৩২১—৩২৪।

১৬২। যে গুণ দ্বারা অন্য নৃপাদি কিঙ্করের ন্যায় বশীভূত হয়, তাহাকেই পরাক্রম কহে। যুদ্ধের উপযোগী উদ্যমকে উত্থান কহে। শুক্র, ১অ। ৩২৫।

১৬৩। রাজা বিদ্বানের পক্ষে শরচ্চন্দ্রের ন্যায়, শত্রুর পক্ষে নিদাঘার্কের ন্যায় ও প্রজার পক্ষে বসন্তকালীন সূর্য্যের ন্যায় এই ত্রিবিধ রূপ ধারণ করেন। শুক্র, ২অ। ২৮২।

১৬৪। রাজার রাজ্য, মহী ও শ্রী জনানুরাগ হইতেই উৎপন্ন হইয়া থাকে। অগ্নি, ২২৫অ। ৩৩।

১৬৫। কুল, শীল, বয়স, বৃদ্ধসেবা, দাক্ষিণ্য, ক্ষিপ্রকারিত্ব, অবিসংবাদিতা, সত্য, কৃতজ্ঞতা, দৈবসম্পন্নতা, বুদ্ধি, অক্ষুদ্রপরিবারতা, শক্য-

স বক্তা গুণতুল্যাংস্তান্ন প্রস্তৌতি কদাচন।
অদেয়ং যস্য নৈবাস্তি ভার্য্যাপুত্রাদিকং ধনম্॥
আত্মানমপি সংদত্তে পাত্রে দাতা স উচ্যতে।
অশঙ্কিতক্ষমো যেন কার্য্যংকর্ত্তুং বলং হি তৎ॥ শুক্র, ১অ, ৩২১—৩২৪।

১৬২। কিঙ্করা ইব যেনান্যে নৃপাদ্যাঃ স পরাক্রমঃ।
যুদ্ধানুকুল ব্যাপার উত্থানমিতি কীর্ত্তিতম্। শুক্র, ১অ, ৩২৫।

১৬৩। বিদ্যাবৎসু শরচ্চন্দ্রো নিদাঘার্কো দ্বিষৎসু চ।
প্রজাসু চ বসন্তার্ক ইব স্যাৎ ত্রিবিধো নৃপঃ॥ শুক্র, ২অ, ২৮২।

১৬৪। "জনানুরাগপ্রভবা রাজ্ঞো রাজ্য-মহী-শ্রিয়ঃ॥" অগ্নি, ২২৫অ, ৩৩।

১৬৫। কুলংশীলং বয়ঃ সত্ত্বং দাক্ষিণ্যং ক্ষিপ্রকারিতা।
অবিসংবাদিতা সত্যং বৃদ্ধসেবা কৃতজ্ঞতা॥

সামন্তত্তা, দৃঢ়ভক্তিতা, দীর্ঘদর্শিতা, উৎসাহিতা, শুচিতা, স্থূললক্ষতা, বিনীততা, ধার্ম্মিকতা ইত্যাদি সাধু নৃপতির গুণ। অগ্নি, ২৩৯ অ। ২—৪।

১৬৬। বাক্‌পটুতা, প্রগল্‌ভতা, স্মৃতিমত্তা, অনৌদ্ধত্য, বলবত্তা, বশিত্ব, দণ্ডনেতৃত্ব, নৈপুণ্য, কৃতশিল্পপরিগ্রহত্ব, পরাভিযোগসহিষ্ণুত্ব, সর্ব্ব-দুষ্টপ্রতিক্রিয়া, পরবৃত্তানুবেক্ষণ, সন্ধিবিগ্রহতত্ত্ববেদিতা, গূঢ়মন্ত্রপ্রচারজ্ঞতা, দেশকালবিভাগজ্ঞতা, অর্থ সকলের সম্যক্‌রূপে আদানসামর্থ্য বিনিযোক্তৃত্ব, পাত্রজ্ঞান, অক্রোধ, অলোভ, ভয়শূন্যতা, অদ্রোহ, অদম্ভ, অচাপল্য, পরোপতাপবিমুখতা, অপৈশুন্য, অমাৎসর্য্য, ঈর্ষারাহিত্য, সত্যশীলতা, বৃদ্ধোপদেশসম্পন্নতা, শক্তি, মধুরশীলতা, গুণানুরাগিত্ব ও স্থিতিশীলত্ব এই সকলকে আত্মসম্পদ্‌গুণ কহে। অগ্নি, ২৩৯অ। ৬—১১।

দৈবসম্পন্নতা বুদ্ধিরক্ষুদ্র পরিবারতা।
শক্যসামন্ততা চৈব তথা চ দৃঢ়ভক্তিতা॥
দীর্ঘদর্শিত্বমুৎসাহঃ শুচিতা স্থূললক্ষিতা।
বিনীতত্বং ধার্ম্মিকতা সাধোশ্চ নৃপতের্গুণাঃ॥ অগ্নি, ২৩৯অ, ২—৪।

১৬৬। "বাগ্মী প্রগল্‌ভঃ স্মৃতিমানুদগ্রো বলবান্ বশী॥"
নেতা দণ্ডস্য নিপুণঃ কৃতশিল্প পরিগ্রহঃ।
পরাভিযোগপ্রসহঃ সর্ব্বদুষ্ট প্রতিক্রিয়া॥
পরবৃত্তান্বেক্ষী চ সন্ধিবিগ্রহ তত্ত্ববিৎ।
গূঢ়মন্ত্র প্রচারজ্ঞো দেশকাল বিভাগবিৎ॥
আদাতা সম্যগর্থানাং বিনিযোক্তা চ পাত্রবিৎ।
ক্রোধলোভভয়দ্রোহদম্ভ চাপল বর্জ্জিতঃ॥
পরোপতাপপৈশুন্য মাৎসর্য্যের্ষানৃতাতিগঃ।
বৃদ্ধোপদেশসম্পন্নঃ শক্তো মধুরদর্শনঃ॥
"গুণানুরাগস্থিতিমানাত্মসম্পদ্ গুণাঃ স্মৃতাঃ।" অগ্নি, ২৩৯অ, ৬—১১।

১৬৭। যাঁহার সর্ব্বদাই কর্ম্ম, সতত সদ্বিষয়ে আদর ও অসদ্বিষয়ে অনাদর তিনি চিরদিন রাজ্যভোগ করেন। যাহার কর্ম্ম, সাধুত্ব, বাক্য সর্ব্বদা অস্থির ও সদা কুটিল তাহার মিত্র ও স্বপদচ্যুতি ঘটে। শুক্র, ৪অ-৭প্র। ৪১১—৪১২।

চতুর্থ স্তবক।

[পুরুষকার।]

পুরুষকার, উদ্যম, উদ্যোগ ও উৎসাহ এই চারিটি শব্দই একার্থ বোধক। যোগীশ্বর যাজ্ঞবল্ক্য ও ভগবান্ মনু রাজধর্ম্ম বর্ণনে পুরুষকারকে রাজগুণমধ্যে গ্রহণ করিয়াছেন। ভগবান্ ব্যাস-দেবও মহাভারতাদি পুরাণ গ্রন্থে পুরুষকারকে রাজগুণ মধ্যে পরিগণিত করিয়াছেন। ভগবান্ বশিষ্ঠ দেব শ্রীরামচন্দ্রকে রাজ-ধর্ম্মে বিশেষতঃ মুমুক্ষু ব্যবহারে দৈবকে দূরে পরাহত করিয়া সর্ব্বতোভাবে পুরুষকার অবলম্বন করিবার নিমিত্ত বিশেষ উপদেশ দিয়াছেন। দৈব কাপুরুষেরই অবলম্বনীয়, ইহাই মহাত্মাদিগের অভিমত। অতএব সর্ব্বদা সর্ব্বকার্য্যে দৈবকে পরিহার করিয়া পুরুষকার গুণাবলম্বন করা রাজাদিগের সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

১৬৭। যস্যাস্তি নিয়তং কর্ম্ম নিয়তঃ সদ্গ্রহো যদি।
নিয়তোঽসদ্গ্রহত্যাগো নৃপত্বং সোঽশ্নুতে চিরম্॥
যস্যা নিয়মিতং কর্ম্ম সাধুত্বং বচনং ত্বপি।
সদৈব কুটিলঃ সখ্যুঃ স্বপদাদ্ দ্রাগ্ বিনশ্যতি॥ শুক্র, ৪অ, ৭প্র, ৪১১—৪১২।

দৈব ও পুরুষকার গুণের বিষয় শাস্ত্রকারেরা যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

১। সংসারের যাবতীয় কর্ম্মই দৈব এবং মনুষ্যাধীন বটে, কিন্তু দৈব অদৃষ্ট বলিয়া চিন্তার গোচর নহে; পৌরুষ ব্যাপারে দৃষ্ট সুতরাং ক্রিয়াসাধ্য। মনু ৭ অ। ২০৫।

২। দৈব এবং পুরুষকার এই উভয়ের সাহায্যে ফলসিদ্ধি হইয়া থাকে। তাহার মধ্যে আবার পূর্ব্বজন্মকৃত অভিব্যক্ত পুরুষকারই দৈব। কেহ দৈব, কেহ স্বভাব, কেহ কাল এবং কেহ পুরুষকারকে ফলসিদ্ধির প্রতি কারণ বলেন। আর কুশলবুদ্ধিগণ এই সকলের মিলনে ফলসিদ্ধি হয় ইহা বলেন। যেমন একচক্র দ্বারা রথের গতি হইতে পারে না, সেইরূপ পুরুষকার ব্যতীত কেবলমাত্র দৈব ফলসাধক হইতে পারে না। যাজ্ঞ ১ অ। ৩৪৯—৩৫১।

৩। যে দৈবের স্বয়ং কোন কার্য্যই সমাধান করিবার সামর্থ্য নাই, যে সকল কার্য্য-সাধনেই পুরুষকারের অপেক্ষা করিয়া থাকে, সেই দৈবের প্রশংসা কেবল মিথ্যাতেই পরিণত হয়। বা, অ, ২৩ স। ৮।

১। সর্ব্বং কর্ম্মেদমায়ত্তং বিধানে দৈবমানুষে।
তয়োর্দ্দৈবমচিন্ত্যন্তু মানুষে বিদ্যতে ক্রিয়া॥ মনু, ৭অ, ২০৫।

২। দৈব পুরুষকারে চ কর্ম্মসিদ্ধির্ব্ব্যবস্থিতা।
তত্রদৈবমভিব্যক্তং পৌরুষং পৌর্ব্বদৈহিকম্॥
কেচিদ্দৈবাৎ স্বভাবাচ্চ কালাৎ পুরুষকারতঃ।
সংযোগে কেচিদিচ্ছন্তি ফলং কুশল-বুদ্ধয়ঃ॥
যথা হ্যেকেন চক্রেণ ন রথস্য গতির্ভবেৎ।
এবং পুরুষকারেণ বিনা দৈবং ন সিদ্ধ্যতি॥ যাজ্ঞ, ১অ, ৩৪৯—৩৫১।

৩। কিংনাম কৃপণং দৈবমশক্তমভিশংসসি।
পাপয়োস্তে কথং নাম তয়োঃ শঙ্কা ন বিদ্যতে॥ বা, অ, ২৩স, ৮।

৪। যে পুরুষের পৌরুষ দ্বারা দৈবকে বাধা দিবার ক্ষমতা আছে, তিনি দৈব নিবন্ধন বিপন্ন হইয়াও অবসন্ন হন না। বা, অ, ২৩ স। ১৮।

৫। আমি যাহার বিরোধী, আমার উগ্র পৌরুষ হইতে তাহার যেরূপ দুঃখ হইবে, সেইরূপ দৈব-বল হইতে তাহার সুখ হইবার সম্ভাবনা নাই। (সৎপুরুষেরা এইরূপ জ্ঞানেই কার্য্য করিয়া থাকেন।) বা, অ, ২৩ স। ২৫।

৬। যে ব্যক্তি অপমানিত হইয়া সেই অপমান ক্ষালন না করে, সেই লঘু-চিত্ত ব্যক্তির পুরুষকারে প্রয়োজন কি? বা, ল, ১১৭ স। ৬।

৭। দৈব ও পুরুষকার পরস্পর আশ্রয়ে অবস্থিতি করে, উদার ব্যক্তি-গণ সৎকর্ম্মের আশ্রয় গ্রহণ করেন, আর কাপুরুষেরাই দৈব অবলম্বন করিয়া থাকে। আত্ম-হিতকর-কর্ম্ম তীক্ষ্ণই হউক অথবা মৃদুই হউক, তাহা অবশ্য কর্ত্তব্য। অকর্ম্মশীল অকিঞ্চন ব্যক্তি সতত অনর্থগ্রস্ত হইয়া থাকে, অতএব সমস্ত বিষয় পরিত্যাগ পূর্ব্বক পরাক্রম প্রকাশ করাই

৪। দৈবং পুরুষকারেণ যঃ সমর্থঃ প্রবাধিতুম্।
ন দৈবেন বিপন্নার্থঃ পুরুষঃ সোঽবসীদতি॥ বা, অ, ২৩স, ১৮।

৫। মদ্বলেন বিরুদ্ধায় ন স্যাদ্দৈব বলং তথা।
প্রভবিষ্যতি দুঃখায় যথোগ্রং পৌরুষং মম॥ বা, অ, ২৩স, ২৫।

৬। সম্প্রাপ্তমবমানং যস্তেজসা ন প্রমার্জ্জতি।
কস্তস্য পৌরুষেণার্থো মহাতাপাল্পচেতসঃ॥ বা, ল, ১১৭স, ৬।

৭। দৈবং পুরুষকারশ্চ স্থিতাবন্যোন্য সংশ্রয়াৎ।
উদারাণান্তু সৎকর্ম্ম দৈবং ক্লীবা উপাসতে॥
কর্ম্মচাত্মহিতং কার্য্যং তীক্ষ্ণং বা যদি বা মৃদু।
গ্রস্যতেঽকর্ম্মশীলস্তু সদানর্থৈরকিঞ্চনঃ॥
তস্মাৎ সর্ব্বং ব্যপোহ্যার্থং কার্য্য এব পরাক্রমঃ।
সর্ব্বস্বমপিসন্ত্যজ্য কার্য্যমাত্মহিতং নরৈঃ॥ ম, শা, ১৩৯অ। ৮২—৮৫

কর্ত্তব্য, সর্ব্বস্ব পরিত্যাগ করিয়াও মানবগণের আত্ম-হিতকর কার্য্য করা উচিত। ম, শা, ১৩৯ অ। ৮২—৮৪।

৮। এই সংসারে যথাযোগ্য রূপে পুরুষার্থ প্রয়োগ করিলেই সকলে সকল বিষয় সর্ব্বদা প্রাপ্ত হইয়া থাকে। ক্রিয়াস্বরূপ কালের নিয়মানুসারে চন্দ্র হইতে যেমন শীতল ও আনন্দ হেতু অমৃত লাভ হয়, তদ্রূপ পৌরুষ হইতেই জ্ঞান প্রাপ্তি দ্বারা কামাদি সন্তাপনাশক জীবন্মুক্তি সুখ লাভ হইয়া থাকে, অন্যরূপে হয় না। যো, মু, ৪ স। ৮—৯।

৯। পুরুষকারের ফল কর্ম্ম,—পুরুষকার কর্ম্ম দ্বারা দেশান্তর বা তৃপ্তিলাভ সম্পাদন করে, তাহা প্রত্যক্ষই দৃষ্ট হইয়া থাকে (গমন, ভোজন ইহার দৃষ্টান্ত)। দৈব ত মন্দমতি মূঢ়গণের কল্পিত, প্রকৃত পক্ষে তাহা অলীক; (কেননা—দৈবও পূর্ব্ব জন্মের পুরুষকার ভিন্ন আর কিছুই নহে।) যো, মু, ৪ স। ১০।

১০। সাধুর উপদিষ্ট পন্থা অনুসারে মন, বাক্য এবং শরীরের যে চালনা, তাহাই প্রকৃত পুরুষকার এবং তাহাই সফল; অন্য পুরুষকার

৮। সর্ব্বমেবেহ হি সদা সংসারে রঘুনন্দন।
সম্যক্ প্রযুক্তাৎ সর্ব্বেণ পৌরুষাৎ সমবাপ্যতে॥
ইহ হীন্দোরিবোদেতি শীতলাহ্লাদনং হৃদি।
পরিস্পন্দফলপ্রাপ্তৌ পৌরুষাদেব নান্যতঃ॥ যো, মু, ৪ স। ৮—৯।

৯। পৌরুষং স্পন্দফলবদ্দৃষ্টং প্রত্যক্ষতো নরৎ।
কল্পিতং মোহিতৈর্মন্দৈ র্দৈবং কিঞ্চিন্নবিদ্যতে। যো, মু, ৪স। ১০।

১০। সাধূপদিষ্টমার্গেণ যন্মনোঽঙ্গবিচেষ্টিতম্।
তৎ পৌরুষং তৎ সফলমন্যদুন্মত্তচেষ্টিতম্॥
যোঽয়মর্থং প্রার্থয়তে তদর্থঞ্চেহতে ক্রমাৎ।
অবশ্যং স তমাপ্নোতি ন চেদর্দ্ধান্নিবর্ত্ততে॥ যো, মু, ৪ স। ১১—১২।

উন্মত্ত চেষ্টা মাত্র। যে ব্যক্তি যে বস্তু প্রার্থনা করে, তাহার জন্য যদি শাস্ত্রোক্ত প্রণালী অনুসারে চেষ্টা করে, তাহা হইলে অবশ্যই তাহার সেই বস্তু প্রাপ্তি হইয়া থাকে, শাস্ত্রোক্ত প্রণালীর ব্যতিক্রম ঘটিলে অর্দ্ধ পথ হইতে নিবৃত্ত হয়। যো, মু, ৪ স। ১১—১২।

১১। ত্রৈলোক্যের আধিপত্য হইতে যে ইন্দ্রত্বের এত গৌরব, কোন জীববিশেষ পুরুষকার নামক প্রযত্নের ফলেই ইন্দ্রত্ব প্রাপ্ত হইয়াছেন। কোন জীববিশেষ পুরুষকার নামক প্রযত্ন ফলেই কমলাসনে ব্রহ্ম পদে অধিষ্ঠিত। কোন পুরুষ স্বীয় শ্রেষ্ঠ পুরুষকার বলেই গরুড়ধ্বজ পুরুষোত্তম হইয়াছেন। ইহ সংসারে কোন এক প্রাণী পুরুষকার নামক প্রযত্ন ফলেই অর্দ্ধনারীশ্বর শিবরূপে বিরাজ করিতেছেন। যো, মু, ৪ স। ১৩—১৬।

১২। পুরুষকার দ্বিবিধ—প্রাক্তন এবং অদ্যতন (বর্ত্তমান)। প্রাক্তন পুরুষকার অর্থাৎ দৈব, বর্ত্তমান পুরুষকার দ্বারা জয় করা যায়। সহায়

১১। পৌরুষেণ প্রযত্নেন ত্রৈলোক্যৈশ্বর্য্যসুন্দরাম্।
কশ্চিৎ প্রাণিবিশেষো হি শক্রতাং সমুপাগতঃ।
পৌরুষেণৈব যত্নেন সহসাম্ভোরুহাস্পদম্।
কশ্চিদেব চিদুল্লাসো ব্রহ্মতামধিতিষ্ঠতি॥
সারেণ পুরুষার্থেন স্বেনৈব গরুড়ধ্বজঃ।
কশ্চিদেব পুমানেব পুরুষোত্তমতাং গতঃ॥
পৌরুষেণৈব যত্নেন ললনাবলিতাকৃতি॥
শরীরী কশ্চিদেবেহ গতশ্চন্দ্রার্দ্ধচূড়তাম্॥ যো, মু, ৪ স। ১৩—১৬।

১২। প্রাক্তনশ্চৈহিকশ্চেতি দ্বিবিধং বিদ্ধি পৌরুষম্।
প্রাক্তনোঽদ্যতনেনাশু পুরুষার্থেন জীয়তে॥
যত্নবদ্ভির্দৃঢ়াভ্যাসৈঃ প্রজ্ঞোৎসাহসমন্বিতৈঃ।
মেরবোঽপি নিগীর্য্যন্তে কৈব প্রাক্ পৌরুষে কথা॥ যো, মু, ৪ স। ১৭—১৮।

এবং উৎসাহ সমন্বিত দৃঢ়াভ্যাসী যত্নশীল পুরুষগণ কত শত সুমেরুকেও জীর্ণ করিতে পারে, প্রাক্তন পুরুষকারের কথা ত অতি সামান্য। যো, মু, ৪ স। ১৭—১৮।

১৩। পুরুষের যে প্রযত্ন শাস্ত্রশাসিত কর্ম্ম সম্পাদনেই তৎপর, তাহাই সমগ্র অভিমত ফল সিদ্ধির মূল; আর শাস্ত্র-গর্হিত—কর্ম্ম-প্রয়োজক প্রযত্ন অনিষ্টের মূল। যো, মু, ৪ স। ১৯।

১৪। স্বীয় বিপথগামিতাবশতঃ কোন অবস্থায় পুরুষকার দ্বারা অঙ্গুলি সঙ্কোচ সাহায্যে গণ্ডুষ করাও দুঃসাধ্য হয়, এবং পিপাসায় ব্যবহারের জন্য, সেই গণ্ডুষের এক বিন্দু জলও অতি আদরের সামগ্রী হয়। আবার স্বীয় সুপথগামিতাবশতঃ কোন অবস্থায় পুরুষের এত দ্রব্যসম্ভার হয় যে, পোষ্যবর্গের উদ্দেশে তাহা বিভাগ করিতে গিয়া সসাগর-গিরি-নগর-সদ্বীপ-বসুন্ধরা-মণ্ডলকেও ক্ষুদ্রায়তন বোধ করিতে হয়। যো, মু, ৪ স। ২০।

১৫। "দৈবই আমাকে কার্য্যে নিযুক্ত করিতেছে" এইরূপ হতবুদ্ধি-সম্পন্ন, বিশ্বামিত্র প্রভৃতির দৃষ্টান্ত-জ্ঞানশূন্য, পুরুষকার-বিহীন জনগণের মুখাবলোকন করিতে স্বয়ং লক্ষ্মী পরাঙ্মুখী হন। যো মু, ৫ স। ২০।

১৩। শাস্ত্রনিয়ন্ত্রিত পৌরুষপরমা পুরুষস্য পুরুষতা যা স্যাৎ।
অভিমতফলভরসিদ্ধৌ ভবতি হি সৈবান্যথা ত্বনর্থায়। যো, মু, ৪ স। ১৯।

১৪। কস্যাঞ্চিৎ স্বয়মাত্মদুঃস্থিতিবশাৎ পুংসো দশায়াং
শনৈরঙ্গুল্যগ্রনিপীড়িতৈকচুলুকাদাবাপবিন্দুর্বহুঃ॥
কস্যাঞ্চিজ্জলরাশিপর্ব্বতপুরদ্বীপান্তরালীকৃতা
ভর্ত্তব্যোচিত সংবিভাগকরণে পৃথ্বী ন পৃথ্বী ভবেৎ॥ যো, মু, ৪ স। ২০।

১৫। দৈবং সম্প্রেরয়তি মামিতি দগ্ধধিয়াং মুখম্।
অদৃষ্ট শ্রেষ্ঠ দৃষ্টীনাং দৃষ্ট্বা লক্ষ্মীনিবর্ত্ততে। যো, মু, ৫ স। ২০।

১৬। যে সকল মূঢ় মনে মনে কোন অভিলাষ করিয়া, যথাশাস্ত্র স্বীয় চেষ্টা দ্বারা তাহা সিদ্ধ করিতে প্রবৃত্ত না হয়, তাহাদিগের ইষ্ট-ভোগ-লিপ্সায় ধিক্। শাস্ত্রীয় পুরুষকারের যে অবধি নাই, তাহাও নয়, কিন্তু তাহা প্রযত্ন-সাপেক্ষ; অথচ মহা যত্ন করিলেও প্রস্তর হইতে রত্ন-লাভ হয় না—অর্থাৎ প্রস্তর হইতে রত্ন-লাভে বহু যত্ন করিলেও তাহা বিফল হয়, কিন্তু শাস্ত্রীয় কর্ম্মে প্রযত্ন কখনই নিষ্ফল হয় না (ফল তারতম্য আছে বটে)। যো, মু, ৫ স। ২২—২৩।

১৭। যেমন ঘটেরও পরিমাণ আছে, পটেরও পরিমাণ আছে, তদ্রূপ পুরুষার্থেরও নির্দ্দিষ্ট পরিমাণ আছে,—(অর্থাৎ ঘট হইলেই যে তাহাতে এক প্রকার জল ধরে তা নয়, ঘটের পরিমাণ অনুসারে ন্যূনাধিক জল ধরিয়া থাকে; বস্ত্র হইলেই যে তাহা সকলেরই পরিধানযোগ্য বা সমান দীর্ঘ হয় তা নয়, কিন্তু পরিমাণ অনুসারে তাহারও তারতম্য হয়, তদ্রূপ পুরুষার্থ হইলেই যে, তাহা সমান ফলের হেতু, তাহা নহে; পরিমাণ নির্দ্দেশ ইহাতেও আছে) যো, মু, ৫ স। ২৪।

১৮। সৎশাস্ত্রের বিধি অনুসারে সৎসঙ্গে থাকিয়া এবং সদাচর পূর্ব্বক (কর্ম্ম) করিলে, তাহা সম্পূর্ণ ফল দান করিয়া থাকে, নতুবা উপযুক্ত

১৬। চিত্তে চিন্তয়তামর্থং যথাশাস্ত্রং নিজেহিতৈঃ।
অসংসাধয়তামেব মূঢ়ানাং ধিগ্ দুরীপ্সিতম্॥
পৌরুষস্য ন বানন্তং ন যত্নমভিবাঞ্ছ্যতে।
ন যত্নেনাপি মহতা প্রাপ্যতে রত্নমশ্মতঃ॥ যো, মু, ৫। ২২--২৩।

১৭। যথা ঘটঃ পরিমিতো যথা পরিমিতঃ পটঃ।
নিয়তঃ পরিমাণস্থঃ পুরুষার্থস্তথৈবচ॥ যো, মু, ৫ স। ২৪।

১৮। স চ সচ্ছাস্ত্রসৎসঙ্গ-সদাচারৈর্নিজং ফলম্।
দদাতীতি স্বভাবোঽয়মন্যথা নার্থসিদ্ধয়ে॥

ফলজনক হয় না ইহাই কর্ম্মের স্বভাব। এই হইল পুরুষার্থের স্বরূপ। এই সব বুঝিয়া ব্যবহার করিতে পারিলে, কোন মানবই কখন বিফল-যত্ন হয় না। হরিশ্চন্দ্র প্রভৃতি পুরুষ-প্রবরগণ দারিদ্র্য-দুঃখ-শোকে কাতর হইয়াও পুরুষকার প্রভাবে দেবরাজের সমকক্ষ হইয়াছেন। যো, মু, ৫ স। ২৫—২৭।

১৯। সুখ ও দুঃখ নিবৃত্তির ঘটক অবশ্যকর্ত্তব্য কর্ম্মে যত্নকেই বুধগণ পৌরুষ বলিয়া নির্দ্দেশ করেন। সেই শাস্ত্রবিহিত যত্নই পরম-পুরুষার্থ লাভের হেতু। যো, মু, ৬ স। ৩২।

২০। যেমন পুরুষকার বলেই অন্ন লইয়া দন্ত দ্বারা চূর্ণ করা হয়, সেইরূপ বলবান্ ব্যক্তি পৌরুষ বলেই অন্যকে চূর্ণিত করিয়া থাকে। অতএব অল্প-বল ব্যক্তিগণ প্রযত্নশালী বলবান্ ব্যক্তিগণের উপভোগ্য স্বরূপ। তাঁহারা লোষ্ট্রের ন্যায় স্বেচ্ছামত কর্ম্মে নিয়োজিত হইয়া থাকেন। যো, মু, ৬ স। ১২—১৩।

স্বরূপং পৌরুষস্যৈতদেবং ব্যবহরন্ নরঃ।
যাতি নিষ্ফলযত্নত্বং ন কদাচন কশ্চন ॥
দৈন্যদারিদ্র্যদুঃখার্ত্তা অপ্যন্যেপুরুষোত্তমাঃ।
পৌরুষেণৈব যত্নেন যাতা দেবেন্দ্রতুল্যতাম্ ॥ যো, মু, ৫ স। ২৫—২৭।

১৯। স্বার্থপ্রাপককার্য্যৈক প্রযত্নপরতাবুধৈঃ।
প্রোক্তা পৌরুষশব্দেন সাসিদ্ধ্যৈশাস্ত্রযন্ত্রিতা। যো, মু, ৬ স। ৩২।

২০। পৌরুষেণান্নমাক্রম্য যথা দন্তেন চূর্ণ্যতে।
অন্যঃ পৌরুষমাশ্রিত্য তথা শূরেণ চূর্ণ্যতে ॥
অন্নভূতা হি মহতাং লঘবো যত্নশালিনাম্।
যথেষ্টং বিনিযোজ্যন্তে তেন কর্ম্মসু লোষ্ট্রবৎ ॥ যো, মু, ৬ স। ১২—১৩।

২১। ত্রিদশগণ উদ্‌যোগ দ্বারাই অমৃতলাভ এবং অসুরগণকে নিহত করিয়াছিলেন, দেবরাজ ইন্দ্র স্বীয় উদ্যোগেই ত্রিলোকমধ্যে প্রাধান্য লাভ করিয়াছিলেন। উদ্‌যোগী পুরুষ পণ্ডিতগণের উপরও আধিপত্য করেন। এবং পণ্ডিতগণ স্তবাদি দ্বারা তাঁহার প্রসন্নতা সাধন করতঃ তাঁহাকে উপাসনা করিয়া থাকেন। নৃপতি বুদ্ধিমান্ হইয়াও নিয়ত উদ্যোগহীন হইলে নির্ব্বিষ সর্পের ন্যায় শত্রুগণের ধর্ষণীয় হইয়া থাকেন। ম, শা, ৫৮অ, ১৪—১৬।

২২। যত্নসহকারে যে কার্য্য করা যায়, তাহার ফল অবশ্যই দৃষ্ট হইয়া থাকে, অতএব অতিশয় নির্ব্বেদ প্রাপ্ত হইয়া উদ্‌যোগ-বিহীন হওয়া কথনই উচিত নহে। বা, কি, ৪৯ স। ৮।

২৩। উদ্যোগ দ্বারা বিদ্যা, তপস্যা এবং বিপুল বিত্ত হইতে পারে, সেই উদ্যোগ বুদ্ধির আয়ত্ত হইয়া দেহবান্ ব্যক্তিগণে বসতি করে, অতএব প্রভূত উদ্যোগ করিতে সযত্ন হওয়া বিধেয়। ম, শা, ১২০ অ। ৪৫।

২১। উত্থানামৃতং লব্ধমুত্থানেনাসুরা হতাঃ।
উত্থানেন মহেন্দ্রেণ শ্রৈষ্ঠ্যং প্রাপ্তং দিবীহ চ॥
উত্থানবীরঃ পুরুষো বাগ্‌বীরানধিতিষ্ঠতি।
উত্থানবীরান্ বাগ্‌বীরা রময়ন্তঃ উপাসতে॥
উত্থানহীনো রাজাহি বুদ্ধিমানপি নিত্যশঃ।
প্রধর্ষণীয়ঃ শত্রূণাং ভুজঙ্গ ইব নির্ব্বিষঃ॥ ম, শা, ৫৮ অ। ১৪—১৬।

২২। অবশ্যং কুর্ব্বতাং তস্য দৃশ্যতে কর্ম্মণঃ ফলম্।
পরং নির্ব্বেদমাগম্য নহি নোন্মীলনং ক্ষমম্॥ বা, কি ৪৯ স। ৮।

২৩। বিদ্যা তপো বা বিপুলং ধনং বা
সর্ব্বং হ্যেতদ্ব্যবসায়েন শক্যং।
বুদ্ধ্যায়ত্তং তন্নিবসেদ্দেহবৎসু
তস্মাদ্বিদ্যাদ্ব্যবসায়ং প্রভূতম্॥ ম, শা. ১২০ অ। ৪৫।

২৪। এই চরাচর মধ্যে উদ্যমশীল মানবগণের পক্ষে কোন্ পদার্থ দুর্ল্লভ? যাঁহারা পরমেশ্বরে মনোনিবেশ করেন, তাঁহাদের মনোরথ সত্বরেই পূর্ণ হইয়া থাকে। কাপুরুষগণই দৈবকে হেতুরূপে নির্দ্দেশ করিয়া থাকে কিন্তু দৈব পূর্ব্ব জন্মের স্বোপার্জ্জিত কর্ম্ম ভিন্ন আর কিছুই নহে। কা, ৩২ অ। ৩০—৩১।

২৫। এ জগতে জ্ঞানী ব্যক্তিগণ স্বীয় সাধ্যায়ত্ত কর্ম্মে কখন উদ্যম-হীন হন না। বিচক্ষণ ব্যক্তির কোন কার্য্যেই উদ্যমহীন হওয়া উচিত নহে। বিধাতা প্রতিকূল থাকিলেও সতত উদ্যম নিবন্ধন অনুকূল হইয়া থাকেন। গমনে কৃতোদ্যম চন্দ্র ও সূর্য্য রাহু কর্ত্তৃক গ্রস্ত হইয়াও গগনাঙ্গনে অদ্যাপি স্বস্ব গতি পরিত্যাগ করেন না। কা, ৫৩অ। ৪৬-৪৮।

২৬। বিধাতা প্রতিকূলতা নিবন্ধন এক দিকে বারম্বার কার্য্যের ব্যাঘাত করিয়া থাকেন, কিন্তু অতিশয় উদ্যমে তিনিই আবার অনুকূল হইয়া কার্য্য সিদ্ধি করিয়া থাকেন। কা, ৫৩ অ। ৪৯।

২৪। কিমুদ্যমবতাং পুংসাং দুর্ল্লভং হি চরাচরে।
ঈশ্বরার্পিত বুদ্ধীনাং স্ফুরন্ত্যগ্রে মনোরথাঃ॥
দৈবং হেতুং বদন্ত্যেবং ভৃশং কাপুরুষাঃ পতে।
স্বয়ং পুরাকৃতং কর্ম্ম দৈবং তচ্চ নহীতরৎ॥ কা, ৩২ অ। ৩০—৩১

২৫। "নোদ্যমাদ্বিরমন্তীহ জ্ঞানিনঃ সাধ্যকর্ম্মণি॥"
নোদ্যমাদ্বিরতিঃ কার্য্যা কাপি কার্য্যে বিচক্ষণৈঃ।
প্রতিকূলোঽপি থিদ্যেত বিধিস্তৎ সততোদ্যমাৎ॥
শীতোষ্ণভানুস্বর্ভানুগ্রস্তাবপি নভোঽঙ্গনে।
গতিং ন ত্যজতোঽদ্যাপি প্রক্রান্তব্যকৃতোদ্যমৌ॥ কা, ৫৩ অ। ৪৬—৪৮।

২৬। একত্র হন্তি কার্য্যাণি প্রাতিকূল্যাদ্বিধির্মুহুঃ।
একত্র করণীয়ানি সেৎস্যন্ত্যস্তে ভৃশোদ্যমাৎ॥ কা, ৫৩ অ। ৪৯।

২৭। স্বার্থার্থ উদ্যমকারী মনুষ্যগণকে ধিক্ থাকুক। পশু, পক্ষী ও মৃগাদিগণও আপন আপন উদর ভরণ করিয়া থাকে। এজগতে যে ব্যক্তি পরের জন্য উদ্যম করিয়া থাকে, সেই ধন্য ইহাতে সন্দেহ নাই। কা, ৫৪ অ। ৫৩—৫৪।

২৮। উৎসাহ-সম্পন্ন মানবেরা ইহলোকে অতি দুষ্কর কার্য্যেও অবসন্ন হন না। বা, অর, ৬৩ স। ১৯।

২৯। উৎসাহই পরম বল, উহা হইতে আর উৎকৃষ্ট বল নাই; কেন না, উৎসাহ-সম্পন্ন জীবগণের লোক মধ্যে কিছুই দুর্লভ হয় না, তাঁহারা উৎসাহবলে কোন কার্য্যেই অবসন্ন হন না। বা, কি, ১স। ১২১—১২২।

৩০। উৎসাহেই উন্নতি লাভ হইয়া থাকে এবং উৎসাহই পরম সুখের নিদান (অতএব কখনই ভগ্নোৎসাহ হওয়া বিধেয় নহে।) বা, সু, ১২স।১০।

৩১। উৎসাহই মনুষ্যকে নিয়ত সকল কার্য্যে প্রবর্ত্তিত করিয়া থাকে। মনুষ্য উৎসাহান্বিত হইয়া যে কর্ম্ম করে তাহার সেই কার্য্য সফল হয়। বা, সু, ১২ স। ১১।

২৭। মনসা চিন্তয়ামাস ধিঙ্ নিজার্থোদ্যমান্নরান্।
স্বোদরম্ভরয়ঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয়ঃ ॥
"স এব ধন্যঃ সংসারে যঃ পরার্থোদ্যতঃ সদা।" কা, ৫৪ অ। ৫৩—৫৪।

২৮। "উৎসাহবন্তো হি নরা ন লোকে
সীদন্তি কর্ম্মস্বতি দুষ্করেষু।" বা, অর, ৬৩ স। ১৯।

২৯। উৎসাহো বলবানার্য্য নাস্ত্যুৎসাহাৎ পরং বলম্।
সোৎসাহস্য হি লোকেষু ন কিঞ্চিদপি দুর্ল্লভম্॥
"উৎসাহবন্তঃ পুরুষা নাবসীদন্তি কর্ম্মসু।" বা, কি, ১ স। ১২১—১২২।

৩০। "অনির্ব্বেদঃ শ্রিয়োমূলমনির্ব্বেদঃ পরং সুখম্।" বা, সু, ১২ স। ১০।

৩১। অনির্ব্বেদো হি সততং সর্ব্বার্থেষু প্রবর্ত্তকঃ।
করোতি সফলং জন্তোঃ কর্ম্ম যচ্চ করোতি সঃ॥ বা সু, ১২ স। ১১।

৩২। নিরুৎসাহ, দীনস্বভাব ও শোকাকুল ব্যক্তির সকল কার্য্যই বিনষ্ট হয় এবং তাদৃশ ব্যক্তিই বিপদে পতিত হইয়া থাকে। বা, ল, ২স। ৬।

৩৩। উদ্‌যোগহীন পুরুষ-গর্দ্দভ-গণের সমান হওয়া অকর্ত্তব্য; শাস্ত্রানুযায়ী উদ্‌যোগ ইহলোক এবং পরলোকের উপকারী। যো, মু, ৫ স। ১৪।

৩৪। মূঢ়ব্যক্তিরাই দৈব কল্পনা করিয়াছে, যাহারা দৈবপরায়ণ তাহারা ক্ষয় প্রাপ্ত হয়, প্রাজ্ঞ ব্যক্তিরা পুরুষকারেই মহত্ত্ব লাভ করিয়াছেন। যাহারা শূর, যাহারা বিক্রমশালী, যাহারা বুদ্ধিমান্ ও যাহারা পণ্ডিত, বল দেখি এই জগতে তাহারা কি নিমিত্ত দৈবের প্রতীক্ষা করিবে? যো, মু, ৮স। ১৬—১৭।

৩৫। বিশ্বামিত্র ঋষি দৈবকে দূরে পরিত্যাগ করিয়া একমাত্র পুরুষকার বলেই ব্রাহ্মণত্ব লাভ করিয়াছেন, অন্য কোন প্রকারে নহে। যো, মু, ৮ স। ২০।

৩৬। দৈব এবং পুরুষকার তুল্য হইলেও আমি পুরুষকারকে শ্রেষ্ঠ

৩২। নিরুৎসাহস্য দীনস্য শোকপর্য্যাকুলাত্মনঃ।
সর্ব্বার্থা ব্যবসীদন্তি ব্যসনঞ্চাধিগচ্ছতি॥ বা, ল, ২ স। ৬।

৩৩। ন গন্তব্যমনুদ্যোগৈঃ সাম্যং পুরুষগর্দ্দভৈঃ।
উদ্যোগস্তু যথাশাস্ত্রং লোকদ্বিতয়সিদ্ধয়ে॥ যো, মু ৫ স। ১৪।

৩৪। মূঢ়ৈঃ প্রকল্পিতং দৈবং তৎপরাস্তে ক্ষয়ং গতাঃ।
প্রাজ্ঞাস্তু পৌরুষার্থেন পদমুত্তমতাং গতাঃ॥
যে শূরা যে চ বিক্রান্তা যে প্রাজ্ঞা যে চ পণ্ডিতাঃ।
তৈস্তৈঃ কিমিব লোকেঽস্মিন্ বদ দৈবং প্রতীক্ষ্যতে॥ যো, মু ৮ স। ১৬—১৭।

৩৫। বিশ্বামিত্রেণ মুনিনা দৈবমুৎসৃজ্য দূরতঃ।
পৌরুষেণৈব সম্প্রাপ্তং ব্রাহ্মণ্যং রাম নান্যথা। যো, মু, ৮ স। ২০।

৩৬। সাধারণং দ্বয়ং হ্যেতদ্দৈবমুত্থানমেব চ।
পৌরুষংহি পরং মন্যে দৈবং নিশ্চিত্যমুচ্যতে॥ ম, শা, ৫৬অ, ১৫।

বলিয়া বিবেচনা করি, যেহেতু পুরুষকার লোকের প্রত্যক্ষীভূত এবং দৈবও সেই পুরুষকার-প্রবর্ত্তিত। ম, শা, ৫৬ অ। ১৫।

৩৭। বিনাক্ষেত্রে উপ্তবীজ যেমন নিষ্ফল হয়, তদ্রূপ পুরুষকার ব্যতীত দৈব কদাচ সিদ্ধ হয় না, অতএব পণ্ডিতেরা পুরুষকারকে ক্ষেত্র এবং দৈবকে বীজরূপে উদাহরণ দিয়াছেন, ক্ষেত্র বীজের সম্বন্ধ নিবন্ধন শস্য সমৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। ম, অনু, ৬অ। ৭—৮।

৩৮। মেধাবী, উদ্যমশীল ব্যক্তি জগতে অন্যের দুষ্প্রাপ্য যে যে বস্তু পাইতে ইচ্ছা করেন, তাহা অবশ্যই প্রাপ্ত হইয়া থাকেন, অতএব সকল কার্য্যের জন্য সম্যক্ উদ্যম করা কর্ত্তব্য। কাম, ৫স। ১১।

৩৯। সম্যক্ আরব্ধ কার্য্য যদি নিষ্ফল হয়, তথাপি অজ্ঞানানুষ্ঠিত কার্য্যের ন্যায় তাহা সন্তাপের কারণ হয় না। যদি সম্যক্ আরব্ধ কার্য্য বিপর্য্যস্ত হয়, তাহতে পুরুষ তিরস্করণীয় নহে, কারণ তাহার পৌরুষ দৈবোপহত। অতএব সুবোধ ব্যক্তি ফল-লাভার্থে প্রযত্ন অবলম্বন করিবে। কাম, ১১স। ৩৮—৪০।

৩৭। যথা বীজং বিনা ক্ষেত্রমুপ্তং ভবতি নিষ্ফলম্।
তথা পুরুষকারেণ বিনা দৈবং ন সিধ্যতি॥
ক্ষেত্রং পুরুষকারস্তু দৈবং বীজমুদাহৃতম্।
ক্ষেত্র বীজ সমাযোগাত্ততঃ শস্যং সমৃধ্যতে। ম, অনু, ৬অ, ৭—৮।

৩৮। দুরাপমপি লোকেঽস্মিন্ যদ্‌যদ্বস্ত্বভিবাঞ্ছতি।
তত্তদাপ্নোতি মেধাবী তস্মাৎকার্য্যঃ সমুদ্যমঃ॥ কাম, ৫স, ১১।

৩৯। সম্যগারভ্যমানং হি কার্য্যং যদ্যপি নিষ্ফলম্।
ন তত্তথা তাপয়তি যথা মোহসমীহিতম্॥
যত্তু সম্যগুপক্রান্তং কার্য্যমেতৎ বিপর্য্যয়ম্।
পুমাংস্তত্রানুপালভ্যো দৈবান্তরিত পৌরুষঃ॥
"প্রযত্নস্তাবদাস্থেয়ঃ ফলায়ামলবুদ্ধিনা।" কাম, ১১স, ৩৮—৪০।

৪০। যেমন ধাতু হইতে স্বর্ণ ও মন্থন হেতু ঘৃত উৎপন্ন হয়, সেইরূপ বুদ্ধি ও প্রযত্নোপগত অধ্যবসায়ের ফল নিশ্চিত। কাম, ১৩স। ৩।

৪১। ধীমান্, উৎসাহ-সম্পন্ন, প্রভুশক্তিসমন্বিত পুরুষ সমুদ্র যেমন জলের আস্পদ সেইরূপ লক্ষ্মীর পরম-স্থান। কাম, ১৩স। ৪।

৪২। পদ্ম যেমন জলে পোষিত হয়, লক্ষ্মীও সেইরূপ বুদ্ধি দ্বারা পোষিত এবং উত্থান ও অধ্যবসায় দ্বারা বিস্তৃত হন। কাম, ১৩স। ৫।

৪৩। উৎসাহ-সম্পন্ন, বুদ্ধি-শুদ্ধ, উদ্যুক্ত পুরুষকে (ছায়া যেমন কায়া ত্যাগ করে না সেইরূপ) লক্ষ্মী কখন ত্যাগ করেন না, বরং বিস্তৃত করেন। কাম, ১৩স। ৬।

৪৪। নদী যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ বিগত-ব্যসন, অশ্রান্ত, মহোৎসাহ, মহামতি পুরুষকে সম্পদ্ সর্ব্বদা আশ্রয় করে। কাম, ১৩স। ৭।

৪৫। সত্ত্ব-বুদ্ধি-সম্পন্ন হইয়াও ব্যসনগ্রস্তচিত্ত হইলে, ষণ্ড (ষাঁড়) যেমন গাভী দ্বারা পরাভূত হয়, সেই অলস-পুরুষও সেইরূপ সম্পদ্ কর্ত্তৃক পরিভূত হয়। কাম ১৩স। ৮।

৪০। ধাতোশ্চামীকরমিব সর্পির্নির্মথনাদিব।
বুদ্ধিপ্রযত্নোপগতাধ্যবসায়াৎ ধ্রুবং ফলম্॥ কাম, ১৩স, ৩।

৪১। ধীমানুৎসাহসম্পন্নঃ প্রভুশক্ত্যা সমন্বিতঃ।
শ্রিয়ঃ স্যাৎ পরমং পাত্রমপামিব মহার্ণবঃ॥ কাম, ১৩স, ৪।

৪২। নলিনীবাম্বু সম্পত্ত্যা বুদ্ধ্যা শ্রীঃ পরিপাল্যতে।
উত্থান ব্যবসায়াভ্যাং বিস্তারমুপনীয়তে॥ কাম, ১৩স, ৫।

৪৩। লক্ষ্মীরুৎসাহ সম্পন্নান্ বুদ্ধিশুদ্ধং প্রসর্পতঃ।
নাপৈতি কায়াচ্ছায়েব বিস্তারং চোপগচ্ছতি॥ কাম, ১৩স, ৬।

৪৪। বীতব্যসনমশ্রান্তং মহোৎসাহং মহামতিম্।
প্রবিশন্তি সদা লক্ষ্ম্যঃ সরিৎপতিমিবাপগাঃ॥ কাম, ১৩স, ৭।

৪৫। সত্ত্ববুদ্ধ্যুপপন্নোঽপি ব্যসনগ্রস্তমানসঃ।
স্ত্রীভিঃ ষণ্ড ইব শ্রীভিরলসঃ পরিভূয়তে॥ কাম, ১৩স, ৮।

৪৬। ইন্ধন যেমন অগ্নিকে উত্তেজিত করে, সেইরূপ উত্থান দ্বারা সকলে উত্তেজিত হয়। সততোত্থায়ী (সর্ব্বদা উদ্যোগসম্পন্ন ব্যক্তি) দুর্ব্বল হইলেও সম্পদ্ লাভ করে। কাম, ১৩স। ৯।

৪৭। পুরুষকার সহযোগে দুষ্টস্ত্রীর ন্যায় সম্পদের ভোগার্থে সর্ব্বদা ব্যবসায় (উদ্যোগ) অবলম্বন করিবে। ক্লীবের ন্যায় নিশ্চেষ্ট থাকিবে না। কাম, ১৩স। ১০।

৪৮। যেরূপ দুর্ব্বিনীতা স্ত্রীর কেশাকর্ষণ করিয়া বশীভূত করিতে হয়, সর্ব্বদা উদ্যোগ-সম্পন্ন ব্যক্তি সৈংহীবৃত্তি অবলম্বন করিয়া সেইরূপে সম্পদ্ আয়ত্ত করিবেন। কাম, ১৩স। ১১।

৪৯। অনায়াসে আকৃষ্ট-সুদীপ্ত-খড়্গাংশু-বিচ্ছুরিত মহাহস্তি-শুণ্ডাকার হস্তদ্বারা সম্পদ্ আক্রান্ত হয়। কাম, ১৩স। ১৪।

৫০। মহান্ ব্যক্তি উচ্চতর পদ আকাঙ্ক্ষা করিয়া উর্দ্ধে পদ নিঃক্ষেপ করে। নীচ ব্যক্তি অবনতি আশঙ্কা করিয়া ক্রমশঃ অবনতি প্রাপ্ত হয়। কাম, ১৩স। ১৫।

৪৬। উত্থানেনৈধয়েৎ সর্ব্বমিন্ধনেনেব পাবকম্।
শ্রিয়ং হি সততোত্থায়ী দুর্ব্বলোঽপি সমশ্নুতে॥ কাম, ১৩স, ৯।

৪৭। ভোক্তুং পুরুষকারেণ দুষ্টস্ত্রিয়মিব শ্রিয়ম্।
ব্যবসায়ং সদৈবেচ্ছন্ন হি ক্লীববদাচরেৎ॥ কাম, ১৩ স, ১০।

৪৮। বশেচ্ছুঃ স্বয়ং সদোৎসাহী, সৈংহীবৃত্তিমুপাশ্রিতঃ।
কচগ্রহেণ কুর্ব্বীত দুর্ব্বিনীতামিবস্ত্রিয়ম্॥ কাম, ১৩স, ১১।

৪৯। হেলাকৃষ্ট স্ফুরৎকান্তি খড়্গাংশুপরিপিঞ্জরৈঃ।
শ্রীমৎ করিকরাকারৈরাক্রীয়ন্তে ভুজৈঃ শ্রিয়ঃ॥ কাম, ১৩স, ১৪।

৫০। উচ্চৈরুচ্চৈস্তরামিচ্ছন্ পদান্যায়চ্ছতে মহান্।
নীচৈর্নীচৈস্তরাং যাতি নিপাতভয়শঙ্কয়া॥ কাম, ১৩স, ১৫।

৫১। সিংহ যেমন হস্তীর মস্তকে পাদ ন্যাস করে, সেইরূপ মহৎসত্ত্ব-সম্পন্ন পুরুষ নিজ অপেক্ষা মহত্তর ব্যক্তির মস্তকে পাদ ন্যাস করে। কাম, ১৩ স। ১৬।

৫২। শ্রেয়ঃ বিক্ষিপ্ত করে এই জন্য ইহার নাম ব্যসন, ব্যসন-গ্রস্তের অবনতি হয় এই হেতু ইহার পরিবর্জ্জন করিবে। অগ্নি, জল, (অতিবৃষ্টি প্লাবন প্রভৃতি) ব্যাধি, দুর্ভিক্ষ ও মরক এই পাঁচটী দৈব-ব্যসন; তদিতর মানুষ-ব্যসন। কার্য্যতত্ত্ববেত্তা পুরুষকার ও শান্তি দ্বারা দৈব-ব্যসন এবং উদ্যোগ ও নীতি দ্বারা মানুষ-ব্যসন প্রশমন করিবে। কাম, ১৩স। ১৯-২১।

৫৩। পূজনীয়-চরিত, ধীমান্ ব্যক্তিগণ পুরুষকারকে মহৎ বলিয়া থাকেন। যাহারা পৌরুষে অশক্ত তাদৃশ অক্ষম ব্যক্তি দৈব আশ্রয় করে। শুক্র, ১অ। ৪৮।

৫৪। দৈব ও পুরুষকারে সমস্ত প্রতিষ্ঠিত। ফলোৎপত্তিসাধক দুইটীই; একটী পূর্ব্বজন্মকৃত কর্ম্ম (দৈব) ও অপরটী ইহলোকে অর্জ্জিত (পুরুষকার)। শুক্র, ১ অ। ৪৯।

৫১। প্রমাণাভ্যধিকস্যাপি মহৎসত্ত্বমধিষ্ঠিতঃ।
পদং স ধত্তে শিরসি করিণঃ কেশরী যথা॥ কাম, ১৩স, ১৬।

৫২। যস্মাদ্ধি ব্যসতি শ্রেয়স্তস্মাদ্ব্যসনমুচ্যতে।
ব্যসন্যধোঽধো ব্রজতি তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥
হুতাশনো জলং ব্যাধি দুর্ভিক্ষো মরকস্তথা।
ইতি পঞ্চবিধং দৈবং ব্যসনং মানুষং পরম্॥
দৈবং পুরুষকারেণ শান্ত্যা চ প্রসমনয়েৎ।
উত্থায়িত্বেন নীত্যা চ মানুষং কার্য্যতত্ত্ববিৎ॥ কাম, ১৩স, ১৯—২১।

৫৩। ধীমন্তো বন্দ্যচরিতা মন্যন্তে পৌরুষং মহৎ।
অশক্তাঃ পৌরুষং কর্ত্তুং ক্লীবা দৈবমুপাসতে॥ শুক্র, ১অ, ৪৮।

৫৪। দৈবে পুরুষকারে চ খলু সর্ব্বং প্রতিষ্ঠিতম্।
পূর্ব্বজন্মকৃতং কর্ম্মেহার্জ্জিতং তদ্দ্বিধাকৃতম্॥ শুক্র, ১অ, ৪৯

৫৫। ইহলোকেই ক্রিয়া দ্বারা মানবের পুরুষকার জন্মে। স্নেহ ও বর্ত্তিবিশিষ্ট দীপের বাতাদি হইতে যত্নে রক্ষার ন্যায় ইহার রক্ষা করা কর্ত্তব্য, পণ্ডিতেরা ইহা বলিয়া থাকেন। শুক্র, ১অ। ৫৩।

৫৬। অবশ্যম্ভাবী ভাবের প্রতীকার যদি না থাকে,তবে বুদ্ধি বলানুসারে দুষ্টের অপ্রতিকরণ শ্রেয়ঃ, অতএব রাজা ঈষৎ-প্রতিকূল ও অনুকূল, মধ্যবিধ প্রতিকূল ও অনুকূল এবং অধিক প্রতিকূল ও অনুকূল এই ভেদে দৈব ত্রিবিধ, ইহা চিন্তা করিবেন। রাবণের মধুবন ভঙ্গকালে একটী মাত্র বানর (হনুমান্) হইতে ও ভীষ্মসহায় দুর্য্যোধনের বিরাটরাজের গো-প্রত্যাহরণে একজন অর্জ্জুন হইতে দৈব প্রাতিকূল্য লক্ষিত হইয়াছে। রাম ও অর্জ্জুনের অনুকূল দৈবে সামান্য ক্রিয়া সুফলা হওয়ায় কালানুকূল্য ব্যক্ত হইয়াছে। শুক্র, ১অ। ৫৪—৫৭।

৫৭। প্রযত্নে দোষ নাই, কারণ তাহাই ভাগ্য। উদ্যোগ বিফল হইলে পরিশেষে তপশ্চরণ করিয়া স্বর্গে গমন করিবে। শুক্র, ১অ। ৩৮৬।

৫৫। যদন্তীহৈব ক্রিয়য়া জায়তে পৌরুষং নৃণাম্।
সস্নেহবর্ত্তিদীপস্য রক্ষা বাতাৎ প্রযত্নতঃ॥ শুক্র, ১অ, ৫৩।

৫৬। অবশ্যম্ভাবিভাবানং প্রতীকারো ন চেদ্ যদি।
দুষ্টানাং ক্ষপণং শ্রেয়ো যাবদ্ বুদ্ধিবলোদয়ম্॥
প্রতিকূলানুকূলাভ্যাং ফলাভ্যাঞ্চ নৃপোঽপ্যতঃ।
ঈষন্মধ্যাধিকাভ্যাঞ্চ ত্রিধা দৈবং বিচিন্তয়েৎ॥
রাবণস্য চ ভীষ্মাদের্বনভঙ্গে চ গোগ্রহে।
প্রাতিকূল্যন্তু বিজ্ঞাতমেকস্মাদ্ বানরান্নরাৎ॥
কালানুকূল্যং বিস্পষ্টং রাঘবাস্যার্জুনস্য চ।
অনুকূলে যদা দৈবে ক্রিয়াল্পাঃ সুফলা ভবেৎ॥ শুক্র, ১অ, ৫৪—৫৭

৫৭। ন দোষঃস্যাৎ প্রযত্নস্য ভাগধেয়ং স্বয়ং হি তৎ।
দৃষ্ট্বা সুবিফলং কর্ম্ম তপস্তপ্ত্বা দিবং ব্রজেৎ॥ শুক্র, ১অ, ৩৮৬।

৫৮। দৈব ও পৌরুষ এই উভয় বিধানে সমস্ত কর্ম্ম আয়ত্ত। তন্মধ্যে দৈব অচিন্ত্য, পুরুষকার একমাত্র ক্রিয়ার আধার। অগ্নি, ২২৫ অ। ৩৩।

৫৯। দেহান্তরার্জ্জিত স্বীয় কর্ম্মকেই দৈব বলিয়া জানিবে। সেই জন্য মনীষিগণ পৌরুষকেই শ্রেষ্ঠ বলিয়া থাকেন। অগ্নি, ২২৬অ। ১।

৬০। দৈব প্রতিকূল হইলে, পৌরুষ দ্বারা বিহত হয়। পৌরুষ বিনা প্রাক্তন সাত্ত্বিক-কর্ম্ম বলে সিদ্ধিলাভ হইয়া থাকে। দৈব-সম্পত্তি সহায়ে পৌরুষ কালে ফলিত হয়, দৈব ও পুরুষকার এই উভয়ই পুরুষের ফলোৎ-পাদন করে। অগ্নি, ২২৬অ। ২—৩।

৬১। বৃষ্টিযোগে কৃষীর যথাকালে ফল সিদ্ধি হয়, অতএব অলস বা দৈবপর না হইয়া পৌরুষকে স্বধর্ম্মযুক্ত করিবে। অগ্নি, ২২৬অ। ৪।

৫৮। সর্ব্বং ধর্ম্মেদমায়ত্তং বিধানে দৈবপৌরুষে।
তয়োর্দৈবমচিন্ত্যং হি পৌরুষে বিদ্যতে ক্রিয়া॥ অগ্নি, ২২৫অ, ৩৩।

৫৯। স্বমেব কর্ম্ম দৈবাখ্যং বিদ্ধি দেহান্তরার্জ্জিতম্।
তস্মাৎ পৌরুষমেবেহ শ্রেষ্ঠমাহুর্মনীষিণঃ॥ অগ্নি, ২২৬অ, ১।

৬০। প্রতিকূলং তথা দৈবং পৌরুষেণ বিহন্যতে।
সাত্ত্বিকাৎ কর্ম্মণঃ পূর্ব্বাৎ সিদ্ধিঃ স্যাৎ পৌরুষং বিনা॥
পৌরুষং দৈবসম্পত্ত্যা কালে ফলতি ভার্গব।
দৈবং পুরুষকারশ্চ দ্বয়ং পুংসঃ ফলাবহম্॥ অগ্নি, ২২৬অ, ২—৩।

৬১। কৃষের্বৃষ্টিসমাযোগাৎ কালে স্যুঃ ফলসিদ্ধয়ঃ।
স্বধর্ম্মং পৌরুষং কুর্য্যান্নালসো ন চ দৈববান্॥ অগ্নি, ২২৬অ, ৪।

পঞ্চম স্তবক।

[রাজকর্ত্তব্য।]

পৃথিবী পালনার্থে রাজাকে যে কত কার্য্যই করিতে হয়, তাহার পরিসীমা নাই। প্রজারক্ষার্থে ও প্রজার সুখ সাচ্ছন্দ্য-নিমিত্ত বিবিধ ব্যবস্থা; রাজ্য রক্ষার্থে করাবধারণাদির বিধান; কৃষি, বাণিজ্য ও শিল্পাদি বিষয়ের উদ্ভব, স্থিতি ও উন্নতি-কল্পে বিবিধ উপায়-চিন্তন ও বিধি-প্রণয়ন, শত্রু-চিন্তন ও শত্রু-নিগ্রহার্থে যুদ্ধ-বিগ্রহাদি করণ প্রভৃতি বিবিধ কার্য্য রাজাকে নির্ব্বাহ করিতে হয়। সকল রাজকার্য্যেরই বিধান শাস্ত্রকারেরা নির্দ্দেশ করিয়াছেন, তন্মধ্যে শাস্ত্রবিহিত রাজপুর ও দুর্গাদি, রাজ কর ও কোষ রক্ষা, শত্রু-চিন্তন, চার-নিয়োগ, যুদ্ধাদি এবং আপদ্ কালীন কর্ত্তব্যাদি বিষয়ে বিশেষ বিধি অতঃপর যথাস্থানে সংকলিত হইবে; এস্থলে শাস্ত্রবিহিত সাধারণতঃ কতিপয় রাজকর্ত্তব্য বিধি সংকলিত হইল।

১। নৃপতি নিজ গোপনীয় বাক্য সকল, শত্রু বিজয়ের নিমিত্ত লোক সংগ্রহ ও শারীরিক বা মানসিক কৌটিল্যাদি এবং যে সকল হীনকার্য্য করিয়া থাকেন, সকলের নিকট সারল্য প্রকাশ করিয়া তাহা গোপন

১। রাজ্ঞো রহস্যংতদ্বাক্যং যথার্থং লোক সংগ্রহঃ।
হৃদি যচ্চাস্য জিহ্মং স্যাৎ কারণেন চ যদ্ভবেৎ॥
যচ্চাস্য কার্য্যং বৃজিনমার্জ্জবেনেহ নির্জ্জয়েৎ।
দম্ভনার্থঞ্চ লোকস্য ধর্ম্মিষ্ঠামাচরেৎ ক্রিয়াম্॥

রাখিবেন। লোক সকলকে সংগ্রহ করিবার নিমিত্ত ধর্ম্মনিষ্ঠ আচরণ করিবেন; কারণ অকৃতাত্মা ব্যক্তিগণ সুমহৎ রাজতন্ত্র রক্ষা করিতে সমর্থ হয় না। নিরতিশয় মৃদুব্যক্তি এরূপ আয়াস-সাধ্য স্থান রক্ষা করিতে সমর্থ হয় না এবং নিতান্ত সরল প্রকৃতি হইলেও এতাদৃশ সর্ব্বলোক লোভজনক রাজ্য রক্ষা হয় না সুতরাং সারল্য এবং ক্রৌর্য্য এই উভয়মিশ্র বৃত্তি অবলম্বন করা কর্ত্তব্য। ম, শা, ৫৮ অ। ১৯—২২।

২। নরপতি দুর্গ, স্বীয় রাজ্য-সীমার বহির্ভাগ, নগর, উপবন, অন্তঃপুরস্থ উদ্যান, চতুষ্পথ, পুর, অন্তঃপুর এবং রাজ-নিবেশন এই সকল স্থানে পদাতি সৈন্যগণকে সংস্থাপিত করিবেন। ম, শা, ৬৯ অ। ৬—৭।

৩। বুদ্ধিমান্ নরপতি আপনাকে উচ্ছিদ্যমান জ্ঞান করিলে লোক-দ্বিষ্ট পূর্ব্বাপকারী লোক সকলের বিনাশ সাধন করিবেন। যে ভূপতি কোনরূপ উপকার বা অপকার করিতে সমর্থ হন না এবং আপনাকেও উদ্ধার করিতে অসমর্থ, তাহার প্রতি উপেক্ষা প্রদর্শন করিতে পারেন। ম, শা, ৬৯ অ। ১৭—১৮।

রাজ্যং হি সুমহত্তন্ত্রং ধার্য্যতে নাকৃতাত্মভিঃ।
ন শক্যং মৃদুনা বোঢ়ুমায়াসস্থানমুত্তমম্॥
রাজ্যং সর্ব্বামিষং নিত্যমার্জ্জবেনেহ ধার্য্যতে।
তস্মান্মিশ্রেণ সততং বর্ত্তিতব্যং যুধিষ্ঠির॥ ম, শা, ৫৮অ, ১৯—২২।

২। ন্যসেত গুল্মান্ দুর্গেষু সন্ধৌচ কুরুনন্দন।
নগরোপবনে চৈব পুরোদ্যানেষু চৈব হ॥
সংস্থানেষু চ সর্ব্বেষু পুরেষু নগরেষু চ।
মধ্যে চ নরশার্দ্দূল তথা রাজনিবেশনে॥ ম, শা, ৬৯অ, ৬—৭।

৩। উচ্ছিদ্যমানমাত্মানং জ্ঞাত্বা রাজা মহামতিঃ।
পূর্ব্বাপকারিণো হন্যাল্লোক দ্বিষ্টাংশ্চ সর্ব্বশঃ॥
যো নোপকর্ত্তুং শক্নোতি নাপকর্ত্তুং মহীপতিঃ।
ন শক্যরূপশ্চোদ্ধর্ত্তুমুপেক্ষ্যস্তাদৃশো ভবেৎ॥ ম, শা, ৬৯অ, ১৭—১৮

৪। নৃপতি ক্রোধবশতঃ অকারণে অন্যের অবমাননা এবং তাড়না করিলে, শাস্ত্রনির্দ্দিষ্ট যথার্হ প্রভূত ধনদান এবং সান্ত্বনা বাক্য দ্বারা তাহা-দের পূজা করিয়া তাহা হইতে অনৃণ হইবেন। ম, শা, ৬৯ অ। ৬৩।

৫। নৃপতির আত্মা, অমাত্য, কোষ, দণ্ড, মিত্র, জনপদ, পুর এই সপ্তাত্মক রাজ্য সর্ব্ব প্রযত্নে প্রতিপালন করা কর্ত্তব্য। ম, শা, ৬৯অ। ৬৪—৬৫।

৬। মেদিনী এবং পুরবাসিগণকে সম্যক্‌রূপে পালন এবং অপর সর্ব্বপ্রকার কার্য্য করিয়া নরপতি পরত্র সুখলাভ করিয়া থাকেন। ম, শা, ৬৯ অ। ৭২।

৭। নৃপতি অস্তব্ধভাবে মান্যগণের সৎকার, মায়া বিরহিত হইয়া গুরুজনের সেবা, দম্ভবিহীন হইয়া দেবগণের অর্চ্চনা এবং অনিষিদ্ধ হইতে ধনগ্রহণ করিবেন। ম, শা, ৭০ অ। ৯।

৮। নৃপতি প্রণয় পরিত্যাগ করিয়া সেবা করিবেন এবং দক্ষ হইয়া সময় প্রতীক্ষা করিবেন। ম, শা, ৭০ অ। ১০।

৪। নির্বেদয়িত্বা তু পরং হত্বা বা কুরুনন্দন।
ততোঽনৃণো ভবেদ্রাজা যথাশাস্ত্রে নিদেশিতম্॥ ম, শা, ৬৯অ, ৬৩।

৫। রাজ্ঞা সপ্তৈব রক্ষ্যাণি তানি চৈব নিবোধ মে।
আত্মামাত্যাশ্চ কোষাশ্চ দণ্ডো মিত্রাণি চৈব হি॥
তথা জনপদাশ্চৈব পুরঞ্চ কুরুনন্দন।
এতৎ সপ্তাত্মকং রাজ্যং পরিপাল্যং প্রযত্নতঃ॥ ম, শা, ৬৯অ, ৬৪—৬৫।

৬। কৃত্বা সর্ব্বাণি কার্য্যাণি সম্যক্ সম্পাল্য মেদিনীম্।
পালয়িত্বা তথা পৌরান্ পরত্র সুখমেধতে॥ ম, শা, ৬৯অ, ৭২।

৭। অস্তব্ধঃ পূজয়েন্মান্যান্ গুরূন্ সেবেদমায়য়া।
অর্চ্চেদ্দেবানদম্ভেন শ্রিয়মিচ্ছেদকুৎসিতাম্॥ ম, শা, ৭০অ ৯।

৮। "সেবেত প্রণয়ং হিত্বা দক্ষঃস্যান্ন ত্বকালবিৎ॥" ম, শা, ৭০অ, ১০।

৯। যে ধন চৌরে অপহরণ করিয়াছে তাহা যদি নৃপতি প্রত্যাহরণ করিতে না পারেন, তবে তাদৃশ অশক্ত ভূপতির স্বীয় কোশ হইতে সেই ধন প্রদান করা কর্ত্তব্য। ম, শা, ৭৫অ। ১০।

১০। সকল বর্ণেরই ব্রাহ্মণের ন্যায় ব্রহ্মস্বকে রক্ষা করা কর্ত্তব্য। যে ব্রাহ্মণগণের অপকার করে, তাহাকে রাজ্য মধ্যে স্থান দেওয়া কর্ত্তব্য নহে। ম, শা ৭৫ অ। ১১।

১১। ধার্ম্মিক নরপতি রাজ্যলাভ করিয়া কাহাকে দান দ্বারা, কাহাকে বল দ্বারা, কাহাকে বা মধুর বাক্য দ্বারা সর্ব্বতোভাবে স্ববশীভূত করিবেন। ম, শা, ৭৫ অ। ৩১।

১২। যে নৃপতি ভয়পীড়িত মনুষ্যগণকে ক্ষণকাল মধ্যে সেই ভয় হইতে পরিত্রাণ করিয়া তাহাদের মঙ্গল বিধান করেন, সেই নৃপতি স্বর্গজিৎ। ম, শা, ৭৫ অ। ৩৪।

১৩। অমাত্যগণ রাজকোষ অপহরণ ও নষ্ট করিলে, ভৃত বা অভৃত

৯। প্রত্যাহর্ত্তুমশক্যং স্যাদ্ধনং চৌরৈর্হৃতং যদি।
তৎ স্বকোশাৎ প্রদেয়ং স্যাদশক্তেনোপজীবিতঃ॥ ম, শা, ৭৫অ, ১০।

১০। সর্ব্ববর্ণৈঃ সদারক্ষ্যং ব্রহ্মস্বং ব্রাহ্মণা যথা।
ন স্থেয়ং বিষয়ে তেন যোঽপকুর্য্যাদ্দ্বিজাতিষু॥ ম, শা, ৭৫অ, ১১।

১১। দানেনান্যং বলেনান্যমন্যং সূনৃতয়াগিরা।
সর্ব্বতঃ প্রতিগৃহ্লীয়াদ্রাজ্যং প্রাপ্যেহ ধার্ম্মিকঃ॥ ম, শা, ৭৫অ, ৩১।

১২। যস্মিন্ ভয়ার্দ্দিতঃ সম্যক্ ক্ষেমং বিন্দত্যপি ক্ষণম্।
স স্বর্গজিত্তমোঽস্মাকং সত্যমেতদ্ ব্রবীমি তে॥ ম, শা, ৭৫অ, ৩৪।

১৩। হ্রিয়মাণমমাত্যেন ভৃতো বা যদি বাভৃতঃ।
যো রাজকোশং নশ্যন্তমাচক্ষীত যুধিষ্ঠির॥
শ্রোতব্যমস্য চ রহো রক্ষশ্চামাত্যতো ভবেৎ।
অমাত্যা হ্যপহর্ত্তারো ভূয়িষ্ঠং ঘ্নন্তি ভারত॥ ম, শা, ৮২অ, ২—৩।

হউক, যে কোন মানব তাহা রাজাকে কহিলে, রাজা নির্জ্জনে তাহার সেই বাক্য শুনিবেন এবং অমাত্য হইতে তাহাকে রক্ষা করিবেন। কেন, না অপহর্ত্তা অমাত্যগণ সকলকেই বিনাশ করিয়া থাকে। ম, শা, ৮২অ। ২—৩।

১৪। যে পুরুষ রাজকোষ রক্ষক, রাজা তাহাকে রক্ষা না করিলে, রাজকোষাপহারী অমাত্যেরা সকলে সমবেত হইয়া তাহাকে বিনষ্ট করে। ম, শা, ৮২ অ। ৪।

১৫। রাজা ও রাজপুত্রের নিয়ত যত্ন-পূর্ব্বক তপস্বী প্রদেশ পরিহার করা উচিত। বা, অ, ৯১ স। ৭।

১৬। নৃপতি নিদ্রার বশীভূত হইবেন না; যথাকালে নিদ্রিত ও জাগরিত হইবেন; রাত্রিশেষে অর্থ প্রাপ্তির উপায় চিন্তা করিবেন; একাকী অথবা অনেকের সহিত মন্ত্রণা করিবেন না; স্থিরীকৃত মন্ত্রণা সকল রাজ্য মধ্যে প্রচারিত না হয় তদ্বিষয়ে বিশেষ দৃষ্টি রাখিবেন; কোন বিষয় নিশ্চয়

১৪। রাজকোশস্য গোপ্তারং রাজকোশ বিলোপকাঃ।
সমেত্য সর্ব্বে বাধন্তে স বিনশ্যত্যরক্ষিতঃ॥ ম, শা, ৮২অ, ৪।

১৫। রাজ্ঞাহি ভগবন্ নিত্যং রাজপুত্রেণ বা তথা।
যত্নতঃ পরিহর্ত্তব্যা বিষয়েষু তপস্বিনঃ॥ বা, অ, ৯১অ, ৭।*

১৬। কচ্চিন্নিদ্রাবশং নৈষি কচ্চিৎ কালেঽববুধ্যসে।
কচ্চিচ্চাপররাত্রেষু চিন্তয়স্যর্থ নৈপুণম্॥
কচ্চিন্মন্ত্রয়সে নৈকঃ কচ্চিন্ন বহুভিঃ সহ।
কচ্চিত্তে মন্ত্রিতো মন্ত্রো রাষ্ট্রং ন পরিধাবতি॥

---

* ভরত ভরদ্বাজ আশ্রমে গমনকালে সৈন্য সকলকে দূরে রাখিয়া যাওয়ায় মুনি কিজন্য সৈন্যসামন্ত সঙ্গে লইয়া আশ্রমে আসিলে না? ইহা জিজ্ঞাসা করিলে ভরত প্রত্যুত্তরে বলিয়াছিলেন—

করিয়া অল্প-যত্ন-সাধ্য অথচ মহাফলপ্রদ কর্ম্ম শীঘ্র আরম্ভ করিবেন, কদাচ বিলম্ব করিবেন না ; সামন্তগণ সুনিষ্পন্ন অথবা কৃত-প্রায় কার্য্য ভিন্ন যাহা কর্ত্তব্য বলিয়া মন্ত্রিত হইয়াছে, তাহা যেন কোনরূপেই জানিতে না পারেন, তদ্বিষয়ে সতর্ক হইবেন। বা, অ, ১০০ স। ১৭—২০।

১৭। নৃপতি বা তদীয় অমাত্যগণ কর্ত্তৃক যে সকল মন্ত্রণা প্রকাশিত হয় নাই, অপরে তাহা যুক্তি বা তর্কমূলক অনুমান দ্বারা যেন কোনরূপেই অবগত হইতে না পারে। বা, অ, ১০০ স। ২১।

১৮। নৃপতির সহস্র মূর্খ পরিত্যাগ-পূর্ব্বক এক জন পণ্ডিতকে পরিগ্রহ করা কর্ত্তব্য, যে হেতু অর্থ-সঙ্কট উপস্থিত হইলে পণ্ডিত ব্যক্তিই তাহা হইতে নিস্তাররূপ মহৎ কল্যাণ সাধন করিয়া থাকেন। বা, অ ১০০স। ২২।

১৯। নৃপতির প্রত্যহ আপনাকে রাজ বেশে বিভূষিত করিয়া সভামধ্যে জনগণকে দর্শন দেওয়া এবং পূর্ব্বাহ্নে উত্থিত হইয়া তাদৃশ

কচ্চিদর্থং বিনিশ্চিত্য লঘুমূলং মহোদয়ম্।
ক্ষিপ্রমারভসে কর্ম্ম ন দীর্ঘয়সি রাঘব॥
কচ্চিত্তু সুকৃতান্যেব কৃতরূপাণি বা পুনঃ।
বিদুস্তে সর্ব্বকার্য্যাণি ন কর্ত্তব্যানি পার্থিবাঃ॥* বা, অ, ১০০স, ১৭—২০।

১৭। কচ্চিন্ন তর্কৈর্যুক্ত্যা বা যে চাপ্যপরিকীর্ত্তিতাঃ।
ত্বয়া বা তব বামাত্যৈর্বুধ্যতে তাত মন্ত্রিতম্॥* বা, অ, ১০০স, ২১।

১৮। কচ্চিৎ সহস্রৈর্মূর্খাণামেকমিচ্ছসি পণ্ডিতম্।
পণ্ডিতো হ্যর্থকৃচ্ছ্রেষু কুর্য্যান্নিঃশ্রেয়সং মহৎ॥ বা, অ, ১০০স, ২২।*

১৯। কচ্চিদ্দর্শয়সে নিত্যং মানুষাণাং বিভূষিতম্।
উত্থায়োত্থায় পূর্ব্বাহ্নে রাজপুত্র মহাপথে॥* বা, অ, ১০০স, ৫১।

---

* রামচন্দ্র বনগমন করিলে ভরত অনুগমন করিয়া অরণ্যে সাক্ষাৎ করিতে গেলে, [রা]মচন্দ্র ভরতকে প্রশ্নচ্ছলে রাজনীতির উপদেশ দিয়াছিলেন।

বেশে নিত্য নিত্য রাজপথে বিচরণ করতঃ প্রজাপুঞ্জকে দর্শন দেওয়া বিহিত। বা, অ, ১০০ স। ৫১।

২০। চোর যেমন দণ্ডার্হ বুদ্ধমতানুসারী তথাগত নাস্তিকদিগকে এবং আপনাকেও সেইরূপ দণ্ডার্হ জানিবেন। প্রজাগণের বুদ্ধি-শুদ্ধির জন্য নাস্তিক ব্যক্তির দণ্ড করা রাজার কর্ত্তব্য কার্য্য, পণ্ডিত ব্যক্তি অধার্ম্মিক নাস্তিকের সহিত বাক্যালাপও করেন না। বা, অ, ১০৯ স। ৩৪।

২১। যে নরপতি কোন রাজবংশের উচ্ছেদ করিয়া তথায় পুনর্ব্বার রাজনিয়োগ না করেন, তিনিও নরকগামী হইয়া থাকেন। বা, উ, ৭৫ স। ১৮—১৯।

একদা মহর্ষি নারদ পাণ্ডবদিগের সভায় সমাগত হইয়া ধর্ম্ম-রাজ যুধিষ্ঠিরকে প্রশ্নচ্ছলে রাজকর্ত্তব্যের উপদেশ দিয়াছিলেন। তাহার তাৎপর্য্যার্থ নিম্নে সঙ্কলিত হইল।

২২। রাজা অর্থ সমস্ত সঞ্চিত ও বিহিত কার্য্যে ব্যয় করিবেন এবং মনকে নিয়ত ধর্ম্মে রত রাখিবেন। সুখ সমুদায় অনুভব করিবেন, কিন্তু তাহাতে মন যেন বিহত না হয়। ম, স, ৫ অ। ১৭।

২০। যথাহি চৌরঃ স তথাহি বুদ্ধ-
স্তথাগতং নাস্তিকমত্র বিদ্ধি।
তস্মাদ্ধি যঃ শক্যতমঃ প্রজানাং
স নাস্তিকে নাভিমুখো বুধঃ স্যাৎ॥ বা, অ, ১০৯স, ৩৪। *

২১। "যো হি বংশ সমুৎসাদ্য পার্থিবস্য নিবেশনে॥"
"ন বিধত্তে নৃপং তত্র নরকং স হি গচ্ছতি।" বা, উ, ৭৫স. ১৮—১৯।

২২। কচ্চিদর্থাশ্চ কল্পন্তে ধর্ম্মেচ রমতে মনঃ।
সুখানি চানুভূয়ন্তে মনশ্চ ন বিহন্যতে॥ ম, স ৫অ, ১৭।

* জাবালি মুনি রামচন্দ্র সমীপে নাস্তিকতা পূর্ণ বাক্যে গৃহবাস প্ররোচনা করিলে, রামচন্দ্র অমর্ষ পরবশ হইয়া তাঁহাকে বলিয়াছিলেন।

২৩। শত্রু, মিত্র ও উদাসীনেরা কি করিতে ইচ্ছা করিতেছে, রাজা তাহা সর্ব্বদা অবগত হইবেন। ম, স, ৫ অ। ২৫।

২৪। রাজা অল্পায়াস সাধ্য অথচ মহাফলোপধায়ক এরূপ কর্ম্ম-সকল শীঘ্রই আরম্ভ করিবেন। কোন কারণে তাহার ব্যাঘাত করিবেন না। সমস্ত কার্য্যের শেষভাগ নয়ন-গোচর করিবেন, যাহাতে তাহা অবিশঙ্কনীয় হয়। কোন কার্য্য আরম্ভ করিয়া তাহা ত্যাগ করা নিন্দনীয়, অতএব কার্য্যারম্ভের পূর্ব্বেই বিবেচনা করিয়া কার্য্য আরম্ভ করিবেন; যেন তৎসমুদায়ের আয়োজন বিশৃঙ্খল হইয়া না যায় এবং তাহা বিশ্বস্ত নির্লোভ ও পুরাতন ক্রমজ্ঞ কর্ম্মচারিগণ দ্বারা সম্পাদন করাইবেন। ম, স, অ। ৩১—৩৩।

২৫। রাজা সর্ব্বশাস্ত্র বিশারদ আচার্য্যগণ দ্বারা কুমার যোধমুখ্যদিগকে ধর্ম্ম বিষয়ে শিক্ষার বিধান করিবেন। ম, স, ৫ অ। ৩৪।

২৬। রাজা সহস্র সহস্র মূর্খ দিয়াও একজন পণ্ডিত ক্রয় করিবেন, কেন না, পণ্ডিত ব্যক্তি সঙ্কটাপন্ন বিপদ্ হইতে উদ্ধার করিয়া মঙ্গল সাধন করেন। ম, স, ৫ অ। ৩৫।

২৩। "মিত্রোদাসীন শত্রূণাং কচ্চিদ্বেৎসি চিকীর্ষিতম্।" ম, স, ৫অ, ২৫।

২৪। কচ্চিদর্থান্ বিনিশ্চিত্য লঘুমূলান্ মহোদয়ান্।
ক্ষিপ্রমারভসে কর্ত্তুং ন বিঘ্নয়সি তাদৃশান্।
কচ্চিন্ন সর্ব্বে কর্ম্মান্তাঃ পরোক্ষাস্তে বিশঙ্কিতাঃ॥
সর্ব্বে বা পুনরুৎসৃষ্টাঃ সংসৃষ্টং চাত্র কারণম্॥
"আপ্তৈরলুব্ধৈঃ ক্রমিকৈস্তে চ কচ্চিদনুষ্ঠিতাঃ।" ম, স, ৫অ, ৩১—৩৩।

২৫। কচ্চিৎ কারণিকা ধর্ম্মে সর্ব্বশাস্ত্রেষু কোবিদাঃ।
কারয়ন্তি কুমরাংশ্চ যোধমুখ্যাশ্চ সর্ব্বশঃ॥ ম, স, ৫অ, ৩৪

২৬। কচ্চিৎ সহস্রৈর্মূর্খাণামেকং ক্রীণাসি পণ্ডিতম্।
পণ্ডিতো হ্যর্থকৃচ্ছ্রেষু কুর্য্যান্নিঃশ্রেয়সং পরম্॥ ম, স, ৫অ, ৩৫।

২৭। রাজা সামুদ্রিক শাস্ত্রানুসারে অঙ্গপরীক্ষায় সুনিপুণ, দৈবাভিপ্রায়বেত্তা এবং দৈবাদি উৎপাত সময়ে প্রতিকার-দক্ষ জ্যোতিঃশাস্ত্র প্রতিপাদক ব্যক্তিকে আদর পূর্ব্বক রাখিবেন। ম, স, ৫ অ। ৪২।

২৮। কোন পুরুষ পুরুষত্ব প্রকাশ-পূর্ব্বক আপনার কর্ম্ম উজ্জ্বল করিলে, রাজা তাহাকে সমধিক মান অথবা সমধিক অন্ন ও বেতন দ্বারা সম্মানিত করিবেন। ম, স,৫ অ। ৫২।

২৯। রাজার নিমিত্ত যাহারা প্রাণ ত্যাগ করে, অথবা বিপন্ন হয়, রাজা তাহাদিগের পরিববারবর্গের ভরণ পোষণ করিবেন। ম, স, ৫ অ। ৫৪।

৩০। রাজা বিদ্যাবিনয়-সম্পন্ন, জ্ঞান-বিশারদ লোকদিগকে গুণানুসারে যথাযোগ্য পুরস্কার প্রদান করিবেন। ম, স, ৫ অ। ৫৩।

৩১। রাজা কোষ, শস্যগৃহ, বাহন, দ্বার, আয়ুধ ও অন্তঃপুর এ সমস্ত কল্যাণকর-ভক্ত-ভৃত্যগণ কর্ত্তৃক সুরক্ষিত করিবেন। ম, স, ৫ অ। ৬৭।

২৭। কচ্চিদঙ্গেষু নিষ্ণাতো জ্যোতিষঃ প্রতিপাদকঃ।
উৎপাতেষু হি সর্ব্বেষু দৈবজ্ঞঃ কুশলস্তব॥ ম, স, ৫অ, ৪২।

২৮। কচ্চিৎ পুরুষকারেণ পুরুষঃ কর্ম্ম শোভয়ন্।
লভতে মানমধিকং ভূয়ো বা ভক্তবেতনম্॥ ম, স, ৫অ, ৫২।

২৯। কচ্চিদ্দারান্ মনুষ্যাণাং তবার্থে মৃত্যুমীয়ুষাম্।
ব্যসনং চাভ্যুপেতাণাং বিভর্ষি ভরতর্ষভ॥ ম, স, ৫অ, ৫৪।

৩০। কচ্চিদ্বিদ্যাবিনীতাংশ্চ নরান্ জ্ঞানবিশারদান্।
যথার্হং গুণতশ্চৈব দানেনাভ্যুপপদ্যসে॥ ম, স, ৫অ, ৫৩।

৩১। কচ্চিৎ কোশশ্চ কোষ্ঠঞ্চ বাহনং দ্বারমায়ুধম্।
আয়শ্চ কৃতকল্যাণৈস্তব ভক্তৈরনুষ্ঠিতঃ॥ ম, স, ৫অ, ৬৭।

৩২। রাজা আয়ের অর্দ্ধাংশ, চতুর্থাংশ অথবা ত্রি-চতুর্থাংশ দ্বারা ব্যয়ের পূরণ করিবেন। ম, স, ৫ অ। ৭০।

৩৩। রাজা জ্ঞাতি, গুরু, বৃদ্ধ, বণিক্, শিল্পজীবী, আশ্রিত নম্র ও দুর্দ্দশাপন্ন ব্যক্তিদিগকে সর্ব্বদা ধন-ধান্য দিয়া অনুগ্রহ করিবেন। ম, স, ৫অ। ৭১।

৩৪। রাজা কৃষকদিগকে সন্তুষ্ট রাখিবেন। কৃষিকার্য্যে নিতান্ত বৃষ্টি-রই অপেক্ষা করিতে না হয়, স্থানে স্থানে বিভাগানুসারে কূপ, বৃহৎ বৃহৎ তড়াগাদি জলাশয় জলপূর্ণ থাকে, রাজা তাহা করিবেন। ম, স, ৫ অ। ৭৬—৭৭।

৩৫। কৃষিজীবীদিগের বীজ ও অন্নের কোনরূপ হানি না হয়, রাজা সে দিকে বিশেষ দৃষ্টি রাখিবেন। কৃষিজীবীদিগকে প্রত্যেক শতের প্রতি চতুর্থাংশ বৃদ্ধি লইয়া রাজা সানুগ্রহ মনে ঋণ দান করিবেন এবং কৃষি, বাণিজ্য, পশুপালন ও ঋণদান এই চতুর্ব্বিধা বার্ত্তা যেন সচ্চরিত্র মানবগণ

৩২। কচ্চিদায়স্য চার্দ্ধেন চতুর্ভাগেন বা পুনঃ।
পাদভাগৈস্ত্রিভির্ব্বাপি ব্যয়ঃ সংশুধ্যতে তব॥ ম, স, ৫অ, ৭০।

৩৩। কচ্চিজ্জ্ঞাতীন্ গুরূন্ বৃদ্ধান্ বণিজঃ শিল্পিনঃ শ্রিতান্।
অভীক্ষ্ণমনুগৃহ্ণাসি ধনধান্যেন দুর্গতান্॥ ম, স, ৫অ, ৭১।

৩৪। ——————কচ্চিৎ তুষ্টাঃ কৃষীবলাঃ
কচ্চিদ্রাষ্ট্রে তড়াগানি পূর্ণানি চ বৃহন্তি চ।
ভাগশো বিনিবিষ্টানি ন কৃষির্দেব মাতৃকা॥ ম, স, ৫অ, ৭৬—৭৭।

৩৫। কচ্চিন্ন ভক্তং বীজঞ্চ কর্ষকস্যাবসীদতি।
প্রত্যেকঞ্চ শতং বৃদ্ধ্যা দদাস্যৃণমনুগ্রহম্॥
কচ্চিৎ স্বনুষ্ঠিতা তাত বার্ত্তা তে সাধুভির্জ্জনৈঃ।
বার্ত্তায়াং সংশ্রিতস্তাত লোকোঽয়ং সুখমেধতে॥ ম, স, ৫অ ৭৮—৭৯।

কর্ত্তৃক সুন্দররূপে অনুষ্ঠিতা হয়। যেহেতু বার্ত্তার সংগ্রহ থাকিলেই লোকে সুখী হইতে পারে। ম, স, ৫ অ। ৭৮—৭৯।

৩৬। রাজা রাত্রির দ্বিতীয় ও তৃতীয় প্রহরে সুখসুপ্ত হইয়া শেষ যামে উত্থান-পূর্ব্বক ধর্ম্মার্থ চিন্তা করিবেন। ম, স, ৫ অ। ৮৫।

৩৭। রাজা নিয়ম ও ঔষধ দ্বারা শারীরিক পীড়ার এবং বৃদ্ধগণের উপদেশ দ্বারা মানসিক পীড়ার শান্তি করিবেন। ম, স, ৫ অ। ৮৯।

৩৮। রাজার পুরবাসী ও রাষ্ট্রবাসী জনগণ বিপক্ষ-কর্ত্তৃক ক্রীত হইয়া ঐকমত্য অবলম্বন-পূর্ব্বক রাজার সহিত কোন বিরুদ্ধ ব্যবহার না করিতে পারে, রাজা সতত তৎপ্রতি লক্ষ্য রাখিবেন। ম, শ, ৫ অ। ৯৩।

৩৯। প্রধান প্রধান ভূপালেরা রাজা কর্ত্তৃক সমাদৃত হইয়া অনুরক্ত থাকেন ও তাঁহার মঙ্গলার্থে প্রাণ পর্য্যন্ত পরিত্যাগ করিতে উদ্যত হন, রাজা তাঁহাদের সহিত এরূপ ব্যবহার করিবেন; ম, স, ৫ অ। ৯৫।

৪০। রাজা ধর্ম্মার্থ-প্রদর্শক, অর্থজ্ঞ বৃদ্ধদিগের ধর্ম্মার্থ-যুক্ত বাক্য সকল নিয়ত শ্রবণ করিবেন। ম. স, ৫ অ। ১১৬।

৩৬। কচ্চিৎ দ্বৌ প্রথমৌ যামৌ রাত্রেঃ সুপ্‌্বা বিশাম্পতে।
সংচিন্তয়সি ধর্ম্মার্থৌ যাম উত্থায় পশ্চিমে॥ ম, স, ৫অ, ৮৫।

৩৭। কচ্চিচ্ছারীরমাবাধমৌষধৈর্নিয়মেন বা।
মানসং বৃদ্ধসেবাভিঃ সদা পার্থাপকর্ষসি॥ ম. স, ৫অ, ৮৯।

৩৮। কচ্চিৎ পৌরা ন সহিতা যে চ তে রাষ্ট্রবাসিনঃ।
ত্বয়া সহ বিরুধ্যন্তে পরৈঃ ক্রীতাঃ কথঞ্চন॥ ম, স, ৫অ, ৯৩।

৩৯। কচ্চিৎ সর্ব্বেঽনুরক্তাস্ত্বাং ভূমিপালাঃ প্রধানতঃ।
কচ্চিৎ প্রাণাংস্ত্বদর্থেষু সংত্যজন্তি ত্বয়া হৃতাঃ॥ ম. স, ৫অ, ৯৫।

৪০। কচ্চিচ্ছৃণোষি বৃদ্ধানাং ধর্ম্মার্থ সহিতাগিরঃ।
নিত্যমর্থবিদাং তাত তথা ধর্ম্মার্থদর্শিনাম্॥ ম, স, ৫অ, ১১৬।

৪১। রাজা সর্ব্ব সময়ে সর্ব্বপ্রকার শিল্পীদিগের মাসচতুষ্টয়ের অনধিক কালোপযুক্ত সম্যক্‌রূপে নিরূপিত বেতন ও নির্ম্মাণ-সামগ্রী সমস্ত প্রদান করিবেন। শিল্পিগণের অনুষ্ঠিত কার্য্য অবগত হইবেন এবং সাধু-সমাজে কর্ম্ম-কর্ত্তার প্রশংসা করিয়া তাহাকে সমুচিত পুরস্কার প্রদান করিবেন। ম, স, ৫ অ। ১১৮—১১৯।

৪২। রাজা সংক্ষিপ্ত সিদ্ধান্তযুক্ত সর্ব্বপ্রকার বাক্য, বিশেষতঃ হস্ত্যশ্ব-রথাদির পরীক্ষার সূত্র সমস্ত অবহিত ভাবে গ্রহণ করিবেন। ম, স, ৫ অ। ১২০।

৪৩। ধনুর্ব্বেদ সূত্র ও নগর হিতকর-যন্ত্র-শিক্ষা গ্রন্থ সমস্ত রাজগৃহে সর্ব্বদা আলোচনা হইবে। ম, স, ৫ অ। ১২১।

৪৪। রাজা অন্ধ, মূক, পঙ্গু, বিকলাঙ্গ, বন্ধু-হীন ও সন্ন্যাসীদিগকে পিতার ন্যায় পালন করিবেন। ম, স, ৫ অ। ১২৪।

৪৫। কোন নৃপতি কেবল ধর্ম্মাত্মা হইয়া ঐশ্বর্য্য বা শ্রীলাভ করেন

৪১। দ্রব্যোপকরণং কিঞ্চিৎ সর্ব্বদা সর্ব্বশিল্পিনাম্।
চাতুর্ম্মাস্যাবরং সম্যক্ নিয়তং সংপ্রযচ্ছসি॥
কচ্চিৎ কৃতং বিজানীষে কর্ত্তারঞ্চ প্রশংসসি।
সতাং মধ্যে মহারাজ সৎকরোষি চ পূজয়ন্॥ ম, স, ৫অ, ১১৮—১১৯।

৪২। কচ্চিৎ সূত্রাণি সর্ব্বাণি গৃহ্লাসি ভরতর্ষভ।
হস্তি সূত্রাশ্বসূত্রাণি রথসূত্রাণি বা বিভো॥ ম, স, ৫অ, ১২০।

৪৩। কচ্চিদভ্যস্যতে সম্যগ্ গৃহে তে ভরতর্ষভ।
ধনুর্ব্বেদস্য সূত্রং বৈ যন্ত্রসূত্রঞ্চ নাগরম্॥ ম, স, ৫অ, ১২১।

৪৪। কচ্চিদন্ধাংশ্চ মূকাংশ্চ পঙ্গূন্ ব্যঙ্গানবান্ধবান্।
পিতেব পাসি ধর্ম্মজ্ঞ তথা প্রব্রজিতানপি॥ ম, স, ৫অ, ১২৪।

৪৫। নহি কেবল ধর্ম্মাত্মা পৃথিবীং জাতু কশ্চন।
পার্থিবো ব্যজয়দ্রাজন্ ন ভূতিং ন পুনঃ শ্রিয়ম্॥

নাই। যে প্রকার শল্লক জন্তু লুব্ধচিত্ত বহু মধুমক্ষিকাদিগকে জিহ্বা প্রদান করিয়া ছল দ্বারা তাহাদিগকে বহির্নিঃসরণ করতঃ আহার লাভ করে, সেইরূপ রাজাও ছল দ্বারা রাজ্য গ্রহণ করিয়া থাকেন। অসুর সকল দেবতাদিগের অগ্রজ ভ্রাতা ও সর্ব্বপ্রকার সুসমৃদ্ধ হইলেও দেবতারা তাহাদিগকে ছল দ্বারা পরাজয় করিয়াছেন। বলবান্ ব্যক্তিরই সমুদায় ইহা জানিয়া ঐশ্বর্য্যাভিলাষী নৃপতি ইচ্ছা করিলে উৎকৃষ্ট ছল আশ্রয়-পূর্ব্বক শত্রু সকলকে বিনষ্ট করিতে পারেন। ম, ব ৩৩ অ। ৫৮—৬১।

৪৬। বলবান্ ব্যক্তি কর্ত্তৃক আক্রান্ত, দীনের ন্যায় বহুভাষী, অনাথ মনুষ্যদিগকে রাজাই নিত্য পালন করিবেন। ম, শা, ৮৫ অ। ১৮।

৪৭। রাজা নিগৃহীত অমাত্য, স্ত্রী, বিষম-দুর্গম পর্ব্বত, হস্তী, অশ্ব ও সরীসৃপ সকলের নিকট হইতে নিবৃত্ত হইবেন। যদিও এই সকলে নিয়ত নিযুক্ত থাকিতে হয়, তথাপি রাত্রিকালে ইহাদের চর্য্যা পরিত্যাগ করিবেন এবং বদ্ধ-মুষ্টিতা, অভিমান, দম্ভ ও ক্রোধ বর্জ্জন করিবেন। ম, শা, ৯০ অ। ৩০—৩১।

জিহ্বাং দত্ত্বা বহুনাং হি ক্ষুদ্রাণাং লুব্ধচেতসাম্।
নিকৃত্যা লভতে রাজ্যমাহারমিব শল্যকঃ॥
ভ্রাতরঃ পূর্ব্বজাতাশ্চ সুসমৃদ্ধাশ্চ সর্ব্বশঃ।
নিকৃত্যা নির্জ্জিতা দেবৈরসুরাঃ পার্থিবর্ষভ।
এবং বলবতঃ সর্ব্বমিতি বুদ্ধ্বা মহীপতে।
জহি শত্রূন্ মহাবাহো পরাং নিকৃতিমাস্থিতঃ॥ ম, ব, ৩৩অ। ৫৮—৬১।

৪৬। বলাৎকৃতানাং বলিভিঃ কৃপণং বহু জল্পতাম্।
নাথো বৈ ভূমিপো নিত্যমনাথানাং নৃণাং ভবেৎ॥ ম, শা, ৮৫অ, ১৮।

৪৭। নিগৃহীতাদমাত্যাচ্চ স্ত্রীভ্যশ্চৈব বিশেষতঃ।
পর্ব্বতাদ্বিষমাদ্দুর্গাদ্ধস্তিনোঽশ্বাৎ সরীসৃপাৎ॥
এতেভ্যোনিত্যযুক্তঃ স্যান্নক্তং চর্য্যাঞ্চ বর্জ্জয়েৎ।
অত্যাগং চাভিমানঞ্চ দম্ভং ক্রোধঞ্চ বর্জ্জয়েৎ॥ ম, শা, ৯০অ, ৩০—৩১।

৪৮। মেধাবী মহীপতি যখন আপনার প্রতাপকাল সর্ব্বাপেক্ষা অধিক বিবেচনা করিবেন, তখনই পরভূমি ও পরধনে লিপ্সা করিবেন; যেহেতু ভোগসমূহে উদয়মান, সর্ব্বভূতে দয়াবান্, ত্বরামান্ এবং আত্ম-রক্ষায় সমর্থ নরপতিরই বিষয় বর্দ্ধিত হইয়া থাকে। ম, শা,৯৪ অ। ৬—৭।

৪৯। সমরে রক্ষাধিকরণ অর্থাৎ দুর্গাদির দৃঢ়তা সম্পাদন, যুদ্ধ, ধর্ম্মানুশাসন, মন্ত্রচিন্তা ও প্রজাদিগকে সুখপ্রদান এই পঞ্চবিধ কার্য্য দ্বারা পৃথিবী বিশেষরূপে বর্দ্ধিত হইয়া থাকে, যে রাজা এই সমুদায় রক্ষা করেন, তিনিই রাজেন্দ্র হন এবং তিনি ইহলোকে সতত বর্ত্তমান থাকিয়াই এই মহীমণ্ডল ধারণ করিয়া থাকেন। ম, শা, ৯৩ অ। ২৪—২৫।

৫০। কোন ব্যক্তিকে আত্ম-পর উভয় ভিন্ন কেবল প্রভুর হিতকর কার্য্যে নিরত দেখিতে পাওয়া যায় না। সকলেরই অভিপ্রায় কার্য্য অপেক্ষা করিয়া থাকে, অতএব স্নিগ্ধবন্ধু অতি দুর্ল্লভ। রাজাদিগের চিত্ত অত্যন্ত চঞ্চল, অতএব সুপুরুষ বিবেচনা করা দুর্ঘট। সমর্থ অথবা

৪৮। প্রতাপকালমধিকং যদা মন্যেত চাত্মনঃ।
তদা লিপ্সেত মেধাবী পরভূমিধনান্যুত ॥
ভোগেষ্দয়মানস্য ভূতেষু চ দয়াবতঃ।
বর্দ্ধতে ত্বরমানস্য বিষয়ে রক্ষিতাত্মনঃ ॥ ম, শা, ৯৪ অ, ৬—৭।

৪৯। রক্ষাধিকরণং যুদ্ধং তথা ধর্ম্মানুশাসনম্।
মন্ত্রচিন্তা সুখং কালা পঞ্চভির্বর্দ্ধতে মহী ॥
এতানি যস্য গুপ্তানি স রাজা রাজসত্তম।
সততং বর্ত্তমানোঽত্র রাজা ধত্তে মহীমিমাম্ ॥ ম, শা, ৯৩অ, ২৪—২৫।

৫০। কশ্চিদেব হিতে ভর্ত্তুর্দৃশ্যতে ন পরাত্মনোঃ।
কার্য্যাপেক্ষা হি বর্ত্তন্তে ভাবস্নিগ্ধাঃ সুদুর্ল্লভাঃ ॥
সুদুঃখং পুরুষজ্ঞানং চিত্তং হ্যেষাং চলাচলম্।
সমর্থো বাপ্যশক্তো বা শতেষ্বেকোঽধিগম্যতে ॥ ম, শা, ১১১অ, ৮৭—৮৮।

অশক্ত পুরুষ শতের মধ্যে একজনকে পাওয়া যায়। (অতএব রাজাদিগের ভৃত্যাদি নির্ব্বাচন বিষয়ে সতর্ক হওয়া উচিত)। ম,শা, ১১১ অ। ৮৭—৮৮।

৫১। নৃপতি স্বপক্ষের প্রতি বিশুদ্ধ ব্যবহার করিবেন এবং বিপক্ষদিগের ভূমিজাত শস্যাদি, অশ্বাদি গমন দ্বারা বিনষ্ট করাইবেন। ম, শা, ১২০ অ। ১০।

৫২। ভূপতি রজনীতে ময়ূরের ন্যায়, প্রাবৃট্‌কালে নির্জ্জন স্থানে অবস্থিতি করিবেন, ময়ূরের গুণ অবলম্বন দ্বারা অদৃশ্য হইয়া অন্তঃপুরে বিচরণ করিবেন, কদাচ তনুত্রাণ পরিত্যাগ করিবেন না ; আপনিই আপনাকে রক্ষা করিবেন। চারগণ কর্ত্তৃক প্রদর্শিত প্রদেশে ধাত্রী, কঞ্চুকী (অন্তঃপুরের ক্লীব সেবক বা রক্ষক) ও সূপকার প্রভৃতি বিপক্ষ দ্বারা ভেদিত হইলে, অভিমুখে আপতিত বিষাদিরূপ পাশ পরিবর্জ্জন করিবেন। বিষাদি জ্ঞান দুর্ব্বোধ হইলে সেই কপট স্থানে স্বয়ং গমনপূর্ব্বক তাহা বিনষ্ট করিবেন, বিষপ্রয়োগকারী কুটিল, ক্রুদ্ধ ব্যক্তিগণকে নিহত করিবেন। ম, শা, ১২০ অ। ১৩—১৫।

৫৩। নৃপতি বুদ্ধি দ্বারা আত্ম সংযমন অর্থাৎ "এইরূপ কার্য্য করা উচিত" এই প্রকার নিয়ম করিবেন। আর পর-বুদ্ধি অনুসারে তদ্বিষয়ে

৫১। "মৃজাবান্ স্যাৎ স্বযূথ্যেষু ভৌমানি চরণৈঃ ক্ষিপেৎ।" ম, শা, ১২০অ, ১০।

৫২। প্রাবৃষীবাসিতগ্রীবো মজ্জেত নিশি নির্জ্জনে।
মায়ূরেণ গুণেনৈব স্ত্রীভিশ্চাবেক্ষিতশ্চরেৎ ॥
ন জহ্যাচ্চ তনুত্রাণং রক্ষেদাত্মানমাত্মনা।
চারভূমিষ্বভিগতান্ পাশাংশ্চ পরিবর্জ্জয়েৎ।
প্রণয়েদ্বাপি তাং ভূমিং প্রণশ্যেদ্‌গহনে পুনঃ।
হন্যাৎ ক্রুদ্ধানতিবিষাংস্তান্ জিহ্মগতয়োঽহিতান্ ॥ ম, শা, ১২০অ, ১৩—১৫।

৫৩। আত্মসংযমনং বুদ্ধ্যা পরবুদ্ধ্যাবধারণম্।
বুদ্ধ্যা চাত্মগুণপ্রাপ্তিরেতচ্ছাস্ত্র নিদর্শনম্ ॥ ম, শা, ১২০অ, ১৮।

অবধারণ করা কর্ত্তব্য। শাস্ত্রোক্ত ধীশক্তি দ্বারা আত্মগুণ প্রাপ্তি হয়, ইহাই শাস্ত্রের প্রয়োজন। ম, শা, ১২০ অ। ১৮।

৫৪। রাজা সান্ত্বনা-বাক্য দ্বারা পরকে বিশ্বাসিত করিবেন এবং স্বকীয় শক্তি প্রদর্শন করিতে থাকিবেন, সর্ব্বতোভাবে অতীত ও অনাগত বিষয়ের বিচার দ্বারা উহাপোহ (তর্কবিতর্ক দ্বারা সংশয়াপনোদন) কৌশল-রূপা শক্তি-চালনা করতঃ কর্ত্তব্য বিষয়ের নিশ্চয়তা বিবেচনা করিবেন। প্রাজ্ঞ পুরুষ সাম্যযোগ অবলম্বন পূর্ব্বক কার্য্যাকার্য্যের প্রয়োজক হই-বেন। নিগূঢ়-বুদ্ধি ধীর ব্যক্তির প্রতি উপদেশের অপেক্ষা করে না। ম, শা, ১২০ অ। ১৯—২০।

৫৫। নৃপতি জঘন্য পুরুষকে দর্শন মাত্র দূরীভূত করিবেন। প্রাজ্ঞ পুরুষ বিপক্ষবর্গের সমস্ত কার্য্য ও সমুদয় বিষয় বিনষ্ট করিয়া ফেলিবেন। ম, শা ১২০ অ। ৪৯।

৫৬। নৃপতি বিবিধ ক্রিয়াপথ দ্বারা উপায় অবলোকন করিবেন। অনুপায়ে বুদ্ধি নিবেশ করিবেন না, নির্দ্দোষ ব্যক্তিগণেও যে পুরুষ দোষ

৫৪। পরং বিশ্বাসয়েৎ সাম্না স্বশক্তিং চোপলক্ষয়েৎ।
আত্মনঃ পরিমর্শেন বুদ্ধিং বুদ্ধ্যা বিচারয়েৎ॥
সাম্যযোগমতিঃ প্রাজ্ঞঃ কার্য্যাকার্য্য প্রযোজকঃ।
নিগূঢ়বুদ্ধের্ধীরস্য বক্তব্যোবাকৃতং তথা॥ ম, শা, ১২০অ, ১৯—২০।

৫৫। সন্দর্শনেন পুরুষং জঘন্যমপিচোদয়েৎ।
আরম্ভান্ দ্বিষতাং প্রাজ্ঞঃ সর্ব্বার্থাংশ্চ প্রসূদয়েৎ॥ ম, শা, ১২০অ, ৪৯।

৫৬। পশ্যেদুপায়ান্ বিবিধৈঃ ক্রিয়াপথৈ
র্ন চানুপায়েন মতিং নিবেশয়েৎ।
শ্রিয়ং বিশিষ্টাং বিপুলং যশোধনং
ন দোষদর্শী পুরুষঃ সমশ্নুতে॥ ম, শা, ১২০অ, ৫৪।

দর্শন করেন তিনি বিশিষ্ট শ্রী এবং বিপুল যশোধন ভোগ করিতে পারেন না। ম, শা, ১২০ অ। ৫৪।

৫৭। ক্ষত্রিয় নৃপতির যাহাতে ধর্ম্মহানি না হয় এবং তিনি যাহাতে শত্রুর বশীভূত না হন, তাদৃশ উপায় করা উচিত, ইহাই প্রাচীনেরা কহিয়া থাকেন। আত্মাকে অবসন্ন করা বিধেয় নহে। নৃপতি সর্ব্ববিধ প্রযত্ন দ্বারা আপনার বা পরের ধর্ম্ম উদ্ধারের ইচ্ছা করিবেন না, যে কোন উপায়ে হউক আত্মাকে উদ্ধার করিবেন। ম, শা,১৩০ অ। ১৭-১৮।

৫৮। গ্রামবাসী বহু ব্যক্তি রোষ বশতঃ রাজার নিকট পরস্পর নিন্দাবাদ করিয়া থাকে, কিন্তু রাজা তাহাদিগের বাক্যানুসারে কাহাকেও পুরস্কার বা তিরস্কার করিবেন না। ম, শা, ১৩২ অ। ১১।

৫৯। যেরূপ ব্যবহার করিলে নৃপতির বহু সহায় হয়, রাজা সেইরূপ আচার প্রচার করিবেন, পণ্ডিতেরা আচারকেই গুরুতর ধর্ম্ম লক্ষণ জ্ঞান করিয়া থাকেন। ম, শা, ১৩২ অ। ১৫।

৬০। শ্রুতি-স্মৃতি-নির্দ্দিষ্ট, মনুপ্রভৃতি-স্মৃতি-বিহিত, দেশ ও কুলাচার

৫৭। যথাহস্য ধর্ম্মো ন গ্লায়েন্নেয়াচ্ছত্রুবশং যথা।
তৎকর্ত্তব্যমিহেত্যাহুর্নাত্মানমবসাদয়েৎ॥
সর্ব্বাত্মনৈব ধর্ম্মস্য ন পরস্য ন চাত্মনঃ।
সর্ব্বোপায়ৈরুজ্জিহীর্ষেদাত্মানমিতি নিশ্চয়ঃ॥ ম, শা, ১৩০অ, ১৭—১৮।

৫৮। বহবো গ্রামবাস্তব্যা দোষাদ্ব্রূয়ুঃ পরস্পরম্।
ন তেষাং বচনাদ্রাজা সৎকুর্য্যাদ্ঘাতয়ীত বা॥ ম, শা, ১৩২অ, ১১।

৫৯। যথা যথাহস্য বহবঃ সহায়াঃ স্যুস্তথাহপরে।
আচারমেব মন্যন্তে গরীয়ো ধর্ম্মলক্ষণম্॥ ম, শা, ১৩২অ, ১৫।

৬০। সর্ব্বতঃ সৎকৃতঃ সদ্ভির্ভূতিপ্রবরকারণৈঃ।
হৃদয়েনাভ্যনুজ্ঞাতো যো ধর্ম্মস্তং ব্যবস্যতি॥ ম, শা, ১৩২অ, ১৯।

অনুসারে সাধুজনাচরিত এবং সজ্জনের হৃদয়ে স্বয়ং সমুৎপন্ন যে ধর্ম্ম, রাজা তাহাকেই অবলম্বন করিবেন। ম, শা, ১৩২ অ। ১৯।

৬১। পূর্ব্বে রাজা যাহাদের সহিত বিরোধ করিয়াছিলেন; তাহারা তাঁহার সমৃদ্ধি-সময়ে অনুতাপিত হয়, এবং উক্ত ব্যক্তি সকল কপটাচার দ্বারা রাজাকে বিনষ্ট করিবার মানসে তাঁহাকে আশ্রয় করে (ইহা রাজার জানা কর্ত্তব্য)। ম, শা, ১৩৩ অ। ৮।

৬২। রাজার সর্ব্বতোভাবে উন্নতির জন্য চেষ্টা করা বিহিত, নত হওয়া উচিত নহে, যে হেতু উদ্যমেই পৌরুষ প্রথিত আছে। অসময়ে বরঞ্চ ভগ্ন হওয়া ভাল, তথাপি কাহারও নিকট নত হওয়া উচিত নহে। অরণ্য আশ্রয়-পূর্ব্বক মৃগগণের সহিত বিচরণ করাও বিহিত, কিন্তু মর্য্যাদাশূন্য দস্যুগণের ন্যায় অমাত্যদিগের সংসর্গ করা উচিত নহে। ম, শা, ১৩৩ অ, ৯—১১।

৬৩। রাজা প্রতিপাল্যবর্গকে অন্য দ্বারা প্রতিপালন করিয়া কোকিলের, বিপক্ষের মূল উৎপাটন করিয়া বরাহের, অনুল্লঙ্ঘনীয়তাগুণে সুমেরু শৈলের, নানারূপ ধারণ করতঃ নটের, অর্থাগম করিবার কারণ শূন্যগৃহের এবং প্রজাগণের প্রতি সদয় ব্যবহার প্রকাশ করিবার জন্য মিত্রের অনুকরণ করিবেন। ম, শা, ১৪০ অ। ২১।

৬১। ঋদ্ধিমস্যানুতপ্যন্তে পুরা বিপ্রকৃতা নরাঃ।
শালাবৃকা ইবাজস্রং জিঘাংসুমেব বিন্দতি। ম, শা, ১৩৩অ, ৮।

৬২। "উদ্যচ্ছেদেব ন নমেদুদ্যমো হ্যেব পৌরুষম্।"
অপ্যপর্ব্বণি ভজ্যেত ন নমেতেহ কস্যচিৎ।
অপ্যরণ্যং সমাশ্রিত্য চরেন্মৃগগণৈঃ সহ॥
"নত্বেবোজ্‌ঝিতমর্য্যাদৈর্দ্দস্যুভিঃ সহিতশ্চরেৎ।" ম, শা, ১৩৩অ, ৯—১১।

৬৩। কোকিলস্য বরাহস্য মেরোঃ শূন্যস্য বেশ্মনঃ।
নটস্য ভক্তিমিত্রস্য যচ্ছ্রেয়স্তৎ সমাচরেৎ। ম, শা, ১৪০অ, ২১।

৬৪। রাজা বকের ন্যায় অর্থচিন্তা, সিংহের ন্যায় পরাক্রম, বৃকের ন্যায় আত্মগোপন এবং শরের ন্যায় শত্রুভেদ করিবেন। সুরাপান, অক্ষ-ক্রীড়া, স্ত্রী-সম্ভোগ, মৃগয়া এবং গীত-বাদ্য যুক্তি অনুসারে করিবেন। এই সকল বিষয়ে আসক্ত হইলেই দোষী হইতে হয়। বংশাদি দ্বারা ধনু নির্ম্মাণ করিবেন, মৃগের ন্যায় সাবধানে শয়ন করিয়া থাকিবেন, সময়ানুসারে কখন বা অন্ধ, কখন বা বধিরের ন্যায় ব্যবহার করিবেন। ম, শা, ১৪০ অ। ২৫—২৭।

৬৫। বিচক্ষণ মহীপতি দেশ ও কাল অনুসারে বিক্রম প্রকাশ করিবেন, যেহেতু দেশ-কাল অতিক্রম করিয়া বিক্রম প্রকাশ করিলে তাহা বিফল হইয়া থাকে। সময়ানুসারে আপনার বলাবল অবধারণ পূর্ব্বক পরস্পরের বল বিজ্ঞাত হইয়া কর্ত্তব্য কার্য্যে আপনাকে নিয়োজিত করিবেন। ম, শা, ১৪০ অ। ২৮—২৯।

৬৬। রাজা বিপক্ষদিগের আশা বহুকালে সিদ্ধ হয়, বাক্য দ্বারা

৬৪। বকবচ্চিন্তয়েদর্থান্ সিংহবচ্চ পরাক্রমেৎ।
বৃকবচ্চাপ্যলুম্পেত শরবচ্চ বিনিষ্পতেৎ॥
পানমক্ষাস্তথা নার্য্যো মৃগয়া গীতবাদিতম্।
এতানি যুক্ত্যা সেবেত প্রসঙ্গো হ্যত্র দোষবান্॥
কুর্য্যাৎ তৃণময়ঞ্চাপং শয়ীত মৃগশায়িকাম্।
অন্ধঃ স্যাদন্ধবেলায়াং বাধির্য্যমপি সংশ্রয়েৎ॥ ম, শা, ১৪০অ, ২৫—২৭।

৬৫। দেশকালৌ সমাসাদ্য বিক্রমেত বিচক্ষণঃ।
দেশকালব্যতীতো হি বিক্রমো নিষ্ফলো ভবেৎ॥
কালাকালৌ সম্প্রধার্য্য বলাবলমথাত্মনঃ।
পরস্পরং বলং জ্ঞাত্বা তত্রাত্মানং নিযোজয়েৎ॥ ম, শা, ১৪০অ, ২৮—২৯।

৬৬। আশাং কালবতীং কুর্য্যাত্তাঞ্চ বিঘ্নেন যোজয়েৎ।
বিঘ্নং নিমিত্ততো ব্রূয়ান্নিমিত্তঞ্চাপি হেতুতঃ॥

এইরূপ বিধান করিবেন ; কিন্তু সবিশেষ কারণ প্রদর্শন করতঃ তাহার প্রতি বিঘ্ন অনুষ্ঠান করা কর্ত্তব্য। যাবৎকাল ভয় উপস্থিত না হয়, তাবৎ-কাল ভীতব্যক্তির ন্যায় অবস্থান করিবেন, কিন্তু ভয় উপস্থিত দেখিয়া নির্ভীকের ন্যায় তাহার বিনাশে প্রবৃত্ত হইবেন। মনুষ্য সংশয়ে আরোহণ না করিলে কল্যাণের পথ দর্শন করিতে সমর্থ হন না ; কিন্তু সংশয়াপন্ন হইয়া যদি জীবিত থাকেন, তবে অবশ্যই আপনার কল্যাণ অবলোকন করেন ; ভয় যাহাতে উপস্থিত না হয়, অগ্রে তাহা অবধারণ করা উচিত, দৈবাৎ উপস্থিত হইলে তাহার প্রতিবিধান করা কর্ত্তব্য ; পুনরায় বৃদ্ধি হয় এই ভয়ে তাহাকে অনিবৃত্তের ন্যায় নিবারণ করা আবশ্যক। উপস্থিত সুখ পরিবর্জ্জন ও অনুপস্থিত সুখের আশা করা বুদ্ধিমান্ ব্যক্তিগণের রীতি নহে। ম, শা, ১৪০ অ। ৩২-৩৬।

৬৭। কপট-ধর্ম্মাচারী, লোকের কণ্টকস্বরূপ, দুরাচার চোরেরা উদ্যানে, বিহার-স্থানে, জলসত্রে, পান্থনিবাসে, পানাগারে, তীর্থ (ঘাট)

ভীতবৎ সংবিধাতব্যং যাবদ্ভয়মনাগতম্।
আগতং তু ভয়ং দৃষ্ট্বা প্রহর্ত্তব্যমভীতবৎ ॥
ন সংশয়মনারুহ্য নরো ভদ্রাণি পশ্যতি।
সংশয়ং পুনরারুহ্য যদি জীবতি পশ্যতি ॥
অনাগতং বিজানীয়াদ্‌যচ্ছেদ্ভয়মুপস্থিতম্।
পুনর্বৃদ্ধিভয়াৎ কিঞ্চিদনিবৃত্তং নিশাময়েৎ ॥
প্রত্যুপস্থিত কালস্য সুখস্য পরিবর্জ্জনম্।
অনাগতসুখাশা চ নৈব বুদ্ধিমতাং নয়ঃ ॥ ম, শা, ১৪০অ, ৩২—৩৬।

৬৭। উদ্যানেষু বিহারেষু প্রপাস্বাবসথেষু চ।
পানাগারে প্রবেশেষু তীর্থেষু চ সভাসু চ ॥
ধর্ম্মাভিচারিণঃ পাপাশ্চৌরা লোকস্য কণ্টকাঃ।
সমাগচ্ছন্তি তান্ বুদ্ধা নিযচ্ছেচ্ছময়ীত চ ॥ ম, শা. ১৪০অ, ৪১—৪২।

সকলে ও সভাস্থলে ছদ্মবেশে বিচরণ করে, অতএব নৃপতির তাহাদিগকে বিজ্ঞাত হইয়া নিগৃহীত ও শান্ত করা বিহিত। ম, শা, ১৪০ অ। ৪১-৪২।

৬৮। পিতা, ভ্রাতা, পুত্র অথবা সুহৃদ্ জন যদি অর্থের বিঘ্ন করে, তবে ঐশ্বর্য্যাভিলাষী নৃপতির তাহাদিগকেও বিনষ্ট করা বিধেয়। গুরুতর ব্যক্তিও যদি কর্ত্তব্যাকর্ত্তব্য না জানিয়া গর্ব্বিত ও উৎপথগামী হন, তবে তাঁহারও দণ্ডরূপ শাসন বিহিত হয় ম, শা, ১৪০ অ। ৪৭-৪৮।

৬৯। বৈরিগণ রাজ্যের প্রধান প্রধান ব্যক্তিগণকে বশীভূত, প্রিয় বয়স্যদিগকে অনুনয় দ্বারা আয়ত্ত এবং অমাত্যদিগকে বিভিন্ন ও বিনষ্ট করিতে না পারে, রাজার এইরূপ রক্ষা করা উচিত; রাজা মৃদু-স্বভাব হইলে প্রজাগণ তাঁহাকে অবজ্ঞা করে এবং তীক্ষ্ণ হইলে সকলে তাঁহা হইতে ভয় প্রাপ্ত হয়; অতএব রাজার তীক্ষ্ণকালে তীক্ষ্ণ ও মৃদুকালে মৃদু হওয়া উচিত। মৃদু দ্বারা মৃদুকে ছেদন করিবে, মৃদু দ্বারাই দারুণ ব্যাপার বিনষ্ট করা যায়, মৃদু উপায় দ্বারা কোন কার্য্য করাই অসাধ্য হয়

৬৮। পুত্রো বা যদি বা ভ্রাতা পিতা বা যদি বা সুহৃৎ।
অর্থস্য বিঘ্নং কুর্ব্বাণা হন্তব্যা ভূতিমিচ্ছতা।
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথং প্রতিপন্নস্য দণ্ডো ভবতি শাসনম্॥ ম, শা, ১৪ অ, ৪৭—৪৮।

৬৯। শ্রেণীমুখ্যোপজাপেষু বল্লভানুনয়েষু চ।
অমাত্যান্ পরিরক্ষেত ভেদ সঙ্ঘাতয়োরপি॥
মৃদুরিত্যবজানন্তি তীক্ষ্ণ ইত্যুদ্বিজন্তি চ।
তীক্ষ্ণকালে ভবেত্তীক্ষ্ণো মৃদুকালে মৃদুর্ভবেৎ।
মৃদুনৈব মৃদুং ছিন্দি মৃদুনা হন্তি দারুণম্।
নাসাধ্যং মৃদুনা কিঞ্চিত্তস্মাত্তীক্ষ্ণতরো মৃদুঃ॥
কালে মৃদুর্যোভবতি কালে ভবতি দারুণঃ।
প্রসাধয়তি কৃত্যানি শত্রুং চাপ্যধিতিষ্ঠতি॥ ম, শা, ১৪০অ, ৬৪—৬৭।

না, অতএব মৃদুই তীক্ষ্ণ হইতে তীক্ষ্ণতর। যিনি সময়ানুসারে মৃদু ও সময়ানুসারে দারুণ হন, তিনি সমস্ত কার্য্য সমাধা করতঃ শত্রু বিজয় করিতে সমর্থ হইতে পারেন। ম, শা, ১৪০ অ। ৬৪-৬৭।

৭০। নৃপতিগণ নিজ নিজ বুদ্ধি প্রভাবে বিজয়ী হন, অতএব বুদ্ধি-বল অবলম্বন পূর্ব্বক ধর্ম্মসংস্কারে প্রবৃত্ত হওয়া বিধেয়। রাজার ধর্ম্ম বহু-শাখাসঙ্কুল, অতএব তাহার এক দেশ দ্বারা ব্যবহার করা উচিত নহে। ম. শা, ১৪২ অ। ৬-৭।

৭১। যজ্ঞ, দান, দয়া, বেদাধ্যয়ন ও সত্য কথন এই পাঁচটী পবিত্র কর্ম্ম এবং (ষষ্ঠ) উত্তম তপস্যা করাই ভূপালগণের পরম ধর্ম্ম। ম, শা, ১৫২ অ। ৭।

৭২। যে গাভী দোহনকালে ব্যাঘাত জন্মায়, তাহাকে বহুতর যন্ত্রণা ভোগ করিতে হয়, কিন্তু সুদুহা হইলে কেহই তাহাকে ক্লেশ দেয় না এবং যে দারু সহজে প্রণত হয়, তাহাতে অগ্নি সন্তাপের আবশ্যক নাই, কিন্তু স্বয়ং প্রণত না হইলে তাহাকে অবশ্যই সন্তাপিত করিতে হয়, এই দুই

৭০। বুদ্ধিশ্রেষ্ঠা হি রাজানশ্চরন্তি বিজয়ৈষিণঃ।
ধর্ম্মঃ প্রতিবিধাতব্যো বুদ্ধ্যা রাজ্ঞা ততস্ততঃ॥
"নৈকশাখেন ধর্ম্মেণ রাজ্ঞো ধর্ম্মোবিধীয়তে॥" ম, শা, ১৪২অ, ৬—৭।

৭১। যজ্ঞোদানং দয়া বেদাঃ সত্যঞ্চ পৃথিবীপতে।
পঞ্চৈতানি পবিত্রাণি ষষ্ঠং সুচরিতং তপঃ॥ ম, শা, ১৫২অ, ৭।

৭২। ভূয়াংসং লভতে ক্লেশং যা গৌর্ভবতি দুর্দুহা।
অথ যা সুদুহা রাজন্নৈব তাং বিতুদন্ত্যপি॥
যদতপ্তং প্রণমতে নৈতৎ সন্তাপমর্হতি।
যৎ স্বয়ং নমতে দারু ন তৎ সন্তাপয়ন্ত্যপি॥
এতয়োপময়া ধীর সন্নমেত বলীয়সে।
ইন্দ্রায় স প্রণমতে নমতে যো বলীয়সে॥ ম. শা, ৬৭অ।৯—১১।

উপমার প্রতি দৃষ্টি রাখিয়া বলবানের নিকট নত হওয়াই রাজার কর্ত্তব্য, কারণ বলবানের নিকট নত হইলে ইন্দ্রেরই নিকট নত হওয়া হয়। ম, শা, ৬৭ অ। ৯-১১।

৭৩। ভৃত্য, মন্ত্রী এবং পুরবাসিগণের মধ্যে যাহা হইতে নৃপতির শঙ্কা হইবে, তাহাকেই স্বায়ত্ত করিয়া রাখিবেন। ম, শা. ৬৯ অ। ৬১।

৭৪। যে ভূপতি কালোপযুক্ত পঞ্চরূপ কার্য্য সকল করিয়া থাকেন, তিনি তৎকালে অগ্নি, সূর্য্য, মৃত্যু, বৈশ্রবণ, এবং যম এই পঞ্চবিধ আখ্যার অন্যতম আখ্যা লাভ করিয়া থাকেন। যৎকালে ভূপতি বঞ্চিত হইয়াও স্বীয় তেজঃপ্রভাবে সমীপস্থ পাপসকলকে দাহন করেন, তিনি তখন "পাবক" এই সংজ্ঞা লাভ করেন। যখন চার দ্বারা সকলের কার্য্য পর্য্যবেক্ষণ করেন এবং প্রকৃতিপুঞ্জের মঙ্গল-জনক কার্য্য সকল আচরণ করেন, তৎকালে "ভাস্কর" বলিয়া অভিহিত হন। যৎকালে ক্রুদ্ধ হইয়া অশুচি লোকসকলকে পুত্র, পৌত্র ও অমাত্যগণের সহিত শতধা ক্ষয় করিতে থাকেন, তখন "অন্তক" এই সংজ্ঞা ধারণ করেন। যখন তীক্ষ্ণ দণ্ড দ্বারা

৭৩। যতঃ শঙ্কা ভবেচ্চাপি ভৃত্যতোঽথাপি মন্ত্রিতঃ।
পৌরেভ্যো নৃপতের্বাপি স্বাধীনান্ কারয়ীত তান্। ম, শা, ৬৯ অ। ৬১।

৭৪। কুরুতে পঞ্চরূপাণি কালযুক্তানি যঃ সদা।
ভবত্যগ্নিস্তথাদিত্যো মৃত্যুর্বৈশ্রবণো যমঃ॥
যদা হ্যাসীনতঃ পাপান্ দহত্যুগ্রেণ তেজসা।
মিথ্যোপচরিতো রাজা তদা ভবতি পাবকঃ॥
যদা পশ্যতি চারেণ সর্ব্বভূতানি ভূমিপঃ।
ক্ষেমঞ্চ কৃত্বা ব্রজতি তদা ভবতি ভাস্করঃ॥
অশুচীংশ্চ যদা ক্রুদ্ধঃ ক্ষিণোতি শতশো নরান্।
সপুত্রপৌত্রান্ সামাত্যাংস্তদা ভবতি সোঽন্তকঃ॥

অধার্ম্মিকগণকে নিগ্রহ এবং ধার্ম্মিকগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করেন, তৎকালে "যম" বলিয়া অভিহিত হন। যখন ভূপতি ধন দ্বারা উপকারি-গণকে তর্পিত ও অপকারিগণের বহুবিধ রত্নাদি হরণ করিয়া কাহাকে সশ্রীক ও কাহাকে নষ্টশ্রী করেন, তখন "বৈশ্রবণ" বলিয়া অভিহিত হন। ম, শা, ৬৮ অ। ৪১-৪৭।

৭৫। রাজা দুর্গমধ্যস্থিত সৌধগৃহে বাস করতঃ শুভলক্ষণাক্রান্তা, সজাতীয়া, উচ্চবংশ-সমুদ্ভূতা, মনোরমা এবং সদ্‌গুণ-সম্পন্না, সুরূপা রমণীর পাণি গ্রহণ করিবেন। মনু, ৭ অ। ৭৭।

৭৬। রাজ সংসারের নানাবিধ কার্য্য নির্ব্বাহার্থে ভিন্ন ভিন্ন স্থলে যে নানা প্রকার লোক নিয়োজিত আছে, তাহাদের সকলের কার্য্য বিশেষ-রূপে পর্য্যবেক্ষণ করিবার নিমিত্ত সুবুদ্ধি, কার্য্য-কুশল এবং সুপণ্ডিত লোক-দিগকে নিযুক্ত করা উচিত। মনু, ৭ অ। ৮১।

৭৭। অনধিকৃত ভূমি ও রত্নাদি অধিকার করিতে চেষ্টা করা, অধিকৃত

যদা ত্বধার্ম্মিকান্ সর্ব্বাংস্তীক্ষ্ণৈর্দণ্ডৈর্নিযচ্ছতি।
ধার্ম্মিকাংশ্চানুগৃহ্লাতি ভবত্যথ যমস্তদা॥
যদা তু ধনধারাভিস্তর্পয়ত্যুপকারিণাম্।
আচ্ছিনত্তি চ রত্নানি বিবিধান্যপকারিণাম্॥
শ্রিয়ং দদাতি কস্মৈচিৎ কস্মাচ্চিদপকর্ষতি।
তদা বৈশ্রবণো রাজা লোকে ভবতি ভূমিপঃ॥ ম, শা, ৬৮ অ। ৪১—৪৭।

৭৫। তদধ্যাস্যোদ্বহেদ্ভার্য্যাং সবর্ণাং লক্ষণান্বিতাম্।
কুলে মহতি সম্ভূতাং হৃদ্যাং রূপগুণান্বিতাম্॥ মনু ৭ অ। ৭৭।

৭৬। অথ ক্ষান্ বিবিধান্ কুর্য্যাৎ তত্র তত্র বিপশ্চিতঃ।
তেঽস্য সর্ব্বাণ্যবেক্ষেরন্ নৃণাং কার্য্যাণি কুর্ব্বতাম্॥ মনু ৭অ।৮১।

৭৭। অলব্ধঞ্চৈব লিপ্সেত লব্ধং রক্ষেৎ প্রযত্নতঃ।
রক্ষিতং বর্দ্ধয়েচ্চৈব বৃদ্ধং পাত্রেষু নিক্ষিপেৎ॥

বহু যত্নসহকারে রক্ষা, যাহা সুরক্ষিত হইয়াছে, তাহার আরও পরিবর্দ্ধনে সচেষ্ট হওয়া এবং পরিবর্দ্ধিত অর্থ সৎপাত্রে সমর্পণ করা রাজার কর্ত্তব্য কর্ম্ম। ইহজগতে মনুষ্য মাত্রের যাহা প্রধান উদ্দেশ্য অর্থাৎ স্বর্গাদি সুখ লাভ, উক্ত চারি প্রকার কার্য্যই তৎপ্রাপ্তির একমাত্র উপায়, ইহা রাজার জ্ঞাতব্য এবং সেই হেতু সদা অনলস ও অনিবৃত্ত ভাবে উহার অনুষ্ঠান করা তাঁহার কর্ত্তব্য। মনু, ৭ অ। ৯৯-১০০।

১৮। যে সকল দেশ অপরাজিত রহিয়াছে, চতুর্ব্বিধ সৈন্যবলে তাহা জয় করিতে চেষ্টা করা, সবিশেষ পর্য্যবেক্ষণ দ্বারা লব্ধ-বিষয়ের রক্ষাবিধান, রক্ষিত বিষয়ের কৃষিবাণিজ্যাদি দ্বারা যথাবিধি পরিবর্দ্ধন এবং সেই বর্দ্ধিতাংশ যথাপদ্ধতি উপযুক্ত পাত্রে সমর্পণ করা, রাজার অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। মনু, ৭ অ। ১০১।

১৯। রাজা প্রত্যূষে গাত্রোত্থান পূর্ব্বক প্রাতঃকৃত্য সমাপনান্তে অবহিত চিত্তে প্রতিদিন অগ্নিহোত্রীয় হোমকার্য্য সম্পাদন পূর্ব্বক দ্বিজাতিগণের যথাযোগ্য অর্চ্চনা করিয়া যথারীতি সুসজ্জিত সভাগৃহে প্রবেশ করিবেন। সভাস্থিত রাজা সস্নেহ-দর্শনে, মধুর-বাক্যে প্রজাবর্গকে পরিতুষ্ট করিয়া বিদায় দিবেন এবং তাহাদিগকে বিদায় দিয়া প্রধান প্রধান মন্ত্রিবর্গের সহিত সুগুপ্ত বিষয় সকল মন্ত্রণা করিবেন। মনু, ৭ অ। ১৪৫-১৪৬।

এতচ্চতুর্ব্বিধং বিদ্যাৎ পুরুষার্থ প্রয়োজনম্।
অস্য নিত্যমনুষ্ঠানং সম্যক্‌কুর্য্যাদতন্দ্রিতঃ॥ মনু ৭অ।৯৯—১০০।

১৮। অলব্ধমিচ্ছেদ্দণ্ডেন লব্ধং রক্ষেদবেক্ষয়া।
রক্ষিতং বর্দ্ধয়েদ্‌বৃদ্ধ্যা বৃদ্ধং দানেন নিক্ষিপেৎ॥ মনু ৭অ।১০১।

১৯। উত্থায় পশ্চিমে যামে কৃতশৌচঃ সমাহিতঃ।
হুতাগ্নি ব্রাহ্মণা শ্চার্চ্চ্য প্রবিশেৎ সুশুভাং সভাং॥
তত্র স্থিতঃ প্রজাঃ সর্ব্বাঃ প্রতিনন্দ্য বিসর্জ্জয়েৎ।
বিসৃজ্য চ প্রজাঃ সর্ব্বা মন্ত্রয়েৎ সহ মন্ত্রিভিঃ॥ মনু ৭অ।১৪৫—১৪৬।

৮০। বিরোধ পরিহার পূর্ব্বক পরস্পর বিরুদ্ধ ভাবাপন্ন ধর্ম্মকামার্থের অর্জ্জনে রাজা যত্নবান্ হইবেন। উপযুক্ত পাত্রে কন্যা সম্প্রদান এবং সুশিক্ষা দ্বারা সন্তানগণকে অসৎ পথ হইতে রক্ষা করিবেন। মনু, ৭ অ। ১৫২।

৮১। গুপ্তভাবে পর-রাজ্যে দূত-প্রেরণ, সমারব্ধ কার্য্যের সমাপ্তি-সাধন, সখীগণ দ্বারা অন্তঃপুর-বাসিনী রমণীগণের ব্যবহার বিজ্ঞান এবং অপর চর নিয়োগে স্ব-নিয়োজিত ও পর-রাজ্যাগত গূঢ় চরবর্গের চেষ্টাব-ধারণ রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ। ১৫৩।

৮২। আয়, ব্যয়, কর্ম্মচারিগণের আচরণ, বিরুদ্ধ কার্য্যের নিষেধ, সন্দিগ্ধ কার্য্যে ব্যবস্থা, ব্যবহার দৃষ্টি, দণ্ড, পাপের প্রায়শ্চিত্ত—এই অষ্টবিধ রাজ-কার্য্যের প্রতি, এবং কাপটিক (কপটব্যবহারী), উদাস্থিত (নষ্টসন্ন্যাসধর্ম্ম) পরিব্রাজক, গৃহপতিব্যঞ্জন (যে চর কৃষকাদি গৃহস্থের বার্ত্তা প্রকাশ করে) বৈদেহিক-ব্যঞ্জন (যে চর বাণিজ্যব্যবসায়ীদিগের বার্ত্তা প্রকাশ করে) ও তাপস-ব্যঞ্জন (যে চর তাপসদিগের বার্ত্তা প্রকাশ করে) এই পাঁচ প্রকার চারের প্রতি ও পারিষদ্বর্গের অনুরাগ ও বিরাগের প্রতি এবং নিকটবর্ত্তী রাজ্যসমূহের অবস্থার প্রতি রাজার বিশেষ মনোযোগী হওয়া কর্ত্তব্য। মধ্যম বলশালী রাজার আচরণ, জয়েচ্ছু রাজার চেষ্টিত, উদা-সীন (না বিপক্ষ, না স্বপক্ষ,) রাজার আচরণ এবং সহজ শত্রু রাজার আচরণের প্রতি সযত্ন দৃষ্টি রাখা রাজার বিশেষ কর্ত্তব্য। এই চারি প্রকার

৮০। পরস্পর বিরুদ্ধানাং তেষাঞ্চ সমুপার্জ্জনম্।
কন্যানাং সম্প্রদানঞ্চ কুমারাণাঞ্চ রক্ষণম্॥ মনু ৭অ।১৫২।

৮১। দূতসম্প্রেষণঞ্চৈব কার্য্যশেষং তথৈব চ।
অন্তঃপুরপ্রচারঞ্চ প্রণিধীনাঞ্চ চেষ্টিতম্॥ মনু ৭অ।১৫৩।

৮২। কৃৎস্নঞ্চাষ্টবিধং কর্ম্ম পঞ্চবর্গঞ্চ তত্ত্বতঃ।
অনুরাগাপরাগৌচ প্রচারং মণ্ডলস্য চ॥

প্রকৃতি-মণ্ডলের মূল এবং তদ্ব্যতীত মিত্ররাজা, অরিমিত্র, মিত্র-মিত্র, অরি-মিত্র-মিত্র, পার্ষ্ণিগ্রাহ (পার্শ্ববর্ত্তী শত্রু রাজা), আক্রন্দ (সমীপস্থ রাজার পশ্চাদ্বর্ত্তী রাজা) পার্ষ্ণিগ্রাহ স্যার, আক্রন্দসার এই আটটি প্রকৃতি—সর্ব্বসমেত দ্বাদশটি প্রকৃতির প্রতি রাজার বিশেষ লক্ষ্য রাখা কর্ত্তব্য। ঐ দ্বাদশটী প্রকৃতির প্রত্যেকের অমাত্য, রাষ্ট্র, দুর্গ, অর্থ, দণ্ড এই পাঁচ পাঁচটি এবং ঐ দ্বাদশটি প্রকৃতি—সর্ব্বসমেত দ্বিসপ্ততি প্রকৃতি পর-রাজ্য-চিন্তন সম্বন্ধে প্রধানরূপে গণনীয়। মনু, ৭ অ। ১৫৪-১৫৭।

৮৩। নিজ বিহিত কার্য্য সমষ্টির সদসৎফলে রাজ্যের প্রস্তুত বর্ত্তমান ও অতীতাবস্থা কিরূপ এবং ভবিষ্যতেই বা কিরূপ ঘটিবার সম্ভাবনা এই সকল রাজার সবিশেষ বিবেচনা করা কর্ত্তব্য। মনু, ৭ অ। ১৭৮।

৮৪। রাজার নিজ কার্য্য সকল এরূপ সুব্যবস্থার সহিত করা কর্ত্তব্য যে কি মিত্র, কি উদাসীন, কি শত্রুরাজা কেহই প্রবল হইয়া তাঁহাকে পীড়া দিতে না পারে,, সংক্ষেপে ইহাই রাজনীতি বলিয়া কথিত হয়। মনু, ৭ অ। ১৮০।

মধ্যমস্য প্রচারঞ্চ বিজিগীষোশ্চ চেষ্টিতম্।
উদাসীন প্রচারঞ্চ শত্রোশ্চৈব প্রযত্নতঃ॥
এতাঃ প্রকৃতয়ো মূলং মণ্ডলস্য সমাসতঃ।
অষ্টৌ চান্যাঃ সমাখ্যাতা দ্বাদশৈব তু তাঃ স্মৃতাঃ॥
অমাত্যরাষ্ট্রদুর্গার্থ দণ্ডাখ্যাঃ পঞ্চ চাপরাঃ।
প্রত্যেকং কথিতা হ্যেতাঃ সংক্ষেপেণ দ্বিসপ্ততিঃ॥ মনু ৭অ।১৫৪—১৫৭।

৮৩। আয়তিং সর্ব্বকার্য্যাণাং তদাত্বঞ্চ বিচারয়েৎ।
অতীতানাঞ্চ সর্ব্বেষাং গুণদোষৌ চ তত্ত্বতঃ॥ মনু ৭অ। ১৭৮।

৮৪। যথৈনং নাভিসন্দধ্যুর্মিত্রোদাসীনশত্রবঃ।
তথা সর্ব্বং সংবিদধ্যাদেষ সামাসিকো নয়ঃ॥ মনু ৭অ।১৮০।

৮৫। সুবিজ্ঞ নরপতি,—ধনক্ষয়, প্রকৃতি-কোপ এবং মিত্র-ব্যসনাদি সর্ব্ব প্রকার বিপদ্ এককালীন উপস্থিত দেখিয়াও ক্ষুব্ধ না হইয়া বরং প্রয়োজন মত এককালীন বা পৃথক্ ভাবে সামাদি উপায় চতুষ্টয় প্রয়োগ করিবেন। উপেতা, উপেয় এবং উপায় এই তিনটি আশ্রয় করিয়া অর্থ-সিদ্ধি নিমিত্ত সম্যক্ প্রকারে যত্নবান্ হওয়া আবশ্যক। মনু, ৭ অ। ২১৪-২১৫।

৮৬। ভোজনান্তে অষ্টধা বিভক্ত দিবসের সপ্তমাংশে রাজা মহিষী-গণের সহিত ক্রীড়া-কৌতুক সমাপনান্তে অষ্টমাংশে পুনর্ব্বার স্বকার্য্য চিন্তা করিবেন। অনন্তর রাজা স্বয়ং অলঙ্কৃত হইয়া অস্ত্র-শস্ত্র-জীবী যোদ্ধৃ-বর্গ, হস্ত্যশ্বাদি বাহন এবং খড়্গাদি অস্ত্র-শস্ত্র পর্য্যবেক্ষণ করিবেন। অনন্তর সায়ংকালে সন্ধ্যাবন্দনাদি সমাপনান্তে রাজা সশস্ত্রাবস্থায় নিজের প্রকোষ্ঠ-

৮৫। সহ সর্ব্বাঃ সমুৎপন্না প্রসমীক্ষ্যাপদো ভৃশম্।
সংযুক্তাংশ্চ বিযুক্তাংশ্চ সর্ব্বোপায়ান্ সৃজেদ্ বুধঃ॥
উপেতারমুপেয়ঞ্চ সর্ব্বোপায়াংশ্চ কৃৎস্নশঃ।
এতৎত্রয়ং সমাশ্রিত্য প্রযতেতার্থসিদ্ধয়ে॥ মনু ৭অ। ২১৪—২১৫।

৮৬। ভুক্তবান্ বিহরেচ্চৈব স্ত্রীভিরন্তঃপুরে সহ।
বিহৃত্য তু যথাকালং পুনঃ কার্য্যাণি চিন্তয়েৎ॥
অলঙ্কৃতশ্চ সম্পশ্যেদায়ুধীয়ং পুনর্জ্জনম্।
বাহনানি চ সর্ব্বাণি শস্ত্রাণ্যাভরণানি চ॥
সন্ধ্যাঞ্চোপাস্য শৃণুয়াদন্তর্ব্বেশ্মনি শস্ত্রভৃৎ।
রহস্যাখ্যায়িনাঞ্চৈব প্রণিধীনাঞ্চ চেষ্টিতম্॥
গত্বা কক্ষান্তরন্ত্বন্যং সমনুজ্ঞাপ্য তং জনম্।
প্রবিশেদ্ভোজনার্থঞ্চ স্ত্রীবৃতোঽন্তঃপুরং পুনঃ।
তত্র ভুক্ত্বা পুনঃ কিঞ্চিৎ তূর্য্যঘোষৈঃ প্রহর্ষিতঃ।
সংবিশেৎ তু যথাকালমুত্তিষ্ঠেচ্চ গতক্লমঃ॥ মনু ৭ অ।২২১—২২৫।

মধ্যে গমন করতঃ সংবাদদাতা ও গূঢ়-চর সন্নিধানে গূঢ় ব্যাপার সকল শ্রবণ করিবেন এবং শ্রবণান্তে উহাদিগকে বিদায় দিয়া রাজা পরিচারিকা-স্ত্রী-সমভিব্যবহারে পুনর্ব্বার ভোজনার্থ গমন করিবেন। অন্তঃপুর-মধ্যে শ্রুতিসুখকর তূর্য্য-নাদে হৃষ্টচিত্ত হইয়া রাজা রাত্রি দেড় প্রহর-মধ্যে কিঞ্চিৎ আহার করিয়া দেড় প্রহর অন্তে শয়ন করিবেন এবং নিদ্রান্তে গত-শ্রম হইয়া প্রত্যূষে শয্যা হইতে গাত্রোত্থান করিবেন। মনু, ৭ অ। ২২১—২২৫।

৮৭। নরপতি কোন্ নৃপতি তাঁহার অনুরক্ত, কাহারা ভয় বশতঃ অনুগত এবং কাহারা নির্দ্দোষ, ইহা নিয়ত চিন্তা করিবেন। ম, শা, ৯৩ অ। ৩৬।

৮৮। যে পুরুষ মন্ত্র-নির্ণয় সমর্থ মন্ত্রিত্রয়ের সহিত, অথবা সম-সুখ-দুঃখভাগী মিত্র ও বান্ধববর্গের সহিত মন্ত্রণা করিয়া এবং দৈব সহায়ে যত্ন-পর হইয়া কর্ম্মারম্ভে প্রবৃত্ত হয়, পণ্ডিতগণ তাহাকেই উত্তম পুরুষ বলিয়া থাকেন; যে ব্যক্তি একাকীই ধর্ম্ম ও অর্থের বিচার করিয়া কার্য্যে প্রবৃত্ত

৮৭। কেবাঽনুরক্তা রাজানঃ কে ভয়াৎ সমুপাশ্রিতাঃ।
মধ্যস্থদোষাঃ কে চৈষামিতি নিত্যং বিচিন্তয়েৎ॥ ম. শা, ৯৩অ।৩৬।

৮৮। মন্ত্রিস্ত্রিভির্হি সংযুক্তঃ সমর্থৈর্ম্মন্ত্রনির্ণয়ে।
মিত্রৈর্ব্বাপি সমানার্থৈর্ব্বান্ধবৈরপি বাধিকৈঃ॥
সহিতো মন্ত্রয়িত্বা যঃ কর্ম্মারম্ভান্ প্রবর্ত্তয়েৎ।
দৈবেচ কুরুতে যত্নং তমাহুঃ পুরুষোত্তমম্॥
একোঽর্থং বিমৃশেদেকো ধর্ম্মে প্রকুরুতে মনঃ।
একঃ কার্য্যাণি কুরুতে তমাহুর্মধ্যমং নরম্॥
গুণদোষৌ ন নিশ্চিত্য ত্যক্ত্বা দৈবব্যপাশ্রয়ম্।
করিষ্যামীতি যঃ কার্য্যমুপেক্ষেৎ স নরাধমঃ॥ বা, ল, ৬ স। ৭—১০

হয়, তাহাকে মধ্যম এবং যে গুণ-দোষের বিচার ও দৈবের আশ্রয় গ্রহণ করিয়া "আমি একাকীই এই কর্ম্ম করিব" এইরূপ নিশ্চয় করতঃ কার্য্যে প্রবৃত্ত হইয়া পরে তাহাতে উপেক্ষা করে, তাহাকে পুরুষাধম বলিয়া থাকেন। বা, ল, ৬ স। ৭—১০।

৮৯। নৃপতি লোক সকলকে সংগ্রহ করিবার নিমিত্ত ধর্ম্মিষ্ঠ কর্ম্ম সকল আচরণ করিবেন, কারণ অকৃতাত্মা ব্যক্তিগণ সুমহৎ রাজতন্ত্র রক্ষা করিতে সমর্থ হয় না। ম, শা, ৫৮ অ। ২০—২১।

৯০। অস্থির-চিত্ত ব্যক্তিকে কেহ কখন বিশ্বাস করে না, অতএব রাজা যে কার্য্য প্রধান, তাহা প্রত্যক্ষ সম্পাদন করিবেন। ম, শা, ৮০ অ। ৯।

৯১। সকলের প্রতি একান্ত বিশ্বাস করিলে ধর্ম্ম ও অর্থের নাশ হয় এবং সর্ব্বত্র অবিশ্বাস করা অপেক্ষা মৃত্যুই শ্রেয়স্কর। ম, শা, ৮০ অ। ১০।

৯২। অতিশয় বিশ্বাসই অকালমৃত্যুর কারণ, অতিশয় বিশ্বাস করিলেই বিপদ্‌গ্রস্ত হইতে হয়, কেননা যাহাকে অতিশয় বিশ্বাস করিবে,

৮৯। "সঙ্গ্রহার্থঞ্চ লোকস্য ধর্ম্মিষ্ঠামাচরেৎ ক্রিয়াম্॥"
"রাজ্যং হি সুমহত্তন্ত্রং ধার্য্যতে নাকৃতাত্মভিঃ।" ম, শা, ৫৮ অ। ২০—২১।

৯০। অনিত্যচিত্তঃ পুরুষস্তস্মিন্ কো জাতু বিশ্বসেৎ।
তস্মাৎ প্রধানং যৎকার্য্যং প্রত্যক্ষং তৎ সমাচরেৎ॥ ম, শা, ৮০ অ। ৯।

৯১। একান্তেন হি বিশ্বাসঃ কৃৎস্নো ধর্ম্মার্থনাশকঃ।
অবিশ্বাসশ্চ সর্ব্বত্র মৃত্যুনা চ বিশিষ্যতে। ম, শা, ৮০ অ। ১০।

৯২। অকালমৃত্যুর্বিশ্বাসো বিশ্বসন্ হি বিপদ্যতে।
যস্মিন্ করোতি বিশ্বাসমিচ্ছতস্তস্য জীবতি।
তস্মাদ্বিশ্বসিতব্যং চ শঙ্কিতব্যং চ কেষুচিৎ।
এষা নীতিগতিস্তাত লক্ষ্যা চৈব সনাতনী॥ ম, শা, ৮০ অ। ১১—১২।

তিনি ইচ্ছা করিলেই জীবন থাকিতে পারে, নতুবা জীবন থাকিবার প্রত্যাশা থাকে না। অতএব ব্যক্তিবিশেষে বিশ্বাস ও ব্যক্তিবিশেষে অবিশ্বাস করিবে, ইহাই নীতির গতি এবং রাজার সর্ব্বদা তাহা লক্ষ্য করা কর্ত্তব্য। ম, শা, ৮০ অ। ১১—১২।

৯৩। নৃপতি যাহাকে বিবেচনা করিবেন যে, আমার অবিদ্যমানে ইনিই রাজা হইবেন, তাঁহাকে সর্ব্বদা শঙ্কা করা কর্ত্তব্য, কেননা পণ্ডিতেরা তাদৃশ জনকেই অমিত্র বলিয়া বোধ করেন। ম, শা, ৮০ অ। ১৩।

৯৪। রাজা যাহাদিগের ফল ভক্ষণ করা যায়, রাজ্যস্থিত সেই বনস্পতি সকলকে কেহ যেন ছেদন না করে এমত বিধান করিবেন। কেন না মনীষিগণ ফলমূলকেই ব্রাহ্মণগণের জীবনোপায় ধন ও ধর্ম্ম বলিয়া থাকেন। আর অন্যলোক ব্রাহ্মণগণের ভোগাতিরিক্ত ভোগ করিয়া থাকে, অতএব ব্রাহ্মণদিগের ভোগ না হইলে যেন অপর লোক কোন প্রকারে তাহা গ্রহণ না করে। ম, শা, ৮৯ অ। ১—২।

৯৫। যে বনে হস্তী পাওয়া যায় তাহা সুরক্ষিত রাখা, ধেনু সকলকে সুখে পালন করা, করিণী, কুঞ্জর ও তুরঙ্গাদি সংগ্রহ বিষয়ে তৃপ্তিলাভ না করা নৃপতির কর্ত্তব্য। বা, অ, ১০০ অ। ৫৩।

৯৩। যং মন্যেত মমাভাবাদিমমর্থাগমং স্পৃশেৎ।
নিত্যং তস্মাচ্ছঙ্কিতব্যমমিত্রং তদ্বিদুর্ব্বুধাঃ॥ ম শা, ৮০ অ। ১৩।

৯৪। বনস্পতীন্ ভক্ষ্যফলান্নচ্ছিন্দ্যুর্ব্বিষয়ে তব।
ব্রাহ্মণানাং মূলফলং ধর্ম্মমাহুর্ম্মনীষিণঃ॥
ব্রাহ্মণেভ্যোঽতিরিক্তঞ্চ ভুঞ্জীরন্নিতরে জনাঃ।
ন ব্রাহ্মণাপরাধেন হরেদন্যঃ কথঞ্চন॥ ম, শা, ৮৯ অ। ১—২।

৯৫। কচ্চিন্নাগবনং গুপ্তং কচ্চিৎ তে সন্তি ধেনুকাঃ।
কচ্চিন্ন গণিকাশ্বানাং কুঞ্জরাণাঞ্চ তৃপ্যসি॥ বা, অ, ১০০ স। ৫০।

৯৬। রাজা লাভাকাঙ্ক্ষায় দূরদেশ হইতে আগত বণিক্‌দিগের নিকটে শুল্কোপজীবী রাজপুরুষেরা যথাবিহিত শুল্ক লয় ও সমস্ত বণিকেরা নগর ও রাষ্ট্রমধ্যে সম্মানিত হইয়া এবং প্রতারণা দ্বারা বঞ্চিত না হইয়া পণ্যদ্রব্য সমূহ আনয়ন করিতে সমর্থ হয়, তাহার সমুচিত বিধান করিবেন। ম, শা, ৫ অ। ১১৪—১১৫।

৯৭। যদ্রূপ মাতা শিশুকে স্তন্যদান করেন, তদ্রূপ বসুমতী নরপতি কর্ত্তৃক সুরক্ষিতা হইলে দোগ্ধ্রীর ন্যায় সকলকেই ধান্য-হিরণ্যাদি প্রদান করিয়া থাকেন। ম, শা, ৭১ অ। ১৯।

৯৮। যে নৃপতি স্বয়ং অনুগ্রহ করিয়া রাষ্ট্রকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তিনিই বহুকাল জীবিত থাকিয়া বহুল ফললাভ করিতে পারেন। ম, শা, ৮৭ অ।২২—২৩।

৯৯। যে রাজা চতুর্ব্বর্ণের শাস্ত্রোক্ত ধর্ম্ম পর্য্যালোচনা করিয়া তাহাদিগের গুণ-দোষ বিচার করেন, তিনি রাজত্বের দৃঢ়তা, কোষের উপচয়, যশ ও স্বর্গ লাভ করেন। অত্রি। ২৭।

৯৬। কচ্চিদভ্যাগতা দূরাদ্বণিজো লাভকারণাৎ।
যথোক্তমবহার্য্যন্তে শুল্কং শুল্কোপজীবিভিঃ॥
কচ্চিৎ তে পুরুষা রাজন্ পুরে রাষ্ট্রে চ মানিতাঃ।
উপানয়ন্তি পণ্যানি উপধাভিরবঞ্চিতাঃ॥ ম, স, ৫ অ। ১১৪—১১৫।

৯৭। দোগ্‌ধ্রী ধান্যং হিরণ্যঞ্চ মহী রাজ্ঞা সুরক্ষিতা।
নিত্যং স্বেভ্যঃ পরেভ্যশ্চ তৃপ্তা মাতা যথা পয়ঃ॥ ম, শা, ৭১ অ। ১৯।

৯৮। "যো রাষ্ট্রমনুগৃহ্ণাতি পরিরক্ষন্ স্বয়ং নৃপঃ॥"
"সঞ্জাতমুপজীবন্ স লভতে সুমহৎ ফলম্।" ম, শা, ৮৭ অ। ২২—২৩।

৯৯। য এবং কুরুতে রাজা গুণদোষপরীক্ষণম্।
যশঃ স্বর্গং নৃপত্বঞ্চ পুনঃ কোষং সমুদ্ধরেৎ॥ অত্রি। ২৭।

১০০। দুষ্টের দমন, শিষ্টের পালন, ন্যায়ানুসারে ধনসঞ্চয়, বিচারার্থী-দিগের উপর অপক্ষপাতিতা এবং সর্ব্বতোভাবে রাজ্য রক্ষা করা, এই পাঁচটী রাজাদিগের যজ্ঞ বলিয়া কথিত হয়। অত্রি। ২৮।

১০১। প্রজাপালন, বর্ণ এবং আশ্রমের স্ব স্ব ধর্ম্মে স্থাপনা করা রাজার কর্ত্তব্য। বিষ্ণু ৩ অ। ২।

১০২। রাজা খনি, মাশুল আদায়, পারাপার স্থল এবং হস্তি-প্রসূ বনভূমিতে বিশ্বস্ত লোক নিযুক্ত করিবেন। ধর্ম্ম-কার্য্যে ধর্ম্মিষ্ঠদিগকে, অর্থ-কার্য্যে কৃপণদিগকে, যুদ্ধ-কার্য্যে বীরদিগকে, উগ্রকার্য্যে উগ্র ব্যক্তিদিগকে ও স্ত্রীলোকের রক্ষণাবেক্ষণে ক্লীবদিগকে নিযুক্ত করিবেন। বিষ্ণু ৩ অ। ৯।

১০৩। শান্তি এবং স্বস্ত্যয়ন দ্বারা রাজা দৈববিপত্তির উপশম করিবেন। বিষ্ণু ৩ অ। ৪৭।

১০৪। রাজা সকল কার্য্যই দৈবজ্ঞদিগের মতানুসারে করিবেন। বিষ্ণু ৩ অ। ৫৩।

১০০। দুষ্টস্য দণ্ডঃ সুজনস্য পূজা
ন্যায়েন কোষস্য চ সম্প্রবৃদ্ধিঃ।
অপক্ষপাতোঽর্থিষু রাষ্ট্ররক্ষাঃ
পঞ্চৈব যজ্ঞাঃ কথিতা নৃপাণাম্॥ অত্রি। ২৮।

১০১। প্রজা পরিপালনম্, বর্ণাশ্রমাণাং স্বে স্বে ধর্ম্মে ব্যবস্থাপনম্॥
আকর শুল্কতরনাগবনেষ্বাপ্তান্ নিযুঞ্জীত। বিষ্ণু ৩ অ। ২।

১০২। ধর্ম্মিষ্ঠান্ ধর্ম্মকার্য্যেষু। নিপুণানর্থকার্য্যেষু।
শূরান্ সংগ্রামকর্ম্মসু। উগ্রানুগ্রেষু।
ষণ্ঢান্ স্ত্রীষু॥ বিষ্ণু ৩ অ। ৯।

১০৩। শান্তিস্বস্ত্যয়নৈ র্দৈবোপঘাতান্ প্রশময়েৎ॥ বিষ্ণু ৩ অ। ৪৭।

১০৪। রাজা চ সর্ব্বকার্য্যেষু সাংবৎসরাধীনঃ স্যাৎ॥ বিষ্ণু ৩ অ। ৫৩।

১০৫। রাজা বৃদ্ধসেবী এবং যাগশীল হইবেন। বিষ্ণু ৩ অ। ৫৫।

১০৬। রাজা সর্ব্বতোভাবে আত্মরক্ষা করিবেন, প্রিয়-দর্শন ও প্রসন্ন-দৃষ্টি হইবেন। বিষ্ণু ৩ অ। ৬১—৬২।

১০৭। রাজা সকল সময়েই ঈষৎ হাস্য করিয়া কথা কহিবেন। বধ্য ব্যক্তির প্রতিও রূঢ় ব্যবহার করিবেন না। বিষ্ণু ৩ অ। ৬৩—৬৪।

১০৮। ন্যায্য ধন গ্রহণ হেতু, সঙ্কর বর্ণ হইতে প্রজা ও বলবান্ হইতে দুর্ব্বলের রক্ষা হেতু, রাজার বল বৃদ্ধি পায় এবং তিনি ইহ-পর উভয় লোকেই বর্দ্ধিত থাকেন, সেই জন্য রাজা যমের ন্যায় জিতেন্দ্রিয় ও জিত-ক্রোধ হইয়া প্রিয়াপ্রিয় পরিত্যাগ পুরঃসর যমবৃত্তি অবলম্বন করিবেন। মনু ৮ অ। ১৭২—১৭৩।

১০৯। বিদ্যাচার-সম্পন্ন, ব্যাধিত, আর্ত্ত, বালক, বৃদ্ধ, অকিঞ্চন, মহাকুলীন, আচার্য্য ইহাদিগকে রাজা দান-মানাদি দ্বারা সম্মাননা করিবেন। মনু ৮ অ।৩৯৫।

১০৫। বৃদ্ধসেবী ভবেৎ। যজ্ঞযাজী চ॥ বিষ্ণু ৩। ৫৫।

১০৬। সর্ব্বতস্ত্বাত্মানং গোপায়েৎ॥ "সুদর্শনশ্চ স্যাৎ"। বিষ্ণু ৩ অ। ৬১—৬২।

১০৭। স্মিতপূর্ব্বাভিভাষী স্যাৎ। বধ্যেষ্বপি ন ভ্রূকুটীমাচরেৎ॥ বিষ্ণু ৩ অ। ৬৩—৬৪।

১০৮। স্বাদানাদ্বর্ণসংসর্গাৎ ত্বলানাঞ্চ রক্ষণাৎ।
বলং সঞ্জায়তে রাজ্ঞঃ স প্রেত্যেহ চ বর্দ্ধতে॥
তস্মাদ্‌যম ইব স্বামী স্বয়ং হিত্বা প্রিয়াপ্রিয়ে।
বর্ত্তেত যাম্যয়া বৃত্ত্যা জিতক্রোধোজিতেন্দ্রিয়ঃ॥ মনু ৮ অ। ১৭২–১৭৩।

১০৯। শ্রোত্রিয়ং ব্যাধিতার্ত্তৌ চ বালবৃদ্ধাবকিঞ্চনম্।
মহাকুলীনমার্য্যঞ্চ রাজা সম্পূজয়েৎ সদা॥ মনু ৮ অ। ৩৯৫।

১১০। রাজা অলব্ধ বস্তু লাভ করিতে ধর্ম্মানুসারে চেষ্টা করিবেন, লব্ধ বস্তু যত্ন-পূর্ব্বক পালন করিবেন, পালিত বস্তু নীতিশাস্ত্রানুসারে বাড়াইবেন, ঐ বৰ্দ্ধিত বস্তু উপযুক্ত পাত্রে দান করিবেন এবং ধর্ম্মার্থ সেবায় নিযুক্ত করিবেন। যাজ্ঞ ১ অ। ৩১৭।

১১১। রাজা বৈশ্যকে বাণিজ্য, কুসীদ, কৃষি ও পশুরক্ষণ কার্য্যে এবং শূদ্রকে দ্বিজাতির সেবা কার্য্যে নিযুক্ত করাইবেন। মনু ৮ অ। ৪১০।

১১২। রাজা যত্ন সহকারে বৈশ্য ও শূদ্রকে স্ব স্ব কার্য্যে নিযুক্ত রাখিবেন, যেহেতু ঐ উভয়ে স্ব স্ব কার্য্য চ্যুত হইলে জগতে বিশৃঙ্খল উপস্থিত হয়। মনু ৮ অ। ৪১৮।

১১৩। রাজা প্রত্যহ সাধারণ গুরুতর কার্য্য সকল পর্য্যালোচনা করিবেন, বাহন সকল, আয়-ব্যয়, আকর এবং ধনাগার প্রতিদিনই পর্য্য-বেক্ষণ করিবেন। মনু ৮ অ। ৪১৯।

১১৪। রাজ্যরক্ষাদি কার্য্যে বার বার শ্রান্ত হইলেও তথাপি রাজা কর্ম্মারম্ভে ক্ষান্ত থাকিবেন না; কারণ কার্য্যারম্ভশালী পুরুষকে শ্রী নিজেই সেবা করেন। মনু ৯ অ। ৩০০।

১১০। ধর্ম্মেণালব্ধমীহেত লব্ধং যত্নেন পালয়েৎ।
পালিতং বর্দ্ধয়েন্নীত্যা বৃদ্ধং পাত্রেষু নিক্ষিপেৎ॥ যাজ্ঞ ১ অ। ৩১৭।

১১১। বাণিজ্যং কারয়েদ্বৈশ্যং কুসীদং কৃষিমেব চ।
পশূনাং রক্ষণঞ্চৈব দাস্যং শূদ্রং দ্বিজন্মনাম্॥ মনু ৮ অ। ৪১০।

১১২। বৈশ্যশূদ্রৌ প্রযত্নেন স্বানি কর্ম্মাণি কারয়েৎ।
তৌ হি চ্যুতৌ স্বকর্ম্মভ্যঃ ক্ষোভয়েতামিদং জগৎ॥ মনু ৮ অ। ৪১৮।

১১৩। অহন্যহন্যবেক্ষেত কর্ম্মান্তান্ বাহনানি চ।
আয়ব্যয়ৌ চ নিয়তাবাকরান্ কোষমেব চ॥ মনু ৮ অ। ৪১৯।

১১৪। আরভেতৈব কর্ম্মাণি শ্রান্তঃশ্রান্তঃ পুনঃ পুনঃ।
কর্ম্মাণ্যারভমাণং হি পুরুষং শ্রীর্নিষেবতে॥ মনু ৯ অ। ৩০০।

১১৫। রাজার দৈনিক কর্ত্তব্য কার্য্য-পদ্ধতি যোগীশ্বর যাজ্ঞবল্ক্য যেরূপ নির্দ্দেশ করিয়াছেন তাহা লিখিত হইতেছে;—রাজা আপনার এবং রাজ্যের রক্ষাবিধান পূর্ব্বক প্রত্যহ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া স্বয়ং আয়ব্যয় পরিদর্শন করিবেন। তৎপরে বিচার-কার্য্য পরিদর্শনানন্তর স্নান করিয়া ইচ্ছানুসারে ভোজন করিবেন। তত্তৎকার্য্যে নিযুক্ত ব্যক্তিগণের আনীত হিরণ্যাদি আপনি দেখিয়া কোষাগারে রাখিতে অনুমতি দিবেন। অনন্তর চারগণের (অর্থাৎ গোপনীয়রূপে পররাজ্যাদির বিবরণ জানিবার জন্য প্রেরিত ছদ্মবেশী পুরুষদিগের) সহিত সাক্ষাৎ করিবেন এবং মন্ত্রীর সহ একত্র হইয়া দূতগণের (অর্থাৎ অন্য রাজার নিকট প্রেরিত ব্যক্তিগণের) সকল কথা শুনিবেন ও তাহাদিগকে পুনঃ প্রেরণ করিবেন। অনন্তর একাকী অথবা কলাকুশল বিশ্বাসী মন্ত্রিবর্গে পরিবৃত হইয়া ইচ্ছামত বিহার করিবেন। পরে বেশভূষা বিভূষিত হইয়া চতুরঙ্গ সৈন্য পরিদর্শন করিবেন এবং সেনাপতির সহিত তাহাদিগের রক্ষণাবেক্ষণের উপায়াদি চিন্তা করিবেন। পরে সায়ংকালে সন্ধ্যা উপাসনা পূর্ব্বক পূর্ব্ব সাক্ষাৎকৃত চরদিগের নিকট গোপনীয় বিবরণ শুনিবেন, তৎপরে নৃত্যগীতাদি ক্রীড়ায় কিছুক্ষণ অতিবাহিত করিয়া ভোজন করিবেন। অনন্তর যথাশক্তি স্বাধ্যায়

১১৫। কৃতরক্ষঃ সমুত্থায় পশ্যেদায়ব্যয়ৌ স্বয়ম্।
ব্যবহারাংস্ততো দৃষ্ট্বা স্নাত্বা ভুঞ্জীত কামতঃ॥
হিরণ্যং ব্যাপৃতানীতং ভাণ্ডাগারেষু নিক্ষিপেৎ।
পশ্যেচ্চারাংস্ততো দূতান্ প্রেরয়েন্মন্ত্রিসংবৃতঃ॥
ততঃ স্বৈরবিহারী স্যান্মন্ত্রিভির্ব্বা সমাগতঃ।
বলানাং দর্শনং কৃত্বা সেনান্যা সহ চিন্তয়েৎ॥
সন্ধ্যামুপাস্য শৃণুয়াচ্চারাণাং গূঢ়ভাষিতম্।
গীতনৃত্যৈশ্চ ভুঞ্জীত পঠেৎ স্বাধ্যায়মেব চ।

পাঠ করিবেন। অনন্তর শয়ন করিবেন এবং যথাকালে নিদ্রাত্যাগ করিবেন, এই উভয় সময় তূর্য্যাদি বাদ্যধ্বনি হইবে। নিদ্রা পরিত্যাগ করিয়া মনে মনে শাস্ত্র ও কর্ত্তব্য কার্য্যের চিন্তা করিবেন। অনন্তর বিশ্বস্ত চর'দগকে দান-মানাদি দ্বারা সৎকৃত করিয়া নিজ সামন্তমণ্ডলের এবং অন্য রাজবর্গের নিকট প্রেরণ করিবেন। পরে ঋত্বিক্, পুরোহিত এবং আচার্য্য-গণের আশীর্ব্বাদে অভিনন্দিত হইয়া জ্যোতির্ব্বিদ্ ও বৈদ্যগণকে দর্শন করিবেন, তাঁহাদিগকে সুবর্ণ, ভূমি ও গো প্রদান করিবেন। পরে শ্রোত্রিয় ব্রাহ্মণগণকে কন্যালঙ্কারাদি গার্হস্থ্যোপযুক্ত দ্রব্য এবং উত্তম উত্তম গৃহ প্রদান করিবেন। যাজ্ঞ ১অ। ৩২৭—৩৩৩।

১১৬। রাজা ব্রাহ্মণদিগের প্রতি ক্ষমা, ভালবাসার পাত্রে সরলতা, শত্রুর প্রতি ক্রোধ এবং ভৃত্যবর্গ ও প্রজার প্রতি পিতার ন্যায় ব্যবহার করিবেন। যাজ্ঞ ১ অ। ৩৩৪।

১১৭। যেমন কৃষক, ধান্যাদি শস্যের রক্ষাবিধানার্থ তৎসহজাত

সংবিশেৎ তূর্য্যঘোষেণ প্রতিবুধ্যেত্তথৈবচ।
শাস্ত্রাণি চিন্তয়েদ্বুদ্ধ্যা সর্ব্বকর্ত্তব্যতাস্তথা॥
প্রেষয়েচ্চ ততশ্চারান্ স্বেষু চান্যেষু সাদরম্।
ঋত্বিক্ পুরোহিতাচার্য্যৈরাশীর্ভিরভিনন্দিতঃ॥
দৃষ্ট্বা জ্যোতির্ব্বিদো বৈদ্যান্ দদ্যাদ্গাং কাঞ্চনং মহীং।
নৈবেশিকানি চ তথা শ্রোত্রিয়াণাং গৃহাণি চ॥ যাজ্ঞ ১ অ, ৩২৭—৩৩৩।

১১৬। ব্রাহ্মণেষু ক্ষমী স্নিগ্ধেষ্বজিহ্মঃ ক্রোধনোঽরিষু।
স্যাদ্রাজা ভৃত্যবর্গেষু প্রজাসু চ যথা পিতা॥ যাজ্ঞ ১ অ, ৩৩৪।

১১৭। যথোদ্ধরতি নির্দ্দাতা কক্ষং ধান্যঞ্চ রক্ষতি।
তথা রক্ষেন্নৃপো রাষ্ট্রং হন্যাচ্চ পরিপন্থিনঃ॥ মনু ৭ অ, ১১০।

তৃণাদি উৎপাটন পূর্ব্বক দূরে নিক্ষেপ করে, তদ্রূপ সোদর হইলেও দুষ্টের বিনাশ দ্বারা শিষ্টের রক্ষাবিধান করা রাজার কর্ত্তব্য। মনু ৭অ ১১০।

১১৮। রাজা কাম-ক্রোধ-জনিত ব্যসন সকল পরিত্যাগ করিবেন এবং স্বয়ং ও দূত দ্বারা প্রকৃত বিবরণ অনুসন্ধান করিয়া অমাত্য প্রভৃতি প্রজাবর্গকে অনুরক্ত করিবেন ; কেননা, যে নরপতি বহুতর ধান্যাগার, রত্নাগার ও শস্ত্রাগার পরিপূরিত করিয়া প্রকৃতিবর্গকে স্বীয় প্রিয় ও অনুরক্ত করতঃ যথান্যায়ে পৃথিবী পালন করেন, তাঁহার মিত্রগণ (যে সকল ভদ্রপ্রজা শাসনানুসারে চলিয়া থাকেন, তাঁহারা) সুরগণ যেরূপ অমৃতলাভে আনন্দিত রহিয়াছেন, সেইরূপ আনন্দিত থাকেন অর্থাৎ দেবগণ যেরূপ অমৃতলাভ করিয়া, অশংসয়িত-জীবন হইয়া আনন্দভোগ করেন, সেইরূপ সেই রাজার রাজ্যে থাকিয়া প্রজাগণ নিঃশঙ্ক-চিত্ত হইয়া সুখভোগ করে। বা, অ, ৩ স। ৪৩—৪৫। *

১১৯। রাজা অতিনিদ্রা, আলস্য, ভয়, ক্রোধ, মৃদুতা ও দীর্ঘসূত্রতা, অনর্থকর এই ছয়টী দোষ অবশ্য দূর করিবেন। ম, স, ৫ অ। ১২৫।

১১৮। কামক্রোধসমুত্থানি ত্যজস্ব ব্যসনানি চ।
পরোক্ষয়া বর্ত্তমানো বৃত্ত্যাপ্রত্যক্ষয়া তথা॥
অমাত্যপ্রভৃতীঃ সর্ব্বাঃ প্রজাশ্চৈবানুরঞ্জয়।
কোষ্ঠাগারায়ুধাগারৈঃ কৃত্বা সন্নিচয়ান্ বহূন্॥
ইষ্টানুরক্তপ্রকৃতি র্যঃ পালয়তি মেদিনীম্।
তস্য নন্দন্তি মিত্রাণি লুব্ধামৃতমিবামরাঃ॥ বা, অ, ৩ স, ৪৩—৪৫।

১১৯। ষড়নর্থা মহারাজ কচ্চিৎ তে পৃষ্ঠতঃ কৃতাঃ।
নিদ্রালস্যং ভয়ং ক্রোধমার্দ্দবং দীর্ঘসূত্রতা॥ ম, স, ৫ অ, ১২৫।

---

* রাজা দশরথ শ্রীরামচন্দ্রকে উপদেশ দিয়াছিলেন।

১২০। ক্ষত্রিয় রাজ্যস্থ হইলেও ধর্ম্মানুসারে প্রজাপালন করতঃ সম্যক্ অধ্যয়ন করিবেন এবং যথাবিধি যজ্ঞ সকলও করিবেন। হা. ২অ। ২।

১২১। রাজা ধর্ম্মবুদ্ধি-সমন্বিত হইয়া ব্রাহ্মণগণকে ধনাদি দান করিবেন, নিয়ত স্বভার্য্যা-নিরত হইবেন ও সর্ব্বকালেই ষড়্ভাগের একভাগ কর গ্রহণ করিবেন। হা, ২অ। ৩।

১২২। নৃপতি নীতিশাস্ত্রোক্ত অর্থে পটু, সন্ধিবিগ্রহাদির তত্ত্বজ্ঞ, দেবব্রাহ্মণভক্ত ও পিতৃকার্য্যে (অর্থাৎ শ্রাদ্ধাদি কর্ম্মে) রত থাকিবেন। ধর্ম্মানুসারে যজন ও অধর্ম্ম পরিবর্জ্জন করিতে হইবে। ক্ষত্রিয় পূর্ব্বোক্ত ধর্ম্মাচরণ করিয়া উত্তম গতি লাভ করেন। হা, ২অ। ৪—৫।

১২৩। রাজা যথাকালে বিভাগ করিয়া সমভাবে ধর্ম্ম, অর্থ, কাম সেবা করিবেন। ম. স, ৫অ। ২০।

১২০। রাজাস্থঃ ক্ষত্রিয়শ্চাপি প্রজা ধর্ম্মেণ পালয়ন্।
কুর্য্যাদধ্যয়নম্ সম্যগ্ যজেদ্‌যজ্ঞান্ যথাবিধি ॥ হা, ২ অ। ২।

১২১। দদ্যাদ্দানং দ্বিজাতিভ্যো ধর্ম্মবুদ্ধি সম্বিতঃ।
স্বভার্য্যানিরতো নিত্যং ষড়্ভাগার্হঃ সদা নৃপঃ ॥ হা, ২ অ, ৩।

১২২। নীতিশাস্ত্রার্থকুশলঃ সন্ধিবিগ্রহতত্ত্ববিৎ।
দেবব্রাহ্মণভক্তশ্চ পিতৃকার্য্যপরস্তথা ॥
ধর্ম্মেণ যজনং কার্য্যমধর্ম্মপরিবর্জ্জনম্।
উত্তমাং গতিমাপ্নোতি ক্ষত্রিয়োঽপ্যেবমাচরন্ ॥ হা, ২ অ, ৪—৫।

১২৩। কচ্চিদর্থঞ্চ ধর্ম্মঞ্চ কামঞ্চ জয়তাং বর।
বিভজ্যকালে কালজ্ঞ সদা বরদ * সেবসে ॥ ম, স, ৫ অ, ২০।

সদা বরদেতি সম্বোধনেন পরানুগ্রহরূপো ধর্ম্মঃ
সর্ব্বেস্মিন্নপি কালে কর্ত্তব্য ইতি সূচয়তি।

১২৪। নৃপতি বক্তৃত্ব, প্রগল্‌ভত্ব প্রভৃতি ষড়্‌বিধ রাজগুণ দ্বারা সামদানাদি সপ্তবিধ উপায় এবং বলাবল দ্বারা রাজাদিগের নাস্তিকতাদি চতুর্দ্দশবিধ দোষ সম্যক্‌রূপে পরীক্ষা করিবেন। ম, স, ৫অ। ২১।

(ক) বক্তা, প্রগল্‌ভ, মেধাবী, স্মৃতিমান্‌, নয়বিৎ, কবি এই ষড়্‌গুণ।

(খ) নাস্তিকতা, অসত্য, ক্রোধ, অনবধানতা, দীর্ঘসূত্রতা, জ্ঞানীদিগের সহিত সাক্ষাৎ না করা, আলস্য, চিত্তচাঞ্চল্য, একের সহিত বিষয় চিন্তন, অর্থানভিজ্ঞ লোকদিগের সহিত মন্ত্রণা, অধ্যবসিত কার্য্যের অনারম্ভ, মন্ত্রণা রক্ষা না করা, মঙ্গলকার্য্যের অননুষ্ঠান এবং বিবেচনা না করিয়া সর্ব্ব কার্য্যেই উত্থান এই চতুর্দ্দশ দোষ।

১২৫। রাজা শৌর্য্য ও প্রজ্ঞাসম্পন্ন পঞ্চব্যক্তিকে পৌরপালন, দুর্গপালন, বণিক্‌পালন, কৃষি-পর্য্যবেক্ষণ, দুষ্টলোকের শাসন এই পঞ্চবিধ কর্ম্মে নিযুক্ত করিবেন। তাঁহারা ঐক্যমত্য অবলম্বনপূর্ব্বক জনপদের মঙ্গল বিধান করিবেন। ম, স, ৫অ। ৮০।

১২৪। কচ্চিদ্রাজগুণৈঃ ষড়্‌ভিঃ সপ্তোপায়াংস্তথানঘ।
বলাবলং তথা সম্যক্‌ চতুর্দ্দশ পরীক্ষসে॥ ম, স, ৫ অ, ২১।

(ক) বক্তা প্রগল্‌ভো মেধাবী স্মৃতিমান্নয়বিৎকবিরিতি ষড়্‌গুণাঃ।

(খ) নাস্তিক্যমনৃতং ক্রোধং প্রমাদং দীর্ঘসূত্রতাম্‌।
অদর্শনং জ্ঞানবতামালস্যং পঞ্চবৃত্তিতাম্‌॥
একচিন্তনমর্থানামনর্থজ্ঞৈশ্চ চিন্তনম্‌।
নিশ্চিতানামনারম্ভং মন্ত্রস্যাপরিরক্ষণম্‌॥
মঙ্গলাদ্যপ্রয়োগঞ্চ প্রত্যুত্থানঞ্চ সর্ব্বতঃ।
কচ্চিত্ত্বং বর্জ্জয়েস্তেতান্‌ রাজদোষাংশ্চতুর্দ্দশ। (ম, স, ৫অ, ২১ নীলকণ্ঠ টীকায়াং(

১২৫। কচ্চিচ্ছূরাঃ কৃতপ্রজ্ঞাঃ পঞ্চপঞ্চস্বনুষ্ঠিতাঃ।
ক্ষেমং কুর্ব্বন্তি সংহত্য রাজন্‌ জনপদে তব॥ ম, স, ৫ অ, ৮০।

১২৬। রাজা কি দণ্ডনীয়, কি পূজার্হ, কি প্রিয়, কি অপ্রিয়-সকলেরই প্রতি পরীক্ষা করিয়া যমের ন্যায় সম্যক্ ব্যবহার করিবেন। ম, স, ৫অ। ৮৮।

১২৭। রাজার দ্বিজাতি সাধারণের কর্ত্তব্য কর্ম্ম অধ্যয়ন, যজ্ঞ, দান, অপেক্ষা কয়টী অতিরিক্ত কর্ম্ম এই যে;—(১) সকল প্রাণীর রক্ষা, (২) দুষ্টব্যক্তির দমনার্থ যথাশাস্ত্র দণ্ডবিধান, (৩) উৎসাহহীন শ্রোত্রিয় এবং নিষ্কর ও উপকুর্ব্বাণ ব্রাহ্মণদিগকে প্রতিপালন, (৪) বিজয়ে উদ্যোগ, (৫) আপৎকালে বিশেষ সতর্কতা অবলম্বন, (৬) যুদ্ধক্ষেত্রে রথারোহণ ও ধনুর্ব্বাণ ধারণ করিয়া অবস্থান এবং যদ্ধস্থান হইতে পরাঙ্মুখ না হওয়া। গৌ, ১০ অ।

১২৮। ব্রাহ্মণ ভিন্ন রাজা সকলের প্রভু। তিনি সর্ব্বদা লোকের হিত করিবেন, সর্ব্বদা মিষ্ট বাক্য বলিবেন, বেদে এবং আন্বিক্ষিকী (অর্থাৎ তর্কশাস্ত্রে) বিশেষ শিক্ষিত হইবেন। পবিত্র, জিতেন্দ্রিয় ও গুণবানের সহায় এবং অপায়যুক্ত হইয়া সকল প্রজাতে সমদর্শী হইবেন। তাহাদের হিত করিবেন। গৌ, ১১ অ।

১২৬। কচ্চিদ্দণ্ড্যেষু যমবৎ পূজ্যেষু চ বিশাম্পতে।
পরীক্ষ্য বর্ত্তসে সম্যগপ্রিয়েষু চ প্রিয়েষু চ॥ ম, স, ৫ অ, ৮৮।

১২৭। রাজ্ঞোঽধিকং রক্ষণং সর্ব্বভূতানাং ন্যায্যদণ্ডত্বং
বিভৃয়াদ্ ব্রাহ্মণান্ শ্রোত্রিয়ান্ নিরুৎসাহাংশ্চ
ব্রাহ্মণানকরাংশ্চোপকুর্ব্বাণাংশ্চ যোগশ্চ বিজয়ে
ভয়ে বিশেষেণ চর্য্যা চ রথ ধনুর্ভ্যাং সংগ্রামে সংস্থানমনিবৃত্তিশ্চ। গৌ, ১০ অ।

১২৮। রাজা সর্ব্বস্যেষ্টে ব্রাহ্মণবর্জ্জং সাধুকারী স্যাৎ
সাধুবাদী ত্রয্যামান্বীক্ষিক্যাঞ্চাভিবিনীতঃশুচি
জিতেন্দ্রিয়ো গুণবৎসহায়োঽপায়সম্পন্নঃ
সমঃ প্রজাসু স্যাদ্ধিতঞ্চাসাং কুর্ব্বীত। গৌ, ১১ অ।

১২৯। রাজা ন্যায়পূর্ব্বক বর্ণাশ্রমাচারীদিগের রক্ষা করিবেন এবং আপনি ধর্ম্মপথে থাকিয়া ধর্ম্মপথ হইতে স্খলিত বর্ণাশ্রমীদিগকে স্ব স্ব ধর্ম্মে স্থাপিত করিবেন। রাজা ধর্ম্মেরও অংশভাগী বলিয়া বিদিত। গৌ, ১১ অ।

১৩০। যে রাজার কৃপণের ন্যায় ব্যবহার, সেই ব্যবহার তাঁহার রাজশ্রীকে বিনষ্ট করে, অতএব নৃপতি সুমহৎ ভোগ্যবস্তু দান করিবেন এবং সাধুগণের ক্ষুধা ও ভয় ভঞ্জন করিবেন। ম, অনু ৬১ অ।২৬।

১৩১। রাজা নিজরাজ্যে উপযুক্ত দণ্ড দিবেন এবং শত্রুদিগের উপর (শত্রু যতক্ষণ ক্ষমতাপন্ন থাকে ততক্ষণ) কঠোর দণ্ডদান করিবেন। মিত্রের প্রতি সরল ব্যবহার করিবেন এবং ব্রাহ্মণদিগের প্রতি ক্ষমাশীল হইবেন। বিষ্ণু ৩অ। ৬৮।

১৩২। স্বামী, অমাত্য, রাষ্ট্র, দুর্গ, কোষ, বল ও সুহৃৎ ইহাদিগকে সত্ত্ববুদ্ধির আশ্রয়স্বরূপ রাজ্য কহে। বুদ্ধি-প্রদর্শিত নির্গম হইয়া বলবৎ সত্ত্ব আশ্রয় করিয়া সর্ব্বদা উৎসাহের সহিত এই সপ্তাঙ্গ লাভের জন্য চেষ্টা করিবে। কাম, ১অ। ১৬—১৭।

১২৯। বর্ণাশ্রমাংশ্চ ন্যায়তোঽভিরক্ষেচ্চলতশ্চৈনান্
স্বধর্ম্মে স্থাপয়েদ্ধর্ম্মস্যো হ্যংশভাগভবতীতি। গৌ, ১১ অ।

১৩০। ক্ষতং কৃপণবিত্তং হি রাষ্ট্রং হন্তি নৃপশ্রিয়ম্।
দদ্যাচ্চ মহতো ভোগান্ ক্ষুদ্ভয়ং প্রণুদেৎ সতাম্॥ ম, অনু, ৬১ অ, ২৬।

১৩১। স্বরাষ্ট্রে ন্যায়দণ্ডঃ স্যাদ্‌ভৃশদণ্ডশ্চ শত্রুষু।
সুহৃৎ স্বজিহ্মঃ স্নিগ্ধেষু ব্রাহ্মণেষু ক্ষমান্বিতঃ॥ বিষ্ণু, ৩ অ, ৬৮।

১৩২। স্বাম্যমাত্যশ্চ রাষ্ট্রঞ্চ দুর্গং কোষো বলং সুহৃৎ।
এতাবদুচ্যতে রাজ্যং সত্ত্ববুদ্ধি ব্যপাশ্রয়ঃ॥

১৩৩। আসক্তি-বিরহিত হইয়া যথাকালে বিষয় উপভোগ করিবে। অর্থের ফল সুখলাভ, যদি সুখই বিনষ্ট হইল, তবে সম্পদ্ বৃথা। কাম, ১ অ। ৪৭।

১৩৪। কাম, ক্রোধ, লোভ, হর্ষ, মান ও মদ এই ষড়্‌বর্গ ত্যাগ করিলে রাজা সুখী হন। কামবশতঃ দণ্ডকরাজ, ক্রোধহেতু জনমেজয়, লোভহেতু রাজর্ষি ঐল, হর্ষবশতঃ বাতাসুর, মানবশতঃ পৌলস্ত্য, মদহেতু শিশুমার, ষড়্‌বর্গ আশ্রয় করিয়া নিধন প্রাপ্ত হইয়াছিলেন। শক্রতুল্য ষড়্‌বর্গ ত্যাগ করিয়া জিতেন্দ্রিয় জামদগ্ন্য এবং মহাভাগ অম্বরীষ বহুকাল পৃথিবী ভোগ করিয়াছিলেন। কাম, ১শ। ৫৫--৫৮

১৩৫। রাজা বিনয়ান্বিত হইয়া আন্বিক্ষিকী, ত্রয়ী, বার্ত্তা এবং দণ্ড-নীতি এই চতুর্ব্বিদ্যাকুশল ও তদনুষ্ঠান-নিরত ব্যক্তিদিগের সহিত আলো-

আলম্ব্য বলবৎ শশ্বৎ বুদ্ধ্যালোকিতনির্গমঃ।
সপ্তাঙ্গস্যাস্য লাভায় যতেত সততোত্থিতঃ॥ কাম, ১ স, ১৬—১৭।

১৩৩। সেবেত বিষয়ান্ কালে ভুক্ত্বা তৎপরতাং বশী।
সুখং হি ফলমর্থস্য তন্নিরোধে বৃথা শ্রিয়ঃ॥ কাম, ১ স, ৪৭।

১৩৪। কামঃ ক্রোধস্তথা লোভো হর্ষো মানো মদস্তথা।
ষড়্‌বর্গমুৎসৃজেদেনমস্মিন্ ত্যক্তে সুখী নৃপঃ॥
দণ্ডকো নৃপাতঃ কামাৎ ক্রোধাচ্চ জনমেজয়ঃ।
লোভাদৈলস্তু রাজর্ষি র্বাতাপি হর্ষতোঽসুরঃ॥
পৌলস্ত্যো রাক্ষসো মানান্মদাদ্দম্ভোদ্ভবো নৃপঃ।
প্রয়াতা নিধনং হ্যেতে শক্রষড়্‌বর্গমাশ্রিতাঃ॥
শক্রষড়্‌বর্গমুৎসৃজ্য জামদগ্ন্যো জিতেন্দ্রিয়ঃ।
অম্বরীষো মহাভাগো বুভুজাতে চিরং মহীং॥ কাম, ১ স, ৫৫—৫৮।

১৩৫। আন্বিক্ষিকীং ত্রয়ীং বার্ত্তাং দণ্ডনীতিঞ্চ পার্থিবঃ।
তদ্বিদ্যৈস্তৎক্রিয়োপেতৈশ্চিন্তয়েদ্বিনয়ান্বিতঃ॥

চনা করিবেন। আন্বিক্ষিকী, ত্রয়ী, বার্ত্তা এবং নিত্যদণ্ডনীতি এই চতুর্ব্বিদ্যা দেহিগণের যোগক্ষেমের কারণ। ত্রয়ী, বার্ত্তা ও দণ্ডনীতি এই তিনটী মানববিদ্যা, ত্রয়ীর এক বিভাগের নাম আন্বিক্ষিকী। বার্ত্তা এবং দণ্ডনীতি এই দুই বিদ্যা সুরগুরুর শিষ্যস্বরূপা, জগতের প্রয়োজন সাধনার্থ অবস্থিত। কেবল দণ্ডনীতিই ঔশনাঃ (শুক্রাচার্য্য) সম্মতাবিদ্যা; কেবল দণ্ডনীতিতেই সর্ব্ববিদ্যার আরম্ভ নিহিত আছে। আন্বিক্ষিকী (তর্কবিদ্যা) ত্রয়ী (ঋক্, যজুঃ সাম) বার্ত্তা এবং দণ্ডনীতি এই চারিটীর নাম বিদ্যা, ইহাই গুরুর উপদেশ। পৃথক্ পৃথক্ কার্য্যসিদ্ধির জন্য ইহাতে জগৎ অবস্থিত। আন্বিক্ষিকী হইতে আত্মজ্ঞান লাভ, বেদত্রয়ে ধর্ম্মাধর্ম্ম, বার্ত্তায় অর্থ ও অনর্থ এবং দণ্ডনীতিতে সুনীতি ও দুর্নীতি অবস্থিত। আন্বিক্ষিকী, ত্রয়ী ও বার্ত্তাকে সতীবিদ্যা কহে, কিন্তু দণ্ডনীতির অভাবে সতী-বিদ্যাও অসতী বিদ্যায় পরিণত হয়। কাম, ২স। ১—৮।

আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিশ্চ শাশ্বতী।
বিদ্যাশ্চতস্র এবৈতা যোগক্ষেমায় দেহিনাম্॥
ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিস্তিস্রো বিদ্যা হি মানবাঃ।
ত্রয্যা এব বিভাগোঽয়ং সেয়মান্বীক্ষিকী মতা॥
বার্ত্তা চ দণ্ডনীতিশ্চ দ্বে বিদ্যে ইত্যবস্থিতে।
লোকস্যার্থ প্রধানত্বাচ্ছিষ্যাঃ সুরপুরোধসঃ॥
একৈব দণ্ডনীতিস্তু বিদ্যেত্যৌশনসো স্থিতিঃ।
তস্যাস্তু সর্ব্ববিদ্যানামারম্ভাঃ সমুদাহৃতাঃ॥
বিদ্যাশ্চতস্র এবৈতা ইতি নো গুরুদর্শনম্।
পৃথক্ পৃথক্ প্রসিদ্ধ্যর্থং যাসু লোকো ব্যবস্থিতঃ॥
আন্বীক্ষিক্যাত্ম বিজ্ঞানং ধর্ম্মাধর্ম্মৌ ত্রয়ীস্থিতৌ
অর্থানর্থৌ তু বার্ত্তায়াং দণ্ডনীতৌ নয়ানয়ৌ॥

১৩৬। রাজা দণ্ডনীতি পরায়ণ হইলে, পণ্ডিতেরা অবশিষ্ট বিদ্যা ত্রয়ের উপাসনা করিতে পারেন। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়, ব্রহ্মচর্য্যাদি আশ্রম-চতুষ্টয় ঐ সকল বিদ্যায় অধিষ্ঠিত; রাজা তাহাদের পরিদর্শন ও রক্ষণ জন্য ঐ সকল বর্ণ ও আশ্রমের পুণ্যের অংশভাগী হইয়া থাকেন। কাম, ২স। ৯—১০।

১৩৭। সুখ-দুঃখের বিজ্ঞাপিকা বলিয়া আন্বীক্ষিকীর নাম আত্ম-বিদ্যা; তদ্দ্বারা তত্ত্বদর্শন হইলে হর্ষ ও শোক নষ্ট হয়। ঋক্, যজুঃ ও সাম এই বেদত্রয়ের নাম ত্রয়ী, যথাবিধি ত্রিবেদজ্ঞ ব্যক্তি স্বর্গ ও মর্ত্ত্য উভয় লোক প্রাপ্ত হন। শিক্ষা-কল্পাদি ছয় বেদাঙ্গ, চারি বেদ, মীমাংসা, ন্যায়শাস্ত্র, পুরাণ এবং ধর্ম্মশাস্ত্র ইহাদের সাধারণ নাম ত্রয়ী। পশু-পালন, কৃষি, ক্রয়-বিক্রয়, ইহাই বার্ত্তানুজীবিগণের বার্ত্তা, যাঁহারা সম্যক্

আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা সতী বিদ্যা প্রচক্ষ্যতে।
সত্যোঽপি হি ন সত্যস্তা দণ্ডনীতেস্তু বিভ্রমে॥ কাম, ২ স। ১—৮।

১৩৬। দণ্ডনীতির্যদাসম্যঙ্‌নেতারমধিতিষ্ঠতি।
তদা বিদ্যাবিদঃ শেষা বিদ্যাঃ সম্যগুপাসতে॥
বর্ণাঃ সর্ব্বাশ্রমাশ্চৈব বিদ্যাস্বাসু প্রতিষ্ঠিতাঃ।
ঈক্ষণাদ্রক্ষণাৎ তাসাং তদ্ধর্ম্মস্যাংশভাঙ্‌নৃপঃ॥ কাম, ২স। ৯—১০।

১৩৭। অন্বীক্ষিক্যাত্মবিদ্যা স্যাদীক্ষণাৎ সুখদুঃখয়োঃ।
ঈক্ষমাণস্তয়া তত্ত্বং হর্ষশোকৌ ব্যুদস্যতি॥
ঋক্‌যজুঃসামনামানস্ত্রয়ো বেদাস্ত্রয়ীমতা।
উভৌ লোকাববাপ্নোতি ত্রয্যাং তিষ্ঠন্ যথাবিধি॥
অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ।
ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ ত্রয়ীদং সর্ব্বমুচ্যতে॥
পাশুপাল্যং কৃষিঃ পণ্যং বার্ত্তা বার্ত্তানুজীবিনাম্।
সম্পন্নো বার্ত্তয়া সাধুর্ন বৃত্তের্ভয়মৃচ্ছতি॥ কাম, ২স। ১১—১৪॥

বার্ত্তাবিধি পালন করেন তাঁহাদের বৃত্তির (জীবিকার) ভয় হয় না। কাম, ২স। ১১-১৪।

১৩৮। দমের নাম দণ্ড, দণ্ড রাজায় অধিষ্ঠিত বলিয়া রাজার নীতির নাম দণ্ডনীতি, সৎপথে লইয়া যায় বলিয়া তাহার নাম নীতি। দণ্ডনীতি দ্বারা রাজা আপনাকে ও অন্যান্য বিদ্যাকে রক্ষা করেন, বিদ্যাসমূহ লোকের উপকার করে, রাজা বিদ্যার রক্ষা কর্ত্তা। যেহেতু এই সকলের দ্বারা বিজ্ঞগণ চতুর্ব্বর্গ লাভ করেন, সেই জন্য ইহাদিগকে বিদ্যা কহে; বিদ্ ধাতুর অর্থ জ্ঞান। কাম ২স। ১৫—১৭।

১৩৯। বর্ণ ও আশ্রমাচারযুক্ত, বর্ণ ও আশ্রমের বিভাগবিৎ, সর্ব্ব-লোকাধিকারযুক্ত রাজা বর্ণ এবং আশ্রমের রক্ষা কর্ত্তা। কাম, ২স।৩৫।

১৪০। আধি (মানসী ব্যথা) ও ব্যাধি (পীড়া) যুক্ত, অদ্যই হউক কল্যই হউক যাহার বিনাশ নিশ্চিত, ঈদৃশ শরীরের জন্য কে ধর্ম্মবিরুদ্ধ কার্য্যের অনুষ্ঠান করিবে? কাম, ৩স।৯।

১৩৮। দমোদণ্ড ইতিখ্যাতস্তাৎস্থ্যাদ্দণ্ডো মহীপতিঃ।
তস্যনীতির্দণ্ডনীতি র্নয়নান্নীতিরুচ্যতে॥
তয়াত্মানঞ্চ শেষাশ্চ বিদ্যাঃ পায়ান্মহীপতিঃ।
বিদ্যালোকোপকারিণ্যস্তৎপাতা হি মহীপতিঃ॥
বিদ্যাদ্যদাভির্নিপুণশ্চতুর্ব্বর্গ মুদারধীঃ।
বিদ্যাস্তদাসাং বিদ্যাত্বং বিদিজ্ঞানে নিরুচ্যতে॥ কাম, ২স। ১৫—১৭

১৩৯। বর্ণাশ্রমাচারযুক্তো বর্ণাশ্রমবিভাগবিৎ।
পাতা বর্ণাশ্রমানাঞ্চ পার্থিবঃ সর্ব্বলোকভাক্॥ কাম, ২স। ৩৫।

১৪০। আধি ব্যাধি পরীতায় অদ্যশো ভবা বিনাশিনে।
কোহি নাম শরীরায় ধর্ম্মাপেতং সমাচরেৎ॥ কাম ৩স। ৯।

১৪১। আহার দ্বারা ক্ষণকালের জন্য কষ্টে পরিতর্পিত এই শরীরকে জলবিন্দু ও ছায়ার ন্যায় সারশূন্য দেখিবে (জানিবে)। কাম, ৩স,। ১০।

১৪২। মহাবায়ু যেমন মেঘমালা আহরণ করে, বিষয়শত্রু সেইরূপ ভ্রান্তি সমাহরণ করিয়া থাকে! মেঘমালার ন্যায় কোমল তাদৃশ বিষয়শত্রু কিরূপে মহাপুরুষদিগকে আকর্ষণ করে? কাম, ৩স। ১১।

১৪৩। দেহীর জীবন জলে প্রতিবিম্বিত চন্দ্রের ন্যায় চঞ্চল জানিয়া, সর্ব্বদা কল্যাণকর কার্য্যের অনুষ্ঠান করিবে। কাম, ৩স। ১২।

১৪৪। জগৎ মৃগতৃষ্ণিকার ন্যায় ক্ষণভঙ্গুর (নশ্বর) জানিয়া ধর্ম্ম ও সুখের জন্য সৎসংসর্গ করিবে। কাম, ৩স। ১৩।

১৪৫। গ্রীষ্মকালের প্রখর-সূর্য্যকিরণসন্তপ্ত, চিত্ত-ক্ষোভকর, আশ্রয়-হীন মরুস্থলের ন্যায় কুসঙ্গ বর্জ্জন করিবে। দুর্জ্জন সৎস্বভাব সাধু-দিগের অন্তরে অকস্মাৎ প্রবেশলাভ করিয়া অগ্নি যেমন শুষ্ক বৃক্ষ দগ্ধ করে, সেইরূপ ভস্মসাৎ করিয়া থাকে। নিঃশ্বাসে অগ্নি উদ্গীরণকারী

১৪১। আহার্য্যৈর্নীয়মানং হি ক্ষণং দুঃখেন হৃদ্যতাম্।
ছায়ামাত্রকমেবেদং-পশ্যেদুদক বিন্দুবৎ॥ কাম, ৩স। ১০।

১৪২। মহাবাতাহৃতভ্রান্তি মেঘমালাতিপেলবৈঃ।
কথংনাম মহাত্মানো হ্রিয়ন্তে বিষয়ারিভিঃ॥ কাম ৩স। ১১।

১৪৩। জলান্তশ্চন্দ্রচপলং জীবনং খলু দেহিনাম্।
তথাবিধমিতিজ্ঞাত্বা শশ্বৎ কল্যাণমাচরেৎ॥ কাম, ৩স। ১২।

১৪৪। জগন্মৃগতৃষা তুল্যং বীক্ষ্যেদং ক্ষণভঙ্গুরম্।
স্বজনৈঃ সঙ্গতঃ কুর্য্যাদ্ধর্ম্মায় চ সুখায় চ॥ কাম, ৩ স। ১৩।

১৪৫। গ্রীষ্মসূর্য্যাংশু সন্তপ্তমুদ্বেজনমনাশ্রয়ম্।
মরুস্থলমিবোদগ্রং ত্যজেদ্দুর্জ্জন সঙ্গতম্॥

ধূমধূসরিতমুখ সর্পের সহিত সংসর্গও বরং শ্রেয়ঃ তথাপি দুর্জ্জনের সহিত সংসর্গ করিবে না। উদার পুরুষ যে হস্তে আহার দান করেন, দুর্জ্জন বিড়ালের ন্যায় তাহাই নষ্ট করে। সজ্জনের পক্ষে অসাধ্য, তীব্র-বাক্যবিষ-উদ্গীরণকারী-দুষ্ট-দুর্জ্জন সর্পের তুল্য। পূজনীয় আত্মীয়গণের সহিত যেরূপ বিনয়পূর্ণ ব্যবহার করিতে হয়, মঙ্গলার্থিগণ দুর্জ্জনের সহিত ততোধিক নম্র ব্যবহার করিবে। কাম, ৩স। ১৬—২১। শুক্র, ১অ। ১৬৩—১৬৫।

১৪৬। সর্ব্বজনের প্রীতি আকর্ষণ করিবার জন্য মৈত্রীভাবে সর্ব্ব জীবের আনন্দজনক সাধারণ বাক্য প্রয়োগ করিবে। সর্ব্বদা সম্মানকর বাক্যপ্রয়োগ করিয়া জগৎ পরিতুষ্ট করিবে, ধনদাতাও যদি কর্কশ বাক্য প্রয়োগ করে, তাহাতেও সকলে ক্ষুব্ধ হয়। যে বাক্যে মানুষের হৃদয়বিদ্ধ করিয়া অত্যন্ত ব্যথিত করে, সুবোধ ক্লেশিত হইলেও কদাপি

সতঃ শীলোপসম্পন্নানকস্মাদেব দুর্জ্জনঃ।
অন্তঃ প্রবিশ্য দহতি শুষ্কবৃক্ষানিবানলঃ॥
নিশ্বাসোদ্গীর্ণ হুতভুগ্ ধূমধূম্রীকৃতাননৈঃ।
বরমাশীবিষৈঃ সঙ্গং কুর্য্যান্নত্বেব দুর্জ্জনৈঃ॥
দীয়তে স্বচ্ছহৃদয়ৈঃ পিণ্ডো যেনৈব পাণিনা।
মার্জ্জার ইব দুর্ব্বৃত্তস্তমেব হি বিলুম্পতি॥
অসাধ্যং সাধুমন্ত্রাণাং তীব্রং বাগ্বিষমুৎসৃজন্।
দ্বিজিহ্ববদনং ধত্তে দুষ্টো দুর্জ্জনপন্নগঃ॥
ক্রিয়তেঽভ্যর্হণীয়ায় স্বজনায় যথাঞ্জলিঃ।
ততঃ সাধুতরঃ কার্য্যো দুর্জ্জনায় হিতার্থিনা॥
কাম, ৩স। ১৬—২১॥ শুক্র, ১ অ। ১৬৩—১৬৫।

১৪৬। হ্লাদিনীং সর্ব্বসত্ত্বানাং সম্যগ্ জনজিহীর্ষয়া।
ভাবয়ন্ পরমাং মৈত্রীং বিসৃজেল্লৌকিকীং গিরম্॥

তাদৃশ বাক্য প্রয়োগ করিবে না। বিনয়-বিহীন পুরুষের প্রযুক্ত তীব্র উদ্বেগকর বাক্য শস্ত্রের ন্যায় জীবের মর্ম্মচ্ছেদ করে। শত্রু মিত্র সকলের প্রতিই সর্ব্বদা প্রিয় বাক্য প্রয়োগ করিবে; সুমধুর কেকারবকারী ময়ূরের ন্যায় প্রিয়ভাষী কাহার প্রিয় নহে? মদব্যক্ত কেকারব ময়ূরকে অলঙ্কৃত করে, মধুর বাক্য পণ্ডিতের ভূষণ-স্বরূপ। মদান্বিত হংস, কোকিল ও ময়ূরের বাণী অপেক্ষাও পণ্ডিতদিগের সাধুবাক্য অধিক মনোহর। কাম, ৩স। ২২—২৮। শুক্র, ১অ। ১৬৬—১৬৯।

১৪৭। গুণানুরাগী, স্থিতিশীল, শ্রদ্ধান্বিত, দয়ালুব্যক্তি ধর্ম্মার্থে ধন দান করিবে এবং প্রিয়বাক্য প্রয়োগ করিবে। যাঁহারা প্রিয়বাক্য

নিত্যং মানোপহারিণ্যা বাচা প্রহ্লাদয়েজ্জগৎ।
উদ্বেজয়তি ভূতানি ক্রূরবাগ্‌ধনদোঽপি সন্॥
হৃদি বিদ্ধ ইবাত্যর্থং যথা সন্তপ্যতে জনঃ।
পীড়িতোঽপি হি মেধাবী ন তাং বাচমুদীরয়েৎ॥
তীব্রাণ্যুদ্বেগকারীণি বিস্পষ্টান্যনয়াত্মকৈঃ।
বৃন্তন্তি দেহিনাং মর্ম্ম শস্ত্রাণীব বচাংসি চ॥
প্রিয়মেবাভিধাতব্যং নিত্যং সৎসুদ্বিষৎসু চ।
শিখীব কেকামধুরঃ প্রিয়বাক্ কস্য ন প্রিয়ঃ॥
অলঙ্কুরন্তে শিখিনঃ কেকয়া মদরক্তয়া।
বাচা বিপশ্চিতোঽত্যর্থং মাধুর্য্য গুণযুক্তয়া॥
মদরক্তস্য হংসস্য কোকিলস্য শিখণ্ডিনঃ।
হরন্তি ন তথা বাচো যথা সাধু বিপশ্চিতাম্॥
কাম, ৩স। ২২—২৮। শুক্র, ১অ। ১৬৬—১৬৯।

১৪৭। গুণানুরাগী স্থিতিমান্ শ্রদ্দধানো দয়ান্বিতঃ।
ধনং ধর্ম্মায় বিসৃজেৎ প্রিয়াং বাচমুদীরয়েৎ॥

প্রয়োগ করেন এবং সৎকার্য্যের অনুষ্ঠান করেন, সেই প্রভাম্বিত, অনিন্দ্যচরিত মহাত্মাগণ নরাবয়বে দেবতা। কাম,৩স। ২৯—৩০।

১৪৮। আস্তিক্য-সমন্বিত, পবিত্রাত্মা ও শুচি হইয়া সর্ব্বদা দেবতার পূজা করিবে, গুরুজনকে দেবতার ন্যায় পূজা করিবে ও সুহৃদের সহিত আত্মবৎ ব্যবহার করিবে। কাম, ৩স। ৩১।

১৪৯। সম্পদ্‌লাভের নিমিত্ত গুরুজনকে প্রণিপাত দ্বারা, সজ্জনকে অনুবৃত্তি দ্বারা, দেবতাদিগকে পুণ্যানুষ্ঠান দ্বারা প্রসন্ন করিবে। কাম,৩স।৩২।

১৫০। সচ্চরিত্র দ্বারা মিত্র লাভ করিবে, সদ্ভাব দ্বারা বন্ধু লাভ করিবে, স্ত্রী ও ভৃত্যকে প্রেম ও দান দ্বারা এবং অপর সাধারণকে দাক্ষিণ্য দ্বারা বশীভূত করিবে। কাম, ৩স।৩৩।

১৫১। পরকার্য্যে অনিন্দা, স্বধর্ম্মপালন, দরিদ্রের প্রতি দয়া, সকলকে মধুর বাক্য প্রয়োগ, প্রাণ বিনিময়েও অকপট বন্ধুর উপকার,

যে প্রিয়াণি প্রভাষন্তে প্রযচ্ছন্তি চ সৎকৃতিম্।
শ্রীমন্তোঽনিন্দ্যচরিতা দেবাস্তে নরবিগ্রহাঃ ॥ কাম, ৩স। ২৯—৩০।

১৪৮। শুচিরাস্তিক্য পূতাত্মা পূজয়েদ্দেবতা সদা।
দেবতাবদ্‌গুরুজনমাত্মবচ্চসুহৃজ্জনম্ ॥ কাম, ৩স। ৩১।

১৪৯। প্রণিপাতেন হি গুরূন্ সতোঽনূচানুচেষ্টিতৈঃ।
কুর্ব্বীতাভিমুখান্ ভূত্যৈ দেবান্ সুকৃতকর্ম্মণা ॥ কাম, ৩স। ৩২।

১৫০। স্বভাবেন * হরেন্মিত্রং সদ্ভাবেন চ বান্ধবান্।
স্ত্রীভৃত্যান্ * প্রেমদানাভ্যাং দাক্ষিণ্যেনেতরংজনম্ ॥
কাম, ৩স। ৩৩। শুক্র, ১অ। ১৭৪।

১৫১। অনিন্দা পরকৃত্যেষু স্বধর্ম্ম পরিপালনম্।
কৃপণেষু দয়ালুত্বং সর্ব্বত্র মধুরাগিরঃ ॥

---

* শুক্রনীত্যাং "সদ্ভাবেন" "স্ত্রীভৃত্যো" ইতি পাঠঃ।

গৃহাগত অতিথির সৎকার, যথাশক্তি দান, সহিষ্ণুতা, বন্ধুর সহিত সংযোগ, স্বজনের সহিত সদ্ব্যবহার ও তাহাদের চিত্তানুবর্ত্তন, এই কয়টী মহাত্মার কার্য্য। যাঁহারা সনাতন পথে প্রবৃত্ত ইহাই সেই মহাত্মাগণের পন্থা; যাঁহারা এই পথে সতত বিচরণ করেন, তাঁহারা সাধুদিগের সেবিত পরম লোক লাভ করেন। এই পথ-নিষ্ঠ ব্যক্তির শত্রুও মিত্রে পরিণত হয়, ঈদৃশ নিরহঙ্কার নৃপতি বিনয়গুণে জগৎ বশীভূত করেন। কাম, ৩স। ৩৪—৩৮।

১৫২। কোথায় উন্নত রাজসমূহ! কোথায় মধুরবাক্যে প্রজা-রঞ্জন! মধুরবাক্যপাশে আনত ও পালিত ব্যক্তি লোকসংস্থিতির (লোকপ্রতিষ্ঠার) ভেদ করে না। কাম, ৩স। ৫৯।

প্রাণৈরপ্যুপকারিত্বং মিত্রায়াব্যভিচারিণে।
গৃহাগতে পরিষঙ্গ শক্ত্যা দানং সহিষ্ণুতা॥
বন্ধুভির্বন্ধুসংযোগঃ স্বজনে চরিতানি চ।
তচ্চিত্তানুবিধায়িত্বমিতি বৃত্তং মহাত্মনাম্॥
সনাতনে বর্ত্মনি সাধু তিষ্ঠতা
ময়ং হি পন্থা গৃহমেধিনাং মতঃ।
অনেন গচ্ছন্নিয়তং মহাত্মনা
মিমঞ্চ লোকং পরমঞ্চ বিন্দতি॥
ইতি পথি বিনিবেশিতাত্মনো
রিপুরপি গচ্ছতি সাধু মিত্রতাম্।
ভদবনিপতিমৎসরা দৃতে
বিনয়গুণেন জগদ্বশী ভবেৎ॥ কাম, ৩স। ৩৪—৩৮।

১৫২। ক চ নরপতিবর্গঃ সংগ্রহঃ ক প্রজানাং
মধুরবচন যোগাল্লোকমাহ্লাদয়ী চ।

১৫৩। প্রাগল্ভ্য ও প্রতিভা এই গুণ দ্বয় পরীক্ষা করিবে, কথা প্রসঙ্গে বাগ্মিতা ও সত্যবাদিতার পরিচয় জানিবে। উৎসাহ, প্রভাব, ক্লেশসহিষ্ণুতা, ধৃতি, অনুরাগ ও স্থৈর্য্য লক্ষ্য করিবে। ভক্তি, মৈত্রী (বন্ধুতা) ও শৌচ (পবিত্রতা) ব্যবহার দ্বারা জানিবে। প্রতিবেশীর নিকট বল, সত্ত্ব, আরোগ্য ও শীলের পরিচয় জানিবে। জড়ত্তারাহিত্য, চাপল্যরাহিত্য, অবৈরিকারিতা, ভদ্রতা ও ক্ষুদ্রতার প্রত্যক্ষ পরিচয় গ্রহণ করিবে। কাম, ৪স। ৩৬—৩৯।

১৫৪। পরোক্ষ গুণগ্রাম কর্ম্মানুমেয়, অতএব ফল দ্বারা পরোক্ষ বৃত্তির পরিচয় লইবে। কাম, ৪স। ৪০।

১৫৫। ভূমিগুণে রাষ্ট্র সমৃদ্ধি-সম্পন্ন হয়, রাষ্ট্র সমৃদ্ধি লাভ করিলে

মধুরবচন পাশৈরানতো লালিতঃ সন্
পদমপি হি ন লোকঃ সংস্থিতের্ভেদমেতি ॥ কাম, ৩স। ৩৯।

১৫৩। গুণদ্বয়ং পরীক্ষেত প্রাগল্ভ্যং প্রতিভাস্তথা।
কথা যোগেন বুধ্যেত বাগ্মিত্বং সত্যবাদিতাম্ ॥
উৎসাহঞ্চ প্রভাবঞ্চ তথা ক্লেশসহিষ্ণুতাম্।
ধৃতিঞ্চৈবানুরাগঞ্চ স্থৈর্য্যং বা যদি লক্ষয়েৎ ॥
ভক্তিং মৈত্রীঞ্চ শৌচঞ্চ জানীয়াদ্ ব্যবহারতঃ।
সংবাসিভ্যো বলং সত্ত্বমারোগ্যং শীলমেব চ ॥
অস্তব্ধতামচাপল্যং বৈরিণাঞ্চাপি কর্ত্তৃতাম্।
প্রত্যক্ষতো বিজানীয়াদ্ভদ্রতাং ক্ষুদ্রতামপি ॥ কাম, ৪স। ৩৬—৩৯।

১৫৪। কর্ম্মানুমেয়াঃ সর্ব্বত্র পরোক্ষ গুণবৃত্তয়ঃ।
তস্মাৎ পরোক্ষবৃত্তীনাং ফলৈঃ কর্ম্মবিভাবয়েৎ ॥ কাম, ৪ স, ৪০।

১৫৫। ভূগুণৈর্ব্বর্দ্ধতে রাষ্ট্রং তদ্বৃদ্ধির্নৃপবৃদ্ধয়ে।
তস্মাদ্গুণবতীং ভূমিং ভূত্যৈ ভূপস্তু কারয়েৎ ॥ কাম, ৪ স, ৫০।

রাজার অভ্যুদয় হয়, অতএব সম্পদের জন্য রাজা ভূমির উৎকর্ষ সাধন করিবেন। কাম, ৪স। ৫০।

১৫৬। শস্য, আকর, পণ্য, খনিজ (ধাতু দ্রব্যাদি) সমন্বিতা, গোচারণ স্থল, প্রভূত-জল, পবিত্র-জনপদ-সঙ্কুলা, রমণীয় হস্তিবনবিশিষ্টা, জলপথ ও স্থলপথযুক্তা, অদেব-মাতৃকাভূমিই সম্পদ্ বৃদ্ধির জন্য প্রশস্ত। কঙ্কর ও পাষাণময়-অটবীবহুলা, শুষ্কা, কণ্টকবনযুক্তা, যথায় অনেক সর্প থাকে ও নিত্য চোরের উপদ্রব সে ভূমি ভূমির মধ্যেই গণ্য নহে। স্বীয় উপজীবিকাবহুল, পৃথিবীর গুণযুক্ত, সমানরূপ, পর্ব্বত যাহার আশ্রয়, শূদ্র, কারুকর ও বণিক্ বহুল এবং যে স্থানে কৃষক অতীব-কারী, পরস্পর সহানুভূতি-সম্পন্ন, শত্রুদ্বেষী, পীড়া-সহন-শীল, উন্নত, নানা দেশীয় জন দ্বারা সমাকীর্ণ, ধার্ম্মিক, পশুবিশিষ্ট, ধনৈশ্বর্য্যশালী এইরূপ জনপদ (যাহার নায়ক মূর্খ ও দ্যূতপানাদিসক্ত নহেন) রাজা সেই

১৫৬। শস্যাকরবতী পণ্য খনিদ্রব্যসমন্বিতা।
গোহিতা ভূরিসলিলা পুণ্যৈর্জনপদৈর্বৃতা॥
রম্যা সকুঞ্জরবনা বারিস্থলপথান্বিতা।
অদেবমাতৃকা চেতি শস্যতে ভূর্বিভূতয়ে॥
সশর্করা সপাষাণা সাটবী নিত্যতস্করা।
রুক্ষা সকণ্টকবনা সব্যালা চেতি ভূরভূঃ॥
স্বাজীব্যো ভূগুণৈর্যুক্তঃ সারূপঃ পর্ব্বতাশ্রয়ঃ।
শূদ্রকারু বণিক্প্রায়ো মহারম্ভকৃষীবলঃ॥
সানুরাগো রিপুদ্বেষী পীড়াকরসহঃ পৃথুঃ।
নানাদেশ্যৈঃ সমাকীর্ণো ধার্ম্মিকঃ পশুমান্ ধনী॥
ঈদৃগ্জনপদঃ শস্তোঽমূর্খ ব্যসনিনায়কঃ।
তং বর্দ্ধয়েৎ প্রযত্নেন তস্মাৎ সর্ব্বং প্রবর্দ্ধতে॥ কাম, ৪ স, ৫১—৫৬।

দেশকে বৰ্দ্ধিত করিবেন, তাহাতেই সকল বৰ্দ্ধিত হইবে। কাম, ৪স। ৫১—৫৬।

১৫৭। চিত্ত প্রতিক্ষণেই অর্থের ন্যায় অনিয়ম্য হইয়া উঠে, সুতরাং যোগীর ন্যায় সর্ব্বদা তাহাদিগের প্রতি সাবধানে দৃষ্টি রাখিবে। কাম, ৫স। ৯১।

১৫৮। লৌকিক-ব্যবহার-শাস্ত্র ও বেদকুশল রাজা শাস্ত্রবেত্তৃগণ পরিবৃত হইয়া সাদরে বাহ্য ও আভ্যন্তর রাজ্যশাসন করিবেন। স্বকীয় শরীরের নাম আভ্যন্তর এবং রাষ্ট্রের নাম বাহ্যরাজ্য, এক অন্যের আধার বলিয়া (পরস্পর আধার, আধেয় সম্বন্ধ হেতু) ইহাদের এক সংজ্ঞা। রাষ্ট্র সমস্ত রাজ্যাঙ্গের উৎপত্তি স্থল, অতএব রাজা সর্ব্ব-প্রযত্নে রাষ্ট্র পালন করিবেন। কাম, ৬স। ১—৩।

১৫৯। লোকের মঙ্গলার্থে রাজা আত্ম-শরীর ধারণ করিবেন, রাজ-শরীর লোকের আশ্রয় স্থল এবং ধর্ম্মসাধনস্বরূপ। কাম, ৬স। ৪।

১৫৭। প্রাদুর্ভবত্যর্থসমং যস্মাচ্চিত্তান্যনুক্ষণম্।
তস্মাদ্‌যোগীব সততং তানি পশ্যেৎ সমাহিতঃ॥ কাম, ৫স, ৯১।

১৫৮। লোকে বেদে চ কুশলঃ কুশলৈঃ পরিবারিতঃ।
আদৃতশ্চিন্তয়েদ্রাজ্যং স বাহ্যাভ্যন্তরং তথা॥
আভ্যন্তরং শরীরং স্বং বাহ্যং রাষ্ট্রমুদাহৃতম্।
অন্যোন্যাধারসম্বন্ধাদেকমেবেদমিষ্যতে॥
রাজ্যাঙ্গানাস্তু সর্ব্বেষাং রাষ্ট্রাদ্ ভবতি সম্ভবঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন রাজা রাজ্যং প্রসাধয়েৎ॥ কাম, ৬ স, ১—৩।

১৫৯। লোকানুগ্রহমন্বিচ্ছন্ শরীরমনুপালয়েৎ।
রাজ্ঞঃ সংশরণং ধাম শরীরং ধর্ম্মসাধনম্॥ কাম ৬ স, ৪।

১৬০। ঋষিকল্প রাজগণ ধর্ম্মসঙ্গত বৈধহিংসার অনুষ্ঠান করিয়াছেন, সুতরাং অসাধু ও পাপিষ্ঠদিগের বিনাশ করিলে পাপ হয় না। কাম, ৬স। ৫।

১৬১। সর্ব্বদা সর্ব্ববিষয়ে স্বয়ং দোষগুণ অন্বেষণ করিবে, দোষ স্বয়ং জ্ঞাত হইয়া দণ্ড প্রদান করিবে। কাম, ৮স। ৭৬।

১৬২। কালবিৎপণ্ডিত দীনজনের কৃতকার্য্যের গুরুত্ব দেখিয়া, তাহাতে বিদ্যমান দোষ সকল আচ্ছাদন করতঃ তাহার যে গুণ নাই, তাহারও আরোপ করিবেন। কাম, ৮স। ৮২।

১৬৩। বোধানুগত বুদ্ধি দ্বারা পরিচালিত হইয়া সম্পদের পদলাভ করিবে। সুবিশুদ্ধ পদন্যাস পর্ব্বতাগ্রের ন্যায় সুপ্রকাশ। কাম, ১১স। ৩৫।

১৬৪। তদাত্বায়তি-সংশুদ্ধ, শুচি, শুদ্ধক্রমাগত, হিতকরকর্ম্ম সজ্জনের অনুমোদিত। যে কার্য্য হিতানুবন্ধি, যাহা নিন্দনীয় নহে, তাহা তদাত্বকটু হইলেও তাদৃশ কর্ম্মের অনুষ্ঠান করিবে। কাম, ১১স। ৪৩—৪৪।

১৬০। ধর্ম্ম্যামারেভিরে হিংসামৃষিকল্পা মহীভুজঃ।
তস্মাদসাধূন্ পাপিষ্ঠান্নিঘ্নন্ পাপৈর্ন লিপ্যতে॥ কাম, ৬ স, ৫।

১৬১। স্বয়ং দোষগুণান্বেষী ভবেৎ সর্ব্বত্র সর্ব্বদা।
স্বয়ং জ্ঞাতেষু দোষেষু শস্যতে দণ্ডপাতনম্॥ কাম, ৮ স, ৭৬।

১৬২। কার্য্যস্য হি গরীয়স্ত্বান্নীচানামপি কালবিৎ।
সতোঽপি দোষান্ প্রচ্ছাদ্য গুণানপ্যসতো বদেৎ॥ কাম, ৮ স, ৮২।

১৬৩। বুদ্ধ্যা বোধানুগতয়া পরীয়াৎ সম্পদঃ পদম্।
সুবিশুদ্ধপদন্যাসঃ পর্ব্বতাগ্রমিবোদিতম্॥ কাম, ১১ স, ৩৫।

১৬৪। তদাত্বায়তিসংশুদ্ধং শুচি শুদ্ধক্রমাগতম্।
হিতানুবন্ধিং চ সদা কর্ম্ম সদ্ভিঃ প্রশস্যতে॥
হিতানুবন্ধি যৎকার্য্যং গচ্ছেদ্দেষেন ন বাচ্যতাম্।
তস্মিন্ কর্ম্মণি সজ্জেত তদাত্বকটুকেঽপি হি॥ কাম, ১১ স, ৪৩—৪৪।

১৬৫। অবিদিত বিষয়ের জ্ঞান, পরিজ্ঞাত বিষয়ের নিশ্চয়, যাহাতে অর্থদ্বৈধ লক্ষিত হইবে তাহার সন্দেহচ্ছেদন, পরিণামদর্শন, বিজ্ঞমণ্ডলের উপদেশ অনুসরণপূর্ব্বক কাহাকেও অপমান না করিয়া অবস্থান করিবে। সদুপদেশ লাভের নিমিত্ত সকলের বাক্যই শ্রবণ করিবে। কাম, ১১স। ৫০—৫১।

১৬৬। আরব্ধের অনুষ্ঠান করিবে, অনারব্ধ কার্য্যে নিয়োগ করিবে, যাহা অনুষ্ঠিত তাহা সম্যক্ সদুপায়ে সম্পন্ন করিবে। কাম, ১১স। ৫৭।

১৬৭। মহাপক্ষ—বহু-কর্ম্মদর্শী, হিতকারী, সুধী ব্যক্তি শাস্ত্রসম্মত যাহা উপদেশ করিবেন, তাহারই সম্যক্ অনুষ্ঠান করিবে। কাম, ১১স। ৭০।

১৬৮। বুদ্ধিমান্ ব্যক্তি সজ্জনসেবিতপথে উপযুক্তকালে কার্য্য আরম্ভ করিবে। যথাকালে কার্য্যে প্রবৃত্ত হইলে সুমধুর ফলভোগ হয়। কাম ১১স। ৭৩।

১৬৫। অবিজ্ঞাতস্য বিজ্ঞানং বিজ্ঞাতস্য চ নিশ্চয়ঃ।
অর্থদ্বৈধস্য সন্দেহচ্ছেদনং শেষদর্শনম্॥
বিদুষাং শাসনে তিষ্ঠন্নাবমন্যেত কঞ্চন।
সর্ব্বস্য চোক্তং শৃণুয়াৎ সুভাষিত জিঘৃক্ষয়া॥ কাম, ১১ স, ৫০—৫১।

১৬৬। অনুতিষ্ঠেৎ সমারব্ধমনারব্ধং প্রযোজয়েৎ।
অনুষ্ঠিতঞ্চ সদ্বৃত্ত্যা বিশেষেণোপপাদয়েৎ॥ কাম, ১১ স, ৫৭।

১৬৭। মহাপক্ষো যথাশাস্ত্রং দৃষ্টকর্ম্মা হিতঃ সুধীঃ।
যদ্ব্রূয়াচ্চ মতারূঢ়স্তত্তৎ সাধুসমাচরেৎ॥ কাম, ১১ স, ৭০।

১৬৮। সতাং মার্গেণ মতিমান্ কালে কর্ম্ম সমাচরেৎ।
কালে সমাচরন্ সাধু রসবৎ ফলমশ্নুতে॥ কাম, ১১ স, ৭৩।

১৬৯। তন্ন তন্ন করিয়া সকল বিষয় পর্য্যালোচনা করতঃ, কালদেশ-সহায়সম্পন্ন ও বিশুদ্ধ-পার্ষ্ণি হইয়া সৎকার্য্যে হস্তক্ষেপ করিবে. চাপল্য-প্রযুক্ত কোন কার্য্যে প্রবৃত্ত হইবে না। কাম, ১১স। ৭৪।

১৭০। অপ্রিয় বাক্য সহ্য করিবে ও কাম-ক্রোধ বর্জ্জন করিবে। অপরের সহিত একত্র শয়ন করিবে না। নিজ অভিপ্রায় গোপন করিবে ও পরের অভিপ্রায় অবগত হইবে। কাম, ১২স। ১৫।

১৭১। বিদ্যার অন্বীক্ষণ (পর্য্যবেক্ষণ) স্ববর্ণাশ্রমের পরিরক্ষণ, শুদ্ধ শস্ত্রগ্রহণ, যুদ্ধমার্গে শিক্ষণ. ব্যায়াম, শস্ত্রবিজ্ঞান, কর্ম্মের লক্ষণ, হস্তী-অশ্ব-রথ-পৃষ্ঠে যথাবিধি সম্প্রবর্ত্তন; যুদ্ধকৌশল, মায়া, পরচিত্ত প্রবেশ, শঠের সহিত ধূর্ত্ততা, সাধুর সহিত সদ্‌ব্যবহার; মন্ত্র ও উদ্যোগের অনুবর্ত্তন ও তাহাদের রক্ষণ, স্বাস্থ্য, সাম ও দানের উপেক্ষা, ভেদ ও দণ্ডের সাধন,

---

১৬৯। ইতি চেতি চ সম্পশ্যন্ কালদেশ সহায়বান্।
বিশুদ্ধ-পার্ষ্ণিঃ সদ্বস্তু সমাক্রামেন্ন চাপলাৎ॥ কাম, ১১ স, ৭৪।

১৭০। সহেতানিষ্টবচনং কামক্রোধঞ্চ বর্জয়েৎ।
নাঙ্গৈঃ শয়ীত ভাবং স্বং রক্ষেদ্বিদ্যাৎ পরস্য চ॥ কাম, ১২ স, ১৫।

১৭১। অন্বীক্ষণঞ্চ বিদ্যানাং স্ববর্ণাশ্রম রক্ষণম্।
গ্রহণং শুদ্ধশস্ত্রাণাং যুদ্ধমার্গেঽপি শিক্ষণম্॥
ব্যায়ামঃ শস্ত্রবিজ্ঞানং কর্ম্মণাং লক্ষণানি চ।
গজাশ্বরথপৃষ্ঠেষু যথাবৎ সম্প্রবর্ত্তনম্॥
নিযুদ্ধকুশলং মায়া পরচিত্তপ্রবেশনম্॥
ধূর্ত্ততা শাঠ্যযুক্তেষু সৎসু সদ্‌ব্রতদর্শনম্॥
মন্ত্রোদ্যোগেঽনুমন্ত্রত্বং তদ্রক্ষা স্বাস্থ্যমেব চ।
উপেক্ষা সামদানস্য ভেদো দণ্ডস্য সাধনম্॥
প্রশাস্ত্রাধ্যক্ষসেনানাং মন্ত্র্যমাত্য পুরোধসাম্।
সম্যক্ প্রচারবিজ্ঞানং দৃষ্টানাঞ্চাবরোধনম্॥

শাস্ত্র-সম্মত সেনাধ্যক্ষ-মন্ত্রী-অমাত্য-পুরোহিত, সম্যক্ প্রচারবিজ্ঞান, দুষ্টদিগের অবরোধ, গতাগত জ্ঞান, দূত প্রেষণ, প্রকৃতিব্যসন, উপোহ, ক্রুদ্ধের প্রশমন; গুরুগণের অনুবর্ত্তন, পূজ্যের পূজা, ধর্ম্মাসন প্রতিষ্ঠা, রাজ্য-কণ্টকের উৎপাটন; ভূতাভূত জ্ঞান, কৃতাকৃত পরীক্ষা, তুষ্টাতুষ্ট বিচার, সকলের অনুজীবন; মধ্য ও উদাসীনগণের চরিতজ্ঞান, তৎসিদ্ধির পালন, মিত্রপরিগ্রহ ও শত্রুনিগ্রহ; পুত্রাদির সহিত আত্মগুপ্তি, বন্ধুবর্গ পরিগ্রহ, নিজ অভ্যুদয়ে সহায়, নিজ বৃত্তির অবলম্বকগণের প্রবর্ত্তন; অসতের পীড়ন, সাধুর রক্ষণ, সর্ব্বজীবে অহিংসা, অধর্ম্মের বর্জ্জন; অকার্য্য প্রতিষেধ, কার্য্য প্রবর্ত্তন, প্রদেয়বস্তু প্রদান, অদেয় বস্তুর সংগ্রহ; অদণ্ড্যের অদণ্ডন,

গতাগতপরিজ্ঞানং দূতসম্প্রেষণানি চ।
প্রকৃতি ব্যসনাপোহ ক্রুদ্ধ প্রশমনানি চ॥
গুরূণামনুবৃত্তিশ্চ পূজ্যানাঞ্চাভিপূজনম্।
ধর্ম্মাসন প্রতিষ্ঠানং রাজ্যকণ্টক শোধনম্॥
ভূতাভূতপরিজ্ঞানং কৃতাকৃতপরীক্ষণম্।
তুষ্টাতুষ্টবিচারশ্চ সর্ব্বেষামনুজীবনম্॥
মধ্যোদাসীনচরিতজ্ঞানং তৎসিদ্ধি পালনম্।
পরিগ্রহস্তুমিত্রাণামমিত্রাণাঞ্চ নিগ্রহঃ॥
পুত্রদারাভিগুপ্তির্বন্ধুবর্গপরিগ্রহঃ।
স্ববৃদ্ধিপবনাদীনাং স্ববৃত্তীনাং প্রবর্ত্তনম্॥
অসতাঞ্চ পরিক্লেশঃ সতাঞ্চ পরিগৃহনম্।
অহিংসা সর্ব্বভূতানামধর্ম্মাণাঞ্চ বর্জ্জনম্॥
অকার্য্যপ্রতিষেধশ্চ কার্য্যাণাঞ্চ প্রবর্ত্তনম্।
প্রদানঞ্চ প্রদেয়ানামদেয়ানাঞ্চ সংগ্রহঃ॥
অদণ্ডনমদণ্ড্যানাং দণ্ড্যানাঞ্চাপি দণ্ডনম্।
অগ্রাহ্যাগ্রহণঞ্চৈব গ্রাহ্যাণাং গ্রহণং তথা॥

দণ্ড্যের দণ্ডন, অগ্রাহ্য বিষয়ের অগ্রহণ ও গ্রাহ্য বিষয় গ্রহণ; অর্থযুক্ত বিষয়ের অনুষ্ঠান, অনর্থ বিষয়ের বর্জ্জন, ন্যায়পূর্ব্বক করগ্রহণ, স্বয়ং উৎসর্গ, প্রধানের সম্বর্দ্ধন, নিরস্তের নিগ্রহ, বৈষম্য শান্তি, ভৃত্যগণের অবিরোধন; অজ্ঞাতবিষয়জ্ঞান, জ্ঞাতবিষয় নিশ্চয়, কর্ম্মের আরম্ভ, আরব্ধ কার্য্যের পরিসমাপ্তি; অলব্ধ লাভেচ্ছা, লব্ধের ন্যায়পূর্ব্বক বর্দ্ধন, পরিবৃদ্ধের সৎপাত্রে প্রতিপাদন; অধর্ম্ম প্রতিষেধ, নীতিমার্গানুসরণ, উপকারীর উপকার ইহাই রাজবৃত্তি। কাম ১৩স। ৪১—৫৮।

১৭২। সৎক্রিয়া দ্বারা ইষ্ট ও অসৎক্রিয়া দ্বারা অনিষ্ট হয়। শাস্ত্রানুসারে সদসৎ পরিজ্ঞাত হইবে, অসৎকার্য্য পরিত্যাগ করিয়া সৎকার্য্যের অনুষ্ঠান করিবে। শুক্র, ১অ। ৫৯।

১৭৩। প্রতিকার না করিলে মনুষ্যকে অবশ্যই কৃতকর্ম্মের ফলভোগ

অর্থযুক্তস্য করণমনর্থস্য চ বর্জনম্।
ন্যায়তশ্চ করাদানং স্বয়ং বা প্রতিমোক্ষণম্॥
সংবর্দ্ধনং প্রধানানাং নিরস্তানাঞ্চ নির্হৃতিঃ।
বৈষম্যানাং প্রশমনম্ ভৃত্যানাঞ্চাবিরোধনম্॥
অবিজ্ঞাতস্য বিজ্ঞানং বিজ্ঞাতস্য চ নিশ্চয়ঃ।
আরম্ভঃ কর্ম্মণাং শশ্বদারব্ধস্যান্তদর্শনম্॥
অলব্ধলিপ্সা ন্যায়েন লব্ধস্য পরিবর্দ্ধনম্।
পরিবৃদ্ধস্য বিধিবৎপাত্রে সম্প্রতিপাদনম্॥
অধর্ম্মপ্রতিষেধশ্চ ন্যায়মার্গানুবর্ত্তনম্।
উপকার্য্যোপকারিত্বমিতিবৃত্তং মহীপতেঃ॥ কাম, ১৩ স, ৪১—৫৮।

১৭২। ভবতীষ্টং সৎক্রিয়য়ানিষ্টং তদ্বিপরীতয়া।
শাস্ত্রতঃ সদসজ্‌জ্ঞাত্বা ত্যক্ত্বাহসৎ সৎসমাচরেৎ॥ শুক্র, ১অ, ৫৯।

১৭৩। অবশ্যমেব ভোক্তব্যং কৃতকর্ম্মফলং নরৈঃ।
প্রতিকারৈর্বিনা নৈব প্রতিকারে কৃতেসতি।

করিতে হয়, প্রতিকার সাধিত হইলে আর ভোগ করিতে হয় না। চিকিৎসিত রোগের ন্যায় রাজা প্রতিকৃত কর্ম্মফল ভোগ লাভ করেন, অনিষ্টহেতু পরিজ্ঞাত হইলে কে তাহা করিতে যত্ন করে। সুফলে মন প্রফুল্ল হয়, কুফলে কাহারও চিত্ত উৎফুল্ল হয় না। সদসৎপ্রতিপাদক শাস্ত্রানুসারে সকল অনুষ্ঠান করিবে। শুক্র, ১অ। ৮৯—৯১।

১৭৪। অনাসক্ত পুরুষের সম্বন্ধে স্ত্রী সর্ব্বদা সুখদায়িনী হইয়া থাকে, কারণ স্ত্রী বিনা আর কে গার্হস্থ্য কার্য্যে সহায়িনী হইবে? শুক্র, ১অ। ১১৫।

১৭৫। রাজা প্রজাপালনে কাম, জয়ার্থী হইয়া শত্রু পরাজয়ে ক্রোধ, সেনা সংরক্ষণে লোভ প্রয়োগ করিবেন। শুক্র, ১অ। ১১৮।

১৭৬। স্বামিত্ব, দাতৃত্ব ও ধনিকত্ব তপস্যার ফল; অর্থিত্ব, দাস্যত্ব ও দরিদ্রতা পাপের ফল; অতএব রাজা শাস্ত্রালোচনা ও মনঃসংযম করিয়া পর-

---

তথা ভোগায় ভবতি চিকিৎসিতগদো যথা।
উপদিষ্টোঽনিষ্টহেতৌ তৎ তৎ কর্ত্তুং যতেত কঃ॥
রজ্যতে সৎফলে স্বান্তং কুফলে নহি কস্যচিৎ।
সদসদ্‌বোধকান্যেব দৃষ্ট্বা শাস্ত্রাণি চাচরেৎ॥ শুক্র, ১ অ, ৮৯—৯১।

১৭৪। অতৎপর নরস্যৈব স্ত্রী সুখায় ভবেৎ সদা।
সাহায্যিনী গৃহকৃত্যে তাং বিনান্যা ন বিদ্যতে॥ শুক্র, ১ অ, ১১৫।

১৭৫। কামঃ প্রজাপালনে চ ক্রোধঃ শত্রু নিবর্হণে।
সেনা সংধারণে লোভো যোজ্যো রাজ্ঞা জয়ার্থিনা॥ শুক্র, ১ অ, ১১৮।

১৭৬। স্বামিত্বং চৈব দাতৃত্বং ধনিকত্বং তপঃফলম্।
এনসঃ ফলমর্থিত্বং দাস্যত্বং চ দরিদ্রতা॥
দৃষ্ট্বা শাস্ত্রাণ্যতশ্চিত্তং সন্নিয়ম্য যথোচিতম্।
কুর্য্যাৎ নৃপঃ স্ববৃত্তং তু পরত্রেহ সুখায় চ॥ শুক্র, ১ অ, ১২২—১২৩।

লোকে ও ইহলোকে সুখের নিমিত্ত স্বকর্ত্তব্য অনুষ্ঠান করিবেন। শুক্র, ১অ। ১২২—১২৩।

১৭৭। দুষ্টনিগ্রহ, দান, প্রজাপালন, রাজসূয়াদি যজ্ঞের অনুষ্ঠান, ন্যায়ানুসারে কোশের অর্জ্জন, রাজাদিগকে করদীকরণ, শত্রুপীড়ন এবং প্রভূতভূমি উপার্জ্জন এই অষ্ট প্রকার রাজবৃত্ত। যে রাজা বলবর্দ্ধন করেন না, রাজাদিগকে করদ করিতে পারেন না ও প্রজাপালন করিতে অক্ষম তিনি ক্লীবতুল্য। শুক্র, ১অ। ১২৪—১২৬।

১৭৮। যৌবন, জীবন, চিত্ত, ছায়া, লক্ষ্মী ও প্রভুতা এই ছয়টীই চঞ্চল, ইহা জ্ঞাত হইয়া ধর্ম্মরত হইবে। শুক্র, ১অ। ১৩৯।

১৭৯। রাজা কাম, ক্রোধ, মোহ, লোভ, মান ও মদ এই ষড়্‌বর্গ পরিত্যাগ করিবেন, এই ষড়্‌বর্গ ত্যাগ করিলে রাজা সুখী হন। কামহেতু

১৭৭। দুষ্টনিগ্রহণং দানং প্রজায়াঃ পরিপালনম্।
যজনং রাজসূয়াদেঃ কোশানাং ন্যায়তোঽর্জ্জনম্॥
করদী করণং রাজ্ঞাং রিপূণাং পরিমর্দ্দনম্।
ভূমেরুপার্জ্জনং ভূয়ো রাজবৃত্তং তু চাষ্টধা॥
ন বর্দ্ধিতং বলং যৈস্তু ন ভূপাঃ করদীকৃতাঃ।
ন প্রজাঃ পালিতাঃ সম্যক্ তে বৈ যণ্ডতিলানৃপাঃ॥ শুক্র, ১ অ, ১২৪—১২৬।

১৭৮। যৌবনং জীবিতং চিত্তং ছায়া লক্ষ্মীশ্চ স্বামিতা।
চঞ্চলানি ষড়েতানি জ্ঞাত্বা ধর্ম্মরতো ভবেৎ॥ শুক্র, ১ অ, ১৩৯।

১৭৯। কামক্রোধস্তথা মোহো লোভো মানো মদস্তথা।
ষড়্‌বর্গমুৎসৃজেদেনমস্মিংস্ত্যক্তে সুখী নৃপঃ॥
দণ্ডকো নৃপতিঃ কামাৎ ক্রোধাচ্চ জনমেজয়ঃ।
লোভাদৈলস্তু রাজর্ষির্মোহাদ্ বাতাপিরাসুরঃ॥
পৌলস্ত্যো রাক্ষসো মানান্মদাদ্ দম্ভোদ্ভবো নৃপঃ।
প্রয়াতা নিধনং হ্যেতে শত্রু ষড়্‌বর্গমাশ্রিতাঃ॥

দণ্ডক, ক্রোধবশতঃ জনমেজয়, লোভহেতু রাজর্ষি ঐল (পুরোরবা) মোহ-বশতঃ বাতাপি অসুর, মানহেতু রাক্ষসরাজ রাবণ, মদহেতু দম্ভপুত্র বিনাশ-প্রাপ্ত হইয়াছিলেন। এই ষড়্‌বর্গ শত্রু পরিবর্জ্জন করিয়া প্রতাপবান্ পরশুরাম ও মহাভাগ অম্বরীষ সুদীর্ঘকাল রাজত্ব করিয়াছিলেন। শুক্র, ১অ। ১৪৩—১৪৬।

১৮০। মহাপুরুষ ধর্ম্ম ও সুখের নিমিত্ত সজ্জনের সংসর্গ করিবে, সজ্জন সেব্যমান পুরুষ অধিক শোভা প্রাপ্ত হয়। চন্দ্র যেমন নবোৎ-ফুল্লোৎপল সরোবরকে আহ্লাদিত করেন, সেইরূপ সজ্জনসংসর্গ চিত্তকে আনন্দিত করে। শুক্র, ১অ। ১৬১—১৬২।

১৮১। লব্ধ-রাজ্য-যশঃ-কীর্ত্তি-ধন-গুণ ইহাদের সংরক্ষণ ও অপ্রাপ্ত রাজ্যাদির সংহরণে উদ্যম, শৌর্য্য, পাণ্ডিত্য, বক্তৃত্ব, দাতৃত্ব, বল, পরাক্রম ও নিত্যউদ্যম রাজা কদাপি পরিত্যাগ করিবেন না। যুদ্ধে বা আত্মকার্য্যে কিম্বা স্বামিকার্য্যে নিঃশঙ্ক হইয়া কার্য্য করিবে, প্রাণভয় পরিত্যাগ করিয়া যিনি যুদ্ধ করেন তিনি শূর। শুক্র, ১অ। ৩১৮—৩২১।

শত্রুষড়্‌বর্গমুৎসৃজ্য জামদগ্ন্যঃ প্রতাপবান্।
অম্বরীষো মহাভাগো বুভুজাতে চিরং মহীম্॥ শুক্র, ১ অ, ১৪৩—১৪৬।

১৮০। সুজনৈঃ সঙ্গতং কুর্য্যাদ্ধর্ম্মায় চ সুখায় চ।
সেব্যমানস্তু সুজনৈর্মহানতিবিরাজতে॥
হিমাংশুমালী চ যথা নবোৎফুল্লোৎপলং সরঃ।
আনন্দয়তি চেতাংসি তথা সুজন চেষ্টিতম্॥ শুক্র, ১অ, ১৬১—১৬২।

১৮১। রাজ্যস্য যশসঃ কীর্ত্তের্ধনস্য চ গুণস্য চ।
প্রাপ্তস্য রক্ষণেঽন্যস্য হরণে চোদ্যমোঽপিচ॥
সংরক্ষণে সংহরণে সুপ্রযত্নোভবেৎ সদা।
শৌর্য্যপাণ্ডিত্যবক্তৃত্বং দাতৃত্বং ন ত্যজেৎ কচিৎ॥

১৮২। অযুত ক্রোশস্থিত সংবাদ একদিনে আহরণ করিবে। বেতনাদি দ্বারা পোষিত ভৃত্যাদিগকে সর্ব্ববিদ্যা ও কলাবিদ্যার অভ্যাসে নিযুক্ত করিবে। তাহাদের মধ্যে যাহারা সমাপ্তবিদ্য তাহাদিগকে তত্তৎ কার্য্যে নিযুক্ত করিবে। যে সকল বিদ্যার্থী বিদ্যা ও কলাভ্যাসে উৎকৃষ্ট তাহাদিগকে প্রতি বৎসর পুরস্কৃত করিবে। রাজা সর্ব্বদা বিদ্যা ও কলার উন্নতিসাধনে নিরত থাকিবেন। শুক্র, ১অ। ৩৬৭—৩৬৯।

বলং পরাক্রমং নিত্যমুত্থানঞ্চাপি ভূমিপঃ।
সমিতৌ স্বাত্মকার্য্যে বা স্বামিকার্য্যে তথৈব চ ॥
ত্যক্ত্বা প্রাণভয়ং যুদ্ধেৎ স শূরস্ত্ববিশঙ্কিতঃ।" শুক্র, ১ অ, ৩১৮—৩২১।

১৮২। অযুত ক্রোশজাং বার্ত্তাং হরেদেকদিনেন বৈ।
সর্ব্ববিদ্যাকলাভ্যাসে শিক্ষয়েদ্‌ভৃতি পোষিতান্‌ ॥
সমাপ্তবিদ্যং সংদৃষ্ট্বা তৎকার্য্যে তং নিয়োজয়েৎ।
বিদ্যা কলোত্তমান্‌ দৃষ্ট্বা বৎসরে পূজয়েচ্চ তান্‌ ॥
"বিদ্যাকলানং বৃদ্ধিস্যাত্তথা কুর্য্যান্‌ নৃপঃ সদা।" শুক্র, ১ অ, ৩৬৭—৩৬৯।

* যাহা অসম্ভব তাহার বিধান কখনই হইতে পারে না। অযুত (দশ হাজার) ক্রোশের বার্ত্তা একদিনে সংগ্রহের ব্যবস্থা পুরাকালেও ছিল, সুতরাং তাহা অসম্ভব ছিল না। এখন আমরা ইংরাজের টেলিগ্রাফের সংবাদ যাতায়াত দেখিয়া আশ্চর্য্য হই, কিন্তু পূর্ব্বকালে সুসভ্যভারতে আমাদেরও একদিনে দশহাজার ক্রোশ দূর হইতে সংবাদ আসিবার ও যাইবার যন্ত্রাদি ছিল, অথবা বিদ্যা বা মন্ত্রবলে মানব এরূপ গতিশীল ছিল যে একদিনে অনায়াসেই অযুত ক্রোশ গমনাগমন করিতে পারিত। হনুমান লঙ্কা হইতে আসিয়া এক রাত্রি মধ্যে গন্ধমাদন পর্ব্বত লইয়া গিয়াছিল। দেবর্ষি নারদ একদিনেই স্বর্গ-মর্ত্ত্য-পাতাল ত্রিভুবনে নিমন্ত্রণ করিতে পারিতেন। কালক্রমে সেই সকল যন্ত্রাদি অথবা মন্ত্রবিদ্যাদি লোপ হইয়াছে—তাহাতে সন্দেহ নাই।

১৮৩। রাজা ক্রূরবেশ, নতিনীতিবিশারদ, সিদ্ধাস্ত্র, নগ্নশস্ত্র ও বীরদিগকে সমীপ, পৃষ্ঠদেশ ও অগ্রভাগে স্থাপিত করিয়া ও স্বয়ং হস্তীতে আরোহণ করিয়া প্রজাবর্গের সন্তোষ-বিধান করতঃ নগরে পরিভ্রমণ করিবেন। কুক্কুর যদি রাজযোগ্যযানে আরোহণ করে সেও কি রাজ-সদৃশ হয় না? রাজা রাজপরিচ্ছদাদি বিরহিত হইলে কি কুক্কুর-তুল্য হয় না? অতএব রাজা যথোপযুক্ত গুণোপলক্ষিত হইয়া স্বীয় বান্ধব, মিত্র ও প্রকৃতি পরিবৃত হইয়া গমন করিবেন, কদাচ নীচ সমভিব্যাহারে গমন করিবেন না। শুক্র, ১অ। ৩৬৯—৩৭২।

১৮৪। এক একটি কার্য্যে তিনজনকে নিযুক্ত রাখিবে, তন্মধ্যে যিনি সর্ব্বশ্রেষ্ঠ তাঁহার প্রতি কার্য্যের ভার অর্পণ করিবে। সেই কার্য্যে দুইজন করিয়া পরিদর্শক নিয়োগ করিবে ও তিন, পাঁচ, সাত বা দশ বৎসর অন্তর তাহাদের পরিবর্ত্তন করিবে, কাহাকেও চিরাধিকার দিবে না। অধিকার-

---

১৮৩। "পৃষ্ঠাগ্রগান্ ক্রূরবেশান্নতিনীতিবিশারদান্।"
সিদ্ধাস্ত্রনগ্নশস্ত্রাংশ্চ ভটানারান্নিযোজয়েৎ।
পুরে পর্য্যটয়েন্নিত্যং গজস্থো রঞ্জয়ন্ প্রজাঃ॥
রাজযানারূঢ়িতঃ কিং রাজা শ্বা ন সমোঽপিচ।
শুনা সমো ন কিং রাজা কবিভির্ভাব্যতেঽঞ্জসা॥
অতঃ স্ববান্ধবৈর্মিত্রৈঃ স্বসাম্যপ্রাপিতৈস্তু গৈঃ।
প্রকৃতিভির্নৃপো গচ্ছেন্ন নীচৈস্তু কদাচন॥ শুক্র, ১ অ, ৩৬৯—৩৭২।

১৮৪। একস্মিন্নধিকারে তু পুরুষাণাং ত্রয়ং সদা।
নিযুঞ্জীত প্রাজ্ঞতমং মুখ্যমেকন্তু তেষু বৈ॥
দ্বৌ দর্শকৌ তু তৎকার্য্যে হায়নৈস্তান্নিবর্ত্তয়েৎ।
ত্রিভির্বা পঞ্চভির্বাপি সপ্তভির্দশভিশ্চ বা॥
দৃষ্ট্বা তৎকার্য্য কৌশল্যে তথা তৌ পরিবর্ত্তয়েৎ।
নাধিকারং চিরং দদ্যাদ্যস্মৈকস্মৈ সদা নৃপঃ॥

ক্ষম দেখিয়া অধিকারে নিয়োগ করিবে। অধিকার-মদ চিরকাল পান করিয়া কে না মুগ্ধ হয়? অতএব কার্য্যক্ষমতানুসারে তাহাকে অন্য কার্য্যে নিযুক্ত করিবে এবং নিম্নবর্ত্তী তৎপদস্থিত কার্য্যক্ষম অপর ব্যক্তিকে বা কর্ম্মচারী মধ্যে অপর এক ব্যক্তিকে, অভাবে অন্য ব্যক্তিকে ঐ কার্য্যে নিযুক্ত করিবে, যদি তাহার পুত্র তাহার কার্য্যে উপযুক্ত হয় তবে তাহাকেই নিযুক্ত করিবে। শুক্র, ২অ। ১০৯—১১৪।

এই নীতির অনুবর্ত্তনেই অধুনা ইংরেজরাজ অধিকারী-রাজপুরুষদিগকে তিন বা পাঁচ বৎসরাদি অন্তর পরিবর্ত্তন করিয়া থাকেন এবং নিম্নপদস্থ কর্ম্মচারীকে উচ্চপদে উন্নীত করিয়া থাকেন।

১৮৫। নবকর্ম্মচারী যাদৃশ পদের যোগ্য হইবে, তাহাকে সেই পদে নিযুক্ত করিবে, পরিশেষে ক্রমোন্নত কর্ম্মচারীকে প্রকৃতিপদে (স্বভাবপ্রধান বা স্বপৈতৃক পদে) নিযুক্ত করিবে। অধিকারী ও বল অনুসারে বহু-পরিদর্শক নিযুক্ত করিবে অথবা দর্শক ব্যতিরেকে কার্য্যসমর্থ অধিকারী নিযুক্ত করিবে। শুক্র, ২অ। ১১৫—১১৫।

অধিকারে ক্ষমং দৃষ্ট্বা হ্যধিকারে নিযোজয়েৎ।
অধিকারমদং পীত্বা কো ন মুহ্যেৎ পুনশ্চিরম্॥
অতঃ কার্য্যক্ষমং দৃষ্ট্বা কার্য্যেঽন্যে তং নিযোজয়েৎ।
তৎকার্য্যে কুশলং চান্যং তৎপদানুগতং খলু॥
নিয়োজয়েদ্বর্ত্তনে তু তদভাবে তথাপরম্।
তদ্গুণো যদি তৎপুত্রস্তৎ কার্য্যে তং নিয়োজয়েৎ॥ শুক্র, ২ অ, ১০৯—১১৪।

১৮৫। যথা যথা শ্রেষ্ঠপদে হ্যধিকারী যদা ভবেৎ।
অনুক্রমেণ সংযোজ্যো হ্যন্তে তং প্রকৃতিং নয়েৎ॥
অধিকারিবলং দৃষ্ট্বা যোজয়েদ্দর্শকান্ বহূন্।
অধিকারিণমেকং বা যোজয়েদ্দর্শকৈর্বিনা॥ শুক্র, ২ অ, ১১৫—১১৬।

১৮৬। অন্য যাহারা কার্য্যক্ষম তাহাদিগকে রাজা যথাযথ কার্য্যে নিযুক্ত করিবেন। গজ, অশ্ব, রথ, পদাতি, পশু, উষ্ট্র, মৃগ, পক্ষী, সুবর্ণ, রত্ন, রজত, বস্ত্র প্রভৃতির পৃথক্ পৃথক্ অধিপতি এবং বিত্তাধিপ, ধান্যাধিপ ও পাকাধিপতি, আরামাধিপতি, সৌধ ও গেহাধিপতি, সম্ভার (সামান্য দ্রব্য) অধিপতি, দেবতুষ্টিপতি ও দানাধিপতি নিযুক্ত করিবেন। আর সাহসাধিপতি, গ্রামাধ্যক্ষ, ভাগহার (তহসীলদার), লিপিকর, শুল্কগ্রাহ (বাণিজ্যব্যবসায়ীর নিকট হইতে রাজগ্রাহ্যাংশ আদায় কারী) ও প্রতিহার (দ্বারপাল) এই ছয়টীকে প্রতিগ্রামে ও প্রতিনগরে নিযুক্ত করিবেন। শুক্র, ২অ, ১১৭—১২১।

১৮৭। রাজা তপস্বী, দানশীল, শ্রুতি-স্মৃতি-বিশারদ, পৌরাণিক, শাস্ত্রবেত্তা, দৈবজ্ঞ, মান্ত্রিক (সর্পগারুড়াদি মন্ত্রজ্ঞ), আয়ুর্ব্বেদবেত্তা,

১৮৬। যে চান্যে কর্ম্মসচিবাস্তান্ সর্ব্বান্ বিনিযোজয়েৎ।
গজাশ্বরথপাদাত পশূষ্ট্রমৃগপক্ষিণাম্॥
সুবর্ণরত্নরজতবস্ত্রাণামধিপান্ পৃথক্।
বিত্তানামধিপং ধান্যাধিপং পাকাধিপং তথা॥
আরামাধিপতিঞ্চৈব সৌধগেহাধিপং পৃথক্।
সম্ভারপং দেবতুষ্টিপতিং দানপতিং সদা॥
সাহসাধিপতিঞ্চৈব গ্রামনেতারমেবচ।
ভাগহারং তৃতীয়ন্তু লেখকঞ্চ চতুর্থকম্॥
শুল্কগ্রাহংপঞ্চমঞ্চ প্রতিহারং তথৈব চ।
ষট্কমেতন্নিযোক্তব্যং গ্রামে গ্রামে পুরে পুরে॥ শুক্র, ২অ। ১১৭—১২১।

১৮৭। তপস্বিনো দানশীলাঃ শ্রুতিস্মৃতি বিশারদাঃ।
পৌরাণিকাঃ শাস্ত্রবিদো দৈবজ্ঞা মান্ত্রিকাশ্চ যে॥
আয়ুর্ব্বেদবিদঃ কর্ম্মকাণ্ডজ্ঞাস্তান্ত্রিকাশ্চ যে।
যে চান্যে গুণিনঃ শ্রেষ্ঠা বুদ্ধিমন্তোজিতেন্দ্রিয়াঃ॥

কর্ম্মকাণ্ডজ্ঞ, তান্ত্রিক, অন্যান্যগুণসম্পন্ন, শ্রেষ্ঠ, বুদ্ধিমান্, জিতেন্দ্রিয় ইহাদিগকে দান ও মানে সম্বর্দ্ধিত করিয়া ও বৃত্তিদান করিয়া পালন করিবেন; অন্যথা রাজ্যনাশ ও অকীর্ত্তি হয়। শুক্র, ২অ। ১২২—১২৪।

১৮৮। যে সকল কার্য্য বহুজনসাধ্য সেই সেই কার্য্যকুশল ব্যক্তিকে সেই কার্য্যের অধিপতি নিযুক্ত করিবে। মন্ত্রবিহীন অক্ষর নাই, ভেষজ-গুণ-পরিবর্জ্জিত মূল নাই, অযোগ্য পুরুষও নাই; উপযুক্ত প্রযোজকই দুর্ল্লভ। শুক্র, ২অ। ১২৫—১২৬।

১৮৯। যে ব্যক্তি হস্তীর প্রভদ্রাদি জাতিভেদ, চিকিৎসা, শিক্ষা, ব্যাধি, পোষণ, তালু-জিহ্বা-নখ পরীক্ষা করিয়া গুণ-বিচার-ক্ষম, আরোহণ ও গতি পরিজ্ঞাত তাহাকেই গজরক্ষণে নিযুক্ত করিবে। তাদৃশ হস্তিপালক হস্তীর প্রীতিকর। শুক্র, ২অ, ১২৭—১২৮।

১৯০। যে ব্যক্তি অশ্বের মনোভাব, জাতি, বর্ণ, শ্বেত-লোহিতাদি-রোমের আবর্ত্তাদি গুণ, গতি, শিক্ষা, চিকিৎসা, বল, ক্ষমতা, রোগ, শুভা-

তান্ সর্ব্বান্ পোষয়েদ্ ভৃত্যা দানৈর্ম্মানৈঃ সুপূজিতান্।
হীয়তে চান্যথা রাজা হ্যকীর্ত্তিং চাপি বিন্দতি॥ শুক্র, ২অ, ১২২—১২৪।

১৮৮। বহুসাধ্যানি কার্য্যাণি তেষামপ্যধিপাংস্তথা।
তত্তৎকার্য্যেষু কুশলান্ জ্ঞাত্বা তাংস্তু নিযোজয়েৎ॥
অমন্ত্রমক্ষরং নাস্তি নাস্তি মূলমনৌষধম্।
অযোগ্যঃ পুরুষো নাস্তি যোজকস্তত্র দুর্ল্লভঃ॥ শুক্র, ২ অ, ১২৫—১২৬।

১৮৯। প্রভদ্রাদি জাতিভেদং গজানাঞ্চ চিকিৎসিতম্।
শিক্ষাং ব্যাধিং পোষণঞ্চ তালুজিহ্বানখৈর্গুণান্।
আরোহণং গতিং বেত্তি স যোজ্যো গজরক্ষণে॥
তথাবিধাধোরণস্তু হস্তিহৃদয়হারকঃ॥ শুক্র, ২য়, ১২৭—১২৮।

১৯০। অশ্বানাং হৃদয়ং বেত্তি জাতিবর্ণ ভ্রমৈর্গুণান্।
গতিং শিক্ষাং চিকিৎসাঞ্চ সত্ত্বং সারং রুজং তথা॥

শুভ, পোষণ, পরিমাণ, গমন, দন্ত-পরীক্ষা করিয়া বয়স অবগত এবং শূর, ব্যূহজ্ঞ ও প্রাজ্ঞ তাহাকে অশ্বাধিপতি নিযুক্ত করিবে। পূর্ব্বোক্ত-গুণসম্পন্ন, অশ্বের ভারবহন ক্ষমতাভিজ্ঞ, রথের দাঢ্যাদি. গমন, ভ্রমণ, পরিবর্ত্তন প্রভৃতি পরিজ্ঞাত ও রথের গতি বৈচিত্রের দ্বারা সমাপতিত অস্ত্রশস্ত্রাদির লক্ষ্য-সন্ধানের নাশক এবং অশ্বের সংযোগরক্ষাবিদ্ ব্যক্তি সারথি হইবে। শূর, ব্যূহবিশারদ, অশ্বগতিজ্ঞ, প্রাজ্ঞ, শস্ত্রাস্ত্র দ্বারা যুদ্ধ করিতে নিপুণ ব্যক্তিকে সাদী (অশ্বারোহী) নিযুক্ত করিবে। যে অশ্বের চক্রিত, রেচিত, বল্গিত (উল্লম্ফনরূপগতি), ধৌরিত (গতিভেদ), আপ্লুত (লম্ফন) তুর (ত্বরিত গতি), মন্দ (মৃদুগতি), কুটিল (বক্র-গতি), সর্পণ (গতি প্রভেদ), পরিবর্ত্তন (প্রত্যাবর্ত্তন গতি) এবং আস্ক-ন্দিত (শত্রুর প্রতি আক্রমণ) প্রভৃতি একাদশ গতি পরিজ্ঞাত এবং যথাযথরূপে শিক্ষা দিতে সমর্থ সেই অশ্বশিক্ষক নিযুক্ত হইবে। যে অশ্ব

হিতাহিতং পোষণঞ্চ মানং যানং দন্তোবয়ঃ।
শূরঞ্চ ব্যূহবিৎপ্রাজ্ঞঃ কার্য্যোঽশ্বাধিপতিশ্চ সঃ॥
এভিগু´ণৈশ্চ সংযুক্তো ধূর্য্যান্ যুগ্যাংশ্চ বেত্তি যঃ।
রথস্য সারং গমনং ভ্রমণং পরিবর্ত্তনম্॥
সমাপতৎসুশস্ত্রাস্ত্রলক্ষ্যসন্ধাননাশকঃ।
রথগত্যা স রথপো হয়সংযোগগুপ্তিবিৎ॥
সাদিনশ্চ তথা কার্য্যাঃ শূরা ব্যূহবিশারদাঃ।
বাজিগতিবিদঃ প্রাজ্ঞাঃ শস্ত্রাস্ত্রৈর্যু´দ্ধকোবিদাঃ॥
চক্রিতং রেচিতং বল্গিতকং ধৌরিতমাপ্লুতম্।
তুরং মন্দঞ্চ কুটিলং সর্পণং পরিবর্ত্তনম্॥
একাদশাস্কন্দিতঞ্চ গতীরশ্বস্য বেত্তি যঃ।
যথাবলং যথার্থঞ্চ শিক্ষয়েৎ স চ শিক্ষকঃ॥
বাজিসেবাসু কুশলঃ পল্যাণাদিনিয়োগবিৎ।
দৃঢ়াঙ্গশ্চ তথাশূরঃ স কার্য্যো বাজি সেবকঃ॥ শুক্র, ২ অ, ১২৯—১৩৬।

পরিচর্য্যায় নিপুণ, পল্যাদি অশ্বসজ্জার নিয়োগবিদ্, দৃঢ়াঙ্গ, শূর তাহাকেই অশ্বসেবক নিযুক্ত করা কর্ত্তব্য। শুক্র, ২অ, ১২৯—১:৬।

১৯১। যাহারা ছাগ, মেষ, গো, মহিষ ও মৃগের স্নেহে পীড়িত এবং তাহাদের উন্নতি ও পুষ্টিসাধনে অভিজ্ঞ তাহারা সেই সেই জন্তুর অধিপতি হইবে। হস্তী ও উষ্ট্র প্রভৃতিরও তাদৃশ সেবক নিযুক্ত করিবে। শুক্র, ২অ। ১৪৯।

১৯২। যে রত্নাদির এবং স্বর্ণ ও রজত মুদ্রার পরিমাণ, আকার, প্রভা, বর্ণ, জাতি ও সাদৃশ্য জ্ঞানহেতু মূল্য নির্দ্ধারণ করিতে সমর্থ তাহাকে রত্নাদির অধ্যক্ষ করিবে। শুক্র, ২অ। ১৫১।

১৯৩। যে দান্ত, ধনবান্, ব্যবহারাভিজ্ঞ, ধনই যাহার প্রাণস্বরূপ, অতি কৃপণ তাহাকেই কোষাধ্যক্ষ করিবে। শুক্র, ২অ। ১৫২।

১৯৪। যে ব্যক্তি দেশ ও জাতি ভেদানুসারে এবং স্থূলসূক্ষ্ম বলাবলানুযায়ী কৌষেয়াদি বস্ত্রাদির পরিমাণ ও মূল্যাদি পরিজ্ঞাত তাহাকে বস্ত্রাধ্যক্ষ করিবে। শুক্র, ২অ, ১৫৩।

১৯১। অজাবিগোমহিষ্যেণ মৃগাণামধিপাশ্চ যে।
তদ্বৃদ্ধিপুষ্টিকুশলাস্তদ্বাৎসল্যনিপীড়িতাঃ।
তথাবিধা গজোষ্ট্রাদের্যোজ্যাস্তৎ সেবকা অপি॥ শুক্র, ২ অ, ১৪৯।

১৯২। মানাকৃতিপ্রভা বর্ণজাতিসাম্যাচ্চ মৌল্যবিৎ।
রত্নানাং স্বর্ণরজতমুদ্রাণামধিপশ্চ সঃ॥ শুক্র, ২ অ। ১৫১।

১৯৩। দান্তস্তু সধনো যস্তু ব্যবহারবিশারদঃ।
ধনপ্রাণোঽতি কৃপণঃ কোশাধ্যক্ষঃ স এব হি॥ শুক্র, ২অ,। ১৫২।

১৯৪। দেশভেদৈর্জাতিভেদৈঃ স্থূলসূক্ষ্মবলাবলৈঃ।
কৌশেয়াদের্মানমূল্যবেত্তা বস্ত্রস্তু বস্ত্রপঃ॥ শুক্র, ২ অ। ১৫৩।

১৯৫। যে ধান্যের জাতি, ওজন, মূল্য, সার, ভাগ, সংগ্রহ ও মার্জ্জনের উপায় অবগত আছে তাহাকে ধান্যাধিপ করিবে। শুক্র, ২অ, ১৫৬।

১৯৬। ধৌতাধৌত ও পাকবিষয়ে জ্ঞানী, রসসংযোগভেদবিদ্, কার্য্য-কুশল ও দ্রব্যগুণবেত্তাকে পাকাধ্যক্ষ করিবে। শুক্র, ২অ, ১৫৭।

১৯৭। যথাকালে ভূমিতে জলসেচনদ্বারা ফলপুষ্পবৃদ্ধিহেতু বৃক্ষাদি রোপণ ও সংস্কারজ্ঞ এবং তাহাদের ঔষধাভিজ্ঞ ব্যক্তিকে আরামাধ্যক্ষ করিবে। শুক্র, ২অ, ১৫৮।

১৯৮। যে শিল্পশাস্ত্রানুযায়ী প্রাসাদ, পরিখা, দুর্গ, প্রাকার, মূর্ত্তি, যন্ত্র, সেতুবন্ধন, দীর্ঘিকা, কূপ, সরোবর, পুষ্করিণী, কুণ্ড ও যন্ত্রাদিসহযোগে জলাদির উর্দ্ধগতি ক্রিয়া প্রভৃতি সুন্দরভাবে পরিজ্ঞাত এবং সেই সমস্ত প্রস্তুত করিতে সমর্থ তাহাকে গৃহাধ্যক্ষ করিবে। শুক্র, ২অ। ১৫৯—১৬১।

১৯৫। জাতিং তুলাঞ্চ মৌল্যঞ্চ সারং ভাগং পরিগ্রহং।
সম্মার্জ্জনঞ্চ ধান্যানাং বিজানাতি স ধান্যপঃ॥ শুক্র, ২ অ, ১৫৬।

১৯৬। ধৌতাধৌতবিপাকজ্ঞো রসসংযোগ ভেদবিৎ।
ক্রিয়াসু কুশলো দ্রব্যগুণবিৎ পাকনায়কঃ॥ শুক্র, ২অ, ১৫৭।

১৯৭। ফলপুষ্পবৃদ্ধিহেতুং রোপণং শোধনং তথা।
পাদপানাং যথাকালং কর্ত্তুং ভূমিজলাদিনা।
তদ্ভেষজঞ্চ সংবেত্তি হ্যারামাধিপতিশ্চ সঃ॥ শুক্র, ২ অ. ১৫৮।

১৯৮। প্রাসাদং পরিখাং দুর্গং প্রাকারং প্রতিমাং তথা।
যন্ত্রাণি সেতুবন্ধঞ্চ বাপীং কূপং তড়াগকম্॥
তথা পুষ্করিণীং কুণ্ডং জলাদ্যূর্দ্ধগতিক্রিয়াম্।
সুশিল্পশাস্ত্রতঃ সম্যক্ সুরম্যন্তু যথা ভবেৎ॥
কর্ত্তুং জানাতি যঃ সৈব গৃহাদ্যাধিপতিঃ স্মৃতঃ॥ শুক্র, ২অ। ১৫৯—১৬১।

১৯৯। সত্যবাদী, শোভনালঙ্কার, প্রিয়ম্বদ, সদ্বংশোদ্ভব, সুরূপ ক্লীব-দিগকে অন্তঃপুরে নিযুক্ত করিবে। শুক্র, ২অ, ১৮৫।

২০০। করসংগ্রহ ও সাহস কার্য্যে ক্ষত্রিয়, গ্রামাধ্যক্ষের কার্য্যে ব্রাহ্মণ ও লেখকের কার্য্যে কায়স্থ নিযুক্ত করিবে। শুল্কগ্রহণ কার্য্যে বৈশ্য, প্রতিহারীর কার্য্যে শূদ্র, সেনাপতির কার্য্যে ক্ষত্রিয় তদভাবে ব্রাহ্মণ নিযুক্ত করিবে। শুক্র, ২অ, ৪২৮—৪২৯।

২০১। সুবোধ রাজা প্রতিদিন গজ, অশ্ব, রথ, পশ্বাদি, ভৃত্য, দাস, প্রয়োজনীয় দ্রব্যাদি ও সৈনিক প্রভৃতির মধ্যে যাহা যাহা কার্য্যক্ষম তাহা-দিগকে সযত্নে রক্ষা করিবেন, যাহারা নিতান্ত অনুপযুক্ত তাহাদিগকে পরিত্যাগ করিবেন। শুক্র, ১অ, ৩৬৫—৩৬৬।

শুক্রাচার্য্য অহোরাত্রকে ত্রিংশৎভাগে বিভাগ করিয়া মুহূর্ত্তভেদে রাজার দৈনিক কার্য্য যেরূপ নির্দ্ধারণ করিয়াছেন তাহা এই :—

২০২। শেষ যামে উঠিয়া দুই মুহূর্ত্ত (চারিদণ্ড) কাল কত আয় ও কত ব্যয়, কোষস্থিত ধনাদির কত ব্যয় হইল, ব্যবহারে নির্ণীত আয়

১৯৯। নপুংসকাঃ সত্যবাচঃ সুভূষাশ্চ প্রিয়ংবদাঃ।
সুকুলাশ্চ সুরূপাশ্চ যোজ্যাস্ত্বন্তঃপুরে সদা॥ শুক্র, ২ অ, ১৮৫।

২০০। ভাগগ্রাহী ক্ষত্রিয়স্তু সাহসাধিপতিশ্চ সঃ।
গ্রামপো ব্রাহ্মণো যোজ্যঃ কায়স্থোলেখকস্তথা॥
শুল্কগ্রাহী তু বৈশ্যো হি প্রতিহারশ্চ পাদজঃ।
সেনাধিপঃ ক্ষত্রিয়স্তু ব্রাহ্মণস্তদভাবতঃ॥ শুক্র, ২ অ, ৪২৮—৪২৯।

২০১। "গজাশ্বরথপশ্বাদীন্ ভৃত্যান্ দাসাংস্তথৈব চ।"
সম্ভারান্ সৈনিকান্ কার্য্যাক্ষমান্ জ্ঞাত্বা দিনে দিনে।
সংরক্ষয়েৎ প্রযত্নেন সুজীর্ণান্ সন্ত্যজেৎ সুধীঃ॥ শুক্র, ১ অ, ৩৬৫—৩৬৬।

২০২। উত্থায় পশ্চিমে যামে মুহূর্ত্তদ্বিতয়েন বৈ।
নিয়তায়শ্চ কত্যস্তি ব্যয়শ্চ নিয়তঃ কতি॥

ও ব্যয়ের কত অবশিষ্ট থাকিল, প্রত্যক্ষ ও লিখিত হইতে সমস্ত অবগত হইয়া আজ কত ব্যয় হইবে তাহা বুঝিয়া তদুপযুক্ত দ্রব্য ধনাগার হইতে বাহির করিয়া দিবে। তদনন্তর মুহূর্ত্ত মধ্যে মলমূত্র ত্যাগ ও স্নানাদি সমাপন করিয়া সন্ধ্যা পুরাণাদি পাঠ ও দানাদিতে দুই মুহূর্ত্ত যাপন করিয়া প্রাতঃকালে এক মুহূর্ত্তকাল গো-অশ্ব-যান গমন প্রভৃতি ব্যায়াম করিবে। পরে মুহূর্ত্তকাল পারিতোষিক দান করিবে এবং ধান্য, বস্ত্র, স্বর্ণ, রত্ন, সেনা, দেশ প্রভৃতির আলোচনা-লেখনাদি করিবে। চারি মুহূর্ত্ত আয়ব্যয়ের পর্য্যালোচনা করিবে। স্বস্থচিত্ত ও বন্ধুপরিবৃত হইয়া ভোজনাদিতে এক মুহূর্ত্ত কাল যাপন করিবে। জীর্ণ ও নূতন পরীক্ষার্থ এক মুহূর্ত্ত, বিচারকর্ম্মে নিযুক্ত কর্ম্মচারিগণদ্বারা জ্ঞাপিত ব্যবহার আলো-

---

কোশভূতস্য দ্রব্যস্য ব্যয়ঃ কতি গতস্তথা।
ব্যবহারে মুদ্রিতায় ব্যয়শেষং কতীতি চ॥
প্রত্যক্ষতো লেখতশ্চ জ্ঞাত্বা চাদ্য ব্যয়ঃ কতি।
ভবিষ্যতি চ তত্তুল্যং দ্রব্যং কোশাৎ তু নির্হরেৎ॥
পশ্চাত্তু বেগনির্মোক্ষং স্নানং মৌহূর্ত্তিকং মতম্।
সন্ধ্যাপুরাণদানৈশ্চ মুহূর্ত্তদ্বিতয়ং নয়েৎ।
গবাশ্বযানব্যায়ামৈর্নয়েৎ প্রাতর্মুহূর্ত্তকম্॥
পারিতোষিকদানেন মুহূর্ত্তন্তু নয়েৎ সুধীঃ।
ধান্যবস্ত্রস্বর্ণরত্নসেনাদেশবিলেখনৈঃ॥
আয়ব্যয়ৈর্মুহূর্ত্তানাং চতুষ্কন্তু নয়েৎ সদা।
স্বস্থচিত্তো ভোজনেন মুহূর্ত্তং সসুহৃন্নৃপঃ॥
প্রত্যক্ষীকরণাজ্জীর্ণনবীনানাং মুহূর্ত্তকম্।
ততস্তু প্রাড়্বিবাকাদিবোধিতব্যবহারতঃ॥
মুহূর্ত্তদ্বিতয়ঞ্চৈব মৃগয়াক্রীড়নৈর্নয়েৎ।
ব্যূহাভ্যাসৈর্মুহূর্ত্তন্তু মুহূর্ত্তং সন্ধ্যয়া ততঃ॥

চনায় দুই মুহূর্ত। মৃগয়া, ক্রীড়া প্রভৃতি, ব্যূহাভ্যাস প্রভৃতিতে এক মুহূর্ত, ও সন্ধ্যাবন্দনাদিতে এক মুহূর্ত, পরে নিদ্রায় আটমুহূর্ত যাপন করিবে। অহোরাত্রকে ত্রিংশৎ ভাগে বিভক্ত করিয়া রাজা এইরূপ নিয়ম পালন করিলে সম্যক্ সুখ হয়। স্ত্রী ও মদ্যাদি সেবনে বৃথাকাল ক্ষেপণ করিবে না। যে সময়ে যাহা কর্ত্তব্য, সেই সময়েই তাহা শীঘ্র সম্পন্ন করিবে। শুক্র, ১অ, ২৭৬—২৮৫।

উল্লিখিত বিধানে "ব্যবহারে নির্ণীত আয় ব্যয়ের কত অবশিষ্ট থাকিল" এই কথায় জানা যাইতেছে এখন যেমন আগামী বর্ষে কত ব্যয় হইবে তাহার বজেট হইয়া থাকে প্রাচানকালেও সেই প্রথা ছিল। "গো-অশ্ব গমন প্রভৃতিতে ব্যায়াম করিবে" একথায় বুঝা যায় প্রাচীনকালেও গো-যানের ব্যবহার ছিল। প্রাতমুর্হূর্ত্তের পূর্ব্ব দুই মুহূর্ত্ত যে সন্ধ্যাবন্দনা পুরাণপাঠের ব্যবস্থা ছিল, ঐ সময়েই প্রাতঃসন্ধ্যার পরেই মধ্যাহ্ন সন্ধ্যা সমেত সমাধা করার বিধি ছিল, যেহেতু যে ভোজনকাল নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ সময়ের পূর্ব্বে অর্থাৎ মধ্যাহ্নভোজন কালের পূর্ব্বে মধ্যাহ্ন সন্ধ্যার কোন কাল নির্দ্দিষ্ট হয় নাই।

২০৩। বুদ্ধিমান্ ব্যক্তি সর্ব্ববিষয়ে সর্ব্বসাধারণেরই আচার্য্য-স্বরূপ,

---

মুহূর্ত্তং ভোজনেনৈব দ্বিমুহূর্ত্তঞ্চ বার্ত্তয়া।
গূঢ়চারৈঃ শ্রাবিতয়া নিদ্রয়াষ্টমুহূর্ত্তকম্॥
এবং বিহরতো রাজ্ঞঃ সুখং সম্যক্ প্রজায়তে।
অহোরাত্রং বিভজ্যৈবং ত্রিংশদ্ভিস্তুমুহূর্ত্তকৈঃ॥
নয়েৎকালং বৃথা নৈব নয়েৎ স্ত্রীমদ্যসেবনৈঃ।
যৎকালে হ্যচিতং কর্ত্তুং তৎকার্য্যং দ্রাগশঙ্কিতম্॥ শুক্র, ১ অ, ২৭৬—২৮৬।

অতএব লৌকিকার্থ পরীক্ষক (সামাজিকবিষয়ে বিবেচক) সমাজস্থজনের অনুকরণ করিবে। শুক্র, ৩ স। ৩২।

২০৪। সমক্ষে দোষবাদী ব্যক্তি বিরল, অতএব সুধী ব্যক্তি লোকতঃ ও শাস্ত্রানুসারে অবগত হইয়া ত্যাগযোগ্য দুর্ভাষীকে পরিত্যাগ করিবে। মনে মনেও অনীতিকে নীতিতুল্য জ্ঞান করিবে না। শুক্র, ৩ স, ৩৫।

২০৫। রাজা শত্রুদমন করিবেন, প্রজাপালন করিবেন, দুষ্টের শাসন করিবেন, ধর্ম্মিষ্ঠ তাপসদিগকে রক্ষা করিবেন। একজন বিচক্ষণ ব্রাহ্মণকে পৌরোহিত্যে বরণ করিবেন। অগ্নি, ২১৮ স। ২—৩।

২০৬। আশ্রয়-কামনায় পরগৃহ হইতে সমাগত হইলে, দুষ্টই হউক বা অদুষ্টই হউক, তাহাদিগকে সযত্নে আশ্রয় দিবে। দুষ্ট জানিলে তাহাদিগকে বিশ্বাস করিবে না, আপনার বশে রাখিবে। অগ্নি, ২২০ স। ১৭—১৮।

২০৭। দেশান্তর হইতে সমাগত ব্যক্তিদিগকে চার দ্বারা পরীক্ষা করিয়া স্বগৃহে স্থান দিবে, একদিকে শত্রু, অগ্নি, বিষ, সর্প ও নিস্ত্রিংশ এবং

২০৩। আচার্য্যঃ সর্ব্বচেষ্টাসু লোক এব হি ধীমতঃ।
অনুকুর্য্যাৎ তমেবাতো লৌকিকার্থে পরীক্ষকঃ॥ শুক্র, ৩ অ, ৩২।

২০৪। দুর্গুণস্য চ বক্তারঃ প্রত্যক্ষং বিরলা জনাঃ।
লোকতঃ শাস্ত্রতো জ্ঞাত্বা হৃতস্ত্যাজ্যাং ত্যজেৎ সুধীঃ।
অনয়ং নয়সঙ্কাশং মনসাপি ন চিন্তয়েৎ॥ শুক্র, ৩অ, ৩৫।

২০৫। "রাজা ভবেচ্ছত্রুহন্তা প্রজাপালঃ সুদণ্ডবান্॥"
পালয়ষ্যতি বঃ সর্ব্বান্ ধর্ম্মস্থান্ ব্রতমাচরেৎ।
সংবৎসরং স বৃণুযাৎ পুরোহিতমথ দ্বিজম্॥ অগ্নি, ২১৮ অ, ২—৩।

২০৬। "পররাজগৃহান্ প্রাপ্তান্ জনান্ সংশ্রয় কাম্যয়া॥"
দুষ্টানপ্যথবাদুষ্টান্ সংশ্রয়েত প্রযত্নতঃ।
দুষ্টং জ্ঞাত্বা বিশ্বসেন্ন তদ্বৃত্তিং বর্ত্তয়েদ্বশে॥ অগ্নি, ২২০ অ, ১৭—১৮।

অন্যদিকে কুভৃত্য ও সুভৃত্য ইহাদিগের স্বভাবাদি বিদিত হইবে। নরপতি চারচক্ষু হইবেন এবং সর্ব্বদা চারদিগকে নিযুক্ত করিবেন। অগ্নি, ২২০ স। ১৯—২০।

২০৮। ভৃত্যগণের রাগাপরাগ, লোকের গুণাগুণ এবং শুভাশুভ বিশেষরূপে পরিজ্ঞাত হইবে। অগ্নি, ২২০ স। ২৩।

২০৯। অনুরাগজনক কার্য্যের অনুষ্ঠান ও তদিতর কার্য্যের বিসর্জ্জন করিবে। কেননা, জনানুরাগিণী লক্ষ্মী ও জনরঞ্জন এই দ্বিবিধ উপায়ে রাজা হওয়া যায়। অগ্নি, ২২০ স। ২৪।

২১০। রাজা বকবৎ অর্থ-চিন্তা, সিংহবৎ পরাক্রম প্রকাশ, বৃকবৎ অবলুম্পন, শশবৎ বিনিষ্পতন, শূকরবৎ দৃঢ়প্রহার, শিখিবৎ চিত্রাকার করণ, অশ্ববৎ দৃঢ়ভক্তি প্রকটন, কোকিলবৎ সুমিষ্টভাষণ, কাকবৎ শঙ্কানুসরণ এবং অজ্ঞাতবাসে নিত্য বাস করিবেন। অগ্নি, ২২৫ স। ২৭—৩০

২০৭। দেশান্তরাগতান্ পার্শ্বে চারৈর্জ্ঞাত্বাহি পূজয়েৎ।
শত্রবোঽগ্নির্বিষং সর্পো নিস্ত্রিংশমপি চৈকতঃ ॥
ভৃত্যাবশিষ্টং বিজ্ঞেয়াঃ কুভৃত্যাশ্চ তথৈকতঃ।
চারচক্ষুর্ভবেদ্রাজা নিযুঞ্জীত সদা চরান্ ॥ অগ্নি, ২২০ অ, ১৯—২০।

২০৮। রাগাপরাগৌ ভৃত্যানাং জনস্য চ গুণাগুণান্।
শুভানামশুভানাঞ্চ জ্ঞানং কুর্য্যাদ্বশায় চ ॥ অগ্নি, ২২০ অ, ২৩।

২০৯। অনুরাগকরং কর্ম্ম চরেজ্জহ্যাদ্বিরাগজম্।
জনানুরাগয়া লক্ষ্ম্যা রাজা স্যাজ্জনরঞ্জনাৎ ॥ অগ্নি, ২২০ অ। ২৪।

২১০। "বকবচ্চিন্তয়েদর্থং সিংহবচ্চ পরাক্রমেৎ ॥"
বৃকবচ্চাবলুম্পেত শশবচ্চ বিনিষ্পতেৎ।
দৃঢ়প্রহারী চ ভবেৎ তথা শূকরবন্নৃপঃ ॥
চিত্রাকারাশ্চ শিখিবদ্দৃঢ়ভক্তিস্তথাশ্ববৎ।
ভবেচ্চ মধুরাভাষী তথা কোকিলবন্নৃপঃ ॥
"কাকশঙ্কী ভবেন্নিত্যমজ্ঞাতাং বসতিং বসেৎ।" অগ্নি, ২২৫ অ। ২৭—৩০।

২১১। বিনয়ই নয়ের মূল, শাস্ত্র-নিশ্চয়-সহযোগে বিনয়ের উৎপত্তি হয়। ইন্দ্রিয়জয়ই বিনয়। বিনয়যুক্ত হইয়া রাজা পৃথিবীপালন করিবেন। অগ্নি, ২৩৮ অ। ৩।

২১২। শাস্ত্র, প্রজ্ঞা, ধৃতি, দক্ষতা, প্রগল্‌ভতা, ধারয়িষ্ণুতা, উৎসাহ, বাক্যসংযম, ঔদার্য্য, আপৎকালে সহিষ্ণুতা, প্রভাব, শুচিতা, মৈত্র্য, ত্যাগ, সত্য, কৃতজ্ঞতা, কুল, শীল, দম এই সকল গুণ সম্পত্তির হেতু। ইন্দ্রিয় সকল মত্ত হস্তীর ন্যায়, স্বভাবতঃ উদ্দাম হইয়া হৃদয়কে বিদ্রাবিত করিয়া বিষয়রূপ বিশাল অরণ্যে সতত ধাবনোন্মুখ হইতেছে। জ্ঞানরূপ অঙ্কুশ দ্বারা তাহাকে বশ করা অবশ্য কর্ত্তব্য। কাম, ক্রোধ, লোভ, হর্ষ, মান, মদ ইহাদের নাম ষড়্‌বর্গ। এই ষড়্‌বর্গ পরিহার না হইলে কোন মতেই সুখলাভের সম্ভাবনা নাই। অগ্নি, ২৩৮ অ। ৪—৭।

২১৩। নয়স্য বিনয়ো মূলং বিনয়ঃ শাস্ত্রনিশ্চয়াৎ।
বিনয়ো হীন্দ্রিয়জয়স্তৈর্যুক্তঃ পালয়েন্মহীম্॥ অগ্নি, ২৩৮ অ।৩।

২১৪। শাস্ত্রং প্রজ্ঞা ধৃতির্দাক্ষ্যং প্রাগল্ভ্যং ধারয়িষ্ণুতা।
উৎসাহো বাগ্মিতৌদার্য্যমাপৎকাল সহিষ্ণুতা॥
প্রভাবং শুচিতা মৈত্রী ত্যাগঃ সত্যং কৃতজ্ঞতা।
কুলং শীলং দমশ্চেতি গুণাঃ সম্পত্তি হেতবঃ॥
প্রকীর্ণ বিষয়ারণ্যে ধাবন্তং বিপ্রমাথিনম্।
জ্ঞানাঙ্কুশেন কুর্ব্বীত বশ্যমিন্দ্রিয় দন্তিনম্॥
কামঃ ক্রোধস্তথা লোভো হর্ষোমানো মদস্তথা।
ষড়্‌বর্গমুৎসৃজেদেনমস্মিংস্ত্যক্তে সুখী নৃপঃ॥ অগ্নি, ২৩৮ অ। ৪—৭।

ষষ্ঠ স্তবক।

[রাজার অকর্ত্তব্য।]

মনুষ্য প্রকৃতি দোষ-গুণে জড়িত। কেহই সর্ব্ব গুণালঙ্কৃত নহে ও কেহই সর্ব্ব-দোষাশ্রিত নহে। মনুষ্যজীবনে মহত্ত্ব লাভ করিতে হইলে, যাহার যে গুণ নাই, তাহার সর্ব্ব-প্রযত্নে সেই গুণ উপার্জ্জন করা এবং যাহার যে দোষ আছে, তাহার সেই দোষ সাধ্যানুসারে পরিবর্জ্জন করা আবশ্যক। রাজা দেবরূপী, সুতরাং রাজদেহে কোন দোষ থাকে, তাহা কাহারও বাঞ্ছনীয় নহে। অতএব নৃপতিবর্গের নিতান্ত কর্ত্তব্য যে, যদি তাঁহাদের কোন দোষ থাকে, তাহা অতি যত্নের সহিত পরিবর্জ্জন করেন। অধিকন্তু যদি কোনও গুণের অভাব থাকে তাহাও সযত্নে লাভ করেন। শাস্ত্রকারেরা যে সকল দোষাশ্রিত কার্য্য রাজার অকর্ত্তব্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

১। পাশ ক্রীড়াদি দশবিধ কামজ-ব্যসন ও ক্রোধ-জনিত পিশুনাদি অষ্টবিধ উভয়ে এই অষ্টাদশ বিধ দুরন্ত ব্যসন যত্নতঃ রাজার পরিত্যাজ্য, কারণ, যদিও ইহারা আপাততঃ সুখদ বটে, কিন্তু পরিণামে দুঃসহ কষ্ট প্রদান করে। কামজ দোষে আসক্ত হইলে রাজা নিশ্চয় ধর্ম্মার্থ হইতে

১। দশকাম সমুত্থানি তথাষ্টৌ ক্রোধজানি চ।
ব্যসনানি দুরন্তানি প্রযত্নেন বিবর্জ্জয়েৎ ॥
কামজেষু প্রসক্তো হি ব্যসনেষু মহীপতিঃ।
বিযুজ্যতেঽর্থ ধর্ম্মাভ্যাং ক্রোধজেস্বাত্মনৈবতু ॥

বঞ্চিত হন এবং ক্রোধজ দোষে আসক্ত হইলে, এমন কি তাঁহার জীবন পর্য্যন্ত বিনষ্ট হইতে পারে। মৃগয়া, পাশক্রীড়া, দিবানিদ্রা, পরদোষ-কথন, স্ত্রীলোকে আসক্তি, মদ-জনিত মত্ততা, বাদ্য, নৃত্য, গীত এবং বৃথা পর্য্যটন এই দশটী কামজ দোষ বলিয়া পরিগণিত হইয়া থাকে। পিশুনতা (খলতা) দুঃসাহস, দ্রোহ, ঈর্ষা, অসূয়া (গুণে দোষারোপ) পরস্বাপহরণ, বাক্-পারুষ্য (আক্রোশ) এবং দণ্ড-পারুষ্য (অত্যন্ত তাড়না) এই অষ্ট-বিধ ক্রোধজ দোষ বলিয়া পরিগণিত হয়। পণ্ডিতগণ লোভকে কামজ ও ক্রোধজ এই উভয়বিধ দোষ সমূহের মূলীভূত কারণ বলিয়া জানেন। একারণ সবিশেষ যত্নের সহিত রাজার লোভ পরিত্যাগ করা কর্ত্তব্য। দশবিধ কামজ দোষের মধ্যে সুরাপান, পাশক্রীড়া, স্ত্রীলোকে আসক্তি এবং মৃগয়া এই চারিটি যৎপরোনাস্তি কষ্টজনক বলিয়া রাজার জানা উচিত। ক্রোধজ অষ্টবিধ দোষের মধ্যে নিষ্ঠুর কথন, প্রাপ্যধনে প্রবঞ্চনা করা এবং নির্ঘাত প্রহার এই তিনটী রাজার নিতান্ত অনর্থকর বলিয়া জানা উচিত। সুরাপান, পাশক্রীড়া, স্ত্রীলোকে আসক্তি, মৃগয়া, নিষ্ঠুর-প্রহার, বাক্-পারুষ্য এবং পরস্বাপহরণ কাম-ক্রোধজ এই সাতটী দোষ দ্বারা প্রায় সমস্ত রাজমণ্ডলই পরিব্যাপ্ত হইয়া থাকে এবং ইহাদের মধ্যে পরপর

মৃগয়াক্ষো দিবাস্বপ্নঃ পরিবাদঃ স্ত্রিয়োমদঃ।
তৌর্য্যত্রিকং বৃথাট্যাচ কামজো দশকো গণঃ॥
পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষাসূয়ার্থ দূষণম্।
বাগদণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোঽপি গণোঽষ্টকঃ।
দ্বয়োরপ্যেতয়োর্মূলং যং সর্ব্বে কবয়ো বিদুঃ॥
তং যত্নেন জয়েল্লোভং তজ্জাবেতাবুভৌগণৌ॥
পানমক্ষাঃ স্ত্রিয়শ্চৈব মৃগয়া চ যথাক্রম।
এতৎ কষ্টতমং বিদ্যাচ্চতুষ্কং কামজে গণে॥

অপেক্ষা পূর্ব্বপূর্ব্বটী গুরুতর বলিয়া নৃপতির পরিজ্ঞেয়। ক্রোধজ কিংবা কামজ দোষ মৃত্যু অপেক্ষা ভয়ঙ্কর কষ্টজনক; কারণ দেহান্তে কাম-ক্রোধজ দোষাসক্ত পাপিষ্ঠ ব্যক্তি ক্রমে নিরয়গামী হয়; কিন্তু নির্দ্দোষ নর দেহান্তে স্বর্গগামী হইয়া থাকে। মনু ৭ অ। ৪৫—৫৩।

২। নরপতি যদি কাহাকেই বিশ্বাস না করেন, অথবা লোভ-পরবশ হইয়া অন্যের প্রতি বৃথা দোষ আরোপ করতঃ তাহাদের সর্ব্বস্ব হরণ করিতে থাকেন, তাহা হইলে তাঁহার স্বজনগণই অচিরকাল মধ্যে তাঁহাকে বিনাশ করিয়া থাকে। ম, শা ৫৭ অ। ২৭।

৩। রাজার অসতের নিকট অর্থ কথন, স্বয়ং আপনার গুণগান, সাধুগণের নিকট হইতে ধনাহরণ এবং অসৎ পুরুষের আশ্রয় গ্রহণ করা অকর্ত্তব্য। ম, শা, ৭০ অ। ৬।

৪। রাজার পরীক্ষা না করিয়া দণ্ড প্রয়োগ, পরের নিকট মন্ত্রণা

দণ্ডস্যপাতনঞ্চৈব বাক্পারুষ্যার্থদূষণে।
ক্রোধজেঽপিগণে বিদ্যাৎ কষ্টমেতৎত্রিকং সদা॥
সপ্তকস্যাস্য বর্গস্য সর্ব্বত্রৈবানুষঙ্গিণঃ।
পূর্ব্বং পূর্ব্বং গুরুতরং বিদ্যাদ্ব্যসনমাত্মবান্॥
ব্যসনস্য চ মৃত্যোশ্চ ব্যসনং কষ্টমুচ্যতে।
ব্যসন্যধোঽধো ব্রজতি স্বর্যাত্যব্যসনী মৃতঃ॥ মনু ৭ অ। ৪৫—৫৩।

২। সর্ব্বাভিশঙ্কী নৃপতির্যশ্চ সর্ব্বহরো ভবেৎ।
স ক্ষিপ্রমনৃজুর্লুব্ধঃ স্বজনেনৈব বধ্যতে॥ ম, শা, ৫৭ অ। ২৭।

৩। অর্থং ব্রূয়ান্ন চাসৎসু গুণান্ ব্রূয়ান্ন চাত্মনঃ।
আদদ্যান্ন চ সাধুভ্যো নাসৎ পুরুষমাশ্রয়েৎ॥ ম, শা, ৭০ অ। ৬।

৪। নাপরীক্ষ্য নয়েদ্দণ্ডং ন চ মন্ত্রং প্রকাশয়েৎ।
বিসৃজেন্ন চ লুব্ধেভ্যো বিশ্বসেন্নাপকারিষু। ম, শা, ৭০ অ। ৭।

প্রকাশ, লুব্ধগণকে ধনদান এবং অপকারীকে বিশ্বাস করা বিধেয় নহে। ম, শা, ৭০ অ। ৭।

৫। রাজার সাধুগণের নিকট হইতে কখন ধন গ্রহণ করা কর্ত্তব্য নহে, বরং অসাধুগণের নিকট হইতে আহরণ করিয়া তাঁহাদিগকে প্রদান করা বিধেয়। ম, শা, ৫৭ অ। ২১।

৬। নরপতির অনার্য্যগণের সহিত সন্ধি, বন্ধুগণের সহিত বিগ্রহ, অভক্ত ব্যক্তিকে চারকার্য্যে নিয়োগ এবং অপরকে পীড়িত করিয়া কার্য্য করা কর্ত্তব্য নহে। ম, শা, ৭০ অ। ৫।

৭। প্রণয় পরিত্যাগ করিয়া সেবা করিবে এবং দক্ষ হইয়াও সময় প্রতীক্ষা করিবে। নৃপতির ধন দিয়া সন্ধি করা এবং আশ্রয় দান করিয়া পরিত্যাগ করা কর্ত্তব্য নহে। ম, শা, ৭০ অ। ১০।

৮। বিশেষরূপে অবগত না হইয়া প্রহার, শত্রুকে বিনাশ করিয়া শোক, আকস্মিক ক্রোধ এবং অপকারীর নিকট মৃদুতা প্রকাশ করা রাজার কর্ত্তব্য নহে। ম, শা, ৭০ অ। ১১।

৯। যে মূঢ় নরপতি কাম-ক্রোধ-বশীভূত হইয়া অর্থ উপার্জ্জন করেন, তিনি ধর্ম্ম অথবা অর্থ কিছুই লাভ করিতে পারেন না। ম, শা, ৭১ অ। ৭।

৫। ন চাদদীত বিত্তানি সতাং হস্তাৎ কদাচন।
অসদ্ভ্যশ্চ সমাদদ্যাৎ সদ্ভ্যস্তু প্রতিপাদয়েৎ॥ ম, শা, ৫৭ অ। ২১।

৬। সন্দধীত ন চানার্য্যৈর্বিগৃহ্ণীয়ান্ন বন্ধুভিঃ।
নাভক্তং চারয়েচ্চারং কুর্য্যাৎ কার্য্যমপীড়য়া॥ ম, শা, ৭০ অ। ৫।

৭। সেবেত প্রণয়ং হিত্বা দক্ষঃ স্যান্ন ত্বকালবিৎ।
সান্ত্বয়েন্ন চ মোক্ষায় অনুগৃহ্ণন্ন চাক্ষিপেৎ॥ ম, শা, ৭০ অ। ১০।

৮। প্রহরেন্ন ত্ববিজ্ঞায় হত্বা শত্রূন্ন শোচয়েৎ।
ক্রোধং কুর্য্যান্ন চাকস্মান্মৃদুঃ স্যান্নাপকারিষু॥ ম, শা, ৭০ অ। ১১।

৯। কামক্রোধৌ পুরস্কৃত্য যোঽর্থং রাজানুতিষ্ঠতি।
ন স ধর্ম্মং ন চাপ্যর্থং প্রতিগৃহ্ণাতি বালিশঃ॥ ম, শা, ৭১ অ। ৭।

১০। নৃপতিগণের নাস্তিকতা, মিথ্যাকথন, ক্রোধ, অনবধানতা, দীর্ঘসূত্রতা, জ্ঞানিগণের সহিত অদর্শন, আলস্য, ইন্দ্রিয় পরবশতা, রাজ্যের প্রয়োজনীয় বিষয়ের একাকী চিন্তা, বিপরীত দর্শিগণের সহিত মন্ত্রণা, কর্ত্তব্য রূপে নিশ্চিত কার্য্যের অনারম্ভ, মন্ত্রণাভঙ্গ, প্রাতঃকালে মঙ্গলকার্য্যের অননুষ্ঠান, সকল দিকে অবস্থিত শত্রুগণের উদ্দেশে এককালে প্রত্যুত্থান, এই চতুর্দ্দশ প্রকার রাজদোষ বর্জ্জনীয়। বদ্ধমূল হইলে রাজারা এই সকল দোষে প্রায়ই বিনষ্ট হন। বা, অ, ১০০ স। ৬৫—৬৭। ম, স, ৫ অ। ১০৭—১০৯।

১১। যে রাজা স্বয়ং কার্য্যানুষ্ঠান করেন না, তিনি রাজ্য ও সেই সমস্ত কার্য্যের সহিত বিনষ্ট হন। বা, অর, ৩৩ স। ৪।

১২। যাঁহাদিগের চারগণ, ধনাগার ও নীতি স্বায়ত্ত নহে, সেই মহীপতিরা নীচ ব্যক্তির তুল্য। বা, অর, ৩৩ স। ৯।

১০। নাস্তিক্যমনৃতং ক্রোধং প্রমাদং দীর্ঘসূত্রতাম্।
অদর্শনং জ্ঞানবতামালস্যং পঞ্চবৃত্তিতাম্॥
একচিন্তনমর্থানামনর্থজ্ঞৈশ্চ চিন্তনম্। (মন্ত্রণমিতি রামায়ণে)
নিশ্চিতানামনারম্ভং মন্ত্রস্যাপরিরক্ষণম্॥
মঙ্গলাদ্যপ্রয়োগঞ্চ প্রত্যুত্থানঞ্চ সর্ব্বতঃ॥
কচ্চিৎ ত্বং বর্জ্জয়স্যেতান্ রাজদোষাংশ্চতুর্দ্দশঃ।
প্রায়শো যৈর্বিনশ্যন্তি কৃতমূলাহি পার্থিবাঃ। বা, অ, ১০০ স। ৬৫—৬৭।
ম, স, ৫ অ। ১০৭—১০৯।

১১। স্বয়ং কার্য্যাণি যঃ কালে নানুতিষ্ঠতি পার্থিবঃ।
স তু বৈ সহ রাজ্যেন তৈশ্চ কার্য্যৈর্বিনশ্যতি॥ বা, অর, ৩৩ স। ৪।

১২। যেষাং চারাশ্চ কোশশ্চ নয়শ্চ জয়তাংবর।
অস্বাধীনা নরেন্দ্রাণাং প্রাকৃতৈস্তে জনৈঃ সমাঃ॥ বা, অর, ৩৩ স। ৯।

১৩। যে রাজা স্বয়ং কার্য্য নির্ব্বাহ করেন না, এবং ভয়কালেও ভীত হন না, তিনি শীঘ্রই রাজ্যচ্যুত ও দীন হইয়া তৃণ তুল্য হন। বা, অর, ৩৩ স। ১৭।

১৪। শুষ্ককাষ্ঠ, লোষ্ট্র ও ধূলি দ্বারাও কার্য্য হয়, কিন্তু স্থান-ভ্রষ্ট ভূপতি দ্বারা কোন কার্য্য হয় না। বা, অর, ৩৩ স। ১৮।

১৫। রাজ্য-ভ্রষ্ট রাজা শক্তি-সম্পন্ন হইয়াও, পরিত্যক্ত বস্ত্র ও বিমর্দ্দিত মাল্যের ন্যায় নিরর্থক হন। বা, অর, ৩৩ স। ১৯।

১৬। যে রাজা অন্যের অবমাননাকারী, বিষয়াসক্ত, দেশকাল বিভাগে অনভিজ্ঞ এবং গুণ-দোষ নির্ণয়ে চিত্ত-সমাধানে অসমর্থ, তিনি শীঘ্রই বিপন্ন ও রাজ্যভ্রষ্ট হন। বা, অর, ৩৩। স ২৩।

১৭। বৃক্ষাগ্রে সুপ্তব্যক্তি যদ্রূপ পতিত হইয়া জাগরিত হয়, তদ্রূপ যিনি ধর্ম্ম ও অর্থ পরিত্যাগ করিয়া সততই কাম-সেবায় অনুরক্ত হন, তিনি রাজ্যভ্রষ্ট হইয়া প্রতিবুদ্ধ হন। বা, কি, ৩৮ স। ২২।

১৩। নানুতিষ্ঠন্তি কার্য্যাণি ভয়েষু ন বিভেতি চ।
ক্ষিপ্রং রাজ্যাচ্চ্যুতো দীনস্তৃণৈস্তুল্যোভবেদিহ ॥ বা, অর ৩৩ স। ১৭।

১৪। শুষ্ককাষ্ঠৈর্ভবেৎ কার্য্যং লোষ্ট্রৈরপি চ পাংশুভিঃ।
ন তু স্থানাৎ পরিভ্রষ্টৈঃ কার্য্যং স্যাদ্বসুধাধিপৈঃ ॥ বা, অর, ৩৩ স। ১৮।

১৫। উপভুক্তং যথা বাসঃ স্রজো বা মৃদিতা যথা।
এবং রাজ্যাৎ পরিভ্রষ্টঃ সমর্থোঽপি নিরর্থকঃ ॥ বা, অর, ৩৩ স। ১৯।

১৬। পরাবমন্তা বিষয়েষু সঙ্গবান্
ন দেশকালপ্রবিভাগতত্ত্ববিৎ।
অযুক্তবুদ্ধির্গুণদোষ নিশ্চয়ে
বিপন্নরাজ্যো নচিরাদ্বিপৎস্যসে ॥ বা, অর, ৩৩ স। ২৩।

১৭। হিত্বা ধর্ম্মং তথার্থঞ্চ কামং যস্তু নিষেবতে।
স বৃক্ষাগ্রে যথা সুপ্তঃ পতিতঃ প্রতিবুধ্যতে ॥ বা, কি, ৩৮ স। ২২।

১৮। যে রাজা প্রতিদিন পৌরগণের কার্য্য পর্য্যবেক্ষণ না করেন, তিনি বায়ু-সঞ্চার-বিহীন ঘোর নরকে নিপতিত হন, ইহাতে সংশয় নাই। বা, উ, ৬৩ স। ৬।

১৯। রাজ্যচ্ছিদ্র অনেক সুতরাং প্রবল বারি-প্রবাহ যেমন সেতু ভগ্ন করিয়া বহির্গত হয়, কিছুতেই তাহাকে রক্ষা করা যায় না, তদ্রূপ ইহার ছিদ্র সকল বন্ধ করা দুঃসাধ্য। বা, ল, ১৩০ স। ৪।

২০। রাজা অর্থের নিমিত্ত ধর্ম্মের হানি এবং ধর্ম্মের নিমিত্ত অর্থের হানি করিবেন না, কিংবা আশু-প্রীতি-দায়ক কামপরতন্ত্র হইয়া ধর্ম্মার্থ উভয় বিষয়ের বাধক হইবেন না। ম, স, ৫ অ। ১৯।

২১। দিবসের পূর্ব্বভাগে রাজার পান, প্রমদা, দ্যূতক্রীড়াদি ব্যসন-জনিত অপব্যয় নিন্দনীয়। অতএব তাহা যেন কেহ জানিতে না পারে। ম, স, ৫ অ। ৬৯।

২২। রাজা চোর, লুব্ধ, বৈরী, কি বালকগণকে কদাচ রাজকার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত করিবেন না। ম, স, ৫ অ। ৭৫।

১৮। পৌরকার্য্যাণি যো রাজা ন করোতি দিনে দিনে।
সংবৃতে নরকে ঘোরে পতিতো নাত্র সংশয়ঃ॥ বা, উ, ৬৩ স। ৬।

১৯। বারিবেগেন মহতা ভিন্নঃ সেতুরিব ক্ষরন্।
দুর্ব্বন্ধনমিদং মন্যে রাজ্যচ্ছিদ্রমসংবৃতম্॥ বা, ল, ১৩০ স। ৪।

২০। কচ্চিদর্থেন বা ধর্ম্মং ধর্ম্মেণার্থমথাপি বা।
উভৌ বা প্রীতিসারেণ ন কামেন প্রবাধসে॥ ম, স, ৫ অ। ১৯।

২১। কচ্চিন্ন পানে দ্যূতে বা ক্রীড়াসু প্রমদাসু চ।
প্রতিজানন্তি পূর্ব্বাহ্নে ব্যয়ং ব্যসনজং তব॥ ম, স, ৫ অ। ৬৯।

২২। কচ্চিন্ন লুব্ধাশ্চৌরা যা বৈরিণো বা বিশাম্পতে।
অপ্রাপ্তব্যবহারা বা তব কর্ম্মস্বনুষ্ঠিতাঃ॥ ম, স, ৫ অ। ৭৫।

২৩। কোন বিপদের উপক্রম শুনিয়া এবং তন্নিমিত্ত চিন্তাও করিয়া রাজার অন্তঃপুর মধ্যে স্রক্-চন্দনাদি প্রিয়বস্তু সমস্ত উপভোগ করতঃ শয়ন করিয়া থাকা উচিত নহে। ম, স, ৫ অ। ৮৪।

২৪। বাদী প্রতিবাদিগণ উপস্থিত হইলে, অভিমান অথবা লোভ-মোহ বশতঃ তাহাদের কার্য্য পর্য্যালোচনা না করা রাজার অনুচিত কার্য্য। ম, স, ৫ অ। ৯১।

২৫। বিশ্বাস বা প্রণয় হেতু যাহারা রাজার আশ্রিত হয়, লোভ-মোহ-পরতন্ত্র হইয়া তাহাদের বৃত্তিচ্ছেদ করা রাজার অনুচিত কার্য্য। ম, স, ৫ অ। ৯২।

২৬। রাজা মত্ত, প্রমত্ত, পাষণ্ড ও উন্মত্তদিগের নিকট যাইবেন না, তাহাদিগের সহিত পরিচয় এবং তাহাদিগের সেবা করিবেন না। ম, শা, ৯০ অ। ২৯।

২৭। রাজা অবিজ্ঞাতা স্ত্রী, ক্লীব, স্বৈরিণী, পরভার্য্যা ও কন্যাতে কদাচ

২৩। কচ্চিদাত্যয়িকং শ্রুত্বা তদর্থমনুচিন্ত্য চ।
প্রিয়াণামনুভবন্ শেষে ন ত্বমন্তঃপুরে নৃপ॥ ম, স, ৫ অ। ৮৪।

২৪। কচ্চিন্ন লোভান্মোহাদ্বা মানাদ্বাপি বিশাম্পতে।
অর্থিপ্রত্যর্থিনঃ প্রাপ্তান্ন পশ্যসি কথঞ্চন॥ ম, স, ৫ অ। ৯১।

২৫। কচ্চিন্ন লোভান্মোহাদ্বা বিশ্রম্ভাৎ প্রণয়েন বা।
আশ্রিতানাং মনুষ্যাণাং বৃত্তিং ত্বং সংরুণৎসি॥ ম, স. ৫ অ। ৯২।

২৬। মত্তাৎ প্রমত্তাৎ পৌগণ্ডা * দুন্মত্তাচ্চ বিশেষতঃ।
তদভ্যাসাদুপাবর্ত্ত সংহিতানাঞ্চ সেবনাৎ॥ ম, শা, ৯০ অ। ২৯।

২৭। অবিজ্ঞাতাসু চ স্ত্রীষু ক্লীবাসু স্বৈরিণী সু চ।
পর ভার্য্যাসু কন্যাসু নাচরেন্মৈথুনং নৃপ॥

* পাষণ্ডাদিতি মুখ্যঃ পাঠঃ।

মৈথুন করিবেন না। বর্ণসঙ্কর হইলে কুলে পাপ রাক্ষস, ক্লীব, অঙ্গহীন, স্থূলজিহ্ব (মূক) ও চিত্ত-হীন পুরুষ সকল উৎপন্ন হইয়া থাকে। রাজা প্রমাদগ্রস্ত হইলেই এই সকল জন্মিয়া থাকে, অতএব রাজা বিশেষ করিয়া প্রজাহিতে অনুরক্ত থাকিবেন। ম, শা, ৯০ অ। ৩২—৩৪।

২৮। রাজা অধার্ম্মিক হইলে হস্তী, অশ্ব, গো, উষ্ট্র, অশ্বতর ও গর্দ্দভ সকল জন্তুই অবসন্ন হইয়া থাকে। ম, শা, ৯১ অ। ১১।

২৯। যদি রাজার জনপদ মধ্যে রাজার বহুল রাজপুরুষ রাজকার্য্যে নিযুক্ত হইয়া নীতি বিরুদ্ধ কার্য্য করিতে প্রবৃত্ত হয়, তাহা হইলে নরপতির প্রচুর পরিমাণে পাপ হইয়া থাকে। আর যদি তাহারা কাম ও অর্থের বশীভূত হইয়া অযুক্তি অনুসারে দরিদ্রদিগেরও ধন হরণ করে, তাহা হইলে তাহাতে রাজার একান্ত বিনাশ হয়। ম, শা, ৯১ অ। ২৪—২৫।

৩০। যে রাজা অর্থানুষ্ঠানশূন্য, কামচারী ও আত্মশ্লাঘী, তিনি সমুদয় পৃথিবী লাভ করিয়াও সত্বর বিনষ্ট হন। ম, শা, ৯২ অ। ১০।

কুলেষু পাপরক্ষাংসি জায়ন্তে কর্ম্মসঙ্করাৎ।
অপুমাংসোঽঙ্গহীনাশ্চ স্থূলজিহ্বা বিচেতসঃ।
এতে চান্যে চ জায়ন্তে যদা রাজা প্রমাদ্যতি।
তস্মাদ্রাজ্ঞা বিশেষেণ বর্ত্তিতব্যং প্রজাহিতে॥ ম, শা, ৯০ অ। ৩২—৩৪।

২৮। হস্তিনোঽশ্বাশ্চ গাবশ্চাপ্যুষ্ট্রাশ্বতরগর্দ্দভাঃ।
অধর্ম্মভূতে নৃপতৌ সর্ব্বে সীদন্তি জন্তবঃ॥ ম, শা, ৯১ অ। ১১।

২৯। রাজ্ঞো যদা জনপদে বহবো রাজপুরুষাঃ।
অনয়েনোপবর্ত্তন্তে তদ্রাজ্ঞঃ কিল্বিষং মহৎ॥
যদাযুক্ত্যা নয়েদর্থান্ কামাদর্থ বশেন বা।
কৃপণং যাচমানানাং তদ্রাজ্ঞো বৈশসংমহৎ। ম, শা, ৯১ অ। ২৪—২৫।

৩০। অর্থানামননুষ্ঠাতা কামচারী বিকত্থনঃ।
অপি সর্ব্বাং মহীং লব্ধা ক্ষিপ্রমেব বিনশ্যতি॥ ম, শা, ৯২ অ। ১০।

৩১। যে রাজার ধর্ম্ম উপদেশক গুরু নাই এবং অর্থলাভে সুখপরতন্ত্র হইয়া অন্য কাহাকেও ধর্ম্মবিষয়ে জিজ্ঞাসা না করেন, তিনি চিরসুখ ভোগ করিতে পারেন না। ম, শা, ৯২ অ। ১৮।

৩২। নরপতি অকালে অর্থপ্রণয়ন করিবেন না, অনিষ্ট হইলে তাহাতে কদাচ অত্যন্ত সন্তপ্ত হইবেন না, প্রিয় কার্য্যে অতিশয় তুষ্ট হইবেন না এবং শুভ কর্ম্মে সতত সংযুক্ত থাকিবেন। ম, শা, ৯৩ অ।৩৫।

৩৩। নৃপতি বলবান্ হইলেও দুর্ব্বলের প্রতি কদাচ কুত্রাপি বিশ্বাস করিবেন না, কেন না, তাহারা অনবধানতারূপ অবকাশ প্রাপ্ত হইলে গৃধ্রের ন্যায় নিপতিত হইয়া থাকে। ম, শা, ৯৩ অ। ৩৭।

৩৪। মূল অতিশয় দৃঢ় না হইলে নৃপতি অলব্ধ বস্তুতে কদাচ লিপ্সা করিবেন না, যেহেতু দুর্ব্বল-মূল মহীপতির লাভ বিহিত হয় না। ম, শা, ৯৪ অ। ২।

৩৫। রাজা, কেহ প্রশ্ন করিলে তাহাকে নিষ্ঠুর উত্তর প্রদান করিবেন না; অগম্ভীর বাক্য প্রয়োগ করিবেন না; কাহারও অসূয়া করিবেন না; শত্রুকে সংগ্রহ করিবেন না; প্রিয় হইলে তাহাতে অতিশয় হৃষ্ট

৩১। যস্য নাস্তি গুরুর্ধর্ম্মে ন চান্যানপি পৃচ্ছতি।
সুখতন্ত্রোঽর্থলাভেষু ন চিরং সুখমশ্নুতে॥ ম, শা, ৯২ অ। ১৮।

৩২। নাকালে প্রণয়েদর্থান্নাপ্রিয়ে জাতু সংজ্বরেৎ।
প্রিয়েনাতিভৃশং তুষ্যেদ্ যুঞ্জীতারোগ্য কর্ম্মণি॥ ম, শা, ৯৩ অ। ৩৫।

৩৩। ন জাতু বলবান্ ভূত্বা দুর্ব্বলে বিশ্বসেৎ কচিৎ।
ভারুণ্ডসদৃশাহ্যেতে নিপতন্তি প্রমাদ্যতঃ॥ ম, শা, ৯৩ অ। ৩৭।

৩৪। ন চাপ্যলব্ধং লিপ্সেত মূলে নাতিদৃঢ়ে সতি।
নহি দুর্ব্বলমূলস্য রাজ্ঞো লাভো বিধীয়তে॥ ম, শা, ৯৪ অ। ২।

৩৫। নাপত্রপেত প্রশ্নেষু নাবিভাব্যাং গিরংসৃজেৎ।
ন ত্বরেত ন চাসূয়েত্তথা সংগৃহ্যতে পরঃ॥

হইবেন না; অপ্রিয় হইলেও তাহাতে দুঃখিত হইবেন না এবং প্রজাহিত অনুস্মরণ করতঃ অতিশয় অর্থেও তৃপ্ত হইবেন না। ম,শা, ৯৩ অ।১০—১১

৩৬। আর্য্যজনেরা যে কর্ম্মে বিদ্বেষ করেন, বিদ্বান্ নরপতি সেই কর্ম্ম কদাচ করিবেন না এবং তাঁহাদের কল্যাণকর বাক্য হেলন করিবেন না। ম, শা, ৯৪ অ। ১০।

৩৭। ধার্ম্মিক নৃপতি কপট এবং দম্ভ দ্বারা জীবিত থাকিতে ইচ্ছা করেন না এবং অধর্ম্মযুক্ত অর্থও আকাঙ্ক্ষা করেন না। ম, শা, ১০৬ অ। ১।

৩৮। নৃপতি অর্থ অল্প হইলেও তাহা অগ্রাহ্য করিবেন না। শত্রুসকলকে অবজ্ঞা করা উচিত নহে। বুদ্ধি দ্বারা আপনাকে বুঝাইতে হইবে এবং নির্ব্বুদ্ধি ব্যক্তিকে বিশ্বাস করিবেন না। ম, শা, ১২০ অ। ৩৬।

৩৯। যে রাজার রাজ্যবাসী প্রজাগণ অবসন্ন হয়, যিনি পরের প্রেষ্য হইয়া থাকেন, অথবা বৃত্তি-বিরহে অল্প পরিবার প্রতিপালন করেন এবং যিনি দেশান্তরে জীবিকা-নির্ব্বাহার্থ কাল যাপন করেন, তাঁহাকে ধিক্। ম, শা, ১৩০ অ। ৩৪।

প্রিয়ে নাতিভৃশং হৃষ্যেদপ্রিয়ে ন চ সংজ্বরেৎ।
ন তপ্যেদর্থ কৃচ্ছ্রেষু প্রজাহিতমনুস্মরন্॥ ম, শা, ৯৩ অ। ১০—১১।

৩৬। যদার্য্যজনবিদ্বিষ্টং কর্ম্ম তন্নাচরেদ্ বুধঃ।
যৎ কল্যাণ মভিধ্যায়েত্তত্রাত্মানং নিযোজয়েৎ॥ ম, শা, ৯৪ অ। ১০।

৩৭। ন নিকৃত্যা ন দম্ভেন ব্রহ্মন্নিচ্ছামি জীবিতুম্!
নাধর্ম্মযুক্তানিচ্ছেয়মর্থান্ সুমহতোঽপ্যহম্॥ ম, শা ১০৬ অ। ১।*

৩৮। নার্থমল্পং পরিভবেন্নাবমন্যেত শাত্রবান্।
বুদ্ধ্যা তু বুধ্যেদাত্মানং ন চাবুদ্ধিষু বিশ্বসেৎ॥ ম, শা, ১২০ অ। ৩৬।

৩৯। ধিক্ তস্য জীবিতং রাজ্ঞো রাষ্ট্রং যস্যাবসীদতি।
অবৃত্ত্যাঽন্যমনুষ্যোঽপি যো বৈদেশিক ইত্যপি। ম, শা, ১৩০ অ। ৩৪।

---

* ক্ষেমদর্শী রাজা কালক বৃক্ষীয় মুনিকে বলিয়াছিলেন।

৪০। এই জগতে রাজা কাহারও অনিষ্টাচরণ করিয়া সতত তাহাকে বিশ্বাস করিবেন না; অন্যের অপকার করিয়া তাহাকে বিশ্বাস করিলে দুঃখভোগ করিতে হয়। ম, শা, ১৩৯ অ। ৭৪।

৪১। সুন্দররূপ পুষ্পিত বৃক্ষও ফলহীন হয়, ফলবান্ বৃক্ষ দুরারোহ হইয়া থাকে এবং যাহার ফল অপক্ব অবস্থায় আছে, তাহাকেও পক্ব ফলের সদৃশ দেখা যায়; অতএব রাজা এই সমস্ত কারণ দর্শন করিয়া কাহারও নিকট শীর্ণ হইবেন না। ম, শা, ১৪০ অ। ৩১।

৪২। রাজা কোন কার্য্য আরম্ভ করিলে তাহা সম্পন্ন না করিয়া বিরত হইবেন না, সতত সাবধান থাকিবেন, ক্ষুদ্র কণ্টকও সম্যক্‌রূপে উদ্ধৃত না হইলে চিরকালের জন্য বিকার উৎপাদন করিয়া থাকে। ম, শা, ১৪০ অ। ৬০।

৪৩। নৃপতি পণ্ডিতের সহিত বিরোধ করিয়া "আমি দূরে আছি" বলিয়া বিশ্বাস করিবেন না, যেহেতু বুদ্ধিমানের বাহুদ্বয় অতিশয় দীর্ঘ,

৪০। সদা ন বিশ্বসেদ্রাজা পাপং কৃত্বেহ কস্যচিৎ।
অপকৃত্য পরেষাং হি বিশ্বাসাদ্দুঃখমশ্নুতে ॥ ম, শা, ১৩৯ অ। ৭৪।

৪১। সুপুষ্পিতঃ স্যাদফলঃ ফলবান্ স্যাদ্দুরারুহঃ।
আমঃ স্যাৎ পক্বসঙ্কাশো ন চ শীর্য্যেত কস্যচিৎ ॥ ম, শা, ১৪০ অ। ৩১।

৪২। না সম্যক্‌কৃতকারী স্যাদপ্রমত্তঃ সদা ভবেৎ।
কণ্টকোঽপি হি দুশ্ছিন্নো বিকারং কুরুতে চিরং ॥ ম, শা, ১৪০ অ। ৬০।

৪৩। পণ্ডিতেন বিরুদ্ধঃ সন্ দূরস্থোঽস্মীতি নাশ্বসেৎ।
দীর্ঘৌ বুদ্ধিমতো বাহূ যাভ্যাং হিংসতি হিংসিতঃ ॥
ন তত্তরেদ্‌যস্য ন পারমুত্তরেন্ন তদ্ধরেদ্‌যৎ পুনরাহরেৎ পরঃ।
ন তৎ খনেদ্‌যস্য ন মূলমুদ্ধরেন্ন তং হন্যাদ্‌যস্য শিরো ন পাতয়েৎ ॥
ম, শা, ১৪০ অ ৬৮। ৬৯।

তিনি হিংসিত হইয়া তদ্দ্বারাই হিংসা করিতে পারেন। যাহার পর পারে উত্তীর্ণ হইতে পারা যায় না, তাদৃশ নদীতে সন্তরণ করিবেন না; বিপক্ষ ব্যক্তি পুনরায় যাহা আহরণ করিতে পারিবে, তাদৃশ ধন হরণ করিবেন না; যাহার মূল উৎপাটন করিতে পারা যায় না, তাহাকে খনন করিবেন না, যাহার মস্তক পাতিত করিতে পারা যায় না তাহাকে প্রহার করিবেন না। ম, শা, ১৪০ অ। ৬৮—৬৯।

৪৪। এক কার্য্যের দুই বা তিনজন অধ্যক্ষ হইলে, তাহারা পরস্পরের দোষ সকল ক্ষমা করে না, সুতরাং এক কার্য্যে একের অধিক অধ্যক্ষ পার্য্যমাণে নিযুক্ত করা রাজার কর্ত্তব্য নহে। ম, শা, ৮০ অ। ২৫।

৪৫। নৃপতি সর্ব্বজাতীয় প্রকৃতিগণের প্রতি ক্ষমা প্রকাশ করিবেন না; কারণ রাজা ক্ষমাশীল কুঞ্জরের ন্যায় মৃদুস্বভাব হইলে অধম অর্থাৎ ধর্ম্মবিরোধী বলিয়া কথিত হন। ম, শা, ৫৬ অ। ৩৭।

৪৬। হস্তিপক যেরূপ ক্ষমাশীল মাতঙ্গের মস্তকেই আরোহণ করিতে ইচ্ছা করে, তদ্রূপ নৃপতি ক্ষমাশীল হইলে নীচ ব্যক্তিগণ তাঁহাকে পরিভূত করিয়া থাকে; অতএব বসন্তকালীন সূর্য্য যেরূপ নিরতিশয় শীতল

৪৪। নৈব দ্বৌ ন ত্রয়ঃ কার্য্যা ন মৃষ্যেরন্ পরস্পরম্।
একার্থে হ্যেব ভূতানাং ভেদো ভবতি সর্ব্বদা॥ ম. শা, ৮০ অ। ২৫।

৪৫। ন চ ক্ষান্তেন তে নিত্যং ভাব্যং পুত্র সমন্ততঃ।
অধর্ম্মো হি মৃদু রাজা ক্ষমাবানিব কুঞ্জরঃ॥ ম, শা, ৫৬ অঃ। ৩৭।

৪৬। ক্ষমমাণং নৃপং নিত্যং নীচঃ পরিভবেজ্জনঃ।
হস্তিযন্তা গজস্যেব শির এবারুরুক্ষতি॥
তস্মান্নৈব মৃদুর্নিত্যং তীক্ষ্ণো নৈব ভবেন্নৃপঃ।
বাসন্তার্ক ইব শ্রীমান্ন শীতো ন চ ঘর্ম্মদঃ॥ ম, শা, ৫৬ অ। ৩৯—৪০।

অথবা প্রখর-কিরণ নহেন, তদ্রূপ ভূপতিগণেরও সর্ব্বদা মৃদু বা নিতান্ত তীক্ষ্ণ-দণ্ড হওয়া উচিত নহে। ম, শা, ৫৬ অ। ৩৯—৪০।

৪৭। রাজা মৃগয়া, দ্যূতক্রীড়া, স্ত্রীসংসর্গ এবং মদ্যাদি পানে আসক্ত হইবেন না। বিষ্ণু ৩ অ। ৩২।

৪৮। রাজা অপাত্রে ধনদান করিবেন না। বিষ্ণু ৩ অ। ৩৪।

৪৯। রাজা পরিক্ষীণ হইলেও যাহা লইবার নয়, তাহা প্রজা হইতে লইবেন না এবং অতিশয় ধনাঢ্য হইলেও গ্রাহ্য অল্প বস্তুও পরিত্যাগ করিবেন না। অগ্রাহ্য-গ্রহণ ও গ্রাহ্যের পরিত্যাগ করিলে রাজার দুর্ব্বলতা প্রকাশ পায়, তাঁহার ইহপরকাল উভয় লোকই নষ্ট হয়। মনু ৮ অ। ১৭০—১৭১।

৫০। রাজার যে সমস্ত অতিশয় সমৃদ্ধ লোকেরা অপীড়িত হইয়া অনুকূলভাবে দান করে, তাদৃশ উপায় দ্বারা ধন সংগ্রহ করিয়া যজ্ঞ করা বিধেয়, আর প্রজাপীড়ন করিয়া যজ্ঞ করা উচিত নহে। ম, অনু ৬১ অ।২৩।

৫১। বৃদ্ধ, বালক ও কৃপাপাত্র অন্ধের ধন রক্ষা কর্ত্তব্য, আর অনাবৃষ্টিকালে কূপোদক দ্বারা নিষ্পাদিত ধান্য উপজীব্য করিয়া যে কাল

৪৭। মৃগয়াক্ষ স্ত্রী পানেষ্বভিরতিং ন কুর্য্যাৎ॥ বিষ্ণু ৩ অ। ৩২।

৪৮। না পাত্রবর্ষী স্যাৎ॥ বিষ্ণু ৩ অ। ৩৪।

৪৯। অনাদেয়ং নাদদীত পরিক্ষীণোঽপি পার্থিবঃ।
নচাদেয়ং সমৃদ্ধোঽপি সূক্ষ্মমপ্যর্থমুৎসৃজেৎ॥
অনাদেয়স্য চাদানাদাদেয়স্য চ বর্জ্জনাৎ।
দৌর্ব্বল্যং খ্যাপ্যতে রাজ্ঞঃ স প্রেত্যেহ চ নশ্যতি॥ মনু ৮ অ। ১৭০-১৭১।

৫০। অপীড়িতাঃ সুসংবৃদ্ধা যে দদত্যনুকূলতঃ।
তাদৃশেনাপ্যুপায়েন যষ্টব্যং নোদ্যমাহৃতৈঃ॥ ম, অনু, ৬১ অ। ২৩।

৫১। বৃদ্ধবালধনং রক্ষ্যমন্ধস্য কৃপণস্য চ।
ন খাতপূর্ব্বং কুর্ব্বীত ন রুদন্তীধনং হরেৎ। ম, অনু ৬১ অ। ২৫।

যাপন করে তাহার ও রোদন-কারিণীর ধন যজ্ঞের কারণ হরণ করা উচিত নহে। ম, অনু ৬১ অ। ২৫।

৫২। লুব্ধ মানব পরের ধনভোগ, পুত্র, পত্নী ও সমৃদ্ধি সকলই প্রার্থনা করে। এই সংসারে লুব্ধপুরুষে সকল দোষই সম্ভব হইতে পারে; অতএব নৃপতি কদাচ লুব্ধ ব্যক্তির প্রতি স্নেহ প্রকাশ করিবেন না। ম, শা, ১২০ অ। ৪৮।

৫৩। প্রমত্ত ক্ষত্রিয়ের মহান্ দোষ উৎপন্ন হয় এবং প্রজাসঙ্করকারক অধর্ম্মসকল বর্দ্ধিত হইয়া থাকে। গ্রীষ্মকালে শীত হয়, শীতকালে শীত থাকে না এবং অতিবৃষ্টি, অনাবৃষ্টি ও ব্যাধি প্রজাগণকে আক্রমণ করে। নক্ষত্র ও ধূমকেতু প্রভৃতি গ্রহগণ উত্থিত হয় ও রাজ্যনাশন বহুল উৎপাত দৃষ্ট হইয়া থাকে। ম, শা, ৯০ অ। ৩৫—৩৭।

৫৪। যখন এক ব্যক্তির ধন দুই জনে গ্রহণ করে, দুই ব্যক্তির ধন বহুজনে গ্রহণ করে এবং কুমারীসকল সম্যক্‌রূপে লুপ্ত হয়, তৎকালে পণ্ডিতেরা রাজার দোষ কহিয়া থাকেন। ম, শা, ৯০ অ। ৩৯।

৫২। ধনং ভোগং পুত্রদারং সমৃদ্ধিং
সর্ব্বং লুব্ধঃ প্রার্থয়তে পরেষাং
লুব্ধে দোষাঃ সম্ভবন্তীহ সর্ব্বে
তস্মাদ্রাজা ন প্রগৃহ্লীত লুব্ধম্। ম, শা, ১২০ অ। ৪৮।

৫৩। ক্ষত্রিয়স্য প্রমত্তস্য দোষঃ সঞ্জায়তে মহান্।
অধর্ম্মাঃ সম্প্রবর্দ্ধন্তে প্রজাসঙ্কর কারকাঃ॥
অশীতে বিদ্যতে শীতং শীতে শীতং ন বিদ্যতে।
অবৃষ্টিরতিবৃষ্টিশ্চ ব্যাধিশ্চাপ্যাবিশেৎপ্রজাঃ॥
নক্ষত্রাণ্যুপতিষ্ঠন্তি গ্রহা ঘোরাস্তথা পরে।
উৎপাতাশ্চাত্র দৃশ্যন্তে বহবো রাজনাশনাঃ। ম, শা, ৯০ অ। ৩৫—৩৭।

৫৪। যাবাদদাতে হ্যেকস্য দ্বয়োঃ সুবহবোহপরে।
কুমার্য্যঃ সম্প্রলুপ্যন্তে তদাহুর্নৃপদূষণম্। ম, শা, ৯০ অ। ৩৯।

৫৫। ক্রিয়াবসানবিরস. অপহারক, বিষয় কর্ত্তৃক আক্ষিপ্ত-হৃদয় নৃপতি হস্তীর ন্যায় গ্রহ প্রাপ্ত হয়েন। কাম, ১স। ৩৮।

৫৬। বিষয়ান্ধীকৃত-চক্ষুঃ, অকার্য্যাসক্ত রাজা স্বয়ং ভয়ঙ্কর বিপদ্ আনয়ন করেন। কাম, ১ স। ৩৯।

৫৭। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ ইহাদিগের এক একটীই বিনাশ

৫৫। ক্রিয়াবসানবিরসৈর্বিষয়ৈরপহারিভিঃ।
গচ্ছত্যাক্ষিপ্তহৃদয়ঃ করীব নৃপতির্গ্রহম্॥ কাম, ১ স। ৩৮।

৫৬। সজ্জমানো হ্যকার্য্যেষু বিষয়ান্ধীকৃতেক্ষণঃ।
আবহত্যুগ্র ভয়দাং স্বয়মেবাপদং নৃপঃ॥ কাম, ১স। ৩৯।

৫৭। শব্দঃ স্পর্শশ্চ রূপঞ্চ রসো গন্ধশ্চ পঞ্চমঃ।
একৈকমলমেতেষাং বিনাশপ্রতিপত্তয়ে॥
শুচিশস্পাঙ্কুরাহারী বিদূর ক্রমণ ক্ষমঃ।
লুব্ধকাদ্গীতলোভেন মৃগো মৃগয়তে বধম্॥
গিরীন্দ্রশিখরাকারো লীলয়োন্মূলিতদ্রুমঃ।
করিণীস্পর্শ সম্মোহাদালানং যাতি বারণঃ॥
স্নিগ্ধদীপশিখালোক বিলোভিত বিলোচনঃ।
মৃত্যুমৃচ্ছত্যসন্দেহাৎ পতঙ্গঃ সহসা পতন্॥
দূরেঽপি হি ভবন্ দৃষ্টেরগাধ সলিলে চরন্।
মীনস্তু সামিষং লোহমাস্বাদয়তি মৃত্যবে॥
গন্ধলুব্ধো মধুকরো দানাসব পিপাসয়া।
অভ্যেত্য সুখসঞ্চারাং গজকর্ণ ঝনজ্ঝনাম্॥*
একৈকশো বিনিঘ্নন্তি বিষয়াঃ বিষসন্নিভাঃ।
ক্ষেমী নু স কথং বা স্যাদ্ যঃ সমং পঞ্চ সেবতে॥ কাম, ১ স। ৪০—৪৬।
শুক্র, ১ অ। ১০২—১০৮।

---

* উৎকর্ত্তিতুং সমর্থোঽপি পত্রং চৈব সপক্ষকঃ।
দ্বিরেফো গন্ধলোভেন কমলে যাতি বন্ধনম্॥ শুক্রনীত্যাং পাঠান্তরম্।

৬৩। যথার্থ না জানিয়া কদাচ কোপ করিবে না, যে অকারণে ক্রোধ করে, সকলে তাহাকে সর্পের ন্যায় ভয় করে। কাম, ৮ স ৭৭।

৬৪। কাহারও নামে মিথ্যা অভিযোগ করিবে না এবং কাহারও মিথ্যা অভিযোগ শুনিবে না। যাহারা বন্ধুর সহিত বিচ্ছেদ করিয়া দেয়, তাদৃশ লোক সকলকে পরিত্যাগ করিবে। কাম, ৮ স।৭৯।

৬৫। সর্ব্বপূজিত রাজপদ দুরারোহ। সামান্য অপচারেই যেমন ব্রাহ্মণ্য দূষিত হয়, সেইরূপ রাজপদও সামান্য অপচারেই কলঙ্কিত হয়। কাম, ১১স। ৩৬।

৬৬। মতিমান্ কদাপি কার্য্যকাল অতিক্রম করিবে না। কার্য্যকাল অতি দুর্ল্লভ, তাহা কদাচিৎ উপস্থিত হয়। কাম, ১১ স ।৭২।

৬৭। বাক্‌পারুষ্য, দণ্ডপারুষ্য, অর্থদূষণ, পান (মদ্যপান), স্ত্রী, মৃগয়া, দ্যূত (পাশ ক্রীড়া) এই কয়টী রাজার ব্যসন। কাম, ১৩স।৬১।

৬৩। ন হ্যবিজ্ঞায় তত্ত্বেন কোপং কুর্য্যাৎ কদাচন।
ভুজঙ্গমিব মন্যন্তে নির্দ্দোষক্রোধনং জনাঃ ॥ কাম, ৮স।৭৭।

৬৪। ন হি মিথ্যাভিযুঞ্জীত শৃণুয়াচ্চাপি তদ্বিধম্।
মিত্রভেদস্তু যে কুর্য্যুস্তান্ সর্ব্বাংস্তু পরিত্যজেৎ ॥ কাম, ৮স।৭৯।

৬৫। দুরারোহং পদং রাজ্ঞাং সর্ব্বলোক নমস্কৃতম্।
অল্পেনাপ্যপচারেণ ব্রাহ্মণ্যমিব দুষ্যতি ॥ কাম, ১১স।৩৬।

৬৬। ন কার্য্যকালং মতিমানতিক্রামেৎ কদাচন।
কথঞ্চিদেব ভবতি কার্য্যে যোগঃ সুদুর্ল্লভঃ ॥ কাম, ১১স।৭২।

৬৭। বাগ্‌দণ্ডয়োশ্চ পারুষ্যমর্থদূষণমেব চ।
পানং স্ত্রী মৃগয়া দ্যূতং ব্যসনানি মহীপতেঃ ॥ কাম, ১৩ স, ৬১।

৬৮। রুক্ষবাক্য প্রয়োগ করিয়া জগৎ উদ্বেজিত করিবে না। সর্ব্বদা প্রিয়বাক্ হইবে। প্রিয়কর্ম্মা মন্দ হইলেও প্রীতি-ভাজন হয়। কাম, ১৪স।১১।

৬৯। দ্বিতীয় লোকপাল সদৃশ, বিদ্বান্, ধর্ম্মরাজ যুধিষ্ঠির অসৎ দ্যূত বশতঃ দারাপহারিত হইয়াছিলেন। রাজা নলও দ্যূত হেতু রাজ্য হারাইয়া বনে ধর্ম্মপত্নী পরিত্যাগ করিয়া পরাধীনতা স্বীকার করিয়াছিলেন। পৃথিবীতে ইন্দ্রতুল্য ধনুর্দ্ধর, স্বর্ণ-কান্তি রুক্মী দ্যূতদোষ বশতঃ বিনষ্ট হইয়াছিলেন কৌশিকরূপের রাজা, অসৎবুদ্ধি দন্তবক্ত্র, তীব্র দ্যূতদোষে ভগ্নদন্ত হইয়াছিলেন। দ্যূত হইতে অনর্থের সংরম্ভ, মহান্ স্নেহক্ষয় ও হিত-পক্ষের বিচ্ছেদ ঘটে। ঈদৃশ কেবল-দোষ দ্যূত রাজা

৬৮। নোদ্বেজয়েজ্জগদ্বাচা রুক্ষয়া প্রিয়বাগ্ ভবেৎ।
প্রায়েণ প্রিয়কর্ম্মা যো কৃপণোঽপি হি সেব্যতে॥ কাম, ১৪ স, ১১।

৬৯। পাণ্ডবো ধর্ম্মরাজস্তু লোকপাল ইবাপরঃ।
দ্যূত্যেন হৃসতা বিদ্বান্ কলত্রাণ্যপি হারিতঃ॥
নলশ্চ রাজা দ্যূতেন হৃতে রাজ্যমহোদরে।
ধর্ম্মদারান্ বনে ত্যক্ত্বা পরকর্ম্মাকরোৎপ্রভুঃ॥
তুল্যো ভুবীন্দ্রতুল্যস্য যস্য নাস্তি ধনুর্দ্ধরঃ।
স রুক্মী রুক্মতুল্যাভো দ্যূতদোষাদ্গতঃ ক্ষয়ম্॥
রাজা কৌশিকরূপাণাং দন্তবক্ত্রোঽপি মন্দধীঃ।
তীব্রদ্যূতকৃতাদ্দোষাদ্দন্তভঙ্গমবাপ্তবান্॥
দ্যূতাদনর্থ সংরম্ভো দ্যূতাৎ স্নেহক্ষয়ো মহান্।
পক্ষাণাং সহিতানাঞ্চ দ্যূতাদ্ভেদঃ প্রবর্ত্ততে॥
ইতি কেবলদোষং হি দ্যূতং রাজা পরিত্যজেৎ।
সমাক্ষয়ং হি মেধাবী দর্পিণাং বিনিবারয়েৎ॥ কাম, ১৪ স, ৪৯—৫৪।

পরিত্যাগ করিবেন এবং সমগুণ দ্বারা দর্পিগণের ভয় নিবারণ করিবেন। কাম, ১৪স।৪৯—৫৪।

৭০। প্রাণগ্লানি, বন্ধুনাশ, প্রজ্ঞা-শ্রুতি-মতি-ভ্রম, সজ্জনের সঙ্গত্যাগ, অসৎ সমাগম ও অনর্থ সমাগম, স্খলন, বেপথুঃ, তন্দ্রা, অত্যন্ত রমণী সেবন ইত্যাদি পান-ব্যসন সৎবিনিন্দিত। শ্রুতশীলবলান্বিত, অক্ষীণ নামা, অন্ধকবৃষ্ণিগণ মহৎ-পান দোষে বিনাশ প্রাপ্ত হইয়াছিলেন। যোগী-শ্বর ভৃগুতুল্য-জ্ঞান-সম্পন্ন ভগবান্ ভার্গব শুক্র তীব্র-পান-মদে শিষ্য কচকে উদরসাৎ করিয়াছিলেন। পান-ক্ষিপ্ত পুরুষ যথাতথা বিচরণ করে, যত্রতত্র প্রবর্ত্তন হেতু অব্যবহার্য্য হয়। স্ত্রীসেবন ও ইষ্টমাত্রায় পান বরং কর্ত্তব্য, দ্যূত ও মৃগয়া কদাপি করিবে না, তাহারা অত্যন্ত ব্যসন। কাম, ১৪ স। ৬০-৬৫

৭০। প্রাণগ্লানিঃ সুহৃন্নাশঃ প্রজ্ঞাশ্রুতিমতিভ্রমঃ।
সদ্ভির্বিয়োগোঽসদ্ভিশ্চ সঙ্গোঽনর্থেন সঙ্গমঃ॥
স্খলনং বেপথুস্তন্দ্রা নিত্যান্তস্ত্রীনিষেবণম্।
ইত্যাদি পানব্যসনমত্যন্তং সদ্বিগর্হিতম্॥
শ্রুতশীলবলোপেতাঃ পানদোষেণ ভূয়সা।
ক্ষয়মক্ষীণনামানো জগ্মুরন্ধকবৃষ্ণয়ঃ॥
যোগীশ্বরশ্চ ভগবান্ ভার্গবো ভৃগুতুল্যধীঃ।
শুক্রঃ পানমদাত্তীব্রাদ্বভুজে শিষ্যমৌরসম্॥
পানক্ষিপ্তো হি পুরুষো যত্র তত্র প্রবর্ত্ততে।
যাত্যসংব্যবহার্য্যত্বং যত্র তত্র প্রবর্ত্তনাৎ॥
কামং স্ত্রিয়ং নিষেবেত পানং বা সাধুমাত্রয়া।
ন দ্যূতমৃগয়ে বিদ্বানত্যন্তব্যসনে হি তে॥ কাম, ১৪ স, ৬০—৬৫।

৭১। অনর্থক বাক্‌পারুষ্যবশতঃ লোকের উদ্বেগ উৎপাদন করিবে না। প্রিয় বাক্যে জগৎ আরত্ত করিবে। যে ক্রোধবশতঃ অকস্মাৎ বহু তীব্র-বাক্য প্রয়োগ করে, সে অগ্নিস্ফুলিঙ্গের স্থায় সকলের উদ্বেগ উৎপাদন করে। কাম, ১৪স।৮—৯।

মৃগয়ায় দোষও আছে গুণও আছে, গুণ অপেক্ষা দোষই অধিক একারণ মৃগয়া বিধেয় নহে—

৭২। যানবানের যানক্ষোভ, যানহরণ, ক্ষুধা-পিপাসা-শ্রম-আয়াস-

৭১। বাক্‌পারুষ্যপরং লোক উদ্বেজনমনর্থকম্।
ন কুর্য্যাৎ প্রিয়য়া বাচা প্রকুর্য্যাজ্জগদাত্মতাম্॥
অকস্মাদেব যঃ কোপাদভীক্ষ্ণং বহুভাষতে।
তস্মাদুদ্বিজতে লোকঃ সস্ফুলিঙ্গাদিবানলাৎ॥ কাম, ১৪ স, ৮—৯।

৭২। যানক্ষোভো যানবতো যানাভিহরণং তথা।
ক্ষুৎপিপাসাশ্রমায়াসশীতবাতোষ্ণপীড়নম্॥
অভিযানস্য সম্পত্ত্যা যানব্যসনজং মহৎ।
দুঃখং প্রতপ্তসিকতাকুশকণ্টকভূময়ঃ॥
বৃক্ষসঙ্কটজা দোষা লতাকণ্টকপাটনম্।
শৈলপাদলতাজালস্থাণুবল্মীকপীড়নম্।
প্রচ্ছন্নোপগতৈঃ শৈলসরিদ্বিপিনকুক্ষিষু।
বধবন্ধপরিক্লেশৈঃ সামন্তাটবিকাদিভিঃ॥
স্বসৈন্যৈশ্চ স্বকৈশ্চৈব পরভিন্নৈশ্চ মারণম্।
ঋক্ষাজগরমাতঙ্গসিংহব্যাঘ্রভয়ানি চ॥
দবাগ্নিধূমসংরোধো দিঙ্মোহো ভ্রমণানি চ।
ইত্যাদি পৃথিবীন্দ্রাণাং মৃগয়াব্যসনং স্মৃতম্॥
জিতশ্রমত্বং ব্যায়াম আমমেদকফক্ষয়ঃ।
চরস্থিরেষু লক্ষ্যেষু বাণসিদ্ধিরনুত্তমা॥
মৃগয়ায়াং গুণানেতানাহুরন্যে ন তৎক্ষমম্।
দোষাঃ প্রাণহরাঃ প্রায়স্তস্মাত্তদ্ব্যসনং মহৎ॥ কাম, ১৪ স, ১৯—২৬।

শীত-বায়ু ও উত্তাপ হেতু পীড়ন; অভিযানের সম্পত্তি যান-ব্যসনজ মহদ্দুঃখ, প্রতপ্ত-সিকতা-কুশ-কণ্টক সঙ্কুলা ভূমি; বৃক্ষ সঙ্কটজনিত দোষ, লতা-কণ্টক-পাটন, শৈলপাদ-লতাজালস্থাণু-বল্মীকপীড়ন; পর্ব্বত, নদী ও বিপিন কুক্ষি স্থানে প্রচ্ছন্নোপগত বধবন্ধ-পরিক্লিষ্ট সামন্ত আটবিক প্রভৃতি; স্বসৈন্য, স্বকল্প অথবা পর-ভিন্ন কর্ত্তৃক মারণ; ভল্লুক, অজগর হস্তী, সিংহ, ব্যাঘ্র প্রভৃতির ভয়; দবাগ্নিধূমসংরোধ, দিঙ্মোহ, ভ্রমণ এই সকল রাজগণের মৃগয়া ব্যসন। আর জিতশ্রমত্ব, ব্যায়াম, আম-মেদ কফ-ক্ষয়, চঞ্চল ও স্থির লক্ষ্যে বাণসিদ্ধি অপরে মৃগয়ার এই সকল গুণ কহেন, তথাপি মৃগয়া বিধেয় নহে। দোষগুলি জীবনান্তক অতএব গুণ অপেক্ষা দোষই গুরুতর। কাম, ১৪স।১৯—২৬।

৭৩। স্ত্রীমুখ দর্শন হেতু ব্যগ্র, অল্প-বুদ্ধিদিগের চেষ্টা যৌবনের সহিত ক্ষয় প্রাপ্ত হয়। কাম, ১৪স।৫৮।

৭৪। অসত্যতা, নিষ্ঠুরতা, অকৃতজ্ঞতা, ভয়, প্রমাদ, আলস্য, বিষাদ, বৃথাভিমান, অতিদীর্ঘসূত্রতা, স্ত্রীবিলাস, অক্ষক্রীড়া প্রভৃতি লক্ষ্মীর বিনাশের কারণ। কাম, ১০স।৩৯।

৭৫। দ্যূত, স্ত্রী ও মদ্য এই তিনটী অযথা সেবিত হইলে বহু অনর্থকর

৭৩। স্ত্রীমুখালোকনতয়া ব্যগ্রাণামল্পচেতসাম্।
ইহিতানি হি গচ্ছন্তি যৌবনেন সহ ক্ষয়ম্॥ কাম, ১৪ স, ৫৮।

৭৪। অসত্যতা নিষ্ঠুরতা কৃতজ্ঞতা, ভয়ং প্রমাদোঽলসতা বিষাদিতা।
বৃথাভিমানো হ্যতিদীর্ঘসূত্রতা, তথাঙ্গনাক্ষাদি বিনাশনং শ্রিয়ঃ॥ কাম, ১০স, ৩৯।

৭৫। দ্যূতং স্ত্রীমদ্যমেবৈতৎ ত্রিতয়ং বহ্বনর্থকৃৎ।
অযুক্তং যুক্তিযুক্তং হি ধনপুত্রমতিপ্রদম্॥
ধর্ম্মপুত্রনলাদ্যাস্তঃ সুদ্যূতেন বিনাশিতাঃ।
সকাপট্যং ধনায়ালং দ্যূতং ভবতি তদ্বিদাম্॥ শুক্র, ১ অ, ১০৯—১১০।

এবং যথাযথ সেবিত হইলে ধন-পুত্র মতিপ্রদ হয়। যুধিষ্ঠির ও নলাদি সহজ দ্যূতক্রীড়া দ্বারা বিনষ্ট হইয়াছিলেন। দ্যূতক্রীড়াভিজ্ঞদিগের সকাপট্য দ্যূতক্রীড়াই ধনলাভ করিতে সমর্থ। শুক্র, ১ম ১০৯—১১০।

৭৬। অত্যধিক মদ্যপায়ীর নিশ্চিত বুদ্ধিলোপ ঘটে, উপযুক্ত মাত্রায় পান করিলে প্রতিভা, বুদ্ধিবৈশদ্য, ধৈর্য্য ও চিত্ত-স্থৈর্য্য বিকাশ প্রাপ্ত হয়। অপরিমিত মদ্যপানে বিপরীত ফল হইয়া থাকে। কাম ও ক্রোধ ইহারা অতিমাদক, ইহাদিগকে যথোচিত ভাবে নিয়োগ করিবে। শুক্র, ১অ। ১১৬—১১৭।

৭৭। রাজা কখনই পরস্ত্রী সঙ্গমে কাম, অন্যধনে লোভ ও নিজ প্রজা দণ্ডনে ক্রোধ প্রয়োগ করিবেন না। মানুষ কি কখন পরস্ত্রী গমনে গৃহী, স্বপ্রজা দণ্ডনে বীর এবং অন্যধনে ধনী বলিয়া খ্যাত হইতে পারে? শুক্র, ১ অ। ১১৯—১২০।

৭৮। দেবগণ অরক্ষিতা রাজা, তপোবর্জ্জিত ব্রাহ্মণ ও কৃপণ ধনীকে বিনষ্ট ও অধঃপতিত করেন। শুক্র, ১অ। ১২১।

৭৬। অতি মদ্যং হি পিবতো বুদ্ধিলোপো ভবেৎ কিল।
প্রতিভাং বুদ্ধিবৈশদ্যং ধৈর্য্যং চিত্তবিনিশ্চয়ম্॥
তনোতি মাত্রয়া পীতং মদ্যমন্যদ্ বিনাশকৃৎ।
কামক্রোধৌ মদ্যতমৌ নিযোক্তব্যৌ যথোচিতম্॥ শুক্র, ১ অ, ১১৬—১১৭।

৭৭। পরস্ত্রীসঙ্গমে কামো লোভো নান্যধনেষু চ।
স্বপ্রজাদণ্ডনে ক্রোধো নৈব ধার্য্যো নৃপৈঃ কদা॥
কিমুচ্যতে কুটুম্বীতি পরস্ত্রীসঙ্গমান্নরঃ।
স্বপ্রজাদণ্ডনাচ্ছূরো ধনিকোঽন্যধনৈশ্চ কিম্?॥ শুক্র, ১ অ, ১১৮—১২০।

৭৮। অরক্ষিতারং নৃপতিং ব্রাহ্মণং চাতপস্বিনম্।
ধনিকং চাপ্রদাতারং দেবা ঘ্নন্তি ত্যজন্ত্যধঃ॥ শুক্র, ১ অ, ১২১

৭৯। যে রাজা নট, গায়ক,গণিকা,মল্ল, ক্লীব ও হীন জাতিতে অত্যাসক্ত তিনি নিন্দনীয় ও সর্ব্বদাই শত্রুর মুখে অবস্থিত। শুক্র, ১অ। ১২৮।

৮০। যে রাজা বুদ্ধিমান্‌কে দ্বেষ করেন, বঞ্চকের সহিত যাহার প্রীতি ও যিনি নিজ দোষ পরিজ্ঞাত নহেন, তিনি স্বকীয় বিনাশের কারণ হন। শুক্র, ১অ। ১২৯।

৮১। তীক্ষ্ণদণ্ডদাতা, প্রজাপীড়ক, ধনহারক যে রাজা নিজদোষ শ্রবণ করিয়া বক্তার অপরাধ ক্ষমা না করেন, প্রজাগণ তাঁহার প্রতি বিরক্ত হইয়া থাকে। শুক্র, ১অ। ১৩০—১৩১।

৮২। আত্ম সুখাভিলাষী হইয়া দরিদ্র পীড়ন করিবে না। পীড্যমান দরিদ্র স্বীয় মৃত্যু দ্বারা রাজাকে বিনষ্ট করে। শুক্র, ১অ। ১৬০।

৮৩। স্ত্রী ও মদ্যাদি সেবনে বৃথা কালক্ষেপণ করিবে না, যে সময়ে যাহা কর্ত্তব্য সেই সময়েই অশঙ্কিতভাবে তাহা ঝটিতি সম্পন্ন করিবে। শুক্র, ১অ।২৮৬।

৭৯। নটগায়কগণিকামল্লষণ্ডাল্পজাতিষু।
যোঽতিসক্তো নৃপো নিন্দ্যঃ স হি শত্রু মুখেস্থিতঃ॥ শুক্র, ১ অ, ১২৮।

৮০। বুদ্ধিমন্তং সদা দ্বেষ্টি মোদতে বঞ্চকৈঃ সহ।
স্বং দুর্গুণং নৈব বেত্তি স্বাত্মনাশায় স নৃপঃ॥ শুক্র, ১ অ, ১২৯।

৮১। নাপরাধং হি ক্ষমতে প্রদণ্ডো ধনহারকঃ।
স্বদুর্গুণ শ্রবণতো লোকানাং পরিপীড়কঃ॥
"নৃপো যদা তদা লোকঃ ক্ষুভ্যতে ভিদ্যতে যতঃ।" শুক্র, ১ অ, ১৩০—১৩১।

৮২। নহি স্বসুখমন্বিচ্ছন্ পীড়য়েৎ কৃপণং জনম্।
কৃপণঃ পীড্যমানঃ স্বমৃত্যুনা হন্তি পার্থিবম্॥ শুক্র, ১ অ, ১৬০।

৮৩। নয়েৎ কালং বৃথা নৈব নয়েৎ স্ত্রীমদ্যসেবনৈঃ।
যৎকালে হ্যুচিতং কর্ত্তুং তৎকার্য্যং দ্রাগশঙ্কিতম্॥ শুক্র, ১ অ, ২৮৬।

৮৪। সিদ্ধাস্ত্র, নগ্নশস্ত্র ও সর্ব্বদা সাবধানমনাঃ হইবে। "আপনি সর্ব্বাপেক্ষা অধিকদাতা, শূর ও ধার্ম্মিক" চাটুকারদিগের এইরূপ বাক্য শুনিবে না। যে সকল শ্রাবক বঞ্চক, যে সকল মন্ত্রিগণ অনুরাগ, লোভ বা ভয় বশতঃ নিস্তব্ধ থাকে, তাহারা রাজ্যের হিতকর এরূপ বিশ্বাস করিবে না। তাহাদের পৃথক্ পৃথক্ অভিপ্রায় কারণের সহিত লিখিয়া স্বমতের সহিত বিচার করিবে, যাহা বহুলোকের সম্মত তাহাই করিবে। শুক্র, ১অ। ৩৬২—৩৬৫।

৮৫। সর্ব্বদা সাবধান, ক্রূরকর্ম্মা, সদোদ্যুক্ত ও দস্যুকর্ম্মে নির্ঘৃণ হইবে, কিন্তু পরদার ও কুলকন্যার বলাৎকারে সর্ব্বদা বিমুখ থাকিবে। পুত্রবৎপালিত ভৃত্য সকল দুঃসময়ে শত্রুতা অবলম্বন করিলেও কদাপি তাহাদের প্রাণবিনাশ চিন্তা করিবে না। শুক্র, ১অ। ৩৮৪—৩৮৫।

৮৪। সিদ্ধাস্ত্রো নগ্নশস্ত্রঃ সন্ সাবধানমনাঃ সদা।
সর্ব্বস্মাদধিকো দাতা শূরস্ত্বং ধার্ম্মিকো হ্যসি॥
ইতি বাচং ন শৃণুয়াচ্ছ্রাবকাবঞ্চকাস্তু যে।
রাগাল্লোভাদ্ভয়াদ্রাজ্ঞঃ স্যুর্মূকা ইব মন্ত্রিণঃ।
ন তানমুমতান্ বিদ্যান্ নৃপতিঃ স্বার্থসিদ্ধয়ে।
পৃথক্ পৃথঙ্মতং তেষাং লেখয়িত্বা সসাধনম্॥
"বিমৃশেৎ স্বমতেনৈব যৎ কুর্য্যাদ্ বহুসম্মতম্।" শুক্র, ১অ, ৩৬২—৩৬৫।

৮৫। সদৈব সাবধানঃ স্যাৎ প্রাণনাশং ন চিন্তয়েৎ।
ক্রূরকর্ম্মা সদোদ্যুক্তো নির্ঘৃণো দস্যুকর্ম্মসু।
বিমুখঃ পরদারাসু কুলকন্যাপ্রদূষণে।
পুত্রবৎ পালিতা ভৃত্যাঃ সময়ে শত্রুতাং গতাঃ॥ শুক্র, ১অ, ৩৮৪—৩৮৫।

৮৬। মাতা, পিতা, গুরু, ভ্রাতা, ভগিনী অথবা রাজানুরক্ত অন্যান্য ব্যক্তিদিগকে রাজা স্বসম্পত্তি দান করিবেন না। শুক্র, ২অ। ৩৬।

৮৭। রাজ্যস্থিত মহান্ ব্যক্তিদিগের অবমাননা বা পীড়ন করিবে না। শুক্র, ২অ।৩৭।

৮৮। সহোদরগণের নিকট নিজ আধিপত্য প্রদর্শন করিবে না। ভাগার্হ ভ্রাতৃগণের অবমানাহেতু সুযোধন বিনষ্ট হইয়াছিল। শুক্র,২অ। ৪০।

৮৯। অধিকারস্থ ব্যক্তিদিগকে কদাপি নিজাপেক্ষা অধিক বল সম্পন্ন করিবে না। দশ প্রকৃতিকেই পরস্পর তুল্য-বল-সম্পন্ন করিবে। শুক্র,২অ,১০৮। *

৯০। মাতা, ভগিনী ও কন্যার সহিত অতি নির্জ্জনে অবস্থান করিবে না। স্ব সম্পর্কীয় বা পর সম্পর্কীয় স্ত্রীকে সম্বন্ধানুসারে সুভগে! ভগিনি প্রভৃতি সম্বোধন করিয়া আহ্বান করিবে। শুক্র, ৩অ, ১৮।

৮৬। স্বসম্পত্তিমদানৈব মাতরং পিতরং গুরুম্।
ভ্রাতরং ভগিনীং বাপি হ্যন্যান্ :বা রাজবল্লভান্॥ শুক্র, ২ অ, ৩৬।

৮৭। "মহাজনাংস্তথা রাষ্ট্রে নাবমন্যেত পীড়য়েৎ।" শুক্র, ২ অ, ৩৭।

৮৮। সোদরেষু চ সর্ব্বেষু স্বস্যাধিক্যং ন দর্শয়েৎ।
ভাগার্হভ্রাতৃণাম্ নষ্টো হ্যবমানাৎ সুযোধনঃ॥ শুক্র, ২ অ, ৪০।

৮৯। ন কুর্য্যাৎ স্বাধিকবলান্ কদাপি হ্যধিকারিণঃ।
পরস্পরং সমবলাঃ কার্য্যাঃ প্রকৃতয়ো দশ॥ শুক্র, ২ অ, ১০৮।

৯০। মাত্রা স্বস্রা দুহিত্রা বা নাত্যন্তৈকান্তিকং বসেৎ।
যথাসম্বন্ধমাহুয়াদাভাষ্যাশ্চাস্ত বৈ স্ত্রিয়ম্।
স্বীয়াং তু পরকীয়াং চ সুভগে! ভগিনীতি চ॥ শুক্র, ৩ অ, ১৮।

---

* পুরোহিত, প্রতিনিধি, প্রধান, সচিব, মন্ত্রী, প্রাড়্‌বিবাক্ পণ্ডিত, সুমন্ত্রক, অমাত্য ও দূত এই দশ প্রকৃতি।

"পুরোধাশ্চ প্রতিনিধিঃ প্রধানঃ সচিবস্তথা॥"
মন্ত্রী চ প্রাড়্‌বিবাকশ্চ পণ্ডিতশ্চ সুমন্ত্রকঃ।
অমাত্য দূত ইত্যেতা রাজ্ঞঃ প্রকৃতয়ো দশ॥ শুক্র, ২ অ, ৬৯—৭০।

৯১। সন্তরণে নদী উত্তরণ, আচ্ছাদিত অগ্নির অভিমুখে গমন, দুষ্টযান, সন্দিগ্ধ নৌকা ও বৃক্ষে আরোহণ করিবে না। শুক্র, ৩অ। ২৫।

৯২। বহুক্ষণ উর্দ্ধজানু হইয়া অবস্থান, রাত্রিকালে বৃক্ষতলে * বা প্রাঙ্গনস্থ চৈত্য বৃক্ষতলে, চতুষ্পথস্থিত দেবালয়ে আশ্রয় গ্রহণ করিবে না। শুক্র, ৩অ। ২৮।

৯৩। ত্রি সন্ধ্যাকালে আহার, স্ত্রীসঙ্গ, নিদ্রা, অধ্যয়ন, বিষয় চিন্তা, সুরাপান, বিক্রয়, সন্ধান, দান ও গ্রহণ করিবে না। শুক্র, ৩অ। ৩১।

৯৪। রাজধর্ম্ম, দেশধর্ম্ম, কুলধর্ম্ম, জ্ঞাতিধর্ম্ম ও সজ্জনের ধর্ম্মের নিন্দা করিবে না। সমর্থ হইলেও মনে মনেও লৌকিকাচার লঙ্ঘন করিবে না। শুক্র, ৩অ। ৩৩।

৯১। নদীং তরেন্ন বাহুভ্যাং নাগ্নিং ছন্নমভিব্রজেৎ।
সন্দিগ্ধনাবং বৃক্ষং চ নারোহেৎ দুষ্টযানকম্॥ শুক্র, ৩ অ, ২৫।

৯২। নোর্দ্ধজানুশ্চিরং তিষ্ঠেন্নক্তং সেবেত ন দ্রুমম্।
তথা চত্বরচৈত্যং ন চতুষ্পথসুরালয়ান্॥ শুক্র, ৩ অ, ২৮।

৯৩। সন্ধ্যাস্বভ্যবহারস্ত্রীস্বপ্নাধ্যয়নচিন্তনম্।
মদ্যবিক্রয়সন্ধানদানাদানানি নাচরেৎ॥ শুক্র, ৩ অ, ৩১।

৯৪। রাজদেশ কুলজ্ঞাতি সদ্ধর্ম্মান্ নৈব দূষয়েৎ।
শক্তোঽপি লৌকিকাচারং মনসাপি ন লঙ্ঘয়েৎ॥ শুক্র, ৩অ। ৩৩।

---

* আধুনিক বৈজ্ঞানিকদিগের মতে রাত্রিকালে বৃক্ষসকল বায়ু হইতে অক্সিজন (Oxizon) বাষ্প গ্রহণ করে এবং নাইট্রোজন (Nitrozon) বাষ্প পরিত্যাগ করে, মনুষ্য বায়ু হইতে অক্সিজন গ্রহণ করে ও নাইট্রোজন ত্যাগ করে; সুতরাং রাত্রিকালে বৃক্ষতলে মনুষ্য আবশ্যক মত অক্সিজন গ্রহণ করিতে পায় না এই কারণ তাঁহারাও রাত্রিকালে বৃক্ষতলে থাকা নিষেধ করিয়া থাকেন। 'রাত্রৌ চ বৃক্ষমূলানি দূরতঃ পরিবর্জ্জয়েৎ" ইহাও শাস্ত্রীয় ব্যবস্থা।

৯৫। অযুক্ত কার্য্য করিয়া বা অযুক্ত বাক্য বলিয়া তাহা বলপূর্ব্বক রক্ষার চেষ্টা করিবে না। শুক্র, ৩অ। ৩৪।

৯৬। এ সহস্র অপরাধ করিয়াছে আমার একটী পাপে কি হইবে? এই ভাবিয়া ক্ষুদ্র অপরাধও করিবে না, কারণ বিন্দু বিন্দু করিয়া ঘটপূর্ণ হয়। শুক্র, ৩অ। ৩৬।

৯৭। রাজা মিত্র, গুরু ও পুত্র অধর্ম্ম-নিরত, চোর ও আততায়ী হইলে তাহাদিগকে রক্ষা করিবেন না, নির্ব্বাসিতও করিবেন না। গৃহে অগ্নিদাতা, বিষদাতা, শস্ত্র দ্বারা বধোদ্যত, ধনহারক, ক্ষেত্রহরণকারী ও স্ত্রী হরণকারী এই ছয় জনকে আততায়ী বলিয়া জানিবে। শুক্র, ৩অ। ৪০—৪১।

৯৮। বুদ্ধিমান্ ব্যক্তি স্ত্রী, শিশু, রোগ, ভৃত্য, পশু, ধন. বিদ্যাভ্যাস ও সৎসেবা ক্ষণকালও উপেক্ষা করিবে না। শুক্র, ৩অ। ৪২।

৯৯। সমর্থ হইলেও কদাপি কাহারও পথরোধ করিয়া অবস্থান

৯৫। অযুক্তং যৎ কৃতং চোক্তং ন বলাদ্ধেতুনোদ্ধরেৎ॥ শুক্র, ৩অ। ৩৪।

৯৬। অয়ং সহস্রাপরাধী কিমেকেন ভবেন্মম।
মত্বা নাঘং স্মরেদীষদ্বিন্দুনা পূর্য্যতে ঘটঃ॥ শুক্র, ৩অ। ৩৬।

৯৭। ন গোপয়েদ্ বাসয়েচ্চ রাজা মিত্রং সুতং গুরুম্।
অধর্ম্মনিরতং স্তেনমাততায়িনমপ্যুত॥
অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রোদ্যতো ধনাপহঃ।
ক্ষেত্রদার হরশ্চৈতান্ ষড় বিদ্যাদাততায়িনঃ॥ শুক্র, ৩অ। ৪০—৪১

৯৮। নোপেক্ষেত স্ত্রিয়ং বালং রোগং দাসং পশুং ধনম্।
বিদ্যাভ্যাসং ক্ষণমপি সৎসেবাং বুদ্ধিমান্ নরঃ॥ শুক্র ৩অ। ৪২

৯৯। মার্গং নিরুধ্য ন স্থেয়ং সমর্থেনাপি কর্হিচিৎ।
সদ্যানেনাপি গচ্ছেন্ন হট্টমার্গে নৃপোঽপি চ॥ শুক্র, ৩অ। ২৯৫।

করিবে না। রাজাও উত্তম যান বা বাহনে আরোহরণ করিয়া হট্টমার্গে যাইবেন না। শুক্র, ৩অ। ২৯৫।

১০০। বহুধন ব্যয়ের ভয়ে সৎকীর্ত্তি ত্যাগ করিবে না। যোদ্ধৃবর্গের কুবাক্যে তাহাদের ঈর্ষা বা তাহাদের সহিত বিবাদ করিবে না। শুক্র, ৩ অ। ২২৭।

১০১। অভিহিত, সৌম্য, পরস্পর অজ্ঞাত, বণিক্, মন্ত্রকুশল, সাংবৎসরিক, চিকিৎসক, প্রব্রজিতাকার ও বলাবল-বিবেকী এই সকল ব্যক্তিকে বিশ্বাস করিবে না, এক জনের কথায় কখন শ্রদ্ধা করিবে না, বহুলোকের কথায় বিশ্বাস করিবে। অগ্নি, ২২০ অ। ২১—২২।

১০২। দীর্ঘসূত্রী নৃপতির নিশ্চয়ই কার্য্যহানি হইয়া থাকে। রাগে, দর্পে, মানে, দ্রোহে, পাপকার্য্যে ও অপ্রিয়বাক্যেই দীর্ঘসূত্রিতা প্রশংসনীয়। অগ্নি, ২২৫অ। ১৫—১৬।

১০০। বহ্বর্থব্যয়ভীত্যা তু সৎকীর্ত্তিং ন ত্যজেৎ সদা।
ভটানামসদুক্ত্যা তু নের্ষেৎ কুপ্যান্ন তৈঃ সহ। শুক্র, ৩অ। ২২৭।

১০১। জনস্যাভিহিতান্ সৌম্যাংস্তথাজ্ঞাতান্ পরস্পরম্।
বণিজো মন্ত্রকুশলান্ সাংবৎসর-চিকিৎসকান্॥
তথা প্রব্রজিতাকারান্ বলাবলবিবেকিনঃ।
নৈকস্য রাজা শ্রদ্দধ্যাচ্ছ্রদ্দধ্যাদ্বহুবাক্যতঃ॥ অগ্নি, ২২০ অ। ২১—২২।

১০২। দীর্ঘসূত্রস্য নৃপতেঃ কর্ম্মহানি ধ্রুবং ভবেৎ।
রাগে দর্পে চ মানে চ দ্রোহে পাপে চ কর্ম্মণি॥
"অপ্রিয়ে চৈব বক্তব্যে দীর্ঘসূত্রঃ প্রশস্যতে।" অগ্নি, ২২৫অ। ১৫—১৬।

সপ্তম স্তবক।

[মন্ত্রণাব্যবহার।]

পৃথ্বীপাল নরপতির পৃথিবী পালনার্থে যে গুরুতর ভার বহন করিতে হয়, তাহা তাঁহার একাকী বহন করা সমূহ কঠিন; এই কারণে মন্ত্রী, মিত্র, সুহৃদ্, সভাসদ্, জ্ঞাতি, আত্মীয় ও ভৃত্যাদির সাহায্য লইয়া রাজাকে রাজকার্য্য নির্ব্বাহ করিতে হয়। সেই মন্ত্রী ও মিত্রাদির গুণাগুণ ও উপযুক্ততা রাজার বিবেচ্য। তাঁহা-দিগের গুণাগুণ ও তাঁহাদের প্রতি রাজার কিরূপ ব্যবহার করা উচিত এবং তাঁহাদেরই বা রাজার প্রতি কিরূপ ব্যবহার করা কর্ত্তব্য ও মন্ত্রণা বিষয়ে কিরূপ ব্যবহার করিতে হয়, তাহাও শাস্ত্র-কারেরা নির্দ্দেশ করিয়াছেন। নৃপতিগণের সেই শাস্ত্র-নির্দ্দিষ্ট বিধি সকল জানা নিতান্ত আবশ্যক, অতএব এ স্থলে সেই সকল বিধি ক্রমশঃ সঙ্কলিত করা গেল।

১। সন্ধি, বিগ্রহ, চতুর্ব্বিধ সৈন্যগণের পরিপোষণ, রাজস্ব পরিবর্দ্ধন, প্রজাপরিরক্ষণ এবং উপার্জ্জিতার্থের উপযুক্ত পাত্রসাৎ করণোপায়োদ্ভাবন এই সকল বিষয়ে রাজার শাস্ত্র-কথিত সন্মন্ত্রিগণের সহিত সর্ব্বদা সদ্‌যুক্তি ও সৎপরামর্শ করা আবশ্যক। প্রথমতঃ নিভৃত স্থলে অমাত্যবর্গের

১। তৈঃ সার্দ্ধং চিন্তয়েন্নিত্যং সামান্যং সন্ধিবিগ্রহম্।
স্থানং সমুদয়ং গুপ্তিং লব্ধপ্রশমনানি চ॥
তেষাং স্বং স্বমভিপ্রায়মুপলভ্য পৃথক্ পৃথক্।
সমস্তানাঞ্চ কার্য্যেষু বিদধ্যাদ্ধিতমাত্মনঃ। মনু ৭অ, ৫৬-৫৭।

প্রত্যেকের মত পৃথক্ পৃথক্ অবগত হইয়া পশ্চাৎ একত্রিত সকলের মত গ্রহণপূর্ব্বক কর্ত্তব্য বিষয়ে নিজ সিদ্ধান্ত যাহা হিতকর বলিয়া বোধ হইবে, বিশেষ বিবেচনাপূর্ব্বক রাজার তাহাই করা বিধেয়। মনু ৭ অ। ৫৬—৫৭।

২। গিরিপৃষ্ঠদেশ বা নির্জ্জনস্থ প্রাসাদোপরি আরোহণ করতঃ অথবা অরণ্যে কিম্বা নিতান্ত নির্জ্জনস্থলে অবস্থিত হইয়া মন্ত্রভেদকারীদিগের সম্পূর্ণ অবিজ্ঞাতভাবে রাজার মন্ত্রণা করা কর্ত্তব্য। মনু ৭ অ। ১৪৭।

৩। মন্ত্রী ভিন্ন অন্য কেহ, যে রাজার মন্ত্রণা অবগত হইতে সমর্থ না হন, নিতান্ত স্বল্প-সম্পত্তি হইলেও ক্রমে সে রাজা সসাগরা পৃথিবীর অধীশ্বর হন। মনু, ৭ অ। ১৪৮।

৪। ম্লেচ্ছ, রুগ্ন, বিকলাঙ্গ, অন্ধ, বধির, মূর্খ. মূক, অতি-বৃদ্ধ ব্যক্তি, রমণী এবং শুকসারিকাদি পক্ষিগণ এই সকলকে মন্ত্রণা কালে মন্ত্রণা স্থল হইতে অপসারিত করিবে। স্ত্রীলোক ও পক্ষিগণ অস্থিরতারূপ স্বভাবদোষে মন্ত্রণা ভেদ করিয়া থাকে; পূর্ব্বজন্ম-কর্ম্মদোষে জড়াদি ভাবাপন্ন বিকলাঙ্গাদি ব্যক্তিগণ স্বভাবতঃ অবমানিত বলিয়া মন্ত্রণা ভেদ করে। এ কারণ মন্ত্রণা স্থল হইতে উহাদের অপসারণে যত্নবান্ হওয়া কর্ত্তব্য। মনু ৭ অ। ১৪৯—১৫০।

২। গিরিপৃষ্ঠং সমারুহ্য প্রাসাদং বা রহোগতঃ।
অরণ্যে নিঃশলাকে বা মন্ত্রয়েদভিভাবিতঃ॥ মনু ৭অ। ১৪৭।

৩। যস্য মন্ত্রং ন জানন্তি সমাগম্য পৃথগ্‌জনাঃ।
স কৃৎস্নাং পৃথিবীং ভুঙ্‌ক্তে কোষহীনোঽপি পার্থিবঃ॥ মনু ৭অ। ১৪৮।

৪। জড়মূকান্ধবধিরাং স্তৈর্য্যগ্‌যোনান্ বয়োঽতিগান্।
স্ত্রী ম্লেচ্ছ ব্যাধিত ব্যঙ্গান্ মন্ত্রকালেঽপসারয়েৎ॥
ভিন্দন্ত্যবমতা মন্ত্রং তৈর্য্যগ্‌যোনাস্তথৈব চ।
স্ত্রিয়শ্চৈব বিশেষেণ তস্মাৎ তত্রাদৃতো ভবেৎ॥ মনু ৭ অ। ১৪৯—১৫০।

৫। ঠিক্ দিবা দ্বিপ্রহরে বা নিশীথ সময়ে বিগত-ক্লান্তি রাজা সুস্থান্তঃ-করণে একাকী অথবা মন্ত্রিবর্গের সহিত ধর্ম্মকামার্থ চিন্তায় নিরত হইবেন। বিরোধ পরিহার-পূর্ব্বক পরস্পর বিরুদ্ধভাবাপন্ন ধর্ম্মকামার্থের অর্জ্জনে যত্নবান্ হইবেন। মনু ৭ অ। ১৫১—১৫২।

৬। শরৎকালীন ময়ূর যেমন মূক হইয়া থাকে, নৃপতি তদ্রূপ মৌনা-বলম্বন পূর্ব্বক নিয়ত মন্ত্র গোপন করিবেন এবং শ্রীমান্, মধুরভাষী ও শাস্ত্র-বিশারদ হইবেন। ম, শা, ১২০। ৭।

৭। অনৃজু মানব ইতর-গুণ-সম্পন্ন, অনুরক্ত ও প্রজ্ঞাসম্পন্ন হইলেও, সে রাজার মন্ত্রণা শ্রবণ করিবার উপযুক্ত হইতে পারে না। ম, শা, ৮৩ অ। ৩৫।

৮। যে মানব অমিত্রের সহিত সম্বন্ধ হইয়া পুরবাসীদিগের বহুমান না করে, তাদৃশ ব্যক্তিই অসুহৃদ্ বলিয়া পরিগণিত হয় এবং সে মন্ত্রণা শ্রবণ করিবার যোগ্য নহে। ম, শা, ৮৩ অ। ৩৬।

৯। অবিদ্বান্, অশুচি, স্তব্ধ, শত্রুসেবী, আত্মশ্লাঘী, অসুহৃদ্, ক্রোধন

৫। মধ্যন্দিনেঽর্দ্ধরাত্রে বা বিশ্রান্তো বিগতক্লমঃ।
চিন্তয়েদ্ধর্ম্মকামার্থান্ সার্দ্ধং তৈরেক এব বা ॥
"পরস্পর বিরুদ্ধানাং তেষাঞ্চ সমুপার্জ্জনম্।" মনু ৭ অ। ১৫১—১৫২।

৬। নিত্যং রক্ষিতমন্ত্রঃ স্যাদ্‌যথা মূকঃ শরচ্ছিখী।
শ্লক্ষ্ণাক্ষরতনুঃ শ্রীমান্ ভবেচ্ছাস্ত্র বিশারদঃ ॥ ম, শা, ১২০ অ। ৭।

৭। অনৃজুস্ত্বনুরক্তোঽপি সম্পন্নশ্চেতরৈর্গুণৈঃ।
রাজ্ঞঃ প্রজ্ঞানযুক্তোঽপি ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥ ম, শা, ৮৩ অ। ৩৫।

৮। যোঽমিত্রৈঃ সহ সম্বদ্ধো ন পৌরান্ বহুমন্যতে।
অসুহৃৎ তাদৃশো জ্ঞেয়ো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥ ম, শা, ৮৩ অ, ৩৬।

৯। অবিদ্বানশুচিঃ স্তব্ধঃ শত্রুসেবীবিকত্থনঃ।
অসুহৃৎ ক্রোধনো লুব্ধো ন মন্ত্রং শ্রোতুমর্হতি ॥ ম, শা, ৮৩ অ, ৩৭।

ও লুব্ধ ইহারা রাজার মন্ত্রণা শুনিবার উপযুক্ত হইতে পারে না। ম, শা, ৮৩ অ। ৩৭।

১০। আগন্তুক ব্যক্তি অনুরক্ত, বহুশ্রুত, সৎকৃত ও সংবিভক্ত হই-লেও মন্ত্রণা শ্রবণ করিবার উপযুক্ত হইতে পারেনা। ম, শা, ৮৩ অ, ৩৮।

১১। পূর্ব্বে যাহার পিতা অধর্ম্মাচরণ বশতঃ বিপ্রকৃত হইয়াছে, সেই ব্যক্তি সৎকৃত ও স্থাপিত হইলেও মন্ত্রণা শ্রবণের উপযুক্ত হইতে পারে না। ম, শা, ৮৩ অ। ৩৯।

১২। যে ব্যক্তি যৎকিঞ্চিৎ কার্য্যের জন্য সুহৃদের সর্ব্বস্ব হরণ করিয়া তাহাকে নির্দ্ধন করে, তাহার অপরাপর নানাবিধ গুণ থাকিলেও সে মন্ত্রণা শ্রবণের উপযুক্ত নহে। ম, শা, ৮৩ অ। ৪০।

১৩। যে ব্যক্তি কৃতপ্রজ্ঞ, মেধাবী, পণ্ডিত, জনপদবাসী, পরম পবিত্র এবং সকল কার্য্যে বিশুদ্ধ, সেই ব্যক্তিই রাজার মন্ত্রণা শ্রবণ করিবার উপ-যুক্ত হইতে পারে। ম, শা, ৮৩ অ। ৪১।

১৪। যে ব্যক্তি জ্ঞান ও বিজ্ঞান-সম্পন্ন, শত্রুর এবং আপনার প্রকৃতি

১০। আগন্তুশ্চানুরক্তোহপি কামমস্তু বহুশ্রুতঃ।
সৎকৃতঃ সংবিভক্তো বা ন মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩ অ। ৩৮।
বিধর্ম্মতো বিপ্রকৃতঃ পিতা যস্যাভবৎ পুরা।
সৎকৃতঃ স্থাপিতঃ সোহপি ন মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩অ। ৩৯।

১২। যঃ স্বল্পেনাপি কার্য্যেণ সুহৃদা ক্ষারিতো ভবেৎ।
পুনরন্যৈর্গুণৈর্যুক্তো ন মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা ৮৩ অ, ৪০।

১৩। কৃতপ্রজ্ঞশ্চ মেধাবী বুধো জানপদঃ শুচিঃ।
সর্ব্ব কর্ম্মসু যঃ শুদ্ধঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩ অ। ৪১।

১৪। জ্ঞানবিজ্ঞানসম্পন্নঃ প্রকৃতিজ্ঞঃ পরাত্মনোঃ।
সুহৃদাত্ম সমো রাজ্ঞঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩ অ। ৪২।

জানিতে সমর্থ এবং সুহৃদ্‌কে আত্মতুল্য জ্ঞান করে, সেই ব্যক্তিই মন্ত্রণা, শ্রবণ করিবার উপযুক্ত হইতে পারে। ম, শা, ৮৩ অ। ৪২।

১৫। যে ব্যক্তি সত্যবাদী, সুশীল, গম্ভীর অর্থাৎ মন্ত্র গোপন করিতে সমর্থ, লজ্জাশীল, মৃদু এবং পিতৃ-পিতামহক্রমে বিদ্যমান থাকে, সেই ব্যক্তিই মন্ত্রণা শ্রবণ করিবার উপযুক্ত। ম, শা, ৮৩ অ। ৪৩।

১৬। যে মানব সন্তুষ্ট, সর্ব্বসম্মত, সত্য-ধর্ম্মা, প্রভল্‌ভ, পাপ-দ্বেষী, মন্ত্রবিৎ, ত্রিকালজ্ঞ ও শূর, সেই ব্যক্তি মন্ত্রণা শ্রবণ করিবার উপযুক্ত পাত্র। ম, শা, ৮৩ অ। ৪৪।

১৭। যে মানব সান্ত্ববচন দ্বারা সকল লোককে বশীভূত করিতে সমর্থ হয়, দণ্ডধারী নৃপতি তাহাকে মন্ত্র প্রয়োগ করিবেন। ম. শা, ৮৩ অ। ৪৫।

১৮। পৌর ও জনপদবাসীরা যাহাকে ধর্ম্মতঃ বিশ্বাস করে, সেই যোদ্ধা, নীতিজ্ঞ পণ্ডিত পুরুষ মন্ত্রণা শ্রবণ করিবার উপযুক্ত হইতে পারে ম, শা, ৮৩ অ। ৪৬।

১৯। পূর্ব্বোক্ত প্রকৃতিজ্ঞ মহাশয়-সম্পন্ন পঞ্চজন মন্ত্রী এতাদৃশ

১৫। সত্যবাক্ শীলসম্পন্নো গম্ভীরঃ সত্রপোমৃদুঃ।
পিতৃপৈতামহো যঃ স্যাৎ স মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩অ, ৪৩।

১৬। সন্তুষ্টঃ সম্মতঃ সত্যঃ শৌটীরো-দ্বেষ্যপাপকঃ।
মন্ত্রবিৎ কালবিচ্ছূরঃ স মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩ অ। ৪৪।

১৭। সর্ব্বলোকমিমং শক্তঃ সান্ত্বেন কুরুতে বশে।
তস্মৈ মন্ত্রঃ প্রযোক্তব্যো দণ্ডমাধিৎসতা নৃপ॥ ম, শা, ৮৩ অ। ৪৫।

১৮। পৌরজানপদা যস্মিন্ বিশ্বাসং ধর্ম্মতোগতাঃ।
যোদ্ধা নয়বিপশ্চিচ্চ স মন্ত্রং শ্রোতুমর্হতি॥ ম, শা, ৮৩ অ। ৪৬।

১৯। তস্মাৎ সর্ব্বগুণৈরেতৈরুপপন্নাঃ সুপূজিতাঃ।
মন্ত্রিণঃ প্রকৃতিজ্ঞাঃ স্যুস্ত্র্যবরা মহদীপ্সবঃ॥ ম. শা, ৮৩ অ। ৪৭।

গুণযুক্ত হইলে, সম্মানের সহিত তাহাদিগকে রাজকার্য্যে নিযুক্ত রাখিবে। পরন্তু পঞ্চজন না পাইলে তিন জনের ন্যূন রাখিবে না। ম, শা। ৮৩অ।৪৭।

২০। যে স্থানে মন্ত্রণা করিবে, তাহার অগ্র, ঊর্দ্ধ, অধঃ ও তির্য্যক্ প্রদেশে বামন, কুব্জ, কৃশ, খঞ্জ, অন্ধ, জড়, স্ত্রী এবং নপুংসক ইহারা কোন ক্রমে যাতায়াত করিতে পাইবে না। ম, শা, ৮৩ অ। ৫৬।

২১। গুরুতর বিষয়ক মন্ত্রণা হইলে নৌকায় আরোহণ করিয়া কুশ-কাশ-বিহীন, সুপ্রকাশিত, শূন্য স্থলে গমন করতঃ তথায় উচ্চ ভীষণরূপ বাক্য-দোষ এবং নেত্র ও বক্ত্র বিকারাদিরূপ অঙ্গ-দোষ সকল পরিহার করিয়া যাহাতে কার্য্যের কাল অতিবাহিত না হয়, সেই মত মন্ত্রণা করা রাজার কর্ত্তব্য। ম, শা, ৮৩ অ। ৫৭।

২২। শাস্ত্রজ্ঞ প্রধান মন্ত্রী ও অমাত্যগণ কর্ত্তৃক যত্ন-পূর্ব্বক, সঙ্গোপিত মন্ত্রই রাজাদিগের বিজয়ের মূল। বা, অ, ১০০ স। ১৬।

২৩। নীতিকুশল মন্ত্রিগণ নয় দৃষ্টিতে তত্তাবৎ বিষয় পর্য্যালোচনা করিয়া ঐকমত্য অবলম্বন করতঃ যে মন্ত্রণায় প্রবৃত্ত হন, নীতিশাস্ত্র বিশারদগণ তাহাকেই উত্তম মন্ত্র বলিয়া থাকেন। যে মন্ত্র-নির্ণয়ে মন্ত্রিগণ

২০। ন বামনাঃ ন কুব্জকৃশা ন খঞ্জা নান্ধো জড়ঃ স্ত্রী চ নপুংসকঞ্চ।
ন চাত্র তির্য্যক্ চ পুরো ন পশ্চান্নোর্দ্ধং ন চাধঃ প্রচরেৎ কথঞ্চিৎ॥ ম, শা, ৮৩ অ। ৫৬।

২১। আরুহ্য নাবন্তু তথৈব শূন্যং স্থলং প্রকাশং কুশকাশহীনম্।
বাগঙ্গদোষান্ পরিহৃত্য সর্ব্বান্ সম্মন্ত্রয়েৎ কার্য্যমহীনকালম্॥ ম, শা, ৮৩অ, ৫৭।

২২। মন্ত্রো বিজয়মূলং হি রাজ্ঞাং ভবতি রাঘব।
সুসংবৃতো মন্ত্রিধুরৈরমাত্যৈঃ শাস্ত্রকোবিদৈঃ॥ বা, অ, ১০০স। ১৬।

২৩। ঐকমত্যমুপাগম্য শাস্ত্রদৃষ্টেন চক্ষুষা।
মন্ত্রিণো যত্র নিরতাস্তমাহুর্ম্মন্ত্রমুত্তমম্॥

প্রথমতঃ বহুতর বিরুদ্ধ মত অবলম্বন করিয়া তদনন্তর পুনর্ব্বার ঐকমত্য অবলম্বন করেন, সেই মন্ত্রকে মধ্যম এবং যে মন্ত্রণাতে মন্ত্রিগণ পরস্পর ভিন্নমত অবলম্বন করতঃ বিরুদ্ধভাষী ও কথঞ্চিৎ একমত অবলম্বন করিলেও তাহা পরিণামে শ্রেয়স্কর হয় না, তাহাকে অধম মন্ত্র বলেন। বা, ল, ৬ স। ১২—১৪।

২৪। প্রধান শূরগণেরাই চার এবং মন্ত্র রক্ষা করিয়া থাকে, সুতরাং তাহারাই মন্ত্রণা শুনিতে পাইবে, পরন্তু সমুদায় শূর মন্ত্রণা শুনিতে পাইবে না। ম, শা, ১০৭ অ। ২৪।

২৫। নৃপতি একাকী কিম্বা অনেকের সহিত মন্ত্রণা করিবেন না। রাজার গুপ্ত মন্ত্র যেন রাজ্য মধ্যে প্রচারিত না হয়। ম, স, ৫ অ। ৩০।

২৬। দুঃশীল, দুর্ব্বুদ্ধি, কামচারী ও পাপীদিগের সহিত মন্ত্রণাকারী রাজা আত্মীয়বর্গ ও রাজ্য সহ আপনাকে বিনষ্ট করেন। বা, অর, ৩৭ স। ৭।

২৭। অননুরক্ত মন্ত্রীতে বিশ্বাস যুক্তিযুক্ত হয় না, তজ্জন্য অননুরক্ত

বহ্বীরপিমতীর্গত্বা মন্ত্রিণামর্থনির্ণয়ঃ।
পুনর্যত্রৈকতাং প্রাপ্তঃ স মন্ত্রো মধ্যমঃ স্মৃতঃ॥
অন্যোন্যমতিমাস্থায় যত্র সংপ্রতি ভাষ্যতে।
নচৈকমত্যে শ্রেয়োঽস্তি মন্ত্রঃ সোঽধম উচ্যতে॥ বা, ল, ৬স,। ১২—১৪।

২৪। মন্ত্রগুপ্তিঃ প্রধানেষু চারশ্চামিত্র কর্ষণ।
ন গণাঃ কৃৎস্নশো মন্ত্রং শ্রোতুমর্হন্তি ভারত॥ ম, শা, ১০৭ অ। ২৪।

২৫। কচ্চিন্মন্ত্রয়সেনৈকঃ কচ্চিন্ন বহুভিঃ সহ।
কচ্চিৎ তে মন্ত্রিতো মন্ত্রো ন রাষ্ট্রং পরিধাবতি॥ ম, স, ৫ অ। ৩০। বা, অ, ১০০ স।১৮।

২৬। তদ্বিধঃ কামবৃত্তো হি দুঃশীলঃ পাপমন্ত্রিতঃ।
আত্মানং স্বজনং রাষ্ট্রং স রাজা হন্তি দুর্ম্মতিঃ॥ বা, অর, ৩৭স। ৭।

মন্ত্রীর নিকট কদাচ মন্ত্রণা প্রকাশ করিবে না; কেন না, যেমন অনিল বৃক্ষচ্ছিদ্র দ্বারা প্রবিষ্ট হইয়া অনলের ন্যায় তাহাকে দগ্ধ করে, তদ্রূপ সেই কপট মন্ত্রী অপর মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া রাজাকে ব্যথিত করিয়া থাকে। ম, শা, ৮৩ অ। ৩০—৩১।

২৮। অল্পশ্রুত মানব সদ্বংশজাত এবং ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ সংযুক্ত হইলেও, সে মন্ত্র পরীক্ষা করিতে সমর্থ হয় না, (অতএব রাজার তাহাকে আমাত্যপদে নিযুক্ত করা কর্ত্তব্য নহে) ম, শা, ৮৩ অ। ২৬।

২৯। রাজার মনীষি মন্ত্রীগণ মন্ত্র সকল গোপন করিবেন, রাজাও মন্ত্ররূপ কবচ ধারণ করিবেন, এবং শূরজনেরাও মন্ত্র সকল রক্ষা করিবেন। ম, শা, ৮৩ অ। ৫০।

৩০। পণ্ডিতগণ মন্ত্রণাকেই বিজয় লাভের মূল বলিয়া থাকেন। বা, ল, ৬ স,। ৫।

৩১। মন্ত্রণা এইরূপ ভাবে গোপন রাখিবে, যাহাতে মন্ত্রণাকার্য্যের যে

২৭। মন্ত্রিণানমুরক্তে তু বিশ্বাসো নোপপদ্যতে।
তস্মাদনমুরক্তায় নৈব মন্ত্রং প্রকাশয়েৎ ॥
ব্যথয়েদ্ধি স রাজানং মন্ত্রিভিঃ স হিতোঽনৃজুঃ।
মারুতোপহিতচ্ছিদ্রৈঃ প্রবিশ্যাগ্নিরিব দ্রুমম্ ॥ মা শা,৮৩ অ। ৩০—৩১।

২৮। এবমল্পশ্রুতো মন্ত্রী কল্যাণাভিজনোঽপ্যুত।
ধর্ম্মার্থকামসংযুক্তো নালং মন্ত্রং পরিক্ষীতুম্ ॥ ম, শা, ৮৩অ ২৬।

২৯। মন্ত্রগুঢ়া হি রাজ্যস্য মন্ত্রিণো যে মনীষিণঃ।
মন্ত্র সংহননো রাজা মন্ত্রাঙ্গানীতরে জনাঃ ॥ ম, শা, ৮৩অ। ৫০।

৩০। "মন্ত্রমূলঞ্চ বিজয়ং প্রবদন্তি মনস্বিনঃ।" বা, ল, ৬স,। ৫।

৩১। মন্ত্রমূলং যতো রাজ্যমতো মন্ত্রং সুরক্ষিতম্।
কুর্য্যাদ্যথাস্তে ন বিদুঃ কর্ম্মাণামাফলোদয়াৎ ॥ যাজ্ঞ, ১অ,৩৪৪।

পর্য্যন্ত ফল নিষ্পত্তি না হয়, সে পর্য্যন্ত কোন ব্যক্তি মন্ত্রণা জানিতে না পারে, কারণ মন্ত্রণাই রাজ্যস্থিতির মূল। যাজ্ঞ ১ অ। ৩৪৪।

৩২। নৃপতিগণের যদি কোন স্বল্পতর কার্য্যও উপস্থিত হয়, সাধারণের সমক্ষে তাহাও কীর্ত্তন করা উচিত নহে; কিন্তু যদি নৃপতি একান্তে আগ্রহ সহকারে তাহা জিজ্ঞাসা করেন, তাহা হইলে সুধী ব্যক্তিগণের তদ্বিষয়ে পরামর্শ প্রদান করা অবশ্য উচিত। কা, ৫৬ অ। ৬৩।

৩৩। কোন্ কথার উত্তর দিতে হইবে বিশেষ করিয়া জিজ্ঞাসা না করিলে, অতি তুচ্ছ কথা হইলেও অপমানাশঙ্কায় মন্ত্রীর সেই স্থলে প্রত্যুত্তর করা কর্ত্তব্য নহে। কা, ৫৬ অ। ৬৪।

৩৪। যে বুদ্ধিমান্ রাজা উপযুক্ত সময়ে অমাত্যগণের সহিত সাম, দান, ভেদ, বিক্রমপ্রকাশ, পঞ্চবিধযোগ, নীতি ও অনীতি এবং ধর্ম্ম অর্থ ও কাম,বিষয়ক মন্ত্রণা স্থির করিয়া কার্য্য করেন, তিনি কখনই বিপদ্গ্রস্ত হন না। বা, ল, ৬৩ স,। ১২।

৩৫। এই সংসারে যে দুর্ম্মতি মানব কর্ম্মের বিশেষ ফল না জানিয়া কেবলমাত্র কর্ম্ম করে, তাহার পরামর্শ গ্রাহ্য হইতে পারে না। ম, শা, ৮৩ অ। ১৯।

৩২। অপি স্বল্পতরং কৃত্যং যদ্ভবেদ্ভূভুজামিহ।
একান্তে তত্তু পৃষ্টেন বক্তব্যং সুধিয়া সদা॥ কা,৫৬ অ। ৬৩।

৩৩। অমাত্যেনাপ্যপৃষ্টেন ন বক্তব্যং নৃপাগ্রতঃ।
মহাপমান ভীতেন স্তোকমপ্যত্র কিঞ্চন॥ কা,৫৬ অ। ৬৪।

৩৪। কালে ধর্ম্মার্থকামান্ যঃ সংমন্ত্র্য সচিবৈঃ সহ।
নিষেবতাত্মবান্ লোকে ন স ব্যসনমাপ্নুযাৎ॥ বা, ল, ৬৩স। ১২।

৩৫। কেবলাৎ পুনরাদানাৎ কর্ম্মণোনোপপদ্যতে।
পরামর্শো বিশেষাণামশ্রুতস্যেহ দুর্ম্মতেঃ। ম, শা, ৮৩অ।২৯।

৩৬। যে মদ-গর্ব্বিত, ক্রিয়ানভিজ্ঞ রাজা মন্ত্রীর উপদেশ অতিক্রম করে,—সেই বৃথামন্ত্র রাজাকে অচিরাৎ শত্রুবর্গ পরাভূত করে। কাম, ১১ স। ৫২।

৩৭। রাজগণের মূলবীজ স্বরূপ মন্ত্রবীজ সযত্নে রক্ষা করিবে। মন্ত্র-ভেদে ভেদ, রক্ষণে বিশিষ্ট রক্ষা ইহা নিশ্চিত। কাম, ১১ স। ৫৩।

৩৮। যাহা পরিণামে সন্তাপকর নহে, অনুরক্তিও ফলপ্রদ, কালক্ষেপ রহিত এবং অভীষ্ট ঈদৃশ মন্ত্র (মন্ত্রণা) প্রশস্ত। কাম, ১১ স। ৫৫।

৩৯। সহায়, সাধনোপায়, দেশ ও কালের বিভাগ এবং বিপত্তি-প্রতীকার এই পাঁচটী মন্ত্রের অঙ্গ বলিয়া কথিত হয়। কাম, ১১ স।৫৬।

৪০। মন্ত্রাভিজ্ঞ ব্যক্তি কার্য্য প্রারম্ভে নানা কথা প্রচার করিবে। কিন্তু যাহাতে মনের তৃপ্তি হয়, শীঘ্র সেই উপায় অবলম্বনে আক্রমণ করিবে। কাম, ১১ স। ৫৮।

৪১। যাহা মন্ত্রিবর্গের অভিমত, যাহা মনের তৃপ্তি কর, যাহা সজ্জন-নিন্দিত নহে, সেই কার্য্যেরই অনুষ্ঠান করিবে। কাম, ১১স। ৫৯।

৩৬। মদোদ্ধতঃ ক্রিয়া মূঢ়ো যোঽতিক্রামতি মন্ত্রিণম্।
অচিরাত্তঃ বৃথামন্ত্রমতিক্রামন্তি বিদ্বিষঃ॥ কাম, ১১ স। ৫২।

৩৭। সংরক্ষেন্ মন্ত্রবীজং হি তদ্বীজং হি মহীভুজাম্।
যস্মিন্ ভিন্নে ধ্রুবং ভেদো গুপ্তে গুপ্তিরনুত্তমা॥ কাম, ১১ স। ৫৩।

৩৮। অপশ্চাত্তাপকৃৎসম্যগনুরক্তি ফলপ্রদঃ।
অদীর্ঘকালোঽভীষ্টশ্চ প্রশস্তো মন্ত্র ইষ্যতে॥ কাম, ১১স। ৫৫।

৩৯। সহায়াঃ সাধনোপায়া বিভাগো দেশকালয়োঃ।
বিপত্তেশ্চ প্রতীকারো মন্ত্রঃ পঞ্চাঙ্গ উচ্যতে॥ কাম, ১১ স। ৫৬।

৪০। প্রচারয়েন্মন্ত্রবিদঃ কার্য্যদ্বারেষনেকধা।
তত্র যচ্চেতসাং সাম্যং তেন শীঘ্রং সমুৎপতেৎ॥ কাম, ১১ স। ৫৮।

৪১। যত্র মন্ত্রিমনঃসাম্যং যত্র চেতো ন শঙ্কতে।
যচ্চ সন্তো ন নিন্দন্তি তৎপরীয়াচ্চিকীর্ষিতম্॥ কাম, ১১ স। ৫৯।

৪২। মন্ত্রাভিজ্ঞ সম্মত হইলে, স্বয়ং পুনরায় মন্ত্র বিচার করিবে। যাহাতে স্বার্থ ব্যাঘাত না হয় তাদৃশ বিষয়ে প্রবৃত্ত হইবে। কাম, ১১স। ৬০।

৪৩। স্বার্থ সাধনোদ্দেশে মন্ত্রিগণ দীর্ঘ বিগ্রহ ইচ্ছা করে, যে নৃপতি দীর্ঘ বিগ্রহে বিপর্য্যস্ত হন, মন্ত্রিগণ তাহাকে গ্রাস করে। কাম, ১১স। ৬১।

৪৪। চিত্তপ্রসাদ, শ্রদ্ধা, সাধনবৈশিষ্ট, সত্বায়োত্থান, সম্পৎ এই কয়েকটী কার্য্যসিদ্ধির লক্ষণ। উত্থানতৎপরতা, নির্ব্বিঘ্নতা, সাধনপ্রাপ্তি এই কয়টী কারণ, কার্য্য-সিদ্ধির পূর্ব্বসূচনা করে। কাম, ১১ স। ৬২—৬৩।

৪৫। মন্ত্রের বারম্বার আবৃত্তি করিবে না. তাহা সযত্নে মনে মনে চিন্তা করিবে। মন্ত্র অরক্ষিত হইলে আত্মভেদ ঘটে। কাম, ১১ স। ৬৩।

৪৬। মদ, প্রমাদ, কাম, নিদ্রিতপ্রলাপ ও কামিনী ইহারা গুপ্ত-মন্ত্র ভেদ করে। কাম, ১১ স। ৬৫।

৪২। ধৃতেঽপি মন্ত্রে মন্ত্রজ্ঞৈঃ স্বয়ম্ভূয়ো বিচারয়েৎ।
তথা বর্ত্তেত তত্ত্বজ্ঞো যথা সার্থং ন পীড়য়েৎ॥ কাম ১১ স। ৬০।

৪৩। মন্ত্রিণঃ স্বার্থতাৎপর্য্যাদ্দীর্ঘমিচ্ছন্তি বিগ্রহম্।
মন্ত্রিণাং ভোগ্যতামেতি দীর্ঘকার্য্যাকুলো নৃপঃ॥ কাম, ১১ স। ৬১।

৪৪। মনঃ প্রসাদঃ শ্রদ্ধা চ তথা করণ পাটবম্।
সত্বায়োত্থানসম্পচ্চ কর্ম্মণাং সিদ্ধিলক্ষণম্॥
লঘূত্থ্যানাশ্ববিঘ্নানি সম্ভবৎসাধনানি চ।
কথয়ন্তি পুরঃ সিদ্ধিং কারণাণ্যেব কর্ম্মণাম্॥ কাম ১১ স। ৬২—৬৩।

৪৫। নাবর্ত্তয়েন্মুহুর্মন্ত্রং সংরক্ষেত্তৎপরিস্তবন্।
অরক্ষমাণং মন্ত্রং হি ভিনত্ত্যাত্মপরম্পরাম্॥ কা, ১১ স। ৬৪।

৪৬। মদঃ প্রমাদঃ কামশ্চ সুপ্ত প্রলপিতানিচ।
ভিন্দন্তি মন্ত্রং প্রচ্ছন্নাঃ কামিন্তশ্চ মতাস্তথা॥ কাম, ১১ স। ৬৫।

৪৭। স্তম্ভ ও গবাক্ষবিহীনস্থানে, দুর্ভেদ্য ও মধ্যস্থিত প্রদেশে, প্রাসাদোপরি অথবা অরণ্যে তদ্গতচিত্ত হইয়া মন্ত্রণা করিবে। কাম, ১১স। ৬৬।

৪৮। মনু মন্ত্রমণ্ডল দ্বাদশ প্রকার, বৃহস্পতি ষোড়শ প্রকার, শুক্রাচার্য্য বিংশতি প্রকার বলিয়াছেন। অন্যনীতিজ্ঞেরা মন্ত্র মণ্ডলের যথা সম্ভব সংখ্যা বলিয়াছেন, তাহার অন্যতম মণ্ডলে যথাবিধি প্রবিষ্ট হইয়া কার্য্যসিদ্ধির নিমিত্ত একাগ্রচিত্তে মন্ত্রণা করিবে। কাম ১১স।৬৭—৬৮।

৪৯। মন্ত্র নিশ্চয় করিয়া কার্য্যকাল ক্ষেপণ করিবে না। কাল অতীত হইলে,পুনরায় উপযুক্ত সময় নির্দ্ধারণ করিবে। কাম, ১১ স। ৭১।

৫০। অহিতে কৃতনিশ্চয়, দুর্ব্বুদ্ধি ব্যক্তি মন্ত্রিগণের উপদেশ অবহেলা করে, চপল সহসা প্রবৃত্ত হইয়া অচিরে বিপদ্গ্রস্ত হয়। এই সকল মন্ত্রবল-প্রযুক্ত নীতিপথাবলম্বী উদ্যোগ-সম্পন্ন মহীপতি দুষ্ট সর্পের ন্যায় ভীষণ বিপুল শত্রুকে বশীভূত করে। কাম ১১স। ৭৫—৭৬।

৪৭। নিস্তম্ভে নির্গবাক্ষে চ নির্ভেদ্যেঽন্তর সংশ্রয়ে।
প্রাসাদোপর্য্যরণ্যে বা মন্ত্রয়েতাবিভাবিতঃ॥ কাম ১১ স। ৬৬।

৪৮। দ্বাদশেতি মনুঃপ্রাহ ষোড়শেতি বৃহস্পতিঃ।
উশনা বিংশতিরিতি মন্ত্রিণাং মন্ত্রমণ্ডলম্॥
যথাসম্ভবমিত্যন্যে তৎপ্রবিশ্য যথাবিধি।
মন্ত্রয়েতাহিতমনাঃ কার্য্যসিদ্ধিবিবৃদ্ধয়ে॥ কাম, ১১ স। ৬৭—৬৮।

৪৯। নাতীয়াৎ কার্য্যকালং হি কৃত্বা মন্ত্রবিনিশ্চয়ম্।
অতিক্রান্তং তু তং ভূয়ো যথাযোগং প্রকল্পয়েৎ॥ কাম, ১১ স। ৭১।

৫০। অহিতে হিতবুদ্ধিরল্পধীরবমন্যেত মতানি মন্ত্রিণাম্।
চপলঃ সহসৈব সম্পতন্নচিরং বৈ ব্যসনী প্রবুধ্যতে॥
ইতি মন্ত্রবলান্মহীপতির্হতো দুষ্ট ভুজঙ্গমানিব।
বিনয়েন্নয়মার্গমাস্থিতো বশমুদ্যোগসমাহিতো রিপূন্॥ কাম, ১১ স। ৭৫—৭৬।

৫১। রাত্রিতে বা দিবাকালে পরিষ্কৃত নির্জ্জন গৃহাভ্যন্তরে অথবা অরণ্যে মন্ত্রিগণের সহিত ভবিষ্যৎ কার্য্যের মন্ত্রণা করিবে। শুক্র, ১অ। ৩৫১।

৫২। অসহায় পুরুষের পক্ষে একাকী অল্পতর কর্ম্মও দুষ্কর, মহোদয়-রাজ্যের কথা কি? সর্ব্ববিদ্যা-কুশল মন্ত্রবিদ্ রাজাও একাকী মন্ত্রীগণ ব্যতিরেকে মন্ত্ররূপ অর্থ কদাপি চিন্তা করিবেন না। প্রাজ্ঞ রাজা সভ্য, অধিকারী, প্রকৃতি, সভাসদ্ প্রভৃতির মতানুবর্ত্তী হইবেন, কদাচ স্বমতে কার্য্য করিবেন না। শুক্র, ২ অ। ১—৩।

৫৩। রাজা গুপ্ত-মন্ত্র হইবেন। গুপ্ত-মন্ত্র রাজার বিপৎপাতের সম্ভাবনা নাই। আরব্ধকর্ম্ম কেহ যেন জানিতে না পারে, কার্য্য সমাপ্ত হইলে ফল দ্বারা যেন তাহার পরিচয় হয়, এইরূপে রাজা কার্য্য করিবেন। আকার ইঙ্গিত, গতি, চেষ্টা, বাক্য, নেত্রবক্ত্র বিকার ইত্যাদি উপায়ে

৫১। অন্তর্বেশ্মনি রাত্রৌ বা দিবারণ্যে বিশোধিতে।
মন্ত্রয়েন্মন্ত্রিভিঃ সার্দ্ধং ভাবিকৃত্যন্তু নির্জ্জনে॥ শুক্র, ১অ। ৩৫১।

৫২। যদ্যপ্যল্পতরং কর্ম্ম তদপ্যেকেন দুষ্করম্।
পুরুষেণাসহায়েন কিমু রাজ্যং মহোদয়ম্॥
সর্ব্ববিদ্যাসু কুশলো নৃপো হ্যপি সুমন্ত্রবিৎ।
মন্ত্রিভিস্তু বিনা মন্ত্রং নৈকোঽর্থং চিন্তয়েৎকচিৎ॥
সভ্যাধিকারিপ্রকৃতিসভাসৎসুমতেস্থিতঃ।
সর্ব্বদা স্যান্নৃপঃ প্রাজ্ঞঃ স্বমতে ন কদাচন॥ শুক্র, ২ অ। ১—৩।

৫৩। "গুপ্তমন্ত্রো ভবেদ্রাজা নাপদো গুপ্তমন্ত্রতঃ।"
জ্ঞায়তে হি কৃতং কর্ম্ম নারব্ধং তস্য রাজ্যকম্।
আকারৈরিঙ্গিতৈর্গত্যা চেষ্টয়া ভাষিতেন চ॥
নেত্রবক্ত্রবিকারাভ্যাং গৃহ্যতেঽন্তর্গতং মনঃ।
নৈকস্তু মন্ত্রয়েন্মন্ত্রং ন রাজা বহুভিঃ সহ॥

অন্তর্গত ভাব পরিজ্ঞাত হইয়া থাকে। একাকী মন্ত্রণা করিবে না, আবার অনেকের সহিতও মন্ত্রণা করিবে না, বহুলোকের সহিত পৃথক্ পৃথক্ মন্ত্রণা করিবে। মন্ত্রিগণের মধ্যেও মন্ত্রণা প্রকাশ করিবে না। অগ্নি, ২২৫অ। ১৬—১৯।

বহুভির্মন্ত্রয়েৎ কামং রাজা মন্ত্রান্ পৃথক্ পৃথক্।
মন্ত্রিণামপি নো কুর্য্যান্মন্ত্রী মন্ত্র প্রকাশনম্॥ অগ্নি, ২২৫ অ। ১৬—১৯।

অষ্টম স্তবক।

[মন্ত্রীর গুণাগুণ।]

১। পুরুষানুক্রমে রাজকর্ম্মচারী, বেদাদি শাস্ত্রপারদর্শী এবং যাঁহারা স্বয়ং শূর, যুদ্ধ বিদ্যায় সুনিপুণ, সৎকুলোদ্ভব এবং পরীক্ষিত এরূপ সাত আটটি মন্ত্রী প্রত্যেক রাজার থাকা আবশ্যক। যখন একাকী কার্য্য সহজ সাধ্য হইলেও অসহায় এক ব্যক্তি দ্বারা সম্পাদিত হওয়া কঠিন হইয়া উঠে, তখন অসংখ্য কর-প্রসূত এক অতি বৃহৎ রাজ্যের কার্য্য একাকী সুসম্পন্ন করা যে নিতান্ত সুকঠিন ইহা বলা বাহুল্য। মনু ৭ অ। ৫৪—৫৫।

১ মৌলান্ শাস্ত্রবিদঃ শূরাঁল্লব্ধলক্ষান্ কুলোদ্গতান্।
সচিবান্ সপ্তচাষ্টৌ বা প্রকুর্ব্বীত পরীক্ষিতান্॥
অপি যৎ সুকরং কর্ম্ম তদপ্যেকেন দুষ্করম্।
বিশেষতোঽসহায়েন কিন্তু রাজ্যং মহোদয়ম্॥ মনু, ৭অ, ৫৪—৫৫।

২। রাজা যদি সহস্র বা অযুত মুর্খকে প্রতিপালন করেন, তথাপি তাহাতে কোন সাহায্য হয় না, কিন্তু একমাত্র অমাত্য যদি মেধাবী, কার্য্যদক্ষ, শূর ও বিচক্ষণ হন, তবে তিনি রাজা ও রাজপুত্রকে মহাসমৃদ্ধিসম্পন্ন করিতে পারেন। বা, অ, ১০০ স। ২৩—২৪। ম, স, ৫ অ। ৩৭।

৩। যে নৃপতির সচিব সকল দুষ্ট ও পাপিষ্ঠ এবং যিনি স্বয়ং ধর্ম্ম হানি করেন, তিনি সত্বরই সপরিবারে অবসন্ন হইয়া লোকের নিকট বধ্য হইয়া থাকেন। ম, শা, ৯২ অ।৯।

৪। যে রাজার অমাত্য নাই, তিনি রাজ্যকে তিন দিনও স্বীয় শাসনে রাখিতে পারেন না, অতএব নৃপতি শৌর্য্য ও বুদ্ধি-সম্পন্ন মানবকে অমাত্য করিবেন। ম, শা, ১০৬ অ।১১-১২।

৫। রাজাদিগের সহার্থ, ভজমান, সহজ ও কৃত্রিম এই চতুর্ব্বিধ মন্ত্রী হইয়া থাকে। ম, শা, ৮০ অ।৩-৪।

(ক) যিনি রাজার নিকট এইরূপ স্বীকৃত হন যে, এই শত্রুকে

২। সহস্রাণ্যপি মূর্খাণাং যদ্যুপাস্তে মহীপতিঃ।
অথবাপ্যযুতান্যেব নাস্তি তেষু সহায়তা॥
একোঽপ্যমাত্যো মেধাবী শূরো দক্ষো বিচক্ষণঃ।
রাজানং রাজপুত্রং বা প্রাপয়েন্মহতীং শ্রিয়ম্॥ বা, অ, ১০০স, ২৩—২৪। ম, স, ৫অ। ৩৭।

৩। অসৎপাপিষ্ঠসচিবো বধ্যো লোকস্য ধর্ম্মহা।
সহৈব পরিবারেণ ক্ষিপ্রমেবাবসীদতি॥ ম, শা, ৯২অ, ৯।

৪। "ন রাজ্যমনমাত্যেন শক্যং শাস্তুমপিত্র্যহম্।"
অমাত্যঃ শূর এব স্যাদ্ বুদ্ধিসম্পন্ন এব বা।
তাভ্যাঞ্চৈবোভয়ং রাজন্ পশ্য রাজ্য প্রয়োজনম্॥ ম, শা, ১০৬অ, ১১—১২।

৫। চতুর্ব্বিধানি মিত্রাণি রাজ্ঞাং রাজন্ ভবন্ত্যত।
সহার্থো ভজমানশ্চ সহজঃ কৃত্রিমস্তথা॥
"ধর্ম্মাত্মা পঞ্চমশ্চাপি মিত্রং নৈকস্যনদ্বয়োঃ।" ম, শা, ৮০অ, ৩—৪।

আমরা উভয়েই উন্মূলিত করিব এবং এই শত্রুরাজ্য আমরা উভয়েই বিভাগ করিয়া গ্রহণ করিব, তিনি সহার্থ।

(খ) যিনি পৈতৃ-পৈতামহ ক্রমে বিদ্যমান থাকেন তিনি ভজমান।

(গ) মাতৃস্বস্রীয়াদি সহজ।

(ঘ) যিনি ধনাদি দ্বারা আবর্জ্জিতা, তিনি কৃত্রিম।

(ঙ) যিনি ধর্ম্মাত্মা, অপক্ষপাতী, উভয়ের নিকট বেতন গ্রহণ করিবার অভিপ্রায়ে কপটতা না করেন এবং ধর্ম্মপক্ষপাতী হইয়া তদনুসারে ধর্ম্মপথেই বিদ্যমান থাকেন, তিনি রাজাদিগের পঞ্চম মিত্র।

৬। যাঁহারা কুলীন, সৎস্বভাব-সম্পন্ন, ক্ষমবান, আত্মশ্লাঘা-বিরহিত, শূর, আর্য্য, বিদ্বান্, কার্য্যাকার্য্য-বিবেক-কুশল, সর্ব্বকর্ম্মে অবহিত, সম্মাননীয়, সংবিভক্ত, সুসহায়-সম্পন্ন ও সৎকর্ম্মশালী তাঁহাদিগকেই অমাত্যপদবীতে নিযুক্ত করা কর্ত্তব্য। এতাদৃশ লোক সকল আয়-ব্যয়-সঙ্কলনাদি যাবতীয় প্রধান রাজকার্য্যে অধিকৃত হইলে শ্রেয়োবর্দ্ধন করিয়া থাকেন। ম, শা, ৮০ অ। ২৮-৩১।

৭। যাঁহারা কুলীন, সৎস্বভাবসম্পন্ন, ইঙ্গিতজ্ঞ, অনিষ্ঠুর, দেশকাল

। কুলীনঃশীলসম্পন্নস্তিতিক্ষুরবিকত্থনঃ।
শূরশ্চার্য্যশ্চ বিদ্বাংশ্চ প্রতিপত্তিবিশারদঃ॥
এতে হ্যমাত্যাঃ কর্ত্তব্যাঃ সর্ব্বকর্ম্মস্ববস্থিতাঃ।
পূজিতাঃ সম্বিভক্তাশ্চ সুসহায়াঃ স্বনুষ্ঠিতাঃ॥
কৃৎস্নমেতে বিনিক্ষিপ্তাঃ প্রতিরূপেষু কর্ম্মসু॥
যুক্তা মহৎসু কার্য্যেষু শ্রেয়াংস্যুত্থাপয়ন্ত্যুত॥ ম, শা, ৮০অ, ২৮—৩১।

। কুলীনান্শীলসম্পন্নানিঙ্গিতজ্ঞাননিষ্ঠুরান্।
দেশকালবিধানজ্ঞান্ ভর্ত্তৃকার্য্য হিতৈষিণঃ॥
"নিত্যমর্থেষু সর্ব্বেষু রাজা কুর্ব্বীত মন্ত্রিণঃ॥" ম, শা, ৮৩অ। ৮—৯।

ও বিধানবিৎ এবং ভর্ত্তৃকার্য্য-হিতৈষী তাঁহাদিগকে সতত সর্ব্বকার্য্যে অমাত্য করিবে। ম, শা, ৮৩ অ।৮-৯।

৮। যিনি সমর্থ ব্যক্তির সম্মান করেন, স্পর্দ্ধাহীন ব্যক্তির প্রতি স্পর্দ্ধা না করেন, কাম, ক্রোধ, ভয়, লোভ বশতঃ ধর্ম্মত্যাগ না করেন এবং অভিমানশূন্য, সত্যবাদী, ক্ষমাশীল, জিতাত্মা, মানী ও সকল অবস্থাতেই পরীক্ষিত, তিনিই নৃপতিগণের মন্ত্রী হইবার উপযুক্ত পাত্র। ম, শা, ৮৩ অ।১৪-১৫।

৯। যিনি কুলীন, সৎকুলসম্ভূত, ক্ষমাবান্, পটু, প্রশস্তচিত্ত, শূর, কৃতজ্ঞ ও সত্যধর্ম্মা তিনিই সাধু ও প্রাজ্ঞ পুরুষ; তিনি নিকটে বিদ্যমান্ থাকিলে অমিত্রগণ প্রসন্ন হইয়া মিত্রবৎ ব্যবহার করিয়া থাকে, অতএব সংযতাত্মা, কৃতপ্রজ্ঞ, ভূতিকাম ভূমিপতি, এতাদৃশ আমাত্য ভিন্ন অপর অমাত্যগণের সমস্ত গুণাগুণ পরীক্ষা করিবেন। ম, শা, ৮৩ অ।১৬-১৮।

১০। উন্নতিশালী, ভূতিকাম ভূপতিগণ আত্মীয়, কুলীন, স্বদেশজাত

৮। সমর্থান্ পূজয়েদ্‌যশ্চ নাস্পর্দ্ধৈঃ স্পর্দ্ধতে চ যঃ।
ন চ কামাদ্ভয়াৎ ক্রোধাল্লোভাদ্বা ধর্ম্মমুৎসৃজেৎ॥
অমানী সত্যবান্ ক্ষান্তো জিতাত্মা মানসংযুতঃ।
স তে মন্ত্র সহায়ঃ স্যাৎ সর্ব্বাবস্থা পরীক্ষিতঃ॥ ম, শা, ৮৩অ, ১৪—১৫॥

৯। কুলীনঃ কুলসম্পন্নস্তিতিক্ষুর্দক্ষ আত্মবান্।
শূরঃ কৃতজ্ঞঃ সত্যশ্চ শ্রেয়সঃ পার্থ লক্ষণম্॥
তস্যৈবং বর্ত্তমানস্য পুরুষস্য বিজানতঃ।
অমিত্রাঃ সম্প্রসীদন্তি তথা মিত্রীভবন্ত্যপি॥
অত ঊর্দ্ধমমাত্যানাং পরীক্ষেত গুণাগুণম্।
সংযতাত্মা কৃতপ্রজ্ঞো ভূতিকামশ্চ ভূমিপঃ॥ ম, শা, ৮৩অ, ১৬—১৮।

১০। সম্বন্ধি পুরুষৈরাপ্তৈরভিজাতৈঃ স্বদেশজৈঃ।
অহার্য্যৈরব্যভিচারৈঃ সর্ব্বশঃ সুপরীক্ষিতৈঃ॥

এবং চন্দনাদি দ্বারা অবশীকৃত, ব্যভিচার-বিরহিত ও সুন্দররূপে পরীক্ষিত পুরুষ সকলের সহিত সম্বন্ধ এবং উৎকৃষ্ট-যোনি-সম্ভূত, বেদপারগ, পরম্পরা-গত ও অনহঙ্কৃত মানবগণকেই মন্ত্রী-করিবেন। ম, শা, ৮৩ অ। ১৯-২০।

১১। যাহারা পর্য্যাপ্ত-বাদী, বীর, প্রতিপত্তি-বিশারদ, কুলীন, সত্ত্ব-সম্পন্ন, ইঙ্গিতজ্ঞ, অনিষ্ঠুর, দেশ, কাল ও বিধানবিৎ এবং স্বামীকার্য্য-হিতৈষী রাজা তাহাদিগকে সতত সকল কার্য্যেই মন্ত্রী করিবেন। ম, শা, ৮৩ অ।২৩-২৪।

১২। যে ব্যক্তি তেজোহীন মিত্রের সহিত সংসর্গ করে সে কদাচ কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয় নিশ্চয় করিতে সমর্থ হয় না, প্রত্যুত সকল কর্ম্মেই সংশয় উৎপাদন করিয়া থাকে, অতএব রাজা এতাদৃশ মানবকে কখন মন্ত্রী করিবেন না। ম, শা, ৮৩ অ।২৫।

১৩। অসদ্বংশজাত মানব যথেষ্ট মত বহুশ্রুত হইলেও অনায়ক অন্ধের ন্যায় সূক্ষ্মকর্ম্মে মুগ্ধ হইয়া থাকে, অতএব রাজা তাহাকে অমাত্যপদে নিযুক্ত করিবেন না। ম, শা, ৮৩ অ।২৭।

যৌনাঃ শ্রৌতাস্তথা মৌলাস্তথৈবাপ্যনহঙ্কৃতাঃ ॥
কর্ত্তব্যা ভূতিকামেন পুরুষেণ বুভূষতা ॥ ম, শা, ৮৩ অ। ১৯—২০।

১১। পর্য্যাপ্তবচনান্ বীরান্ প্রতিপত্তিবিশারদান্।
কুলীনান্ সত্ত্বসম্পন্নানিঙ্গিতজ্ঞাননিষ্ঠুরান্ ॥
দেশকাল বিধানজ্ঞান্ ভর্ত্তৃকার্য্য হিতৈষিণঃ ॥
নিত্যমর্থেষু সর্ব্বেষু রাজন্ কুর্ব্বীত মন্ত্রিণঃ ॥ ম, শা, ৮৩অ। ২৩—২৪।

১২। হীনতেজোঽভি সংসৃষ্টো নৈব জাতু ব্যবস্যতি।
অবশ্যং জনয়ত্যেব সর্ব্ব কর্ম্মসু সংশয়ম্। ম, শা, ৮৩অ। ২৫।

১৩। তথৈবানভিজাতোঽপি কামমস্ত বহুশ্রুতঃ।
অনায়ক ইবাচক্ষুর্মুহ্যত্যণুষু কর্ম্মসু। ম, শা, ৮৩অ। ২৭।

১৪। যে ব্যক্তি ধর্ম্মশাস্ত্রের যথাবৎ অর্থ, সন্ধি-বিগ্রহ, বিশেষরূপে অবগত হইয়াছেন এবং মতিমান্, ধৈর্য্যশালী, লজ্জাশীল, রহস্য-বিষয়-গোপনকারী, কুলীন ও সত্ত্ব-সম্পন্ন সেই ব্যক্তিই প্রসংশনীয় অমাত্য বলিয়া পরিগণিত হইবেন। ম, শা, ৮৫ অ। ৩০-৩১।

১৫। রাজা পরিশুদ্ধ, কার্য্যাকার্য্য-বোধনে সমর্থ, অনুরক্ত, আত্ম-সদৃশ, সৎকুল-সম্ভূত বৃদ্ধদিগকে মন্ত্রীপদে অভিষিক্ত করিবেন, যেহেতু মন্ত্রই রাজাদিগের বিজয়ের মূল। ম, স, ৫ অ।২৬-২৭।

১৬। কুলীন, শিক্ষিত, প্রাজ্ঞ, জ্ঞান-বিজ্ঞান-পারদর্শী, সর্ব্ব-শাস্ত্রার্থ-তত্ত্বজ্ঞ, সহিষ্ণু, স্বদেশীয়, কৃতজ্ঞ, বলবান্, ক্ষমাশীল, দানশীল, জিতেন্দ্রিয়, অলুব্ধ, লব্ধ-সন্তুষ্ট, প্রভুর ও মিত্রগণের ঐশ্বর্য্য-লিপ্সু, মন্ত্রদান-কুশল, যে দেশে বা যে কালে যাহা কর্ত্তব্য তদ্বিষয়ে অভিজ্ঞ, প্রাণিমাত্রের মনোরঞ্জনে অনুরক্ত, সতত যুক্তিযুক্ত, হিতৈষী, অনলস, আচার-যুক্ত, স্ব-বিষয়ে সন্ধি-

---

১৪। ধর্ম্মশাস্ত্রার্থ তত্ত্বজ্ঞঃ সন্ধিবিগ্রহিকো ভবেৎ।
মতিমান্ ধৃতিমান্ হ্রীমান্ রহস্যবিনিগূহিতা॥
"কুলীনঃ সত্ত্বসম্পন্নঃ শুক্লোঽমাত্যঃ প্রশস্যতে।" ম, শা, ৮৫অ। ৩০—৩১।

১৫। "কচ্চিদাত্মসমা বৃদ্ধাঃ শুদ্ধাঃ সম্বোধনক্ষমাঃ।"
কুলীনাশ্চানুরক্তাশ্চ কৃতাস্তে বীরমন্ত্রিণঃ।
বিজয়ো মন্ত্রমূলো হি রাজ্ঞো ভবতি ভারত॥ ম, স, ৫অ। ২৬—২৭।

১৬। কুলীনং শিক্ষিতং প্রাজ্ঞং জ্ঞানবিজ্ঞানপারগম্।
সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞং সহিষ্ণুং দেশজং তথা॥
কৃতজ্ঞং বলবন্তং চ ক্ষান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্।
অলুব্ধং লব্ধসন্তুষ্টং স্বামিমিত্র বুভূষকম্॥
সচিবং দেশকালজ্ঞং সত্ত্বসংগ্রহণে রতম্।
সততং যুক্তমনসং হিতৈষিণমতন্দ্রিতম্॥
যুক্তাচারং স্ববিষয়ে সন্ধিবিগ্রহকোবিদম্।

বিগ্রহ-কোবিদ, নৃপতির ধর্ম্মার্থ-কামবেত্তা, পৌর ও জনপদবাসী জনগণের প্রিয়, যাহারা পর সৈন্যের ভেদ করিতে পারে, তাহাদের যে সমুদায় ব্যূহ তাহার তত্ত্বজ্ঞ, সৈন্য সকল প্রহৃষ্ট করিতে কোবিদ, ইঙ্গিতাকার-তত্ত্বজ্ঞ, যাত্রাবিজ্ঞান-বিশারদ, হস্তি-শিক্ষা-নিপুণ, অহঙ্কার-বিবর্জ্জিত, প্রগল্‌ভ, দক্ষিণ, দান্ত, বলবান্, সমুচিত-কার্য্যকারী, পবিত্র ও পবিত্র-জন পরিবেষ্টিত, সুমুখ, সুখ-দর্শন, নায়ক, নীতি-কুশল, গুণ ও চেষ্টাসমন্বিত, অস্তব্ধ, সূক্ষ্মার্থদর্শী, মধুর ও মৃদুভাষী, ধীর, শূর, মহৈশ্বর্য্য-সম্পন্ন এবং দেশকালানুসারে কার্য্য-সম্পাদক ব্যক্তিকে যিনি সচিব করেন এবং তাঁহাকে অবজ্ঞা না করেন, সুধাকরের চন্দ্রিকার ন্যায় সেই নরপতির রাজ্য বিস্তীর্ণ হয়। ম, শা, ১১৮ অ।৭-১৫।

১৭। যে সকল মনুষ্য শূর, প্রভুভক্ত, অরোগী, শিষ্ট, শিষ্ট-পরিবার, সম্মান-সম্পন্ন, বিদ্বান্, ধার্ম্মিক, সাধু ও অচল-সদৃশ-স্থিরস্বভাব এবং যাহারা

রাজ্ঞস্ত্রিবর্গবেত্তারং পৌরজানপদপ্রিয়ম্॥
খাতকব্যূহতত্ত্বজ্ঞং বলহর্ষণকোবিদম্।
ইঙ্গিতাকার তত্ত্বজ্ঞং যাত্রাজ্ঞানবিশারদম্।
হস্তিশিক্ষাসু তত্ত্বজ্ঞমহঙ্কারবিবর্জ্জিতম্।
প্রগল্‌ভং দক্ষিণং দান্তং বলিনং যুক্তকারিণম্॥
চৌক্ষং চৌক্ষজনাকীর্ণং সুমুখং সুখদর্শনম্।
নায়কং নীতিকুশলং গুণচেষ্টা সমন্বিতম্॥
অস্তব্ধং প্রস্তৃতং শ্লক্ষ্ণং মৃদুবাদিনমেব চ।
ধীরং শূরং মহর্দ্ধিঞ্চ দেশকালোপপাদকম্॥
সচিবং যঃ প্রকুরুতে ন চৈনমবমন্যতে।
তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্না গ্রহপতেরিব॥ ম, শা, ১১৮অ,৭-১৫।

১৭। শূরান্ ভক্তানসংহার্য্যান্ কুলে জাতানরোগিণঃ।
শিষ্টান্ শিষ্টাভিসম্বন্ধান্ মানিনোঽনবমানিনঃ॥

অন্ত দ্বারা প্রতারিত হয় না, অন্যের অবমাননা করে না, লোক সকলের চরিত্রজ্ঞ এবং পরলোকদর্শী, ঐশ্বর্য্যশালী, নৃপতি নিরন্তর এতাদৃশ সৎকুল-প্রসূত ব্যক্তিগণকে মন্ত্রীরূপে সহায় করিয়া, তাহাদিগের সহিত সমানভাবে বিষয়াদি ভোগ করিবেন, কেবল মাত্র ছত্র এবং আজ্ঞা প্রদান করাই তাঁহার অধিক থাকিবে। ম, শা, ৫৭ অ।২৩-২৫।

১৮। যে মন্ত্রী বিবেচনা-পূর্ব্বক শত্রুপক্ষের এবং আপনাদিগের বীর্য্য, বল, ক্ষয় ও বৃদ্ধির বিষয় যথাবৎ পরিজ্ঞাত হইয়া স্বামীর হিতবিষয়ে উপদেশ প্রদান করেন, তিনিই যথার্থ মন্ত্রী। বা, ল, ১৪ স।২২।

১৯। রাজা হিতাহিত-বিবেচনাশীল, মৌল (অর্থাৎ যাহারা বংশানুক্রমে ঐ রাজকুলের মন্ত্রিত্ব করিয়া আসিতেছে) গম্ভীরপ্রকৃতি এবং পবিত্র ব্যক্তিগণকে মন্ত্রিপদে নিযুক্ত করিবেন। যাজ্ঞ। ১ অ।৩১২।

২০। সন্মার্গ প্রতিরোধক দুরাত্মা সচিব রাজাকে ভক্ষণ করে, অতএব সাধু-সচিব নিযুক্ত করিবে। কাম, ৪ স।১২।

বিদ্যাবিদো লোকবিদঃ পরলোকান্ববেক্ষকান্।
ধর্ম্মে চ নিরতান্ সাধূনচলানচলানিব ॥
সহায়ান্ সততং কুর্য্যাদ্রাজা ভূতিপরিষ্কৃতঃ।
তৈশ্চ তুল্যো ভবেদ্ভোগৈশ্ছত্রমাত্রাজ্ঞয়াধিকঃ ॥ ম, শা, ৫৭অ। ২৩—২৫।

১৮। পরস্য বীর্য্যং স্ববলঞ্চ বুদ্ধ্বা
স্থানং ক্ষয়ঞ্চৈব তথৈব বৃদ্ধিম্।
তথা স্বপক্ষেঽপ্যনুমৃশ্য বুদ্ধ্যা
বদেৎ ক্ষমং স্বামিহিতং স মন্ত্রী ॥ বা, ল, ১৪স। ২২।

১৯। সমন্ত্রিণঃ প্রকুর্ব্বীত প্রাজ্ঞান্ মৌলান্ স্থিরান্ শুচীন্।
তৈঃ সার্দ্ধং চিন্তয়েদ্রাজ্যং বিপ্রেণাথ ততঃ স্বয়ং ॥ যাজ্ঞ, ১অ। ৩১২।

২০। নিরুন্ধানাঃ সতাং মার্গং ভক্ষয়ন্তি মহীপতিম্।
দুষ্টাত্মানস্তু সচিবাস্তস্মাৎ সুসচিবোভবেৎ ॥ কাম, ৪স। ১২।

২১। কুলীন, শুচি, বীর, বিদ্বান্, অনুরাগী, দণ্ডনীতি-শিক্ষয়িতা রাজার সচিব (অমাত্য) হইবে। কাম, ৪ স।২৫।

২২। উপস্থিত হইয়া বিধান করে এই জন্ম ইহার সংজ্ঞা উপধা, উপধাই উপায়; এই গুণ দ্বারা অমাত্যের পরীক্ষা করিবে। কাম, ৪ স।২৭।

২৩। অপ্রতিবন্ধ, জনপদবাসী, কুলশীলবলসম্পন্ন, বাগ্মী, প্রগল্ভ, সূক্ষ্মদৃষ্টি, উৎসাহী, প্রতিপত্তিমান্; স্তম্ভ (জড়তা) ও চাপল্যরহিত, বন্ধু, ক্লেশসহিষ্ণু, পবিত্র, সত্যপরায়ণ সত্ত্ব (মহানুভাব), ধৃতি (ধৈর্য্য), স্থিরতা, প্রভাব ও আরোগ্যবিশিষ্ট; শিল্প-কুশল, দক্ষ, প্রাজ্ঞ, ধারণাযুক্ত, দৃঢ়ভক্তি এবং অকৃতবৈরি ব্যক্তি সচিব হইবে। কাম, ৪ স।২৮-৩০।

২৪। স্মৃতি, সকল বিষয়ে তৎপরতা, বিতর্ক জ্ঞাননিশ্চয় (অবধারণা), দৃঢ়তা, মন্ত্রণা গোপন, এই কয়টী মন্ত্রীর গুণ। কাম, ৪ স।৩১।

২১। কুলীনাঃ শুচয়ঃ শূরাঃ শ্রুতবন্তোঽনুরাগিণঃ।
দণ্ডনীতি প্রযোক্তারঃ সচিবাঃ স্যুর্মহীপতেঃ॥ কাম, ৪স। ২৫।

২২। উপেত্য ধীয়তে যস্মাদুপধেতি ততঃ স্মৃতা।
উপায়া উপধা জ্ঞেয়াস্তয়াঽমাত্যান্ পরীক্ষয়েৎ॥ কাম, ৪স। ২৭।

২৩। স্ববগ্রহো জানপদঃ কুলশীলবলান্বিতঃ।
বাগ্মী প্রগল্ভশ্চক্ষুষ্মানুৎসাহী প্রতিপত্তিমান্॥
স্তম্ভচাপলহীনশ্চ মৈত্রঃ ক্লেশসহঃ শুচিঃ।
সত্যসত্ত্বধৃতিস্থৈর্য্য প্রভাবারোগ্যসংযুতঃ॥
কৃতশিল্পশ্চ দক্ষশ্চ প্রজ্ঞাবান্ ধারণান্বিতঃ।
দৃঢ়ভক্তিরকর্ত্তাচ বৈরাণাং সচিবো ভবেৎ॥ কাম, ৪স। ২৮—৩০।

২৪। স্মৃতিস্তৎপরতার্থেষু বিতর্কো জ্ঞাননিশ্চয়ঃ।
দৃঢ়তা মন্ত্রগুপ্তিশ্চ মন্ত্রিসম্পৎপ্রকীর্ত্তিতা॥ কাম, ৪স।৩১।

২৫। বেদজ্ঞ, প্রগল্‌ভ, স্নাতক ও পবিত্র ব্রাহ্মণ চারিজন; শস্ত্রপাণি বলবান্ ক্ষত্রিয় আটজন; বিত্ত-সম্পন্ন বৈশ্য একবিংশতি জন; নিত্যকর্ম্ম-নিরত, পবিত্র, বিনীত শূদ্র তিন জন; শুশ্রূষা, শ্রবণ, ধারণ, উহন, অপোহন, বিজ্ঞান ও তত্ত্বজ্ঞান এই অষ্টগুণযুক্ত, প্রগল্‌ভ, অনসূয়ক, পঞ্চাশৎ বর্ষীয়, শ্রুতি-স্মৃতি-সমাযুক্ত, বিনীত, সমদর্শী, কার্য্যে বিবদমান ব্যক্তি-গণের মধ্যে সমর্থ, অর্থালোলুপ এবং মৃগয়া, অক্ষ, স্ত্রী, পান, দণ্ডপাতন, বাক্‌পারুষ্য, অর্থদূষণ প্রভৃতি সপ্তপ্রকার ঘোরতর ব্যসনবর্জ্জিত পৌরাণিক সূত একজন ইহাদিগকে অমাত্য করিবে। পরন্তু রাজা ব্রাহ্মণ চতুষ্টয়, শূদ্রত্রয় ও একজন সূত এই অষ্ট মন্ত্রিগণের মধ্যবর্ত্তী হইয়া মন্ত্রণা স্থির করিবেন। ম, শা, ৮৫ অ। ৭—১১।

২৬। যাহাদের মন্ত্রণা দ্বারা রাজ্য, প্রজা, বল, কোষ, সুনৃপত্ব ও অরি-নাশ হয় না, এরূপ মন্ত্রীর প্রয়োজন কি? শুক্র, ২ অ। ৮৩।

২৫। চতুরো ব্রাহ্মণান্ বৈদ্যান্ প্রগল্‌ভান্ স্নাতকান্ শুচীন্।
ক্ষত্রিয়াংশ্চ তথা চাষ্টৌ বলিনঃ শস্ত্রপাণিনঃ॥
বৈশ্যান্ বিত্তেন সম্পন্নানেকবিংশতি সংখ্যয়া।
ত্রীংশ্চ শূদ্রান্ বিনীতাংশ্চ শুচীন্ কর্ম্মণি পূর্ব্বকে॥
অষ্টাভিশ্চ গুণৈর্যুক্তং সূতং পৌরাণিকং তথা।
পঞ্চাশদ্বর্ষবয়সং প্রগল্‌ভমনসূয়কম্॥
শ্রুতিস্মৃতিসমাযুক্তং বিনীতং সমদর্শিনম্।
কার্য্যে বিবদমানানাং শক্তমর্থেষ্বলোলুপম্॥
বর্জ্জিতং চৈব ব্যসনৈঃ সুঘোরৈঃ সপ্তভির্ভৃশম্।
অষ্টানাং মন্ত্রিণাং মধ্যে মন্ত্রং রাজোপধারয়েৎ॥ ম, শা, ৮৫অ। ৭—১১।

২৬। রাজ্যং প্রজা বলং কোশঃ সুনৃপত্বং ন বর্দ্ধিতম্।
যন্মন্ত্রতোঽরিনাশস্তৈর্মন্ত্রিভিঃ কিং প্রয়োজনম্॥ শুক্র, ২অ। ৮৩।

২৭। মন্ত্রী নীতিকুশল, পণ্ডিত, ধর্ম্মতত্ত্ববিদ্, লোকশাস্ত্রনয়জ্ঞ ও প্রাড়্বিবাক্ হইবেন। শুক্র, ২ অ।৮৫।

২৮। অমাত্য দেশকালাভিজ্ঞ ও সুমন্ত্র আয়ব্যয়াভিজ্ঞ হইবেন। শুক্র ২ অ।৮৬।

২৯। যে রাজার মন্ত্রিগণ দান্ত নহেন, বান্ধবগণ অবিনীত, পুত্রাদি দুষ্ট, তাঁহার রাজ্য ভ্রষ্টশ্রী হয়। শুক্র, ১অ।৯৬।

৩০। মহীপতির মন্ত্রী সকল কুলীন, শুচি, শূর, শ্রুতবান্, অনুরাগী ও দণ্ডনীতি প্রয়োগ বিষয়ে সুনিপুণ এবং যুদ্ধ ও কলাবিদ্যাবিশারদ, জনপদবাসী ও কুলশীল-সম্পন্ন হইবেন। যে ব্যক্তি বাগ্মী, প্রগল্ভ, চক্ষুষ্মান্, উৎসাহসম্পন্ন, প্রতিপত্তিবিশিষ্ট, স্তম্ভহীন, চাপল্যহীন, মৈত্র, ক্লেশসহিষ্ণু, শুচি, সত্যসম্পন্ন সত্ত্বশালী, ধীর, ধৃতিমান্, স্থিরত্ববিশিষ্ট,

---

২৭। মন্ত্রী তু নীতিকুশলঃ পণ্ডিতো ধর্ম্মতত্ত্ববিৎ।
লোকশাস্ত্রনয়জ্ঞস্তু প্রাড়্বিবাকঃ স্মৃতঃ সদা॥ শুক্র, ২অ।৮৫।

২৮। দেশকালপ্রবিজ্ঞাতা হ্যমাত্য ইতি কথ্যতে।
আয় ব্যয় প্রবিজ্ঞাতা সুমন্ত্রঃ স চ কীর্ত্তিতঃ॥ শুক্র, ২অ।৮৬।

২৯। ভ্রষ্টশ্রীঃ স্বামিতা রাজ্ঞো যস্য দান্তা ন মন্ত্রিণঃ।
তথাঽবিনীতা দায়াদা দুষ্টাঃ পুত্রাদয়োঽপি চ॥ শুক্র, ১অ।৯৬।

৩০। "কুলীনাঃ শুচয়ঃ শূরাঃ শ্রুতবন্তোঽনুরাগিনঃ॥"
দণ্ডনীতেঃ প্রযোক্তারঃ সচিবাঃ স্যুর্মহীপতেঃ।
সুবিগ্রহো জানপদঃ কুলশীল-কলান্বিতঃ॥
বাগ্মী প্রগল্ভশ্চক্ষুষ্মানুৎসাহী প্রতিপত্তিমান্।
স্তম্ভচাপলহীনশ্চ মৈত্রঃ ক্লেশসহঃ শুচিঃ॥
সত্যসত্ত্বধৃতিস্থৈর্য্যপ্রভাবারোগ্যসংযুতঃ।
কৃতশিল্পশ্চ দক্ষশ্চ প্রজ্ঞাবান্ধারণান্বিতঃ॥
দৃঢ়ভক্তিরকর্ত্তা চ বৈরাণাং সচিবো ভবেৎ।

প্রভাবসম্পন্ন, নীরোগ, কৃতশিল্প, দক্ষ, প্রজ্ঞাবান্, ধারণান্বিত, দৃঢ়ভক্তি-বিশিষ্ট এবং যে ব্যক্তি বৈরিতানাশ করে, তাহাকেই সচিবপদ দান করিবে। স্মৃতি, অর্থ-তৎপরতা, চিত্তজ্ঞতা, কার্য্যনিশ্চয়, জ্ঞাননিশ্চয়, দৃঢ়তা ও মন্ত্র-গুপ্তি এই কয়েকটীকে মন্ত্রিসম্পৎ কহে। অগ্নি, ২৩৯ অ। ১১—১৫।

নবম স্তবক।

[রাজার মন্ত্রীর প্রতি ব্যবহার]।

১। রাজা, যে সকল অমাত্য উৎকোচ গ্রহণ করেন না, যাঁহারা পিতৃ-পিতামহাদি পুরুষানুক্রমে মন্ত্রিত্ব করিয়া আসিতেছেন এবং যাঁহাদের বাহ্য ও অন্তরিন্দ্রিয় শুদ্ধ, সেই শ্রেষ্ঠ মন্ত্রিবর্গকে শ্রেষ্ঠ কার্য্যে নিযুক্ত করিবেন। ম, স, ৫ অ। ৪৩। বা, অ, ১০০ স। ২৬।

২। সচিবাদি-বিহীন নৃপতির শ্রী অসম্ভব এবং কেবল দৈবের প্রতি নির্ভর করিলে শ্রেয়ঃ হয় না। (অতএব রাজা মন্ত্রী রাখিবেন)। ম, শা, ১০৪ অ। ৫৪।

স্মৃতিস্তৎপরতার্থেষু চিত্তজ্ঞো জ্ঞাননিশ্চয়ঃ।
দৃঢ়তা মন্ত্রগুপ্তিশ্চ মন্ত্রিসম্পৎ প্রকীর্ত্তিতা॥ অগ্নি, ২৩৯অ। ১১—১৫।

১। অমাত্যানুপধাতীতান্ * পিতৃপৈতামহান্ শুচীন্।
শ্রেষ্ঠান্ শ্রেষ্ঠেষু কচ্চিৎ ত্বং নিয়োজয়সি কর্ম্মসু। বা, অ, ১০০ স।২৬। ম, স ৫অ।৪৩।

২। অসম্ভবে শ্রিয়ো রাজন্ হীনস্য সচিবাদিভিঃ।
দৈবে প্রতিনিবিষ্টে চ কিং শ্রেয়ো মন্যতে ভবান্॥ ম, শা, ১০৪অ। ৫৪।

---

* উপধা—রাজ্ঞাং ধর্ম্মকামার্থ ভয়ৈরমাত্যাদের্যৎ পরীক্ষণম্। ইত্যমরঃ।
উপধাতীতান্—পরীক্ষোত্তীর্ণান্ ইত্যর্থঃ॥

৩। সহার্থ ও কৃত্রিম মিত্রকে সততই শঙ্কা করিতে হইবে। বিশেষতঃ দুষ্ট অমাত্যের নিগ্রহাদি নিজ কার্য্য সকল কাহারও সমক্ষে না করিয়া স্বয়ং সম্পাদন করিতে হইবে। ম, শা, ৮০ অ। ৬।

৪। যিনি মেধাবী, স্মৃতিমান্, দক্ষ, স্বভাবতঃ অনৃশংস এবং সম্মানিত বা অবমানিত হইলেও কদাচ কাহারও অপকার না করেন, তিনি ঋত্বিক্ আচার্য্য বা অত্যন্ত সংস্তুত সখা হইলেও অমাত্য হইয়া তোমার গৃহে বাস করিলে তাহাকে সমধিক সম্মান করিবে। তিনি তোমার পরম মন্ত্র ও ধর্ম্ম অর্থের প্রকৃতি জানিবেন এবং তুমিও তাঁহাকে পিতার ন্যায় বিশ্বাস করিবে। (ইহা যুধিষ্ঠিরের প্রতি ভীষ্মের উক্তি)। ম, শা, ৮০ অ। ২২—২৪।

৫। স্বামী কদাচিৎ ক্রুদ্ধ হইলে মন্ত্রীকে স্থানচ্যুত করেন, অথবা বাক্যদ্বারা ভৎ´সনা করিয়া পুনরায় তাহার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, কিন্তু অনুরক্ত মিত্রই স্বামীর সেই সমুদয় উপদ্রব সহ্য করিতে পারে, পরন্তু অননুরক্ত মিত্র তাহা কোন ক্রমে সহ্য করিতে পারে না; প্রত্যুত

৩। চতুর্ণাং মধ্যমৌ শ্রেষ্ঠৌ নিত্যং শঙ্কৌ তথাপরৌ।
সর্ব্বে নিত্যং শঙ্কিতব্যাঃ প্রত্যক্ষং কার্য্যমাত্মনঃ ॥ ম, শা, ৮০অ। ৬।

৪। মেধাবী স্মৃতিমান্ দক্ষঃ প্রকৃত্যা চানৃশংসবান্।
যো মানিতোঽমানিতো বা ন চ দুষ্যেৎ কদাচন ॥
ঋত্বিগ্বা যদি বাচার্য্যঃ সখা বাঽত্যন্ত সংস্তুতঃ।
গৃহে বসেদমাত্যস্তে স স্যাৎ পরমপুজিতঃ ॥
স তে বিদ্যাৎ পরং মন্ত্রং প্রকৃতিং চার্থধর্ম্ময়োঃ।
বিশ্বাসস্তে ভবেত্তত্র যথা পিতরি বৈ তথা। ম, শা, ৮০অ। ২২—২৪ ॥

৫। সংক্রুদ্ধশ্চৈকদাস্বামী স্থানাচ্চৈবাপকর্ষতি।
বাচা ক্ষিপতি সংরব্ধঃ পুনঃ পশ্চাৎ প্রসীদতি ॥

তাহাদের ক্রোধ বজ্রশব্দ সদৃশ হইয়া থাকে। যে মন্ত্রী স্বামীর প্রিয় কামনায় তাঁহার সেই উপদ্রব সকল সংহার করিতে পারে, রাজা সমসুখ-দুঃখভাগী সেই মানবকেই অর্থ বিষয়ে পরামর্শ জিজ্ঞাসা করিয়া থাকেন। ম, শা, ৮৩ অ। ৩২—৩৪।

৬। অমাত্যেরা স্বামীর প্রসাদে ধর্ম্ম, অর্থ, কাম ও যশ লাভ করেন এবং স্বামী অপ্রসন্ন হইলে তাহা হইতে বঞ্চিত হন। বা,অর। ৪১ স।৮—৯

৭। রাজার সর্ব্বার্থ-তত্ত্বজ্ঞ ও বুদ্ধিজীবী সচিবগণের সহিত পরামর্শ করিয়া আপনার যাহাতে নিজের হিত হয়, এরূপ কার্য্য করা কর্ত্তব্য। মন্ত্রিমধ্যে পরিগণিত শাস্ত্রানভিজ্ঞ যে সকল পশুবুদ্ধি পুরুষগণ শাস্ত্রের অর্থ অবগত না হইয়া প্রাগল্‌ভ্য বশতঃ যে কথা কহিয়া থাকে, বিপুল ঐশ্বর্য্যা-ভিলাষী মহীপতিগণের পক্ষে তাদৃশ অশাস্ত্রবিদ্ মন্ত্রীর বাক্যানুসারে কার্য্য করা সমুচিত নহে। যে সকল কার্য্য-দূষক ব্যক্তিগণ ধৃষ্টতা বশতঃ অহিত-কেও হিত বলিয়া বর্ণন করে, তাহাদিগকে মন্ত্রণা কার্য্য হইতে বহিষ্কৃত করা কর্ত্তব্য। বা, ল, ৬৩ স। ১৩—১৪।

তানি তান্যনুরক্তেন শক্যানি হি তিতিক্ষিতুম্।
মন্ত্রিণাং চ ভবেৎ ক্রোধো বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ॥
যস্তু সংহরতে তানি ভর্ত্তুঃ প্রিয়চিকীর্ষয়া।
সমানসুখদুঃখং তং পৃচ্ছেদর্থেষু মানবম্॥ ম, শা, ৮৩অ। ৩২—৩৪।

৬। ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ যশশ্চ জয়তাং বর।
স্বামিপ্রসাদাৎ সচিবাঃ প্রাপ্নুবন্তি নিশাচর॥
বিপর্য্যয়ে তু তৎ সর্ব্বং ব্যর্থং ভবতি রাবণ।
ব্যসনং স্বামি বৈগুণ্যাৎ প্রাপ্নুবন্তীতরেজনাঃ। বা, অর, ৪১স। ৮—৯॥

৭। হিতানুবন্ধমালোক্য কুর্য্যাৎ কার্য্যমিহাত্মনঃ।
রাজা সহার্থ তত্ত্বজ্ঞৈঃ সচিবৈবুদ্ধি জীবিভিঃ॥

৮। রাজার মন্ত্রনির্ণয়কালে মিত্রবৎ প্রতীয়মান কিন্তু উৎকোচাদি দ্বারা শত্রুপক্ষাশ্রিত, সুতরাং অমিত্র, এরূপ কুমন্ত্রীদিগকে পরীক্ষা করা কর্ত্তব্য। বা, ল, ৬৩ স। ১৮।

৯। পরীক্ষা না করিয়া মহীপালের মন্ত্রী নিযুক্ত করা উচিত নহে। যে নৃপতি অকুলীন নরগণ কর্ত্তৃক আকীর্ণ রহেন, তিনি কখন সুখী হইতে পারেন না। ম, শা, ১১৮ অ। ৪।

১০। স্বজাতি, গুণসম্পন্ন অমাত্যগণকে স্বকীয় কর্ম্মে সংস্থিত করা কর্ত্তব্য, তাহাদিগকে অযথাস্থানে নিযুক্ত করা বিধেয় নহে। ম, শা, ১১৯ অ। ৩।

১১। রাজা নীরোগাবস্থায় শাস্ত্রোক্ত নিয়মানুসারে স্বয়ং রাজ্যশাসন করিবেন এবং যখন অসুস্থ হইবেন, তখন উপযুক্ত অমাত্যবর্গের উপর রাজ্যভার অর্পণ করিবেন। মনু ৭ অ। ২২৬।

১২। ভূপতি কৃতজ্ঞ, প্রাজ্ঞ, উচ্চ-কুলোদ্ভব, দৃঢ়ভক্তি, জিতেন্দ্রিয়, ধর্ম্মনিষ্ঠ, নীতিস্থিত মন্ত্রীকে সমাদর করিবেন। ম, শা, ৬৮ অ। ৫৬।

অনভিজ্ঞায় শাস্ত্রার্থান্ পুরুষাঃ পশুবুদ্ধয়ঃ।
প্রাগলভ্যাদ্বক্তুমিচ্ছন্তি মন্ত্রিষভ্যন্তরীকৃতাঃ॥ বা, ল, ৬৩স। ১৩—১৪।

৮। তান্ ভর্ত্তা মিত্রসঙ্কাশানমিত্রান্মন্ত্রনির্ণয়ে।
ব্যবহারেণ জানীয়াৎ সচিবানুপসংহিতান্। বা, ল, ৬৩স। ১৮।

৯। নাপরীক্ষ্য মহীপালঃ সচিবং কর্ত্তুমর্হতি।
অকুলীননরাকীর্ণো ন রাজা সুখমেধতে॥ ম, শা, ১১৮অ। ৪।

১০। স্বজাতিগুণসম্পন্নাঃ স্বেষু কর্ম্মসু সংস্থিতাঃ।
প্রকর্ত্তব্যা হ্যমাত্যাস্তু নাস্থানে প্রক্রিয়া ক্ষমা॥ ম, শা, ১১৯অ। ৩।

১১। এতদ্বিধানমাতিষ্ঠেদরোগঃ পৃথিবীপতিঃ॥
অস্বস্থঃ সর্ব্বমেতত্তু ভৃত্যেষু বিনিযোজয়েৎ॥ মনু, ৭অ। ২২৬।

১২। কৃতজ্ঞং প্রাজ্ঞমক্ষুদ্রং দৃঢ়ভক্তিং জিতেন্দ্রিয়ম্।
ধর্ম্মনিষ্ঠং স্থিতং নীত্যাং মন্ত্রিণং পূজয়েন্নৃপঃ॥ ম, শা, ৬৮অ। ৫৬।

১৩। রাজা বিশুদ্ধ, লোভশূন্য, অপ্রমত্ত এবং শক্তিসম্পন্ন ব্যক্তিদিগকে যাবদীয় অর্থকার্য্য-সহায় অর্থাৎ মন্ত্রী করিবেন। বিষ্ণু ৩ অ। ৪৯।

১৪। রাজা অমাত্য যদি একবার অপরাধ করে, তবে তাহাকে নির্জ্জনে শাস্তি দিবেন, যে পুনঃ পুনঃ অপরাধ করে, তাহাকে প্রকাশ্যে ত্যাগ করিবেন। অন্যায়বর্ত্তী অমাত্যের রাজ্য, ভূমি ও সর্ব্বস্বহরণ করিবেন। শুক্র, ১ অ। ৩৭৬—৩৭৭।

১৫। যে রাজা মন্ত্রিমুখে হিতাহিত শ্রবণ না করেন, তিনি রাজরূপে প্রজার ধনহারক দস্যু। শুক্র, ২ অ। ২৫৭।

১৩। "বরয়েৎ শুচীনলুব্ধানবহিতাঞ্ছক্তিসম্পন্নান্ সর্ব্বার্থেষু চ সহায়ান্।" বিষ্ণু ৩ অ।৪৯।

১৪। "অমাত্যমপি সংবীক্ষ্য সকৃদন্যায়গামিনম্।"

একান্তে দণ্ডয়েৎ স্পষ্টমভ্যাসাপকৃতং ত্যজেৎ।

অন্যায়বর্ত্তিনাং রাজ্যং সর্ব্বস্বঞ্চ হরেন্নৃপঃ। শুক্র, ১অ।৩৭৬—৩৭৭।

১৫। হিতাহিতং ন শৃণোতি রাজা মন্ত্রিমুখাচ্চ যঃ।

স দস্যু রাজরূপেণ প্রজানাং ধনহারকঃ। শুক্র, ২অ।২৫৭।

দশম স্তবক।

[মন্ত্রীর রাজার প্রতি ব্যবহার।]

১। মন্ত্রিগণ রাজার অনুমতি লইয়া রাজ্যশাসন করিবেন। ম, স, ৫ অ। ৪৪।

২। যাজকেরা যেমন পতিত ব্যক্তিকে অবজ্ঞা করেন এবং কামিনীগণ যেমন স্বেচ্ছাবিহারী স্বামীকে অবজ্ঞা করে, তদ্রূপ অমাত্যেরা যেন রাজাকে অবজ্ঞা না করেন। ম, স, ৫ অ। ৪৫।

৩। হিতার্থী মন্ত্রীদিগের নরপতিগণকে হিত বাক্যই বলা উচিত। বা, কি, ৩২ স। ১৮।

৪। রাজা কামচারী হইয়া কুপথবর্ত্তী হইলে, সাধু মন্ত্রীরা সর্ব্বতোভাবে তাঁহাকে নিবারণ করিয়া থাকেন। বা, অর, ৪১ স। ৭।

৫। যে বিজ্ঞ মন্ত্রী স্বীয় ঐশ্বর্য্য কামনা করেন, তিনি ভূপতি কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া কৃতাঞ্জলিপুটে স্বীয় বক্তব্য বিষয় নিবেদন করিবেন; যেহেতু রাজাদিগের নিকটে মৃদুতা সহকারে রাজনীতি-সম্মত, মনোহর,

---

১। "রাষ্ট্রং তবানুশাসন্তি মন্ত্রিণো ভরতর্ষভ"। ম, স, ৫অ।৪৪।

২। কচ্চিৎ ত্বাং নাবজানন্তি যাজকাঃ পতিতং যথা।
উগ্রপ্রতিগ্রহীতারং কামযানমিব স্ত্রিয়ঃ॥ ম, স, ৫অ।৪৫।

৩। "নিযুক্তৈর্মন্ত্রিভির্বাচ্যো হ্যবশ্যং পার্থিবং হিতম্।" বা, কি, ৩২স।১৮

৪। অমাত্যৈঃ কামবৃত্তো হি রাজা কাপথমাশ্রিতঃ।
নিগ্রাহ্যঃ সর্ব্বথা সদ্ভিঃ ন নিগ্রাহ্যো নিগৃহ্যসে॥ বা, অর, ৪১স।৭।

৫। সম্পৃষ্টেন তু বক্তব্যং সচিবেন বিপশ্চিতা।
উদ্যতাঞ্জলিনা রাজ্ঞো য ইচ্ছেদ্ভূতিমাত্মনঃ॥

হিতজনক, অবিরুদ্ধ বাক্যই বলা উচিত। হিতজনক বাক্যও যদি অপমান সহকারে অভিহিত হয়, তবে সম্মানার্থী রাজা সেই সম্মান-রহিত বাক্যে অভিনন্দন করেন না। বা, অর, ৪০ স। ৯—১১।

৬। যিনি ইচ্ছা করিলে নিগ্রহ ও অনুগ্রহ দুইই করিতে পারেন সেই রাজার সম্মুখে সহসা তাঁহার অপ্রিয় নিবেদন করা উপজীবী সচিবগণের কখনই উচিত নহে। বা, ল, ২৯ স। ৭।

৭। উপধাগুণান্বিত, সানুরাগ (অনুরক্ত) সচিব সম্যক্ পর্য্যবেক্ষণ করিয়া রাজার সদসৎ কার্য্যকলাপ পরীক্ষা করিবে। কাম, ৪ স। ২৬।

৮। মন্ত্রী কুকার্য্যনিরত রাজাকে কুকার্য্য হইতে প্রতিনিবৃত্ত করিবে। রাজা গুরুবাক্য অপেক্ষাও মন্ত্রিবাক্যে অধিকতর আস্থা স্থাপন করিবেন। কাম, ৪স। ৪১।

৯। সঙ্কীর্ণ (মদমত্ত) হস্তীর আধোরণের ন্যায় মদোদ্ধত, অন্যায়বৃত্ত রাজার নেতৃবর্গ (অমাত্য প্রভৃতি) নিন্দাভাগী হয়। কাম, ৪স। ৪৯।

বাক্যমপ্রতিকূলন্তু মৃদুপূর্ব্বং শুভং হিতম্।
উপচারেণ বক্তব্যো যুক্তঞ্চ বসুধাধিপঃ॥
সাবমর্দ্দন্তু যদ্বাক্যমথবা হিতমুচ্যতে।
নাভিনন্দেত তদ্রাজা মানার্থী মানবর্জ্জিতম্॥ বা; অর ৪০স।৯—১১।

৬। ন তাবৎ সদৃশং নাম সচিবৈরুপজীবিভিঃ।
বিপ্রিয়ং নৃপতের্বক্তুং নিগ্রহে প্রগ্রহে প্রভোঃ॥ বা, ল, ২৯স।৭।

৭। উপধাঃ শোধিতাঃ সম্যগ্ গাহমানাঃ ফলোদয়ম্।
তস্য সর্ব্বং পরীক্ষেরন্ সানুরাগাঃ কৃতাকৃতম্॥ কাম, ৪স।২৬।

৮। সজ্জমানমকার্য্যেষু নিরুন্ধ্যুর্মন্ত্রিণো নৃপম্।
গুরূণামপি চৈতেষাং শৃণুয়াদ্বচনং নৃপঃ॥ কাম, ৪স, ৪১।

৯। মদোদ্ধতস্য নৃপতেঃ সঙ্কীর্ণস্যেব দন্তিনঃ।
গচ্ছন্ত্যন্যায়বৃত্তস্য নেতারঃ খলু বাচ্যতাম্॥ কাম, ৪স, ৪৯।

১০। মন্ত্র (মন্ত্রণা) মন্ত্রফলপ্রাপ্তি, কার্য্যানুষ্ঠান, আয়তি (প্রভাব) আয়, ব্যয়, দণ্ডনীতি, শত্রু-প্রতিষেধ ; ব্যসনের প্রতীকার ও রাজরাজ্যাভিষেক এইগুলি অমাত্যকর্ম্ম ; অমাত্য ব্যসনগ্রস্ত হইলে এই সকল বিনষ্ট হয়। ব্যসনগ্রস্ত অমাত্যকর্ত্তৃক হ্রীয়মাণ রাজা ছিন্নপক্ষ পক্ষীর ন্যায় অশক্ত হইয়া উৎপাতিত হন। কাম, ১২স। ২৩—২৫।

১১। নয়পুরঃসর উদ্যুক্ত রাজা অমাত্য প্রভৃতি সকল রাজ্য উন্নীত করেন, রাজা ব্যসনগ্রস্ত হইলে রাজ্যের ক্ষয় হয়। রাজা ধর্ম্ম ও অর্থ বিষয়ে ব্যগ্র অথবা অস্বস্থচিত্ত হইলে মন্ত্রীর এই সকল কার্য্য সম্যক্ সাধন করা কর্ত্তব্য। কাম, ১৩ স। ৫৯—৬০।

১২। সচিব গজ, অশ্ব, রথ, পদাতির এবং সুদৃঢ় উষ্ট্র, বৃষ প্রভৃতির অপর ভাষার সঙ্কেত (ইঙ্গিত বাক্য) ; ব্যূহরচনা পরিজ্ঞাত ও তাহাতে কৃতাভ্যাস, পূর্ব্ব-পশ্চিম দেশগামী উত্তম-মধ্যম কর্ম্মচারী, রাজচিহ্নধারী,

---

১০। মন্ত্রো মন্ত্র ফলাবাপ্তিঃ কার্য্যানুষ্ঠানমায়তিঃ ;
আয় ব্যয়ৌ দণ্ডনীতিরমিত্র প্রতিষেধনম্॥
ব্যসনস্য প্রতীকারো রাজরাজ্যাভিষেচনম্।
ইত্যমাত্যস্য কর্ম্মেদং হন্তি স ব্যসনান্বিতঃ॥
অমাত্যৈর্ব্যসনোপেতৈর্হ্রীয়মাণো মহীপতিঃ।
অসক্ত এবোৎপততি ছিন্নপক্ষ ইবাণ্ডজঃ॥ কাম, ১২স। ২৩—২৫।

১১। এতৎসর্ব্বমমাত্যাদি রাজ্যং নয়পুরঃসরঃ।
নয়ত্যুন্নতিমুদ্যুক্তো ব্যসনী ক্ষয়মেব তু॥
তস্মিন্ধর্ম্মার্থয়োর্ব্যগ্রে তথা চাস্বস্থচেতসি।
সর্ব্বমেতদশেষেণ মন্ত্রী সন্ধাতুমর্হতি॥ কাম, ১৩স। ৫৯—৬০।

১২। গজানাঞ্চ তথাশ্বানাং রথানাং পদ গামিনাম্।
সুদৃঢ়ানাং তথোষ্ট্রাণাং বৃষাণাং সদ্য এব হি॥

শস্ত্রাস্ত্রধারী ভৃত্যদিগের অস্ত্র ও পাত্রের নিয়মাভিজ্ঞ এবং কার্য্যক্ষম প্রাচীন ও নূতন অশ্বারোহীর সংখ্যা, কার্য্যাক্ষম অশ্বারোহীর সংখ্যা, শস্ত্র ও গোলাগ্নি-চূর্ণযুক্ত অস্ত্র * সম্ভারের সংখ্যা প্রভৃতি সমস্ত অবগত হইয়া রাজাকে নিবেদন করিবে। শুক্র, ২ অ। ৯০—৯৪।

১৩। মন্ত্রী সাম, ভেদ ও দণ্ড কাহার প্রতি কখন প্রয়োগ করিতে হইবে, তাহাদের কি ফল অর্থাৎ বহু, মধ্য বা অল্প এই সমস্ত নির্ণয় করিয়া রাজাকে নিবেদন করিবে। শুক্র, ২ অ। ৯৫।

বাহুভাষায় সঙ্কেত ব্যূহাভ্যসনশালিনাম্।
প্রাক্ প্রত্যগ্‌গামিনাং রাজ্যচিহ্ন শস্ত্রাস্ত্রধারিণাম্॥
পরিচারগণানাং হীনমধ্যোত্তম কর্ম্মণাম্।
অস্ত্রাণামস্ত্রজাতীনাং সন্ত্বঃ স্বতুরগীগণঃ।
কার্য্যক্ষমশ্চপ্রাচীনঃ সাদ্যস্কঃ কতি বিদ্যতে।
কার্য্যাসমর্থঃ কত্যস্তি শস্ত্রগোলাগ্নিচূর্ণযুক্॥
সাংগ্রামিকশ্চ কত্যস্তি সম্ভারস্তান্ বিচিন্ত্য চ।
সচিবশ্চাপি তৎকার্য্যং রাজ্ঞে সম্যক্ নিবেদয়েৎ॥ শুক্র, ২অ। ৯০—৯৪।

১৩। সাম দানঞ্চ ভেদশ্চ দণ্ডঃ কেষু কদা কথম্।
কর্ত্তব্যঃ কিং ফলং তেভ্যো বহু মধ্যং তথাল্পকম্।
এতৎ সঞ্চিন্ত্য নিশ্চিত্য মন্ত্রী সর্ব্বং নিবেদয়েৎ॥ শুক্র, ২অ। ৯৫।

* গোলাগ্নিচূর্ণ (যে চূর্ণ হইতে অগ্নি উৎপন্ন হইয়া গোলা নিক্ষিপ্ত হয়, অর্থাৎ বারুদ)। কামান হইতে গোলা এবং বন্দুক হইতে গুলি নিক্ষিপ্ত হইয়া থাকে পাঠক তাহা এখন দেখিতেছেন। "গোলাগ্নি চূর্ণ" এই কথা দ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে, পুরাকালেও গোলা-গুলি ছিল, বারুদও ছিল এবং গোলাগুলি নিক্ষেপ যন্ত্র অর্থাৎ কামান ও বন্দুকও ছিল। কেবল ঢাল-তলোয়ার, তীর-ধনুক ও অন্যান্য সামান্য অস্ত্রেই যুদ্ধ হইত না।

১৪। এই বৎসর স্থাবর, জঙ্গম ও তৃণাদি এই পরিমাণে সঞ্চিত, এই পরিমাণে ব্যয়িত ও এই পরিমাণে অবশিষ্ট আছে, সুমন্ত্র রাজাকে এই সমস্ত নিবেদন করিবে। রাজ্যে কত গ্রাম, কত নগর, কত অরণ্য আছে, কত পরিমাণ ভূমি কৃষ্ট, শস্যের কত ভাগ কে পাইল; ভাগ শেষ কত থাকিল, কত পরিমাণ ভূমি অকৃষ্ট থাকিল, এই বৎসর ভাগদ্রব্য কত, শুল্ক ও দণ্ডাদি হইতে উৎপন্ন রাজাংশের পরিমাণ কত, বিনাকর্ষণে ক্ষেত্রোৎপন্ন শস্যাদির পরিমাণ, অরণ্যোৎপন্ন শস্য, আকর সম্ভূত ও নিধিপ্রাপ্ত দ্রব্যাদির পরিমাণ; অস্বামিক ও নাষ্টিক (হারিতদ্রব্য), চৌরাদির দণ্ড স্বরূপে প্রাপ্ত ও সঞ্চিত দ্রব্যাদির পরিমাণ সমস্ত অবগত হইয়া অমাত্য রাজাকে পরিজ্ঞাত করিবে। শুক্র, ২অ।১০১—১০৫।

উল্লিখিত ১২, ১৩ ও ১৪ দফার বিবরণ পাঠে জানা যায় যে, এখন যেমন কৃষি, বাণিজ্য ও যুদ্ধাদি সকল বিষয়েই বার্ষিক রিপোর্ট প্রস্তুত হইয়া রাজসংসারে দাখিল হয়, পূর্ব্বকালেও

১৪। ইয়ঞ্চ সঞ্চিতং দ্রব্যং বৎসরেঽস্মিন্ তৃণাদিকম্।
ব্যয়ীভূতমিয়চ্চৈষ শেষং স্থাবর জঙ্গমম্।
ইয়দস্তীতি বৈ রাজ্ঞে সুমন্ত্রোবিনিবেদয়েৎ॥
পুরাণি চ কতি গ্রামা অরণ্যানি চ সন্তি হি।
কর্ষিতা কতি ভূঃ কেন প্রাপ্তো ভাগস্ততঃ কতি॥
ভাগশেষং স্থিতং কস্মিন্ কত্যকৃষ্টা চ ভূমিকা।
ভাগদ্রব্যং বৎসরেঽস্মিন্ শুল্কদণ্ডাদিজং কতি॥
অকৃষ্টপচ্যং কতি চ কতি চারণ্য সম্ভবম্।
কতি চাকর সঞ্জাতং নিধিপ্রাপ্তং কতীতি চ॥
অস্বামিকং কতি প্রাপ্তং নাষ্টিকং তস্করাহৃতম্।
সঞ্চিতন্তু বিনিশ্চিত্যামাত্যো রাজ্ঞে নিবেদয়েৎ॥ শুক্র, ২অ।১০২—১০৬।

সেইরূপ সকল বিষয়েই বার্ষিক বিবরণী প্রস্তুত হইয়া রাজসংসারে দাখিল হইত ও তাহা অবশেষে মন্ত্রী কর্ত্তৃকই রাজগোচরীভূত হইত।

১৫। যে সকল মন্ত্রী রাজপুত্রগণ ব্যবহার জিজ্ঞাসা করিলেও তাহাদের সহিত বিরোধ করে, সেই মন্ত্রীরা প্রচ্ছন্ন তস্করস্বরূপ। শুক্র, ২অ। ২৫৮।

১৬। রাজপুত্রগণ বালক হইলেও মন্ত্রী কখনও তাঁহাদের অবমাননা করিবে না, পরন্তু সর্ব্বদা বহু মিষ্টবাক্যে তাঁহাদিগকে সম্বোধন করিবে তাঁহাদের অসদনুষ্ঠান কদাপি রাজাকে জানাইবে না। স্ত্রী ও পুত্রের প্রতি স্নেহ অতিশয় প্রবল, অতএব তাহাদের নিন্দা কাহারও তৃপ্তিকর নহে। শুক্র, ২অ। ২৫৯—২৬০।

১৭। অমাত্যাদি সর্ব্বদা রাজার সম্মান করিবে ও রাজপুত্রের তদপেক্ষা কিঞ্চিৎ অল্প সম্মান করিবে। অমাত্যাদি নবপ্রকৃতির সম্মান তদপেক্ষা অল্প ও অধিকারীর সম্মান তদপেক্ষা ন্যূন। আয়ুক্তিকের সম্মান মন্ত্রীর তুল্য এবং সাহস্রিকের সম্মান তদপেক্ষা অল্প। শুক্র, ২অ। ২৬৬।

১৫। সুপৃষ্ট ব্যবহারা যে রাজপুত্রৈশ্চ মন্ত্রিণঃ।
বিরুদ্ধন্তি তৈঃ সাকং তে তু প্রচ্ছন্নতস্করাঃ॥ শুক্র, ২অ। ২৫৮।

১৬। বালা হ্যপি রাজপুত্রা নাবমান্যাস্তু মন্ত্রিভিঃ।
সদা সুবহুবচনৈঃ সম্বোধ্যাস্তে প্রযত্নতঃ॥
অসদাচরিতং তেষাং কচ্চিদ্রাজ্ঞেন দর্শয়েৎ।
স্ত্রীপুত্র মোহো বলবান্ ন নিন্দা শ্রেয়সে তয়োঃ॥ শুক্র, ২অ। ২৫৯—২৬০।

১৭। রাজাহ্নু যুবরাজস্তু মান্যোঽমাত্যাদিকৈঃ সদা।
তন্ন্যূনামাত্যনবকং তন্ন্যূনাধিকৃতোগণঃ।
মন্ত্রিতুল্যশ্চায়ুক্তিকো ন্যূনঃ সাহস্রিকো মতঃ। শুক্র, ২অ। ২৬৬।

১৮। রাজার সহিত ক্রীড়া করিবে না, করিলেও রাজার বিশেষত্ব রক্ষা করিবে। মন্ত্রী রাজপত্নী ও রাজকন্যার অপমান করিবে না। শুক্র, ২অ। ২৬৭।

১৯। রাজার সম্বন্ধীয় ব্যক্তিদিগকে ও সুহৃদ্‌দিগকে যথাযোগ্য সম্মান করিবে, রাজা আহ্বান করিলে শতকার্য্য ত্যাগ করিয়া সত্বর সমীপে গমন করিবে। সুমন্ত্রিত রাজকার্য্য বন্ধুর নিকটেও প্রকাশ করিবে না. বেতন ব্যতীত অন্য কোন রাজদ্রব্যে অভিলাষ করিবে না। রাজাজ্ঞা ব্যতীত কার্য্যসম্পাদনের পূর্ব্বে বেতন গ্রহণ করিবে না, ধনলোভে কাহারও সৎ-কার্য্য বিনষ্ট করিবে না। প্রয়োজন হইলে আপনার স্ত্রী-পুত্র-ধন-প্রাণ দ্বারা রাজাকে রক্ষা করিবে, উৎকোচ গ্রহণ করিবে না, এবং রাজাকে প্রকৃত বিষয়ের বিপরীত বুঝাইবে না। অযথাদণ্ডক ও প্রবলদণ্ড রাজাকে নিগৃহীত করিয়া রাজ্যরক্ষার নিমিত্ত নির্জ্জনে মন্ত্রণা করিবে। শুক্র, ২অ। ২৬৮—২৭২।

১৮। ন ক্রীড়য়েদ্রাজসমং ক্রীড়তে তং বিশেষয়েৎ।
নাবমান্যা রাজপত্নী কন্যা হ্যপি চ মন্ত্রিভিঃ॥ শুক্র, ২অ। ২৬৭।

১৯। রাজ সম্বন্ধিনঃ পূজ্যাঃ সুহৃদশ্চ যথার্হতঃ।
নৃপাহূতস্ত্বরং গচ্ছেৎ ত্যক্ত্বা কার্য্যশতং মহৎ॥
মিত্রায়াপি ন বক্তব্যং রাজকার্য্যং সুমন্ত্রিতম্।
ভৃতিং বিনা রাজদ্রব্যমদত্তং নাভিলাষয়েৎ॥
রাজাজ্ঞয়া বিনা নেচ্ছেৎ কার্য্যমাধ্যস্থিকাং ভৃতিম্।
ন নিহন্যাদ্ দ্রব্য লোভাৎ সৎকার্য্যাং যস্য কস্য চিৎ॥
স্ব স্ত্রী-পুত্র ধনপ্রাণৈঃ কালে সংরক্ষয়েন্নৃপম্।
উৎকোচং নৈব গৃহ্নীয়ান্নান্যথা বোধয়েন্নৃপম্॥
অন্যথা দণ্ডকং ভূপং নিত্যং প্রবলদণ্ডকম্।
নিগৃহ্য বোধয়েৎ সম্যগেকান্তে রাজ্যগুপ্তয়ে॥ শুক্র, ২অ। ২৬৮-২৭২।

২০। রাজার হিতকর অথচ প্রজার অনিষ্টকর কার্য্য করিবে না, কারণ নূতন শুল্ক-করাদি দ্বারা প্রজা রাজার প্রতি বিরক্ত হয়। রাজা মহাকুলসম্ভূত হইলেও যদি গুণ-নীতি-বল-দ্বেষী ও অধার্ম্মিক হন, তাহা হইলে তিনি রাজ্যক্ষয়কারী, তাঁহাকে ত্যাগ করিবে। পুরোহিত অন্যান্য প্রকৃতির অনুমতি লইয়া রাজপদে রাজকুলোদ্ভূত গুণসম্পন্ন অপর ব্যক্তিকে রাজ্য-রক্ষার জন্য অভিষিক্ত করিবেন। শুক্র, ২অ। ২৭৩—২৭৫।

২১। রাজা যে যে কার্য্যে অমাত্য, যুবরাজ প্রভৃতিকে নিযুক্ত করেন, সেই সকল দৈনিক, মাসিক, বার্ষিক ও বহুবার্ষিক কার্য্য রাজাকে তাহারা নিবেদন করিবে। শুক্র, ২অ। ২৯৪—২৯৫।

২২। যেমন ব্যাঘ্র ও হস্তী সিংহকে শাসন করিতে পারে না, সেই-

২০। হিতং রাজ্ঞশ্চাহিতং যল্লোকানাং তন্নকারয়েৎ।
নবীনকরশুল্কাদ্যৈর্লোক উদ্বিজতে ততঃ॥
গুণনীতি বলদ্বেষী কুলভূতোঽপ্যধার্ম্মিকঃ।
নৃপো যদি ভবেৎ তন্তু ত্যজেদ্রাষ্ট্রবিনাশকম্॥
তৎপদে তস্য কুলজং গুণযুক্তং পুরোহিতঃ।
প্রকৃত্যনুমতিং কৃত্বা স্থাপয়েদ্রাজ্যগুপ্তয়ে॥ শুক্র, ২অ। ২৭৩—২৭৫।

২১। যস্মিন্ যস্মিন্ হি কৃত্যেতু রাজ্ঞা যোঽধিকৃতো নরঃ।
সামাত্য যুবরাজাদির্যথানুক্রমতশ্চ সঃ।
দৈনিকং মাসিকং বৃত্তং বার্ষিকং বহুবার্ষিকম্।
তৎ কার্য্যজাতলেখ্যন্তু রাজ্ঞে সম্যঙ্ নিবেদয়েৎ॥ শুক্র, ২অ। ২৯৪—২৯৫।

২২। নাপি ব্যাঘ্রগজাঃ শক্তা মৃগেন্দ্রং শাসিতুং যথা।
ন তথা মন্ত্রিণঃ সর্ব্বে নৃপং স্বচ্ছন্দগামিনম্॥
নির্ভৃত্যাধিকৃতাস্তেন নিঃসারত্বং হি তেষ্বতঃ।
গজো নিবধ্যতে নৈব তূলভার সহস্রকৈঃ॥
উদ্ধর্ত্তুং প্রাগ্ গজঃ শক্তঃ পঙ্কলগ্নং গজং বলী।
নীতিভ্রষ্টনৃপং ত্বন্য নৃপ উদ্ধরণ ক্ষমঃ॥ শুক্র, ৪অ—৭প্র। ৪১৩—৪১৫।

রূপ রাজা কর্তৃক সম্যক্ পোষিত মন্ত্রী প্রভৃতি রাজা স্বেচ্ছাচারী হইলে, তাঁহাকে শাসন করিতে পারে না, অতএব রাজার উপর তাহাদের কোন ক্ষমতাই থাকে না। সহস্র তুলাভারে হস্তী নিবদ্ধ হয় না। যেমন বলবান্ হস্তী পঙ্ক-মগ্ন হস্তীকে উদ্ধার করিতে সমর্থ, সেইরূপ অন্য রাজা নীতিভ্রষ্ট রাজাকে উদ্ধার করিতে পারে। শুক্র. ৪অ—৭প্র। ৪১৩—৪১৫।

একাদশ স্তবক।

[মিত্রের গুণ।]

১। ভূপতি দৃঢ়-ভক্তি, কৃত-প্রজ্ঞ, ধর্ম্মজ্ঞ, সংযতেন্দ্রিয়, শূর, অক্ষুদ্র-কর্ম্মচারী এবং যে "আমি একাকীই এই কর্ম্ম করিব, অন্যের সাহায্যের আবশ্যক নাই" এইরূপ বলিয়া থাকে, এতাদৃশ লোক সকলকে মিত্ররূপে আশ্রয় করিবেন। ম, শা, ৬৮ অ। ৫৭।

২। যে পুরুষ রাজার অর্থবৃদ্ধিতে পরিতৃপ্ত হয় না, অথচ ক্ষয় হইলে অতিশয় দুঃখিত হয়, পণ্ডিতেরা তাহাকেই উত্তম মিত্র বলিয়া থাকেন। ম, শা, ৮০ অ। ১৬।

৩। যে মানব ব্যসন হইতে নিত্য ভীত হয় এবং ধন দ্বারা কাহারও অনিষ্ট করে না, এতাদৃশ লোক মিত্র হইলে রাজা তাহাকে আত্মতুল্য বিবেচনা করিবেন। ম, শা, ৮০ অ। ২০।

১। দৃঢ়ভক্তিং কৃতপ্রজ্ঞং ধর্ম্মজ্ঞং সংযতেন্দ্রিয়ম্।
শূরমক্ষুদ্র কর্ম্মাণং নিষিদ্ধজনমাশ্রয়েৎ॥ ম, শা, ৬৮ অ। ৫৭।

২। যস্য বৃদ্ধ্যা ন তুপ্যেত ক্ষয়েদীনতরো ভবেৎ।
এতদুত্তমমিত্রস্য নিমিত্তমিতি চক্ষতে॥ ম, শা, ৮০ অ। ১৬।

৩। ব্যসনান্নিত্যভীতোযঃ সমৃদ্ধ্যা যো ন দুষ্যতি।
যৎ স্যাদেবম্বিধং মিত্রং তদাত্মসমমুচ্যতে॥ ম, শা, ৮০অ। ২০।

৪। নৃপতি যে ব্যক্তি উত্তমরূপে বর্ণ ও স্বর-সমন্বিত, তিতিক্ষু, অসূয়া-শূন্য, সৎকুল-সম্ভূত ও কুল-সম্পন্ন তাঁহাকে প্রধান মিত্র বলিয়া জানিবেন। ম, শা, ৮০ অ। ২১।

৫। যে ব্যক্তি সৎকীর্ত্তি সমুদায়ে অগ্রগণ্য হইয়াছেন, যিনি নীতির বহির্ভূত না হন, যিনি সমর্থ মানবগণের দ্বেষ ও অনর্থাচরণ না করেন, যিনি কাম, ক্রোধ, ভয় ও লোভ বশতঃ স্বধর্ম্ম পরিত্যাগ না করেন এবং যিনি সর্ব্বকার্য্যে দক্ষ ও পর্য্যাপ্তবাদী, তিনিই প্রধান মিত্র হইবার পাত্র। ম, শা, ৮০ অ। ২৬—২৭।

৬। মিত্রমধ্যে যিনি কালজ্ঞ মিত্র লাভ করেন, তিনি সততই সুখে অবস্থিতি করেন এবং তাঁহার রাজ্য, কীর্ত্তি, প্রতাপ ক্রমশঃ বর্দ্ধিত হইতে থাকে। বা, কি, ২৯ স। ১০।

৭। যে মিত্র সত্যধর্ম্ম পরায়ণ এবং মিত্রের কার্য্যসাধনে তৎপরতারূপ উৎকৃষ্ট গুণে অলঙ্কৃত, তিনিই প্রকৃত মিত্র বলিয়া প্রসিদ্ধ হন এবং তাহা পরিত্যাগ করিলে ধর্ম্মভ্রষ্ট হন। বা, কি, ৩৩ স। ৪৮।

৪। রূপবর্ণস্বরোপেতস্তিতিক্ষুরনসূয়কঃ।
কুলীনঃ কুলসম্পন্নঃ স তস্মাৎ প্রত্যনন্তরঃ॥ ম,শা, ৮০অ।২১॥

৫। কীর্ত্তিপ্রধানো যস্তস্যাদ্‌যশ্চ স্যাৎ সময়ে স্থিতঃ।
সমর্থান্ যশ্চ ন দ্বেষ্টি নানর্থান্ কুরুতে চ যঃ॥
যো ন কামাদ্ভয়াল্লোভাৎ ক্রোধাদ্বা ধর্ম্মমুৎসৃজেৎ।
দক্ষঃ পর্য্যাপ্তবচনঃ স তে স্যাৎ প্রত্যনন্তরঃ॥ ম, শা, ৮০অ।২৬—২৭

৬। যো হি মিত্রেষু কালজ্ঞঃ সততং সাধু বর্ত্ততে।
তস্য রাজ্যঞ্চ কীর্ত্তিশ্চ প্রতাপশ্চাপি বর্দ্ধতে। বা, কি, ২৯ স ১০

৭। মিত্রং হ্যর্থগুণশ্রেষ্ঠং সত্যধর্ম্ম পরায়ণম্।
তদ্দ্বয়ন্ত পরিত্যক্তং ন তু ধর্ম্মে ব্যবস্থিতম্॥ বা, কি, ৩৩ স।।৮।

৮। পণ্ডিত শত্রুও ভাল, মূর্খ মিত্র কদাচ ভাল নহে। ম, শা, ১৩৮ অ। ৪৬।

৯। শূরতা, দক্ষতা, বিদ্যা, বৈরাগ্য ও ধৈর্য্য এই পাঁচটীকে পণ্ডিতেরা সহজ মিত্র বলিয়া থাকেন এবং তাঁহারা ঐ পঞ্চবিধ মিত্র অবলম্বন করতঃ জীবন যাপন করেন। আর গৃহ, তাম্রাদি পাত্র, ক্ষেত্র, ভার্য্যা ও সুহৃদ্জন এই পাঁচটীকে পণ্ডিতেরা উপমিত্র কহেন; পুরুষ সর্ব্বত্রই এই পাঁচটীকে প্রাপ্ত হইয়া থাকেন। ম, শা, ১৩৯ অ। ৮৫—৮৬।

১০। ত্যাগ, বিজ্ঞান ও সত্ত্বসম্পন্ন, মহাপক্ষ, প্রিয়বাদী, আয়তিক্ষম, দ্বিধাশূন্য ও সদ্বংশোদ্ভূত ব্যক্তিকে মিত্র করিবে। কাম, ৪স। ৬৮।

১১। পিতৃপিতামহাগত, দ্বিধারহিত, নিত্য চিত্তবৃত্তির অনুবর্ত্তক, উদার ও ক্ষিপ্রানুষ্ঠান মিত্র কামনা করিবে। কাম, ৪স। ৭০।

১২। যিনি মেধাবী, স্মৃতিমান্, দক্ষ, স্বভাবতঃ অনৃশংস এবং সম্মানিত বা অবমানিত হইলেও কদাচ কাহারও অপকার না করেন, তিনি ঋত্বিক্,

---

৮। "শ্রেষ্ঠো হি পণ্ডিতঃ শত্রুর্নচমিত্রমপণ্ডিতঃ॥" ম, শা, ১৩৮ অ। ৪৬।

৯। বিদ্যা শৌর্য্যঞ্চ দাক্ষ্যঞ্চ বলং ধৈর্য্যঞ্চ পঞ্চমম্।
মিত্রাণি সহজান্যাহুর্বর্ত্তয়ন্তীহ তৈর্বুধাঃ॥
নিবেশনঞ্চ কুপ্যঞ্চ ক্ষেত্রং ভার্য্যা সুহৃজ্জনঃ।
এতান্যুপহিতান্যাহুঃ সর্ব্বত্র লভতে পুমান্॥ ম, শা, ১৩৯ অ। ৮৫—৮৬।

১০। ত্যাগবিজ্ঞান সত্ত্বাঢ্যং মহাপক্ষং প্রিয়ম্বদম্।
আয়তিক্ষমমদ্বৈধ্যং মিত্রং কুর্ব্বীত সৎকুলম্॥ কাম, ৪স। ৬৮।

১১। পিতৃপৈতামহং নিত্যমদ্বৈধ্যং হৃদয়ানুগম্।
মহল্লঘুসমুত্থানং মিত্রং মিত্রার্থিমিষ্যতে॥ কাম, ৪স। ৭০।

১২। মেধাবী স্মৃতিমান্ দক্ষঃ প্রকৃত্যা চানৃশংসবান্।
যো মানিতোঽমানিতো বা ন চ দুষ্যেৎ কদাচন॥
ঋত্বিগ্বা যদি বাচার্য্যঃ সখা বাত্যন্ত সংস্তুতঃ।
গৃহে বসেদমাত্যস্তে স স্যাৎ পরমপূজিতঃ॥
স তে বিদ্যাৎ পরং মন্ত্রং প্রকৃতিং চার্থধর্ম্ময়োঃ।
বিশ্বাসস্তে ভবেত্তত্র যথা পিতরি বৈ তথা॥ ম, শা, ৮০অ। ২২—২৪।

আচার্য্য বা অত্যন্ত সংস্তুত সখা হইলেও অমাত্য হইয়া তোমার গৃহে বাস করিলে তাঁহাকে সমধিক সম্মান করিতে হইবে। তিনি তোমার পরম মন্ত্র ও ধর্ম্ম-অর্থের প্রকৃতি জানিবেন এবং তুমিও তাঁহাকে পিতার ন্যায় বিশ্বাস করিবে। ম, শা, ৮০ অ। ২২—২৪।

১৩। বিদ্যা, শৌর্য্য, দাক্ষ্য, বল ও ধৈর্য্য এই পাঁচটীকে সহজ মিত্র বলে, পণ্ডিতগণ এই সকল গুণ দ্বারা জীবন ধারণ করেন। শুক্র, ৪অ—১প্র। ১৩।

দ্বাদশ স্তবক।

[মিত্র-ব্যবহার।]

১। নৃপতির প্রত্যক্ষ (উপকার এবং অপকারাদিরূপ কার্য্য) অনুমান (মুখনেত্রাদি বিকার) উপমান (অন্যত্রে তৎকৃতকার্য্য দর্শন) এবং আগম অর্থাৎ সামুদ্রিকোক্ত শব্দ লক্ষণাদি দ্বারা শত্রু অথবা মিত্র উভয়ই সর্ব্বদা পরীক্ষা করা কর্ত্তব্য। ম, শা, ৫৬ অ। ৪১।

২। যাহাকে জানিবে যে, আমার অভাবে এ ব্যক্তি থাকিবে না, তাহাকে পিতার ন্যায় বিশ্বাস করিবে এবং স্বয়ং বর্দ্ধমান হইয়া তাহাকেও সর্ব্বতোভাবে বর্দ্ধিত করিবে। ম, শা, ৮০ অ। ১৭।

১৩। বিদ্যা শৌর্য্যঞ্চ দাক্ষ্যঞ্চ বলং ধৈর্য্যঞ্চ পঞ্চমম্।
মিত্রাণি সহজান্যাহুর্ব্বর্ত্তয়ন্তি হি তৈর্বুধাঃ॥ শুক্র, ৪অ—১প্র। ১৩।

১। প্রত্যক্ষেণানুমানেন তথোপম্যাগমৈরপি।
পরীক্ষ্যাস্তে মহারাজ স্বে পরে চৈব নিত্যশঃ॥ ম, শা, ৫৬অ। ৪১।

২। যস্মিন্নেত মমাভাবাদস্যাভাবো ভবেদিতি।
তস্মিন্ কুর্ব্বীত বিশ্বাসং যথা পিতরি বৈ তথা॥ ম, শা, ৮০অ। ১৭॥

৩। রাজা মিত্ররক্ষণে কদাচ অনবধান করিবেন না, যেহেতু লোক অনবহিত-চিত্ত নরপতিকেই পরিভব করিয়া থাকে। ম, শা, ৮০ অ। ৭।

৪। উপকার দ্বারা মিত্রতা এবং অপকার দ্বারা শত্রুতা জন্মিয়া থাকে। বা, কি, ৮ স। ২১।

৫। উপকারীর প্রত্যুপকার না করিলে মহান্ অধর্ম্ম হয়, এবং গুণবান্ মিত্রের সহিত মিত্রতা বিনষ্ট করিলে মহান্ অর্থ লোপ হয়। বা, কি, ৩৩ স। ৪৭।

৬। সাধু পুরুষেরা অকপট মিত্রভাবেই মিত্রের প্রমদাগণকে অবলোকন করিয়া থাকেন। বা, কি, ৩৩ স। ৬১।

৭। বরং শত্রু অথবা সংক্রুদ্ধ সর্পের সহিতও একত্র বাস করিবে, কিন্তু নাম মাত্র মিত্র অথচ শত্রুসেবী এরূপ মিত্রের সহিত কথনও বাস করিবে না। বা, ল, ১৬ স। ২।

৮। মিত্র অকারণ কুপিত হইলে ভয় উৎপাদন করিয়া থাকে। মিত্রতা অনায়াসে লাভ করা যায়, কিন্তু তাহা প্রতিপালন করা দুষ্কর,

---

৩। ন হি রাজ্ঞা প্রমাদো বৈ কর্ত্তব্যো মিত্ররক্ষণে।
প্রমাদিনং হি রাজানং লোকাঃ পরিভবন্ত্যত ॥ ম,শা,৮০অ। ৭ ॥

৪। "উপকারফলং মিত্রমপকারোঽরিলক্ষণম্।" বা, কি, ৮ স। ২১ ॥

৫। ধর্ম্মলোপো মহাংস্তাবৎ কৃতে হ্যপ্রতিকুর্ব্বতঃ।
অর্থলোপশ্চ মিত্রস্য নাশে গুণবতো মহান্ ॥ বা, কি, ৩৩স। ৪৭ ॥

৬। "অচ্ছলং মিত্রভাবেন সতাং দারাবলোকনম্ ॥" বা, কি, ৩৩ স। ৬১ ॥

৭। বসেৎসহ সপত্নেন ক্রুদ্ধেনাশীবিষেণ চ।
ন তু মিত্র প্রবাদেন সংবসেচ্ছত্রুসেবিনা ॥ বা, ল, ১৬স। ২।

৮। "মিত্রং হ্যস্থানকুপিতং জনয়ত্যেব সম্ভ্রমম্ ॥"
সর্ব্বথা সুকরং মিত্রং দুষ্করং প্রতিপালনম্।
অনিত্যত্বাত্তু চিত্তানাং প্রীতিরল্পেঽপি ভিদ্যতে ॥ বা, কি, ৩২ স। ৬—৭।

কেন না চিত্তের চাঞ্চল্য বশতঃ অল্পকারণেই প্রীতির বিভিন্নতা হইয়া থাকে। বা, কি, ৩২ স। ৬—৭।

৯। যিনি প্রথমতঃ মিত্রের দ্বারা কৃতকার্য্য হইয়া পরে মিত্রকার্য্য সম্পাদন না করেন, সেই ব্যক্তি কৃতঘ্ন এবং সকল প্রাণীর বধ্য। * বা, কি, ৩৪ স। ১০।

১০। যে ব্যক্তি উপকারী মিত্রদিগের প্রত্যুপকার না করে, তাহাকে লোকে অধার্ম্মিক বলিয়া থাকে। বা, কি, ৩৮ স। ২৭।

১১। যে মিত্র অতিশয় ভীত এবং যিনি ভয়-বিচলিত, সর্পমুখ হইতে হস্ত রক্ষার ন্যায় তাঁহাকে যথোচিতরূপে রক্ষা করা কর্ত্তব্য। ম, শা, ১৩৮ অ। ১০৮।

১২। এই জগতে অকারণ কেহ কাহারও মিত্র বা শত্রু হয় না, স্বার্থ সাধনার্থই শত্রু-মিত্র সংঘটন হইয়া থাকে। ম, শা, ১৩৮ অ। ১১০।

১৩। যে ব্যক্তি প্রথমতঃ মিত্রতা করিয়া পরে তাহার অনুষ্ঠান না করে, সেই দুর্ম্মতি কষ্টকর আপদ্ কালে মিত্র লাভ করিতে পারে না। ম, শা, ১৩৮ অ। ১২৮।

৯। পূর্ব্বং কৃতার্থো মিত্রাণাং ন তৎপ্রতিকরোতি যঃ।
কৃতঘ্নঃ সর্ব্বভূতানাং স বধ্যঃ প্লবগেশ্বর॥ বা, কি, ৩৪স। ১০।

১০। "কৃতং ন প্রতিকুর্য্যাদ্যঃ পুরুষাণাং হি দূষকঃ।" বা, কি, ৩৮ স। ২৭।

১১। যন্মিত্রং ভীতবৎসাধ্যং যন্মিত্রং ভয়সংহিতম্।
সুরক্ষিতব্যং তৎকার্য্যং পাণিঃ সর্পমুখাদিব। ম, শা, ১৩৮অ। ১০৮।

১২। ন কশ্চিৎ কস্যচিন্মিত্রং ন কশ্চিৎ কস্যচিদ্রিপুঃ।
অর্থতস্তু নিবধ্যন্তে মিত্রাণি রিপবস্তথা॥ ম, শা, ১৩৮অ। ১১০।

১৩। কৃত্বাহি পূর্ব্বংমিত্রাণি যঃ পশ্চান্নানুতিষ্ঠতি।
ন স মিত্রাণি লভতে কৃচ্ছ্রাস্বাপৎসু দুর্ম্মতিঃ। ম, শা, ১৩৮অ। ১২৮।

---

* সুগ্রীবের প্রতি লক্ষ্মণের উক্তি।

১৪। শক্র মিত্র উভয়কেই বিশেষরূপে বিদিত হওয়া উচিত, ইহা-কেই লোকে প্রাজ্ঞ-সম্মত অতি সূক্ষ্ম বিষয় বলিয়া থাকে। ম, শা, ১৩৮ অ। ১৩৭।

১৫। এই জগতে কখন স্বভাবতঃ কেহ কাহারও শত্রু বা মিত্র হয় না, কার্য্যবশতঃই শত্রু বা মিত্র হইয়া থাকে। যে ব্যক্তি স্বীয় প্রয়োজন সাধন জন্য যাহাকে অবলম্বন করিয়া জীবন ধারণ করে, যদি তাহার পীড়া দেখে, তবে জীবন বিসর্জ্জন করিয়া থাকে, যে পর্য্যন্ত

১৪। বেদিতব্যাণি মিত্রাণি বিজ্ঞেয়াশ্চাপি শত্রবঃ।
এতৎ সুসূক্ষ্মং লোকেস্মিন্ দৃশ্যতে প্রাজ্ঞসম্মতম্॥ ম, শা, ১৩৮অ। ১৩৭।

১৫। নাস্তি জাতু রিপুর্নাম মিত্রং নাম ন বিদ্যতে।
সামর্থ্যযোগাজ্জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা॥
যো যস্মিন্ জীবতি স্বার্থে পশ্যেৎ পীড়াং ন জীবতি।
স তস্য মিত্রং তাবৎ স্যাদ্যাবন্নস্যাদ্বিপর্য্যয়ঃ॥
নাস্তি মৈত্রী স্থিরা নাম ন চ ধ্রুবমসৌহৃদম্।
অর্থযুক্ত্যা তু জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা॥
মিত্রং চ শত্রুতামেতি কস্মিংশ্চিৎকালপর্য্যয়ে।
শত্রুশ্চ মিত্রতামেতি স্বার্থো হি বলবত্তরঃ॥
যো বিশ্বসিতি মিত্রেষু ন বিশ্বসিতি শত্রুষু।
অর্থযুক্তিমবিজ্ঞায় যঃ প্রীতৌ কুরুতে মনঃ॥
মিত্রে বা যদি বা শত্রৌ তস্যাপি চলিতা মতিঃ।
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তেনাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাত্তয়মুৎপন্নমপি মূলানি কৃন্ততি॥
অর্থযুক্ত্যা হি জায়ন্তে পিতা মাতা সুতস্তথা।
মাতুলা ভাগিনেয়াশ্চ তথা সম্বন্ধিবান্ধবাঃ॥
পুত্রং হি মাতা পিতরৌ ত্যজতঃ পতিতং প্রিয়ং।
লোকো রক্ষতি চাত্মানং পশ্য সার্থস্য সারতাম্॥ ম, শা, ১৩৮অ। ১৩৯—১৪৬॥

এই ভাবের বিপর্য্যয় না হয়, তাবৎকাল সে তাঁহার মিত্র হইয়া থাকে। সৌহৃদ্য বা শত্রুতা স্থিরতর থাকে না, প্রয়োজন বশতঃই শত্রু বা মিত্র হইয়া থাকে। কালক্রমে মিত্রও শত্রু হয়, শত্রুও মিত্র হইয়া থাকে। অতএব স্বার্থই নিতান্ত বলবান্। যে ব্যক্তি প্রয়োজন না জানিয়া মিত্রগণের প্রতি বিশ্বাস করে এবং শত্রু সকলের প্রতি অবিশ্বাস স্থাপন করিয়া থাকে, তাহার জীবন বিচলিত হয়। শত্রু বা মিত্র বিষয়ে প্রয়োজন জ্ঞান না করিয়া যে ব্যক্তি প্রীতচিত্ত হয়, তাহারও বুদ্ধি বিচলিত হইয়া যায়। অবিশ্বস্ত ব্যক্তিকে বিশ্বাস করিবে না; বিশ্বস্ত ব্যক্তিকেও অতি বিশ্বাস কর্ত্তব্য নহে, যেহেতু বিশ্বাস হইতে সমুৎপন্ন ভয় বিশ্বাসের মূল সকল ছেদন করে। পিতা, মাতা, পুত্র, মাতুল, ভাগিনেয়, সম্বন্ধী ও বান্ধব প্রভৃতি প্রয়োজন অনুসারে প্রিয় হইয়া থাকে। প্রিয়তম পুত্র পতিত হইলে, পিতামাতা তাহাকে পরিত্যাগ করিয়া জনসমাজে আপনাকে রক্ষা করেন; অতএব স্বার্থ কত সারবান্ তাহা বিবেচনা কর। ম, শা, ১৩৮ অ। ১৩৯—১৪৬।

১৬। সুহৃদের কার্য্যাকার্য্য সন্দেহ উপস্থিত হইলে, স্থিরতর মঙ্গলাভিলাষী, বুদ্ধিমান্, বিচারসমর্থ মিত্রের তদ্বিষয়ে সদুপদেশ প্রদান করাই কর্ত্তব্য। বা, ল, ১৭ স। ৩৩।

১৭। যে রাজা উপকারী মিত্রগণের উপকারে অঙ্গীকার করিয়া তাহা রক্ষা না করে, সে অধার্ম্মিক, তাহা অপেক্ষা নৃশংসতর আর কেহই নাই। বা, কি, ৩৪ স,। ৮।

১৬। সুহৃদামর্থ কৃচ্ছ্রেষু যুক্তং বুদ্ধিমতা সদা।
সমর্থেনোপসন্দেষ্টুং শাশ্বতীং ভূতিমিচ্ছতা॥ বা, ল, ১৭ স। ৩৩।

১৭। যস্তু রাজা স্থিতোঽধর্ম্মে মিত্রাণামুপকারিণাম্।
মিথ্যা প্রতিজ্ঞাং কুরুতে কো নৃশংসতরস্ততঃ॥ বা,কি, ৩৪ স। ৮।

১৮। যে বিষয় রাজার অভিলষিত নহে, মিত্রেরা তাঁহার নিকট কদাচ তাহা প্রকাশ করিবে না। কেননা বিজিগীষু নৃপতিগণ ধর্ম্ম ও অধর্ম্মের সহিত বিচরণ করিয়া থাকেন। ম, শা, ৮০ অ। ৫।

১৯। কপিশ্রেষ্ঠ! পরস্পর উপকার করাই মিত্রতার ফল, ইহা আমি বিদিত আছি; আমি তোমার পত্নী-হরণকারী বালীকে নিশ্চয় বধ করিব। বা, কি, ৫ স। ২৬। *

২০। সাধু মিত্রেরা আপনাদিগের ও সাধু মিত্রদিগের সুবর্ণ-রজতাদি ধন নিচয় এক বলিয়াই মনে করেন। সখা ধনী, দরিদ্র, সুখী, দুঃখী, নির্দ্দোষ বা সদোষ হইলেও সখার পরম আশ্রয়-স্বরূপ। হে অনঘ! বয়স্যদিগের পরস্পর অতুলনীয় স্নেহ নিবন্ধন, বয়স্যের জন্য ধন, সুখ এমন কি দেশও ত্যাগ করিতে পারা যায়। বা, কি, ৮ স। ৭—৯। †

১৮। যত্তস্যার্থো ন রোচেত ন তং তস্যপ্রকাশয়েৎ।
ধর্ম্মাধর্ম্মেণ রাজানশ্চরন্তি বিজিগীষবঃ॥ ম, শা, ৮০অ।৫।

১৯। উপকার ফলং মিত্রং বিদিতং মে মহাকপে।
বালিনং তং বধিষ্যামি তব ভার্য্যাপহারিণম্॥ বা, কি, ৫স। ২৬।

২০। রজতং বা সুবর্ণং বা শুভাণ্যাভরণানি চ।
অবিভক্তানি সধূনামবগচ্ছন্তি সাধবঃ॥
আঢ্যো বাপি দরিদ্রো বা দুঃখিতঃ সুখিতোঽপি বা।
নির্দ্দোষশ্চ সদোষশ্চ বয়স্য পরমাগতিঃ॥
ধনত্যাগঃ সুখত্যাগো দেশত্যাগোঽপি বানঘ।
বয়স্যার্থে প্রবর্ত্তন্তে স্নেহং দৃষ্ট্বা তথাবিধং॥ বা, কি, ৮স। ৭—৯।

---

* রামচন্দ্র সুগ্রীবকে বলিয়াছিলেন।

† রামচন্দ্রের প্রতি সুগ্রীবের উক্তি।

২১। বৃত্তসম্পন্ন ও সৎপথাবলম্বীদিগের আপন মিত্রের নিমিত্ত প্রতিজ্ঞাত বিষয় যথাবৎ সম্পাদন করা কর্ত্তব্য। বা, কি, ২৯ স। *

২২। যিনি সর্ব্ব কার্য্য পরিত্যাগ করিয়া উৎসাহপূর্ব্বক ত্বরাসহকারে মিত্রকার্য্য সম্পদনার্থে প্রবৃত্ত না হন, তাঁহার নানাপ্রকার অনর্থ ঘটিয়া থাকে এবং যিনি কার্য্যোচিত নির্দ্দিষ্ট কাল অতিক্রম করিয়া মিত্রকার্য্য সাধনার্থ যত্নবান্ হন, তিনি মহৎ কার্য্য করিলেও তাঁহার মিত্রকার্য্য করা হয় না। বা, কি ২৯ স। ১৩—১৪।

২৩। যাহারা স্বয়ং কৃতকার্য্য হইয়া অকৃতার্থ মিত্রদিগের কার্য্যসাধনে যত্নবান্ না হয়, তাহাদিগকে কৃতঘ্ন কহে, তাহারা মৃত হইলে কুক্কুরাদিও তাহাদিগকে ভক্ষণ করে না। বা, কি, ৩০ স। ৭৩।

২৪। আপাততঃ হীনবল হইলেও পরিণামে বৃদ্ধিযুক্ত স্থির-মিত্র-লাভে রাজার যেরূপ রাজশক্তি পরিবর্দ্ধিত হইবার সম্ভাবনা, বহুমূল্য রত্ন ও ভূসম্পত্তিলাভেও তদ্রূপ হইবার সম্ভাবনা নাই। মনু, ৭ অ। ২০৮।

২১। তত্ত্ববান্ বৃত্তসম্পন্ন স্থিতঃ পথি নিরত্যয়ে।
মিত্রার্থমভিনীতার্থং যথাবৎ কর্ত্তুমর্হতি ॥ বা, কি, ২৯স। ১২।

২২। সন্ত্যজ্য সর্ব্বকর্ম্মাণি মিত্রার্থে যো ন বর্ত্ততে।
সম্ভ্রমাদবিকৃতোৎসাহঃ সোঽনর্থেনাবরুধ্যতে ॥
যো হি কালব্যতীতেষু মিত্রকার্য্যেষু বর্ত্ততে।
স কৃত্বা মহতোঽপ্যর্থান্ন মিত্রার্থেন যুজ্যতে। বা, কি, ২৯স। ১৩—১৪।

২৩। কৃতার্থা হ্যকৃতার্থানাং মিত্রাণাং ন ভবন্তি যে।
তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্নোপভুঞ্জতে। বা, কি, ৩০স। ৭৩

২৪। হিরণ্যভূমিসম্প্রাপ্ত্যা পার্থিবো ন তথৈধতে।
যথা মিত্রং ধ্রুবং লব্ধ্বা কৃশমপ্যায়তিক্ষমম্ ॥ মনু ৭অ। ২০৮।

* হনুমান্ সুগ্রীবকে বলিয়াছিলেন।

২৫। যেহেতু হিরণ্য এবং ভূমিলাভ অপেক্ষা মিত্রলাভ শ্রেষ্ঠ, অতএব রাজা মিত্রলাভের জন্য সবিশেষ যত্ন করিবেন এবং সাবধান হইয়া "সত্য" পালন করিবেন। যাজ্ঞ ১ অ। ৩৫২।

২৬। দূর হইতে অভিগমন, স্পষ্টতঃ চিত্তানুবর্ত্তন, বাক্য ও সৎকার প্রদান এই ত্রিবিধ মিত্রসংগ্রহ। ধর্ম্ম, অর্থ ও কাম প্রাপ্তি মিত্রতার এই ত্রিবিধ ফল, যাহাতে এই ত্রিবর্গ লাভ হয় না, এমন বন্ধু সেবা করিবে না। কাম, ৪ স। ৭১—৭২।

২৭। প্রথমে অল্প, মধ্যে বৃহৎ, প্রতিপদে বৃদ্ধিশীল, প্রবাহিনী নদী তুল্য, সাধুদিগের সহিত বন্ধুতা কখনই নিবৃত্ত হয় না। ঔরসজাত ও যাহার সহিত কোন সম্বন্ধ স্থাপিত হইয়াছে অথবা কুল ক্রমাগত বন্ধু, বা বিপদ্ হইতে রক্ষিত এই চতুর্ব্বিধ মিত্র জানিবে। কাম, ৪ স। ৭৩—৭৪।

২৮। বন্ধুর জন্য যে অনুরাগ ইহাই সংক্ষিপ্ত মিত্রের লক্ষণ, যাহাতে ইহা না থাকে, সে মিত্র নহে, তাহাতে আত্মক্ষেপ (আত্মসংমিলন) করিবে না। কাম, ৪ স। ৭৬।

২৫। হিরণ্যভূমিলাভেভ্যো মিত্রলব্ধির্বরা যতঃ।
অতো যতেত তৎপ্রাপ্তৌ রক্ষেৎসত্যংসমাহিতঃ॥ যাজ্ঞ ১অ। ৩৫২।

২৬। দূরাদেবাভিগমনং স্পষ্টার্থ হৃদয়ানুগা।
বাক্‌সৎকৃত্যপ্রদানঞ্চ ত্রিবিধো মিত্রসংগ্রহঃ॥
ধর্ম্মার্থকাম সংযোগো মিত্রাণাং ত্রিবিধং ফলম্।
যস্মাদেতত্রয়ং ন স্যাত্তৎ সেবেত পণ্ডিতঃ॥ কাম, ৪স। ৭১—৭২।

২৭। আদৌ তন্ব্যো বৃহন্মধ্যা বিস্তারিণ্যঃ পদে পদে।
যামিত্ত্বো ন নিবর্ত্তন্তে সতাম্মৈত্র্যঃ সরিৎসমাঃ।
ঔরসং কৃতসম্বন্ধং তথা বংশক্রমাগতম্।
রক্ষিতং ব্যসনেভ্যশ্চ মিত্রং জ্ঞেয়ং চতুর্ব্বিধং॥ কাম, ৪স। ৭৩—৭৪।

২৮। তদর্থে হ্যনুরাগশ্চ সংক্ষিপ্তং মিত্রলক্ষণম্।
যস্মিন্নৈতৎ ন তন্মিত্রং তত্রাত্মানং ন নিক্ষিপেৎ॥ কাম, ৪স। ৭৬।

২৯। ভোগপ্রাপ্ত-বিকুর্ব্বাণ বন্ধুকে উৎপীড়ন করিবে। মিত্র অত্যন্ত বিকৃত হইলে বধ করিবে। সে পাপিষ্ঠ মিত্র নহে, শত্রু। কাম, ৮ স। ৭২।

৩০। উপকারক শত্রুর সহিত বন্ধুত্ব স্থাপন করিবে, অহিত সাধন-রত বন্ধুকে ত্যাগ করিবে। কাম, ৮ স। ৭৩।

৩১। যে হিতকার্য্যে নিয়োগ করে ও হিত ইচ্ছা করে, সেই যথার্থ বন্ধু; অনুরক্ত হউক বা বিরক্ত হউক, যে উপকারী সেই মিত্র। কাম, ৮ স। ৭৪।

৩২। বন্ধুর দোষ বহুবার বিচার করিয়া যদি যথার্থ প্রতিপন্ন হয়, তবেই বন্ধুত্যাগ করিবে। নির্দ্দোষ বন্ধু পরিত্যাগ করিলে ধর্ম্ম ও অর্থ নাশ হয়। কাম, ৮ স। ৭৫।

৩৩। মধ্য, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ রূপ মিত্রের অন্তর অবগত হইবে। মধ্য, জ্যেষ্ঠ ও কনিষ্ঠ ভেদে তাহাদের কর্ম্মও পৃথক্ পৃথক্। কাম, ৮ স। ৭৮।

৩৪। রাজা প্রায় সকল অবস্থার লোককেই মিত্র করিবেন, কারণ বহুমিত্র রাজাই শত্রুদিগকে স্ববশে আনয়ন করিতে সমর্থ হন। কাম, ৮ স। ৮৩।

২৯। ভোগপ্রাপ্তং বিকুর্ব্বাণং মিত্রমপ্যুপপীড়য়েৎ।
অত্যন্তং বিকৃতং হন্যাৎ স পাপীয়ান্ রিপুর্ম্মতঃ॥ কাম, ৮স। ৭২।

৩০। অমিত্রাণ্যপি কুর্ব্বীত মিত্রাণ্যুপচয়াবহান্।
অহিতে বর্ত্তমানানি মিত্রাণ্যপি পরিত্যজেৎ॥ কাম, ৮ স। ৭৩।

৩১। স বন্ধুর্যোঽনুবধ্নাতি হিতেঽর্থে বা হিতাদরঃ।
অনুরক্তং বিরক্তং বা তন্মিত্রমুপকারিবৎ॥ কাম, ৮ স। ৭৪।

৩২। মিত্রং বিচার্য্য বহুশো জ্ঞাতদোষং পরিত্যজেৎ।
ত্যজন্নভূতদোষং হি ধর্ম্মার্থাবুপহন্তি হি॥ কাম, ৮ স, ৭৫।

৩৩। মিত্রাণামন্তরং বিদ্যান্মধ্যজ্যায়ঃ কনীয়সাম্।
মধ্যজ্যায়ঃ কনীয়াংসি কর্ম্মাণি চ পৃথক্ পৃথক্॥ কাম, ৮ স, ৭৮।

৩৪। প্রায়ো মিত্রাণি কুর্ব্বীত সর্ব্বাবস্থানি ভূপতিঃ।
বহুমিত্রো হি শক্নোতি বশে স্থাপয়িতুং রিপূন্॥ কাম, ৮ স, ৮৩।

৩৫। পুরুষের বিপৎ-প্রতীকার বিষয়ে ভ্রাতা, পিতা বা অন্য কোন আত্মীয় জন যত্নশীল হন না, কেবল সৎ মিত্রই সেই বিষয়ে বর্ত্তমান থাকেন। কাম, ৮ স। ৮৪।

৩৬। দৃঢ়ব্রত মিত্রগণ কখনই রাজার শত্রুপক্ষের আশ্রয় গ্রহণ করে না। মণ্ডলজ্ঞ পণ্ডিতেরা এইরূপ মণ্ডলবৃত্ত বলিয়া থাকেন। মিত্র উদাসীন ও শত্রু ইহাকেই মণ্ডল বলে, ইহাদের সম্যক্ সংশোধনকেই মণ্ডলশোধন বলে। এইরূপে নীতিপথানুবর্ত্তী, উদ্যমশীল রাজা মণ্ডল-শুদ্ধি সম্পাদন করতঃ বিশুদ্ধ-মণ্ডল হইয়া শরৎকালীন চন্দ্র যেমন প্রজা সকলকে আনন্দিত করিয়া বিরাজ করেন, তদ্বৎ বিরাজিত হইয়া থাকেন। কাম, ৮ স। ৮৫—৮৭।

৩৭। মিত্রবর্গ অধর্ম্ম-দ্রোহযুক্ত হইলে তাহাদিগকে উপেক্ষা করা কর্ত্তব্য। মিত্রবর্গ স্বস্থ হইলে প্রাণ পরিত্যাগও বিধেয়। কাম, ১০ স।৯।

৩৫। ন তত্র তিষ্ঠতি ভ্রাতা ন পিতাঽন্যোঽপি বা জনঃ।
পুংসামাপৎপ্রতীকারে সন্মিত্রং যত্র তিষ্ঠতি॥ কাম, ৮ স। ৮৪।

৩৬। অমিত্রাণ্যবতো মিত্রৈর্ন গৃহীয়াৎ দৃঢ়ব্রতৈঃ।
ইতি মণ্ডলবৃত্তং হি মণ্ডলজ্ঞাঃ প্রচক্ষতে॥
মিত্রোদাসীনরিপব এতন্মাত্রং হি মণ্ডলম্।
সম্যক্ শোধনমেতেষামিতি মণ্ডলশোধনম্॥
ইতি স্ম রাজা নয়বর্ত্মনা ব্রজন্
সমুদ্যমী মণ্ডলশুদ্ধিমাচরন্।
বিরাজতে সাধু বিশুদ্ধমণ্ডলঃ
শরচ্চশীব প্রতিনন্দয়ন্ প্রজাঃ॥ কাম, ৮ স। ৮৫—৮৭।

৩৭। অধর্ম্মদ্রোহসংযুক্তে মিত্রজাত উপেক্ষণম্।
আত্মবান্মিত্রবর্গে তু প্রাণানপি পরিত্যজেৎ॥ কাম, ১০ স। ৯।

৩৮। প্রভু স্বাতন্ত্র্য অবলম্বন করিলে অনর্থ ঘটে, প্রকৃতিভেদ ঘটিলে রাজ্যচ্যুতি ঘটে। আপ্তবাক্য, অনুভব, আগম ও অনুমান হেতু প্রতি পুরুষে পার্থক্য দেখিতে পাওয়া যায়। প্রত্যক্ষ, সাদৃশ্য, সাহস, ছল, বল দ্বারা আচারের বৈচিত্র্য (বিভিন্নতা) ও গুরু-লঘু ক্রমে ঔন্নত্য দেখা যায়। কেহ একাকী তৎসমুদায় অবগত হইতে পারে না, এজন্য রাজা রাজ্যবৃদ্ধির নিমিত্ত কুল-গুণ-শীল, বৃদ্ধ, শূর, ভক্ত, প্রিয়ম্বদ, হিতোপদেশক, ক্লেশসহ, ধর্ম্মরত, কুপথপ্রবৃত্ত রাজাকে বুদ্ধি দ্বারা উদ্ধারক্ষম, শুচি, নির্ম-ৎসর, কাম-ক্রোধ-লোভ-বিরহিত, নিরালস্য সহায় সংগ্রহ করিবেন। শুক্র, ২ অ। ৪—৯।

৩৯। রাজা কুসহায় আশ্রয় করিলে, রাজ্য ও স্বধর্ম্ম হইতে চ্যুত

৩৮। প্রভুঃ স্বাতন্ত্র্যমাপন্নো হ্যনর্থায়ৈব কল্পতে।
ভিন্নরাষ্ট্রো ভবেৎ সদ্যো ভিন্নপ্রকৃতিরেব চ॥
পুরুষে পুরুষে ভিন্নং দৃশ্যতে বুদ্ধিবৈভবম্।
আপ্তবাক্যৈরনুভবৈরাগমৈরনুমানতঃ॥
প্রত্যক্ষেণ চ সাদৃশ্যৈঃ সাহসৈশ্চ ছলৈর্বলৈঃ।
বৈচিত্র্যং ব্যবহারাণামৌন্নত্যং গুরুলাঘবৈঃ॥
ন হি তৎ সকলং জ্ঞাতুং নরেণৈকেন শক্যতে।
অতঃ সহায়ান্ বরয়েদ্রাজা রাজ্যবিবৃদ্ধয়ে॥
কুলগুণশীলবৃদ্ধান্ শূরান্ ভক্তান্ প্রিয়ংবদান্।
হিতোপদেশকান্ ক্লেশসহান্ ধর্ম্মরতান্ সদা॥
কুমার্গগং নৃপমপি বুদ্ধ্যোদ্ধর্ত্তুং ক্ষমান্ শুচীন্।
নির্ম্মৎসরান্ কামক্রোধলোভহীনান্নিরালসান্॥ শুক্র, ২অ। ৪—৯।

৩৯। হীয়তে কুসহায়েন স্বধর্ম্মাদ্রাজ্যতো নৃপঃ।
কুকর্ম্মণা প্রণষ্টাস্তু দিতিজাঃ কুসহায়তঃ॥
নষ্টা দুর্য্যোধনাদ্যাস্তু নৃপাঃ শূরা বলাধিকাঃ।
নিরভিমানো নৃপতিঃ সুসহায়ো ভবেদতঃ॥ শুক্র, ২ অ। ১০—১১।

হন। দৈত্যগণ কুকর্ম্ম ও কুসহায় হেতু বিনষ্ট হইয়াছিল। শূর, প্রবল-বল-সম্পন্ন দুর্য্যোধনাদি রাজাও কুসহায় হেতু বিনষ্ট হইয়াছিল, অতএব রাজা সর্ব্বদা নিরভিমান ও সুসহায়-সম্পন্ন হইবেন। শুক্র, ২ অ। ১০-১১।

৪০। হীনবল ও অধিকবল মিত্রকে যথাক্রমে বর্দ্ধন ও কর্ষণ করিবে। শুক্র, ৪ অ-১প্র।২৩।

৪১। যাহাদের শীল, বয়স, বিদ্যা, জাতি, ব্যসন ও বৃত্তি তুল্য; তাহাদের সহিত যদি অকপট বন্ধুত্ব ঘটে, তাহা হইলে "তোমার তুল্য বন্ধু নাই, আমার সমস্তই তোমার" এই জীবনাবধি দান বাক্য প্রযোজ্য। শুক্র, ৪অ—১প্র।২৮-২৯।

৪২। মিত্রের নিকট অন্য মিত্রের সুগুণকীর্ত্তন করা তাহার ভেদ (মনোভঙ্গ করণ) ও যদি এরূপ হও তবে তোমার সহিত বন্ধুত্ব করিব না, এরূপ বাক্য দণ্ড। শুক্র, ৪অ—১প্র।৩০।

৪৩। মিত্রের প্রতি সদা সাম ও দান প্রয়োগ করিবে, কদাপি ভেদ ও দণ্ড প্রয়োগ করিবে না। শুক্র, ৪অ—১প্র।৪০।

৪৪। শূর, সদা উত্থানশীল, বলনীতি-সম্পন্ন ব্যক্তির মিত্ররূপী গূঢ়শত্রুগণ

৪০। বৃংহয়েৎ কর্ষয়েৎ মিত্রং হীনাধিকবলং ক্রমাৎ॥ শুক্র, ৪ অ—১ প্র। ২৩।

৪১। একশীলবয়োবিদ্যাজাতি ব্যসন বৃত্তয়ঃ।
সাহচর্য্যে ভবেন্মিত্রমেভির্যদি তু সার্জবৈঃ॥
তৎসমস্ত সখা নাস্তি মিত্রে সাম ইদং স্মৃতম্।
মম সর্বং তবৈবাস্তি দানং মিত্রে সজ্জীবিতম্॥ শুক্র, ৪ অ—১ প্র। ২৮—২৯।

৪২। মিত্রেঽন্যমিত্রসুগুণান্ কীর্ত্তয়েদ্ ভেদনং হি তৎ।
মিত্রে দণ্ডো ন করিষ্যে মৈত্রীমেবংবিধোঽসি চেৎ॥ শুক্র, ৪অ—১ প্র। ৩০।

৪৩। মিত্রে চ সামদানৌ স্তো ন কদা ভেদদণ্ডনে॥ শুক্র, ৪ অ—১ প্র। ৪০।

৪৪। শূরোত্থানশীলস্য বলনীতি মতঃ সদা।
সর্ব্বে মিত্রা গূঢ়বৈরা নৃপাঃ কালপ্রতীক্ষকাঃ॥
ভবন্তীতি কিমাশ্চর্য্যং রাজ্যলুব্ধা ন তে হি কিম্?
ন রাজ্ঞো বিদ্যতে মিত্রং রাজা মিত্রং ন কস্য বৈ॥ শুক্র, ৪ অ—১ প্র। ৮—৯।

কাল প্রতীক্ষা করে, রাজাও সেই সকল মিত্রের ন্যায়ই ব্যবহার করিয়া থাকেন। রাজগণ যে এরূপ হইবে ইহাতে আশ্চার্য্যের বিষয় কি? তাহারা কি রাজ্যলুব্ধ নহে? রাজার কেহ মিত্র নাই, রাজাও কাহারও মিত্র নহে। শুক্র, ৪অ—১প্র।৮-৯।

৪৫। রাজা ও প্রজা প্রায়ই কার্য্য-জনিত পরস্পর বন্ধু হয়। কেহ কেহ সর্ব্বদা স্বাভাবিক মিত্র ও শত্রু থাকে। মাতা, মাতামহ বংশ, পিতা, পিতামহ, পিতামহী, পিতার পিতৃব্য, নিজের কন্যা, পত্নী, পত্নীর কুল, পিতৃ-ভগিনী, মাতৃভগিনী, ভগিনী, তাহাদের কন্যা ও অন্যান্য সন্ততি, রাজা ও গুরু ইহারা সহজ মিত্র। শুক্র, ৪অ—১প্র। ১০-১২।

ত্রয়োদশ স্তবক।

[সভাসদ্ ও সুহৃদ্ব্যবহার।]

১। যাহারা লজ্জাশীল, জিতেন্দ্রিয়, সত্য ও সরলতা সম্পন্ন এবং প্রিয় ও অপ্রিয় বাক্য সম্যক্‌রূপে কহিতে সমর্থ তাদৃশ লোককেই তুমি সভাসদ্ করিবে। ম, শা, ৮৩ অ। ২।

৪৫। প্রায়ঃ কৃত্রিমমিত্রে তে ভবতশ্চ পরস্পরম্।
কে চিৎ স্বভাবতো মিত্রাঃ শত্রবঃ সন্তি সর্ব্বদা॥
মাতামাতৃকুলং চৈব পিতা তৎপিতরৌতথা।
পিতৃপিতৃব্যাত্ম কন্যা পত্নী তৎকুলমেব হি॥
পিতৃমাত্রাত্মভগিনী কন্যকা সন্ততিশ্চ যা।
প্রজাপালো গুরুশ্চৈব মিত্রাণি সহজানি হি। শুক্র, ৪ অ—১ প্র। ১০—১২।

১। হ্রীনিষেবাস্তথা দান্তাঃ সত্যার্জ্জব সমন্বিতাঃ।
শক্তাঃ কথয়িতুং সম্যক্ তে তব স্যুঃ সভাসদঃ॥ ম, শা, ৮৩অ। ২।

২। যিনি কুলীন, সতত সম্মানিত, স্বীয় শক্তিকে সংগোপন করেন না এবং প্রসন্ন, অপ্রসন্ন, পীড়িত বা হত ভৃত্যাদিগকে সম্পূর্ণরূপে আবর্ত্তিত করেন, তাঁহাকেই সুহৃদ্ বলিয়া জানিবে। ম, শা, ৮৩ অ। ৪-৫।

৩। যেরূপ পদ্মপত্রে বারিবিন্দু পতিত হইলে তাহা কোনরূপেই পত্রে সংশ্লিষ্ট হয় না, তদ্রূপ ক্রুর স্বভাব-সম্পন্ন লোকের সহিত সৌহৃদ্য করিলে, তাহা কোনরূপেই তাহার অন্তঃকরণে সংশ্লিষ্ট হয় না। বা, ল, ১৬ স। ১১।

৪। শরৎকালে মেঘ সকল গর্জ্জন ও বারিবর্ষণ করিতে থাকিলেও তাহাতে যেরূপ পৃথিবী জল-সংক্লিন্ন হয় না, তদ্রূপ দুর্জ্জনের সহিত যতই সৌহৃদ্য প্রকাশ কর, তাহা নিষ্ফল হইয়া থাকে। বা, ল, ১৬ স। ১২।

৫। তৃষ্ণার্ত্ত মধুব্রত যেরূপ বিশেষ চেষ্টা করিলেও কাশপুষ্পে অভিলাষানুরূপ মধু প্রাপ্ত হয় না, তদ্রূপ দুর্জ্জনের সহিত সৌহৃদ্য করিলে, তাহার নিকট হইতে কোন ফল প্রাপ্ত হওয়া যায় না। বা, ল, ১৬ স। ১৩।

২। "কুলীনঃ পূজিতো নিত্যং ন হি শক্তিং নিগূহতি ॥"
প্রসন্নমপ্রসন্নং বা পীড়িতং হতমেব বা।
আবর্ত্তয়তি ভূয়িষ্ঠং তদেব হৃদনুপালিতং ॥ ম, শা, ৮৩ অ। ৪—৫

৩। যথা পুষ্করপত্রেষু পতিতাস্তোয়বিন্দবঃ।
ন শ্লেষমধিগচ্ছন্তি তথানার্য্যেষু সৌহৃদম্ ॥ বা, ল, ১৬স। ১১।

৪। যথা শরদি মেঘানাং সিঞ্চিতামপি গর্জ্জিতাম্।
ন ভবত্যম্বু সংক্লেদস্তথানার্য্যেষু সৌহৃদম্ ॥ বা, ল, ১৬ স। ১২।

৫। যথা মধুকরস্তর্ষাৎ কাশপুষ্পং পিবন্নপি।
রসমত্র ন বিন্দেত তথানার্য্যেষু সৌহৃদম্ ॥ বা, ল, ১৬স। ১৩।

৬। বদ্ধং কালস্য পাশেন সর্ব্বভূতাপহারিণা।
ন নশ্যন্তমুপেক্ষেয়ং প্রদীপ্তং শরণং যথা ॥ বা, ল, ১৬ স। ২২।

৬। যেরূপ গৃহে অগ্নি প্রদীপ্ত হইলে, তৎকালে উপেক্ষা করা উচিত হয় না, তদ্রূপ সুহৃদ্ ব্যক্তিকে সর্ব্বভূত-বিনাশী কালপাশে বদ্ধ হইয়া বিনষ্ট হইতে দেখিলে, হিতবাক্য বলিতে উপেক্ষা করা উচিত নহে। বা, ল, ১৬ স। ২২।

৭। হস্তী যেরূপ প্রথমতঃ জলে স্নান করতঃ তৎপরেই কর দ্বারা ধূলি নিক্ষেপপূর্ব্বক স্নানকৃত নির্ম্মলতা নাশ করিয়া আপনার গাত্র কলুষিত করে, তদ্রূপ দুর্জ্জনের সহিত সৌহৃদ্য করিলে, সে নিজ কার্য্য সাধনের পর স্বয়ং সৌহার্দ্দ নাশ করিয়া থাকে। বা, ল, ১৬ স। ১৫।

৮। সুহৃদ্‌গণের প্রতি জ্ঞানপূর্ব্বক প্রীতি-প্রবৃত্তি হইলে, যে সুহৃদ্বয় এক কার্য্যে অভিমুখ হয়, সেই উভয়ের মধ্যে যে ব্যক্তি গুরুতর ভার বহন করিবে, বিদ্বান্ ব্যক্তি সেই সুস্নিগ্ধ মিত্রকে প্রশংসা করিবেন। ম, শা, ১২০ অ। ৫৫।

৯। মধুকর যেরূপ তৃষিত হইয়া পুষ্প সকলে ইচ্ছানুরূপ মধুপান করতঃ পরিতৃপ্ত হইলে, আর তন্মধ্যে অবস্থান করে না, তদ্রূপ দুর্জ্জনের সহিত সৌহৃদ্য করিলে, সে আপনারই কার্য্য সাধন করিয়া লয়। বা, ল, ১৬ স। ১৩।

৭। যথা পূর্ব্বং গজঃ স্নাত্বা গৃহ্য হস্তেন বৈ রজঃ।
দূষয়ত্যাত্মনো দেহং তথানার্য্যেষু সৌহৃদম্॥ বা, ল, ১৬ স। ১৫।

৮। প্রীতি প্রবৃত্তৌ বিনিবর্ত্তিতৌ যথা
সুহৃৎসু বিজ্ঞায় নিবৃত্য চোভয়োঃ।
যদেব মিত্রং গুরুভারমাবহে
তদেব সুস্নিগ্ধমুদাহরেৎ বুধঃ॥ ম, শা, ১২০ অ। ৫৫।

৯। যথা মধুকরস্তর্ষাদ্রসং বিন্দন্ন তিষ্ঠতি।
তথা ত্বমপি তত্রৈব তথানার্য্যেষু সৌহৃদম্॥ বা, ল, ১৬ স। ১৩।

১০। সাধুগণের পরস্পর সপ্তপদ উত্তরণপূর্ব্বক আলাপ হইলেই সখ্য হয়। ম, শা, ১৩৮ অ। ৫৬।

১১। সখা দুঃখিতই থাকুন বা সুখীই থাকুন, সকল সময়েই সখার দুঃখ মোচনে প্রযত্ন করিয়া থাকেন। বা, কি, ৮ স। ৪০।

১২। যাঁহারা কুলীন, স্বদেশজ, প্রাজ্ঞ রূপবান্, বহুশ্রুত, প্রগল্ভ ও অনুরক্ত তাঁহাদিগকে পরিচ্ছদ করিবে। ম, শা, ৮৩ অ। ৬।

১৩। যাহারা দুষ্কুল জাত, লুব্ধ, নৃশংস ও নির্লজ্জ তাহারা যাবৎকাল আর্দ্রহস্ত অর্থাৎ ধনবান্ থাকিবে, তাবৎকালই তোমার সেবা করিবে, শুষ্ক অর্থাৎ রিক্তহস্ত হইলে তৎক্ষণাৎ বিকৃত হইয়া আর সেবা করিবে না, অতএব তাহাদিগকে পরিচ্ছদ করা উচিত নহে। ম, শা, ৮৩। ৭।

১৪। যিনি বিপন্ন ও দীনভাবাপন্নগণের প্রতি অনুকম্পা করেন, তিনি সুহৃদ্; পরন্তু নীতিমার্গ হইতে বিচলিত হইলেও যিনি সাহায্য করিয়া থাকেন, তিনিই যথার্থ বন্ধু বলিয়া অভিহিত হন। বা, ল, ৬৩ স। ২৭।

১৫। যাহারা সদ্বংশ-সম্ভূত ও সংস্কার-শোধিত, নিয়মী ও শত্রু মিত্রের সমদর্শী এবং কার্য্যপ্রার্থিগণ যাহাদিগকে কাম বা ক্রোধ উদ্রিক্ত করিয়া

১০। "সতাং সাপ্তপদং মৈত্রং"। ম, শা, ১৩৮ অ। ৫৬।

১১। "দুঃখিতঃ সুখিতো বাপি সখ্যুর্নিত্যং সখা গতিঃ॥" বা, কি, ৮স।৪০।

১২। কুলীনা দেশজাঃ প্রাজ্ঞা রূপবন্তো বহুশ্রুতাঃ।
প্রগল্ভাশ্চানুরক্তাশ্চ তে তব স্যুঃ পরিচ্ছদাঃ॥ ম, শা, ৮৩অ।৬।

১৩। দৌষ্কুলেয়াশ্চ লুব্ধাশ্চ নৃশংসা নিরপত্রপাঃ।
তে ত্বাং তাত নিষেবেয়ুর্যাবদার্দ্রকপাণয়ঃ॥ ম, শা, ৮৩অ।৭।

১৪। স সুহৃদ্ যো বিপন্নার্থং দীনমভ্যুপপদ্যতে।
স বন্ধুর্যোঽপনীতেষু সাহায্যায়োপকল্পতে॥ বা, ল, ৬৩স। ২৭।

১৫। জন্মকর্ম্মব্রতোপেতাশ্চ রাজ্ঞা সভাসদঃ কার্য্যা রিপৌ মিত্রে চ
যে সমাঃ কামক্রোধভয়লোভাদিভিঃ কার্য্যার্থিভিরনাহার্য্যাঃ॥ বিষ্ণু ৩অ।৫২॥

অথবা ভয় কিম্বা লোভ প্রদর্শন করিয়া নিজের আয়ত্ত করিতে না পারে, রাজা এইরূপ লোকদিগকে সভাসদ্ করিবেন। বিষ্ণু ৩ অ। ৫২।

১৬। যে স্থানে প্রথমতঃ সম্মান, পশ্চাৎ অবমান হয়, সেই সম্মানিত হইয়া বিমানিত ব্যক্তিকে ধীরগণ প্রশংসা করেন না। ভিন্ন বস্তু বহু কষ্টে শ্লিষ্ট হয় এবং শ্লিষ্ট বস্তুও বহু দুঃখে বিভিন্ন হইয়া থাকে, যে প্রীতি বিভিন্ন হইয়া পুনরায় সংশ্লিষ্ট হয়, তাহা স্নেহ দ্বারা মিশ্রিত থাকে না। কোন ব্যক্তিকে আত্মপর উভয় ভিন্ন কেবল প্রভুর কার্য্যে নিয়ত দেখিতে পাওয়া যায় না। সকলেরই অভিপ্রায় কার্য্য অপেক্ষা করিয়া থাকে, অতএব স্নিগ্ধ-বন্ধু অতি দুর্ল্লভ। রাজাদিগের চিত্ত অত্যন্ত চঞ্চল, অতএব সুপুরুষ বিবেচনা করা দুর্ঘট, সমর্থ অথবা অশক্ত পুরুষ শতের মধ্যে একব্যক্তিকে পাওয়া যায়। ম, শা, ১১১ অ। ৮৫-৮৮।

১৭। যে সভায় বৃদ্ধগণ থাকে না, সে সভাই নহে ; যে বৃদ্ধেরা ধর্ম্মের

১৬। পূর্ব্বং সম্মাননা যত্র পশ্চাচ্চৈব বিমাননা।
ন তং ধীরাঃ প্রশংসন্তি সম্মানিতবিমানিতম্॥
দুঃখেন শ্লিষ্যতে ভিন্নং শ্লিষ্টং দুঃখেন ভিদ্যতে।
ভিন্না শ্লিষ্টা তু যা প্রীতি র্ন সা স্নেহেন বর্ত্ততে॥
কশ্চিদেব হিতে ভর্ত্তুর্দৃশ্যতে ন পরাত্মনোঃ।
কার্য্যাপেক্ষা হি বর্ত্তন্তে ভাবস্নিগ্ধাঃ সুদুর্ল্লভাঃ॥
সুদুঃখং পুরুষং জ্ঞানং চিত্তং হ্যেষাং চলাচলম্।
সমর্থো বাপ্যশক্তো বা শতেষ্বেকোঽধিগম্যতে॥ ম, শা, ১১১ অ। ৮৫—৮৮।

১৭। ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধা
বৃদ্ধা ন তে যে ন বদন্তি ধর্ম্মম্।
নাসৌ ধর্ম্মো যত্র ন সত্যমস্তি
ন তৎসত্যং যচ্ছলেনানুবিদ্ধম্।
যে তু সভ্যাঃ সদো গত্বা তূষ্ণীং ধ্যায়ন্ত আসতে।
যথাপ্রাপ্তং ন ব্রুবতে তে সর্ব্বেঽনৃত বাদিনঃ॥
জানন্ন বাব্রবীৎ প্রশ্নান্ কামাৎ ক্রোধাদ্ভয়াত্তথা।
সহস্রং বারুণান্ পাশানাত্মনি প্রতিমুঞ্চতি॥ বা, উ, ৭২ স। ৩৩—৩৫।

উপদেশ দেন না, তাঁহারা বৃদ্ধের মধ্যেই পরিগণিত হন না, যে ধর্ম্মে সত্য নাই, সে ধর্ম্ম ধর্ম্মই নহে এবং যে সত্য ছলবিশিষ্ট সে সত্য সত্যই নহে। যে সভ্যগণ সভায় চিন্তা করিয়াও মৌন হইয়া থাকেন, এবং যথাযোগ্য স্বীয় মত প্রকাশ না করেন, তাঁহারা সকলেই মিথ্যাবাদী, অথবা যাঁহারা জানিয়াও কাম, ক্রোধ বা ভয়ে প্রশ্নের উত্তর দেন না, তাঁহারা নিজের উপরে সহস্র বারুণপাশ নিক্ষিপ্ত করিয়া থাকেন। উ, ৭২ স। ৩১-৩৫।

১৮। বিখ্যাত বংশ, অক্রূর, লোকসংগ্রাহী ও শুচি ব্যক্তিকে নিজ শুভেচ্ছু রাজা পারিষদ্ মনোনীত করিবেন। কাম, ৪ স। ১০।

১৯। রাজা দুষ্ট হইলেও পারিষদ্‌গুণে ভোগ্যতা (অনুরাগ) লাভ করিতে পারেন, কিন্তু দুষ্ট পারিষদ্‌যুক্ত হইলে ব্যাল (ধেড়ে) বিশিষ্ট বৃক্ষের ন্যায় কদাপি ভোগ্যতা প্রাপ্ত হন না। কাম, ৪ স। ১১।

২০। ধী, সত্ত্ব, উৎসাহসম্পন্ন ও তৎকর্ম্মনিষ্ঠগণ সতত অবহিত হইয়া রাজাকে জগরিত করিবে (কর্ত্তব্য কর্ম্মে প্রেরণ করিবে।) যাঁহারা রাজাকে সর্ব্বদা কুপথ (কুকার্য্য) হইতে প্রতিনিবৃত্ত করেন, তাঁহারা রাজার

১৮। প্রখ্যাতবংশমক্রূরং লোকসংগ্রাহিণং শুচিম্।
কুর্ব্বীতাত্মহিতাকাঙ্ক্ষী পরিবারং মহীপতিঃ॥ কাম, ৪ স। ১০।

১৯। দুষ্টোঽপি ভোগ্যতামেতি পরিবারগুণৈর্নৃপঃ।
ন ক্রূরপরিবারস্তু ব্যালাক্রান্ত ইব দ্রুমঃ॥ কাম ৪ স। ১১।

২০। তং বোধয়েজ্জগন্নাথং স বুধ্যেত যথা তথা।
ধীসত্ত্বোদ্যোগসম্পন্নৈস্তৎ কর্ম্মসু সমাহিতৈঃ॥
নৃপস্য তে সুহৃদস্তএব গুরবোমতাঃ।
য এনমুৎপথগতং বারয়ন্ত্যনিবারিতাঃ॥
সজ্জমানমকার্য্যেষু সুহৃদো বারয়ন্তি যে।
সত্যাস্তেনৈব সুহৃদো গুরবো গুরবো হি তে॥ কাম, ৪স। ৪৩—৪৫।

প্রকৃত সুহৃদ্ ও গুরু (পূজনীয়)। অকার্য্যে আসক্ত রাজাকে যাঁহারা নিবারণ করেন, তাঁহারাই রাজার কেবল শ্রেষ্ঠ সুহৃদ্ নহেন, তাঁহারাই গুরু ইহা সত্য। কাম, ৪ স। ৪৩-৪৫।

২১। পরাক্রান্ত অনুরাগ (বিষয়বাসনা) কৃতবিদ্যকেও পরাভূত করে. বিষয়াসক্তচিত্ত ব্যক্তি কোন্ অকার্য্যের অনুষ্ঠান না করে ? রাগান্বিত-চিত্ত সম্রাট্ চক্ষু থাকিতেও অন্ধ ; চিকিৎসক সদৃশ সুহৃদ্ নির্ম্মল বিনয়াঞ্জন প্রয়োগ করিয়া তাঁহাকে সুস্থ করিবে। কাম, ৪ স। ৪৬-৪৭।

২২। রাগ (অনুরাগ), মান ও মদ (গর্ব্ব) দ্বারা অন্ধীকৃত-নেত্র, শত্রু সঙ্কটে স্খলৎপদ রাজার সুহৃদ্-সচিবের কার্য্যকলাপ হস্তযষ্টিকার সদৃশ ! কাম, ৪ স। ৪৮।

২৩। শুদ্ধাচার, ত্যাগশীলতা, বীরত্ব, সুখদুঃখে সমভাগিতা, অনুরাগ, কার্য্য-কুশলতা এবং সত্যবাদিতা এই সকল সুহৃদের গুণ। কাম, ৪ স। ৭৫।

২৪। সম্পত্তিমান্ রাজাদের যে সম্পত্তি বন্ধু ও সুহৃদ্বর্গ বিশ্রব্ধভাবে ভোগ করে না, সে সম্পত্তিতে প্রয়োজন কি ? কাম, ৫ স। ৭৩।

২১। কৃতবিদ্যোঽপি বলিনা ব্যক্তং রাগেণ রজ্যতে।
রাগানুরক্তচিত্তস্তু কিন্নকুর্য্যাদসাম্প্রতম্॥
পশ্যন্নপি ভবত্যন্ধঃ সম্রাড়াগোবৃতস্তু সন্।
সুহৃদ্বৈদ্যাশ্চিকিৎসন্তি নির্ম্মলৈর্বিনয়াঞ্জনৈঃ॥ কাম, ৪স। ৪৬—৪৭।

২২। রাগমানমদান্ধস্য স্খলতঃ শত্রুসঙ্কটে।
হস্তাবলম্বো ভবতি সুহৃৎসচিব চেষ্টিতম্॥ কাম, ৪ স। ৪৮।

২৩। শুচিতা ত্যাগিতা শৌর্য্যং সমানসুখদুঃখতা।
অনুরাগশ্চ দাক্ষ্যশ্চ সত্যতা চ সুহৃদ্গুণাঃ॥ কাম, ৪ স। ৭৫।

২৪। লক্ষ্ম্যা লক্ষ্মীবতাং লোকে বিকাশিন্যা চ কিন্তয়া।
বন্ধুভিশ্চ সুহৃদ্ভিশ্চ বিশ্রব্ধং যা ন ভুজ্যতে॥ কাম, ৫ স। ৭৩।

২৫। প্রকাশ্যে কোন সুহৃদের পক্ষ গ্রহণ করিবে না, কারণ সুহৃদ্‌গণ পরস্পরের প্রতি বিদ্বেষ করিয়া থাকে। কাম, ৮ স। ৮১।

২৬। যাহার চিত্ত সর্ব্বদা পরদুঃখে বিগলিত হয়, যে অন্যের ইষ্টের জন্য সর্ব্বদা যত্ন করে, অপ্রেরিত হইয়াও পরোপকার করে, যথা সময়ে আত্ম-স্ত্রী-ধন ও গুপ্ত বিষয় সংরক্ষণ করে, সেই উত্তম সুহৃৎ। অপর সকলে একপাদ, দ্বিপাদ বা ত্রিপাদ মিত্র। শুক্র, ৪ অ—১প্র। ৩-৪।

চতুর্দ্দশ স্তবক।

[আত্মীয় ও জ্ঞাতিব্যবহার।]

১। যদিও সকল লোকের প্রতি বিশ্বাস না করিয়া কেবলমাত্র স্বজনগণের প্রতি বিশ্বাস করাই নৃপতির কর্ত্তব্য বটে, তথাপি তাহাদের প্রতি সম্পূর্ণ বিশ্বাস করাও অনুচিত। ম, শা, ৫৬ অ।১৬।

২। যে মহীপতি অভিমানী ও ক্রোধী হন, যিনি মনে আপনাকেই

২৫। প্রকাশপক্ষগ্রহণং ন কুর্য্যাৎ সুহৃদাং স্বয়ম্।
অন্যোন্যমৎসরশ্চৈষাং স্বয়মেবাশু ধারয়েৎ॥ কাম, ৮ স। ৮১।

২৬। যস্য সুদ্রবতে চিত্তং পরদুঃখেন সর্ব্বদা।
ইষ্টার্থে যততেঽন্যস্যাপ্রেরিতঃ সৎকরোতি যঃ॥
আত্মস্ত্রীধনগুহ্যানাং শরণং সময়ে সুহৃৎ।
প্রোক্তোত্তমোঽয়মন্যশ্চ ত্রিদ্ব্যেকপদমিত্রকঃ॥ শুক্র, ৪অ—১প্র। ৩—৪।

১। "ন বিশ্বসেচ্চ নৃপতির্নচাত্যর্থং চ বিশ্বসেৎ॥" ম, শা, ৫৭অ। ১৬।

২। অভিমানিনমগ্রাহ্যমাত্মসম্ভাবিতং নরম্।
ক্রোধনং ব্যসনে হন্তি স্বজনোঽপি নরাধিপম্॥ বা, অর, ৩৩ স। ১৬।

অভিজ্ঞ বোধ করেন এবং যাঁহাকে কেহ কোন বিষয় উপযুক্ত বোধ করা-ইতে পারে না, ব্যসন কালে তদীয় আত্মীয়গণও তাঁহাকে হনন করে। বা, অর, ৩৩ স।১৬।

৩। যে নৃপতি দ্বেষ করতঃ কল্যাণগুণসম্পন্ন জ্ঞাতিগণের নিকট বাস করিতে ইচ্ছা না করেন, সেই অদৃঢ়াত্মা, দৃঢ়-ক্রোধ-সমন্বিত নৃপতিই মৃত্যুর নিকটে বাস করিয়া থাকেন। আর গুণবান্ ব্যক্তিগণ হৃদয়ের অপ্রিয় হইলেও, যে রাজা তাঁহাদিগকে প্রিয় বাক্য দ্বারা বশীকৃত করিতে পারেন, তিনি চিরকাল ভূমণ্ডলে যশস্বী হইয়া অবস্থান করেন। ম, শা, ৯৩ অ।৩৩-৩৪।

৪। মৃত্যুর ন্যায় জ্ঞাতিগণকে সর্ব্বদা ভয় করিবে, যে হেতু জ্ঞাতিগণ সমীপবর্ত্তী সামন্তের ন্যায় রাজ-ঋদ্ধি সতত সহ্য করে না। পরন্তু জ্ঞাতি সরল, মৃদু, বদান্য, লজ্জাশীল ও সত্যবাদী হইলে কেহই তাহার বিনাশ অভিলাষ করে না। ম, শা, ৮০ অ।৩২-৩৩।

৫। জ্ঞাতিহীন মানবের সুখ হয় না। জ্ঞাতিহীন মনুষ্য সকলেরই অবজ্ঞাস্পদ হয় এবং অজ্ঞাতিমন্ত পুরুষকেই শত্রুরা পরাভব করিয়া থাকে। ম, শা, ৮০ অ।৩৪।

৩। যঃ কল্যাণগুণান্ জ্ঞাতীন্ প্রদ্বেষান্নো বুভূষতি।
অদৃঢ়াত্মা দৃঢ়ক্রোধঃ স মৃত্যোর্বসতেঽন্তিকে॥
অথ যো গুণসম্পন্নান্ হৃদয়স্যাপ্রিয়ানপি।
প্রিয়েণ কুরুতে বশ্যাংশ্চিরং যশসি তিষ্ঠতি॥ ম, শা, ৯৩অ। ৩৩—৩৪।

৪। জ্ঞাতিভ্যশ্চৈব বুধ্যেথা মৃত্যোরিব ভয়ং সদা।
উপরাজেব রাজর্দ্ধিং জ্ঞাতির্ন সহতে সদা॥
ঋজোর্মৃদোর্ব্বদান্যস্য হ্রীমতঃ সত্যবাদিনঃ।
নান্যো জ্ঞাতের্মহাবাহো বিনাশমভিনন্দতি॥ ম, শা, ৮০ অ। ৩২—৩৩।

৫। অজ্ঞাতিনোঽপি ন সুখা নাবজ্ঞেয়াস্ততঃ পরম্।
অজ্ঞাতিমন্তং পুরুষং পরে চাভিভবন্ত্যত॥ ম, শা, ৮০ অ। ৩৪।

৬। কেহ অন্য নর কর্ত্তৃক অবমানিত হইলে জ্ঞাতিই তাহার আশ্রয় হয় এবং জ্ঞাতিই জ্ঞাতির পর-কৃত পরিভব কদাচ সহ্য করিতে পারে না। ম, শা, ৮০ অ।৩৫।

৭। কোন পুরুষ বন্ধুগণ কর্ত্তৃক অবমানিত হইলে, তাঁহার জ্ঞাতিগণ আপনাদিগকে অবমানিত বিবেচনা করেন এবং বন্ধু সকল শতগুণে বর্দ্ধিত হইলেও তাহাদিগকে অল্প গুণ বিবেচনা করিয়া আপনাদিগকে তদপেক্ষা বহু গুণে বর্দ্ধিত বোধ করিয়া থাকেন। ম, শা, ৮০ অ।৩৬।

৮। জ্ঞাতিহীন মানব কাহাকেও অনুগ্রহ করে না, জ্ঞাতিহীন মনুষ্য কাহারও নিকট নত হয় না, জ্ঞাতিবর্গ মধ্যে সাধু ও অসাধু উভয়ই দৃষ্ট হইয়া থাকে, অতএব বাক্য ও কর্ম্ম দ্বারা সর্ব্বদা জ্ঞাতিদিগের সম্মান, পূজা ও প্রিয়কার্য্য করিবে, কিঞ্চিন্মাত্রও অনিষ্টাচরণ করিবে না। তাঁহাদের নিকট সতত বিশ্বস্তের ন্যায়, অবিশ্বস্ত ভাবে বাস করিবে এবং তাঁহাদের

৬। নিকৃত্যাস্তু নরৈরন্যৈর্জ্ঞাতিরেব পরায়ণম্।
নান্যো নিকারং সহতে জ্ঞাতির্জ্ঞাতেঃ কথঞ্চন॥ ম, শা, ৮০ অ, ৩৫।

৭। আত্মানমেব জানাতি নিকৃতং বান্ধবৈরপি।
তেষু সন্তি গুণাশ্চৈব নৈর্গুণ্যং চৈব লক্ষ্যতে॥ ম, শা, ৮০ অ। ৩৬।

৮। নাজ্ঞাতিরনুগৃহ্লাতি ন চাজ্ঞাতির্নমস্যতি।
উভয়ং জ্ঞাতি বর্গেষু দৃশ্যতে সাধ্বসাধু চ॥
সম্মানয়েৎ পূজয়েচ্চ বাচা নিত্যং চ কর্ম্মণা।
কুর্য্যাচ্চ প্রিয়মেতেভ্যো নাপ্রিয়ং কিঞ্চিদাচরেৎ॥
বিশ্বস্তবদবিশ্বস্তস্তেষু বর্ত্তেত সর্ব্বদা।
ন হি দোষো গুণো বেতি নিরূপ্যস্তেষু দৃশ্যতে॥
অস্যৈবং বর্ত্তমানস্য পুরুষস্যাপ্রমাদিনঃ।
অমিত্রাঃ সম্প্রসীদন্তি তথাঽমিত্রী ভবন্ত্যপি॥
য এবং বর্ত্ততে নিত্যং জ্ঞাতিসম্বন্ধিমণ্ডলে।
মিত্রেষমিত্রে মধ্যস্থে চিরং যশসি তিষ্ঠতি॥ ম, শা, ৮০ অ। ৩৭—৪১।

সামান্য দোষগুণ নিরূপণ করিয়া দেখিবে না। যে পুরুষ প্রমাদ বিহীন হইয়া এইরূপে অবস্থান করে, তাহার শত্রু সকল প্রসন্ন হইয়া মিত্রবৎ ব্যবহার করে। যে পুরুষ জ্ঞাতি এবং সম্বন্ধিমণ্ডলে এইরূপ নিত্য অবস্থান করেন, তিনি মিত্র, অমিত্র এবং মধ্যস্থের নিকট যশস্বী হইয়া চিরকাল অবস্থান করিতে সমর্থ হন। ম, শা, ৮০ অ।৩৭-৪১।

৯। সামর্থ্য অনুসারে সতত অন্নদান, তিতিক্ষা, ঋজুতা, মৃদুতা ও যথাযোগ্য প্রতিপূজা এ সকল গুলিকে অনায়াসশস্ত্র বলিয়া জানিবে। তুমি মধুর বচন দ্বারা লঘু ও কটুবাদী জ্ঞাতিগণের কুটিল অভিপ্রায়, কুবাক্য ও কুসঙ্কল্প সকল প্রশমিত কর। ম, শা, ৮১ অ।২১-২২। *

১০। আমি জ্ঞাতি দিগের চরিত্র জানি; সর্ব্বলোকেই, জ্ঞাতিগণের বিপদ্ হইলে, অপর জ্ঞাতিগণ আনন্দিত হইয়া থাকে। জ্ঞাতিগণ তাহাদিগের মধ্যে প্রধান, কর্য্যক্ষম, বিদ্বান্, ধার্ম্মিক ও বীর পুরুষের অবমাননা করে এবং ছিদ্রান্বেষণ-পূর্ব্বক তাঁহাকে পরাভূত করিয়া থাকে; সুতরাং জ্ঞাতি অপেক্ষা ভয়াবহ আর কি হইতে পারে? ইহাদের

৯। শক্ত্যাঽন্নদানং সততং তিতিক্ষার্জ্জবমার্দ্দবম্।
যথাঽর্হপ্রতিপূজা চ শস্ত্রমেতদনায়সম্॥
জ্ঞাতীনাং বক্তুকামানাং কটুকানি লঘূনি চ।
গিরা ত্বং হৃদয়ং বাচং শময়স্ব মনাংসি চ॥ ম, শা, ৮১ অ। ২১—২২।

১০। জানামি শীলং জ্ঞাতীনাং সর্ব্বলোকেষু রাক্ষস।
হৃষ্যন্তি ব্যসনেষ্বেতে জ্ঞাতীনাং জ্ঞাতয়ঃ সদা॥
প্রধানং সাধকং বৈদ্যং ধর্ম্মশীলঞ্চ রাক্ষসঃ।
জ্ঞাতয়োঽপ্যবমন্যন্তে শূরং পরিভবন্তি চ॥
নিত্যমন্যোন্যসংহৃষ্টা ব্যসনেষ্বাততায়িনঃ।
প্রচ্ছন্নহৃদয়া ঘোরা জ্ঞাতয়স্তু ভয়াবহাঃ॥ বা, ল, ১৬ অ। ৩—৫।

দেবর্ষি নারদ বাসুদেবকে বলিয়াছিলেন

মনের ভাব অবগত হওয়া দুঃসাধ্য ; এই জ্ঞাতিরূপী আততায়িগণ পরস্পরের বিপদ্ উপস্থিত হইলে, পরস্পর হর্ষ প্রকাশ করিয়া থাকে। বা, ল, ১৬ অ। ৩-৫। *

১১। শত শত দৃষ্টান্ত আছে, জগতে যত প্রকার ভয় আছে, তন্মধ্যে জ্ঞাতি হইতে যে ভয় উপস্থিত হয়, তাহারই পরিণাম বিশেষ কষ্টজনক হইয়া উঠে। যেরূপ গো সকলে হব্যকব্য সাধনরূপ সম্পত্তি. প্রমদাগণে চাপল্য এবং ব্রাহ্মণে তপস্যা নিয়তই বর্ত্তমান থাকে, তদ্রূপ জ্ঞাতিগণেও নিয়তই ভয় আছে। বা, ল, ১৬স।৮-৯।

১২। পণ্ডিতগণ জ্ঞাতি এবং নিকটবর্ত্তী অন্যান্য রাজাকেই রাজার শত্রু বলিয়া কীর্ত্তন করেন, কেননা বিপদ্ উপস্থিত হইলে, সুবিধা পাইয়া তাহারাই বিনাশ সাধনের চেষ্টা করে। বা, ল, ১৮ স।১০। †

১৩। জ্ঞাতি যতই নিষ্পাপ হউক না কেন, নিয়ত আত্মহিত সাধনেরই চেষ্টা করে, অতএব ইহারা শুভাকাঙ্ক্ষী হইলেও নৃপতির সম্পূর্ণ ভয়ের স্থল। বা, ল, ১৮ স।১১।

১১। "কুম্মাণ্ডম্মাদ্‌জ্ঞাতিভয়ং সুকষ্টং বিদিতঞ্চ নঃ॥"
বিদ্যতে গোষু সম্পন্নং বিদ্যতে জ্ঞাতিতো ভয়ম্।
বিদ্যতে স্ত্রীষু চাপল্যং বিদ্যতে ব্রাহ্মণে তপঃ॥ বা, ল, ১৬স। ৮—৯।

১২। অমিত্রাস্তৎকুলীনাশ্চ প্রাতিদেশ্যাশ্চ কীর্ত্তিতাঃ।
ব্যসনেষু প্রহর্ত্তারস্তস্মাদয়মিহাগতঃ॥ বা, ল, ১৮ স। ১০।

১৩। অপাপাস্তৎকুলীনাশ্চ মানয়ন্তি স্বকান্ হিতান্।
এষ প্রায়ো নরেন্দ্রাণাং শঙ্কনীয়স্তু শোভনঃ॥ বা, ল, ১৮ স। ১১।

---

* রাবণ বিভীষণকে বলিয়াছিলেন।

† রাবণ কর্ত্তৃক অপমানিত বিভীষণ রামচন্দ্র সমীপে আসিলে, তিনি বলিয়াছিলেন।

১৪। পৃথক্ভাব রাজ্য ও কুল বিনষ্ট করে, অতএব রাজা দায়াদ দিগকে ভোগাদি দ্বারা সংবৰ্দ্ধিত করিয়া রাখিবেন এবং অব্যাহতাজ্ঞ হইয়া রাজ্যশাসনাধিকার দিবেন। রাজ্যবিভাগ করিলে রাজার মঙ্গল হয় না, কারণ রাজ্যবিভক্ত হইয়া ক্ষুদ্র হইলে শত্রু তাহার প্রতি আকৃষ্ট হয়। রাজা দায়াদগণকে রাজ্যের চতুর্থাংশ প্রদান করিয়া চতুর্দ্দিকে স্থাপিত করিবেন, অথবা চতুর্দ্দিকে খণ্ডজনপদাধিপদিগকে সংস্থাপিত করিবেন, অথবা গো, গজ, অশ্ব, উষ্ট্র, ধন প্রভৃতির আধিপত্যে প্রতিষ্ঠিত করিবেন। মাতা ও মাতৃতুল্য স্ত্রীদিগকে পাকক্রিয়ার কর্ত্তৃত্বে নিযুক্ত রাখিবেন। শুক্র, ১অ।৩৪৫-৩৪৮।

১৫। রাজা বান্ধব ও শ্যালক প্রভৃতিকে সেনাধিকারে নিযুক্ত রাখিবেন। গুরু ও সুহৃদ্‌বর্গকে নিজদোষ পরিদর্শন কার্য্যে নিযুক্ত করিবেন। শুক্র, ১অ।৩৪৯।

১৬। রাজা স্ত্রীদিগকে বস্ত্র, অলঙ্কার ও পাত্রাদি পরিদর্শন কার্য্যে

১৪। পৃথগ্‌ভাবো বিনাশায় রাজ্যস্য চ কুলস্য চ।
অতঃ স্বভোগসদৃশান্ দায়াদান্ কারয়েন্নৃপঃ।
অব্যাহতাজ্ঞঃ সন্তুষ্যেৎ ছত্রসিংহাসনৈরপি ॥
রাজ্যবিভজনাচ্ছ্রেয়ো ন ভূপানাং ভবেৎ খলু।
অল্পীকৃতং বিভাগেন রাজ্যং শত্রুৰ্জ্জিঘৃক্ষতি ॥
রাজ্যতুর্য্যাংশদানেন স্থাপয়েৎতান্ সমন্ততঃ।
চতুর্দিক্ষ্বথবা দেশাধিপান্ কুর্য্যাৎ সদা নৃপঃ ॥
গোগজাশ্বোষ্ট্রকোষানামাধিপত্যে নিযোজয়েৎ।
মাতা মাতৃসমা যা চ সা নিযোজ্যা মহানসে। শুক্র, ১ অ। ৩৪৫—৩৪৮।

১৫। সেনাধিকারে সংযোজ্যা বান্ধবাঃ শ্যালকাঃ সদা।
স্বদোষদর্শকাঃ কার্য্যা গুরবঃ সুহৃদশ্চ যে ॥ শুক্র, ১ অ। ৩৪৯

১৬। বস্ত্রালঙ্কারপাত্রাণাং স্ত্রিয়োযোজ্যাঃ সুদর্শনে।
স্বয়ং সর্ব্বন্তু বিমৃশেৎ পর্য্যায়েণ চ মুদ্রয়েৎ ॥ শুক্র, ১ অ। ৩৫০।

নিযুক্ত রাখিবেন এবং স্বয়ং সকল বিষয়ে কে কি করিতেছে, বা না করিতেছে, তাহা পরিদর্শন করিবেন ও রাজনাম মুদ্রাঙ্কিত করিবেন। শুক্র, ১অ।৩৫০।

১৭। সুদুর্বৃত্ত দায়াদদিগকে রাজ্যের অভ্যুদয়ার্থ ব্যাঘ্রাদি শত্রু অথবা কৌশল দ্বারা বিনষ্ট করিবে। অন্যথা তাহারা প্রজা ও রাজার বিনাশের কারণ হয়। শুক্র, ২ অ।২৮-২৯।

১৮। দায়াদগণ নিত্য রাজাকে স্বীয় শ্রেষ্ঠগুণ দ্বারা পরিতুষ্ট রাখিবে, অন্যথা দায়াদগণ নিজ নিজ প্রাপ্য অংশ ও প্রাণ হইতে ভ্রষ্ট হয়। যাহারা রাজার অসপিণ্ডজ, অপর-বংশোদ্ভব সেই দত্তকদিগকে কদাপি নিজপুত্র জ্ঞান করিবে না, যে হেতু তাহারা ধনবান্ দেখিলেই তাহার দত্তকপুত্র হইতে ইচ্ছা করে। স্বকুলোৎপন্ন কন্যার পুত্র (দৌহিত্র) তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠ, কারণ পুত্রের ন্যায় কন্যাও দেহ হইতে সম্ভূত হয়, অতএব পিণ্ডদান বিষয়ে পুত্র ও দৌহিত্রে প্রভেদ নাই। দৌহিত্রাভাবে রাজা ভূমি ও প্রজা পালনার্থে দত্তক গ্রহণ করিবেন। শুক্র, ২ অ।২৯-৩৩।

১৭। সুদুর্বৃত্তাস্তু দায়দা হন্তব্যাস্তে প্রযত্নতঃ।
ব্যাঘ্রাদিভিঃ শত্রুভির্বাচ্ছলৈ রাষ্ট্রবিবৃদ্ধয়ে॥
"অতোঽন্যথা বিনাশায় প্রজায়া ভূপতেশ্চ তে।" শুক্র, ২ অ। ২৮—২৯।

১৮। "তোষয়েয়ুর্নৃপং নিত্যং দায়াদাঃ স্বগুণৈঃ পরৈঃ॥"
ভ্রষ্টা ভবন্ত্যন্যথা তে স্বভাগাজ্জীবিতাদপি।
স্বসাপিণ্ড্যবিহীনা যে হ্যন্যোৎপন্না নরাঃ খলু॥
মনসাপি ন মন্তব্যা দত্তাদ্যাঃ স্বসুতা ইতি।
তে দত্তকত্বমিচ্ছন্তি দৃষ্ট্বা যদ্‌ধনিকং নরম্॥
স্বকুলোৎপন্ন কন্যায়াঃ পুত্রস্তেভ্যো বরোহ্যতঃ।
অঙ্গাদঙ্গাৎ সম্ভবতি পুত্রবদ্ দুহিতা নৃণাম্॥
পিণ্ডদানে বিশেষো ন পুত্রদৌহিত্রয়োস্ততঃ।
ভূপ্রজাপালনার্থং হি ভূপো দত্তন্তু পালয়েৎ॥ শুক্র, ২ অ। ২৯—৩৩।

অপুত্রক ঐশ্বর্য্যশালীর মধ্যে অনেকেই দৌহিত্র থাকিতেও দত্তকপুত্র গ্রহণে লালায়িত হইয়া থাকেন, কিন্তু দৌহিত্র বর্ত্তমানে দত্তক গ্রহণ বিষয়ে শাস্ত্রকারদিগের অভিমত নহে। যাহা অশাস্ত্রীয় তাহাই নিষিদ্ধ।

পঞ্চদশ স্তবক।

[ভৃত্যের প্রতি রাজার ব্যবহার]

১। যে কয়েকটী লোক প্রকৃতরূপে রাজকার্য্য নির্ব্বাহার্থ প্রয়োজন, ঠিক সেই কয়েকটী অনলস, কার্য্য-নিপুণ, সুচতুর এবং সুশিক্ষিত লোকই রাজার নিয়োজিত করা আবশ্যক। উক্ত কর্ম্মচারিবর্গের মধ্যে মহাবল-পরাক্রান্ত, সদ্বংশ-সম্ভূত, সুচতুর এবং বিশুদ্ধ-স্বভাব ব্যক্তিগণকে খনিজ-সম্পত্তির আয়ের নিমিত্ত:এবং ধান্যাদি সংগ্রহ-স্থলে নিযুক্ত করিবেন; নিজ গৃহের নিভৃত স্থানে অধর্ম্ম-ভীরু লোককে নিযুক্ত করিবেন। মনু, ৭ অ।৬১-৬২।

১। নির্ব্বর্ত্তেতাস্য যাবদ্ভিরিতিকর্ত্তব্যতা নৃভিঃ।
তাবতোঽতন্দ্রিতান্ দক্ষান্ প্রকুর্ব্বীত বিচক্ষণান্॥
তেষামর্থে নিযুঞ্জীত শূরান্ দক্ষান্ কুলোদ্গতান্।
শুচীনাকরকর্ম্মান্তে ভীরূনন্তর্নিবেশনে। মনু, ৭ অ। ৬১—৬২।

২। রাজকর্ম্মসু যুক্তানাং স্ত্রীণাং প্রেষ্যজনস্য চ।
প্রত্যহং কল্পয়েদ্বৃত্তিং স্থানকর্ম্মানুরূপতঃ॥

২। রাজকার্য্যে নিয়োজিত দাসী ও ভৃত্যগণের পদ ও কার্য্যের উৎ-কৃষ্টাপকৃষ্টতানুরূপ তাহাদিগের দৈনিক বৃত্তি অবধারণ করা রাজার কর্ত্তব্য। অপকৃষ্ট দাস-দাসীর দৈনিক বেতন একপণ কড়ি. ছয় মাস অন্তর একজোড় বস্ত্র এবং মাসিক চারি আঢ়ী বা এক দ্রোণ অর্থাৎ প্রায় দুই মণ ধান্য। উৎকৃষ্ট ভৃত্যের ইহার ছয় গুণ প্রাপ্য। মনু, ৭ অ।১২৫-১২৬।

৩। মতিমান্ মহীপতি সত্য, সরলতা, প্রকৃতি, সত্য-শ্রুত, চরিত্র, কুল, ইন্দ্রিয়-নিগ্রহ, অনুকম্পা, বলবীর্য্য-প্রভাব, প্রশ্রয় ও ক্ষমা বিদিত হইয়া যে ভৃত্য যে কার্য্যের যোগ্য, তাহাকে সেই কার্য্যে নিযুক্ত করিবেন। ম, শা, ১১৮ অ। ২—৩।

৪। অর্থবিধানবিৎ ভূপাল মৃদু-স্বভাব অথচ প্রাজ্ঞ এবং শূর ব্যক্তি কি অন্য যে কেহ বলশালী হইবে, তাহাদিগকে নিজ কার্য্যে নিযুক্ত করিবেন। ম, শা, ১২০ অ। ২৩।

৫। নরপতির ভৃত্যবর্গের সহিত সর্ব্বদা পরিহাস করা কর্ত্তব্য নহে,

পণো দেয়োঽবকৃষ্টস্য ষড়ুৎকৃষ্টস্য বেতনম্।
ষাণ্মাসিকস্তথাচ্ছাদো ধান্যদ্রোণস্তু মাসিকঃ॥ মনু, ৭ অ। ১২৫—১২৬।

৩। এবং রাজ্ঞা মতিমতা বিদিত্বা সত্য শৌচতাম্।
আর্জ্জবং প্রকৃতিং সত্ত্বং শ্রুতং বৃত্তং কুলং দমম্॥
অনুক্রোশং বলং বীর্য্যং প্রভাবং প্রশ্রয়ং ক্ষমাম্।
ভৃত্যা যে যত্র যোগ্যাঃ স্যুস্তত্র স্থাপ্যাঃ সুরক্ষিতাঃ॥ ম, শা, ১১৮অ। ২—৩।

৪। মৃদুশীলং তথাপ্রাজ্ঞং শূরং চার্থবিধানবিৎ।
স্বকর্ম্মণি নিযুঞ্জীত যে চান্যে চ বলাধিকাঃ॥ ম, শা, ১২০ অ। ২৩।

৫। পরিহাসশ্চ ভৃত্যৈস্তে নাত্যর্থং বদতাম্বর।
কর্ত্তব্যো রাজশার্দ্দূল দোষমত্র হি মে শৃণু॥

কারণ তাহাতে যে দোষ হয় শ্রবণ কর। উপজীবী ভৃত্যবর্গের সহিত নিয়ত সহবাস করিলে, তাহারা ভর্ত্তাকে সমুচিত সম্মান প্রদর্শন করে না; স্বীয় মর্য্যাদা অতিক্রম করিয়া প্রভুর আজ্ঞা উল্লঙ্ঘন করে; মন্ত্রণা কাল উপস্থিত হইলে সকল কার্য্যে সংশয় জন্মায়; গোপনীয় ছিদ্রসকলও

অবমন্যন্তি ভর্ত্তারং সঙ্ঘর্ষাদুপজীবিনঃ।
স্বে স্থানে ন চ তিষ্ঠন্তি লঙ্ঘয়ন্তি চ তদ্বচঃ॥
প্রেষ্যমাণা বিকল্পন্তে গুহ্যং চাপ্যনুযুঞ্জতে।
অযাচ্যং চৈব যাচন্তে ভোজ্যান্যাহারয়ন্তি চ॥
ক্রুশ্যন্তি পরিদীপ্যন্তি ভূমিপায়াধিতিষ্ঠতে।
উৎকোচৈর্ব্বঞ্চনাভিশ্চ কার্য্যাণ্যনু বিহন্তি চ॥
জর্জ্জরং চাস্য বিষয়ং কুর্ব্বন্তি প্রতিরূপকৈঃ।
স্ত্রীরক্ষিভিশ্চ সজ্জন্তে তুল্যবেশা ভবন্তি চ॥
বাতং নিষ্ঠীবনং চৈব কুর্ব্বতে চাস্য সন্নিধৌ।
নির্লজ্জা রাজশার্দ্দূল ব্যাহরন্তি চ তদ্বচঃ॥
হয়ং বা দন্তিনং বাপি রথং বা নৃপসত্তম।
অভিরোহন্ত্যনাদৃত্য হর্ষুলে পার্থিবে মৃদৌ॥
ইদং তে দুষ্করং রাজন্নিদং তে দুষ্টচেষ্টিতম্।
ইত্যেবং সুহৃদো বাচং বদন্তে পরিষদ্গতাঃ॥
ক্রুদ্ধে চাস্মিন্ হসন্ত্যেব ন চ হৃষ্যন্তি পূজিতাঃ।
সংহর্ষশীলাশ্চ তদা ভবন্ত্যন্যোন্য কারণাৎ॥
বিস্রংসয়ন্তি মন্ত্রং চ বিবৃণ্বন্তি চ দুষ্কৃতং।
লীলয়া চৈব কুর্ব্বন্তি স্বাবজ্ঞাস্তস্য শাসনম্॥
অলঙ্কারে চ ভোজ্যে চ তথা স্নানানুলেপনে।
হেলনানি নরব্যাঘ্র স্বস্থাস্তস্যোপশৃণ্বতঃ॥
নন্দন্তে স্বানধীকারান্ সন্ত্যজন্তে চ ভারত।
ন বৃত্ত্যা পরিতুষ্যন্তি রাজদেয়ং হরন্তি চ॥
ক্রীড়িতং তেন চেচ্ছন্তি সসূত্রেণেব পক্ষিণা।
অস্মৎপ্রণেয়ো রাজেতি লোকাংশ্চৈব বদন্ত্যত॥
এতে চৈবাপরেচৈব দোষাঃ প্রাদুর্ভবন্ত্যত।
নৃপতৌ মার্দ্দবোপেতে হর্ষুলে চ যুধিষ্ঠির॥ ম, শা, ৫৬ অ। ৪৮—৬১। *

* যুধিষ্ঠিরের প্রতি ভীষ্মের উপদেশ।

প্রকাশ করিয়া দেয়; যে দ্রব্য প্রার্থনীয় নহে, তাহাও প্রার্থনা করিয়া থাকে; রাজার অগোচরেই তাঁহার ভক্ষ্যদ্রব্য সকল ভক্ষণ করে; প্রভুর উপরে ক্রোধ এবং তাঁহা হইতেও স্বীয়বুদ্ধি প্রাখর্য্য প্রকাশ করিয়া থাকে। অধিক কি তাহারা রাজশাসন অতিক্রম করিয়া লোকের নিকট উৎকোচ গ্রহণ করতঃ নৃপতির নিকট লোকের অলীক গুণ-দোষাদি বর্ণন করিয়া সকল কার্য্যই নষ্ট করে, কৃত্রিম শাসনপত্র প্রস্তুত করিয়া অধিকৃত দেশ সমুদায়কে নিঃসার করিয়া থাকে; রাজা যেরূপ বস্ত্রাদি পরিধান করেন, ইহারাও তদনুরূপ বস্ত্রাদি পরিধান করিয়া তাঁহার তুল্য-বেশধারী হয় এবং অন্তঃপুর-রক্ষিণী স্ত্রীগণের সহিত আসক্ত হইয়া ক্রমে অন্তঃপুর মধ্যে প্রবেশ করিতেও ইচ্ছা করে। তাদৃশ ভৃত্যেরা এতাদৃশ নির্লজ্জ হইয়া থাকে যে, তাহারা নৃপতির সন্নিধানেই জৃম্ভনাদি দ্বারা বায়ু নিঃসারণ ও নিষ্ঠীবন করে এবং নৃপতির সহিত গোপনীয় কথাও অপরের নিকট প্রকাশ করিয়া দেয়। ভূপতি মৃদু-স্বভাব ও পরিহাসশীল হইলে উপজীবী ভৃত্যবর্গ তাঁহার বাক্যে অনাদর প্রদর্শন করিয়া তৎসদৃশ অশ্ব, হস্তী এবং রথে আরোহণ করিয়া থাকে। সেই সুহৃদ্গণ সভামধ্যেই নৃপতিকে "রাজন্!" আপনি এই কার্য্য করিতে সমর্থ হইবেন না এবং "এইটী আপনার দুরভিসন্ধি" ইত্যাদি বাক্য সকল বলিয়া থাকে। অপিচ নৃপতি ক্রুদ্ধ হইলে তাহারা হাস্য করে এবং তিনি সৎকার করিলে, তাহারা তাহাতে হৃষ্ট না হইয়া তৎকালে তাহা গোপন করতঃ অন্যান্য কারণ-জনিত হর্ষ প্রকাশ করিয়া থাকে। তাহারা অবলীলা ক্রমে তদীয় আজ্ঞায় অবজ্ঞা-প্রদর্শন করিয়া, তাঁহার দুষ্কৃত সকল প্রকাশ করে ও মন্ত্রণা-সকল ভেদ করিয়া দেয়। নৃপতির অলঙ্কার, ভক্ষ্য, স্নানীয় এবং বিলেপন দ্রব্য সকল অপহৃত হইলে, তাহারা তাঁহার সম্মুখেই নির্ভয়-চিত্তে তৎসমস্ত উপেক্ষা প্রদর্শন করিয়া থাকে; তাহারা সর্ব্বদাই স্বীয় অধিকার পরিত্যাগ করে এবং নিজ বৃত্তিতে পরিতুষ্ট না হইয়া রাজস্ব পর্য্যন্ত হরণ করিতে

আরম্ভ করে, অধিক কি তাহারা সূত্রসংযত শ্যেনপক্ষীর ন্যায়, নৃপতির সহিত ক্রীড়া করিতে ইচ্ছা করে এবং লোকের নিকট "নৃপতি আমারই মন্ত্রণানুসারেই কার্য্য করিয়া থাকেন" এইরূপ বলিয়া থাকে। নৃপতি মৃদু এবং পরিহাসশীল হইলে পূর্ব্বোক্ত এবং অপর বহুবিধ দোষ সকল প্রাদুর্ভূত হইয়া থাকে। ম, শা, ৫৬ অ। ৪৮—৬১।

৬। ভৃত্যবর্গকে যথাসময়ে বেতন প্রদান করা উচিত। ম, শা, ৫৭ অ। ১২।

৭। সকল মনুষ্য সমান গুণ-সম্পন্ন হয় না, অতএব গুণাগুণ বিবেচনা করিয়া রাজার প্রধান ভৃত্যগণকে প্রধান কার্য্যে, মধ্যম ভৃত্যগণকে মধ্যম কার্য্যে এবং সামান্য ভৃত্যগণকে সামান্য কার্য্যে নিয়োজিত করা উচিত। বা, অ, ১০০ স। ২৫।

৮। সাম-দানাদি উপায় বিষয়ে অত্যন্ত চতুর, বিদ্যাবিশারদ, রাজনীতিজ্ঞ, বলবান্ ও ঐশ্বর্য্য-কামুক ভৃত্যকে যে রাজা নষ্ট না করেন, তিনি তদ্দ্বারা স্বয়ং হত হন এবং রাজার নিকট হইতে অর্থ গ্রহণার্থে ব্যাধিবর্দ্ধনের উপায়জ্ঞ বৈদ্য, সাধু ব্যক্তিকে দূষিত করিতে রত ভৃত্য ও রাজ্যলাভে অভিলাষী সেবকরূপী শূরকে যে রাজা সংহার না করেন, তিনি স্বয়ং তাহাদিগের দ্বারা হত হন। বা, অ, ১০০ স। ২৯।

৯। নৃপতির যুদ্ধবিশারদ, বল-সম্পন্ন, বিক্রমশালী প্রধান ভৃত্যগণের

৬। "দেয়ং কালে চ দাপয়েৎ"। ম, শা, ৫৭ অ। ১২।

৭। কচ্চিন্মুখ্যা মহৎস্বেব মধ্যমেষু চ মধ্যমাঃ।
জঘন্যাশ্চ জঘন্যেষু ভৃত্যাস্তে তাত যোজিতাঃ॥ বা, অ, ১০০স। ২৫।

৮। উপায়কুশলং বৈদ্যং ভৃত্যং সন্দূষণে রতম্।
শূরমৈশ্বর্য্যকামঞ্চ যো ন হন্তি স বধ্যতে॥ বা, অ, ১০০ স। ২৯।

৯। বলবন্তশ্চ কচ্চিৎ তে মুখ্যা যুদ্ধবিশারদাঃ।
দৃষ্টাপদানা বিক্রান্তাস্ত্বয়া সৎকৃত্যমানিতাঃ॥ বা, অ, ১০০স। ৩১।

পৌরুষ কার্য্য দুই তিন বার পরীক্ষা করিয়া তাহাদিগকে সংকৃত ও সম্মানিত করা উচিত। বা, অ, ১০০ স। ৩১।

১০। যাহারা দৈনিক বা মাসিক বেতন লাভ করিয়া আপন আপন জীবিকা নির্ব্বাহ করে, তাহারা যথাসময়ে বেতন না পাইলে প্রভুর প্রতি অতিশয় কুপিত হয়; এইরূপে ভৃত্যগণের বিরাগই নৃপতির মহৎ অনর্থের কারণ হইয়া উঠে। বা, অ, ১০০ স। ৩৩।

১১। কর্ম্মচারিগণ যেন নির্ভীকভাবে নৃপতির নয়নগোচর হইতে না পারে, অথবা তাহারা দৃষ্টিপথের অন্তরালে না থাকে, কারণ নৃপতির কর্ম্মচারীদিগের নিয়ত দর্শন ও একান্ত অদর্শন, এতদুভয়ের মধ্যবর্ত্তিতাই অর্থ প্রাপ্তির কারণ। বা, অ, ১০০ স। ৫২।

১২। যে বসুধা-পতি ভৃত্যদিগের গুণ অনুসারে ভৃত্যদিগের নিয়ত প্রিয়কার্য্য করেন, তাঁহার সকল কার্য্যই সিদ্ধ হয় এবং রাজশ্রী তাঁহাকে কদাচ পরিত্যাগ করেন না। নৃপতি সর্ব্বদা সমাহিত হইয়া প্রতিকূল-নিবৃত্ত ও অনুকূল-নিরত ভক্তকেই ভজনা করিবেন। ম,শা, ৯৩অ ১২-১৩।

১৩। যে ভৃত্য দৃঢ়-ইন্দ্রিয়-গ্রাম-সম্পন্ন, অত্যন্ত অনুগত, পবিত্র-চিত্ত,

১০। কালাতিক্রমণে হ্যেব ভক্তবেতনয়োর্ভৃতাঃ।
ভর্ত্তুঃ কুপ্যন্তি দুষ্যন্তি সোঽনর্থঃ সুমহান্ কৃতঃ॥ বা, অ, ১০০ স। ৩৩।

১১। কচ্চিন্ন সর্ব্বে কর্ম্মান্তাঃ প্রত্যক্ষাস্তেঽবিশঙ্কয়া।
সর্ব্বে বা পুনরুৎসৃষ্টা মধ্যমেবাত্র কারণম্॥ বা, অ, ১০০স। ৫২।

১২। যঃ প্রিয়ং কুরুতে নিত্যং গুণতো বসুধাধিপঃ।
তস্য কর্ম্মাণি সিদ্ধ্যন্তি ন চ সংত্যজতে শ্রিয়া॥
নির্ব্বৃত্তং প্রতিকূলেষু বর্ত্তমানমনুপ্রিয়ে।
ভক্তং ভজেত নৃপতিঃ সদৈব সুসমাহিতঃ॥ ম, শা, ৯৩ অ। ১২—১৩।

১৩। অপ্রকীর্ণেন্দ্রিয়গ্রামমত্যন্তানুগতং শুচিম্।
শক্তং চৈবানুরক্তং চ যুঞ্জ্যান্মহতি কর্ম্মণি॥
এবমেতৈর্গুণৈর্যুক্তো যোঽনুরজ্যতি ভূমিপম্।
ভর্ত্তুরর্থেষ্বপ্রমত্তং নিযুঞ্জ্যাদর্থ কর্ম্মণি॥ ম, শা, ৯৩ অ। ১৪—১৫।

অনুরক্ত ও সর্ব্বকার্য্যে সমর্থ, তাহাকেই মহীপতি মহৎ কার্য্যে নিযুক্ত করিবেন। যে ভৃত্য এতাদৃশ গুণ-যুক্ত ও প্রভুর কর্ম্মার্থে অপ্রমত্ত হইয়া প্রভুকে অনুরক্ত করিতে পারে, তাদৃশ ভৃত্যকেই মহীপতি অর্থ কার্য্যে নিযুক্ত করিবেন। ম, শা, ৯৩ অ। ১৪—১৫।

১৪। যে নৃপতি মূঢ়, ইন্দ্রিয়-পরায়ণ, লুব্ধ, অনার্য্যাচরিত-কর্ম্মকারী, শঠ, সকপট, হিংস্র, দুর্ব্বুদ্ধি, অবহুশ্রুত, উদার-কর্ম্মত্যাগী, মদ্য-রত এবং দ্যূত, স্ত্রী ও মৃগয়া পরতন্ত্র ভৃত্যকে মহৎ কার্য্যে নিযুক্ত করেন, সেই নৃপতি শ্রীভ্রষ্ট হইয়া থাকেন। ম, শা, ৯৩ অ। ১৬—১৭।

১৫। যে রাজা আপনাকে রক্ষা করিয়া প্রতিপাল্য ভৃত্যদিগকে রক্ষা করেন, তাঁহার প্রজা সকল বর্দ্ধিত হয় এবং তিনি নিশ্চয়ই বিপুল অর্থ ভোগ করিয়া থাকেন। ম, শা, ৯৩ অ। ১৮।

১৬। যে নরাধিপতি কুক্কুরতুল্য ভৃত্যগণকে স্ব স্ব স্থানে কার্য্যবিশেষে নিয়োজিত করেন, তিনিই রাজ্যফল ভোগ করিয়া থাকেন। কুক্কুরকে সম্মান করিয়া স্বস্থান হইতে উচ্চ স্থানে নিয়োগ করা উচিত নহে। কুক্কুর স্বস্থান হইতে উচ্চপদ প্রাপ্ত হইলে প্রমত্ত হয়। ম, শা, ১১৯ অ। ১—২।

১৪। মূঢ়মৈন্দ্রিয়কং লুব্ধমনার্য্যচরিতং শঠম্।
অনতীতোপধং হিংস্রং দুর্ব্বুদ্ধিমবহুশ্রুতম্॥
ত্যক্তোদাত্তং মদ্যরতং দ্যূতস্ত্রীমৃগয়াপরম্।
কার্য্যে মহতি যুঞ্জানো হীয়তে নৃপতিঃ শ্রিয়া॥ ম, শা, ৯৩ অ। ১৬—১৭।

১৫। রক্ষিতাত্মা চ যো রাজা রক্ষ্যান্ যশ্চানুরক্ষতি।
প্রজাশ্চ তস্য বর্দ্ধন্তে ধ্রুবঞ্চ মহদশ্নুতে॥ ম, শা, ৯৩ অ। ১৮।

১৬। এবং শুনা সমান্ ভৃত্যান্ স্বে স্বে স্থানে নরাধিপঃ।
নিযোজয়তি কৃত্যেষু স রাজ্যফলমশ্নুতে॥
ন শ্বা স্বং স্থানমুৎক্রম্য প্রমাণমভিসৎকৃতঃ।
আরোপ্য শ্বা স্বকাৎ স্থানাদুৎক্রম্যান্যৎ প্রমাদ্যতি॥ ম, শা, ১১৯ অ। ১—২।

১৭। সুসন্তুষ্ট ভৃত্যগণ দ্বারা যেরূপ দুঃসাধ্যকর্ম্ম করাইয়া লইতে পারা যায়, আপন স্ত্রী-পুত্রাদি বন্ধুবর্গের দ্বারা কোন মতেই তাহা করাইতে পারা যায় না। বা, উ, ৭৭ স। ৬।*

১৮। যে রাজা ভৃত্যগণকে অনুরূপ কার্য্য প্রদান করেন, সেই ভৃত্য-

১৭। ন হ্যর্থাস্তত্র তিষ্ঠন্তি ন দারা ন চ বান্ধবাঃ।
সুপ্রীতো ভৃত্যবর্গস্তু যত্র তিষ্ঠতি রাঘব॥ বা, উ, ৭৭ স। ৬।

১৮। অনুরূপাণি কর্ম্মাণি ভৃত্যেভ্যো যঃ প্রযচ্ছতি।
স ভৃত্যগুণসম্পন্নো রাজা ফলমুপাশ্নুতে॥
শরভঃ শরভস্থানে সিংহঃ সিংহ ইবোর্জ্জিতঃ।
ব্যাঘ্রো ব্যাঘ্র ইব স্থাপ্যো দ্বীপী দ্বীপী যথা তথা॥
কর্ম্মস্বিহানুরূপেষু ন্যস্যা ভৃত্যা যথাবিধি।
প্রতিলোমং ন ভৃত্যাস্তে স্থাপ্যাঃ কর্ম্মফলৈষিণা॥
যঃ প্রমাণমতিক্রম্য প্রতিলোমং নরাধিপঃ।
ভৃত্যান্ স্থাপয়তেঽবুদ্ধির্ন স রঞ্জয়তে প্রজাঃ॥
ন বালিশা ন চ ক্ষুদ্রা নাপ্রাজ্ঞা নাজিতেন্দ্রিয়াঃ।
নাকুলীনা নরাঃ সর্ব্বে স্থাপ্যা গুণগণৈষিণা॥
সাধবঃ কুলজাঃ শূরা জ্ঞানবন্তোঽনসূয়কাঃ।
অক্ষুদ্রাঃ শুচয়ো দক্ষাঃ স্যুর্নরাঃ পারিপার্শ্বিকাঃ॥
ন্যগ্ভূতাস্তৎপরাঃ শান্তাশ্চৌক্ষাঃ প্রকৃতিজৈঃ শুভাঃ।
স্বস্থানানপকৃষ্টা যে তে স্যূরাজ্ঞাং বহিশ্চরাঃ॥
সিংহস্য সততং পার্শ্বে সিংহ এবানুগো ভবেৎ।
অসিংহঃ সিংহসহিতঃ সিংহবল্লভতে ফলম্॥
যস্তু সিংহঃ শ্বভিঃ কীর্ণঃ সিংহ-কর্ম্মফলে রতঃ।
ন স সিংহফলং ভোক্তুং শক্তঃ শ্বভিরুপাসিতঃ॥
এবমেতন্মনুষ্যেন্দ্র শূরৈঃ প্রজ্ঞৈর্বহুশ্রুতৈঃ।
কুলীনৈঃ সহ শক্যেত কৃৎস্না জেতুং বসুন্ধরা॥
না বিদ্যো নানৃজুঃ পার্শ্বে নাপ্রাজ্ঞো নামহাধনঃ।
সংগ্রাহ্যো বসুধাপালৈর্ভৃত্যো ভৃত্যবতাম্বরঃ॥
বাণবদ্বিসৃতা যান্তি স্বামিকার্য্যপরা নরাঃ।
যে ভৃত্যাঃ পার্থিবহিতাস্তেষাং সান্ত্বং প্রযোজয়েৎ॥ ম, শা, ১১৯অ। ৪—১৫।

রামচন্দ্র শত্রুঘ্নকে লবণ বধের জন্য মধুবন গমনকালে বলিয়াছিলেন।

গুণসম্পন্ন ভূপাল উৎকৃষ্ট ফলভোগ করিয়া থাকেন। শরভস্থানে শরভ, সিংহস্থানে বলবান্ সিংহ, ব্যাঘ্রস্থানে ব্যাঘ্র এবং দ্বীপীকে দ্বীপীস্থানেই স্থাপন করা উচিত। যে ভৃত্য যে কর্ম্মে উপযুক্ত, তাহাকে সেই কর্ম্মে নিযুক্ত করা বিধেয়, কর্ম্মফলাভিলাষী ভৃত্যগণকে বিপরীত কর্ম্মে নিযুক্ত করা উচিত নহে। যে বুদ্ধিহীন নৃপতি, প্রমাণ অতিক্রমপূর্ব্বক বিপরীত রূপে ভৃত্যগণকে স্থাপন করেন, তিনি প্রজারঞ্জন করিতে পারেন না। মূর্খ, ক্ষুদ্র, অপ্রাজ্ঞ, অজিতেন্দ্রিয় এবং অকুলীন নরগণকে নিযুক্ত করা গুণজ্ঞ নৃপতির কর্ত্তব্য নহে। সাধু, সদ্বংশজ, শূর, জ্ঞানবান্, অনসূয়ক, অক্ষুদ্র, শুচি ও দক্ষ পুরুষগণ পারিপার্শ্বিক হইয়া থাকেন। যাহারা নম্র, কার্য্য-তৎপর, শুদ্ধ, শান্ত, স্বাভাবিক গুণগণে রমণীয় এবং পদে থাকিয়া নিন্দিত না হয়, তাহারাই নৃপতির বহিশ্চর প্রাণস্বরূপ। সিংহের নিকটে সিংহই সতত অনুগত হইবে। যে সিংহ নহে, সে সিংহের সহিত মিলিত হইলে, সিংহের ন্যায় ফললাভ করে। যে সিংহ হইয়া কুক্কুরগণে আকীর্ণ রহে এবং সিংহের কর্ম্মফলে রত হয়, সে কুক্কুরগণ কর্ত্তৃক উপাসিত হইয়া সিংহের ফলভোগ করিতে সমর্থ হয় না। শূর, প্রাজ্ঞ, বহুশ্রুত ও কুলীন-গণ দ্বারা সমস্ত বসুন্ধরা জয় করিতে পারা যায়। বিদ্যাহীন, অনৃজু, অপ্রাজ্ঞ, অমহাধন ভৃত্যকে মহীপালদিগের সংগ্রহ করা বিধেয় নহে। স্বামি-কার্য্য-সাধন-তৎপর নরগণ শরের ন্যায় কার্য্যের অভ্যন্তরে প্রবেশ করে; যে সমস্ত ভৃত্য নৃপতির হিতকারী, তাহাদিগকে প্রিয় বচন প্রয়োগ করা উচিত। ম, শা, ১১৯ অ। ৪—১৫।

১৯। প্রভু প্রিয়বাদী ও সর্ব্বগুণালঙ্কৃত হইলেও পাপাত্মা ভৃত্য তাঁহার অপকার করিয়া থাকে; অতএব তাদৃশ মানবকে রাজা কখন বিশ্বাস করিবেন না। ম, শা, ৯৩ অ। ৩৮।

১৯। অপি সর্ব্বগুণৈর্যুক্তং ভর্ত্তারং প্রিয়বাদিনম্।
অভিদ্রুহ্যতি পাপাত্মা ন তস্মাদ্বিশ্বসেজ্জনাৎ॥ ম, শা, ৯৩অ। ৩৮।

২০। রাজা সদা রাজধর্ম্মে যুক্ত থাকিয়া সমুদায় ভৃত্যদিগকে লোকের হিতার্থে নিয়োগ করিবেন। মনু, ৯ অ। ৩২৪।

২১। রাজা অনন্যব্যাপারাসক্ত, তত্তদ্বিষয়ে যে সুচতুর পাত্র এবং আয়ব্যয়াদি কার্য্যে অনলস ব্যক্তিগণকে তত্তৎকার্য্যে (অর্থাৎ যে কার্য্য যাহার উপযুক্ত, ধর্ম্ম কার্য্যে ধার্ম্মিকদিগকে ইত্যাদি) অধ্যক্ষ করিবেন যাজ্ঞ, ১ অ। ৩২২।

২২। নরপতিগণ অহিতকারী ঔরস পুত্রদিগকেও পরিত্যাগ করেন এবং হিতকারী সম্পর্কবিহীন ব্যক্তিকেও গ্রহণ করিয়া থাকেন। বা, অ, ২৬ স। ৩৬।

২৩। রাজা কালাত্যয় না করিয়া অনুরূপ কার্য্য দ্বারা অনুজীবী ভৃত্যদিগের বৃত্তি (জীবিকা) বিধান করিবেন। কাম, ৫ স, ৬৪।

২৪। সৎস্বভাব রাজা কুল, বিদ্যা, শাস্ত্রজ্ঞান, শৌর্য্য, সৌশীল্য, ভূতপূর্ব্বতা, বয়স এবং অবস্থা অনুসারে অনুজীবীর সমাদর করিবেন। কাম, ৫স, ৬৭।

২০। এবং চরন্ সদাযুক্তো রাজধর্ম্মেষু পার্থিবঃ।
হিতেষু চৈব লোকস্য সর্ব্বান্ ভৃত্যান্ নিযোজয়েৎ॥ মনু, ৯ অ। ৩২৪।

২১। তত্র তত্র চ নিষ্ণাতানধ্যক্ষান্ কুশলান্ শুচীন্।
প্রকুর্য্যাদায়কর্ম্মান্ত ব্যয়কর্ম্মসু চোদ্যতান্॥ যাজ্ঞ, ১অ। ৩২২।

২২। ঔরসানপি পুত্রান্ হি ত্যজন্ত্যহিতকারিণঃ।
সমর্থান্ প্রতিগৃহ্লন্তি জনানপি নরাধিপাঃ॥ বা. অ, ২৬ স। ৩৬।

২৩। অহাপয়ন্ নৃপঃ কালং ভৃত্যানামনুজীবিনাম্।
কর্ম্মণামানুরূপ্যেণ বৃত্তিং সমনুকল্পয়েৎ॥ কাম, ৫ স। ৬৪।

২৪। কুলং বিদ্যাং শ্রুতং শৌর্য্যং সৌশীল্যং ভূতপূর্ব্বতাম্।
বয়োঽবস্থাঞ্চ সংপ্রেক্ষ্য আদ্রিয়েৎ মহাত্মবান্॥ কাম, ৫স। ৬৭।

২৫। রাজা সৎকুলজাত, সদাচার-সম্পন্ন, উদারচেতা ভৃত্যকে অবজ্ঞা করিবেন না। অবজ্ঞা করিলে, হয় ত তাহারা চলিয়া যায় অথবা মানহেতু অবমন্তা রাজাকে নষ্ট করে। কাম, ৫ স, ৬৮।

২৬। উদারগুণযুক্ত মধ্যম ও অধমকে উন্নীত করিবে, কারণ তাহারা মহত্ত্ব প্রাপ্ত হইলে, রাজাকে বর্দ্ধিত করে। উত্তমকুলজাতকে নীচের সহিত বর্দ্ধিত করিবে না, কারণ সৎ-অসৎ-ভেদজ্ঞ দীন হইলেও অন্যের আশ্রয়নীয়তা প্রাপ্ত হয়। এই জগতে আলোকবিহীন স্থানেই পণ্ডিতেরা অবস্থিতি করেন, যেখানে সম্যক্ উৎপন্ন মণির সহিত কাচেরও তুল্যতা হয়। কাম, ৫ স,। ৬৯—৭১।

২৭। রাজা সকল কার্য্যে অভ্যস্ত-কর্ম্ম, কর্ম্মজ্ঞ, শুদ্ধাচার, সুজ্ঞান-সম্পন্ন উদ্যোগী লোককেই অধ্যক্ষ নিযুক্ত করিবেন। কাম, ৫ স, ৭৫।

২৮। যে, যে কার্য্য জানে তাহাকেই সেই কার্য্যে নিযুক্ত করিবে, যেমন সকল অবয়ব প্রত্যক্ষ অবলোকন করিবার জন্য চক্ষুকেই নিযুক্ত করিতে হয়। কাম, ৫ স, ৭৬।

২৫। কুলীনান্নাবমন্যেত সম্যগ্‌বৃত্তান্ মনস্বিনঃ।
ত্যজন্তে তেঽবমন্তারং ঘ্নন্তি বা মানহেতুনা॥ কাম, ৫স। ৬৮।

২৬। গুণৈরুদারৈঃ সংযুক্তান্ প্রোন্নয়েন্মধ্যমাধমান্।
মহত্ত্বং প্রাপ্ন‌ুবন্তস্তে বর্দ্ধয়ন্তি নরেশ্বম্॥
উত্তমাভিজনোপেতান্ ন নীচৈঃ সহ বর্দ্ধয়েৎ।
কৃশোঽপি হি বিবেকজ্ঞো যাতি সংশ্রয়ণীয়তাম্॥
নিরালোকে হি লোকেঽস্মিন্নাসতে তত্র পণ্ডিতাঃ।
জাতস্য হি মণের্যত্র কাচেন সমতা মতঃ॥ কাম, ৫স। ৬৯—৭১।

২৭। অভ্যস্তকর্ম্মণস্তজ্‌জ্ঞান্ শুচীন্ সুজ্ঞানসম্মতান্।
কুর্য্যাদুদ্‌যোগ সম্পন্নানধ্যক্ষান্ সর্ব্বকর্ম্মসু॥ কাম, ৫স। ৭৫।

২৮। যো যদ্‌বস্তু বিজানাতি তং তত্র বিনিযোজয়েৎ।
অশেষবিষয়প্রাপ্তা বিন্দ্রিয়ার্থ ইবেন্দ্রিয়ম্॥ কাম, ৫স। ৭৬।

২৯। রাজা প্রতিবৎসর গ্রাম, নগর ও দেশ সকল স্বয়ং পরিদর্শন করিবেন এবং অধিকারী (রাজপুরুষ) দিগের দ্বারা কোন্ প্রজা রঞ্জিত ও কোন প্রজা পীড়িত হয় তাহা স্বয়ং পর্য্যবেক্ষণ করিয়া সাধুভাবে ব্যবহার বিচার করিবেন। ভৃত্যবর্গের পক্ষপাতী না হইয়া প্রজাপক্ষ অবলম্বন করিরেন। যে অধিকারীকে বহুপ্রজা নিন্দা করে, তাহাকে বর্জ্জন করিবেন। শুক্র, ১ অ, ৩৭৪—৩৭৬।

৩০। পরীক্ষক যেমন স্বর্ণকে দ্রব করিয়া পরীক্ষা করে, সেইরূপ কর্ম্ম বিষয়ে, একত্রাবস্থান, কুলশীলাদি গুণ প্রভৃতি দ্বারা সর্ব্বদা ভৃত্যের পরীক্ষা করিবে। পরীক্ষা করিয়া বিশ্বাস্য হইলে বিশ্বাস করিবে, কেবল জাতি কুল দেখিয়া নিরস্ত হইবে না। কর্ম্ম, চরিত্র ও গুণই পূজ্য, জাতি-কুল পূজ্য নহে; কেবল জাতি বা কুল দ্বারা শ্রেষ্ঠত্ব লাভ হয় না। বিবাহ ও ভোজন কালে জাতিকুলের বিচার হয়। শুক্র, ২ অ, ৫৩—৫৬।

২৯। গ্রামান্ পুরাণি দেশাংশ্চ স্বয়ং সংবীক্ষ্য বৎসরে।
অধিকারিগণৈঃ কাশ্চ রঞ্জিতাঃ কাশ্চ কর্ষিতাঃ॥
প্রজাস্তাঃ সাধুভূতেন ব্যবহারং বিচিন্তয়েৎ।
ন ভৃত্য পক্ষপাতী স্যাৎ প্রজাপক্ষং সমাশ্রয়েৎ॥
"প্রজাশতেন সংদ্বিষ্টং সংত্যজেদধিকারিণম্॥" শুক্র, ১অ। ৩৭৪—৩৭৬।

৩০। পরীক্ষকৈর্দ্রাবয়িত্বা যথা স্বর্ণং পরীক্ষ্যতে।
কর্ম্মণা সহবাসেন গুণৈঃ শীলকুলাদিভিঃ॥
ভৃত্যং পরীক্ষয়েন্নিত্যং বিশ্বাস্যং বিশ্বসেৎ তদা।
নৈব জাতির্ন চ কুলং কেবলং লক্ষয়েদপি॥
কর্ম্মশীলগুণাঃ পুজ্যাস্তথা জাতিকুলেন হি।
ন জাত্যা ন কুলেনৈব শ্রেষ্ঠত্বং প্রতিপদ্যতে॥
"বিবাহে ভোজনে নিত্যং কুলজাতিবিবেচনম্।" শুক্র, ২অ। ৫৩—৫৬।

৩১। অনন্য প্রভু, স্বামিভক্ত, ধর্ম্ম-নিষ্ঠ, দৃঢ়াঙ্গ, বাল্যাতীত-মধ্যবয়স্ক, সেবাকুশল, সর্ব্বকার্য্য (নীচ কার্য্য পর্য্যন্ত) করিতে উদ্যত, সর্ব্বদা আজ্ঞাকারী ব্যক্তি রাজভৃত্য হইবে। শুক্র, ২ অ। ১৮৬—১৮৭।

৩২। ভৃত্যাদির সহিত রাজা পরিহাস ও ক্রীড়া করিবেন না, পরিহাস ও ক্রীড়া রাজার অপমানকর ও ভয়াবহ; কারণ সহ-ক্রীড়ন-কারী ভৃত্যগণ স্বার্থসিদ্ধির জন্য নিজ কার্য্যের গুণমাত্র রাজাকে জ্ঞাপন করে। শুক্র, ২ অ, ২৮৪—২৮৫।

৩৩। রাজবাক্যের অন্যথাচরণ, অবমাননা ও লঙ্ঘন, রাজভোজ্য-ভোজন, স্বপদে অনবস্থান, রাজমন্ত্রণা প্রকাশ, রাজদুষ্কৃতিপ্রচার, রাজবেশ পরিধান, রাজপ্রতারণা, মহিষীকে স্বকার্য্যের জন্য অনুরোধ, রাজা ক্রুদ্ধ

৩১। অনন্যাঃ স্বামিভক্তাশ্চ ধর্ম্মনিষ্ঠা দৃঢ়াঙ্গকাঃ।
অবালা মধ্যবয়সঃ সেবাসু কুশলাঃ সদা॥
সর্ব্বং যদ্যৎ কার্য্যজাতং নীচং বা কর্ত্তুমুদ্যতাঃ।
নিদেশকারিণো রাজ্ঞা কর্ত্তব্যা পরিচারকাঃ॥ শুক্র, ২অ। ১৮৬—১৮৭।

৩২। ভৃত্যাদ্যৈর্যন্ন কর্ত্তব্যাঃ পরিহাসাশ্চ ক্রীড়নম্।
অপমানাস্পদে তে তু রাজ্ঞো নিত্যং ভয়াবহে॥
পৃথক্কং পৃথগ্ ব্যাপয়ন্তি স্বার্থসিদ্ধৌ নৃপায় তে।
স্বকার্য্যং গুণবৎ কৃত্বা সর্ব্বে স্বার্থপরা যতঃ॥ শুক্র, ২অ। ২৮৪—২৮৫।

৩৩। বিকল্পন্তেঽবমন্যন্তি লঙ্ঘয়ন্তি চ তদ্বচঃ।
রাজভোজ্যানি ভুঞ্জন্তি ন তিষ্ঠন্তি স্বকে পদে॥
বিস্রংসয়ন্তি তন্মন্ত্রং বিবৃণ্বন্তি চ দুষ্কৃতম্।
ভবন্তি নৃপবেশা হি বঞ্চয়ন্তি নৃপং সদা॥
তৎস্ত্রিয়ং সজ্জয়ন্তি স্ম রাজ্ঞি ক্রুদ্ধে হসন্তি চ।
ব্যাহরন্তি চ নির্লজ্জা হেলয়ন্তি নৃপং ক্ষণাৎ॥
আজ্ঞামুল্লঙ্ঘয়ন্তি স্ম ন ভয়ং যান্ত্যকর্ম্মণি।
এতে দোষাঃ পরীহাসক্ষমা ক্রীড়োদ্ভবা নৃপে॥ শুক্র, ২অ। ২৮৬—২৮৯

হইলে হাস্য, নির্লজ্জভাবে কথোপকথন, রাজাকে অবহেলা, রাজাজ্ঞা উল্লঙ্ঘন, অপকার্য্য করিয়া নির্ভীকতা, রাজার সহিত পরিহাসক্রীড়াদি হইতে এই সকল দোষ জন্মে। শুক্র, ২অ। ২৮৬—২৮৯।

৩৪। কার্য্য নির্ব্বাহকদিগকে কার্য্যমান, কালমান, কার্য্যকালমান, এই ত্রিবিধ ভৃতি দেয়। তোমার প্রতি এই কার্য্যের ভার নিহিত হইল, আমি এই বেতন দিব, এই নিয়মে যে বেতন নির্দ্ধারিত হয় তাহাকে কার্য্যমান কহে। প্রতি বর্ষে, প্রতিমাসে বা প্রতিদিনে এই বেতন দিব এইরূপ নির্দ্ধারিত বেতনকে কালমান ভৃতি কহে। তুমি এই কালমধ্যে এই কার্য্য করিবে আমি এই বেতন দিব এইরূপ নির্দ্ধারণে যে ভৃতি তাহাকে কার্য্যকালমান ভৃতি কহে। শুক্র, ২অ, ৩৯২—৩৯৫।

৩৫। বেতন লোপ বা বেতন দিতে বিলম্ব করিবে না। মাতাপিতা-প্রভৃতি অবশ্য-পোষ্যের প্রতিপালন জন্য ভৃতিকে মধ্যম ভৃতি কহে, মাতাপিতা প্রভৃতি অবশ্য-পোষ্য ব্যতিরিক্ত সমস্ত পরিপোষ্য পালনার্থক

৩৪। কার্য্যমানা কালমানা কার্য্যকালমিতিস্ত্রিধা।
ভৃতিরুক্তা তু তদ্বিজ্ঞৈঃ সা দেয়া ভাষিতা যথা॥
অয়ংভারস্ত্বয়া তত্র স্থাপ্যস্ত্বেতাবতীং ভৃতিম্।
দাস্যামি কার্য্যমানা সা কীর্ত্তিতা তন্নিদেশকৈঃ॥
বৎসরে বৎসরে বাপি মাসি মাসি দিনে দিনে।
এতাবতীং ভৃতিং তেঽহং দাস্যামীতি চ কালিকা॥
এতবতা কার্য্যমিদং কালেনাপি ত্বয়া কৃতম্।
ভৃতিমেতাবতীং দাস্যে কার্য্যকালমিতাচ সা॥ শুক্র, ২অ। ৩৯২—৩৯৫।

৩৫। ন কুর্য্যাদ্ ভৃতিলোপং তু তথা ভৃতিবিলম্বনম্।
অবশ্যপোষ্যভরণা ভৃতির্মধ্যা প্রকীর্ত্তিতা॥
পরিপোষ্যা ভৃতিঃ শ্রেষ্ঠা সমান্নাচ্ছাদনার্থিকা।
ভবেদেকস্য ভরণং যয়া সা হীনসংজ্ঞিকা॥ শুক্র, ২অ। ৩৯৬—৩৯৭।

ভৃতি শ্রেষ্ঠ, অন্ন-বস্ত্রার্থ ভৃতি সম এবং যাহাতে একজনের মাত্র প্রতিপালন হয়, তাহা হীন ভৃতি। শুক্র, ২অ, ৩৯৬—৩৯৭।

৩৬। ভৃত্য যাদৃশ গুণসম্পন্ন রাজা আত্মহিতার্থ তাহার সেইরূপ বেতন নির্দ্ধারণ করিবেন। যাহাতে অবশ্য-পোষ্যবর্গের প্রতিপালন হয়, ভৃত্যের সেইরূপ বেতন নির্দ্ধারিত করিবেন। যে সকল ভৃত্যের অল্প বেতন নির্দ্ধারিত থাকে, তাহাদের প্রভুই তাহাদিগকে শত্রু করেন, তাহারা প্রভুর কার্য্য ত্যাগ করিয়া অন্যের কার্য্য করে ও প্রভুর ছিদ্রান্বেষণ ও ধন এবং প্রজা বিনাশ করে। শুক্র ২অ, ৩৯৮—৪০০।

৩৭। অন্নাচ্ছদনমাত্রই শূদ্রের বেতন। মাংসভোজী জাতিকে অন্যথা বেতন দিলে প্রভু তাহাদের পাপের ভাগী হন। শুক্র, ২অ, ৪০১।

৩৮। মন্দ (চিরক্রিয়), মধ্য, শীঘ্র (ক্ষিপ্রকারী) ভেদে ভৃত্য ত্রিবিধ, তাহাদের ভৃতিও সম, মধ্য ও শ্রেষ্ঠ ভেদে ত্রিবিধ। শুক্র, ২অ, ৪০৩।

৩৯। ভৃত্যদিগকে গৃহকার্য্য করিবার জন্য দিবসে এক প্রহর ও

৩৬। যথা যথা তু গুণবান্ ভৃতকস্তদ্ভৃতিস্তথা।
সংযোজ্যা তু প্রযত্নেন নৃপেণাত্মহিতায় বৈ॥
অবশ্যপোষ্যবর্গস্য ভরণং ভৃতিকাস্তবেৎ।
তথা ভৃতিস্তু সংযোজ্যা তদ্‌যোগ্য ভৃতিকায় বৈ॥
যে ভৃত্যা হীনভৃতিকাঃ শত্রবস্তে স্বয়ংকৃতাঃ।
পরস্য সাধকাস্তে তু ছিদ্রকোশ প্রজাহরাঃ॥ শুক্র, ২অ। ৩৯৮—৪০০।

৩৭। অন্নাচ্ছাদনমাত্রা হি ভৃতিঃ শূদ্রাদিষু স্মৃতা।
তৎপাপভাগন্যথা স্যাৎ পোষকো মাংসভোজিষু॥ শুক্র, ২অ। ৪০১।

৩৮। মন্দোমধ্যস্তথাশীঘ্রস্ত্রিবিধো ভৃত্য উচ্যতে।
সমা মধ্যা চ শ্রেষ্ঠা চ ভৃতিস্তেষাং ক্রমাৎ স্মৃতা॥ শুক্র, ২অ। ৪০৩।

৩৯। ভৃত্যানাং গৃহকৃত্যার্থং দিবা যামং সমুৎসৃজেৎ।
নিশিযামত্রয়ং নিত্যং দিন ভৃত্যেঽর্দ্ধযামকম্॥
তেভ্যঃ কার্য্যং কারয়ীত হ্যুৎসবাদ্যৈর্বিনা নৃপঃ।
অত্যাবশ্যং তূৎসবেঽপি হিত্বা শ্রাদ্ধদিনং সদা॥ শুক্র, ২অ। ৪০৪—৪০৫।

রাত্রিতে তিন প্রহর অবকাশ দিবে। উৎসবাদি দিন ভিন্ন প্রত্যহ রাজা তাহাদের দ্বারা কার্য্য করাইবেন, শ্রাদ্ধ দিন ব্যতীত অন্য উৎসব দিনেও অত্যাবশ্যক কার্য্য সম্পাদন করাইবেন। শুক্র, ২অ, ৪০৪—৪০৫।

৪০। ভৃত্য পীড়িত হইলে তাহাকে চতুর্থাংশ ন্যূন বেতন দিবে, বৎসরাবধি পীড়িত থাকিলে, তিন মাসের বেতন দিবে, পঞ্চবর্ষ পীড়িত থাকিলে পীড়ার অবস্থানুসারে অল্প বা অধিক বেতন দিবে। দীর্ঘকাল পীড়িত থাকিলে ছয় মাসের বেতন দিবে, তাহার অধিক দিবে না; পক্ষার্দ্ধকাল পীড়িত থাকিলে বেতন অল্প দিবে না। সংবৎসর পীড়িত থাকিলে সেই ভৃত্যের নিকট হইতে প্রতিনিধি গ্রহণ করিবে। মহৎ-গুণ-সম্পন্ন পীড়িত ভৃত্যকে অর্দ্ধবেতন দিবে। সেবা না করিলেও রাজা ভৃত্যকে প্রতিবর্ষে একপক্ষের বেতন দিবেন। শুক্র, ২অ, ৪০৬—৪০৯।

৪১। রাজা যে ভৃত্য চত্বারিংশৎ বৎসর কার্য্য করিয়াছে, সে কার্য্য ত্যাগ করিলেও তাহাকে অর্দ্ধেক বেতন দিবেন, তাহার অক্ষম, অপ্রাপ্ত-ব্যবহার, বালক-পুত্রকে বাল্য পর্য্যন্ত, সুশীলা পত্নীকে যাবজ্জীবন এবং

৪০। পাদহীনাং ভৃতিং ত্বার্ত্তে দদ্যাৎ ত্রৈমাসিকীং ততঃ।
পঞ্চ বৎসর ভৃত্যে তু ন্যূনাধিক্যং যথা তথা॥
ষাণ্মাসিকীং তু দীর্ঘার্ত্তে তদূর্দ্ধং ন চ কল্পয়েৎ।
নৈব পক্ষার্দ্ধমার্ত্তস্য হাতব্যাল্পাপি বৈ ভৃতিঃ॥
সংবৎসরোষিতস্যাপি গ্রাহ্যঃ প্রতিনিধিস্ততঃ।
সুমহৎ গুণিনং ত্বার্ত্তং ভৃত্যার্দ্ধং কল্পয়েৎ সদা॥
সেবাং বিনা নৃপঃ পক্ষং দদ্যাদ্ ভৃত্যায় বৎসরে॥ শুক্র, ২অ। ৪০৬—৪০৯।

৪১। চত্বারিংশৎ সমানীতাঃ সেবয়া যেন বৈ নৃপঃ।
ততঃ সেবাং বিনা তস্মৈ ভৃত্যার্দ্ধং কল্পয়েৎ সদা॥
যাবজ্জীবং তু তৎপুত্রেঽক্ষমে বালে তদর্দ্ধকম্।
ভার্য্যায়াং বা সুশীলায়াং কন্যায়াং বা স্বশ্রেয়সে॥ শুক্র, ২অ। ৪১০—৪১১।

অনূঢ়া কন্যাকে বিবাহকাল পর্য্যন্ত, আত্মহিতার্থে বেতনার্দ্ধের অর্দ্ধেক বেতন দিবেন। শুক্র, ২অ, ৪১০—৪১১।

৪২। প্রতিবর্ষে ভৃত্যকে বেতনের অষ্টমাংশ পুরস্কার দিবে, শীঘ্র অধিক কার্য্য সম্পন্ন করিলে কার্য্যের অষ্টমাংশ পারিতোষিক দিবে। শুক্র, ২ অ। ৪১২।

৪৩। প্রভুর কার্য্যে ভৃত্যের প্রাণনাশ ঘটিলে তাহার পুত্রকে শৈশবকাল পর্য্যন্ত তাহার বেতন দিবে, অন্যথা পুত্র বয়ঃপ্রাপ্ত হইলে গুণানুসারে তাহার বেতন নির্দ্ধারণ করিবে। শুক্র, ২অ, ৪১৩।

৪৪। ভৃত্যকে কাল বিশেষে বেতনের ষষ্ঠাংশ বা চতুর্থাংশ দিবে। ভৃত্য দুই তিন বৎসর পীড়িত থাকিলে তাহাকে গুণবত্বাতিগুণবত্বানুসারে অর্দ্ধ বেতন কিম্বা সমস্ত বেতন দানের ব্যবস্থা করিবে। শুক্র, ২অ ৪১৪।

৪৫। প্রভু পরুষবাক্য-প্রয়োগ, বেতন-খণ্ডন, গুরুদণ্ড ও অপমান দ্বারা ভৃত্যের মনে শত্রুতাভাবের শিক্ষাপ্রদান করেন সুতরাং তদ্রূপ আচরণ করা উচিত নহে। শুক্র, ২অ, ৪১৫।

৪৬। যে ভৃত্য যে কার্য্যে নিযুক্ত তাহা দূর হইতে পরিজ্ঞানের

৪২। অষ্টমাংশং পারিতোষ্যং দদ্যাদ্ ভৃত্যায় বৎসরে।
কার্য্যাষ্টমাংশং বা দদ্যাৎ কার্য্যং দ্রাগধিকং কৃতম্॥ শুক্র, ২অ। ৪১২।

৪৩। স্বামিকার্য্যে বিনষ্টো যস্তৎপুত্রে তদ্ভৃতিং বহেৎ।
যাবদ্ বালোঽন্যথা পুত্রগুণান্ দৃষ্ট্বা ভৃতিং বহেৎ॥ শুক্র, ২অ। ৪১৩।

৪৪। ষষ্ঠাংশং বা চতুর্থাংশং ভৃতের্ভৃতস্য পালয়েৎ।
দদ্যাৎ তদর্দ্ধং ভৃত্যায় দ্বিত্রিবর্ষেঽখিলং তু বা॥ শুক্র,২অ। ৪১৪।

৪৫। বাক্পারুষ্যান্ন্যূন ভৃত্যা স্বামী প্রবল দণ্ডতঃ।
ভৃত্যং প্রশিক্ষয়েন্নিত্যং শত্রুত্বং ত্বপমানতঃ॥ শুক্র, ২অ। ৪১৫।

৪৬। যৎকার্য্যে বিনিযুক্তা যে কার্য্যাঙ্কৈরঙ্কয়েচ্চ তান্।
লৌহজৈস্তাম্রজৈ রীতিভবৈ রজত সম্ভবৈঃ॥
সৌবর্ণৈ রত্নজৈর্বাপি যথাযোগ্যৈঃ স্বলাঞ্ছনৈঃ।
প্রবিজ্ঞানায় দূরাৎ তু বস্ত্রৈশ্চ মুকুটৈরপি॥ শুক্র, ২অ। ৪২৩—৪২৪।

নিমিত্ত লৌহ, তাম্র, পিত্তল, রজত, স্বর্ণ ও রত্নাদি নির্ম্মিত কার্য্যাঙ্ক দ্বারা চিহ্নিত করিবে এবং ভৃত্যের যথাযোগ্য পরিচয়ার্থ বস্ত্র-মুকুটাদি কার্য্যাঙ্ক চিহ্নিত করিবে। শুক্র, ২অ, ৪২৩—৪২৪।

এই রীতি প্রাচীনকালেও ছিল, এখনও আছে। আদালতের চাপরাসীর, পুলিসকর্ম্মচারীর পরিচ্ছদ, কোমরবন্ধ ও টুপী, সৈন্য-সেনাপতির পরিচ্ছদ, মুকুটাদিতে ঐরূপ কার্য্যাঙ্ক-চিহ্ন দ্বারা পরিচয় পাওয়া যায়।

৪৭। রাজা ভৃত্যের গমনাগমনকালে বাদ্য ও বাহনাদি ব্যবস্থাভেদে ভৃত্যবিভেদ করিবেন। স্বকীয় বিশিষ্ট চিহ্ন (ছত্র-চামরাদি) কাহাকেও দিবেন না। শুক্র, ২অ। ৪২৫।

৪৮। পুরোধাদি দশ প্রকৃতি* ব্রাহ্মণ জাতীয় হইবে। অভাবে ক্ষত্রিয়, তদভাবে বৈশ্যজাতীয় হইবে। শুক্র, ২অ, ৪২৬।

৪৯। যাহাকে যে বিষয়ে পারগ বলিয়া বোধ হইবে, নরপতি তাহাকে ধর্ম্মে, অর্থে ও কামে এবং অধমদিগকে অধমকার্য্যে নিয়োজিত করিবেন। পিতৃপৈতামহ ভৃত্যাদিগের হস্তে সমস্ত কার্য্যভার ন্যস্ত করিবেন। কেবল দায়াদকার্য্যে তাহাদিগকে নিযুক্ত করিবেন না। অগ্নি, ২২০ অ। ১৬—১৭।

৪৭। বাদ্যবাহন ভেদৈশ্চ ভৃত্যান্ কুর্য্যাৎ পৃথক্ পৃথক্।
স্ববিশিষ্টং চ যচ্চিহ্নং ন দদ্যাৎ কস্যচিন্নৃপঃ॥ শুক্র, ২অ। ৪২৫।

৪৮। দশ প্রোক্তাঃ পুরোধাদ্যা ব্রাহ্মণাঃ সর্ব্ব এব তে।
অভাবে ক্ষত্রিয়া যোজ্যাস্তদভাবে তথোরুজাঃ॥ শুক্র, ২অ। ৪২৬।

৪৯। যস্মিন্ কর্ম্মণি কৌশল্যং যস্য তস্মিন্ নিয়োজয়েৎ।
পিতৃ পৈতামহান্ ভৃত্যান্ সর্ব্বকর্ম্মসু যোজয়েৎ॥
"বিনা দায়াদকৃত্যেষু তত্র তে হি সমাগতাঃ।" অগ্নি, ২২০অ। ১৬—১৭।

* দশপ্রকৃতি কি? ২০৪ পৃষ্ঠায় দেখ।

৫০। যাহার বংশ প্রখ্যাত, যাহার ক্রূরতা নাই, যে ব্যক্তি লোক সংগ্রহে নিপুণ ও সর্ব্বথা পবিত্র স্বভাব, এইরূপ লোককে মহীপতি আত্মহিত কামনায় পরিচারপদ প্রদান করিবেন। অগ্নি, ২৩৯ অ, ৫—৬।

ষোড়শ স্তবক।

[রাজার প্রতি ভৃত্যের ব্যবহার।]

১। মহীপতি সমীপে একান্ত প্রমাদ করিতে কেহই সমর্থ হয় না। সুতরাং মহীপতির নিকটে ঐশ্বর্য্যকামী মানবের কদাচ প্রমাদ করা উচিত নহে। যেহেতু ভৃত্য-কৃত প্রমাদ হইতে রাজা স্খলিত হন; রাজা স্খলিত হইলে তাঁহার জীবন সংশয় হইয়া পড়ে। প্রদীপ্ত অনলে আসীন পুরুষের ন্যায় রাজসমীপে শিক্ষিত-মানবের জীবন নষ্ট হইয়া থাকে, অতএব পুরুষ জীবিতাশা পরিত্যাগ পূর্ব্বক, ক্রুদ্ধ আশীবিষের ন্যায়, প্রাণধনের ঈশ্বর

৫০। "প্রখ্যাতবংশমক্রূরং লোকসংগ্রাহিণং শুচিম্।"
"কুর্ব্বীতাত্মহিতাকাঙ্ক্ষী পরিচার মহীপতিঃ।" অগ্নি, ২৩৯অ। ৫—৬।

১। নৈকান্তেনাপ্রমাদো হি শক্যঃ কর্ত্তুং মহীপতৌ।
ন তু প্রমাদঃ কর্ত্তব্যঃ কথঞ্চিদ্ভূতিমিচ্ছতা॥
প্রমাদাদ্ধি স্খলেদ্রাজা স্খলিতে নাস্তি জীবিতম্।
অগ্নিং দীপ্তমিবাসীদেদ্রাজানমুপশিক্ষিতঃ॥
আশীবিষমিব ক্রুদ্ধং প্রভুং প্রাণধনেশ্বরম্।
যত্নেনোপচরেন্নিত্যং নাহমস্মীতি মানবঃ॥
দুর্ব্ব্যাহৃতাচ্ছঙ্কমানো দুঃস্থিতাদ্ দুরধিষ্ঠিতাৎ।
দুরাসিতাদ্দুর্ব্রজিতাদিঙ্গিতাদঙ্গ চেষ্টিতাৎ॥ ম, শা, ৮২ অ। ২৬—২৯।

প্রভু মহীপতির নিকট সতত যত্নসহকারে গমন করিবে এবং নৃপতির নিকটে দুর্ব্বাক্যকথন, দুঃখিতভাবে অবস্থান, দুষ্টস্থানে অবস্থান, নিন্দিত-ভাবে উপবেশন, কুৎসিতাকারে গমন, ইঙ্গিত ও অঙ্গ-চেষ্টিত এই সকল কার্য্য হইতে সতত শঙ্কা করিবে। ম, শা, ৮২ অ।২৬-২৯!

২। নরপতিগণ প্রযত্ন-পূর্ব্বক সেবা ও সচ্চরিত্র দ্বারা আরাধিত হই-লেই প্রসন্ন হইয়া থাকেন ও তাহার অন্যথা হইলে কুপিত হন। বা, অ, ২৬ স ৩৫।

৩। যে ভৃত্য, প্রভু কর্তৃক দুষ্কর কর্ম্মে নিযুক্ত হইয়া, যাহাতে ত কার্য্যের ক্ষতি না হয়, এইরূপে তৎসম্পাদনান্তে প্রভুর হিতকর অপ কার্য্যও সম্পাদন করে, পণ্ডিতগণ তাহাকে পুরুষোত্তম বলিয়া থাকেন যে ভৃত্য এক কর্ম্মে নিযুক্ত হইয়া, প্রভুর হিতজনক অপর কার্য্য উপস্থি হইলে, সমর্থ হইয়াও তাহা না করে, সে মধ্যম পুরুষ; আর যে ভৃত্য সম হইয়া আদিষ্ট কার্য্যটীও যত্ন সহকারে সম্পন্ন না করে, সে পুরুষাধম বলি কীর্ত্তিত হয়। বা, ল, ১ স।৭-৯।

৪। যে ব্যক্তি সন্দিষ্ট কার্য্য সম্পাদন করিয়া, পূর্ব্বকার্য্যের অবিরো

২। আরাধিতা হি শীলেন প্রযত্নৈশ্চোপসেবিতাঃ।
রাজানঃ সম্প্রসীদন্তি প্রকুপ্যন্তি বিপর্য্যয়ে॥ বা, অ, ২৬ স। ৩৫।

৩। যো হি ভৃত্যো নিযুক্তঃ সন্ ভর্ত্রা কর্ম্মণি দুষ্করে।
কুর্য্যাৎ তদনুরাগেণ তমাহুঃ পুরুষোত্তমম্॥
যো নিযুক্তঃ পরং কার্য্যং ন কুর্য্যাৎ নৃপতেঃ প্রিয়ম্।
ভৃত্যো যুক্তঃ সমর্থশ্চ তমাহুর্ম্মধ্যমং নরম্॥
নিযুক্তো নৃপতেঃ কার্য্যং ন কুর্য্যাদ্ যঃ সমাহিতঃ।
ভৃত্যো যুক্তঃ সমর্থশ্চ তমাহুঃ পুরুষাধমম্॥ বা, ল ১ স। ৭—৯।

৪। কার্য্যে কর্ম্মণি নির্ব্বৃত্তে যো বহূন্যপি চ সাধয়েৎ।
পূর্ব্বকার্য্যাবিরোধেন স কার্য্যং কর্ত্তুমর্হতি॥ বা, সু, ৪১ স। ৫।

বহুতর কার্য্যসিদ্ধি করে, সেই ব্যক্তিই কার্য্য করিবার উপযুক্ত পাত্র। বা, সু, ৪১ স।৫।

৫। যিনি অতিশয় যত্ন করিয়া অল্পমাত্র কার্য্যে সিদ্ধিলাভ করেন, তিনি প্রধান কার্য্য সাধক হইতে পারেন না; কিন্তু যিনি সামান্য প্রয়াসে আপনার প্রয়োজন অনেক-প্রকারে বুঝিতে সমর্থ হন, তিনিই কার্য্যসাধনে যথার্থ সক্ষম। বা, সু, ৪১ স।৬।

৬। যে সমস্ত ভৃত্য স্থান-ভ্রষ্ট, মান হইতে অবরোপিত, তাহারা স্বয়ং আগত অথবা অন্যকর্ত্তৃক অর্পিত হউক, যদি পরিক্ষীণ, লুব্ধ, ক্রুদ্ধ, ভীত, প্রতারিত ও হৃত-সর্ব্বস্ব হয়, এবং যাহারা মানী ও মহার্থ-লাভার্থী হইয়া আদান-হীন হইয়া থাকে; যাহারা সন্তাপিত ও ব্যসন-সমূহ প্রতীক্ষা করে; তাহারা সকলেই প্রীতি শূন্য ও নির্ধন হইয়া অন্তর্হিত হয়। ম, শা, ১১১ অ।৭৭-৭৯।

৭। সভায় ক্রিয়া দক্ষ বলিয়া সম্মানিত কোন্ ব্যক্তি প্রভুর কার্য্য সম্পাদন না করিয়া, প্রভুসন্নিধানে অক্ষত শরীরে অবস্থান করিতে সমর্থ হয়? কা, ৪৫ অ।২০।

৫। ন হ্যেকঃ সাধকো হেতুঃ স্বল্পস্যাপীহকর্ম্মণঃ।
যো হ্যর্থং বহুধা বেদ স সমর্থোঽর্থসাধনে॥ বা, সু, ৪১ স। ৬।

৬। অসন্তুষ্টাশ্চ্যুতাঃ স্থানান্মানাৎ প্রত্যবরোপিতাঃ।
স্বয়ং চোপহৃতা ভৃত্যা যে চাপ্যুপহিতাঃ পরৈঃ॥
পরিক্ষীণাশ্চ লুব্ধাশ্চ ক্রুদ্ধা ভীতাঃ প্রতারিতাঃ।
হৃতস্বা মানিনো যে চ ত্যক্তাদানা মহেপ্সবঃ॥
সন্তাপিতাশ্চ যে কেচিদ্ব্যসনৌঘ প্রতীক্ষণঃ।
অন্তর্হিতাঃ সোপহিতাস্তে সর্ব্বেঽপরসাধনাঃ॥ ম, শা, ১১১ অ। ৭৭—৭৯।

৭। প্রভুকার্য্যমনিষ্পাদ্য সদঃ সম্ভাবনৈধিতঃ।
কঃ পুরঃ শক্নুয়াৎ স্থাতুং স্বামিনোঽক্ষতবিগ্রহঃ॥ কা, ৪৫ অ। ২০।

৮। যাহারা প্রভুর কার্য্য সম্পাদন না করিয়া, অক্ষতেন্দ্রিয়-বৃত্তি থাকিয়া,জীবন ধারণ করে, তাহাদের পদে পদে দুর্গতি লাভ হইয়া থাকে। কা, ৫৩ অ। ১০৭।

৯। যে সমস্ত ভৃত্য প্রভুর নিকট বহুতর সম্মান লাভ করিয়া তাঁহার কার্য্যে অবহেলা করে, তাহাদের মনোরথসমূহ নিষ্ফল হইয়া থাকে। যাহারা প্রভুর কার্য্য নিষ্পন্ন না করিয়া, নির্লজ্জ হইয়া প্রভুর সম্মুখে মুখ প্রদর্শন করায়, এই পৃথিবী তাহাদিগের দ্বারাই ভারবতী হইয়া থাকেন। যাহারা স্বামিদ্রোহী অর্থাৎ যাহারা স্বামীর কার্য্যে অবহেলা করে, তাহাদের দ্বারা পৃথিবীর যত ভার হয়, পর্ব্বত, সমুদ্র ও বৃহৎ বৃহৎ বৃক্ষের দ্বারা পৃথিবীর ততভার হয় না। কা, ৫৩ অ।১০৮-১১০।

১০। রাজার কার্য্য করিয়া জীবিকাপ্রাপ্ত-অনুজীবী-ভৃত্যবর্গ গুণযুক্ত কল্পবৃক্ষ তুল্য রাজাকে সেবা করিবে। কাম, ৫ অ।১।

১১। ধনহীন ও রাজ্যভ্রষ্ট হইলেও, ভৃত্যবর্গ সদ্গুণযুক্ত রাজাকে

৮। অকৃতস্বামিকার্য্যাণামহো জীবিত ধারিণাম্।
অক্ষতেন্দ্রিয়বৃত্তীনাং দুর্গতিশ্চ পদে পদে॥ কা, ৫৩ অ। ১০৭।

৯। লব্ধসম্ভাবনানাঞ্চ ন্যক্কৃত স্বামিকর্ম্মণাম্।
ভৃত্যানাং ভূরিভাজাঞ্চ ভঙ্গুরাঃ স্যুর্ম্মনোরথাঃ॥
অনিষ্পাদিত কার্য্যার্থা যে মুখং প্রেক্ষয়ন্ত্যহো।
অপত্রপাঃ পুরোভর্ত্তুস্তৈর্ভূর্ভারবতীভিয়ম্॥
নাদ্রীণাং ন সমুদ্রাণাং ন দ্রুমাণাং মহীয়সাম্।
ভূতধাত্র্যাস্তথাভারো যথা স্বামি দ্রুহাং মহান্॥ কা, ৫৩ অ। ১০৮—১১০।

১০। ইত্যার্থবৃত্তিসম্পন্নাঃ কল্পবৃক্ষোপমং নৃপম্।
অভিগম্য গুণৈর্যুক্তং সেবেয়ুরনুজীবিনঃ॥ কাম, ৫ স। ১।

১১। দ্রব্যপ্রকৃতিহীনোঽপি সেব্যতে সদ্গুণান্বিতঃ।
ভবত্যাজীবনং তস্মাচ্ছ্লাঘ্যং কালান্তরাদপি॥ কাম, ৫ স। ২।

সেবা করিবে, তাহাতেই তাহারা আপন জীবিকা লাভ করিবে। এইরূপ জীবিকা, রাজার সম্পদ্ থাকা কাল হইতে এই কালে প্রশংসনীয়। কাম, ৫ স ।২।

১২। ক্ষুধাপীড়িত হইয়া স্থাণুর (শাখাপ্রশাখা বিহীন বৃক্ষের) ন্যায় শুষ্ক হওয়াও বরং ভাল, তথাপি বিজ্ঞ কদাপি অনাত্ম-সম্পন্ন ব্যক্তির নিকট হইতে জীবিকা লাভের ইচ্ছা করিবে না। কাম, ৫স ।৩।

১৩। অনাত্মবান্ (অবশীকৃতেন্দ্রিয়) ও নয়দ্বেষী (নীতি-দ্বেষী) ব্যক্তি অন্য সম্পন্ন ব্যক্তিকে পরিবর্দ্ধিত করিয়া মহদৈশ্বর্য্য লাভ করতঃ পুনরায় সেই ঐশ্বর্য্যের সহিত বিপদ্‌গ্রস্ত হয়। কাম, ৫ স ।৪।

১৪। লব্ধাবকাশ, নিপুণ, আত্মবান্, নির্ব্বিকার ব্যক্তি মতি-কর্ম্মে নিশ্চয় স্থৈর্য্যলাভ করে। যাহা তৎকালে ও উত্তরকালে সর্ব্বকালেই সুন্দর তাদৃশ কর্ম্মের অনুষ্ঠান করিবে, কদাপি অপ্রিয় কার্য্য করিবে না। কাম, ৫স ।৫-৬।

১৫। তিল চম্পক সংসর্গে সুবাসিত হয়, তাহার গন্ধই উপভোগ্য

১২। অপি স্থাণুরিবাসীত শুষ্যন্ পরিগতঃ ক্ষুধা।
ন ত্বেবানাত্মসম্পন্নাদ্ বৃত্তিমীহেত পণ্ডিতঃ॥ কাম, ৫ স। ৩।

১৩। অনাত্মবান্নয়দ্বেষী বর্দ্ধয়ন্নতি সম্পদঃ।
প্রাপ্যাপি মহদৈশ্বর্য্যং সহ তেন বিপদ্যতে॥ কাম, ৫ স। ৪।

১৪। লব্ধাবকাশো নিপুণ আত্মবানবিকারবান্।
স্থানে স্থৈর্য্যমবাপ্নোতি মতিকর্ম্মসু নিশ্চিতঃ॥
আয়ত্যাঞ্চ তদাত্বে চ যৎস্যাদাস্বাদপেষলম্।
তদেব তস্য কুর্ব্বীত ন লোকদ্বিষ্টমাচরেৎ॥ কাম, ৫ স। ৫—৬।

১৫। তিলাশ্চম্পক সংশ্লেষাৎ প্রাপ্য বস্ত্যধিবাসতাম্।
রসো ন ভক্ষ্যস্তদ্গন্ধঃ সর্ব্বে সাংক্রামিকা গুণাঃ॥
অপাং প্রবাহো গাঙ্গো বা সমুদ্রং প্রাপ্য তদ্রসঃ।
ভবত্যপেয়স্তদ্বিদ্বান্নাশ্রয়েদশুভাত্মকম্॥ কাম, ৫ স। ৭—৮।

রস নহে; সকল গুণই সংক্রামক। গঙ্গাজল প্রবাহও সমুদ্রে পতিত হইলে অপেয় হয়; অতএব বিদ্বান্ অহিতকরের আশ্রয় গ্রহণ করিবে না। কাম, ৫ স। ৭-৮।

১৬। সুধী ক্লেশ সহ্য করিয়াও বিশুদ্ধ জীবন যাপন করিবে। তাহা হইলে ইহলোকে প্রশংসা লাভ হয় এবং স্বর্গাদি লোক হইতে ভ্রষ্ট হইতে হয় না। সিদ্ধিকামী পুরুষ অভিলষণীয়, স্থির, সিদ্ধজন নিষেবিত, বিখ্যাত, পবিত্র, শ্লাঘ্যবিন্ধ্যগিরিতুল্য ধনবানের সেবা করিবে। কাম, ৫ স। ৯-১০।

১৭। অনুজীবী ভৃত্য রাজাকে আরাধনা করিতে ইচ্ছা করিলে, আপনাকে বিদ্যা, বিনয় ও শিল্পাদি দ্বারা উপযুক্ত করিবে। সদ্বংশ, বিদ্যা, জ্ঞান, ঔদার্য্য, সৎস্বভাব, বিক্রম, ধৈর্য্য, সুশ্রীক-শরীর, বল, আরোগ্য, স্থিরতা, শৌচ ও দয়ান্বিত হইবে। খলতা, পরহিংসা, সম্ভেদ (পরস্পর বিবাদ বাধান), শঠতা, বিলাস, মিথ্যাবাদিতা রহিত, স্তম্ভ ও চপলতা বিহীন (অর্থাৎ যে মৌন হইয়াও থাকে না এবং অধিক কথাও বলেনা) সেই ব্যক্তিই রাজার সেবা করিবার উপযুক্ত হয়। কাম, ৫ স। ১২-১৪।

১৬। ক্লিশ্যন্নপি হি মেধাবী শুদ্ধং জীবনমাচরেৎ।
তেনেহ শ্লাঘ্যতামেতি লোকেভ্যশ্চ ন হীয়তে॥
অভিলষ্যং স্থিরং পুণ্যং খ্যাতং সিদ্ধৈর্নিষেবিতম্।
সেবেত সিদ্ধিমন্বিচ্ছন্ শ্লাঘ্যং বিন্ধ্যমিবেশ্বরম্॥ কাম, ৫ স। ৯—১০।

১৭। আরাধয়িষুঃ সম্যগনুজীবী মহীপতিম্।
বিদ্যাবিনয়শিল্পাদ্যৈরাত্মানমুপপাদয়েৎ॥
কুলবিদ্যাশ্রুতৌদার্য্য শীলবিক্রম ধৈর্য্যবান্।
বপুঃ সত্ত্ববলারোগ্য স্থৈর্য্য শৌচ দয়ান্বিতঃ॥
পৈশুন্যদ্রোহসম্ভেদ শাঠ্যলীলানৃতাতিগঃ।
স্তম্ভচাপলহীনশ্চ সেবনং কর্ত্তুমর্হতি॥ কাম, ৫ স। ১২—১৪।

১৮। কার্য্যদক্ষতা, ভদ্রতা, দৃঢ়তা, ক্ষমা, ক্লেশ-সহিষ্ণুতা, সন্তোষ, সৎস্বভাব, উৎসাহ এই সকল গুণ ভৃত্যকে ভূষিত করে। এই সকল গুণযুক্ত এবং এবং অর্থশৌচপর (চৌর্য্যবিহীন) ভৃত্য আত্ম ঐশ্বর্য্যের জন্য রাজাকে বিশ্বাস করাইবে (অর্থাৎ উক্ত গুণ-সম্পন্ন-ভৃত্যকে রাজা বিশ্বাস করিবেন)। কাম, ৫ স।১৫-১৬।

১৯। ভৃত্য রাজভবনে প্রবেশ করিয়া উপযুক্ত বেশে, উপযুক্ত স্থানে উপস্থিত থাকিবে ও বিনীত হইয়া যথাকালে রাজার উপাসনা করিবে।

১৮। দক্ষতা ভদ্রতা দার্ঢ্যং ক্ষান্তিঃ ক্লেশ সহিষ্ণুতা।
সন্তোষঃ শীলমুৎসাহো মণ্ডয়ত্যনুজীবিনম্ ॥
অর্থশৌচপরো নিত্যং গুণৈরেতৈঃ সমন্বিতঃ।
ভূতয়ে ভূতিসম্পন্নং সাধু বিশ্বাসয়েন্নৃপম্ ॥ কাম, ৫ স। ১৫—১৬।

১৯। প্রবিশ্য সম্যগুচিতে স্থানে তিষ্ঠন্ স বেশবান্।
যথাকালমুপাসীত রাজানং বিনয়ান্বিতঃ ॥
পরস্থানমাসনং ক্রৌর্য্যমৌদ্ধত্যং মৎসরং ত্যজেৎ।
বিগৃহ্য কথনঞ্চৈব ন কুর্য্যাজ্জ্যায়সা সহ ॥
বিপ্রলম্ভঞ্চ মায়াঞ্চ দম্ভং স্তেয়ঞ্চ বর্জ্জয়েৎ।
পুত্রেভ্যশ্চ নমস্কুর্য্যাৎ বল্লভেভ্যশ্চ ভূপতেঃ ॥
ন নর্ম্মসচিবৈঃ সার্দ্ধং কিঞ্চিদপ্যপ্রিয়ং বদেৎ।
তে হি মর্ম্মাণ্যভিঘ্নন্তি প্রহাসেনাপি সংসদি ॥
ভর্ত্তুরভ্যাসনে তিষ্ঠন্ দৃষ্টিং নান্যত্র বিক্ষিপেৎ।
কুর্য্যাৎ কিময়মিত্যস্য তিষ্ঠেচ্চাস্যং বিলোকয়ন্ ॥
কোঽত্রেত্যহমিতি ব্রূয়াৎ সম্যগাজ্ঞাপয়েতি চ।
আজ্ঞাং চাবিতথীকুর্য্যাৎ যথাশক্ত্যাঽবিলম্বিতম্ ॥
উচ্চৈঃ প্রহসনং কাস ষ্ঠীবনং কুৎসনন্তথা।
জৃম্ভণং গাত্রভঙ্গঞ্চ পর্ব্বাস্ফোটঞ্চ বর্জ্জয়েৎ ॥ কাম, ৫ স। ১৭—২৩।

ভৃত্য পরস্থান, পরের আসন, ক্রূরতা, ঔদ্ধত্য, অহঙ্কার পরিত্যাগ করিবে এবং মাননীয় ব্যক্তির সহিত স্পর্দ্ধা সহকারে বাক্য কহিবে না। বিপ্রলম্ভ (বিচ্ছেদ), মায়া, দম্ভ, স্তেয় (চৌর্য্য) বর্জ্জন করিবে; রাজার পুত্র-গণকে এবং প্রিয়পাত্রদিগকেও নমস্কার (সম্মান প্রদর্শন) করিবে। প্রিয় বয়স্য (বিদূষক প্রভৃতি) দিগের সহিত কিঞ্চিন্মাত্রও অপ্রিয় ব্যবহার করিবে না, তাহারা সভায় প্রহাসন মন্ত্র দ্বারা মর্ম্মচ্ছেদন করিয়া থাকে। প্রভুর সমীপে থাকিয়া কোন দিকে দৃষ্টি নিক্ষেপ করিবে না, "আমাকে কি করিতে হইবে" এই বলিয়া তাঁহার মুখের প্রতি দৃষ্টি রাখিবে। প্রভু "কে আছ" বলিলে "আজ্ঞা করুন, দাস অপেক্ষা করিতেছে" এই উত্তর করিবে; যথাশক্তি সত্বর তাঁহার আদেশ পালন করিবে। উচ্চহাস্য, কাস, ষ্ঠীবন (থুথুফেলা) নিন্দাবাদ, জৃম্ভণ (হাঁইতোলা) গাত্রভঙ্গ, পর্ব্বা-স্ফোট (আঙ্গুল মট্‌কান) বর্জ্জন করিবে। কাম, ৫ স।১৭-২৩।

২০। চিত্তজ্ঞ পণ্ডিত ব্যক্তি অনুরক্ত রাজার অন্তরে প্রবেশ করিয়া, তৎকর্ত্তৃক জিজ্ঞাসিত হইলে, তাঁহার পক্ষ সমর্থন করিয়া উত্তর দিবে। কাম, ৫ স।২৪।

২১। রাজপরিষদে বিবাদ উপস্থিত হইলে, বিজ্ঞজনানুমোদিত, সম্যক্-নিশ্চিত বাক্যমাত্র রাজার আদেশানুসারে বলিবে। কাম, ৫ স।২৫।

২২। বিশেষ পরিজ্ঞাত থাকিলেও প্রভুর প্রশ্নের সহসা উত্তর দিবে

২০। প্রবিশ্য সানুরাগস্য চিত্তং চিত্তজ্ঞসম্মতঃ।
সমর্থয়ংশ্চ তৎপক্ষং সাধু ভাষেত ভাষিতঃ॥ কাম, ৫ স। ২৪।

২১। তন্নিয়োগেন বা ব্রুয়াদর্থং সুপরিনিশ্চিতম্।
মুখপ্রবৃদ্ধগোষ্ঠীষু বিবাদে বাদিনাং মতম্॥ কাম, ৫ স। ২৫।

২২। বিজানন্নপি ন ব্রুয়াদ্ভর্ত্তুঃ ক্ষিপ্তোত্তরং বচঃ।
প্রবীণোঽপি হি মেধাবী বর্জ্জয়েদভিমানিতাম্॥
যদপ্যুচ্চৈর্বিজানীয়ান্নীচৈস্তদপি কীর্ত্তয়েৎ।
কর্ম্মণা তস্য বৈশিষ্ট্যং কথয়েদ্বিনয়ান্বিতঃ॥ কাম, ৫ স। ২৬—২৭।

না, সুবোধ প্রবীণ হইলেও অভিমান বর্জ্জন করিবে। যে বিষয় স্পষ্ট পরিজ্ঞাত তাহাও সাবধানে বলিবে; কার্য্যদ্বারা সবিনয়ে তাহার বৈশিষ্ট্য প্রকাশ করিবে। কাম, ৫ স ।২৬-২৭।

২৩। বিপদ্‌কালে, কুপথগমন কালে (অসৎকার্য্যের অনুষ্ঠানে), কার্য্যের উপযুক্ত কাল অতীত হইলে, জিজ্ঞাসিত না হইয়াও হিতাকাঙ্ক্ষী ব্যক্তি আপনা হইতে কল্যাণকর উপদেশ বাক্য বলিবে। প্রিয়, তথ্য (যথার্থ), হিতকর ও ধর্ম্মসঙ্গত বাক্য বলিবে; অশ্রেদ্ধয়, অসত্য, পরোক্ষ ও কটুবাক্য বর্জ্জন করিবে। কাম, ৫স। ২৮—২৯।

২৪। দেশকালজ্ঞ সর্ব্বত্র সর্ব্বকালে পরার্থ সাধন করিবে, স্বার্থকুশল ব্যক্তি হিতকর মঙ্গলপরম্পরা দ্বারা স্বার্থ সাধন করিবে। কাম, ৫ স ।৩০।

২৫। প্রভুর গোপনীয় কার্য্য এবং মন্ত্রণা কদাপি প্রকাশ করিবে না; তাঁহার নিধন ও বিদ্বেষ মনেও চিন্তা করিবে না। কাম, ৫ স ।৩১।

২৬। স্ত্রীলোক, স্ত্রীলোকের সহবাসি-উপনায়ক, পাপাচারী, শত্রুর দূত, রাজার প্রত্যাখ্যাত লোকের সহিত একার্থচর্য্যা (এককার্য্যকরা) ও তাহাদের সংসর্গ পরিত্যাগ করিবে। কাম, ৫ স ।৩২।

২৩। আপদ্যুন্মার্গ গমনে কার্য্যকালাত্যয়েষু চ।
অপৃষ্টোঽপি হিতান্বেষী ব্রূয়াৎ কল্যাণভাষিতম্ ॥
প্রিয়ং তথ্যঞ্চ পথ্যঞ্চ বদেদ্ধর্ম্মার্থমেব চ।
অশ্রদ্ধেয় অসত্যঞ্চ পরোক্ষং কটু চোৎসৃজেৎ ॥ কাম, ৫ স ।২৮—২৯

২৪। পরার্থং দেশকালজ্ঞো দেশে কালে চ সাধয়েৎ।
স্বার্থঞ্চ স্বার্থকুশলঃ কুশলেনানুকারিণা ॥ কাম, ৫ স। ৩০।

২৫। গুহ্যং কর্ম্ম চ মন্ত্রঞ্চ ন ভর্ত্তুঃ সম্প্রকাশয়েৎ।
বিদ্বিষ্টঞ্চ বিনাশঞ্চ মনসাপি ন চিন্তয়েৎ ॥ কাম, ৫ স। ৩১।

২৬। স্ত্রীভিস্তদ্দর্শিভিঃ পাপৈর্বৈরিদূতৈর্নিরাকৃতৈঃ।
একার্থচর্য্যাং সাহিত্যং সংসর্গঞ্চ বিবর্জ্জয়েৎ ॥ কাম, ৫ স। ৩২।

২৭। ভৃত্য রাজার বেশ ও ভাষার অনুকরণ করিবে না এবং সম্পন্ন (ধনবান্) হইলেও আমি ধনী বলিয়া গর্ব্ব করিবে না। কাম,৫স।৩৩।

২৮। কুশল-কার্য্যকারী ও আকারতত্ত্বজ্ঞ-ভৃত্য ইঙ্গিত ও আকার দ্বারা রাজার অনুরাগ-বিরাগ জানিবার চেষ্টা করিবে। রাজাকে দেখিয়া সন্তুষ্ট হইবে ও আদর-পূর্ব্বক রাজার বাক্য গ্রহণ করিবে, সম্মুখে আসিলেই রাজাকে বসিবার আসন দিবে ও তাঁহার কুশল জিজ্ঞাসা করিবে। নির্জ্জনস্থান, প্রকাশ্যস্থান, গুপ্তস্থানে ভয় করিবে না, রাজার নির্জ্জন ও গুপ্তস্থানের আলাপ সম্যক্ শ্রবণ করিবে। কাম, ৫স।৩৫—৩৬।

২৯। পূজনীয় ব্যক্তির পূজা করিবে ও কেহ প্রশংসা করিলে আনন্দিত হইবে, কথান্তরেও রাজার গুণ স্মরণ করিবে ও আনন্দিত হইয়া রাজার গুণ কীর্ত্তন করিবে। কাম, ৫স।৩৭।

৩০। প্রভুর কথিত হিতকর বাক্য রূঢ় হইলেও তাহা সহ্য করিবে,

২৭। বেশভাষানুকরণং ন কুর্য্যাৎ পৃথিবীপতেঃ।
সম্পন্নোঽপি হি মেধাবী স্পর্দ্ধেত ন চ তদ্গুণৈঃ॥ কাম, ৫ স। ৩৩।

২৮। রাগাপরাগৌ জানীয়াদ্ভর্ত্তুঃ কুশলকর্ম্মকৃৎ।
ইঙ্গিতাকারলিঙ্গাভ্যামিঙ্গিতাকার তত্ত্ববিৎ॥
দৃষ্ট্বা প্রসন্নো ভবতি বাক্যং গৃহ্ণাতি চাদরাৎ।
দিশত্যাসনমভ্যাসে কুশলং পরিপৃচ্ছতি॥
বিবিক্ত দর্শনস্থানে রহস্তে চ ন শঙ্কতে।
তদর্থাং তৎকৃতামুচ্চৈরাকর্ণয়তি সঙ্কথাম্॥ কাম, ৫ম। ৩৪—৩৬।

২৯। শ্লাঘতে শ্লাঘনীয়েষু শ্লাঘ্যমানঞ্চ নন্দতি।
কথান্তরেষু স্মরতি প্রহৃষ্টঃ কীর্ত্তয়েদ্গুণান্॥ কাম, ৫স। ৩৭।

৩০। সহতে পথ্যমপ্যুক্তং ন নিন্দামনুমন্যতে।
করোতি বাক্যং তৎপ্রোক্তং তদ্বচো বহুমন্যতে। কাম, ৫স। ৩৮।

প্রভুর নিন্দাবাদের অনুমোদন করিবে না, প্রভুর কথিত বাক্য সম্পাদন করিবে, প্রভুর বাক্যের বহুমান অর্থাৎ সমাদর করিবে। কাম, ৫স।৩৮।

৩১। ভৃত্য প্রভুর কোন উপকার করিলে এবং স্বয়ং কোন বিষয় আবিষ্কার করিলে, ঔদাসীন্য দেখাইবে; অর্থাৎ স্বয়ং গর্ব্ববিহীন হইয়া রহিবে ও তৎকৃত-কার্য্য অন্যে করিয়াছে ইহাই রাজাকে বলিবে। কাম, ৫স।৩৯।

৩২। প্রভুর শত্রুকে উত্থাপিত (দূরীকৃত) করিতে আত্মনাশও উপেক্ষা করিবে, কার্য্যে রাজার আশা বর্দ্ধিত করিবে কিন্তু তজ্জন্য ফলে (পারিতোষিকে) উপেক্ষা করিবে। কাম, ৫স। ৪০।

৩৩। যাহার বাক্য মধুর, কিন্তু আচরণ নিষ্ঠুর ও প্রভুর আত্মবাদে

৩১। উপকারেষু মাধ্যস্থ্যং দর্শয়ত্যদ্ভুতেষ্বপি।
তৎকৃতং কর্ম্ম চান্যেন কৃতমিত্যভিধীয়তে॥ কাম, ৫স। ৩৯।

৩২। বিপক্ষমুত্থাপয়তি বিনাশং চাপ্যুপেক্ষতে।
কার্য্যে সংবর্দ্ধয়ত্যাশাং ফলে চ কুরুতেঽন্যথা॥ কাম, ৫স। ৪০।

৩৩। যদ্বাক্যং মধুরং কিঞ্চিৎ তদপার্থেন নিষ্ঠুরম্।
আচরত্যাত্মশংসায়ু পরিবাদঞ্চ কেবলম্॥
অকোপোঽপি সকোপাভঃ প্রসন্নশ্চাপি নিষ্ফলঃ।
বদত্যকস্মাদ্‌ব্রজতি রুক্ষঞ্চ মুহুরীক্ষতে॥
আঘট্টয়তি মন্ত্রাণি ব্রুবন্ হাস্যং প্রপদ্যতে।
সম্ভাবয়তি দোষেণ বৃত্তিচ্ছেদং করোতি চ।
সাধুক্তমপি তদ্বাক্যং সমর্থয়তি চান্যথা।
অপর্ব্বণি কথাভঙ্গং করোতি বিরসীভবন্॥
উপাস্যমানঃ শয়নে সুপ্তলক্ষেণ তিষ্ঠতি।
বলেন বোধ্যমানোঽপি সুপ্তবচ্চ বিচেষ্টতে॥
ইত্যাদি হ্যনুরক্তস্য বিরক্তস্য চ লক্ষণম্।
রক্তাদ্‌বৃত্তিং সমীহেত বিরক্তস্য বিবর্জ্জয়েৎ॥ কাম ৫স। ৪১—৪৬॥

কেবল অপবাদ ঘোষণা করে, প্রভু কোপবিহীন হইলেও যাহার কোপ যায় না এবং প্রভু প্রসন্ন হইলে যে প্রসন্ন হয় না, অকস্মাৎ আমি যাইতেছি এই কথা প্রভুকে বলে ও রুক্ষভাবে বারম্বার দেখে; যে মন্ত্রণা প্রকাশ করে, কথা বলিতে হাস্য করে, গুণকেও দোষ বলিয়া মনে করে ও জীবিকা নষ্ট করে; সদ্‌বাক্য বলিলেও তাহা মন্দ বলিয়া বিবেচনা করে, কথা শেষ না হইতেই বিরক্ত হইয়া কথা ভঙ্গ করে; শয্যায় উপাসনা করিলেও যেন নিদ্রিত হইয়া থাকে, এবং বলপূর্ব্বক জাগাইলেও নিদ্রিতের ন্যায় থাকে, এই সকল ও উল্লিখিত ব্যবহার অনুরক্ত ও বিরক্তের লক্ষণ; অনুরক্ত হইতে কার্য্যের ইচ্ছা করিবে ও বিরক্তকে পরিত্যাগ করিবে। কাম, ৫স।৪১—৪৬।

৩৪। বহুদিনের প্রতিপালক নির্গুণ বা নির্দ্ধন হইলেও আপৎকালে তাঁহাকে পরিত্যাগ করিবে না, যে আপৎকালে পরিত্যাগ না করে, তাহা হইতে প্রধান আর নাই। সম্পদের সময় শীলাদি বিশেষ লক্ষ্য হয় না, বিপদ্‌কালে সৎস্বভাব-সদ্‌বৃত্তি প্রভৃতিরই বিশেষ আদর হয়। কাম, ৫স। ৪৭—৪৮।

৩৫। মহত্তের উপকার প্রশংসনীয় ও প্রীতিকর, তাহা অল্প হইলেও যথাকালে প্রভূত কল্যাণ সাধন কায়। কাম, ৫স। ৪৯।

৩৪। নির্গুণং হৃতিভর্ত্তারমাপৎসু ন পরিত্যজেৎ।
তত: পরতরো নাস্তি য আপৎসূপতিষ্ঠতি॥
সুস্থবৃত্তেষু সত্ত্বাদ্যা নৈব যান্ত্যভিলক্ষ্যতাম্।
বিপৎসু ধর্ম্মধুর্য্যাণাং তেষাং নামাতিরিচ্যতে॥ কাম, ৫স। ৪৭—৪৮।

৩৫। শ্লাঘ্যা চানন্দনীয়া চ মহতামুপকারিতা।
কালে কল্যাণমাধত্তে স্বল্পাপি সুমহোদয়ম্॥ কাম, ৫স। ৪৯।

৩৬। অকার্য্যে নিষেধ এবং সুকার্য্যে অনুবর্ত্তন সংক্ষেপতঃ বন্ধু ও অনুজীবিগণের এই দুইটী পরম হিতকর গুণ। অনুচর বর্গ পান (সুরাপান), স্ত্রী-বিলাস, দ্যূতক্রীড়াসক্ত রাজাকে নাড়িকাদি উপায়ে উপদেশ দিবে। কাম, ৫স। ৫০—৫১।

৩৭। যাহারা বিপদাভিভূত রাজাকে উপেক্ষা করে, সেই অকৃতজ্ঞদিগেরও রাজার সহিত পরাভব হয়। কাম- ৫স।৫২।

৩৮। হে নাথ! হে দেব! আপনার জয় হউক, চিরজীবী হউন, যথেচ্ছ আদেশ করুন ইত্যাদি সাদর বাক্যে ভৃত্যগণ তাঁহার আজ্ঞা প্রতীক্ষা করিবে ও তাঁহার উপাসনা করিবে। কাম, ৫স।৫৩।

৩৯। প্রভুর চিত্তানুবৃত্তি অনুজীবিগণের সুশীলতার পরিচায়ক। যাঁহারা পরচ্ছন্দানুবর্ত্তন-কুশল তাঁহারা রাক্ষসকেও বশীভূত করিতে পারেন। কাম, ৫স।৫৪।

৩৬। অকার্য্যে প্রতিষেধশ্চ কার্য্যে চৈবানুবর্ত্তনম্।
সংক্ষেপাদিতি সদ্‌বৃত্তং বন্ধুমিত্রানুজীবিনাম্॥
পানস্ত্রীদ্যূতগোষ্ঠীষু রাজানমভিতশ্চরাঃ॥
বোধয়েয়ুঃ প্রমাদ্যন্তমুপায়ৈ র্নাড়িকাদিভিঃ॥ কাম, ৫স। ৫০—৫১।

৩৭। রাজানং যেঽভ্যুপেক্ষন্তে সজ্জমানং বিবত্র্মসু।
তে গচ্ছন্ত্যকৃতাত্মানঃ সহ তেন পরাভবম্॥ কাম, ৫স। ৫২।

৩৮। জয়াজ্ঞাপয় জীবেতি নাথ! দেবেতি চাদরাৎ।
আজ্ঞামস্য প্রতীক্ষন্তো ভৃত্যাঃ কুর্য্যুরুপাসনম্॥ কাম, ৫স। ৫৩।

৩৯। ভর্ত্তুশ্চিত্তানুবৃত্তিত্বং সদ্ বৃত্তমনুজীবিনাম্।
রক্ষাংস্যপি গৃহ্যন্তে নিত্যং ছন্দানুবর্ত্তিভিঃ॥ কাম, ৫স। ৫৪।

৪০। বুদ্ধি, শীল, উদ্যোগসম্পন্ন সাধুদিগের জগতে কোন্ বিষয় দুষ্প্রাপ্য? যাহারা ছন্দানুবর্ত্তী (পর চিত্তানুবর্ত্তী) ও প্রিয়বাদী জগতে কে তাহাদের পর আছে? যাহারা অলস, অসন্তুষ্ট, বিদ্যাহীন, অজিতেন্দ্রিয় তাহাদিগকে সাহায্যদান করিতে পরম হিতৈষিণী মাতাও পরাঙ্মুখী হন। যাঁহারা শূর (বীর), বিদ্বান্, সেবা-কুশল পরম মধুর রাজপ্রীতি তাঁহাদেরই উপর বিকাশিত হয়। কাম, ৫স। ৫৫—৫৭।

৪১। কুল, স্বভাব, শৌর্য্য প্রভৃতি কেহ গণনা করে না। দাতা অকুলীন ও দুর্ব্বৃত্ত হইলেও লোকে তাহাতেই অনুরক্ত হয়। জগতে লক্ষ্মী (সম্পদ্) ই কুল, সম্পদ্ অপেক্ষা শ্রেষ্ঠতর কুল নাই; যাঁহার কোষ (অর্থসংগ্রহ) ও বল আছে, লোকে তাঁহারই অনুগত হয়। স্বার্থপরায়ণ

৪০। ধীসত্ত্বোদ্যোগযুক্তনাং কিং দুরাপং মহাত্মনাম্।
ছন্দানুবর্ত্তিনাং লোকে কঃ পরঃ প্রিয়বাদিনাম্॥
অলসস্যাল্প তোষস্য নির্বিদ্যস্যাকৃতাত্মনঃ।
প্রদানকালে ভবতি মাতাপি হি পরাঙমুখী॥
যে শূরা যেঽপি বিদ্বাংসো যে চ সেবাবিপশ্চিতঃ।
তেষামেব বিকাশিন্যো ভোগ্যা নৃপতিসম্পদঃ॥ কাম. ৫স। ৫৫—৫৭।

৪১। কুলং বৃত্তশ্চ শৌর্য্যঞ্চ সর্ব্বমেতন্ন গণ্যতে।
দুর্ব্বৃত্তেঽপ্যকুলীনেঽপি জনো দাতরি রজ্যতে॥
লক্ষ্মীরেবান্বয়ো লোকে ন লক্ষ্ম্যাঃ পরতোঽন্বয়ঃ।
যস্মিন্ দোষো বলঞ্চৈব তস্মিংল্লোকোঽনুগচ্ছতি॥
উত্থিতা এব পূজ্যন্তে জনাঃ কার্য্যার্থিভির্নরৈঃ।
শক্রবৎ পতিতং কোঽনুবন্দতে মানবং পুনঃ॥
অর্থার্থো জীবলোকোঽয়ং জ্বলন্তমুপসর্পতি।
ক্ষীণক্ষীরাং নিরাজীব্যাং বৎস ত্যজতি মাতরম্॥ কাম, ৫স। ৬০—৬৩।

ব্যক্তি উন্নতিশীলকেই পূজা করে, অবনত ব্যক্তিকে শত্রুর ন্যায় কেহই সম্মান করে না। অর্থেপ্সু জীবলোক অনলেও প্রবেশ করিতে পারে; বৎস যেমন অল্পক্ষীরা ধেনুকে পরিত্যাগ করে, সেইরূপ জীবলোক নিরাশ্রয় (যেখানে আশ্রয়লাভ করা যায় না) ব্যক্তিকে পরিত্যাগ করে। কাম, ৫স। ৬০—৬৩।

৪২। প্রহারার্থ শস্ত্র উত্তোলিত হইলে, তখন নিজ বক্তব্য প্রকাশ করিবে, প্রভুর প্রতি প্রকৃতির অনুরাগ-বিরাগ তত্ত্বতঃ অবগত হইবে। অলক্ষিতভাবে কৃত্যপক্ষের উপায় করিবে, জিজ্ঞাসা করিলেও নিজপ্রভুর প্রকৃতিচ্যুতি প্রকাশ করিবে না। প্রস্তুতবাক্যে (বিনীতবাক্যে) কেবল এই বলিবে, মহাশয় সকলই জানিতেছেন। কাম, ১২ স। ৮—১০।

৪৩। প্রভুর ভেদ্যদিগকে সন্তাপ, বংশগৌরব, ঐশ্বর্য্য, ত্যাগ, উত্থান-সৌষ্ঠব, অক্ষুদ্রতা ও ভদ্রতা প্রদর্শন করিবে। কাম, ১২স। ১৪।

৪৪। সত্যবাক্, গুণসম্পন্ন, কুলীন, ধনবান্, সদ্বংশজাত, সুশীল, সুকর্ম্মা ও নিরালস্য ব্যক্তি যে ভাবে আত্মকার্য্য করেন, প্রভুকার্য্য তদপেক্ষা অধিক যত্নের সহিত করিয়া থাকেন। শুক্র, ২অ। ৫৬—৫৭।

৪২। উদ্যতেষপি শস্ত্রেষু যথোক্তং শাসনং বদেৎ।
রাগাপরাগৌ জানীয়াৎ প্রকৃতীনাঞ্চ ভর্ত্তরি॥
কৃত্যপক্ষস্য চোপায়ং কুর্য্যাদনতিলক্ষিতঃ।
পৃচ্ছমানোঽপি ন ব্রূয়াৎ স্বস্বামিপ্রকৃতিচ্যুতিম্॥
ব্রূয়াৎ প্রস্তুতয়া বাচা সর্ব্বং বেদ ভবানিতি। কাম, ১২স। ৮—১০।

৪৩। সন্তাপং কুলমৈশ্বর্য্যং ত্যাগমুত্থান সৌষ্ঠবম্।
অক্ষুদ্রতাং ভদ্রতাঞ্চ ভর্ত্তুর্ভেদ্যেষু দর্শয়েৎ। কাম, ১২ স। ১৪।

৪৪। "সত্যবাক্ গুণসম্পন্নস্তথাভিজনবান্ ধনী।"
সকুলশ্চ সুশীলশ্চ সুকর্ম্মা চ নিরালসঃ।
যথা করোত্যাত্মকার্য্যং স্বামিকার্য্যং ততোঽধিকম্॥ শুক্র, ২অ। ৫৬—৫৭।

৪৫। ভৃত্য চতুর্গুণ কায়-বাক্-মানসিক যত্নে যথাপ্রাপ্ত বেতনে পরিতুষ্ট, মৃদুবাক্, কার্য্যদক্ষ, পবিত্র ও কার্য্যে স্থির হইবে। শুক্র, ২অ। ৫৮।

৪৬। পরোপকারে সমর্থ ও অপকারে পরাঙ্মুখ হইবে এবং প্রভুর প্রতি অপরাধকারী পুত্র অথবা পিতা তাঁহার অপকার না করে, সেদিকে বিশেষ দৃষ্টি রাখিবে। শুক্র, ২অ। ৫৯।

৪৭। প্রভু অন্যায় কার্য্যে প্রবৃত্ত হইলে, সযত্নে তাঁহাকে সৎপথে প্রবর্ত্তিত করিবে, তাঁহার বাক্য আক্ষেপ করিবে না (অর্থাৎ কথার উপর কথা দিবে না) এবং প্রভুর ক্রটী প্রকাশ করিবে না। শুক্র, ২অ। ৬০।

৪৮। সৎকার্য্যে সত্বর ও অসৎকার্য্যে চিরক্রিয় হইবে। প্রভুর ভার্য্যা পুত্র ও মিত্রের ছিদ্রান্বেষণ করিবে না। শুক্র, ২অ। ৬১।

৪৯। প্রভুর ভার্য্যা, পুত্র, বন্ধু প্রভৃতিকে প্রভুবৎ জ্ঞান করিবে, স্পর্দ্ধা, আত্মশ্লাঘা ও তাঁহাদের অসূয়া বা নিন্দা করিবে না। শুক্র,২অ।৬২।

৫০। অন্যের পদে লালসা করিবে না। নিস্পৃহ হইয়া সর্ব্বদা

৪৫। চতুর্গুণেন যত্নেন কায়বাঙ্মানসেন চ।
ভৃত্যৈব তুষ্টো মৃদুবাক্ কার্য্যদক্ষঃ শুচির্দৃঢ়ঃ ॥ শুক্র, ২অ। ৫৮।

৪৬। পরোপকরণে দক্ষো হ্যপকারপরাঙ্মুখঃ।
স্বাম্যাগস্কারিণং পুত্রং পিতরং বাপি দর্শকঃ ॥ শুক্র, ২অ। ৫৯।

৪৭। অন্যায়গামিনি পত্যৌ যতদ্রূপঃ সুবোধকঃ।
নাক্ষেপ্তা তদ্গিরং কাঞ্চিৎ তন্ন্যূনস্যাপ্রকাশকঃ ॥ শুক্র, ২অ। ৬০।

৪৮। অদীর্ঘসূত্রঃ সৎকার্য্যে হ্যসৎকার্য্যে চিরক্রিয়ঃ।
ন তদ্ভার্য্যাপুত্রমিত্রচ্ছিদ্রদর্শী কদাচন ॥ শুক্র, ২অ। ৬১।

৪৯। তদ্বৎ বুদ্ধিস্তদীয়েষু ভার্য্যাপুত্রাদিবন্ধুষু।
ন শ্লাঘতে স্পর্দ্ধতে ন নাভ্যসূয়তি নিন্দতি ॥ শুক্র, ২অ। ৬২।

৫০। নেচ্ছত্যন্যাধিকারং হি নিস্পৃহো মোদতে সদা।
তদ্দত্তবস্ত্রভূষাদি ধারকস্তৎ পুরোঽহনিশম্ ॥ শুক্র, ২অ। ৬৩।

সন্তুষ্ট থাকিবে। সর্ব্বদা স্বামিদত্ত বস্ত্রাভরণাদি ধারণ করিয়া তাঁহার অগ্রে উপস্থিত থাকিবে। শুক্র, ২অ। ৮৩।

৫১। বেতনানুসারে ব্যয়ী, সংযতেন্দ্রিয়, দয়াশীল, শূর হইবে। কেবল প্রভুর সমক্ষেই তাঁহার অন্যায় কার্য্য প্রকাশ করিবে (অন্যের সমক্ষে নহে) এইরূপ ভৃত্যই শ্রেষ্ঠ। ইহার বিপরীত গুণান্বিত ভৃত্য নিন্দনীয়। যে সকল ভৃত্য দণ্ড দ্বারা পীড়িত তাহারা অল্প বেতন পায়। শুক্র, ২অ। ৬৪—৬৫।

৫২। যাহারা শঠ, কাতর, লুব্ধ, সমক্ষে প্রিয়বাদী, মত্ত, ব্যসনী, রোগী, উৎকোচগ্রাহী, দ্যূতরত, নাস্তিক, দাম্ভিক, অসত্যবাদী, অসূয়ক, অপমানিত, অসদ্বাক্যদ্বারা মর্ম্মপীড়িত, যাহারা শত্রুর মিত্র, শত্রুর সেবক, পূর্ব্ববৈরী, কোপনস্বভাব, অবিমৃষ্যকারী ও অধার্ম্মিক ইহারা সুভৃত্য নহে। শুক্র, ২অ। ৬৬—৬৮।

৫৩। কাহারও ত্রুটী দেখিবে না, প্রত্যুত নিজশক্তি অনুসারে ন্যূনতা

৫১। ভৃতিতুল্যব্যয়ী দান্তো দয়ালুঃ শূর এব হি।
তদকার্য্যস্য রহসি সূচকো ভৃতকো বরঃ॥
বিপরীতগুণৈরেভির্ভৃতকো নিন্দ্য উচ্যতে।
যে ভৃত্যা হীনভৃতিকা যে দণ্ডেন প্রকর্ষিতাঃ॥ শুক্র, ২অ। ৬৪—৬৫।

৫২। শঠাশ্চ কাতরা লুব্ধাঃ সমক্ষং প্রিয়বাদিনঃ।
মত্তা ব্যসনিনশ্চার্ত্তা উৎকোচেষ্টাশ্চ দেবিনঃ॥
নাস্তিকা দাম্ভিকাশ্চৈবাসত্যবাচোঽপ্যসূয়কাঃ।
যে চাপমানিতা যেঽসদ্বাক্যৈর্ম্মর্ম্মণি ভেদিতাঃ॥
"রিপোর্ম্মিত্রাঃ সেবকাশ্চ পূর্ব্ববৈরানুবন্ধিনঃ।
চণ্ডাঃ সাহসিকা ধর্ম্মহীনা নৈতে সুসেবকাঃ।" শুক্র, ২অ। ৬৬—৬৮।

৫৩। ন ন্যূনং লক্ষয়েৎ কস্য পূরয়ীত স্বশক্তিতঃ।
পরোপকরণাদন্যন্ন স্বামিত্রকরং সদা॥

পূরণ করিবে। সর্ব্বদা পরের উপকার করণ ব্যতীত অন্য মিত্রকর কার্য্য নাই। তোমার কার্য্য করিব বলিয়া প্রতিশ্রুত হইয়া কালবিলম্ব করিবে না। সমর্থ হইলে শীঘ্র সম্পন্ন করিবে, আশা দিয়া দীর্ঘকাল ক্ষেপণ করিবে না। প্রভুর গুপ্তকার্য্য ও মন্ত্রণা প্রকাশ করিবে না। বিদ্বেষ ও বিনাশ মনেও চিন্তা করিবে না। শুক্র, ২অ। ২২৯—২৩১।

৫৪। রাজা আমার পরম মিত্র ইহা চিন্তা করিবে না। রাজার অভিলাষিণী স্ত্রী এবং পাপাচারী, বৈরীভূত ও নিরাকৃত (বহিষ্কৃত) ব্যক্তিদিগের সহিত একার্থচর্য্যা, সাহিত্য (এক ক্রিয়া করণ) ও সংসর্গ ত্যাগ করিবে। রাজার বেশভূষা ও ভাষার অনুকরণ করিবে না। সম্পন্ন ও মেধাবী হইলেও প্রভুগুণের স্পর্দ্ধা করিবে না। কুশল কর্ম্মাভিজ্ঞ হইয়া প্রভুর রাগাপরাগ পরিজ্ঞাত হইবে এবং আকার,ইঙ্গিত ও চেষ্টাদ্বারা প্রভুর অভিপ্রায় পরিজ্ঞাত হইবে। শুক্র, ২অ। ২৩২--২৩৪।

করিষ্যামীতি তে কার্য্যং ন কুর্য্যাৎ কার্য্যলম্বনম্:
দ্রাক্ কুর্য্যাৎ তু সমর্থশ্চেৎ সাশং দীর্ঘং ন রক্ষয়েৎ ॥
গুহ্যং কর্ম্ম চ মন্ত্রঞ্চ ন ভর্ত্তুঃ সম্প্রকাশয়েৎ।
বিদ্বেষঞ্চ বিনাশঞ্চ মনসাপি ন চিন্তয়েৎ ॥ শুক্র, ২অ। ২২৯—২৩১।

৫৪। রাজা পরম মিত্রোহস্তি ন কামং বিচরেদিতি।
স্ত্রীভিস্তদর্থিভিঃ পাপৈর্বৈরিভূতৈর্নিরাকৃতৈঃ ॥
একার্থচর্য্যাং সাহিত্যং সংসর্গঞ্চ বিবর্জয়েৎ।
বেশভাষানুকরণং ন কুর্য্যাৎ পৃথিবীপতেঃ ॥
সম্পন্নোঽপি চ মেধাবী ন স্পর্দ্ধেত চ তদ্গুণৈঃ।
রাগাপরাগৌ জানীয়াদ্ভর্ত্তুঃ কুশলকর্ম্মবিৎ।
ইঙ্গিতাকারচেষ্টাভ্যস্তদভিপ্রায়তাং তথা ॥ শুক্র, ২অ। ২৩২—২৩৪।

৫৫। বিপন্ন অনুরক্ত প্রভুকে কদাপি পরিত্যাগ করিবে না। যাহার অন্ন একবারও আদরের সহিত ভক্ষণ করা যায়, নিত্য তাহার হিতচিন্তা করিবে। পালকের বলে কি না হয়? শুক্র, ২অ। ২৪৬—২৪৭।

৫৬। অত্যন্ত প্রভুসেবাদ্বারা অপ্রধান ভৃত্যও প্রধান হয় এবং সেবালস্যে প্রধান ভৃত্যও অপ্রধান হইয়া থাকে। নিত্য সেবানিরত ভৃত্য রাজার প্রিয় হইয়া থাকে, কারণ ভৃত্য সত্বর স্ব স্ব কর্ত্তব্য সম্পন্ন করিলে রাজার সন্তোষ জন্মে। শুক্র, ২অ। ২৪৮—২৪৯।

৫৭। ভৃত্য সহসা কোন কার্য্য করিবে না, রাজাও ভৃত্যকে নীচকার্য্য করিতে আদেশ করিবেন না। নীচকার্য্যকারকের অভাব হইলে ভৃত্য স্বতঃ প্রবৃত্ত হইয়া সেই কার্য্য সম্পন্ন করিবে। যথাকালে করণীয় কার্য্য নীচ হইলেও উত্তমবোধে ভৃত্য সম্পন্ন করিবে, তাহাতে রাজার প্রীতি হয়। রাজার অনিষ্ট চেষ্টা করিবে না ও নিজকার্য্যের দুঃসাধ্যত্ব দেখাইবে না। শুক্র, ২অ। ২৫০—২৫২।

৫৫। আপদ্গতং স্বভর্ত্তারং কদাপি ন পরিত্যজেৎ ॥
একবারমপ্যাশিতং যস্যান্নং হ্যাদরেণ চ।
তদিষ্টং চিন্তয়েন্নিত্যং পালকস্যাগ্রসা ন কিম্? ॥ শুক্র, ২ অ। ২৪৬--২৪৭।

৫৬। অপ্রধানঃ প্রধানঃ স্যাৎ কালে চাত্যন্ত সেবনাৎ।
প্রধানোঽপ্রধানঃ স্যাৎ সেবালস্যাদিনা যতঃ ॥
নিত্যং সংসেবনরতো ভৃত্যো রাজ্ঞঃ প্রিয়োভবেৎ।
স্বস্বাধিকার কার্য্যং যদ্দ্রাক্ কুর্য্যাৎ সুমনা যতঃ ॥ শুক্র, ২অ। ২৪৮—২৪৯।

৫৭। ন কুর্য্যাৎ সহসা কার্য্যং নীচং রাজাপি নো দিশেৎ।
তৎকার্য্যকারকাভাবে রাজ্ঞঃ কার্য্যং সদৈব হি ॥
কালে যদুচিতং কর্ত্তুং নীচমপ্যুত্তমোঽর্হতি।
যস্মিন্ প্রীতো ভবেদ্রাজা তদনিষ্টং ন চিন্তয়েৎ ॥
ন দর্শয়েৎ স্বাধিকার গৌরবন্ত কদাচন ॥ শুক্র, ২অ। ২৫০—২৫২।

৫৮। অধিকারস্থিত সজ্জন ও ভৃত্যাদিগকে নিজ নিজ অধিকার রক্ষার জন্য পরস্পরের দোষ প্রদর্শন করিবে না। ভৃত্যবর্গ ও রাজা উভয়ে সদ্বৃত্তি-নিরত থাকিলে লক্ষ্মী স্থিরা, বিপুলা ও অনুকূলবর্ত্তিনী হন। অন্যের অধিকারে জাত দোষ শুনিলেও তাহা রাজাকে বলিবে না, রাজাও কদাপি অন্যের মুখের কথা শুনিবেন না। যে সকল অধিকারী ও ভৃত্যাদি রাজাকে হিতাহিত জ্ঞাপন করে না, তাহারা দাস্যরূপাশ্রিত গুপ্ত-শত্রু। শুক্র, ২ অ। ২৫৩-২৫৬।

৫৯। ভৃত্য রাজসমীপে, "আজ্ঞা করুন, এই প্রাণসংশয়িত কার্য্য আমি নিশ্চয় সম্পন্ন করিব" এইরূপ প্রতিশ্রুত হইলে, নিজশক্তি অনু-সারে তাহা শীঘ্র সম্পাদন করিতে চেষ্টা করিবে। ভৃত্য পোষ্যপালন জন্য সঙ্কটকালে রাজার কার্য্যে প্রাণদান করিতেও স্বীকার করিবে, অন্যথা নহে। শুক্র, ২অ। ২৬১—২৬২।

৫৮। পরস্পরং নাভ্যসূয়ুর্ভেদং প্রাপ্নুয়ুঃ কদা।
রাজ্ঞা চাধিকৃতাঃ সন্তো স্বস্বাধিকার গুপ্তয়ে॥
অধিকারিগণো রাজা সদ্বৃত্তৌ যত্র তিষ্ঠতঃ।
উভৌ তত্র স্থিরা লক্ষ্মীর্বিপুলা সম্মুখী ভবেৎ॥
অন্যাধিকার বৃত্তন্তু ন ব্রূয়াচ্ছ্রুতমপ্যত।
রাজা ন শৃণুয়াদন্য মুখতস্তু কদাচন॥
ন বোধয়ন্তি চ হিতমহিতং চাধিকারিণঃ।
প্রচ্ছন্ন বৈরিণস্তে তু দাস্যরূপমুপাশ্রিতাঃ॥ শুক্র, ২অ। ২৫৩—২৫৬।

৫৯। রাজ্ঞোঽবশ্যতরং কার্য্যং প্রাণসংশয়িতঞ্চ যৎ।
আজ্ঞাপয়াগ্রতশ্চাহং করিষ্যে তত্ত্ব নিশ্চিতম্।
ইতিবিজ্ঞাপ্য দ্রাক্ কর্ত্তুং প্রযতেত স্বশক্তিতঃ॥
প্রাণানপি চ সন্দদ্যান্মহৎকার্য্যে নৃপায় চ।
ভৃত্যঃ কুটুম্বপুষ্ট্যর্থং নান্যথা তু কদাচন॥ শুক্র, ২অ। ২৬১—২৬২।

৬০। যুক্তি অনুসারে ভৃত্য রাজার ধন-হর এবং রাজা ভৃত্যের প্রাণহর। যুদ্ধাদি সুমহৎ কার্য্যে রাজা বেতন দান দ্বারা ভৃত্যের প্রাণহরণ করিবেন, অন্যথা নহে। ভৃত্যও বেতনস্বরূপ রাজধন হরণ করিবে। যুদ্ধাদি ব্যতীত ধনহারক ভৃত্য ও প্রাণহারক রাজা আত্মবিনাশ করেন। শুক্র, ২অ। ২৬৩—২৬৫!

৬১। রাজলিপি ভিন্ন ভৃত্য কোন কার্য্য করিবে না, রাজাও লিখিত ভিন্ন ক্ষুদ্র বা মহৎ কোন আদেশই করিবেন না। ভ্রান্তি পুরুষের ধর্ম্ম। অতএব লেখ্যই প্রধান প্রমাণ, যে রাজা লেখ্য ভিন্ন আদেশ করেন ও যে ভৃত্য লেখ্য ব্যতীত কার্য্য করে, তাহারা উভয়েই চোর। রাজা স্বয়ং রাজা নহেন, রাজচিহ্নিত লেখ্যই রাজা। যে লেখ্য রাজমুদ্রা-চিহ্নিত তাহাই সর্ব্বোৎকৃষ্ট, মুদ্রাহীন রাজলিখিত লেখ্য উত্তম, মন্ত্রীপ্রভৃতি-লিখিত লেখ্য মধ্যম, পৌর (পুরবাসী) লিখিত লেখ্য কনিষ্ঠ (অধম)। সকল লেখ্যই সম্যক্ কার্য্যসাধনক্ষম। শুক্র, ২অ। ২৯০—২৯৩।

৬০। ভৃত্যা ধনহরাঃ সর্ব্বে যুক্ত্যা প্রাণহরো নৃপঃ ॥
যুদ্ধাদৌ সুমহৎকার্য্যে ভৃত্যা প্রাণান্ হরেন্নৃপঃ।
নান্যথা ভৃতিরূপেণ ভৃত্যো রাজধনং হরেৎ ॥
অন্যথা হরতস্তৌ তু ভবতশ্চ স্বনাশকৌ ॥ শুক্র, ২অ। ২৬৩-২৬৫।

৬১। ন কার্য্যং ভৃতকঃ কুর্য্যান্নৃপলেখাদ্বিনা ক্বচিৎ।
নাজ্ঞাপয়েল্লেখনেন বিনাল্পং বা মহন্নৃপঃ ॥
ভ্রান্তেঃ পুরুষ ধর্ম্মত্বাল্লেখ্যং নির্ণায়কং পরম্।
অলেখ্যমাজ্ঞাপয়তি হ্যলেখ্যং যৎ করোতি যঃ ॥
রাজকৃত্যমুভৌ চোরৌ তৌ ভৃত্যনৃপতী সদা।
নৃপসংচিহ্নিতং লেখ্যং নৃপস্তন্ন নৃপো নৃপঃ ॥
সমুদ্রলিখিতং রাজ্ঞা লেখ্যং তচ্চোত্তমোত্তমম্।
উত্তমং রাজলিখিতং মধ্যং মন্ত্র্যাদিভিঃ কৃতম্।
পৌরলেখ্যং কনিষ্ঠং স্যাৎ সর্ব্বং সংসাধন ক্ষমম্ ॥ শুক্র, ২অ। ২৯০-২৯৩

৬২। রাজাদি-চিহ্নিত লেখ্যের স্মৃতিপত্র ভৃত্য সর্ব্বদা ধারণ করিবে, কারণ কালক্রমে লোকের ভ্রান্তি ও বিস্মৃতি জন্মে। ব্রহ্মা পুরাকালে অনুভূতের স্মৃতির জন্য বাক্যের বর্ণ অর্থাৎ স্বরব্যঞ্জন চিহ্নিত লেখ্য নির্ম্মাণ করিয়াছেন। শুক্র, ২অ। ২৯৬—২৯৭।

৬৩। যে ভৃত্য ভৃতিদানে সন্তুষ্ট, মানে সম্বর্দ্ধিত, মধুর বাক্যে সান্ত্বিত হয়, তাহারা কখন প্রভুকে ত্যাগ করে না। অধমে ধন ইচ্ছা করে, মধ্যমে ধন ও মান ইচ্ছা করে, এবং উত্তমে কেবল মান ইচ্ছা করে। মানই মহাপুরুষের ধন। শুক্র, ২ অ।৪১৬-৪১৭।

৬৪। যে রাজা উপকার স্বীকার না করেন, সেবায় সন্তুষ্ট না হন, কথান্তরে পূর্ব্বকথা স্মরণ করিতে না পারেন, সর্ব্বদা শঙ্কিত, বৃথা বাক্য প্রয়োগ করেন এবং ক্ষুব্ধ হইয়া লোকের মর্ম্মপীড়ন করেন, তাঁহাকে ভৃত্যগণ পরিত্যাগ করিবে। শুক্র, ২ অ।৪৩২।

৬২। রাজাদ্যঙ্কিত লেখ্যস্য ধারয়েৎ স্মৃতিপত্রকম্।
কালেঽতীতে বিস্মৃতি র্বা ভ্রান্তিঃ সঞ্জায়তে নৃণাম্॥
অনুভূতস্য স্মৃত্যর্থং লিখিতং নির্ম্মিতং পুরা।
যন্মাচ্চ ব্রহ্মণা বাচাং বর্ণস্বর বিচিহ্নিতম্॥ শুক্র, ২অ। ২৯৬—২৯৭।

৬৩। ভৃতিদানেন সন্তুষ্টা মানেন পরিবর্দ্ধিতাঃ।
সান্ত্বিতা মৃদুবাচা যে ন ত্যজন্ত্যধিপং হি তে॥
অধমা ধনমিচ্ছন্তি ধনমানৌ তু মধ্যমাঃ।
উত্তমা মানমিচ্ছন্তি মানো হি মহতাং ধনম্॥ শুক্র, ২অ। ৪১৬—৪১৭।

৬৪। নোপকৃতং মন্যতে স্ম ন তুষ্যতি সুসেবনৈঃ।
কথান্তরে ন স্মরতি শঙ্কতে প্রলপত্যপি।
ক্ষুব্ধস্তনোতি মর্ম্মাণি তং নৃপং ভৃতকস্ত্যজেৎ॥ শুক্র, ২অ ৪৩২।

৬৫। যেথানে রাজা অবিবেকী, সভ্যগণ পক্ষপাতী, বিদ্বান্ উন্মার্গগামী, সাক্ষী মিথ্যাবাদী এবং যেথানে দুর্জ্জন, স্ত্রী ও নীচের প্রাবল্য তথায় ধন, মান, বসতি বা জীবিকা আকাঙ্ক্ষা করিবে না। শুক্র ৩ অ।৪৫-৪৬।

৬৬। কাহাকেও নিজের শত্রু এবং আপনাকে কাহারও শত্রু করিবে না। প্রভুর নিকট হইতে অপমান ও স্নেহহীনতা কাহারও নিকট প্রকাশ করিবে না। শুক্র, ৩ অ।১৩।

৬৭। *ভৃত্য শিষ্যের ন্যায় রাজাজ্ঞা পালন করিবে, কথনও তাঁহার*

৬৫। অবিবেকী যত্র রাজা সভ্যা যত্র তু পাক্ষিকাঃ।
সন্মার্গোজ্ঝিত বিদ্বাংসঃ সাক্ষিণোঽনৃতবাদিনঃ॥
দুরাত্মনাং চ প্রাবল্যং স্ত্রীণাং নীচজনস্য চ।
তত্র নেচ্ছেদ্ ধনং মানং বসতিঞ্চাপি জীবিতম্॥ শুক্র, ৩অ। ৪৫—৪৬।

৬৬। ন কশ্চিদাত্মনঃ শত্রুং নাত্মানং কস্যচিদ্রিপুম্।
প্রকাশয়েন্নাপমানং ন চ নিস্নেহতাং প্রভোঃ॥ শুক্র, ৩অ। ১৩।

৬৭। ভৃত্যঃ কুর্য্যাত্তু রাজাজ্ঞাং শিষ্যবৎ সচ্ছিষ্যঃ পতেঃ।
ন ক্ষিপেদ্বচনং রাজ্ঞো অনুকূলং প্রিয়ং বদেৎ॥
রহোগতস্য বক্তব্যমপ্রিয়ং যদ্ধিতং ভবেৎ।
ন নিযুক্তো হরেদ্বিত্তং নোপেক্ষেৎ তস্য মানকম্॥
রাজ্ঞশ্চ ন তথা কার্য্যং বেশভাষা বিচেষ্টিতম্।
অন্তঃপুর চরাধ্যক্ষো বৈরভূতৈর্নিরাকৃতৈঃ॥
সংসর্গং ন ব্রজেদ্ভৃত্যো রাজ্ঞো গুহ্যঞ্চ গোপয়েৎ।
প্রদর্শ্য কৌশলং কিঞ্চিদ্রাজানন্তু বিশেষয়েৎ॥
রাজ্ঞা যচ্ছ্রাবিতং গুহ্যং ন তল্লোকে প্রকাশয়েৎ।
আজ্ঞাপ্যমানে বান্যস্মিন্ কিং করোমীতি বা বদেৎ।
বস্ত্রং রত্নমলঙ্কারং রাজ্ঞা দত্তঞ্চ ধারয়েৎ।
নানির্দ্দিষ্টো দ্বারি বিশেন্নাযোগ্যে ভুবি রাজদৃক্॥ অগ্নি, ২২১অ। ১· ৬।

বাক্য লঙ্ঘন করিবে না। অনুকূল প্রিয়বাক্য প্রয়োগ করিবে, নির্জ্জনে অপ্রিয় হিতবাক্য বলিবে। নিযুক্ত হইয়া কখনও বিত্ত হরণ করিবে না এবং কদাচ প্রভুর অবমাননা করিবে না। রাজার ন্যায় বেশ-ভাষাও ব্যবহার করিবে না। তাঁহার সংসর্গ করিবে না। তাঁহার গুহ্য বিষয় প্রকাশ করিবে না। কিঞ্চিৎ কৌশল দেখাইয়া রাজাকে বিশেষিত করিবে। রাজা কোন গুহ্য কথা বলিলে লোকের নিকট তাহা প্রকাশ করিবে না। রাজা অন্য ব্যক্তিকে কোন কার্য্য করিতে আজ্ঞা করিলে, নিজে তৎকার্য্য সাধন জন্য অগ্রসর হইবে। রাজদত্ত বস্ত্র, অলঙ্কার ও রত্ন সর্ব্বদা ধারণ করিবে। আদিষ্ট না হইলে, দ্বারে প্রবেশ করিবে না। রাজার সমক্ষে কখনও অযোগ্য স্থানে উপবেশন করিবে না। অগ্নি, ২২১ অ। ১-৬।

৬৮। জৃম্ভা, নিষ্ঠীবন, কাস, কোপ, পর্য্যস্তিকাশ্রয়, ভ্রুকুটী, বাত ও উদ্গার এই সকল রাজসমীপে পরিহার করিবে। আপনার গুণবর্ণনে যুক্তি সহকারে পরকেই নিয়োগ করিবে। শঠতা, লোলতা, পিশুনতা,

৬৮। জৃম্ভাং নিষ্ঠীবনং কাসং কোপং পর্য্যস্তিকাশ্রয়ম্।
ভ্রুকুটীং বাতমুদ্গারং তৎসমীপে বিসর্জ্জয়েৎ॥
স্বগুণাখ্যাপনে যুক্ত্যা পরানেব নিয়োজয়েৎ। *
শাঠ্যং লৌল্যং সপৈশুন্যং নাস্তিক্যং ক্ষুদ্রতা তথা॥
চাপল্যঞ্চ পরিত্যাজ্যং নিত্যং রাজানুজীবিনা।
শ্রুতেন বিদ্যাশিল্পৈশ্চ সংযোজ্যাত্মানমাত্মনা॥
রাজসেবাং ততঃ কুর্য্যাদ্ভুতয়ে ভূতিবর্দ্ধনঃ।
নমস্কার্য্যাঃ সদা চাস্য পুত্রবল্লভমন্ত্রিণঃ॥
সচিবৈর্নাস্য বিশ্বাসো রাজচিত্তপ্রিয়ং চরেৎ।
ত্যজেদ্বিরক্তং রক্তাৎ তু বৃত্তিমীহেত রাজবিৎ॥

* পরার্থে চ প্রযোজয়েদিতি বা পাঠঃ

নাস্তিকতা, ক্ষুদ্রতা ও চপলতা এই সকল রাজসেবা কালে এককালে পরিত্যাগ করিবে। ভূতিবর্দ্ধন ব্যক্তি শ্রুত, বিদ্যা ও শিল্প এই সকল আত্মাকে আত্মা দ্বারা সংযোজিত করিয়া রাজার সেবা করিবে, তাহা হইলে তাহার ভূতি লাভ হইবে। রাজার পুত্র, বল্লভ ও মন্ত্রীদিগকে সর্ব্বদা নমস্কার করিবে। সচিবদিগকে কিছুই বিশ্বাস নাই। সতত রাজার মনঃপ্রীতিকর বিষয়ের অনুষ্ঠান করিবে। রাজবিৎ ভৃত্য বিরক্তি ত্যাগ করিয়া অনুরাগ সহকারে স্বকার্য্য সাধন করিবে। জিজ্ঞাসা না করিলে কোন বিষয়ে কোন কথা কহিবে না; কেবল আপৎকালে ঐরূপ করিবে। প্রসন্ন ও বাক্যসংগ্রাহী হইবে, কোন গুহ্য বিষয়ে আদেশ করিলে, তাহাতে কোনরূপ সন্দেহ বা ভয় করিবে না; সর্ব্বদা কুশলাদি জিজ্ঞাসা ও আসন দান করিবে। তাঁহার কথা শ্রবণমাত্র হৃষ্ট হইবে এবং অপ্রিয়ও প্রিয়বোধে অভিনন্দন করিবে; অল্প দানও বহু বলিয়া গ্রহণ ও কথান্তরে স্মরণ করিবে। এইরূপে অনুরক্ত রাজার সেবা ও বিরক্তের বর্জ্জন করিবে। অগ্নি, ২২১অ।৭-১৪।

৬৯। দক্ষতা, ভদ্রতা, দৃঢ়তা, ক্ষমাপরতা, ক্লেশসহিষ্ণুতা, সন্তোষ, সৎস্বভাব, উৎসাহ, এই কয়টী গুণ অনুজীবীর ভূষণ-স্বরূপ। ঈদৃশ গুণবান্

অপৃষ্টশ্চাস্য ন ব্রূয়াৎ কামং কুর্য্যাৎ তথাপদি।
প্রসন্নো বাক্য সংগ্রাহী রহস্যে ন চ শঙ্কতে॥
কুশলাদি পরিপ্রশ্নং সম্প্রযচ্ছতি চাসনম্।
তৎকথাশ্রবণাদ্ধৃষ্টো অপ্রিয়াণ্যপি নন্দতে॥
অল্পং দত্তং প্রগৃহ্নাতি স্মরেৎ কথান্তরেষ্বপি।
ইতি রক্তস্য কর্ত্তব্যং সেবামন্যস্য বর্জ্জয়েৎ॥ অগ্নি, ২২১অ। ৭—১৪।

৬৯। বক্ষ্যেঽনুজীবিনাং বৃত্তং সেবী সেবেত ভূপতিম্।
দক্ষতা ভদ্রতা দার্ঢ্যং ক্ষান্তিঃ ক্লেশ সহিষ্ণুতা॥

ভৃত্য নয়ানুসারে যথাকালে রাজার সেবা করিবে। পরস্থান গমন, ক্রূরতা, ঔদ্ধত্য, মৎসর, এই কয়টী দোষ ত্যাগ করা ভৃত্যের অবশ্য কর্ত্তব্য। সে কখন শ্রেষ্ঠ ব্যক্তির সহিত বিগ্রহ পুরঃসর কথা কহিবে না। স্বামীর গুহ্য মর্ম্ম বা গুপ্ত মন্ত্রণা প্রকাশ করিবে না। অনুরক্ত প্রভুর নিকট বৃত্তিলাভের চেষ্টা করিবে। বিরক্ত প্রভুকে ত্যাগ করিবে। অকার্য্যে প্রতিষেধ ও কর্ত্তব্য বিষয়ে প্রবর্ত্তন করিবে। অগ্নি. ২৩৯ অ।৩৮-৪২।

সপ্তদশ স্তবক।

[প্রজার প্রতি রাজার ব্যবহার।]

প্রজাই রাজত্বের মূল। প্রজাই রাজ্যের ভূষণ, প্রজাই রাজ্যের শোভা, প্রজাই রাজশ্রীর কান্তি-স্বরূপ। রাজার রাজ্য প্রজাতেই রক্ষা করে, প্রজাতেই রাজশক্তির বৃদ্ধি করে, প্রজাতেই রাজার ঐশ্বর্য্য ও সুখ-সমৃদ্ধির নিত্যতা সংস্থাপন করে, প্রজা না থাকিলে রাজত্ব মরুভূমি সদৃশ হয়। প্রজাহীন রাজ্য,—জল

সন্তোষ শীলমুৎসাহো মণ্ডয়ত্যনুজীবিনম্।
যথাকালমুপাসীত রাজানং সেবকো নয়াৎ॥
পরস্থানগমং ক্রৌর্য্যমৌদ্ধত্যং মৎসরং ত্যজেৎ।
বিগৃহ্য কথনং ভৃত্যো ন কুর্য্যাজ্জ্যায়সা সহ॥
গুহ্যং মর্ম্ম চ মন্ত্রঞ্চ ন চ ভর্ত্তুঃ প্রকাশয়েৎ।
রক্তাদ্‌বৃত্তিং সমীহেত বিরক্তং সন্ত্যজেন্নৃপম্॥
"অকার্য্যে প্রতিষেধশ্চ কার্য্যে চাপি প্রবর্ত্তনম্।" অগ্নি। ২৩৯অ।৩৮—৪২।

বিহীন সরোবর, ফল-পুষ্প-হীন বৃক্ষ, দুগ্ধহীন গাভী ও অপত্য-হীন নারীর ন্যায় অকিঞ্চিৎকর হইয়া থাকে। পৃথিবীপতির রাজ্য-রক্ষার্থে সর্ব্বতোভাবে প্রজা রক্ষা করা আবশ্যক, অর্থাৎ স্নেহ-সহকারে অপত্যনির্ব্বিশেষে প্রজাদিগকে পালন করা কর্ত্তব্য। প্রজাদিগেরও পিতৃতুল্য রাজাকে ভক্তিসহকারে, প্রাণপণে, শারীর-শক্তি ও ধনাদি দ্বারা রক্ষা করা উচিত। রাজা ও প্রজা বিষয়ে যে নীতি শাস্ত্রকারেরা প্রকটন করিয়াছেন, তাহা রাজা ও প্রজা উভ-য়েরই বিদিত হওয়া উচিত। এস্থলে শাস্ত্র-বিহিত রাজা ও প্রজা-বিষয়ক নীতি ক্রমে সঙ্কলিত হইতেছে।

১। যথাবিধি উপনয়ন সংস্কারে সংস্কৃত হইয়া, যথান্যায়ে, আপন আপন প্রজাপুঞ্জের রক্ষণাবেক্ষণ করা রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ।২।

২। যে রাজা সদাচার ও সুপ্রথাপূর্ব্বক শাস্ত্রানুসারে রাজ্য পালন করেন, এমন কি যদি তাঁহাকে উঞ্ছবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে হয়, তথাপি সলিলস্থিত তৈল-বিন্দুর ন্যায় তাঁহার যশঃ জগতে বহুদূর বিস্তৃত হয়, কিন্তু যে রাজার আচার ব্যবহার ইহার সম্পূর্ণ বিপরীত, যিনি উদ্দাম রিপু-গণের বশীভূত (তাঁহার ধন সম্পত্তি অধিক হইলেও) তদীয় যশঃ ইহলোকে সলিলস্থিত ঘৃত বিন্দুর ন্যায় ক্রমে সঙ্কোচ প্রাপ্ত হয়। মনু, ৭ অ।৩৩-৩৪।

১। ব্রাহ্মং প্রাপ্তেন সংস্কারং ক্ষত্রিয়েণ যথাবিধি।
সর্ব্বস্যাস্য যথান্যায়ং কর্ত্তব্যং পরিরক্ষণম্। মনু, ৭অ। ২।

২। এবং বৃত্তস্য নৃপতেঃ শিলোঞ্ছেনাপি জীবিতঃ।
বিস্তীর্য্যতে যশো লোকে তৈলবিন্দুরিবাম্ভসি॥
অতস্তু বিপরীতস্য নৃপতেরজিতাত্মনঃ।
সংক্ষিপ্যতে যশো লোকে ঘৃতবিন্দুরিবাম্ভসি॥ মনু ৭অ। ৩৩—৩৪।

৩। রাজা অধীনস্থ সমস্ত প্রজাবর্গের উপর পিতৃবৎ স্নেহ ব্যবহার করিবেন। মনু, ৭ অ।৮০।

৪। যে রাজা নির্ব্বুদ্ধিতা হেতু উগ্রভাবে প্রজার বিরুদ্ধাচরণ করেন, তিনি অচিরাৎ রাজ্যভ্রষ্ট ও সবংশে ধ্বংস হন। আহারাভাবে শরীর শুষ্ক হইয়া জীবের জীবন নষ্ট হইয়া থাকে, তদ্রূপ সাম্রাজ্যের পীড়া বর্দ্ধনে রাজার জীবনও নষ্ট হয়। মনু, ৭ অ।১১১-১১২।

৫। রক্ষার্থ আর্ত্তনাদকারী প্রজাবর্গের ধন, যদি রাজার সম্মুখ হইতে দস্যুবর্গ কর্ত্তৃক অপহৃত হয়, তবে সে রাজা মৃত বলিয়া পরিগণিত হন। সর্ব্বধর্ম্মাপেক্ষা প্রজাপালনই ক্ষত্রিয়ের শ্রেষ্ঠ ধর্ম্ম, শাস্ত্রোক্ত করাদিভোক্তা রাজা সর্ব্বতোভাবে প্রজা প্রতিপালন করিতে বাধ্য। মনু, ৭অ।১৪৩-১৪৪।

৬। নৃপতি প্রজাদ্রোহী হইলে প্রজাগণ উশৃঙ্খল হয়, অতএব প্রকৃতি-

৩। "স্যাচ্চাম্নায় পরোলোকে বর্ত্তেত পিতৃবন্নৃষু।" মনু, ৭অ।৮০।

৪। মোহাদ্রাজা স্বরাষ্ট্রং যঃ কর্ষয়ত্যনবেক্ষয়া।
সোঽচিরাদ্‌ভ্রশ্যতে রাজ্যাজ্জীবিতাচ্চ সবান্ধবঃ॥
শরীর কর্ষণাৎ প্রাণাঃ ক্ষীয়ন্তে প্রাণিনাং যথা।
তথা রাজ্ঞামপি প্রাণাঃ ক্ষীয়ন্তে রাষ্ট্রকর্ষণাৎ॥ মনু ৭অ। ১১১—১১২।

৫। বিক্রোশন্ত্যো যস্য রাষ্ট্রাদ্ধ্রিয়ন্তে দস্যুভিঃ প্রজাঃ।
সম্পশ্যতঃ সভৃত্যস্য মৃতঃ স ন তু জীবতি॥
ক্ষত্রিয়স্য পরো ধর্ম্মঃ প্রজানামেব পালনম্।
নির্দ্দিষ্ট ফলভোক্তা হি রাজা ধর্ম্মেণ যুজ্যতে॥ মনু ৭ অ। ১৪৩—১৪৪।

৬। ভবিতব্যং সদা রাজ্ঞা গর্ভিণী সহধর্ম্মিণা।
কারণং চ মহারাজ শৃণু যেনেদমিষ্যতে॥
যথা হি গর্ভিণী হিত্বা স্বং প্রিয়ং মনসোঽনুগম্।
গর্ভস্য হিতমাধত্তে তথা রাজ্ঞাপ্যসংশয়ম্॥ ম, শা, ৫৬ অ। ৪৪—৪৫।

পুঞ্জের সহিত গর্ভধারিণীর ন্যায় ব্যবহার করা উচিত অর্থাৎ যেরূপ গর্ভধারিণী স্বীয় মনোমত ইষ্ট পরিত্যাগ করিয়া যাহাতে গর্ভস্থসন্তানের মঙ্গল হয় তাহারই চেষ্টা করেন, তদ্রূপ যাহাতে প্রকৃতিপুঞ্জের মঙ্গল হয়, এতাদৃশ কার্য্য করাই রাজার কর্ত্তব্য। ম, শা, ৫৬ অ।৪৪-৪৫।

৭। যাচক বা দস্যুসকলকে তোমার রাজ্যে কদাচ বাস করিতে দিবে না, কেন না ইহারা প্রাণিগণের ইষ্ট চিন্তা না করিয়া কেবল মাত্র অনিষ্টাচরণ করিয়া থাকে। ম, শা, ৮৮ অ।২৪।

৮। গত দিবসে যে কার্য্য করিয়াছি, প্রজাগণ তাহা পুনর্ব্বার প্রশংসা করিতেছে কিনা; আমার এই কার্য্য প্রজারা যদি জানিয়া থাকে, তবে তাহা পুনরায় প্রশংসা করিতেছে কিনা; জনপদ এবং রাষ্ট্রমধ্যে আমার যশঃ প্রজাদিগের অভিলষিত হইয়াছে কিনা, এই সকল বিষয় অনুসন্ধান করিবার জন্য অনুমত গুপ্তচরগণকে পৃথিবীতে প্রেরণ করিবে।

৭। মা তে রাষ্ট্রে যাচনকাভূবন্মা চাপি দস্যবঃ।
এষাং দাতার এবৈতে ভূতস্য নৈতে ভাবকাঃ॥ ম, শা, ৮৮ অ। ২৪।

৮। অতীতদিবসে বৃত্তং প্রশংসন্তি ন বা পুনঃ।
গুপ্তশ্চারৈরনুমতৈঃ পৃথিবীমনুসারয়েৎ॥
জানীয়ুর্যদি মে বৃত্তং প্রশংসন্তি ন বা পুনঃ।
কচ্চিদ্রোচেজ্জনপদে কচ্চিদ্রাষ্ট্রে চ মে যশঃ॥
ধর্ম্মজ্ঞানাং ধৃতিমতাং সংগ্রামেষ্বপলায়িনাম্।
রাষ্ট্রে তু যেঽনুজীবন্তি যে তু রাজ্ঞোঽনুজীবিনঃ॥
অমাত্যানাঞ্চ সর্ব্বেষাং মধ্যস্থানাঞ্চ সর্ব্বশঃ।
যে চ ত্বাভিপ্রশংসেয়ুর্নিন্দেয়ুরথবা পুনঃ॥
সর্ব্বান্ সুপরিণীতাংস্তান্ কারয়েথা যুধিষ্ঠির।
একান্তেন হি সর্ব্বেষাং ন শক্যং তাত রোচিতুম্।
মিত্রামিত্রমথো মধ্যং সর্ব্বভূতেষু ভারত॥ ম, শা, ৮৯ অ। ১৫—১৯।

আর ধর্ম্মজ্ঞ ধৈর্য্যশালী ও সংগ্রামে অপলায়িত মানবগণের মধ্যে যাহারা রাজাকে উপজীব্য করিয়া থাকে এবং যাহারা রাজাকে উপজীব্য করিয়া থাকে না, তাহাদের এবং কোন্ কোন্ অমাত্য ও কোন্ কোন্ মধ্যস্থ ব্যক্তি প্রশংসা বা নিন্দা করে, তাহাদিগের সুন্দর রূপে জানিবে। সাধারণের একান্ত রুচিকর হওয়া অতি সুকঠিন, যে হেতু সর্ব্বভূতেই মিত্র, অমিত্র ও মধ্যম বিদ্যমান আছে। ম, শা, ৮৯অ। ১৫-১৯।

৯। (ধনবান্ ব্যক্তিরাই রাজ্যের মহৎ অঙ্গ এবং সকল প্রাণীর শ্রেষ্ঠ ইহাতে সংশয় নাই) অতএব রাজা পান, আচ্ছাদন ও ভোজন দ্বারা ধনবান্ ব্যক্তির সম্মান করিবেন এবং তাঁহাদিগকে "আমার সহিত প্রজাগণকে রক্ষা করুন" এই কথা বলিবেন। ম, শা, ৮৮অ। ২৯।

১০। দুগ্ধের নবনীত সদৃশ প্রজারক্ষাই রাজধর্ম্মের সার, কারণ ভগবান্ বৃহস্পতি ইহা ভিন্ন অপর কোন ধর্ম্মকেই প্রশংসা করেন না। ভগবান্ বিশালাক্ষ, মহাতপাঃ শুক্র, সহস্রলোচন ইন্দ্র, প্রাচেতস মনু, ভগবান্ ভরদ্বাজ এবং গৌরশিরা মুনি এই ধার্ম্মিকপ্রবর রাজধর্ম্মপ্রণেতা ব্রহ্মবাদিগণ লোকরক্ষারূপ ধর্ম্মকেই প্রশংসা করিয়াছেন। ম, শা, ৫৮ অ। ১—৪।

৯। ধনিনঃ পূজয়েন্নিত্যং পানাচ্ছাদন ভোজনৈঃ।
বক্তব্যাশ্চানুগৃহ্ণীধ্বং প্রজাঃ সহ ময়েতি বৈ॥ ম, শা, ৮৮ অ। ২৯।

১০। এতত্তে রাজধর্ম্মাণাং নবনীতং যুধিষ্ঠির।
বৃহস্পতির্হি ভগবান্ নান্যং ধর্ম্মং প্রশংসতি॥
বিশালাক্ষশ্চ ভগবান্ কাব্যশ্চৈব মহাতপাঃ।
সহস্রাক্ষো মহেন্দ্রশ্চ তথা প্রাচেতসো মনুঃ॥
ভরদ্বাজশ্চ ভগবাংস্তথা গৌরশিরা মুনিঃ।
রাজশাস্ত্রপ্রণেতারো ব্রহ্মণ্যা ব্রহ্মবাদিনঃ॥
"রক্ষামেব প্রশংসন্তি ধর্ম্মং ধর্ম্মভৃতাম্বর।" ম, শা, ৫৮ অ। ১—৪।

১১। রাজাই প্রকৃতিপুঞ্জের মানসিক উৎকর্ষ, সদ্গতি, প্রতিষ্ঠা এবং পরম সুখলাভের কারণ। ম, শা, ৬৮ অ। ৫৯।

১২। মেদিনী এবং পুরবাসিগণকে সম্যক্‌রূপে পালন এবং অপর সর্ব্বপ্রকার কার্য্য করিয়া নরপতি পরত্র সুখলাভ করিয়া থাকেন। যিনি প্রকৃতিপুঞ্জকে উত্তমরূপে পালন করেন, তাদৃশ নরপতির তপস্যায় ফল কি? এবং তাঁহার যজ্ঞেরই বা আবশ্যক কি? কারণ তিনি স্বয়ং সর্ব্বধর্ম্মবিৎ। ম, শা, ৬৯ অ। ৭২—৭৩।

১৩। প্রজাগণ ভূপতি কর্তৃক সুরক্ষিত হইয়া যে ধর্ম্ম আচরণ করে, নৃপতি তাহার চতুর্থাংশভাগী হন। তাহারা যাহা দান, অধ্যয়ন, হবন এবং অর্চ্চনা করে, রাজা ধর্ম্মানুসারে প্রজাপালন করিয়া তাহার চতুর্থাংশ ভোগ করিয়া থাকেন। ম, শা, ৭৫ অ। ৬—৭।

১৪। নৃপতি প্রজাপুঞ্জকে রক্ষা না করিলে রাজ্য মধ্যে যে অমঙ্গল উপস্থিত হয়, নৃপতি সেই পাপের চতুর্থাংশ ভাগী হন। ম, শা. ৭৫ অ। ৮।

১১। "রাজা প্রজানাং হৃদয়ং গরীয়ো, গতিঃ প্রতিষ্ঠা সুখমুত্তমঞ্চ।" ম, শা, ৬৮ অ। ৫৯।

১২। কৃত্বা সর্ব্বাণি কার্য্যাণি সম্যক্ সম্পাল্য মেদিনীম্।
পালয়িত্বা তথা পৌরান্ পরত্র সুখমেধতে॥
কিং তস্য তপসা রাজ্ঞঃ কিঞ্চ তস্যাধ্বরৈরপি।
সুপালিতপ্রজো যঃ স্যাৎ সর্ব্বধর্ম্মবিদেব সঃ॥ ম, শা, ৬৯ অ। ৭২—৭৩।

১৩। যং হি ধর্ম্মং চরন্তীহ প্রজা রাজ্ঞা সুরক্ষিতাঃ।
চতুর্থং তস্য ধর্ম্মস্য রাজা ভারত বিন্দতি॥
যদধীতে যদ্দদাতি যজ্জুহোতি যদর্চ্চতি।
রাজা চতুর্থভাক্ তস্য প্রজা ধর্ম্মেণ পালয়ন্॥ ম, শা, ৭৫ অ। ৬—৭।

১৪। যদ্রাষ্ট্রেঽকুশলং কিঞ্চিদ্রাজ্ঞো রক্ষতঃ প্রজাঃ।
চতুর্থং তস্য পাপস্য রাজা ভারত বিন্দতি॥ ম, শা, ৭৫ অ। ৮।

১৫। রাজ্যমধ্যে নৃশংস এবং অসত্যবাদিগণ যে কর্ম্ম করে, নৃপতি নিশ্চয়ই সেই পাপের অর্দ্ধাংশভাগী হন। কেহ কেহ বলেন, ভূপতি তাদৃশ পাপের সম্পূর্ণ অথবা তাহা অপেক্ষা অধিক ফলভাগী হইয়া থাকেন। ম, শা, ৭৫ অ। ৯।

১৬। অনাথ মনুষ্যেরা দস্যুকর্ত্তৃক তাড়িত ও পরিপীড়িত হইয়া যাঁহার আশ্রয়-গ্রহণ-পূর্ব্বক সুখে অবস্থান করে, তাহারা স্বীয় বান্ধবের ন্যায়, সেই রক্ষাকর্ত্তাকে প্রীতিসহকারে পূজা করিয়া থাকে, কেন না নির্ভীককর্ত্তা, অনাথ নরগণের নিরন্তর সম্মাননীয় হইয়া থাকেন। ম, শা, ৭৮ অ। ৩৯—৪০।

১৭। যে বৃষভ ভার বহনে অসমর্থ, যে ধেনু দুগ্ধদানে বিমুখ, যে পত্নী পুত্রপ্রসবে পরাঙ্মুখী ও যে রাজা প্রজাপালনে অক্ষম হয়, তাহা দ্বারা কোন প্রয়োজনই সম্পন্ন হইতে পারে না। ম, শা, ৭৮ অ। ৪১।

১৮। দারুময় হস্তী, চর্ম্মময় মৃগ, ক্লীব জীব ও ঊষর ক্ষেত্র যেমন

১৫। অপ্যাহুঃ সর্ব্বমেবেতি ভূয়োঽর্দ্ধমিতি নিশ্চয়ঃ।
কর্ম্মণঃ পৃথিবীপাল নৃশংসোঽনৃত বাগপি॥ ম, শা, ৭৫ অ। ৯।

১৬। যমাশ্রিত্য নরা রাজন্ বর্ত্তয়েয়ুর্যথাসুখম্।
অনাথাঃ পরিকালাস্তো দস্যুভিঃ পরিপীড়িতাঃ॥
তমেব পূজয়েয়ুস্তে প্রীত্যা স্বমিব বান্ধবম্।
অভীরভীক্ষ্ণং কৌরব্য কর্ত্তা সম্মানমর্হতি॥ ম, শা, ৭৮ অ। ৩৯—৪০।

১৭। কিং তৈর্য্যোঽনড়ুহো নোহ্যাঃ কিং ধেন্বা বাঽপ্যদুগ্ধয়া।
বন্ধ্যায়া ভার্য্যয়া কোঽর্থঃ কোঽর্থো রাজ্ঞাঽপ্যরক্ষতা॥ ম, শা, ৭৮ অ। ৪১।

১৮। যথা দারুময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
যথা হ্যনর্থঃ ষণ্ডো বা পার্থ ক্ষেত্রং যথোষরম্॥
এবং বিপ্রোঽনধীয়ানো রাজা যশ্চ ন রক্ষিতা।
মেঘো ন বর্ষতে যশ্চ সর্ব্বথা তে নিরর্থকাঃ॥ ম, শা, ৭৮ অ। ৪২—৪৩।

বিফল, যে ব্রাহ্মণ বেদাধ্যয়ন না করেন, যে রাজা প্রজাপালন না করেন এবং যে মেঘ বারিবর্ষণ না করে, এই সকলকেও তদ্রূপ বিফল বলিয়া জানিবে। ম, শা, ৭৮ অ। ৪২—৪৩।

১৯। যে মহীপতি বহুতর ধান্যাগার, রত্নাগার ও শস্ত্রাগার পরিপূরিত করিয়া প্রকৃতিবর্গকে স্বীয় প্রিয় ও অনুরক্ত করতঃ যথান্যায়ে পৃথিবী পালন করেন, তাঁহার মিত্রগণ (যে সকল ভদ্র প্রজা শাসনানুসারে চলিয়া থাকেন তাঁহারা) অমরগণ যেরূপ অমৃতলাভে আনন্দিত রহিয়াছেন, সেই-রূপ আনন্দিত থাকেন অর্থাৎ দেবগণ যেরূপ অমৃতলাভ করিয়া অসংশয়িত-জীবন হইয়া আনন্দভোগ করেন সেইরূপ সেই রাজার রাজ্যে থাকিয়া প্রজাগণ নিঃশঙ্কচিত্ত হইয়া সুখভোগ করে। বা, অ, ৩ স। ৪৪—৪৫।

২০। রাজ্যবাসী প্রজামাত্রই ধর্ম্মতঃ রাজার রক্ষণীয়। বা, অ, ১০০ স। ৪৮।

২১। প্রজাদিগের প্রতি দণ্ডধর বিদ্বান্ মহীপতি সমস্ত বসুধামণ্ডল প্রাপ্ত হইয়া, ধর্ম্মানুসারে যথাবিধানে তাহা পালন করতঃ পরিশেষে ইহলোক হইতে বিচ্যুত হইয়া স্বর্গলাভ করেন। বা, অ, ১০০ স। ৭৬।

১৯। "কোষ্ঠাগারায়ুধাগারৈঃ কৃত্বা সন্নিচয়ান্ বহূন্ ॥"
ইষ্টানুরক্তপ্রকৃতির্যঃ পালয়তি মেদিনীম্।
তস্য নন্দন্তি মিত্রাণি লব্ধামৃতমিবামরাঃ ॥ বা, অ, ৩ স। ৪৪—৪৫।

২০। "রক্ষ্যা হি রাজ্ঞা ধর্ম্মেণ সর্ব্বে বিষয়বাসিনঃ ॥" বা, অ, ১০০ স। ৪৮।

২১। রাজা তু ধর্ম্মেণ হি পালয়িত্বা
মহীপতির্দণ্ডধরঃ প্রজানাম্।
অবাপ্য কৃৎস্নাং বসুধাং যথাব-
দিতশ্চ্যুতঃ স্বর্গমুপৈতি বিদ্বান্ ॥ বা, অ, ১০০ স। ৭৬।

২২। যদ্দ্বারা প্রজাদিগের পরিপালন করিতে পারা যায়, সেই অভিষেচনই ক্ষত্রিয়ের মুখ্য ধর্ম্ম। বা, অ, ১০৬ স। ১১।

২৩॥ যেরূপ কার্য্যার্থিগণের কলহ রাজাদিগের দোষের নিমিত্ত পরিকল্পিত হয়, সেইরূপ মহীপতি সুন্দররূপে প্রজাপালনকার্য্য সম্পাদন করিলে তাহার ফলভোগী হইয়া থাকেন। বা, উ, ৬৩ স, । ২৪।

২৪। রাজাই প্রাণিপুঞ্জের কর্ত্তা ও নায়ক, সকলে নিদ্রিত হইলেও রাজাই জাগরিত থাকেন, এবং রাজাই প্রজাপুঞ্জকে পালন করেন; রাজাই সকলের রক্ষাকর্ত্তা এবং তিনিই বিধিপূর্ব্বক ধর্ম্মরক্ষা করেন; তিনি প্রজা রক্ষা না করিলে সকলেই বিনষ্ট হয়। রাজা সমুদায় জগতের পিতা, রাজা প্রজাবর্গের পালনকর্ত্তা এবং রক্ষাকর্ত্তা; রাজাই কাল ও যুগ,

২২। এষো হি প্রথমো ধর্ম্মঃ ক্ষত্রিয়স্যাভিষেচনম্।
যেন শক্যং মহাপ্রাজ্ঞ প্রজানাং পরিপালনম্॥ বা, অ, ১০৬ স, । ১৯।

২৩। "কার্য্যার্থিনাং বিমর্দ্দো হি রাজ্ঞাং দোষায় কল্পতে॥" বা, উ, ৬৩ স। ২৪।

২৪। রাজৈব কর্ত্তা ভূতানাং রাজা চৈব বিনায়কঃ।
রাজা সুপ্তেষু জাগর্ত্তি রাজা পালয়তি প্রজাঃ॥
নীত্যা সুনীতয়া রাজা ধর্ম্মং রক্ষতি রক্ষিতা।
যদা ন পালয়েদ্রাজা ক্ষিপ্রং নশ্যন্তি বৈ প্রজাঃ॥
রাজা কর্ত্তা চ গোপ্তা চ সর্ব্বস্য জগতঃ পিতা।
রাজা কালো যুগঞ্চৈব রাজা সর্ব্বমিদং জগৎ॥
ধারণাদ্ধর্ম্মমিত্যাহুর্ধর্ম্মেণ বিধৃতাঃ প্রজাঃ।
ধর্ম্মাদ্ধারয়তে সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরম্॥
ধারণাদ্বিদ্বিষাঞ্চৈব ধর্ম্মেণারঞ্জয়ন্ প্রজাঃ।
তস্মাদ্ধারণমিত্যুক্তং স ধর্ম্ম ইতি নিশ্চয়ঃ॥
এষ রাজন্ পরোধর্ম্মঃ ফলবান্ প্রেত্য রাঘব।
নহি ধর্ম্মাদ্ভবেৎ কিঞ্চিদ্দুষ্প্রাপমিতি মে মতিঃ॥ বা, উ, ৭১ স। ৪—৯।

তিনিই সমস্ত জগৎ-স্বরূপ ! ধর্ম্মানুসারে স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত জগৎ ও প্রজাগণকে ধারণ অর্থাৎ পালন করেন বলিয়া পণ্ডিতগণ রাজাকে ধর্ম্ম বলিয়া থাকেন। ধারণ অর্থাৎ শত্রুগণকে উন্মূলন করিয়া ধর্ম্মানুসারে প্রজারঞ্জন করেন বলিয়া পণ্ডিতেরা রাজাকে ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করেন। এই পরম ধর্ম্মই পরলোকে ফলপ্রদ হয়। ধর্ম্মের নিকটে দুর্ল্লভ আর কিছুই নাই। বা, উ, ৭১ স। ৪—৯।

২৫। রাজাই প্রজাগণের পরমাগতি, রাজাকে আশ্রয় করিয়া প্রজাবর্গ বর্দ্ধিত হয় এবং রাজাই সনাতন ধর্ম্ম। বা, উ, ৭২ স। ৩৮।

২৬। রাজা বুদ্ধিহীন হইয়া প্রজাদিগকে শাসন করিতে পারেন না। বা, কি, ২ স। ১৮।

২৭। রাজা অগ্নি, সর্পাদি হিংস্র জন্তু, রোগ, ও রাক্ষস, এই সমস্ত জনিত ভয় হইতে প্রজাদিগকে রক্ষা করিবেন। ম, স, ৫ অ। ১২৩।

২৮। ধর্ম্মমূল রাজ্যে যে রাজা, অমাত্য অথবা রাজপুত্র ধর্ম্মাসনে নিযুক্ত হইয়া অধর্ম্ম অনুসারে প্রজাপালন করেন, কার্য্য সকলে অধিকৃত অসম্যক্‌কারী (অর্থাৎ যাহারা পরীক্ষা না করিয়া কার্য্য করে), সেই

২৫। ত্বং প্রমাণং মহারাজ রাজা হি পরমা গতিঃ।
রাজমূলাঃ প্রজাঃ সর্ব্বা রাজা ধর্ম্মঃ সনাতনঃ॥ বা, উ, ৭১ স। ৩৮।

২৬। "নহ্যবুদ্ধিং গতো রাজা সর্ব্বভূতানি শাস্তি হি॥" বা, কি, ২ স। ১৮।

২৭। কচ্চিদগ্নিভয়াচ্চৈব সর্ব্বং ব্যাল ভয়াৎ তথা।
রোগরক্ষোভয়াচ্চৈব রাষ্ট্রং স্বং পরিরক্ষসি॥ ম, স, ৫ অ। ১২৩।

২৮। অথ যোঽধর্ম্মতঃ পাতি রাজামাত্যোঽথবাত্মজঃ।
ধর্ম্মাসনে সন্নিযুক্তো ধর্ম্মমূলে নরর্ষভ॥
কার্য্যেষ্বধিকৃতাঃ সম্যগকুর্ব্বন্তো নৃপানুগাঃ।
আত্মানং পুরতঃ কৃত্বা যান্ত্যধঃ সহপার্থিবাঃ॥ ম, শা, ৮৫ অ। ১৬—১৭।

নৃপানুগামী পুরুষেরা স্বয়ং অগ্রসর হইয়া রাজার সহিত অধোগামী হইয়া থাকে। ম, শা, ৮৫ অ। ১৬—১৭।

২৯। যে রাজা আপনাকে ও প্রজাগণকে রক্ষা করিতে অক্ষম, তাঁহার প্রজা ক্ষয় হয়, পশ্চাৎ তিনিও বিনষ্ট হইয়া থাকেন। ম, শা, ৯০ অ। ৩৮।

৩০। প্রজাবর্গের নিতান্ত প্রতিকূলাচারী, অবিনয়ী, তীক্ষ্ণস্বভাব রাজারা রাজ্য রক্ষা করিতে পারেন না, পরন্তু কঠোর ব্যবহারে মন্ত্রণা-প্রদাতা মন্ত্রীদিগের সহিত বন্ধুর-প্রদেশে অনুপযুক্ত সারথি-চালিত রথের ন্যায় শীঘ্রই বিনষ্ট হন। ইহলোকে অনেক উপযুক্ত ধর্ম্মানুষ্ঠায়ী সাধুচরিত্র মানবেরা পরের অপরাধে বান্ধববর্গের সহিত বিনষ্ট হইয়াছেন। * বা, অর, ৪১ স। ১১—১৩।

৩১। প্রজারা প্রতিকূলাচারী, তীক্ষ্ণস্বভাব স্বামিকর্ত্তৃক রক্ষ্যমাণ হইয়া, শৃগাল-রক্ষিত মৃগগণের ন্যায় বৃদ্ধি প্রাপ্ত হয় না। * বা, অর, ৪১ স। ১৪।

২৯। অরক্ষিতাত্মা যো রাজা প্রজাশ্চাপি ন রক্ষতি।
প্রজাশ্চ তস্য ক্ষীয়ন্তে ততঃ সোঽনুবিনশ্যতি ॥ ম, শা, ৯০ অ। ৩৮।

৩০। রাজ্যং পালয়িতুং শক্যং ন তীক্ষ্ণেন নিশাচর।
ন চাতিপ্রতিকূলেন নাবিনীতেন রাক্ষসঃ ॥
যে তীক্ষ্ণমন্ত্রাঃ সচিবা ভুজ্যন্তে সহ তেন বৈ।
বিষমেষু রথাঃ শীঘ্রং মন্দসারথয়ো যথা ॥
বহবঃ সাধবো লোকে যুক্তধর্ম্মমনুষ্ঠিতাঃ।
পরেষামপরাধেন বিনষ্টাঃ সপরিচ্ছদাঃ ॥ বা, অর, ৪১ স। ১১—১৩।

৩১। স্বামিনা প্রতিকূলেন প্রজাস্তীক্ষ্ণেন রাবণ।
রক্ষমাণা ন বর্দ্ধন্তে মৃগা গোমায়ুনা যথা ॥ বা, অর, ৪১ স। ১৪।

মারীচ রাবণকে বলিয়াছিল

৩২। যে রাজ্যে বলাৎকার নাই তথায় কোন ভয়েরও সম্ভাবনা থাকে না; যে রাজা দরিদ্রকে পালন করিতে ইচ্ছা করেন, তাঁহার সহিত প্রজাদিগের পাল্য-পালন সম্বন্ধ হয়; অতএব এতাদৃশ রাজাই তীক্ষ্ণ শাসনকারী বলিয়া প্রথিত হন। ধর্ম্ম-পালক গুণবান্ মহীপালের দেশ, ভার্য্যা, পুত্র, মিত্র, সম্বন্ধী ও বান্ধব প্রভৃতি সকলই সুন্দর হইয়া থাকে। অধার্ম্মিক নৃপতির নিগ্রহ-নিবন্ধন প্রজাগণ বিলয় প্রাপ্ত হয়। রাজাই ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গের মূল, অতএব প্রমাদ রহিত হইয়া প্রজাপালন করা তাঁহার অবশ্য কর্ত্তব্য। ম, শা, ১৩৯ অ। ৯৭—৯৯।

৩৩। যে রাজা স্বয়ং অভয় প্রদান করিয়া, পরে লোভ বশতঃ তাহাতে অসম্মত হন, সেই অধর্ম্মবুদ্ধি নৃপতি সর্ব্বলোক হইতে পাপগ্রহণ-পূর্ব্বক পরিশেষে নরকে গমন করিয়া থাকেন। ম, শা, ১৩৯অ। ১০১।

৩৪। রাজা যদি স্বয়ং অভয় প্রদান করিয়া তাহা প্রমাণ করেন, তবে

৩২। যত্র নাস্তি বলাৎকারঃ স রাজা তীব্রশাসনঃ।
ভীরের নাস্তি সম্বন্ধো দরিদ্রং যো বিভূষতে॥
ভার্য্যা দেশোঽথ মিত্রাণি পুত্র সম্বন্ধি বান্ধবাঃ।
এতে সর্ব্বে গুণবতি ধর্ম্মনেত্রে মহীপতৌ॥
অধর্ম্মজ্ঞস্য বিলয়ং প্রজা গচ্ছন্তি নিগ্রহাৎ।
রাজা মূলং ত্রিবর্গস্য স্বপ্রমত্তোঽনুপালয়েৎ॥ ম, শা, ১৩৯ অ। ৯৭—৯৯।

৩৩। দত্ত্বাভয়ং যঃ স্বয়মেব রাজা
ন তৎপ্রমাণং কুরুতেঽর্থ লোভাৎ।
স সর্ব্বলোকাদুপলভ্য পাপং।
সোঽধর্ম্মবুদ্ধি নিরয়ং প্রয়াতি॥ ম, শা, ১৩৯ অ। ১০১।

৩৪। দত্ত্বাভয়ং স্বয়ং রাজা প্রমাণং কুরুতে যদি।
স সর্ব্বসুখকরকৃজ্ঞেয়ঃ প্রজাধর্ম্মেণ পালয়ন্॥ ম, শা, ১৩৯ অ। ১০২।

তিনি ধর্ম্মানুসারে প্রজাপালন করতঃ সর্ব্বসুখকারী বলিয়া বিখ্যাত হন। ম, শা, ১৩৯ অ। ১০২।

৩৫। অবধ্য ব্যক্তিকে বধ করিলে যেরূপ দোষ, বধ্য ব্যক্তিকে বধ না করিলেও সেইরূপ দোষ হইয়া থাকে। সাধুগণ যাহা পরিত্যাগ করেন, দস্যুগণ তাহা নিজ কর্ত্তব্য বলিয়া গ্রহণ করে; অতএব নৃপতি অতিতীক্ষ্ণ হইয়া প্রজাগণকে স্বধর্ম্মে স্থাপন করিবেন, তাহার অন্যথা হইলে তাহারা বৃকের ন্যায় পরস্পর পরস্পরকে ভক্ষণ করতঃ বিচরণ করিবে। বায়সগণের সলিল হইতে মৎস্য হরণের ন্যায়, যাহার রাজ্যে দস্যুগণ পরধন হরণ করিয়া থাকে, সে ক্ষত্রিয়ের মধ্যে অতি পাপিষ্ঠ। ম, শা, ১৪২ অ। ২৭—২৯।

৩৬। যাহারা প্রাণীদিগের প্রতি অনুগ্রহ করে এবং যাহারা প্রজাদিগকে বর্দ্ধিত করে, সেই ব্যক্তিরাই তোমার রাজ্যে বাস করিবে, প্রাণিনাশক ব্যক্তিরা রাজ্যে বাস করিতে পাইবে না। ম, শা,। ৮৮অ।২৫।

৩৭। কামাত্মা, নিয়ত কামবুদ্ধি, নৃশংস, এবং অতিলুব্ধ নরপতি প্রজাপালন করিতে পারেন না। ম, শা, ৭৫অ। ১৪।

৩৫। যস্ত্ববধ্যবধে দোষঃ স বধ্যস্যাবধে স্মৃতঃ॥
সা চৈব খলু মর্য্যাদা যামরং পরিবর্জ্জয়েৎ॥
তস্মাত্তীক্ষ্ণঃ প্রজা রাজা স্বধর্ম্মে স্থাপয়েত্ততঃ।
অন্যোন্যং ভক্ষয়ন্তো হি প্রচরেয়ুর্বৃকা ইব॥
যস্য দস্যুগণা রাষ্ট্রে ধ্বাঙ্ক্ষা মৎস্যান্ জলাদিব।
বিহরন্তি পরস্বানি স বৈ ক্ষত্রিয়পাংসনঃ॥ ম, শা, ১৪২ অ। ২৭—২৯।

৩৬। যে ভূতান্যনুগৃহ্নন্তি বর্দ্ধয়ন্তি চ যে প্রজাঃ।
তে তে রাষ্ট্রেষু বর্ত্তন্তাং মা ভূতানামভাবকাঃ॥ ম, শা, ৮৮ অ। ২৫।

৩৭। ন হি কামাত্মনা রাজ্ঞা সততং কামবুদ্ধিনা।
নৃশংসেনাতিলুব্ধেন শক্যং পালয়িতুং প্রজাঃ॥ ম, শা, ৭৫ অ। ১৪।

৩৮। নিয়ত লোকরঞ্জন কার্য্যে নিযুক্ত থাকা, সত্যের রক্ষা এবং প্রকৃতিপুঞ্জের সহিত সদ্ব্যবহার করাই রাজার সনাতন ধর্ম্ম। ম, শা, ৫৭ অ। ১১।

৩৯। রাজগণ প্রজাপালন করিয়া যাদৃশ পুণ্য লাভ করেন, ব্রাহ্মণ গণ সহস্র সহস্র যজ্ঞানুষ্ঠান করিলেও তাদৃশ পুণ্য লাভ করেন না। অত্রি, ২৯।

৪০। রাজা সকল প্রজারই পাপ পুণ্যের ছয় ভাগের এক ভাগ পাইয়া থাকেন। (অতএব প্রজাগণ যাহাতে পুণ্য কার্য্যে রত থাকে এবং পাপ কার্য্য হইতে নিবৃত্ত থাকে, তাহা করা রাজার সম্পূর্ণ উচিত।) বিষ্ণু, ৩ অ। ১৪।

৪১। যে রাজা প্রজার সুখে সুখী এবং দুঃখে দুঃখী হন, তিনি ইহ-কালে যশোলাভ করিয়া পরকালে স্বর্গ লাভ করেন। বিষ্ণু, ৩ অ। ৭০।

৪২। প্রজারা যে সকল ধর্ম্মকর্ম্ম করে, রক্ষাকারী রাজা তাহার ষষ্ঠাংশ ভাগী হন, কিন্তু যদি তিনি তাহাদিগকে রক্ষা না করেন, তবে তাহাদের পাপের ষষ্ঠাংশ ভাগী হন। মনু ৮ অ। ৩০৪।

৩৮। লোকরঞ্জনমেবাত্র রাজ্ঞাং ধর্ম্মঃ সনাতনঃ।
সত্যস্থ রক্ষণং চৈব ব্যবহারস্থ চার্জ্জবম্ ॥ ম, শা, ৫৭ অ। ১১।

৩৯। যৎ প্রজা পালনে পুণ্যং প্রাপ্নুবন্তীহ পার্থিবাঃ।
ন তু ক্রতুসহস্রেণ প্রাপ্নুবন্তি দ্বিজোত্তমাঃ ॥ অত্রি। ২৯।

৪০। রাজা চ প্রজাভ্যঃ সুকৃতদুষ্কৃতষষ্ঠাংশভাক্ ॥ বিষ্ণু, ৩ অ। ১৪।

৪১। প্রজাসুখে সুখী রাজা তদ্দুঃখে যশ্চদুঃখিতঃ।
স কীর্ত্তিযুক্তো লোকেঽস্মিন্ প্রেত্য স্বর্গে মহীয়তে ॥ বিষ্ণু, ৩ অ। ৭০।

৪২। সর্ব্বতো ধর্ম্মষড়্ভাগো রাজ্ঞো ভবতি রক্ষতঃ।
অধর্ম্মাদপি ষড়্ভাগো ভবত্যস্থ হ্যরক্ষতঃ ॥ মনু ৮অ। ৩০৪।

৪৩। প্রজারা যে বেদাধ্যয়ন করে, যে যাগ করে, যে সকল দান করে, যে পূজা করে—রক্ষা হেতু রাজা ঐ সকল পুণ্যের ষষ্ঠাংশভাগী হন। মনু, ৮ অ। ৩০৫।

৪৪। ধর্ম্মপূর্ব্বক প্রজা রক্ষা করাতে এবং বধার্হদিগকে বধ করাতে, রাজার অহরহঃ লক্ষ-গো-দক্ষিণক যাগ করা হয়। মনু, ৮অ। ৩০৬।

৪৫। যে রাজা প্রজাদিগকে রক্ষা না করিয়া তাহাদিগের নিকট হইতে ধান্যাদি শস্যের ষড়্‌ভাগাদি বা করগ্রহণ করেন, শুল্ক, উপঢৌকন এবং অর্থদণ্ড গ্রহণ করেন, সে রাজা মরিবামাত্র সদ্যঃ নরকগামী হন। মনু, ৮ অ। ৩০৭।

৪৬। অরক্ষক অথচ ষড়্‌ভাগগৃহীতা যে রাজা, তাঁহাকে পণ্ডিতেরা সর্ব্বলোকের সমগ্র মলহারক বলিয়া নির্দ্দেশ করেন। মনু, ৮ অ।৩০৮।

৪৭। শাস্ত্রানভিজ্ঞ, নাস্তিক, অতিশয়-লোভী, অরক্ষক, অত্তা (অর্থাৎ প্রজার সর্ব্বস্ব-ভক্ষক) রাজাকে অধোগামী বলিয়া জানিবে। মনু, ৮ অ। ৩০৯।

৪৩। যদধীতে যদ্‌যজতে যদ্দদাতি যদর্চ্চতি।
তস্য ষড়্‌ভাগভাগ্রাজা সম্যগ্‌ভবতি রক্ষণাৎ॥ মনু ৮ অ। ৩০৫।

৪৪। রক্ষন্‌ ধর্ম্মেণ ভূতানি রাজা বধ্যাংশ্চ ঘাতয়ন্‌।
যজতেঽহরহর্যজ্ঞৈঃ সহস্র শত দক্ষিণৈঃ॥ মনু, ৮ অ। ৩০৬।

৪৫। যোঽরক্ষন্‌ বলিমাদত্তে করং শুল্কঞ্চ পার্থিবঃ।
প্রতিভাগঞ্চ দণ্ডঞ্চ স সদ্যো নরকং ব্রজেৎ॥ মনু ৮ অ। ৩০৭।

৪৬। অরক্ষিতারং রাজানং বলিষড়্‌ভাগহারিণম্‌।
তমাহুঃ সর্ব্বলোকস্য সমগ্রমলহারকম্‌॥ মনু ৮ অ। ৩০৮।

৪৭। অনপেক্ষিতমর্য্যাদং নাস্তিকং বিপ্রলুম্পকম্‌।
অরক্ষিতারমত্তারং নৃপং বিদ্যাদধোগতিম্‌॥ মনু ৮ অ। ৩০৯।

৪৮। সদাচারশালী লোকদিগের রক্ষা হেতু এবং চৌরদস্যু আদি কণ্টক সকল শোধন হেতু, প্রজাপালন-তৎপর রাজা স্বর্গে গমন করেন। মনু, ৯ অ। ২৫৩।

৪৯। ইন্দ্রদেব যেমন বর্ষাকালে অপর্য্যাপ্ত বারি বর্ষণ করেন, সেই-রূপ রাজা ইন্দ্রব্রতধারী হইয়া, প্রজাপুঞ্জের প্রার্থিত বিষয় সকল বর্ষণ করিতে থাকিবেন। মনু, ৯ অ। ৩০৪।

৫০। পূর্ণচন্দ্র দর্শনে লোকে যেমন আনন্দ প্রকাশ করে, সেইরূপ যে রাজাকে প্রাপ্ত হইয়া প্রকৃতিবর্গ আনন্দিত থাকে, তাঁহাকে চন্দ্রব্রত-ধারী বলা যায়। মনু, ৯অ। ৩০৯।

৫১। পৃথিবী যেমন সর্ব্বভূতকে সমভাবে ধারণ করিয়া আছেন, তদ্রূপ যে রাজা, সমুদায় প্রজাকে সমভাবে প্রতিপালন করেন, তাঁহাকে পার্থিবব্রতধারী বলা যায়। মনু, ৯অ। ৩১১।

৫২। ন্যায়ানুসারে প্রজা পালন করিলে, রাজা প্রজাকৃত পুণ্যের ষড়্ভাগৈকভাগ গ্রহণ করিতে পান। প্রজাপালন, ভূম্যাদি সমস্ত দান হইতে অধিক ফলজনক। যাজ্ঞ, ১ অ। ৩৩৫।

৪৮। রক্ষণাচার্য্যবৃত্তানাং কণ্টকানাঞ্চ শোধনাৎ।
নরেন্দ্রাস্ত্রিদিবং যান্তি প্রজাপালন তৎপরাঃ॥ মনু, ৯ অ। ২৫৩।

৪৯। বার্ষিকাংশ্চতুরো মাসান্ যথেন্দ্রোঽভিপ্রবর্ষতি।
তথাভিবর্ষেৎ স্বংরাষ্ট্রং কামৈরিন্দ্রব্রতং চরন্॥ মনু, ৯ অ। ৩০৪।

৫০। পরিপূর্ণং যথা চন্দ্রং দৃষ্ট্বা হৃষ্যন্তি মানবাঃ।
তথা প্রকৃতয়ো যস্মিন্ স চান্দ্রব্রতিকো নৃপঃ॥ মনু, ৯ অ। ৩০৯।

৫১। যথা সর্ব্বাণি ভূতানি ধরা ধারয়তে সমম্।
তথা সর্ব্বাণি ভূতানি বিভ্রতঃ পার্থিবং ব্রতম্॥ মনু, ৯ অ। ৩১১।

৫২। পুণ্যাৎ ষড়্ভাগমাদত্তে ন্যায়েন পরিপালয়ন্।
সর্ব্বদানাধিকং যস্মাৎ প্রজানাং পরিপালনম্॥ যাজ্ঞ, ১ অ। ৩৩৫।

৫৩। প্রতারক, তস্কর, দুর্ব্বৃত্ত, দস্যুগণ ইত্যাদি বিবিধ ব্যক্তি, বিশেষতঃ কায়স্থগণ দ্বারা নিরন্তর উৎপীড়িত প্রজাবর্গকে, রাজা রক্ষা করিবেন। অরক্ষিত প্রজাগণ যে কিছু অসৎকর্ম্ম করে, তাহার অর্দ্ধভাগী রাজা ; কারণ তিনি রক্ষা করিবেন বলিয়াই প্রজাদিগের নিকট কর গ্রহণ করেন। যাজ্ঞ, ১অ। ৩৩৬—৩৩৭।

৫৪। প্রজাপীড়ন-সন্তাপ-সম্ভূত কৃশানু (অগ্নি) রাজার বংশ, লক্ষ্মী এবং প্রাণ পর্য্যন্ত দগ্ধ না করিয়া নিবৃত্ত হয় না। যাজ্ঞ, ১অ। ৩৪১।

৫৫। রাষ্ট্র মধ্যে মদ্যশালা এবং রাষ্ট্রের উপঘাতক বেশ্যা, কুট্টিনী, কুশীলব (যাচক), কিতব (জুয়ারি) ও অন্যান্য ঈদৃশ যে কোন মানব অবস্থান করিবে, রাজা সেই সকলকে শাসন করিবেন, কেন না, তাহারা শাসিত না হইলে ভদ্রশীল প্রজাগণ অতিশয় ক্লেশ পাইবে। ম, শা, ৮৮ অ। ১৪—১৫।

৫৬। পণ্ডিতগণ মরু, জল, ভূমি, বন, পর্ব্বত ও মনুষ্য এই ষড়্‌বিধ

৫৩। চাটুতস্কর দুর্ব্বৃত্ত মহাসাহসিকাদিভিঃ।
পীড্যমানাঃ প্রজা রক্ষেৎ কায়স্থৈশ্চ বিশেষতঃ ॥
অরক্ষ্যমাণাঃ কুর্ব্বন্তি যৎ কিঞ্চিৎ কিল্বিষং প্রজাঃ।
তস্মাচ্চ নৃপতেরর্দ্ধং যস্মাদ্‌গৃহ্ণাত্যসৌ করান্ ॥ যাজ্ঞ, ১ অ। ৩৩৬—৩৩৭।

৫৪। প্রজাপীড়ন সন্তাপ সমুদ্ভূতো হুতাশনঃ।
রাজ্ঞঃ কুলং শ্রিয়ং প্রাণান্ নাদগ্ধা বিনিবর্ত্ততে ॥ যাজ্ঞ, ১অ। ৩৪১।

৫৫। পানাগার নিবেশাশ্চ বেশ্যাঃ প্রাপণিকাস্তথা।
কুশীলবাঃ সকিতবা যে চান্যে কেচিদীদৃশাঃ ॥
নিয়ম্যাঃ সর্ব্ব এবৈতে যে রাষ্ট্রস্যোপঘাতকাঃ।
এতে রাষ্ট্রেঽভিতিষ্ঠন্তো বাধন্তে ভদ্রিকাঃ প্রজাঃ ॥ ম, শা, ৮৮ অ। ১৪—১৫।

৫৬। দুর্গেষু চ মহারাজ ষট্‌সু যে শাস্ত্রনিশ্চিতাঃ।
সর্ব্ব দুর্গেষু মন্যন্তে নরদুর্গং সুদুস্তরম্ ॥
তস্মান্নিত্যং দয়া কার্য্যা চাতুর্ব্বর্ণ্যে বিপশ্চিতা।
ধর্ম্মাত্মা সত্যবাক্ চৈব রাজা রঞ্জয়তি প্রজাঃ ॥ ম, শা, ৫৬ অ। ৩৫—৩৬।

এবং অবশিষ্ট সর্ব্ববিধ দুর্গ অপেক্ষা মনুষ্য-দুর্গকেই সুদুস্তর বলিয়া থাকেন, সুতরাং বুদ্ধিমান্ ভূপতিগণের ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র এই চতুর্ব্বিধ প্রজার প্রতিই দয়া প্রকাশ করা কর্ত্তব্য। রাজা ধর্ম্মশীল ও সত্যবাদী হইলে প্রকৃতিপুঞ্জ তাঁহার অনুরক্ত হয়। ম, শা, ৫৬অ। ৩৫—৩৬।

৫৭। রাজা প্রজা রক্ষা করেন, প্রজা রাজাকে সংবর্দ্ধন করে, পরস্পর এই পালন ও বর্দ্ধনে শ্রেয়ঃ সাধিত হয়, অন্যথা সৎপদার্থও অসৎ হইয়া যায়। কাম, ১স। ১২।

৫৮। যেহেতু অনিষ্ঠুরতাই সকল প্রাণীর প্রধান ধর্ম্ম, অতএব রাজা অনিষ্ঠুরতার দ্বারা দীন প্রজাকে পালন করিবেন। কাম, ৩স। ৬।

৫৯। যেরূপ অন্তরাত্মা সকল প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়া চরাচর বিশ্ব ব্যাপ্ত হয়, সেইরূপ রাজাও প্রজাপুঞ্জে অধিষ্ঠিত হইয়া চরাচর এই বিশ্বকে ভোগ করেন। কাম, ৪স। ১৮।

৬০। প্রজা সকল দ্বারা সম্যক্ পূজিত হইয়া, রাজা সাদরে প্রজা

৫৭। প্রজাং সংরক্ষতি নৃপঃ সা বর্দ্ধয়তি পার্থিবম্।
বর্দ্ধনাদ্রক্ষণং শ্রেয়স্তদভাবে সদপ্যসৎ॥ কাম, ১স। ১২।

৫৮। আনৃশংস্যং পরোধর্ম্মঃ সর্ব্বপ্রাণভৃতাং যতঃ।
তস্মাদ্রাজাঽনৃশংস্যেন পালয়েৎ কৃপণং জনম্॥ কাম, ৩স। ৬।

৫৯। যথান্তরাত্মা প্রকৃতীরধিষ্ঠিত-
শ্চরাচরং বিশ্বমিদং সমশ্নুতে।
তথা নরেন্দ্রঃ প্রকৃতীরধিষ্ঠিত-
শ্চরাচরং বিশ্বমিদং সমশ্নুতে॥ কাম, ৪স। ১৮।

৬০। প্রকৃতিভিরিতি সম্যগর্চ্চিতো-
জনপদমাদরবাংস্তু পালয়েৎ।
জনপদ পরিপালনাচ্চিরং
স্পৃশতি নৃপঃ পরমং শ্রিয়ঃ পদম্॥ কাম, ৪স। ১৯।

পালন করিবেন। প্রজা পালন করিলে, রাজা চিরকালের জন্য রাজলক্ষ্মীর পরমপদ লাভ করেন। কাম, ৪স। ৭৯।

৬১। প্রজাপালন তৎপর পণ্ডিত রাজা পরম স্পৃহণীয়তা (প্রিয়তা) প্রাপ্ত হন। এবং শত্রুসহ যুদ্ধে তিনি মেঘ সকলের পক্ষে বায়ুর ন্যায় প্রবল হইয়া থাকেন। কাম, ৪স। ৮০।

৬২। এই পৃথিবীতে মেঘের ন্যায় রাজা সকল জীবের আশ্রয় স্বরূপ। যে রাজা সকলকে আশ্রয় প্রদান না করেন, পক্ষিগণ যেমন শুষ্কবৃক্ষ পরিত্যাগ করে, সেইরূপ তাঁহাকেও সকলে পরিত্যাগ করে। কাম, ৫স। ৫৯।

৬৩। উপযুক্তকালে, স্থানে এবং পাত্রে বৃত্তিলোপ করিবে না, বৃত্তি লোপ করিলে রাজা নিন্দাভাজন হন। সজ্জন-নিন্দিত অপাত্রে ধনার্পণ করিবে না, অপাত্রে ধনদান করিলে কোষক্ষয় ব্যতীত কোন্ সুফল লাভ হয়? কাম, ৫স। ৬৫—৬৬।

৬৪। কল্পতরুর ন্যায় যে রাজার নিকট মহাত্মারা বিশ্রাম করে,

৬১। প্রকৃতি-গুণ সমন্বিতঃ সুধী, ব্রজতি নৃপঃ স্পৃহণীয়তাং পরাম্।
ভবতি চ স রণেষু বিদ্বিষাম্, প্রবল ইব শ্বসনঃ পয়োমুচাম্॥ কাম, ৪ স। ৮০।

৬২। আজীব্যঃ সর্ব্বভূতানাং রাজা পর্জ্জন্যবদ্ভুবি।
নিরাজীব্যং ত্যজন্ত্যেনং শুষ্কবৃক্ষমিবাণ্ডজাঃ॥ কাম, ৫ স। ৫৯।

৬৩। কালে স্থানে চ পাত্রে চ ন হি বৃত্তিং বিলোপয়েৎ।
এতদ্বৃত্তি বিলোপেন রাজা ভবতি গর্হিতঃ॥
অপাত্রবর্ষণং জাতু ন কুর্য্যাৎ সদ্বিগর্হিতম্।
অপাত্র বর্ষণাদন্যৎ কিং স্যাৎ কোষক্ষয়াদৃতে॥ কাম, ৫ স। ৬৫—৬৬।

৬৪। বিশ্রাম্যন্তি মহাত্মানো যত্র কল্পতরাবিব।
স শ্লাঘ্যং জীবতি শ্রীমান্ সত্যং ভোগফলাঃ শ্রিয়ঃ॥ কাম, ৫ স। ৭২।

সেই রাজারই জীবন শ্লাঘ্য এবং সম্পত্তি যথার্থ ভোগফলা। কাম, ৫স।৭২।

৬৫। রাজ-কর্ত্তৃক নিযুক্ত ব্যক্তিগণ, দস্যু-চোর, শত্রু হইতে প্রজার ভয়, রাজার লোভ ও রাজ পুরুষ হইতে ভয়, বিষয়ীভূত প্রজার ভয় এই পাঁচ প্রকার। এই পাঁচ প্রকার ভয়কেই রাজার বিনাশ করা উচিত। রাজা কেবল ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ বৃদ্ধির জন্য যথাকালে ধনগ্রহণ করিবেন। কাম, ৫স। ৮২—৮৩।

৬৬। যেরূপ গাভীকে কোন সময়ে পালন করিতে হয়, আবার কোন সময়ে দোহনও করিতে হয়, সেইরূপ প্রজাকে কোন সময়ে পালন করিতে হয়, আবার কোন সময়ে প্রজা হইতে অর্থ সংগ্রহও করিতে হয়। পুষ্প ও ফলার্থী ব্যক্তি কোন সময়ে লতাকে সেচন করেন, আবার কোন সময়ে তাহা হইতে পুষ্প ও ফল চয়ন করিয়া থাকেন। কাম, ৫স। ৮৪।

৬৭। দুষ্ট ব্রণ হইতে যেরূপ রক্তমোক্ষণ করিতে হয়, সেইরূপ কোন প্রজা সমৃদ্ধ হইলে তাহা হইতেও ধনক্ষয় করিতে হয়, কারণ

৬৫। আযুক্তকেভ্যশ্চৌরেভ্যঃ পরেভ্যো রাজবল্লভাৎ।
পৃথিবীপতি লোভাচ্চ প্রজাণাং পঞ্চধা ভয়ম্॥
পঞ্চপ্রকারমপ্যেতদপোহ্যং নৃপতের্ভয়ম্।
আদদীত ধনং কালে ত্রিবর্গ পরিবৃদ্ধয়ে॥ কাম, ৫ স। ৮২—৮৩।

৬৬। যথা গৌঃ পাল্যতে কালে দুহ্যতে চ তথা প্রজা।
সিচ্যতে চীয়তে চৈব লতা পুষ্পফলার্থিনা॥ কাম, ৫ স। ৮৪।

৬৭। আস্রাবয়েদুপচিতান্ সাধু দুষ্টব্রণানিব।
আমুক্তাস্তে চ বর্ত্তেরন্ বহ্নাবিব মহীপতৌ॥ কাম, ৫ স। ৮৫।

ধন-সমৃদ্ধ হইলে, সে পতঙ্গ যেমন বহ্নি নির্ব্বাণ জন্য তাহাতে পতিত হয়, সেইরূপ রাজাতে পতিত হয় অর্থাৎ রাজাকে আক্রমণ করে। কাম, ৫স। ৮৫।

৬৮। ধর্ম্মরক্ষণশীল, ধর্ম্মানুমোদিত উপায়ে অর্থ বর্দ্ধনেচ্ছু রাজা যে প্রজা তাঁহার কর্ত্তব্যে ব্যাঘাত জন্মায়, তাদৃশ প্রজা শাসন করিবেন। আগমজ্ঞ (বেদবিদ্) আর্য্যগণ যাহা অনুমোদন করেন, তাহাই ধর্ম্ম; যাহা তাঁহারা নিন্দা করেন, তাহাই অধর্ম্ম। রাজা ধর্ম্ম ও অধর্ম্ম সম্যক্ পরিজ্ঞাত হইয়া, সজ্জনের পালনে নিযুক্ত থাকিয়া, সাধুপ্রজাদিগকে রক্ষা করিবেন এবং যাহারা বিপথগামী তাহাদিগকে বিনাশ করিবেন। কাম, ৬স। ৬—৮।

৬৯। যে পাপিষ্ঠ রাজপ্রীতিভাজনেরা একাকী বা সকলে মিলিত

৬৮। ধর্ম্মসংক্ষরণপরো ধর্ম্মেণার্থং বিবর্দ্ধয়ন্।
যে যে প্রজা প্রবাধেরংস্তাঞ্ছিষ্যাচ্চ মহীপতিঃ॥
যমার্য্যাঃ ক্রিয়মাণং হি শংসন্ত্যাগমবেদিনঃ।
স ধর্ম্মো যং বিগর্হন্তি তমধর্ম্মং প্রচক্ষতে॥
ধর্ম্মাধর্ম্মৌ বিজানন্ হি শাসনেঽভিরতঃ সতাম্।
প্রজাং রক্ষেন্নৃপঃ সাধু হন্যাচ্চ পরিপন্থিনঃ॥ কাম, ৬স। ৬—৮।

৬৯। রাজ্যোপঘাতং কুর্ব্বাণা যে পাপা রাজবল্লভাঃ।
একৈকশঃ সংহতা বা দুষ্যাংস্তান্ পরিচক্ষ্যতে॥
দুষ্যানুপাংশু দণ্ডেন হন্যাদ্রাজাঽবিলম্বিতম্।
অদৃশ্যং বা প্রকাশং বা লোকবিদ্বেষমাগতান্॥
রাজা রহসি দুষ্যং হি দর্শনায়োপমন্ত্রয়েৎ।
গূঢ়শস্ত্রা বিশেয়ুস্তৎপশ্চাদাসংজ্ঞিতা নরাঃ॥
বিশ্বস্তাংস্তান্ বিচিন্বীযুর্দ্বাঃস্থা কক্ষান্তরং গতান্।
তে শস্ত্রগ্রাহকা ব্রূয়ুঃ প্রযুক্তাঃ স্ম ইতি স্ফুটম্॥
ইতি দুষ্যাংস্তু সংদুষ্য প্রজানামভিবৃদ্ধয়ে।
বিনয়ন্ প্রিয়উৎকর্ষং রাজশল্যং সমুদ্ধরেৎ॥ কাম, ৬স। ৯—১৩।

হইয়া রাজ্যের অনিষ্টাচরণ করে, তাহাদিগকে দূষ্য বলিয়া জানিবে। যাহারা প্রত্যক্ষে বা পরোক্ষে জনসাধারণের অপ্রীতিভাজন, তাদৃশ দূষ্যদিগকে রাজা অবিলম্বে গোপনে বিনষ্ট করিবেন। রাজা দূষ্যদিগকে নির্জ্জনে সাক্ষাতার্থ আহ্বান করিবেন এবং তাহাদের পশ্চাৎ গুপ্তাস্ত্র প্রহরীগণ আহূত হইয়া সেইস্থানে প্রবেশ করিবে। দৌবারিকেরা কক্ষান্তরগত ঐ দুষ্ট সকল বিশ্বস্ত হইলে, তাহাদের একে একে লইয়া যাইবে এবং অস্ত্রধারীগণ "আমরা প্রেরিত হইয়া আসিয়াছি," এই কথা স্পষ্ট বলিবে। এইরূপে রাজা প্রজার মঙ্গলার্থে দুষ্টজনকে দণ্ড দিয়া উৎকর্ষ সাধনপূর্ব্বক রাজ্যের শল্য উদ্ধার করিবেন। কাম, ৬স। ৯—১৩।

৭০। যেরূপ সূক্ষ্ম বীজাঙ্কুর সর্ব্বতোভাবে রক্ষিত হইলেই পুষ্ট হইয়া, কালে ফলপ্রদান করে, এই প্রজা সকলও সেইরূপ। কঠোর দণ্ড দিলে প্রজা সকল কষ্ট পাইবে এবং অল্প দণ্ড দিলেও তাহারা দমিত না হইয়া অপরকে কষ্ট দিবে, অতএব রাজা কোন পক্ষাবলম্বন না করিয়া যথার্থ দণ্ডে দুষ্টকে দণ্ডিত করিবেন। কাম, ৬ স। ১৪—১৫।

৭১। রাজা যদি নিরন্তর নীতিযুক্ত হন, তাহা হইলে প্রজা সকল সুখে নিদ্রা যাইতে পারে, আর রাজা যদি প্রমত্তচিত্ত হন, তাহা হইলে

৭০। যথা বীজাঙ্কুরঃ সূক্ষ্মঃ পরিপুষ্টোঽভিরক্ষিতঃ।
কালে ফলায় ভবতি সাধু তদ্বদিয়ং প্রজা॥
উদ্বেজয়তি তীক্ষ্ণেন মৃদুনা পরিভূয়তে।
তস্মাদ্‌যথার্হতো দণ্ডং নয়েৎ পক্ষমনাশ্রিতঃ॥ কাম, ৬ স। ১৪—১৫।

৭১। নয়েন জাগ্রত্যনিশং নরেশ্বরে
সুখং স্বপন্তীহ নিরাধয়ঃ প্রজাঃ।
প্রমত্তচিত্তে স্বপতীহ সত্তয়াৎ
প্রজাগরেণাস্য জগৎ প্রবুধ্যতে॥ কাম, ৭ স। ৫৮।

প্রজা সকল সভয়ে নিদ্রা যায়; রাজা জাগরিত (সাবধান) হইলে, সকল জগৎই জাগরিত (নিশ্চিন্ত) হয়। কাম, ৭স। ৫৮।

৭২। হিরণ্য (স্বর্ণ), ধান্য, বস্ত্র, বাহন ও অন্যান্য সমস্ত দ্রব্যজাত প্রজা হইতে সম্ভূত হয়। প্রজা বার্ত্তা সাধন করে, প্রজা ব্যসনগ্রস্ত হইলে কোন কার্য্যই সিদ্ধ হয় না। প্রজার আপদে স্থান (আশ্রয়দান), কোষ এবং দণ্ডের রক্ষা, দুর্গস্থ সৈন্যাদির সংশ্রয় বিষয়ে পৌরগণ সাহায্য করে। কাম, ১৩স। ২৬—২৮।

৭৩। দণ্ডপারুষ্যযুক্ত রাজা সকলকে উদ্বেজিত করেন, প্রজাগণ উদ্বেজিত হইলে শত্রুর আশ্রয় গ্রহণ করে। প্রজাগণ আশ্রয় গ্রহণ করিলে শত্রুর বৃদ্ধি হয়, শত্রুর বৃদ্ধি বিনাশের কারণ, অতএব রাজা প্রজার উদ্বেগ উৎপাদন করিবেন না। কাম, ১৪স। ১৩—১৪।

৭৪। লোকানুগ্রহকারী রাজা বৃদ্ধিপ্রাপ্ত হন, লোকবৃদ্ধিতেই রাজার বৃদ্ধি, লোকক্ষয়েই রাজার ক্ষয়। কাম, ১৪স। ১৫।

৭২। হিরণ্যধান্যবস্ত্রাণি বাহনানি তথৈব চ।
তথান্যে দ্রব্যনিচয়াঃ প্রজাতঃ সম্ভবন্তি হি॥
বার্ত্তাং প্রজা সাধয়তি বার্ত্তা বৈ লোকসংশ্রয়ঃ।
প্রজায়াং ব্যসনস্থায়াং ন কিঞ্চিদপি সিধ্যতি॥
প্রজানামাপদি স্থানং রক্ষণং কোষদণ্ডয়োঃ।
পৌরাশ্চৈবোপকুর্ব্বন্তি সংশ্রয়ায়েহ দুর্গিণাম্॥ কাম, ১৩ স। ২৬—২৮।

৭৩। উদ্বেজয়তি ভূতানি দণ্ডপারুষ্যবান্নৃপঃ।
ভূতান্যুদ্বেজমানানি দ্বিষতাং যান্তি সংশ্রয়ম্॥
আশ্রিতাশ্চৈব লোকস্য বিবৃদ্ধিং যান্তি বিদ্বিষঃ।
বিবৃদ্ধাশ্চ বিনাশায় তস্মান্নোদ্বেজয়েৎ প্রজাঃ॥ কাম, ১৪ স। ১৩—১৪।

৭৪। লোকানুগ্রহ কর্ত্তারঃ প্রবর্দ্ধন্তে মহীভুজঃ।
লোকবৃদ্ধ্যা নরেন্দ্রাণাং বৃদ্ধিস্তৎসংক্ষয়ে ক্ষয়ঃ॥ কাম, ১৪স। ১৫।

৭৫। রাজা নিজপ্রধান্যে সকল প্রজাকেই সংসৃষ্ট রাখিবেন, তাহাদের সংসর্জ্জন হইতেই রাজা সর্ব্বোচ্চ সম্পত্তি ভোগ করিয়া থাকেন। কাম, ৮স। ৫৩।

৭৬। যাঁহার প্রতি অমাত্যাদি প্রধান পুরুষেরা সর্ব্বদা অনুরক্ত, যিনি সদা প্রজাপালনে তৎপর ও বিনীতাত্মা, তিনি প্রভূত সম্পদ্ লাভ করেন। শুক্র, ১অ। ৯৭।

৭৭। যে রাজা হইতে প্রজাগণ উদ্বিগ্ন হয়, যাঁহার কার্য্যকে সকলে নিন্দা করে এবং ধনী ও বিদ্বদ্গণ যাঁহার সংসর্গ ত্যাগ করেন, তিনি নৃপাধম। শুক্র, ১অ। ১২৭।

৭৮। রাজা গুণানুসারে নিজ ভৃত্য ও প্রজারঞ্জন করিবেন। কাহাকে

৭৫। প্রাধান্যেন হি সর্ব্বত্র সর্ব্বাঃ সংসর্জ্জয়েৎ প্রজাঃ।
তাসাং সংসর্জ্জনাদ্রাজা সর্ব্বাগ্রীং শ্রিয়মশ্নুতে॥ কাম, ৮স। ৫৩।

৭৬। সদানুরক্তপ্রকৃতিঃ প্রজাপালনতৎপরঃ।
বিনীতাত্মা হি নৃপতির্ভূয়সীং শ্রিয়মশ্নুতে॥ শুক্র, ১অ। ৯৭।

৭৭। প্রজা সূদ্বিজতে যস্মাদ্যৎকর্ম্ম পরিনিন্দতি।
ত্যজ্যতে ধনিকৈর্যস্তু গুণিভিস্তু নৃপাধমঃ॥ শুক্র, ১অ। ১২৭।

৭৮। যথাগুণান্ স্বভৃত্যাংশ্চ প্রজাঃ সংরঞ্জয়েন্নৃপঃ।
শাখাপ্রদানতঃ কাংশ্চিদপরান্ ফলদানতঃ॥
অন্যান্ সুচক্ষুষা হাস্যেস্তথা কোমলয়া গিরা।
সুভোজনৈঃ সুবসনৈস্তাম্বুলৈশ্চ ধনৈরপি॥
কাংশ্চিৎ সুকুশলপ্রশ্নৈরধিকারপ্রদানতঃ।
বাহনানাং প্রদানেন যোগ্যাভরণদানতঃ॥
ছত্রাতপত্রচমরদীপিকানাং প্রদানতঃ।
ক্ষময়া প্রণিপাতেন মানেনাভিগমেন চ॥
সৎকারেণ চ জ্ঞানেন হ্যাদরেণ শমেন চ।
প্রেম্ণা সমীপবাসেন স্বার্দ্ধাসন প্রদানতঃ।
সম্পূর্ণাসনদানেন স্তুত্যোপকার কীর্ত্তনাৎ॥ শুক্র, ২অ। ৪১৮—৪২২।

শাখা দান, কাহাকে ফলদান করিয়া, কাহাকে সুদৃষ্টি, হাস্য, মধুরবাক্য, সুভক্ষ্য, সুবস্ত্র, তাম্বুল ও ধন দান করিয়া; কাহাকে কুশলপ্রশ্ন, অধিকার প্রদান, বাহনদান ও আভরণ প্রদান করিয়া,কাহাকে ছত্র,আতপত্র,(চাঁদোয়া) চামর, দীপিকাপ্রদান, ক্ষমা, প্রণিপাত, মান এবং অভিগমন করিয়া; সৎকার, জ্ঞান, আদর, শান্তি, প্রেম, সমীপাবস্থান, স্বকীয় অর্দ্ধাসন প্রদান করিয়া অথবা সম্পূর্ণ আসন প্রদান, স্তুতি ও উপকারকীর্ত্তন করিয়া, এই ভাবে ভৃত্য ও প্রজারঞ্জন করিবেন। শুক্র ২অ। ৪১৮—৪২২।

৭৯। রাজা অন্তর্মৃদু-বহিঃক্রূর হইয়া প্রজা শাসন করিবেন। বাহ্যতঃ অতি তীক্ষ্ণদণ্ড তুল্য কিন্তু হিতকর স্বভাবসম্পন্ন হইবেন। শুক্র, ৪অ-১প্র। ৬৭।

৮০। কর্ণেজপ ব্যক্তির দ্বারা রাজ্য বিনষ্ট হয়, রাজা তাহাদের উপদেশ দ্বারা দূষিত হইলেও যত্নপূর্ব্বক বিবেচনা করিয়া কার্য্য করিবেন। শুক্র, ৪অ-১প্র। ৬৮।

৮১। উত্তম রাজা নিজের ও প্রজার দোষদর্শী হইবেন এবং প্রথমতঃ আপনাকে ও পরে ভৃত্য (রাজপুরুষ) দিগকে, পশ্চাৎ প্রজাদিগকে শিক্ষা দিবেন। শুক্র, ৪অ-১প্র। ৬৯।

৭৯। অন্তর্মৃদুর্বহিঃ ক্রূরো ভূত্বা স্বাং দণ্ডয়েৎ প্রজাম্।
অত্যুগ্রদণ্ডকল্পঃ স্যাৎ স্বভাবা হিতকারিণঃ॥ শুক্র, ৪অ—১প্র। ৬৭।

৮০। রাষ্ট্রং কর্ণেজপৈর্নিত্যং হন্যতে চ স্বভাবতঃ।
অতো নৃপঃ সুচিতোঽপি বিমৃশেৎ কার্য্যমাদরাৎ। শুক্র, ৪অ—১প্র। ৬৮।

৮১। আত্মানশ্চ প্রজায়াশ্চ দোষদর্শ্যুত্তমো নৃপঃ।
বিনিযচ্ছতি চাত্মানমাদৌ ভৃত্যাংস্ততঃ প্রজাঃ॥ শুক্র, ৪অ—১প্র। ৬৯।

৮২। হীনধন প্রজা ও মধ্যধন ভৃত্য সর্ব্বদা রক্ষণীয়। অধিক ধন-শালী প্রজা স্বামীর প্রতিভূর ন্যায় রক্ষণীয়। শুক্র, ৪অ-২প্র। ২০।

৮৩। উত্তমধন ও ধনিক প্রজা রাজাপেক্ষা হীন বা অধিক নহে। যে ধন দ্বারা পোষ্যবর্গের দ্বাদশ বৎসর প্রতিপালন হয়, তাহা অধম; যাহাতে ষোড়শবর্ষ পালন হয় তাহা মধ্যম; যাহা দ্বারা ত্রিশ বৎসর পরিবার প্রতিপালন করা যায় তাহা উত্তম ধন। রাজা আপৎকালে ঐ সকল ধনিকের নিকট ধন গচ্ছিত রাখিবেন। শুক্র, ৪অ ২প্র। ২১—২৩।

৮৪। বণিক্ কখন কখন ক্রীতমূল্যেই ব্যবসায় করে, লাভ পায় না। কখন বা অধিকমূল্যে বিক্রয় ও অল্পমুল্যে ক্রয় করে। রাজা বাণিজ্যার্থ সংগৃহীত বস্তু কদাপি বিনামুল্যে গ্রহণ করিবেন না, অন্যথা বণিক্ প্রজার ক্ষোভ রাজাকে সবংশে দগ্ধ করে। শুক্র, ৪অ-২প্র। ২৪—২৫।

৮২। প্রজা হীন-ধনা রক্ষ্যা ভৃত্যা মধ্যধনাঃ সদা।
যথাধিকৃৎ প্রতিভূবোঽধিকদ্রব্যাস্তথোত্তমাঃ॥ শুক্র, ৪অ—২প্র। ২০।

৮৩। ধনিকাশ্চোত্তমধনা ন হীনা নাধিকা নৃপৈঃ।
দ্বাদশাব্দপ্রপূরং যদ্ধনং তন্নীচসংজ্ঞকম্।
পর্য্যাপ্তং ষোড়শাব্দানাং মধ্যমং তদ্ধনং স্মৃতম্।
ত্রিংশদব্দপ্রপূরং যৎ কুটুম্বস্যোত্তমং ধনম্॥
ক্রমাদর্থং রক্ষয়েদ্ বা স্বাপত্তৌ নৃপ এষু বৈ॥ শুক্র, ৪অ—২প্র। ২১—২৩।

৮৪। মূলৈর্ব্যবহরন্ত্যর্ঘৈর্ন বৃদ্ধ্যা বণিজঃ কচিৎ।
বিক্রীণন্তি মহার্ঘে তু হীনার্ঘে সঞ্চয়ন্তি হি॥
ব্যবহারে ধৃতং বৈশ্যৈস্তদ্ধনেন বিনা সদা।
অন্যথা স্বপ্রজাতাপো নৃপং দহতি সান্বয়ম্॥ শুক্র, ৪অ—২প্র। ২৪—২৫।

৮৫। যে রাজা গূঢ়চর দ্বারা কে সেই রাজার নিন্দা করে, কোন্ অমাত্যাদি তাহা জ্ঞাত হইয়া প্রশংসা করেন, তাঁহার প্রতি কাহার কিরূপ প্রীতি বা বিরাগ, ইত্যাদি সমস্ত অবগত হইয়া ও লোকপরম্পরায় নিজ দোষ অবগত হইয়া, যশোলাভের জন্য সতত নিজদোষ পরিহার করিবেন, কদাপি প্রজার অবমাননা করিবেন না। চর যদি ইহাই বলে "হে রাজন্ লোকে আপনার নিন্দা করে" তাহা শুনিয়া যে রাজা দৌরাত্ম্যবশতঃ কোপ করেন, সেই রাজা আত্মদোষ লোপকারী। লোকাপবাদ হেতু রামচন্দ্র সাধ্বী সীতাকেও ত্যাগ করিয়াছিলেন। রামচন্দ্র সমর্থ হইলেও অপবাদকারী রজককে সামান্য দণ্ডপ্রয়োগও করেন নাই। জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন রামচন্দ্র তাহাকে অভয় প্রদান করিয়াছিলেন। শুক্র, ১অ। ১৩১—১৩৬।

৮৫। "গূঢ়চারৈঃ শ্রাবয়িত্বা স্ববৃত্তং দূষয়ন্তি কে ॥"
ভূষয়ন্তি চ কৈর্ভাবৈরমাত্যাদ্যাশ্চ তদ্বিদঃ।
ময়ি কীদৃক্ চ সম্প্রীতিঃ কেষামপ্রীতিরেব বা ॥
মমা গুণৈর্গুণৈর্বাপি গূঢ়ং সংশ্রুত্য চাখিলম্।
চারৈঃ স্বদুর্গুণং জ্ঞাত্বা লোকতঃ সর্ব্বদা নৃপঃ ॥
সুকীর্ত্ত্যৈ সংত্যজেন্নিত্যং নাবমন্যেত বৈ প্রজাঃ।
লোকো নিন্দন্তি রাজংস্ত্বাং চারৈঃ সংশ্রাবিতো যদি ॥
কোপং করোতি দৌরাত্ম্যাদাত্মদুর্গুণলোপকঃ।
সীতা সাধ্ব্যপি রামেণ ত্যক্তা লোকাপবাদতঃ ॥
শক্তেনাপি হি ন ধৃতো দণ্ডোঽল্পো রজকে ক্বচিৎ।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নঃ রাজাদত্তাভয়োঽপি চ ॥ শুক্র, ১অ। ১৩১—১৩৬।

৮৬। রাজা মদ্যপায়ী হইলেও বরং প্রশস্ত, কিন্তু স্ত্রৈণ বা অতি কোপবান্ রাজা নিন্দনীয়। কোপনস্বভাব রাজা প্রজা উৎপীড়ন ও স্ত্রৈণ বর্ণ লোপ করে। মদ্যপায়ী একাকীই বুদ্ধি ও ব্যবহার হইতে ভ্রষ্ট হয়। কাম ও ক্রোধ মদ্যাপেক্ষা অধিক ক্ষমতাশালী, কারণ তাহারা সকল মদ্য অপেক্ষা অধিক। রাজা অতি লোভপ্রযুক্ত প্রজার ধনপ্রাণ হরণ করেন, অতএব রাজা কাম, ক্রোধ ও লোভ পরিহার করিয়া দণ্ড-ধারণ করিবেন। শুক্র, ৪অ ১প্র। ৬৪—৬৬।

৮৭। রাষ্ট্রপীড়ন করিলে চিরকাল রাজার নরক বাস হইয়া থাকে। গর্ভিণী সহধর্ম্মিণী যেমন নিজের সুখ ত্যাগ করিয়া গর্ভেরই সুখ আবহন করে, রাজারও তদ্বৎ হওয়া আবশ্যক। অগ্নি, ২২৩ অ। ৭—৮।

৮৮। যাহার প্রজা রক্ষিত না হয়, তাহার যজ্ঞ ও তপস্যার প্রয়োজন কি? যাহার প্রজা সুরক্ষিত, স্বর্গ তাহার গৃহের ন্যায়। আর যাহার প্রজা

৮৬। সুরাপ্যপি বরো রাজা ন স্ত্রৈণো নাতিকোপবান্।
লোকাংশ্চণ্ডস্তাপয়তি স্ত্রৈণো বর্ণান্ বিলুম্পতি॥
মদ্যপ্যেকশ্চ ভ্রষ্টঃ স্যাদ্ বুদ্ধ্যা চ ব্যবহারতঃ।
কামক্রোধৌ মদ্যতমৌ সর্ব্বমদ্যাধিকৌ যতঃ॥
ধনপ্রাণহরো রাজা প্রজায়াশ্চাতিলোভতঃ।
তস্মাদেতৎ ত্রয়ং ত্যক্ত্বা দণ্ডধারী ভবেৎ নৃপঃ॥ শুক্র, ৪অ—১প্র। ৬৪—৬৬।

৮৭। "রাষ্ট্রপীড়াকরো রাজা নরকে বসতে চিরম্॥"
নিত্যং রাজ্ঞা তথা ভাব্যং গর্ভিণী সহধর্ম্মিণী।
যথা স্বং সুখমুৎসৃজ্য গর্ভস্য সুখমাহরেৎ॥ অগ্নি, ২২৩অ। ৭—৮।

৮৮। কিং যজ্ঞৈস্তপসা তস্য প্রজা যস্য ন রক্ষিতাঃ।
সুরক্ষিতাঃ প্রজা যস্য স্বর্গস্তস্য গৃহোপমঃ॥
অরক্ষিতাঃ প্রজা যস্য নরকং তস্য মন্দিরম্।
রাজা ষড়্ভাগমাদত্তে সুকৃতাদ্দুষ্কৃতাদপি॥ অগ্নি, ২২৩অ। ৯—১০।

অরক্ষিত, নরকই তাহার মন্দির। কি সুকৃত কি দুস্কৃত সকলেরই ষড়্-ভাগ রাজা গ্রহণ করেন। অগ্নি ২২৩অ। ৯—১০।

৮৯। প্রজারক্ষায় ধর্ম্মলাভ হয় এবং রক্ষা না করিলে, পাপ সঞ্চয় হইয়া থাকে। রাজবল্লভ এবং তস্করগণ, বিশেষতঃ কায়স্থগণ প্রজাপীড়নে প্রবৃত্ত হইলে, বিট-ভীতা (লম্পট হইতে ভয় প্রাপ্তা) সুভগার ন্যায় প্রজা রক্ষা করা রাজার অবশ্য-কর্ত্তব্য, না করিলে ঘোর নরক হয়। ঐরূপে রক্ষা করিলে প্রজালোক রাজারই হইয়া থাকে এবং রক্ষা না করিলে, তাহাদেরই ভোজনরূপে কল্পিত হয়। অগ্নি, ২২৩ অ। ১১—১২।

৯০। রাষ্ট্রকর্ষী হইলে রাজা রাজ্যভ্রষ্ট ও প্রাণ-বিযুক্ত হন। সুন্দর রূপে পরিপালন করিলে, বৎস যেমন জাতবল ও কর্ম্মযোগ্য হয়, যথা-বিধি ভরণাদি করিলে, রাষ্ট্রও তেমনি কর্ম্মসহ হইয়া থাকে। অগ্নি, ২২৫অ। ৩১—৩২।

৮৯। ধর্ম্মাগমো রক্ষণাচ্চ পাপমাপ্নোত্যরক্ষণাৎ।
সুভগা বিটভীতেব রাজবল্লভতস্করৈঃ॥
পীড্যমানাঃ প্রজা রক্ষ্যাঃ কায়স্থৈশ্চ বিশেষতঃ।
রক্ষিতা তদ্ভয়েভ্যস্তু রাজ্ঞো ভবতি সা প্রজা।
অরক্ষিতা সা ভবতি তেষামেবেহ ভোজনম্॥ অগ্নি. ২২৩ অ। ১১—১২।

৯০। "রাষ্ট্রকর্ষী ভ্রশ্যতে চ রাজ্যার্থাচ্চৈব জীবিতাৎ॥"
ভৃতো বৎসো জাতবলঃ কর্ম্মযোগ্যো যথা ভবেৎ।
তথা রাষ্ট্রং মহাভাগ ভৃতং কর্ম্মসহং ভবেৎ। অগ্নি, ২২অ।৩১—৩২।

অষ্টাদশ স্তবক।

[রাজার প্রতি প্রজার ব্যবহার।]

১। রাজা বালক হইলেও সামান্য মনুষ্য বোধে তাঁহাকে অবজ্ঞা করা উচিত নহে; পরন্তু তিনি মহান্ দেবতা; মনুষ্যরূপে অবস্থান করিতেছেন। মনু, ৭ অ।৮।

২। যিনি প্রসন্ন থাকিলে মহতী শ্রী লাভ হয়, যাঁহার পরাক্রম প্রভাবে বিজয়লাভ হয়, যাঁহার ক্রোধ মৃত্যুর বসতিস্থল, নিশ্চয় তিনিই সর্ব্বতেজোময়। তাঁহাকে যে ব্যক্তি মোহবশতঃ দ্বেষ করিয়া থাকে, সে নিশ্চয়ই বিনাশ প্রাপ্ত হয়; তাহাকে সত্বর বিনাশ করিবার জন্য রাজা মনোযোগী হন; অতএব রাজা শিষ্টপ্রতিপালন ও দুষ্টদমনের জন্য, যে ধর্ম্ম-নিয়ম সংস্থাপন করিয়া থাকেন, তাহা উল্লঙ্ঘন করা উচিত নহে। মনু, ৭ অ।১১-১৩।

১। বালোঽপি নাবমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ।
মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি॥ মনু, ৭অ।৮।

২। যস্য প্রসাদে পদ্মাশ্রীর্বিজয়শ্চ পরাক্রমে।
মৃত্যুশ্চ বসতি ক্রোধে সর্ব্বতেজোময়োহি সঃ॥
তং যস্তু দ্বেষ্টি সম্মোহাৎ স বিনশ্যত্যসংশয়ম্।
তস্য হ্যাশু বিনাশায় রাজা প্রকুরুতে মনঃ॥
তস্মাদ্ধর্ম্মং যমিষ্টেষু স ব্যবস্যেন্নরাধিপঃ।
অনিষ্টঞ্চাপ্যনিষ্টেষু তং ধর্ম্মং ন বিচালয়েৎ॥ মনু, ৭অ। ১১—১৩।

৩। প্রজাগণ ভূপতিকেই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করিয়া তাঁহাকে রক্ষা করিবে, তৎপরে ভার্য্যা এবং তদনন্তর ধনরক্ষায় যত্নবান্ হইবে। কারণ নৃপতি না থাকিলে, তাহাদের ভার্য্যাই বা কোথায়! এবং ধনই বা কোথায় থাকিবে! ম, শা, ৫৭ অ।৪১।

৪। রাজা যাহাকে আক্রমণ করেন, তাহার সুখ কোথায়? পরন্তু তাঁহার অনুগত থাকিলে সর্ব্ব প্রকার সুখ লাভ হইয়া থাকে। ম, শা, ৬৮ অ।৫৮।

৫। যিনি সতত সাধু সকলকে রক্ষা করেন এবং অসৎ লোকদিগকে দমন করেন, তাঁহাকেই রাজা করা কর্ত্তব্য; কেন না তাদৃশ ব্যক্তিই এই সমস্ত পৃথিবী ধারণ করিতে সমর্থ। ম, শা, ৭৮ অ।৪৪।

৬। যে রাজা তুচ্ছ সুখভোগে আসক্ত, স্বেচ্ছাচারী ও লুব্ধ হন, প্রজারা তাঁহাকে শ্মশান-মধ্যবর্ত্তী অগ্নির ন্যায় অনাদর করে। বা, অর, ৩৩ স।৩।

৭। অল্পপ্রদাতা, তীক্ষ্ণস্বভাব, প্রমত্ত, গর্ব্বিত ও শঠ নরপতি

৩। রাজানং প্রথমং বিন্দেত্ততো ভার্য্যাং ততো ধনম্।
রাজন্যসতি লোকস্য কুতো ভার্য্যা কুতো ধনম্॥ ম, শা, ৫৭অ। ৪১।

৪। "রাজাভিপন্নস্য কুতঃ সুখানি
রাজাভ্যুপেতং সুখিনং করোতি॥" ম, শা, ৬৮অ। ৫৮।

৫। নিত্যং যস্তু সতো রক্ষেদসতশ্চ নিবর্ত্তয়েৎ।
স এব রাজা কর্ত্তব্যস্তেন সর্ব্বমিদং ধৃতম্॥ ম, শা, ৭৮অ। ৪৪।

৬। সক্তং গ্রাম্যেষু ভোগেষু কামবৃত্তং মহীপতিম্।
লুব্ধং ন বহু মন্যন্তে শ্মশানাগ্নিমিব প্রজাঃ॥ বা, অর, ৩৩স। ৩।

৭। তীক্ষ্ণমল্পপ্রদাতারং প্রমত্তং গর্ব্বিতং শঠম্।
ব্যসনে সর্ব্বভূতানি নাভিধাবন্তি পার্থিবম্॥ বা, অর, ৩৩স। ১৫।

বিপন্ন হইলে, প্রজারা তাঁহাকে রক্ষা করিতে যত্ন করে না। বা, অর, ৩৩ স।১৫।

৮। যিনি মহিলা প্রভৃতির অধীন, যাঁহার দর্শন অতি দুর্ল্লভ এবং যিনি উত্তমরূপে চর নিয়োগ করেন না, হস্তীরা যেমন দূর হইতে পঙ্কিল নদী পরিত্যাগ করিয়া থাকে, তদ্রূপ প্রজারা দূর হইতেই সেই নরপতিকে পরিত্যাগ করে। বা, অর, ৩৩ স।৫।

৯। রাজার ভয়ে ভীত হইয়াই প্রজারা ইহলোকে পরস্পরকে রক্ষা করে, সুতরাং সুপ্রযুক্ত রাজনীতির প্রভাবেই অধর্ম্ম কুত্রাপি অবস্থিতি করিতে পারে না। বা, উ, ৭০ স।১২।

১০। যে পুরুষ মনে মনেও রাজার অনিষ্টাশঙ্কা উৎপাদন করিবে, সে নিশ্চয়ই ইহলোকে ক্লেশভোগ করিয়া পরলোকে নরকে পতিত হইবে। ম, শা, ৬৮ অ।৩৯।

১১। ভূপতিকে মনুষ্য জ্ঞান করিয়া কখনই অবমাননা করা উচিত নহে, কারণ এই মহতী দেবতা নররূপ ধারণ করিয়া পৃথিবীতে অবস্থান করেন। ম, শা, ৬৮ অ।৪০।

৮। অযুক্তচারং দুর্দ্দর্শমস্বাধীনং নরাধিপম্।
বর্জ্জয়ন্তি নরা দূরান্নদীপঙ্কমিব দ্বিপাঃ॥ বা, অর, ৩৩স। ৫।

৯। সম্যক্ প্রণীতয়া নীত্যা নাধর্ম্মো বিদ্যতে ক্কচিৎ।
তস্মাদ্রাজ ভয়াৎ সর্ব্বে রক্ষন্তীহ পরস্পরম্॥ বা, উ, ৭০স। ১২।

১০। যস্তস্য পুরুষঃ পাপং মনসাপ্যনুচিন্তয়েৎ।
অসংশয়মিহ ক্লিষ্টঃ প্রেত্যাপি নরকং ব্রজেৎ॥ ম, শা, ৬৮অ। ৩৯।

১১। ন হি জাত্ববমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ।
মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি॥ ম, শা ৬৮অ। ৪০।

১২। ভূপতির রক্ষ্যদ্রব্য সকলকে দূর হইতে পরিত্যাগ করা উচিত। যেরূপ মৃত্যু হইতে আপনাকে রক্ষা করে, তদ্রূপ রাজস্ব হরণ হইলেও তাহা রক্ষা করা কর্ত্তব্য; কারণ তাহা স্পর্শ করিলেই যেমন যন্ত্রস্পর্শে মৃগ বিনষ্ট হয়, তদ্রূপ বিনাশ প্রাপ্ত হয়। অতএব বুদ্ধিমান্ মনুষ্য নিজস্বের ন্যায় রাজস্বকে রক্ষা করিবে। ম, শা, ৬৮ অ।৫১-৫২।

১৩। যে রাজধন অপহরণ করে, সে চিরকালের জন্য অচেতন, অপ্রতিষ্ঠ, ভয়ঙ্কর ও সুমহৎ নরকে পতিত হয়! ম, শা, ৬৮ অ।৫৩।

১৪। পৃথিবীতে যে মনুষ্যগণ মঙ্গল বাসনা করিবেন, তাঁহারা প্রজাবর্গের অনুগ্রহের নিমিত্ত রাজাকেই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করিবেন। শিষ্যগণ যেরূপ গুরুর নিকট এবং দেবগণ যেরূপ দেবেন্দ্রের নিকট নত হইয়া থাকেন, তদ্রূপ রাজার নিকট প্রণত হইয়া থাকিবেন। ম, শা, ৬৭ অ।৩৩-৩৪।

১২। তস্য সর্ব্বাণি রক্ষ্যাণি দূরতঃ পরিবর্জ্জয়েৎ।
মৃত্যোরিব জুগুপ্সেত রাজস্বহরণান্নরঃ॥
নশ্যেদভিমৃশন্ সদ্যো মৃগঃ কূটমিবস্পৃশন্।
আত্মস্বমিব রক্ষেত রাজস্বমিহ বুদ্ধিমান্॥ ম, শা, ৬৮ অ। ৫১-৫২।

১৩। মহান্তং নরকং ঘোরমপ্রতিষ্ঠমচেতনম্।
পতন্তি চিররাত্রায় রাজবিত্তাপহারিণঃ॥ ম, শা, ৬৮ অ। ৫৩।

১৪। এবং যে ভূতিমিচ্ছেয়ুঃ পৃথিব্যাং মানবাঃ ক্বচিৎ।
কুর্য্যু রাজানমেবাগ্রে প্রজানুগ্রহকারণাৎ॥
নমস্যেরংশ্চ তং ভক্ত্যা শিষ্যা ইব গুরুং সদা।
দেবা ইব চ দেবেন্দ্রং তত্র রাজানমন্তিকে॥ ম, শা ৬৭অ।৩৩—৩৪।

১৫। রাজার বৈগুণ্যে প্রজারাও বিপদাপন্ন হইয়া থাকে। নরপালেরাই প্রজাবর্গের ধর্ম্ম ও যশঃ প্রাপ্তির মূল; অতএব সকল অবস্থাতেই প্রজাবর্গের তাঁহাদিগকে রক্ষা করা বিধেয়। বা, অর, ৪১ স।৯-১০।

১৬। ইহা নিশ্চয় জানিবে কেহই রাজার প্রতিকূলাচারী হইয়া সুখী হয় না। বা, অর, ৪০ স।২৬।

১৭। ধনবান্ ব্যক্তিরাই রাজ্যের মহৎ অঙ্গ এবং সকল প্রাণীর শ্রেষ্ঠ, ইহাতে সংশয় নাই। প্রাজ্ঞ, শূর, ধনস্বামী, ধার্ম্মিক, তপস্বী, সত্যবাদী ও বুদ্ধিমান্ মানবই রাজার রাজ্য রক্ষা করিয়া থাকেন। ম, শা, ৮৮ অ।৩০-৩১।

১৮। রাজবিহীন প্রজাগণের আত্মমঙ্গলের নিমিত্তই রাজাকে রক্ষা করা কর্ত্তব্য, কেবল ধন অথবা দারাদির নিমিত্ত নহে। ম, শা, ৬৭ অ।১২।

১৯। ঐশ্বর্য্যাভিলাষী, সংযতেন্দ্রিয়, মেধাবী, স্মৃতিমান্ এবং দক্ষ লোকসকল মহীপতির আশ্রয় গ্রহণ করিবেন। ম, শা, ৬৮ অ।৫৫।

১৫। "ব্যসনং স্বামিবৈগুণ্যাৎ প্রাপ্নুবন্তীতরে জনাঃ।"
রাজমূলো হি ধর্ম্মশ্চ যশশ্চ জয়তাং বর।
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু রক্ষিতব্যা নরাধিপাঃ॥ বা, অর, ৪১ স। ৯—১০।

১৬। "রাজ্ঞো বিপ্রতিকূলস্থো ন জাতু সুখমেধতে॥" বা, অর ৪০ স। ২৬।

১৭। অঙ্গমেতন্মহদ্রাজ্যে ধনিনো নাম ভারত।
ককুদং সর্ব্বভূতানাং ধনস্থো নাত্র সংশয়ঃ॥
প্রাজ্ঞঃ শূরো ধনস্থশ্চ স্বামী ধার্ম্মিক এব চ।
তপস্বী সত্যবাদী চ বুদ্ধিমাংশ্চাপি রক্ষতি॥ ম, শা, ৮৮অ। ৩০—৩১।

১৮। তস্মাদ্রাজৈব কর্ত্তব্যঃ সততং ভূতিমিচ্ছতা।
ন ধনার্থো ন দারার্থস্তেষাং যেষামরাজকম্॥ ম, শা, ৬৭ অ। ১২।

১৯। তস্মাদবুভূষুর্নিয়তো জিতাত্মা নিয়তেন্দ্রিয়ঃ।
মেধাবী স্মৃতিমান্ দক্ষঃ সংশ্রয়েত মহীপতিম্॥ ম, শা, ৬৮অ। ৫৫।

২০। মনুষ্য অবক্তা আচার্য্য, অধ্যয়ন বিহীন ঋত্বিক্, অরক্ষক ভূপতি, অপ্রিয়বাদিনী ভার্য্যা, গ্রামাভিলাষী গোপাল এবং বনবাসাভিলাষী নাপিত এই ছয় ব্যক্তিকে অর্ণব-মধ্যগত ভগ্ন নৌকার ন্যায় পরিত্যাগ করিবে। ম, শা, ৫৭ অ।৪৪-৪৫।

২১। প্রজাবর্গ ধার্ম্মিক, পালনরত, শত্রুবিজেতা রাজাকে প্রজাপতির ন্যায় সমাদর করিবে। কাম, ১ স।১১।

২২। যে পাপাচারী প্রজা রাজার অল্পও অপকার করে, মূঢ়চেতা পতঙ্গ যেরূপ অগ্নিতে দগ্ধ হয়, সেও সেইরূপ রাজার ক্রোধে বিনষ্ট হয়। কাম, ৫ স।৮৬।

২৩। আদান, অপমান, ছল, কটুবাক্য, প্রবল দণ্ড হেতু প্রজাগণ রাজাকে পরিত্যাগ করে। ইহাদের বিপরীত গুণে প্রজাগণ বংশ পরম্পরায় অনুরক্ত থাকে। পূর্ব্বোক্ত দোষগুলির মধ্যে যে কোন একটীই

২০। ষড়েতান্ পুরুষো জহ্যাদ্ভিন্নাং নাবমিবার্ণবে।
অপ্রবক্তারমাচার্য্যমনধীয়ানমৃত্বিজম্॥
অরক্ষিতারং রাজানং ভার্য্যাং চাপ্রিয়বাদিনীম্।
গ্রামকামঞ্চ গোপালং বনকামঞ্চ নাপিতম্॥ ম, শা, ৫৭ অ। ৪৪—৪৫।

২১। ধার্ম্মিকং পালনপরং সম্যক্ পরপুরঞ্জয়ম্।
রাজানমভিমন্যেত প্রজাপতিমিব প্রজা॥ কাম, ১ স। ১১।

২২। স্বল্পমপ্যপকুর্ব্বন্তি যে পাপাঃ পৃথিবীপতৌ।
তে বহ্নাবিব দহ্যন্তে পতঙ্গা মূঢ়চেতসঃ॥ কাম, ৫স। ৮৬।

২৩। অদানেনাপমানেন ছলাচ্চ কটুবাক্যতঃ।
রাজ্ঞঃ প্রবলদণ্ডেন নৃপং মুঞ্চতি বৈ প্রজা॥
বিপরীতগুণৈরেভিঃ সান্বয়ারজ্যতে প্রজা।
একস্তনোতি দুষ্কীর্ত্তিং দুর্গুণঃ সম্বশো নু কিম্॥ শুক্র, ১অ। ১৪০—১৪১

দুষ্কীর্ত্তি বিস্তার করে; তাহারা সমবেত হইলে ত কথাই নাই। শুক্র, ১ অ।১৪০-১৪১।

২৪। রাজসেবা ভিন্ন প্রচুর ধনলাভ হয় না, কিন্তু তাহা বুদ্ধিমান্ ভিন্ন অপর অন্যের নিকট অতি কঠিন এবং অসিধারের ন্যায় ভীষণ। সর্পগ্রাহী সর্পকে এবং মন্ত্রণাকুশল ব্যক্তি রাজাকে বশীভূত করে, কিন্তু বুদ্ধিমান্ ব্যক্তি সর্ব্বদা রাজাকে ভয় করিবে। বুদ্ধিমান্ মনুষ্যে ব্রাহ্ম ও রাজাতে ক্ষাত্র তেজঃ বর্ত্তমান থাকে, বুদ্ধিমান্ ব্যক্তি দূরে থাকিয়াও সর্ব্বদা সমীপে বর্ত্তমান থাকে। শুক্র, ৩ অ।২৭৭-২৭৯।

২৫। যে কার্য্যে রাজা প্রসন্ন হন, প্রজা লোভ বা ভয় বশতঃ তাহাই করে। রাজা উপদেশ দিলে প্রজা কি না করে? শুক্র, ৪ অ-১ প্র।৬১।

২৬। রাজা পুণ্যবান্ হইলে প্রজা ধার্ম্মিক হয় ও রাজা মহাপাপী

২৪। রাজসেবাং বিনা দ্রব্যং বিপুলং নৈব জায়তে।
রাজসেবাতিগহনা বুদ্ধিমদ্ভির্বিনা ন সা।
কর্ত্তুং শক্যা চেতরেণ হ্যসিধারেব সা সদা॥
ব্যালগ্রাহী যথা ব্যালং মন্ত্রী মন্ত্রবলাৎ নৃপম্।
করোত্যধীনস্তু নৃপে ভয়ং বুদ্ধিমতাং মহৎ॥
ব্রাহ্মং তেজো বুদ্ধিমৎসু ক্ষাত্রংরাজ্ঞি প্রতিষ্ঠিতম্।
আরাদেব সদা চাস্তি তিষ্ঠন্ দূরেঽপি বুদ্ধিমান্॥ শুক্র, ৩ অ। ২৭৭—২৭৯।

২৫। প্রসন্নো যেন নৃপতিস্তদাচরতি বৈ জনঃ।
লোভাদ্ভয়াচ্চ কিং তেন শিক্ষিতং নাচরেৎ কথম্॥ শুক্র, ৪ অ-১প্র। ৬১।

২৬। সুপুণ্যো যত্র নৃপতির্ধর্ম্মিষ্ঠাস্তত্র হি প্রজাঃ।
মহাপাপী যত্র রাজা তত্রাধর্ম্মপরো জনঃ॥
ন কালবর্ষী পর্জ্জন্যস্তত্র ভূর্ন মহাফলা।
জায়তে রাষ্ট্রহ্রাসশ্চ শত্রুবৃদ্ধির্ধনক্ষয়ঃ॥ শুক্র, ৪অ-১প্র। ৬২—৬৩।

হইলে প্রজা অধর্ম্মপরায়ণ হয়। রাজা অধার্ম্মিক হইলে যথাকালে বৃষ্টি হয় না। পৃথিবী প্রচুর শস্য উৎপাদন করেন না, রাষ্ট্রের হ্রাস, শত্রুবৃদ্ধি ও ধনক্ষয় ঘটে। শুক্র, ৪ অ—১ প্র।৬২-৬৩।

২৭। অন্যের বিবাদ লইয়া কাহারও সহিত বিরোধ করিবে না। বহুজনে মিলিত হইয়া রাজকীয় বিষয় লইয়া তর্ক করিবে না। শুক্র, ৩ অ।৩১৯।

২৮। গুরু ও রাজার সম্মুখে উচ্চাসনে উপবেশন করিবে না এবং উৎক্ষিপ্তচরণে তাঁহাদের বাক্য তর্কদ্বারা খণ্ডন করিবে না। শুক্র, ৩ অ।১৬১।

২৯। রাজাকে নিজের বন্ধুবোধে যথেচ্ছ কার্য্য করিবে না। মূর্খের স্বামিত্ব স্বীকার করিবে না, মহাত্মাগণের দাস্যও বাঞ্ছনীয়। মহাজনের সহিত বিরোধ করিবে না ও জ্ঞানবিন্দুদগ্ধ অর্থাৎ স্বল্প-জ্ঞান-দুষ্ট লোকের রঞ্জন করিবে। শুক্র, ৩ অ।১৪৭।

৩০। বাল্যকালে যদি মাতা পালন না করেন, পিতা সৎ শিক্ষা দান

২৭। গৃহীত্বান্য বিবাদং তু বিবদেন্নৈব কেন চিৎ।
মিলিত্বা সঙ্ঘশো রাজমন্ত্রং নৈব তু তর্কয়েৎ॥ শুক্র, ৩ অ: ৩১৯।

২৮। গুরূণাং পুরতো রাজ্ঞো না চাসীত মহাসনে।
প্রৌঢ়পাদো ন তদ্বাক্যং হেতুভির্বিকৃতিং নয়েৎ॥ শুক্র, ৩ অ। ১৬১।

২৯। রাজা মিত্রমিতি জ্ঞাত্বা ন কার্য্যং মানসেপ্সিতম্।
নেচ্ছেন্মূর্খস্য স্বামিত্বং দাস্যমিচ্ছেন্মহাত্মনাম্।
বিরোধং ন জ্ঞানলবদুর্বিদগ্ধস্য রঞ্জনম্॥ শুক্র ৩ অ। ১৪৭।

৩০। মাতা ন পালয়েদ্ বাল্যে পিতা সাধু ন শিক্ষয়েৎ।
রাজা যদি হরেদ্বিত্তং কা তত্র পরিবেদনা?॥
সুসেবিতাঃ প্রকুপ্যন্তি মিত্রস্বজনপার্থিবাঃ:
গৃহমগ্যাশনিহতং কা তত্র পরিবেদনা?॥ শুক্র, ৩ অ। ৪৭—৪৮।

না করেন এবং রাজা যদি ধন হরণ করেন তাহা হইলে বিলাপ করিয়া কি ফল হইবে? যদি বন্ধু, স্বজন ও রাজা সুসেবিত হইয়াও প্রকুপিত হন, গৃহ অগ্নি বা বজ্রদ্বারা বিনষ্ট হয়; তবে বিলাপ করিয়া কি ফল হইবে? শুক্র, ৩ অ।৪৭-৪৮।

৩১। নিত্য সাবধান হইয়া রাজা, দেবতা, গুরু, অগ্নি, তপস্বী এবং ধর্ম্ম-বৃদ্ধ ও জ্ঞান-বৃদ্ধের সেবা করিবে। শুক্র, ৩ অ। ৫০।

ঊনবিংশ স্তবক।

[রাজার পুত্ররক্ষা ও যুবরাজের প্রতি ব্যবহার ও রাজপুত্রের পিতার প্রতি ব্যবহার।]

পরমহংস শ্রীমচ্ছঙ্করাচার্য্য মোহমুদ্গরে বলিয়াছেন;—

"অর্থমনর্থং ভাবয় নিত্যং, নাস্তি ততঃ সুখলেশঃ সত্যম্।
পুত্রাদপি ধনভাজাম্ভীতিঃ সর্ব্বত্রৈষা কথিতা নীতিঃ॥"

অর্থাৎ অর্থকে অনর্থ বলিয়া ভাবিবে, তাহাতে সুখলেশ মাত্র নাই, পুত্র হইতেও ধনবান্‌দিগের ভয়ের কারণ হয়, সর্ব্বত্রই এই নীতি পণ্ডিত-সম্মত। পরমহংসের এই বাক্যানু-সারে ধনবানের পুত্র হইতেও ভয়ের কারণ আছে, ইহা বিবেচনা

৩১। সাবধানমনা নিত্যং রাজানং দেবতাং গুরুম্।
অগ্নিং তপস্বিনং ধর্ম্মজ্ঞানবৃদ্ধং সুসেবয়েৎ। শুক্র, ৩ অ। ৫০।

করিয়া জগতে কয়জন লোক ঐশ্বর্য্য কামনা বিসর্জ্জন দিয়া আচার্য্যপ্রবর শঙ্করের ন্যায় পরমহংস সন্ন্যাসী হইয়া থাকে? অথবা কয়জন ঐশ্বর্য্যশালী পুরুষ ঐশ্বর্য্য-ভোগ লালসায় প্রাণাধিক পুত্রদিগকে জাতমাত্রেই বিনাশ করিয়া থাকে? সংসারে কি ধনী কি দরিদ্র সকলেই পুত্র ও ঐশ্বর্য্য উভয়ই সমভাবে কামনা করিয়া থাকে। ঐশ্বর্য্যশালী পুরুষ যখন সর্ব্বদাত্রী সর্ব্ববিধাত্রী জগদম্বিকার আরাধনা করিয়া নিষ্কাম ধর্ম্মাচরণের উপদেশকে দূরে রাখিয়া মহামায়া বরদার নিকট কামনা করিতে থাকেন,—

"রূপং দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে।
পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥"

ইত্যাদিরূপে রূপ, যশঃ, ভাগ্য, পুত্র, ধনাদি সকলই কামনা করিয়া থাকেন। আবার যখন সর্ব্বাপদ্-বিনাশিনী ভগবতীর নিকট কবচ পাঠ করেন, তখন ;—

"পুত্রান্ রক্ষেন্মহালক্ষ্মীর্ভার্য্যাং রক্ষতু ভৈরবী।
ধনেশ্বরী ধনং রক্ষেৎ কৌমারী কন্যকাং তথা॥'

ইত্যাদিরূপে পুত্র-কন্যা-ভার্য্যা-ধন প্রভৃতি সকলেরই রক্ষা কামনা করিয়া থাকেন। গৃহস্থাশ্রমীর স্ত্রী, পুত্র, কন্যা, ধন, রূপ ও যশঃ প্রভৃতি সকলই প্রয়োজনীয়; সুতরাং তাহার সকলই প্রাপ্তি ও রক্ষার কামনা করাই আবশ্যক ও সঙ্গত; ইহা বলা বাহুল্য। লোক-প্রতিপালক পৃথ্বীপতি নৃপতিও যে কেবল ঐশ্বর্য্যপ্রাপ্তি ও রক্ষার কামনা করিবেন আর "পুত্রাদপি ধন ভাজাম্ভীতিঃ"

ইহা চিন্তা করিয়া পুত্রপ্রাপ্তির কামনা ও রক্ষার বিধান করিবেন না, ইহা কখনই সঙ্গত হইতে পারে না ; একারণ শাস্ত্রকারেরা রাজাদিগের পুত্র রক্ষা ও পুত্রকে শিক্ষাদান এবং যৌবরাজ্যে অভিষিক্ত করিয়া রাজকার্য্য ও বৈষয়িক ব্যাপারে শিক্ষিত করিবার বিষয়ে যে সকল বিধান করিয়াছেন এবং রাজপুত্রদিগের পিতার প্রতি যেরূপ ব্যবহার করিতে হয়, তাহার যে বিধান করিয়াছেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

১। রাজা প্রজা ও আপনার মঙ্গলের জন্য পুত্র সকলকে রক্ষা করিবেন। পুত্রগণ অরক্ষিত হইলে, অর্থবিষয়ে অত্যন্ত লোভযুক্ত হইয়া রাজাকে বধ করে। রাজপুত্র অতীব অভিমানী ও নিরঙ্কুশ মদমত্ত হস্তীর ন্যায়, তাহারা ভ্রাতা ও পিতাকে বিনষ্ট করিয়া থাকে। কাম, ৭স। ১—২।

২। মদমত্ত রাজপুত্রগণ ইতস্ততঃ রাজ্যাপহরণের জন্য ব্যগ্র থাকে, ব্যাঘ্রের মুখ হইতে আমিষখণ্ড যেমন সযত্নে রক্ষা করিতে হয়, সেইরূপ মদমত্ত রাজপুত্র হইতে সযত্নে রাজ্যরক্ষা করিবে। কাম, ৭স। ৩।

৩। সুরক্ষিত রাজপুত্রগণ যদি কোনরূপে ছিদ্র পায়, তাহা হইলে

১। প্রজাত্মশ্রেয়সে রাজা কুর্ব্বীতাত্মজরক্ষণম্।
লোলুভ্যমানাস্তেঽর্থেষু হন্যুরেনমরক্ষিতাঃ॥
রাজপুত্রা মদোন্মত্তা গজা ইব নিরঙ্কুশাঃ।
ভ্রাতরং বা বিনিঘ্নন্তি পিতরং বাঽভিমানিনঃ॥ কাম, ৭ স। ১—২।

২। রাজপুত্রৈর্ম্মদোপেতৈঃ প্রার্থ্যমানমিতস্ততঃ।
দুঃখেন রক্ষ্যতে রাজ্যং ব্যাঘ্রাঘ্রাতমিবামিষম্॥ কাম, ৭ স। ৩।

৩। রক্ষ্যমাণা যদি ছিদ্রং কথঞ্চিৎ প্রাপ্নুবন্তি তে।
সিংহশাবা ইব ঘ্নন্তি রক্ষিতারমসংশয়ম্॥ কাম, ৭ স। ৪।

পোষিত সিংহশাবকের ন্যায় তাহারা রক্ষককেই বিনষ্ট করে। কাম, ৭স। ৪।

৪। রাজা ভৃত্যদ্বারা পুত্র সকলকে বিনীত করিবেন, কারণ যে বংশে পুত্র অবিনীত হয়, সে বংশ শীঘ্র নষ্ট হয়। কাম, ৭স। ৫।

৫। রাজা বিনীত ঔরস-পুত্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবেন; এবং দুষ্ট পুত্রকে দুষ্ট হস্তীর ন্যায় সুখকর বন্ধনে বদ্ধ রাখিবেন। কাম, ৭ স। ৬।

৬। রাজপুত্র দুর্ব্বৃত্ত হইলে, সে কখন পরিত্যাগের যোগ্য হইতে পারে না, কারণ রাজপুত্র ক্লেশ পাইলে, সে শত্রুর আশ্রয় গ্রহণ করিয়া পিতাকে বধ করে। কাম, ৭স। ৭।

৭। মন্ত্রিগণ ব্যসনাসক্ত রাজকুমারকে ব্যসনাসক্ত লোকদ্বারা ক্লেশিত করিবে। তাহাকে সেইরূপ ক্লেশ দিবে, যাহাতে তাঁহার ক্লেশের সংবাদ তাহার পিতা জানিতে পারেন। কাম, ৭স। ৮।

৪। বিনয়োপগ্রহান্ ভৃত্যৈঃ কুর্ব্বীত নৃপতিঃ সুতান্।
অবিনীতকুমারং হি কুলমাশু বিনশ্যতি॥ কাম, ৭ স। ৫।

৫। বিনীতমৌরসং পুত্রং যৌবরাজ্যেঽভিষেচয়েৎ।
দুষ্টং গজমিবোদ্বৃত্তং কুর্ব্বীত সুখবন্ধনম্॥ কাম, ৭ স। ৬।

৬। রাজপুত্রঃ সুদুর্ব্বৃত্তঃ পরিত্যাগং হি নার্হতি।
ক্লিশ্যমানঃ স পিতরং পরানাশ্রিত্য হন্তি হি॥ কাম, ৭স। ৭।

৭। ব্যসনে সজ্জমানং হি ক্লেশয়েদ্ব্যসনাশ্রয়ৈঃ।
তথা চ ক্লেশয়েদেনং যথা স্যাৎপিতৃগোচরঃ॥ কাম, ৭ স। ৮।

৮। যুবরাজ ও অমাত্যবর্গ ইহারাই রাজার বাহুস্বরূপ, ইহাদিগকে যথাক্রমে রাজার দক্ষিণ ও বাম নেত্র-কর্ণও কহে। তাহাদের অভাবে রাজা ভুজ-কর্ণ-নেত্র রহিত হন। অতএব বিবেচনাপূর্ব্বক যুবরাজ ও অমাত্য নিয়োগ করিবে, অন্যথা মহৎ অনিষ্ট পাতের আশঙ্কা হয়। শুক্র, ২অ। ১২—১৩।

৯। নিরলসভাবে সমগ্র রাজকার্য্য করিতে সক্ষম, ধর্ম্মপত্নী-গর্ভজাত, ঔরসপুত্রকে যুবরাজ করিবে। অথবা স্বীয় কনিষ্ঠ ভ্রাতা, পিতৃব্য, অনুজ কিম্বা অগ্রজ-ভ্রাতৃ-পুত্র, পুত্রীকৃত বা দত্তকপুত্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবে। ইহাদের অভাবে দৌহিত্র অথবা স্বকীয় প্রিয়জনকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবে, স্বীয় হিতের নিমিত্ত কদাপি তাহাকে পীড়ন করিবে না। শুক্র, ২অ। ১৪—১৬।

১০। স্বধর্ম্ম-নিরত, শূর, ভক্ত, নীতিসম্পন্ন ও শিশু রাজপুত্রদিগকে

। যুবরাজোঽমাত্যগণো ভুজাবেতৌ মহীভুজঃ।
তাবেব নয়নে কর্ণৌ দক্ষসব্যৌ ক্রমাৎ স্মৃতৌ॥
বাহুকর্ণাক্ষিহীনঃ স্যাদ্ বিনা তাভ্যামতো নৃপঃ।
যোজয়েচ্চিন্তয়িত্বা তৌ মহানাশায় চান্যথা॥ শুক্র, ২ অ। ১২—১৩।

৯। মুদ্রাং বিনাখিলং রাজকৃত্যং কর্ত্তুং ক্ষমং সদা।
কল্পয়েদ্ যুবরাজার্থমৌরসং ধর্ম্মপত্নীজম্।
স্বকনিষ্ঠং পিতৃব্যং বানুজং বাগ্রজসম্ভবম্।
পুত্রং পুত্রীকৃতং দত্তং যৌবরাজ্যেঽভিষেচয়েৎ॥
ক্রমাদভাবে দৌহিত্রং স্বপ্রিয়ং বা নিয়োজয়েৎ।
স্বহিতায়াপি মনসা নৈতান্ সন্তর্ধয়েৎ কচিৎ॥ শুক্র, ২ অ। ১৪—১৬।

১০। স্বধর্ম্মনিরতান্ শূরান্ ভক্তান্ নীতিমতঃ সদা।
সংরক্ষয়েদ্রাজপুত্রান্ বালানপি সুযত্নতঃ॥

সর্ব্বদা সযত্নে রক্ষা করিবে। রাজপুত্রগণ অরক্ষিত হইলে, রাজার অর্থে লুব্ধ হইয়া তাঁহাকে বিনষ্ট করে। সুরক্ষিত হইলেও যদি তাহারা রাজার কোন ছিদ্র পায়, তবে তাঁহাকে বিনষ্ট করে। সিংহশাবক যেমন হস্তীকে বধ করে, সেইরূপ মদোদ্ধৃত, নিরঙ্কুশ গজের ন্যায় সম্যক্ অরক্ষিত রাজপুত্রগণ রক্ষিতার বধ সাধন করে। অন্যের কথা কি? তাহারা পিতা ও ভ্রাতাকেও হত্যা করে। মূর্খ হইলে শিশুও প্রভুত্ব ইচ্ছা করে, যুবার ত কথাই নাই। শুক্র, ২অ। ১৭—২০।

১১। স্বয়ং অথবা সদ্‌ভৃত্যদ্বারা ছলে ও কৌশলে রাজপুত্রদিগের অভিপ্রায় পরিজ্ঞাত হইয়া আত্মসন্নিকর্ষে তাহাদিগকে রক্ষা করিবে এবং

লোলুভ্যমানাস্তেঽর্থেষু হন্যুরেনমরক্ষিতাঃ।
রক্ষ্যমাণা যদি ছিদ্রং কথঞ্চিৎ প্রাপ্নুবন্তি তে।
সিংহশাবা ইব ঘ্নন্তি রক্ষিতারং দ্বিপং ক্রুতম্।
রাজপুত্রা মদোদ্ধৃতা গজা ইব নিরঙ্কুশাঃ॥
পিতরঞ্চাপি নিঘ্নন্তি ভ্রাতরং দ্বিতরং ন কিম্।
মূর্খো বালোঽপীচ্ছতি স্ম স্বাম্যং কিং নু পুনর্যুবা?॥ শুক্র, ২ অ। ১৭—২০।

১১। স্বাত্মন্ত সন্নিকর্ষেণ রাজপুত্রাংস্তু রক্ষয়েৎ।
সদ্‌ভৃত্যৈশ্চাপি তৎ স্বান্তং ছলৈর্জ্ঞাত্বা সদা স্বয়ং॥
সুনীতিশাস্ত্রকুশলান্ ধনুর্ব্বেদ বিশারদান্।
ক্লেশসহাংশ্চ বাগ্দণ্ড পারুষ্যানুভবান্ সদা॥
শৌর্য্যযুদ্ধরতান্ সর্ব্বকলাবিদ্যাবিদোঽগ্রসঃ।
সুবিনীতান্ প্রকুর্ব্বীত হ্যমাত্যাদ্যৈর্নৃপঃ সুতান্॥
সুবস্ত্রাদ্যৈর্ভূষয়িত্বা লালয়িত্বা সুক্রীড়নৈঃ।
অর্হয়িত্বাসনাদ্যৈশ্চ পালয়িত্বা শুভোজনৈঃ॥
কৃত্বা তু যৌবরাজ্যার্হান্ যৌবরাজ্যেঽভিষেচয়েৎ।
অবিনীতকুমারং হি কুলমাশু বিনশ্যতি। শুক্র, ২ অ। ২১—২৫।

অমাত্যাদি দ্বারা পুত্রদিগকে সুনীতি-শাস্ত্রকুশল, ধনুর্ব্বেদ-বিশারদ, ক্লেশসহ, বাক্‌দণ্ডপারুষ্যবিদ্, শৌর্য্যযুদ্ধরত, সর্ব্বকলাবিদ্যাবিদ্, ক্ষিপ্রকারী ও সুবিনীত করিবে। সুবস্ত্রাদিভূষিত, ক্রীড়নাদিদ্বারা লালিত, আসনাদি দ্বারা সম্বর্দ্ধিত সুভক্ষ্যাদি দ্বারা পালিত ও যৌবরাজ্যের উপযুক্ত করিয়া যৌবরাজ্যে অভিষিক্ত করিবে। যে কুলে কুমার অবিনীত হয়, সেই কুল শীঘ্র বিনষ্ট হইয়া যায়। শুক্র, ২অ। ২১—২৫।

১২। রাজপুত্র অতি দুর্ব্বৃত্ত হইলেও তাহাকে পরিত্যাগ করিবে না, রাজপুত্র উৎপীড়িত হইলে শত্রুর আশ্রয় গ্রহণ করিয়া পিতার বিনাশ সাধন করে। রাজপুত্র ব্যসনে অনুরক্ত হইলে, তৎসঙ্গিদিগের দ্বারা পীড়ন করিবে, দুষ্ট হস্তীর ন্যায় উচ্ছৃঙ্খল পুত্রকেও অনায়াসায়ত্ত করিবে। শুক্র, ২অ। ২৬—২৭।

১৩। রাজা ধনবান্ হইলে প্রজাপালনার্থ পরকুলোদ্ভব পুত্রকে দত্তক গ্রহণ করিবেন ও তাহাকে স্বপুত্রবৎ জ্ঞান করিয়া সর্ব্বস্ব দান করিবেন। শুক্র, ২অ। ৩৪।

১৪। লোকে দত্তককে সর্ব্বস্ব দান করে, তথাপি অন্যকে কিছুমাত্র

১২। রাজপুত্রঃ সুদুর্ব্বৃত্তঃ পরিত্যাগং হি নার্হতি।
ক্লিশ্যমানঃ স পিতরং পরানাশ্রিত্য হন্তি হি॥
ব্যসনে সজ্জমানং তং ক্লেশয়েদ্ ব্যসনাশ্রয়ৈঃ।
দুষ্টং গজমিবোদ্‌বৃত্তং কুর্ব্বীত সুপবন্ধনম্॥ শুক্র, ২অ। ২৬—২৭।

১৩। নৃপঃ প্রজাপালনার্থং সধনশ্চেন্ন চান্যথা।
পরোৎপন্নে স্বপুত্রত্বং মত্বা সর্ব্বং দদাতি তম্॥ শুক্র, ২ অ। ৩৪।

১৪। কিমাশ্চর্য্যমতো লোকে ন দদাতি যজ্ঞত্যপি।
প্রাপ্যাপি যুবরাজত্বং প্রাপ্নুয়াদ্বিকৃতিং ন চ॥ শুক্র, ২ অ। ৩৫।

দান করে না অথবা দেবাদির অর্চ্চনা করে না ইহা কি আশ্চর্য্য! যৌবরাজ্য লাভ করিয়াও মন বিকৃত হয় না ইহাও অতীব আশ্চর্য্য! শুক্র, ২অ। ৩৫।

১৫। মহাসমৃদ্ধি লাভ করিলেও পিতার আজ্ঞাবর্ত্তী হইয়া থাকিবে। পিতার আজ্ঞা পুত্রের পরম ভূষণ, পিতার আজ্ঞায় পরশুরাম মাতৃহত্যা ও রামচন্দ্র বনগমন করিয়াছিলেন। পরশুরাম ও রামচন্দ্র উভয়েই পিতার তপোবলে মাতা ও রাজ্য পুনঃ প্রাপ্ত হইয়াছিলেন। অতএব যে পিতা শাপানুগ্রহক্ষম তাঁহার আজ্ঞা গরীয়সী। শুক্র, ২অ। ৩৭—৩৯।

১৬। উৎকৃষ্ট পদ লাভ করিয়াও পিতার আজ্ঞা লঙ্ঘন হেতু রাজপুত্রগণ দাসবৎ তাহা হইতে ভ্রষ্ট হয়। যযাতি ও বিশ্বামিত্রের পুত্রগণ পিতার আজ্ঞা লঙ্ঘন করিয়া ভ্রষ্ট হইয়াছিলেন; অতএব সর্ব্বদা কায়মনোবাক্যে পিতৃসেবা পরায়ণ হইবে। শুক্র, ২অ। ৪১—৪২।

১৭। যাহাতে পিতার সন্তোষ হয় নিয়ত সেই কার্য্য করিবে, যাহাতে

১৫। "প্রাপ্যাপি মহতীং বৃদ্ধিং বর্ত্তেত পিতুরাজ্ঞয়া।"
পুত্রস্য পিতুরাজ্ঞা হি পরমং ভূষণং স্মৃতম্।
ভার্গবেণ হতা মাতা রাঘবস্তু বনং গতঃ॥
পিতুস্তপোবলাৎ তৌ তু মাতরং রাজ্যমাপতুঃ।
শাপানুগ্রহয়োঃ শক্তো যস্তস্যাজ্ঞা গরীয়সী॥ শুক্র, ২ অ। ৩৭—৩৯।

১৬। পিতুরাজ্ঞোল্লঙ্ঘনেন প্রাপ্যাপি পদমুত্তমম্।
তস্মাদ্‌ভ্রষ্টা ভবন্তীহ দাসবদ্রাজপুত্রকাঃ॥
যযাতেশ্চ যথা পুত্রা বিশ্বামিত্রসুতা যথা।
পিতৃসেবাপরস্তিষ্ঠেৎ কায়বাঙ্মানসৈঃ সদা॥ শুক্র, ২ অ। ৪১—৪২।

১৭। তৎকর্ম্ম নিয়তং কুর্য্যাদ্ যেন তুষ্টো ভবেৎ পিতা।
তন্ন কুর্য্যাদ্ যেন পিতা মনাগপি বিষীদতি॥

পিতার অল্পমাত্রও বিষাদ জন্মে তাহা কদাপি করিবে না। যাহার প্রতি পিতার প্রীতি থাকে, নিজেও তাহার প্রতি প্রিয়াচরণ করিবে এবং যে পিতার অপ্রিয় সে নিজেরও অপ্রিয় হইবে। শুক্র, ২ অ। ৪৩—৪৪।

১৮। পিতার অসম্মত বা বিরুদ্ধ কার্য্য করিবে না। চার ও খল প্রভৃতির দোষে, পিতা যদি বিপরীতমতি হন, তবে প্রধান পুরুষদিগের পরামর্শদ্বারা নির্জ্জনে তাঁহাকে প্রবোধিত করিবে, অন্যথা সূচকদিগকে মহাশাস্তি প্রদান করিবে। শুক্র, ২অ। ৪৫—৪৬।

১৯। সদা প্রধান পুরুষদিগের কপটমন পরিজ্ঞাত হইবে। রাজপুত্র প্রতিদিন প্রাতঃকালে পিতা, মাতা ও গুরুর বন্দনা করিয়া আত্মকৃত দৈনন্দিন কার্য্যগুলি রাজাকে অবগত করাইবে। এইভাবে সামঞ্জস্যের সহিত অবিরোধে গৃহে বাস করিবে। শুক্র, ২অ। ৪৭—৪৮।

২০। মহীপতি রাজপুত্রের রক্ষা করিবেন। ধর্ম্ম, অর্থ ও কামশাস্ত্র,

যস্মিন্ পিতুর্ভবেৎ প্রীতিঃ স্বয়ং তস্মিন্ প্রিয়ঞ্চরেৎ।
যস্মিন্ দ্বেষং পিতা কুর্য্যাৎ স্বস্যাপি দ্বেষ্য এব সঃ॥ শুক্র, ২ অ। ৪৩—৪৪।

১৮। অসম্মতং বিরুদ্ধং বা পিতুর্নৈব সমাচরেৎ।
চারসূচকদোষেণ যদিস্যাদন্যথা পিতা॥
প্রকৃত্যনুমতং কৃত্বা তমেকান্তে প্রবোধয়েৎ।
অন্যথা সূচকান্নিত্যং মহদ্দণ্ডেন দণ্ডয়েৎ॥ শুক্র, ২ অ। ৪৫—৪৬।

১৯। প্রকৃতীনাঞ্চ কপটস্বান্তং বিদ্যাৎ সদৈব হি।
প্রাতর্নত্বা প্রতিদিনং পিতরং মাতরং গুরুম্॥
রাজানং স্বকৃতং যদ্ যদ্ নিবেদ্যানুদিনং ততঃ।
এবং গৃহাবিরোধেন রাজপুত্রোবসেৎ গৃহে॥ শুক্র, ২ অ। ৪৭—৪৮।

২০। রাজপুত্রস্য রক্ষা চ কর্ত্তব্যা পৃথিবীক্ষিতা।
ধর্ম্মার্থকামশাস্ত্রাণি ধনুর্ব্বেদঞ্চ শিক্ষয়েৎ॥

ধনুর্ব্বেদ ও শিল্প এই সকলে শিক্ষিত করিবেন; শরীর রক্ষাচ্ছলে ইহার রক্ষী সকল নিযুক্ত করিবেন। অগ্নি, ২২৫অ। ১—২।

২১। ক্রুদ্ধ, লুব্ধ ও বিমানিত এই সকল লোকের সঙ্গ হইতে ইহাকে দূরে রাখিবেন এবং এইরূপে সুশিক্ষিত করিয়া সর্ব্বপ্রকার অধিকারে তাঁহাকে নিয়োজিত করিবেন। গুণগ্রামের অধিকারী করিয়া তুলিতে না পারিলে, তাহাকে বিনা ক্লেশে আবদ্ধ করিয়া রাখিবেন। অগ্নি, ২২৫ অ। ৩—৪।

২২। মন্ত্রীপ্রভৃতি অধিকৃত ব্যক্তিবর্গ মন্ত্রফল কি প্রকার হইবে ও কি উপায়ে সম্পন্ন করিতে হইবে, তাহা যুবরাজকে জ্ঞাপন করিবে। অনন্তর যুবরাজ মন্ত্র্যাদি নিযুক্ত ব্যক্তিবর্গের সহিত সকল কার্য্য রাজাকে নিবেদন করিবে; রাজা যুবরাজকে ও যুবরাজ মন্ত্রিগণকে সকল উপদেশ করিবেন। শুক্র, ৪অ-৭প্র। ৩৭৬—৩৭৭।

২৩। দানশীল ও সত্যসম্পন্ন রাজকুমার বিদ্যা, কর্ম্ম, সৎস্বভাব প্রভৃ-

শিল্পানি শিক্ষয়েচ্চৈবমাপ্তৈর্মিথ্যাপ্রিয়ংবদৈঃ।
শরীররক্ষাব্যাজেন রক্ষিণোঽস্য নিয়োজয়েৎ॥ অগ্নি, ২২৫ অ। ১—২।

২১। ন চাস্য সঙ্গো দাতব্যঃ ক্রুদ্ধলুব্ধ বিমানিতৈঃ।
অশক্যন্তু গুণাধানং কর্ত্তুং তং বন্ধয়েৎ সুখৈঃ॥
"অধিকারেষু সর্ব্বেষু বিনীতং বিনিযোজয়েৎ।" অগ্নি, ২২৫ অ। ৩—৪।

২২। ভবেন্মন্ত্রফলং কীদৃগুপায়েন কথন্ত্বিতি।
মন্ত্র্যাদ্যধিকৃতঃ কার্য্যং যুবরাজায বোধয়েৎ॥
পশ্চাদ্রাজ্ঞে তু তৈঃ সাকং যুবরাজো নিবেদয়েৎ।
রাজা সংশাসয়েদাদৌ যুবরাজং ততস্তু সঃ॥ শুক্র, ৪ অ—৭ প্র। ৩৭৬—৩৭৭

২৩। বিদ্যয়া কর্ম্মণা শীলৈঃ প্রজাঃ সংরঞ্জয়ন্ মুদা।
ত্যাগী চ সত্যসম্পন্নঃ সর্ব্বান্ কুর্য্যাদ্বশে স্বকে॥
শনৈঃ শনৈঃ প্রবর্দ্ধেত শুক্লপক্ষমৃগাঙ্কবৎ।

তির দ্বারা সর্ব্বদা প্রজারঞ্জন করিয়া সকলকে আপনার বশীভূত করিবেন। শুক্লপক্ষের চন্দ্রমার ন্যায় ধীরে ধীরে বৃদ্ধিলাভ করিবেন। ঈদৃশ স্বভাব-সম্পন্ন রাজপুত্র সহায়প্রাপ্ত হইয়া অমাত্যগণের সহিত বহুকাল পৃথিবী উপভোগ করেন। যুবরাজের হিতজনক কর্ত্তব্য কার্য্য সংক্ষেপে কথিত হইল। শুক্র, ২অ। ৪৯—৫১।

বিংশ স্তবক।

[রাজসভার অধিবেশন]

পূর্ব্বকালে রাজসভার অধিবেশন, রাজসভায় রাজার কর্ত্তব্যকার্য্য ও ভৃত্যবর্গের ব্যবহার এবং সভায় আহূত ও আগত ব্যক্তিদিগের ব্যবহার বিষয়ে নিয়মাবলী বিধিবদ্ধ ছিল। আসন ও উপবেশন-স্থানের তারতম্যে ব্যক্তিগত সম্মাননার তারতম্য উপলব্ধি হয়, অতএব তত্তদ্বিষয়ে দৈত্যগুরু শুক্রাচার্য্য নীতিশাস্ত্রে যে বিধান করিয়াছেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

১। রাজা রাজসভায় সুহৃদ্‌, ভ্রাতা, পুত্র, জ্ঞাতি-বান্ধব, সৈন্যাধ্যক্ষ ও সভ্যাদির সহিত রাজকার্য্য আলোচনা করিবেন। শুক্র, ১অ। ৩৫২।

এবং বৃত্তো রাজপুত্রো রাজ্যং প্রাপ্যাপ্যকণ্টকম্‌ ॥

সমাসতঃ কার্য্যমুক্তং যুবরাজস্য যদ্ধিতম্‌ ॥ শুক্র, ২ অ। ৪৯—৫১।

১। সুহৃদ্ভির্ভ্রাতৃভিঃ সার্দ্ধং সভায়াং পুত্রবান্ধবৈঃ।

রাজকৃত্যং সেনপৈশ্চ সভ্যাদ্যৈশ্চিন্তয়েৎ সদা। শুক্র, ১ অ। ৩৫২।

২। সভার পশ্চিমার্দ্ধের মধ্যভাগে সিংহাসন-স্থাপন করিবে। সিংহাসনের দক্ষিণ ও বামভাগে সভ্যগণ উপবেশন করিবে, অপরাপর সকলে পার্শ্ব ও কোষ্ঠ (গৃহমধ্য) দেশে সন্নিবিষ্ট হইবে। শুক্র, ১অ। ৩৫৩।

৩। পুত্র, পৌত্র, ভ্রাতা, ভাগিনেয় রাজার পৃষ্ঠদেশে (পশ্চাদ্ভাগে) উপবেশন করিবে। দৌহিত্রগণ দক্ষভাগে সন্নিবিষ্ট হইবে। পিতৃব্যগণ, নিজ কুলোদ্ভব মহত্তর ব্যক্তিগণ, সভ্যগণ ও সেনাধ্যক্ষগণ এই সকলে বামভাগে উপবেশন করিবে। রাজার অগ্রভাগে ও দক্ষিণভাগে মাতামহবংশীয়গণ, মন্ত্রিগণ, বান্ধবগণ, শ্বশুর ও শ্যালকগণ পূর্ব্বাস্য হইয়া পৃথক্ পৃথক্ আসনে উপবেশন করিবে। বামাংশে অধিকারস্থিত রাজকর্ম্মচারিগণ উপবেশন করিবে। বাম ও দক্ষিণপার্শ্বে যথাক্রমে জামাতা ও ভগিনীপতি উপবেশন করিবে। আত্মসদৃশ সুহৃৎ নিজ সমীপে অথবা অর্দ্ধাসনে উপবেশন করিবে। দৌহিত্র ও ভাগিনেয়দিগের স্থানে দত্তকাদি উপবেশন

২। সভায়াং প্রত্যগর্দ্ধস্য মধ্যে রাজাসনং স্মৃতম্।
দক্ষসংস্থা বামসংস্থা বিশেয়ুঃ পার্শ্বকোষ্ঠগাঃ॥ শুক্র, ১ অ। ৩৫৩।

৩। পুত্রাঃ পৌত্রা ভ্রাতরশ্চ ভাগিনেয়াঃ স্বপৃষ্ঠতঃ।
দৌহিত্রা দক্ষভাগাৎ তু বামসংস্থা ক্রমাদিমে॥
পিতৃব্যাঃ স্বকুলশ্রেষ্ঠাঃ সভ্যাঃ সেনাধিপাস্তথা।
স্বাগ্রে দক্ষিণভাগে তু প্রাক্‌সংস্থাঃ পৃথগাসনাঃ॥
মাতামহকুলশ্রেষ্ঠামন্ত্রিণো বান্ধবাস্তথা।
শ্বশুরাশ্চৈব শ্যালাশ্চ বামাগ্রে চাধিকারিণঃ॥
বামদক্ষিণপার্শ্বস্থৌ জামাতা ভগিনীপতিঃ।
স্বসদৃশঃ সমীপে বা স্বার্দ্ধাসনগতঃ সুহৃৎ॥
দৌহিত্র ভাগিনেয়ানাং স্থানে স্যুর্দত্তকাদয়ঃ।
ভাগিনেয়াশ্চ দৌহিত্রাঃ পুত্রাদিস্থানসংস্থিতাঃ॥ শুক্র, ১ অ। ৩৫৪—৩৫৮।

করিবে, ভাগিনেয় ও দৌহিত্রগণ পুত্রের স্থানে অবস্থান করিবে। শুক্র, ১অ। ৩৫৪—৩৫৮।

৪। পিতা ও আচার্য্য পার্শ্বদ্বয়ের অগ্রভাগে রাজাসনের সদৃশ অথবা তদপেক্ষা উৎকৃষ্টতর আসনে উপবেশন করিবেন। লেখকগণ মন্ত্রিগণের পৃষ্ঠদেশে অবস্থান করিবে। শুক্র, ১অ। ৩৫৯।

৫। ভৃত্যগণ সকলের পশ্চাদ্ভাগে থাকিবে। সিংহাসনের উভয় পার্শ্বে প্রবেশ-নতি-বোধক (কার্য্যার্থীদিগের প্রবেশকালীন প্রণাম নিবেদক) দুই জন স্বর্ণদণ্ডধর ভৃত্য অবস্থান করিবে। শুক্র, ১অ। ৩৬০। *

৬। বিশিষ্ট রাজচিহ্নধারী রাজা সুভূষণ, সুকবচ, সুবস্ত্র পরিহিত হইয়া ও মুকুট ধারণ করিয়া সুখে সিংহাসনে আরোহণ করিবেন। শুক্র, ১ অ। ৩৬১।

৭। বিনা আদেশে রাজসভায় প্রবেশকারীকে দৌবারিক নিরোধ

৪। যথা পিতা তথাচার্য্যঃ সমশ্রেষ্ঠাসনে স্থিতঃ।
পার্শ্বয়োরগ্রতঃ সর্ব্বে লেখকা মন্ত্রিপৃষ্ঠগাঃ॥ শুক্র, ১ অ। ৩৫৯।

৫। পরিচারগণাঃ সর্ব্বে সর্ব্বেভ্যঃ পৃষ্ঠসংস্থিতাঃ।
স্বর্ণদণ্ডধরৌ পার্শ্বে প্রবেশনতিবোধকৌ॥ শুক্র, ১ অ। ৩৬০।

৬। বিশিষ্টচিহ্নযুগ্রাজা স্বাসনে প্রবিশেৎ সুখম্।
সুভূষণঃ সুকবচঃ সুবস্ত্রো মুকুটান্বিতঃ॥ শুক্র, ১ অ। ৩৬১।

৭। বিনাজ্ঞয়া বিশন্তস্তু দ্বাস্থঃ সম্যঙ্ নিরোধয়েৎ।
নিবেদ্যকার্য্যং বিজ্ঞাপ্য তেনাজ্ঞপ্তঃ প্রমোচয়েৎ॥ শুক্র, ২ অ। ২১০।

* এখন যেমন রাজপ্রতিনিধিস্বরূপ উর্দ্ধতন কোন কর্ম্মচারীর সহিত কার্য্যোপলক্ষে সাক্ষাৎ করিতে গেলে, আর্দ্দালী (আজ্ঞাবাহক) চাপরাসীকে "সাহেবকো সেলাম দেও" এই কথা বলিয়া সাক্ষাতের প্রার্থনা জানাইতে হয়, প্রাচীনকালেও সেইরূপ নিয়ম ছিল। দণ্ডধর ভৃত্য দ্বারা রাজসমীপে প্রণাম জানাইতে হইত।

করিবে, পরে রাজাকে জানাইয়া তাঁহার আদেশমত প্রবেশার্থী নিরুদ্ধ ব্যক্তিকে মোচন করিবে। শুক্র, ২অ। ২১০।

৮। দণ্ডধর সভামধ্যে সমাগত ব্যক্তিদিগকে দেখিয়া, যথাক্রমে তাহাদের প্রণাম রাজাকে জানাইয়া, তাহাদের উপবেশনার্থ স্থান নির্দ্দেশ করিবে। শুক্র, ২ অ। ২১১।

৯। তদনন্তর রাজগৃহে গিয়া ও রাজাদেশ প্রাপ্ত হইয়া রাজার সমীপে উপস্থিত হইবে ও রাজাকে দ্বিতীয় বিষ্ণু বোধে যথান্যায় প্রণাম করিবে। অনুরাগ-সম্পন্ন, চিত্তজ্ঞ প্রভুর অর্দ্ধাসনে দৃষ্টি স্থাপন করিবে, অন্যদিকে দৃষ্টিপাত করিবে না! শুক্র, ২ অ। ২১২—১১৩।

১০। জ্বলন্ত-অগ্নি, ক্রুদ্ধসর্প বোধে জীবন ও সম্পত্তির অধীশ্বর

৮। দৃষ্ট্বাগতান্ সভামধ্যে রাজ্ঞে দণ্ডধরঃ ক্রমাৎ।
নিবেদ্য তন্নতীঃ পশ্চাৎ তেষাং স্থানানি সূচয়েৎ॥ শুক্র, ২ অ। ২১১।

৯। ততো রাজগৃহং গত্বাজ্ঞপ্তো গচ্ছেচ্চ সন্নিধিম্।
নত্বা নৃপং যথান্যায়ং বিষ্ণুরূপমিবাপরম্॥
প্রবিশ্য সানুরাগস্য চিত্তজ্ঞশ্চ সমস্ততঃ।
ভর্ত্তুরর্দ্ধাসনে দৃষ্টিং কৃত্বা নান্যত্র নিক্ষিপেৎ॥ শুক্র, ২ অ। ২১২—২১৩।

১০। অগ্নিং দীপ্তমিবাসীদেদ্ রাজানমুপশিক্ষিতঃ।
আশীবিষমিব ক্রুদ্ধং প্রভুং প্রাণধনেশ্বরম্॥
যত্নেনোপচরেন্নিত্যং নাহমস্মীতি চিন্তয়েৎ।
সমর্থয়ন্ চ তৎপক্ষং সাধু ভাষেত ভাষিতম্।
তন্নিয়োগেন বা ব্রূয়াদর্থং সুপরিনিশ্চিতম্॥
সুখপ্রবন্ধগোষ্ঠীষু বিবাদে বাদিনাং মতম্।
বিজানন্নপি নো ব্রূয়াদ্ভর্ত্তুঃ ক্ষিপ্তোত্তরং বচঃ॥ শুক্র, ২ অ। ২১৪—২১৬।

রাজার নিকট বিনীত ভাবে গমন করিবে। সযত্নে তাঁহার সেবা করিবে, কদাপি আপনাকে স্বাধীন জ্ঞান করিবে না। রাজপক্ষ সমর্থন করিয়া তাঁহার তৃপ্তিকর বাক্য কহিবে অথবা আদেশমত সুনিশ্চিত বিষয় বলিবে। বিহার সমাজে, পরস্পরের তর্কস্থলে অভিপ্রায় অবগত হইয়াও রাজার সিদ্ধান্তের প্রতিকূলে কিছু বলিবে না। শুক্র, ২। অ। ২১৪-২১৬।

১১। রাজা কর্তৃক আহূত ব্যক্তি সর্ব্বদা বিনীতবেশ, প্রাঞ্জলি, প্রণত, আচ্ছাদিত-পুরোভাগ হইয়া তাঁহার আদেশ শ্রবণ ও তাহা স্বীকার করিয়া পশ্চাৎ নিজ প্রয়োজন জ্ঞাপন করিবে। প্রভুর পার্শ্বে অথবা সম্মুখে আসনে উপবেশন করিবে না, রাজা আদেশ করিলে কেবল তাহা স্পর্শ করিবে। রাজসম্মুখে উচ্চহাস্য, কাস, নিষ্ঠীবন, কুৎসন, জৃম্ভণ, গাত্রভঙ্গ ও পর্ব্বাস্ফোট করিবে না। রাজার আদিষ্ট স্থানে হৃষ্টচিত্তে অবস্থান করিবে এবং প্রবীণতুল্য মেধাবী হইয়া অভিমান পরিত্যাগ করিবে। শুক্র, ২ অ। ২১৭—২২০।

১১। সদানুদ্ধতবেশঃ স্যান্নৃপাহূতস্তু প্রাঞ্জলিঃ।
তদগ্রং কৃতনতিঃ শ্রুত্বা বস্ত্রান্তরিতসম্মুখঃ॥
তদাজ্ঞাং ধারয়িত্বাদৌ স্বকর্ম্মাণি নিবেদয়েৎ।
নত্বাহহসীতাহহসনে প্রহ্বো ন তৎপার্শ্বে ন সম্মুখে॥
উচ্চৈঃ প্রহসনং কাসং ষ্ঠীবনং কুৎসনং তথা।
জৃম্ভণং গাত্রভঙ্গঞ্চ পর্ব্বাস্ফোটঞ্চ বর্জ্জয়েৎ॥
রাজাদিষ্টস্তু যৎ স্থানং তত্র তিষ্ঠেন্মুদান্বিতঃ।
প্রবীণোচিতমেধাবী বর্জয়েদভিমানতাম্॥ শুক্র, ২ অ। ২১৭—২২০।

১২। হিতার্থী ব্যক্তি অপৃষ্ট হইয়াও রাজার আপৎকালে, উন্মার্গ গমনকালে এবং কার্য্যসময়াতিক্রম কালে হিতবাক্য কহিবে। প্রিয়, যথার্থ, হিতকর ও ধর্ম্মার্থক বাক্য কহিবে। সসম্মানে সর্ব্বদা প্রভুর হিতকর বাক্য জ্ঞাপন করিবে। রাজসম্মুখে অন্য রাজার কীর্ত্তি ও নীতিফল কীর্ত্তন করিবে। হে রাজন্ তুমি দাতা, শূর, ধার্ম্মিক, নীতিমান্, তোমার মনে কদাপি অনীতি থাকিতে পারে না, ইহাই বলিবে, এবং অনীতিহেতু যে সকল রাজা ভ্রষ্ট হইয়াছেন, তাহাদের বর্ণন করিবে। শুক্র, ২ অ। ২২১—২২৪।

১৩। তুমি সকল রাজা অপেক্ষা শ্রেষ্ঠ এ কথা কহিবে না। দেশ ও কাল পরিজ্ঞাত হইয়া, উপযুক্ত দেশে ও কালে পরের কার্য্য সাধন করিবে। যাহাতে পরার্থের হানি না হয়, এরূপ বাক্য কহিবে, কিন্তু প্রজাকার্য্যের অনুরোধে সর্ব্বদা রাজাকে উৎপীড়িত করিবে না। শুক্র, ২ অ। ২২৫—২২৬।

১২। আপদ্যুন্মার্গগমনে কার্য্যকালাত্যয়েষু চ।
অপৃষ্টোঽপি হিতান্বেষী ব্রূয়াৎ কল্যাণভাষিতম্॥
প্রিয়ং তথ্যঞ্চ পথ্যঞ্চ বদেদ্ধর্ম্মার্থকং বচঃ।
সমানবার্ত্তয়া চাপি তদ্ধিতং বোধয়েৎ সদা॥
কীর্ত্তিমন্যনৃপাণাং বা বদেন্নীতিফলং তথা।
দাতা ত্বং ধার্ম্মিকঃ শূরো নীতিমানসি ভূপতে॥
অনীতিস্তে তু মনসি বর্ত্ততে ন কদাচন।
যে যে ভ্রষ্টা অনীত্যা তান্ তদগ্রে কীর্ত্তয়েৎ সদা॥ শুক্র, ২ অ। ২২১—২২৪।

১৩। নৃপেভ্যো হ্যধিকোঽসীতি সর্ব্বেভ্যো ন বিশেষয়েৎ।
পরার্থং দেশকালজ্ঞো দেশে কালে চ সাধয়েৎ॥
পরার্থনাশনং ন স্যাৎ তথা ব্রূয়াৎ সদৈব হি।
ন কর্ষয়েৎ প্রজাকার্য্যমিষতশ্চ নৃপং সদা॥ শুক্র, ২ অ। ২২৫—২২৬।

১৪। যে, যে কার্য্যে নিযুক্ত; সে, সেই কার্য্যে তৎপর থাকিবে, অন্যের কার্য্যে প্রবৃত্ত হইবে না বা অন্যের হিংসা করিবে না। শুক্র, ২অ। ২২৮।

রাজার বিরক্তের লক্ষণ।

১৫। যে প্রভু আশা বর্দ্ধন করিয়া ফলনাশ করেন, তিনি অকোপ হইলেও ক্রুদ্ধতুল্য, প্রসন্ন হইলেও নিষ্ফল, তিনি সগর্ব্বে কথা কহেন ও বৃত্তিচ্ছেদ করেন। গুণকীর্ত্তন করিলেও বিমুখবৎ, কার্য্য করিলে অন্যত্র দৃষ্টি নিক্ষেপ করেন, এইগুলি বিরক্তের লক্ষণ; অনুরক্তের লক্ষণ পরে কহিতেছি। শুক্র, ২ অ। ২৩৭—২৩৯।

রাজার অনুরক্তের লক্ষণ।

১৬। দেখিলে প্রসন্ন হন, আদরে বাক্য গ্রহণ ও কুশলাদি প্রশ্ন করেন, আসন দান করেন, সেবকের সহিত নির্জ্জনে সাক্ষাৎ করেন,

---

১৪। যৎ কার্য্যে যো নিযুক্তঃ স ভূয়াৎ তৎকার্য্যতৎপরঃ।
নান্যাধিকারমন্বিচ্ছেন্নাভ্যসূয়েচ্চ কেনচিৎ॥ শুক্র, ২ অ। ২২৮।

১৫। আশাবর্দ্ধনকং কৃত্বা ফলনাশং করোতি চ।
অকোপোঽপি সকোপাভঃ প্রসন্নোঽপি চ নিষ্ফলঃ।
বাক্যঞ্চ সমদং বক্তি বৃত্তিচ্ছেদং করোতি চ॥
লক্ষ্যতে বিমুখশ্চৈব গুণসংকীর্ত্তনে কৃতে।
দৃষ্টিং ক্ষিপত্যথান্যত্র ক্রিয়মাণে চ কর্ম্মণি॥
বিরক্ত লক্ষণং হ্যেতদ্রক্তস্য লক্ষণং ব্রুবে॥ শুক্র, ২ অ। ২৩৭—২৩৯।

১৬। দৃষ্ট্বা প্রসন্নো ভবতি বাক্যং গৃহ্ণাতি চাদরাৎ।
কুশলাদিপরিপ্রশ্নী প্রদাপয়তি চাসনম্॥
বিবিক্তদর্শনং চাস্য রহস্যেনং ন শঙ্কতে।
জায়েত হৃষ্টবদনঃ শ্রুত্বা তস্য চ তৎকথাম্॥

তাহার সহিত নির্জ্জনে থাকিতেও ভয় করেন না, তাহার বাক্য শুনিয়া প্রসন্ন-বদন হন, সেবকের কৃত অপ্রিয়-কার্য্যও অনুমোদন করেন, তাহার প্রদত্ত উপহার গ্রহণ করেন, যৎকিঞ্চিৎ কার্য্য করিলেও প্রহৃষ্ট-বদনে তাহাকে আহ্বান করেন, এই সকল অনুরক্তের লক্ষণ; অনুরক্ত রাজার সেবা করা কর্ত্তব্য। শুক্র, ২ অ। ২৪০—২৪৩।

১৭। বিরক্ত রাজাকে ত্যাগ করিবে, অনুরক্ত রাজাতে জীবিকা প্রতিষ্ঠিত। বিরক্ত রাজা নাশ ও বিপক্ষের অভ্যুদয় সাধন করে। শুক্র, ২ অ। ২৩৫—২৩৬।

১৮। চার ও সূচকের দোষহেতু যদি রাজা বিরুদ্ধ কথা কহেন, তবে মৌনাবলম্বন করিয়া তাহা শুনিবে, কিন্তু সত্যবৎ অনুমোদন করিবে না। শুক্র, ২ অ। ২৪৫।

১৯। ক্ষেপণীয় অস্ত্রধারী ব্যক্তি অস্ত্র পাতের বহির্ভূত স্থানে অর্থাৎ বহির্দ্দেশে ও শস্ত্রধারী ব্যক্তি রাজার নিকট হইতে দশহস্ত দূরে থাকিবে

অপ্রিয়াণ্যপি চান্যানি তদ্‌যুক্তান্যভিমন্যতে।
উপায়নঞ্চ গৃহ্ণাতি স্তোক সম্পাদনৈস্তথা।
কথান্তরেষু স্মরতি প্রহৃষ্টবদনস্তথা॥
ইতি রক্তস্য বৈ লক্ষ্যং কর্ত্তব্যং তস্য সেবনম্॥ শুক্র, ২ অ। ২৪০—২৪৩।

১৭। ত্যজেদ্বিরক্তং নৃপতিং রক্তে বৃত্তিস্তু কারয়েৎ॥
বিরক্তঃ কারয়েন্নাশং বিপক্ষাভ্যুদয়ং তথা॥ শুক্র, ২ অ। ২৩৫—২৩৬।

১৮। চারসূচক দোষেণ যন্যথা সম্বদেন্নৃপঃ।
শৃণুয়ান্মৌনমাশ্রিত্য তথ্যবন্নানুমোদয়েৎ॥ শুক্র, ২ অ। ২৪৫।

১৯। সাস্ত্রো দূরং নৃপাৎ তিষ্ঠেদস্ত্রপাতাদ্ বহিঃ সদা।
সশস্ত্রো দশহস্তস্তু যথাদিষ্ট নৃপপ্রিয়াঃ॥
পঞ্চহস্তং বসেয়ুর্বৈ মন্ত্রিণো লেখকাঃ সদা।
সেনপেস্তু বিনানৈব সশস্ত্রাস্ত্রো বিশেৎ সভাম্॥ শুক্র, ২ অ। ২৭৬—২৭৭।

এবং রাজার প্রিয় ব্যক্তি আদেশমত দূরে থাকিবে। মন্ত্রী ও লেখকগণ পঞ্চহস্ত দূরে থাকিবে, রাজা সেনাপতি সঙ্গে না লইয়া, অস্ত্র-শস্ত্র ধারণ করিয়া সভায় প্রবেশ করিবেন না। শুক্র, ২অ। ২৭৬—২৭৭।

২০। পুরোহিত শ্রেষ্ঠতর (অর্থাৎ সকল হইতে শ্রেষ্ঠ), সেনাপতি শ্রেষ্ঠ, সুহৃদ্ ও সম্বন্ধ-বিশিষ্ট ব্যক্তি সমান এবং মন্ত্রী উত্তম বলিয়া পরিগণিত। অধিকারিগণ মধ্যম, দর্শক ও লেখক অধম, ভৃত্য অধমতম ও পরিচারক অপেক্ষা নিকৃষ্ট কর্ম্মচারীকে নীচ-সাধক জানিবে। রাজা পুরোহিতাদি প্রকৃতির যথাক্রমে পুরোগমন, উত্থান, নিজাসনে সন্নিবেশন, কুশল প্রশ্ন ও সহাস্য দর্শন করিবেন। অন্যান্য অধিকারিগণকে সভায় উপবিষ্ট থাকিয়াই নিরলস ভাবে স্নেহাবলোকন করিবেন। শুক্র, ২ অ। ২৭৮—২৮১।

প্রহরীর বিধান।

২১। প্রহরীর সংখ্যানুসারে দিবা-রাত্রকে আট, দশ, বা দ্বাদশভাগে

২০। পুরোহিতঃ শ্রেষ্ঠতরঃ শ্রেষ্ঠঃ সেনাপতিঃ স্মৃতঃ।
সমঃ সুহৃচ্চসম্বন্ধী হ্যুত্তমামন্ত্রিণঃ স্মৃতাঃ॥
অধিকারিগণো মধ্যোঽধমৌ দর্শকলেখকৌ।
জ্ঞেয়োঽধমতমো ভৃত্যঃ পরিচারগণঃ সদা।
পরিচারগণান্ন্যূনো বিজ্ঞেয়ো নীচসাধকঃ॥
পুরোগমনমুত্থানং স্বাসনে সন্নিবেশনম্।
কুর্য্যাৎ সকুশলপ্রশ্নং ক্রমাৎ সস্মিত দর্শনম্॥
রাজা পুরোহিতাদীনাং ত্বন্তেষাং স্নেহদর্শনম্।
অধিকারিগণাদীনাং সভায়শ্চ নিরালসঃ॥ শুক্র, ২ অ। ২৭৮—২৮১।

২১। অষ্টধা দশধা বাপি কুর্য্যাদ্ দ্বাদশধাপি বা।
যামিকার্থমহোরাত্রং যামিকান্ বীক্ষ্য নান্যথা॥
আদৌ প্রকল্পিতানংশান্ ভজেয়ুর্যামিকাস্তথা।
আদ্যঃ পুনস্তত্তিমাংশং স্বপূর্ব্বাংশং ততোঽপরে॥

বিভক্ত করিবে, অন্যথা নহে। প্রহরিগণ অগ্রে সেই অনুসারে কার্য্য করিবে। প্রথম প্রহরী পরে শেষাংশ, তৎপরে অন্য প্রহরিগণ নিজ নিজ পূর্ব্ব ভাগানুসারে কার্য্য করিবে। পুনরায় আগু প্রহরী অন্ত্য বা অন্ত্যযামিক আগু ও পরদিন দ্বিতীয়াদি ক্রমে নিজ অংশমত কার্য্য করিবে। দিনে চারির অধিক প্রহরী নিত্য নিযুক্ত করিবে বা কার্য্য গৌরব অনুসারে যুগপৎ বহুযামিক নিযুক্ত করিবে, কদাপি চারি অপেক্ষা অল্প প্রহরী নিযুক্ত করিবে না। যে বিষয় রক্ষণীয় তাহা প্রহরীকে আদেশ করিবে, কারণ প্রজাদিগের সকল কার্য্যই প্রহরী-দিগের সাক্ষাতে হয়; অতএব প্রহরীও তৎসমুদায় শিক্ষা করিবে। প্রহরী নির্দ্ধারিত কালমধ্যে অস্বামিক বা সস্বামিক স্বর্ণাদি কীলকোষ্ঠে রক্ষা করিবে। অনন্তর নিজ প্রহরিকাল শেষ হইলে অন্য প্রহরীকে তাহা দেখাইয়া দিবে। দূর হইতে ক্ষণে ক্ষণে প্রজাদিগকে জাগরিত (প্রবোধিত) করা প্রহরীর কার্য্য। রাজা যদি সমস্ত সংকৃত

পুনর্যোজয়েত্তদাদ্যোঽন্ত্যং চান্তিমে ততঃ।
স্বপূর্ব্বাংশং দ্বিতীয়েঽহ্নি দ্বিতীয়াদি ক্রমাগতম্॥
চতুর্ভ্যস্ত্বধিকান্ নিত্যং যামিকান্ যোজয়েদ্দিনে।
যুগপদ্যোজয়েদ্ দৃষ্ট্বা বহূন্ বা কার্য্যগৌরবম্॥
চতুরূনান্ যামিকাংস্তু কদা নৈব নিয়োজয়েৎ॥
যদ্রক্ষ্যমুপদেক্ষ্যং যদাদেশ্যং যামিকায় তৎ।
তৎ সমক্ষং হি সর্ব্বং স্যাদ্যামিকোঽপি চ তত্তথা॥
কীলকোষ্ঠে তু স্বর্ণাদি রক্ষেন্নিয়মিতাবধি।
স্বাংশান্তে দর্শয়েদন্য যামিকস্তু যথার্থকম্॥
ক্ষণে ক্ষণে যামিকানাং কার্য্যং দূরাৎ সুবোধনম্॥
সংকৃতান্ নিয়মান্ সর্ব্বান্ যদা সম্পালয়েন্নৃপঃ।
তদৈব নৃপতিঃ পূজ্যো ভবেৎ সর্ব্বেষু নান্যথা॥ শুক্র, ৪অ—৭প্র। ৪০২—৪১০।

সুনিয়মে পালন করেন, তবেই তিনি সকল জগতের পূজ্য হন, অন্যথা নহে। শুক্র, ৪অ—৭ প্র। ৪০২—৪১০।

২২। চামর, হেমদণ্ড এবং উৎকৃষ্ট ছত্র রাজাদিগের প্রশস্ত চিহ্ন। হংস, ময়ুর, শুক কিম্বা বক পক্ষ দ্বারা ছত্র নির্ম্মাণ করিবে, মিশ্র পক্ষ দ্বারা কথনও করিবে না। ব্রাহ্মণ রাজার পক্ষে চতুরস্র কিম্বা বৃত্তাকার শুক্লবর্ণ ছত্রই প্রশস্ত। অগ্নি, ২৪৫ অ। ১—২।

২৩। দণ্ড তিন, চারি, পাঁচ, ছয়, সাত অথবা অষ্টপর্ব্ব হওয়া আবশ্যক। সিংহাসন ক্ষীরবৃক্ষ (অশ্বত্থ বৃক্ষ) দ্বারা নির্ম্মিত, পঞ্চদশ অঙ্গুলি উন্নত, ত্রিহস্ত বিস্তৃত এবং সুবর্ণাদি দ্বারা চিত্রিত হইবে। অগ্নি, ২৪৫ অ। ৩—৪।

একবিংশ স্তবক।

রাজ্যবিভাগ—শাসন-প্রণালী ও রাজ-শ্রেণী বিভাগ।

মহীপতি প্রায় নিয়তই সাম্রাজ্যের রাজধানীতে অবস্থিতি করিয়া থাকেন, বিশেষতঃ একাকী রাজাকর্ত্তৃক সমুদায় সাম্রাজ্য পর্য্য-

২২। চামরো রুক্মদণ্ডোঽগ্র্যশ্ছত্রং রাজ্ঞঃ প্রশস্যতে।
হংসপক্ষৈর্বিরচিতং ময়ূরস্য শুকস্য চ॥
পক্ষৈর্বাথ বলাকায়া ন কার্য্যং মিশ্র পক্ষকৈঃ।
চতুরস্রং ব্রাহ্মণস্য বৃত্তং রাজ্ঞশ্চ শুক্লকম্॥ অগ্নি, ২৪৫অ। ১—২।

২৩। ত্রিচতুঃপঞ্চষট্‌সপ্ত অষ্ট পর্ব্বশ্চ দণ্ডকঃ।
ভদ্রাসনং ক্ষীরবৃক্ষৈঃ পঞ্চদশাঙ্গুলোচ্ছ্রয়ৈঃ॥
"বিস্তারেণ ত্রিহস্তং স্যাৎ সুবর্ণাদ্যৈশ্চ চিত্রিতম্।" অগ্নি, ২৪৫অ। ৩—৪।

বেক্ষিত ও সকল কার্য্য নিষ্পন্ন হইবার সম্ভাবনা নহে; সুতরাং শাসন, বিচার, করসংগ্রহাদি নানাবিধ রাজকীয় কার্য্যের নিমিত্ত সাম্রাজ্য পৃথক্ পৃথক্ বিভাগ করিয়া তত্তদ্বিভাগে ঐ সকল রাজ-কার্য্য নির্ব্বাহার্থে রাজকীয় কর্ম্মচারী নিযুক্ত করিতে হয়। অধুনা যেরূপ প্রেসিডেন্সি, জেলা ও মহকুমাদি ক্রমে, রাজ্য বিভাগ হইয়া শাসন ও বিচার কার্য্য পরিচালিত হইতেছে, তাহা পাঠক-বর্গ দেখিতেছেন। প্রাচীনকালে রাজ্যবিভাগ এবং তাহার শাসন ও বিচারকার্য্য-প্রণালী স্বতন্ত্র ছিল। পূর্ব্বকালে গ্রামাধিপতি ও সর্ব্বার্থ-চিন্তক সচিব দ্বারা রাজ্যের শাসন কার্য্য নির্ব্বাহিত হইত, অর্থাৎ মহীপতি প্রত্যেক গ্রামে এক এক জনকে অধিপতি করিয়া রাখিতেন, পরে কাহাকে দশ গ্রামের, কাহাকে বিংশতি গ্রামের, কাহাকে শত গ্রামের, কাহাকে সহস্র গ্রামের, কাহাকে বা অযুত গ্রামের আধিপত্য অর্পণ করিতেন। গ্রামে চৌর্য্যাদি দোষ সংঘটিত হইলে, গ্রামাধিপ স্বয়ং তাহার সমাধা (কিনারা) করিতে অসমর্থ হইলে দশ গ্রামাধিপের নিকট তাহা আবেদন করিতেন এবং তিনিও যদি তাহাতে সমর্থ না হইতেন, তবে তিনি বিংশতি গ্রামাধিপের নিকট তাহা জানাইতেন; এইরূপে বিংশতি গ্রামাধিপ শতাধিপকে এবং শতাধিপ সহাস্রাধিপকে জানাইতেন। রাজকার্য্যে নিযুক্ত আর একজন হিতকারী মন্ত্রী, নিরালস্য হইয়া সেই সমুদায় অধিপতি-দিগের গ্রাম্য কার্য্য ও অন্যান্য কার্য্য পর্য্যবেক্ষণ করিতেন। এইরূপে তাঁহারা সকলে গ্রাম্যকার্য্য সকল পরস্পর অবগত হইয়া, গ্রাম্য দোষ ঘটিত কার্য্য সকলের অপরাধীদিগকে শাসনার্থে বিচার জন্য

রাজার নিকট অথবা রাজ-নিযুক্ত ধর্ম্মজ্ঞ, নিয়ত সর্ব্বার্থ-দর্শী, সুপণ্ডিত বিচারকদিগের নিকট সমর্পণ করিতেন। সহস্র ও অযুত গ্রামাধিপতি ভিন্ন, তদধিক গ্রামাধিপতির ব্যবস্থা থাকা শাস্ত্রে লক্ষিত হয় না, সুতরাং শাস্ত্র পাঠে বুঝা যায় যে, পূর্ব্বকালে সাম্রাজ্য মধ্যে যত সহস্র বা অযুত গ্রাম থাকিত, রাজকার্য্য পরিচালনার্থে ততটী বিভাগ হইয়া কার্য্য নির্ব্বাহ হইত এবং সহস্রাধিপতি বা অযুতাধিপতি ও তদুপরি একজন প্রধান মন্ত্রী অধীনস্থ গ্রামাধিপতিদিগের দ্বারা রাজ্যের শাসন ও শান্তিরক্ষার কার্য্য সম্পাদন করিতেন; অধিকন্তু তাঁহাদিগকে যুদ্ধকার্য্যও করিতে হইত। কিন্তু তাঁহাদের কাহারও বিচারকার্য্যের অধিকার থাকিত না। উক্ত মন্ত্রীই রাজ্যে করাবধারণ ও কর-সংগ্রহের কার্য্য নির্ব্বাহ করিতেন। এখন যেরূপ রাজ-প্রতিনিধি শাসন-কারীদিগের দ্বারা বিচার ও শাসন উভয় কার্য্য পরিচালিত হয়, প্রাচীনকালে সেরূপ ছিল না। পাঠকবর্গের অবগতি জন্য প্রাচীনকালের রাজ্যবিভাগ ও শাসন-কার্য্য-প্রাণালী-বিষয়ে শাস্ত্র-কারদিগের বিধি এস্থলে সঙ্কলিত হইল।

১। রাজ্যের সুরক্ষা বিধানার্থে বিস্তৃতি অনুসারে দুই, তিন কিম্বা পাঁচ অথবা একশত গ্রামের মধ্যে উপযুক্ত একজন অধিনায়কের অধীনে এক দল সৈন্য সংস্থাপনপূর্ব্বক একটী গুল্ম অর্থাৎ অধিষ্ঠান নির্দ্দেশ করা কর্ত্তব্য। :মনু, ৭ অ, ১১৪।

১। দ্বয়োস্ত্রয়াণাং পঞ্চানাং মধ্যে গুল্মমধিষ্ঠিতম্।
তথা গ্রাম শতানাঞ্চ কুর্য্যাদ্রাষ্ট্রস্য সংগ্রহম্। মনু, ৭অ। ১১৪।

২। প্রথমতঃ প্রত্যেক গ্রামে এক এক অধিপতি, পশ্চাৎ ক্রমশঃ অধিক প্রতাপবিশিষ্ট দেখিয়া দশ গ্রামের একজন, বিংশতি গ্রামের একজন, শত গ্রামের এক জন এবং সহস্র গ্রামের একজন অধিপতি, রাজা নিযুক্ত করিবেন। মনু, ৭ অ, ১১৫। ম, শা, ৮৭ অ, ৩। বিষ্ণু ৩ অ, ৫।

৩। গ্রামে চৌর্য্যাদি কোনপ্রকার দোষ সংঘটিত হইলে, গ্রামাধিপ স্বয়ং তাহার সমাধা করিতে অসমর্থ হইলে, দশ গ্রামাধিপের নিকট তাহা আবেদন করিবেন এবং তিনিও যদি তৎপ্রতিকারে সমর্থ না হন, তবে বিংশতি গ্রামাধিপের নিকট জানাইবেন। এইরূপ বিংশতি গ্রামাধিপ

২। (ক) গ্রামস্যাধিপতিং কুর্য্যাদ্দশগ্রাম পতিং তথা।
বিংশতীশং শতেশঞ্চ সহস্রপতিমেব চ॥ মনু, ৭অ। ১১৫।
(খ) গ্রামস্যাধিপতিঃ কার্য্যো দশগ্রাম্যাস্তথা পরঃ।
দ্বিগুণায়াঃ শতস্যৈবং সহস্রস্য চ কারয়েৎ॥ ম, শা, ৮৭অ। ৩।
(গ)রাজা "দুর্গমাশ্রয়েৎ"। তত্র স্ব স্ব গ্রামাধিপান্ কুর্য্যাৎ।
দশাধ্যক্ষান্। শতাধ্যক্ষান্। দেশাধ্যক্ষাংশ্চ॥ বিষ্ণু, ৩অ। ৪—৫।
৩। (ক) গ্রামে দোষান্ সমুৎপন্নান্ গ্রামিকঃ শনকৈঃ স্বয়ং।
শংসেদ্‌গ্রামদশেশায় দশেশো বিংশতীশিনে॥
বিংশতীশস্তু তৎ সর্ব্বং শতেশায় নিবেদয়েৎ।
শংসেদ্‌গ্রামশতেশস্তু সহস্রপতয়ে স্বয়ম্॥ মনু, ৭অ। ১১৬—১১৭।
(খ) গ্রামে যান্ গ্রামদোষাংশ্চ গ্রামিকঃ প্রতিভাবয়েৎ।
তান্ ব্রূয়াদ্দশপায়াসৌ স তু বিংশতিপায় বৈ॥
সোঽপি বিংশত্যধিপতির্বৃত্তং জানপদে জনে।
গ্রামাণাং শতপালায় সর্ব্বমেব নিবেদয়েৎ॥ ম, শা, ৮৭অ। ৪—৫।
(গ) গ্রাম দোষাণাং গ্রামাধ্যক্ষঃ পরীহারং কুর্য্যাৎ॥
অশক্তো দশগ্রামাধ্যক্ষায় নিবেদয়েৎ।
সোঽপ্যশক্তঃ শতাধ্যক্ষায়॥ সোঽপ্যশক্তো দেশাধ্যক্ষায়॥
দেশাধ্যক্ষোঽপি সর্ব্বাত্মনা দোষমুচ্ছিন্দ্যাৎ॥ বিষ্ণু, ৩অ। ৬—৮।

শতাধিপকে এবং শতাধিপ সহস্রাধিপকে জানাইবেন। মনু, ৭ অ, ১১৬–১১৭। ম, শা, ৮৭ অ, ৪—৫। বিষ্ণু, ৩ অ, ৬—৮।

৪। (ক) গ্রাম্য লোকেরা অন্ন, পানীয়, ও ইন্ধনাদি যে কোন বস্তু রাজাকে দান করিবে, তৎসমস্ত গ্রামাধিপতির প্রাপ্য। কুল অর্থাৎ ষড়্‌-গবাকৃষ্ট হলদ্বয়ে কর্ষণ যোগ্য ভূমি দশ গ্রামাধিপের বৃত্তি স্বরূপ প্রাপ্য, বিংশতি গ্রামাধিপের তাহার পঞ্চগুণ ভূমি, শতাধিপের একখানি গ্রাম এবং সহস্রাধিপের একটী নগর প্রাপ্য বলিয়া নির্দ্দিষ্ট আছে। মনু, ৭অ, ১১৮—১১৯।

(খ) গ্রামে যে সকল ভোজ্য বস্তু (রাজার প্রাপ্য রূপে) উৎপন্ন হইবে, এক গ্রামাধিপতি সেই সকল বস্তু উপভোগ করিবেন এবং তিনিই দশ গ্রামাধিপতিকে ও দশ গ্রামাধিপতি বিংশতি গ্রামাধিপতিকে ভরণ করিবেন। ম, শা, ৮৭ অ, ৬।

৫। রাজ-নিযুক্ত আর একজন হিতকারী মন্ত্রী, নিরালস্য হইয়া সেই সমুদয় অধিপতিদিগের গ্রাম্য কার্য্য ও অন্যান্য কার্য্য পর্য্যবেক্ষণ করিবেন। মনু, ৭ অ, ১২০।

৬। প্রত্যেক নগরের কার্য্য তত্ত্বাবধানের নিমিত্ত নগর মধ্যে প্রধান

৪। (ক) যানি রাজপ্রদেয়ানি প্রত্যহং গ্রামবাসিভিঃ।
অন্নপানেন্ধনাদীনি গ্রামিকস্তান্যবাপ্নুয়াৎ॥
দশী কুলন্তু ভুঞ্জীত বিংশী পঞ্চকুলানি চ।
গ্রামং গ্রামশতাধ্যক্ষঃ সহস্রাধিপতিঃ পুরম্॥ মনু, ৭অ। ১১৮—১১৯।

(খ) যানি গ্রাম্যাণি ভোজ্যানি গ্রামিকস্তান্যুপাশ্নিয়াৎ।
দশপস্তেন ভর্ত্তব্যস্তেনাপি দ্বিগুণাধিপঃ॥ ম, শা, ৮৭অ। ৬।

৫। তেষাং গ্রাম্যাণি কার্য্যাণি পৃথক্ কার্য্যাণি চৈব হি।
রাজ্ঞোঽন্যঃ সচিবঃ স্নিগ্ধস্তানি পশ্যেদতন্দ্রিতঃ॥ মনু, ৭অ। ১২০।

৬। নগরে নগরে চৈকং কুর্য্যাৎ সর্ব্বার্থচিন্তকম্।
উচ্চৈঃ স্থানং ঘোররূপং নক্ষত্রাণামিব গ্রহম্॥ মনু, ৭অ। ১২১।

উচ্চবংশ-সম্ভূত, সকল বিষয়ের তত্ত্বাবধারণে সমর্থ, নক্ষত্র মধ্যে ভার্গবাদি গ্রহ সদৃশ, ভয়ঙ্কর তেজস্বী, অতিশূর এক একজন অধ্যক্ষ নিযুক্ত করা রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ, ১২১।

৭। ঐ নগরাধ্যক্ষের কর্ত্তব্য,—পূর্ব্বনিয়োজিত গ্রামাধিপতিগণের কার্য্য সকল, সময়ে সময়ে স্বয়ং সর্ব্বদা উপস্থিত থাকিয়া পর্য্যবেক্ষণ করা এবং নিয়োজিত চার দ্বারা তাহাদের চেষ্টিত বিষয় সকল বিশেষরূপে অবগত হওয়া। মনু, ৭ অ, ১২২।

৮। রক্ষণার্থ নিয়োজিত রাজভৃত্যগণ প্রায় অধিকাংশই পরস্বাপহারী এবং প্রবঞ্চক হইয়া থাকে, অতএব সবিশেষ যত্ন সহকারে তাহাদের উপদ্রব হইতে প্রজাগণকে রক্ষা করা, রাজার কর্ত্তব্য কর্ম্ম। মনু, ৭অ, ১২৩।

৯। প্রজাগণের রক্ষার্থ নিয়োজিত যে পাপাত্মা ভৃত্যেরা, বাক্য-কৌশলে অর্থী ও প্রত্যর্থী উভয়ের নিকট অশাস্ত্র অর্থ গ্রহণ করে, রাজার উচিত, বলপূর্ব্বক তাহাদের সর্ব্বস্ব গ্রহণ করতঃ দেশ হইতে তাহাদিগকে নির্ব্বাসিত করা। মনু, ৭ অ, ১২৪।

১০। যে সকল গ্রাম অতিশয় বৃহৎ, উন্নত ও জনসমূহে সমাকুল, শতগ্রামাধ্যক্ষ সৎকার সহকারে তাহাই ভোগ করিতে সমর্থ হইবেন;

৭। স তাননুপরিক্রামেৎ সর্ব্বানেব সদা স্বয়ম্।
তেষাং বৃত্তং পরিণয়েৎ সম্যগ্রাষ্ট্রেষু তচ্চরৈঃ॥ মনু, ৭অ। ১২২।

৮। রাজ্ঞো হি রক্ষাধিকৃতাঃ পরস্বাদায়িনঃ শঠাঃ।
ভৃত্যা ভবন্তি প্রায়েণ তেভ্যোরক্ষেদিমাঃ প্রজাঃ॥ মনু, ৭অ। ১২৩।

৯। যে কার্য্যকেভ্যোঽর্থমেব গৃহ্নীয়ুঃ পাপচেতসঃ।
তেষাং সর্ব্বস্বমাদায় রাজা কুর্য্যাৎ প্রবাসনম্॥ মনু, ৭অ। ১২৪।

১০। গ্রামং গ্রামশতাধ্যক্ষো ভোক্তুমর্হতি সৎকৃতঃ।
মহান্তং ভরতশ্রেষ্ঠ সুস্ফীতং জনসঙ্কুলম্॥

কিন্তু শতাধিপতি যে গ্রাম ভোগ করিবেন, সেই গ্রাম সেই রাষ্ট্রের বহু লোকের অধীন থাকিবে। আর সর্ব্বাধিক * সহস্র গ্রামাধিপতি রাষ্ট্রীয় জনগণের সহিত সঙ্গত হইয়া শাখানগর এবং তত্রত্য ধান্য-হিরণ্যাদি ভোগ্যবস্তু সমুদায় ভোগ করিতে সমর্থ হইবেন। তাঁহাদের সংগ্রাম কৃত্য উপস্থিত হইলে, কোন ধর্ম্মজ্ঞ অনলস সচিব তাহা প্রকৃষ্টরূপে দর্শন করিবেন এবং সমুদায় নগরে এক একজন সর্ব্বার্থ-চিন্তক সচিব উপস্থিত থাকিয়া সমস্ত কার্য্য পর্য্যবেক্ষণ করিবেন। যেমন ঘোররূপ প্রবল গ্রহনক্ষত্র-গণের চিন্তক উচ্চ স্থানে পরিক্রমণ করিয়া থাকেন, তদ্রূপ সেই সর্ব্বার্থ-চিন্তক সচিব সভাসদ্ প্রভৃতি সকলের উপরি পরিক্রমণ করতঃ তাঁহাদিগের কার্য্য সকল পরিদর্শন করিবেন; আর তাঁহার কোন চর রাষ্ট্রমধ্যে সভাসদ্গণের ব্যবহার গোপনে অবগত হইবে। সেই সচিব রাষ্ট্রমধ্যে জিঘাংসু, পাপাত্মা, পরস্বাপহারী, শঠ, রক্ষাধিকৃত নামক মনুষ্য হইতে ঐ প্রজাগণকে রক্ষা করিবেন। ম, শা, ৮৭ অ, ৭—১৩।

তত্র হ্যনেকপারত্তং রাজ্ঞো ভবতি ভারত।
শাখানগরমর্হস্তু সহস্রপতিরুত্তমঃ॥
ধান্যহৈরণ্যভোগেন ভোক্তুং রাষ্ট্রীয় সঙ্গতঃ।
তেষাং সংগ্রামকৃত্যং স্যাদ্গ্রামকৃত্যং চ তেষু যৎ॥
ধর্ম্মজ্ঞঃ সচিবঃ কশ্চিত্তত্তৎ পশ্যেদতন্দ্রিতঃ।
নগরে নগরে বাস্যাদেকঃ সর্ব্বার্থচিন্তকঃ॥
উচ্চৈঃ স্থানে ঘোররূপো নক্ষত্রাণামিব গ্রহঃ।
ভবেৎ স তান্ পরিক্রামেৎ সর্ব্বানেব সভাসদঃ॥
তেষাং বৃত্তিং পরিণয়েৎ কশ্চিদ্রাষ্ট্রেষু তচ্চরঃ॥
জিঘাংসবঃ পাপকামাঃ পরস্বাদায়িনঃ শঠাঃ॥
"রক্ষাভ্যধিকৃতা নাম তেভ্যো রক্ষেদিমাঃ প্রজাঃ।" ম, শা, ৮৭অ। ৭—১৩।

---

* মহাভারতে সহস্র গ্রামাধিপতিকেই সর্ব্বাধিক এবং শুক্রনীতিতে অযুতাধিপতি পর্য্যন্তের উল্লেখ দেখিতে পাওয়া যায়।

১১। যখন রাজাকে প্রজাকৃত পাপপুণ্য উভয়েরই ফল ভোগ করিতে হয়, তখন যাহারা পাপী হইবে, তাহাদিগকে সতত শাসন করা রাজার অবশ্য বিধেয়। পরন্তু যে রাজা সেই পাপী লোকদিগকে দমন না করেন, তাঁহাকে যেমন প্রজাকৃত ধর্ম্মের চতুর্থ ভাগ ভোগ করিতে হয়, তদ্রূপ পাপেরও ফল ভোগ করিতে হইবে। ম, শা, ৮৮ অ, ১৯—২০।

১২। যে রাজার বাহুবল আশ্রয় করিয়া রাজ্যস্থ সকলে নির্ভয়ে বাস করে, জলসেক দ্বারা বৃক্ষ যেমন বর্দ্ধিত হয়, ঐ রাজার রাজ্য তেমনি বৃদ্ধি প্রাপ্ত হয়। মনু, ৯ অ, ২৫৫।

১৩। যাঁহার বর্ষে বর্ষে প্রজাপীড়ন ব্যতিরেকে লক্ষকর্ষ রাজস্ব লাভ হয়, তাঁহাকে সামন্তক কহে। যাঁহার রাজস্ব তিন লক্ষ পর্য্যন্ত তিনি নৃপ। তাহার ঊর্দ্ধ ও দশ লক্ষ পর্য্যন্ত যাঁহার রাজস্ব তাঁহাকে মাণ্ডলিক

১১। ভোক্তা তস্য তু পাপস্য সুকৃতস্য যথা তথা।
নিয়ন্তব্যাঃ সদা রাজ্ঞা পাপা যে স্যুর্নরাধিপ॥
কৃতপাপস্বসৌ রাজা য এতান্ন নিযচ্ছতি।
তথা কৃতস্য ধর্ম্মস্য চতুর্ভাগমুপাশ্নুতে॥ ম, শা, ৮৮অ। ১৯—২০।

১২। নির্ভয়স্তু ভবেদ্‌যস্য রাষ্ট্রং বাহুবলাশ্রিতম্।
তস্য তদ্বর্দ্ধতে নিত্যং সিচ্যমান ইব দ্রুমঃ॥ মনু, ৯অ। ২৫৫।

১৩। লক্ষকর্ষমিতো ভাগো রাজতো যস্য জায়তে।
বৎসরেবৎসরে নিত্যং প্রজানাস্ত্ববিপীড়নৈঃ॥
সামন্তঃ স নৃপঃ প্রোক্তো যাবল্লক্ষত্রয়াবধি।
তদূর্দ্ধং দশলক্ষান্তো নৃপোমাণ্ডলিকঃ স্মৃতঃ॥
তদূর্দ্ধন্তু ভবেদ্রাজা যাবদ্ বিংশতি লক্ষকঃ।
পঞ্চাশল্লক্ষপর্য্যন্তো মহারাজঃ প্রকীর্ত্তিতঃ॥
ততস্তু কোটিপর্য্যন্তঃ স্বরাট্ সম্রাট্ ততঃ পরম্।
দশকোটিমিতো যাবৎ বিরাট্ তু তদনন্তরম্॥
পঞ্চাশৎ কোটিপর্য্যন্তঃ সার্ব্বভৌমস্ততঃ পরম্।
সপ্তদ্বীপা চ পৃথিবী যস্য বশ্যা ভবেৎ সদা॥ শুক্র, ১ অ। ১৮৩—১৮৭।

কহে। তদূর্দ্ধ বিংশতি লক্ষ পর্য্যন্ত যাঁহার রাজস্ব তিনি রাজা। তদূর্দ্ধ ও পঞ্চাশ লক্ষ পর্য্যন্ত যাঁহার রাজস্ব তিনি মহারাজ। তদূর্দ্ধ ও কোটি পর্য্যন্ত যাঁহার রাজস্ব তিনি স্বরাট্। তদূর্দ্ধ দশ কোটি পর্য্যন্ত যাঁহার রাজস্ব তিনি সম্রাট্। তদূর্দ্ধ পঞ্চাশৎ কোটি পর্য্যন্ত যাঁহার রাজস্ব তিনি বিরাট। তদূর্দ্ধ যাঁহার রাজস্ব এবং সপ্তদ্বীপা পৃথিবা যাঁহার নিত্য বশীভূত, তিনি সার্ব্বভৌম। শুক্র, ১ অ। ১৮৩—১৮৭।

১৪। যাহারা বৃত্তিগ্রহণ করিয়া প্রজাপালনে নিযুক্ত থাকে, তাহারা সামন্তাদির তুল্য। তাহারা যথাক্রমে সামন্তাদি সংজ্ঞালাভ করে। শুক্র, ১ অ। ১৮৯।

১৫। যাহারা সামন্তাদি পদ হইতে ভ্রষ্ট হইয়াও মহারাজাদি কর্ত্তৃক তত্তুল্য পদে নিযুক্ত থাক, তাহাদিগকে হীন সামন্ত কহে। শুক্র, ১ অ। ১৯০।

১৬। যিনি শতগ্রামের অধিপতি তিনি সামন্ত, আর যিনি রাজা কর্ত্তৃক শতগ্রামের আধিপত্যে নিযুক্ত হন,তিনি অনুসামন্ত। শুক্র,১অ। ১৯১।

১৭। যিনি দশ গ্রামের অধিপতি তিনি নায়ক, যিনি অযুত গ্রামের অধিপতি তিনি আশাপাল ও স্বরাট্। শুক্র, ১ অ, ১৯২।

১৪। সামন্তাদিসমা যে তু ভৃত্যা অধিকৃতা ভুবি।
তে তু সামন্ত সংজ্ঞাঃ স্যুরাজভাগহরাঃ ক্রমাৎ॥ শুক্র, ১অ। ১৮৯।

১৫। সামন্তাদিপদভ্রষ্টাস্তৎতুল্যং ভৃতিপোষিতাঃ।
মহারাজাদিভিস্তে তু হীনসামন্ত সংজ্ঞকাঃ॥ শুক্র, ১অ। ১৯০।

১৬। শতগ্রামাধিপো যস্তু সোঽপি সামন্তসংজ্ঞকঃ।
শতগ্রামে চাধিকৃতোঽনুসামন্তো নৃপেণ সঃ। শুক্র, ১অ। ১৯১।

১৭। অধিকৃতো দশগ্রামে নায়কঃ স চ কীর্ত্তিতঃ।
আশাপালোঽযুতগ্রামভাগভাক্ চ স্বরাড়পি। শুক্র, ১অ। ১৯২।

১৮। যাহা এক ক্রোশ বিস্তৃত, যাহার রাজস্ব সহস্র রৌপ্যমুদ্রা, তাহাকে গ্রাম কহে। গ্রামার্দ্ধের নাম পল্লী ও অর্দ্ধপল্লীর নাম কুম্ভ। শুক্র, ১ অ, ১৯৩।

দ্বাবিংশ স্তবক।

[রাজকরাবধারণ ও সংগ্রহ।]

রাজা প্রজার নিকট কর গ্রহণ করেন এবং সেই সংগৃহীত কর দ্বারা রাজকীয় সমুদায় ব্যয় নির্ব্বাহ করিয়া রাজ্য রক্ষা করিয়া থাকেন। অতএব রাজ্যরক্ষার্থে রাজকরই প্রধান অবলম্বন। প্রজাদিগের শিক্ষা-দান, চিকিৎসা, বিচার, শাসন, বার্ত্তা-বহন, বর্ত্ম-প্রস্তুত-করণ ইত্যাদি প্রজার মঙ্গলাত্মক ও সৌকর্য্যসাধক নানাবিধ কার্য্য, যাহা রাজা কর্ত্তৃক সম্পাদিত হয়, তাহা সমুদায়ই রাজকরের উপর নির্ভর করে। অধিকন্তু যুদ্ধ-বিগ্রহ ও দুর্ভিক্ষাদি আপদ্‌কালে প্রজারক্ষার্থে রাজার যে ভূরি ভূরি অর্থ ব্যয় হয় তাহাও রাজকরের উপরেই নির্ভর করিয়া থাকে। অতএব প্রজাদিগের উচিত যে, রাজ আজ্ঞা শিরোধারণ করতঃ রাজবিহিত কর প্রদান করেন এবং রাজারও উচিত যে, প্রজাকে এক কালে নিষ্পীড়িত না করিয়া প্রজাকে রক্ষাপূর্ব্বক করাবধারণ ও গ্রহণ করিয়া সুশৃঙ্খলে রাজ্য পালন করেন। শাস্ত্রকারেরা করাবধারণ

১৮। ভবেৎ ক্রোশাত্মকোগ্রাম রূপ্যকর্ষ সহস্রকঃ।
গ্রামার্দ্ধকং পল্লিসংজ্ঞং পল্ল্যর্দ্ধং কুম্ভ সংজ্ঞকম্‌॥ শুক্র, ১অ। ১৯৩।

ও সংগ্রহ, কোষ সঞ্চয় এবং আপদ্‌কালীন রাজ ব্যবহার বিষয়ক যে বিধি নির্দ্দেশ করিয়াছেন, তাহা ক্রমে সঙ্কলিত হইতেছে।

১। বাণিজ্য দ্রব্যের ক্রয় ও বিক্রয়ের মূল্য, তাহা কতদূর হইতে আনীত হইয়াছে, তাহার উপর ভক্তাদিতে (খাই খরচাদিতে) কত খরচ পড়িয়াছে, চৌরাদি হইতে রক্ষণাবেক্ষণের নিমিত্ত যে ব্যয় এবং ব্যবসায়ের লভ্যাংশ এই সমুদায় হিসাব করিয়া রাজা বাণিজ্য দ্রব্যের উপর করস্থাপন করিবেন। মনু, ৭ অ, ১২৭।

২। যাহাতে নিজে এবং প্রজাবর্গ সকলেই স্ব স্ব কার্য্যে ফল লাভ করিতে পারেন, এরূপ বিশেষ বিবেচনাপূর্ব্বক রাজ্যমধ্যে কর নির্দ্ধারণ করা রাজার কর্ত্তব্য। কোন প্রকারে মূলধনের অনুমাত্রও ক্ষতি না হয়, এরূপভাবে জলৌকার শোণিত পানের ন্যায়, বৎসের দুগ্ধপানের ন্যায়, এবং ভ্রমরের মধুপানের ন্যায়, অল্পে অল্পে প্রজাবর্গের নিকট হইতে বার্ষিক কর গ্রহণ করা রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ, ১২৮—১২৯।

৩। স্বর্ণ, রৌপ্য, পশু এবং রত্নাদি ব্যবসায়ের লভ্য ফলের পঞ্চাশদ্ভাগ

১। ক্রয়বিক্রয়মধ্বানং ভক্তঞ্চ সপরিব্যয়ম্।
যোগক্ষেমঞ্চ সম্প্রেক্ষ্য বণিজো দাপয়েৎ করান্॥ মনু, ৭অ। ১২৭।

২। যথা ফলেন যুজ্যেত রাজা কর্ত্তা চ কর্ম্মণাম্।
তথাবেক্ষ্য নৃপো রাষ্ট্রে কল্পয়েৎ সততং করান্॥
যথাল্পাল্পমদন্ত্যাদ্যং বার্য্যোকোবৎস ষট্‌পদাঃ।
তথাল্পাল্পো গ্রহীতব্যো রাষ্ট্রাদ্রাজ্ঞাব্দিকঃ করঃ॥ মনু, ৭অ। ১২৮—১২৯।

৩। পঞ্চাশদ্ভাগ আদেয়ো রাজ্ঞা পশুহিরণ্যয়োঃ।
ধান্যানামষ্টমো ভাগঃ ষষ্ঠো দ্বাদশ এব বা॥
আদদীতাথ ষড়্‌ভাগং দ্রুমমাংসমধুসর্পিষাম্।
গন্ধৌষধি রসানাঞ্চ পুষ্পমূলফলস্য চ॥
পত্রশাকতৃণানাঞ্চ বৈদলস্য চ চর্ম্মণাম্।
মৃন্ময়ানাঞ্চ ভাণ্ডানাং সর্ব্বস্যাশ্মময়স্য চ॥ মনু, ৭ অ। ১৩০—১৩২।

এবং ভূমির উর্ব্বরতা ও কর্ষণ ব্যয়ের তারতম্যানুসারে ধান্যাদি শস্যের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশাংশ রাজার প্রাপ্য। বৃক্ষ, মাংস, ঘৃত, মধু, ওষধি, গন্ধ দ্রব্য, বৃক্ষ-নির্যাস, ফল, মূল, এবং পুষ্প এই সমস্ত দ্রব্যের ক্রয়-বিক্রয় লব্ধার্থের ষষ্ঠাংশ রাজার প্রাপ্য। তৃণ, পত্র, শাক, মৃণ্ময়পাত্র, বংশপাত্র, চর্ম্মপাত্র এবং প্রস্তর-নির্ম্মিত দ্রব্য সামগ্রীর ক্রয়-বিক্রয়-লব্ধার্থেরও ষষ্ঠাংশ রাজার প্রাপ্য। মনু, ৭ অ।১৩০-১৩২।

৪। রাজা অর্থাভাবে মরণাপন্ন হইলেও শ্রোত্রিয় অর্থাৎ বেদজ্ঞ ব্রাহ্মণের নিকট হইতে কর গ্রহণ করিবেন না এবং অধিকারবাসী শ্রোত্রিয়ের যেন কখন ক্ষুধা-জনিত কষ্টভোগ না হয়। মনু, ৭ অ।১৩৩।

৫। সামান্য বস্তু ক্রয়-বিক্রয়ের দ্বারা জীবিকানির্ব্বাহকারী, অতি সামান্যাবস্থ প্রজাদিগের নিকট হইতেও বাৎসরিক কর স্বরূপ যৎকিঞ্চিৎ রাজার কর গ্রহণ করা কর্ত্তব্য। মনু, ৭ অ।১৩৭।

৬। কারুকর্ম্মকারী, শিল্পকর, দাস, দাসী অথবা যাহারা কেবল মাত্র শারীরিক পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, তাহাদিগের দ্বারা রাজা কর স্বরূপে মাসিক একদিন করিয়া নিজ কার্য্য করাইয়া লইবেন। মনু, ৭ অ। ১৩৮।

৪। ম্রিয়মাণোঽপ্যাদদীত ন রাজা শ্রোত্রিয়াৎ করম্।
ন চ ক্ষুধাঽস্য সংসীদেচ্ছ্রোত্রিয়ো বিষয়ে বসন্॥ মনু, ৭অ। ১৩৩।

৫। যৎকিঞ্চিদপি বর্ষস্য দাপয়েৎ করসংজ্ঞিতম্।
ব্যবহারেণ জীবন্তং রাজা রাষ্ট্রে পৃথগ্জনম্॥ মনু, ৭অ। ১৩৭।

৬। কারুকান্ শিল্পিনশ্চৈব শূদ্রাংশ্চাত্মোপজীবিনঃ।
একৈকং কারয়েৎ কর্ম্ম মাসি মাসি মহীপতিঃ॥ মনু, ৭অ ১৩৮।

৭। রাজা প্রজাবর্গের প্রতি অতি স্নেহবশতঃ কিছুমাত্র শুল্কাদি গ্রহণ না করিয়া আত্ম-মূলোচ্ছেদন অথবা অতি তৃষ্ণাবশতঃ প্রজার সর্ব্বস্ব গ্রহণ করতঃ তাহাদের মূলোৎপাটন করিবেন না। কারণ, কোষক্ষয়ে রাজার নিজের সর্ব্বনাশ, প্রজার মূলক্ষয়ে প্রজার সর্ব্বনাশ উপস্থিত হইয়া থাকে। মনু, ৭ অ।১৩৯।

৮। (করাবধারণ জন্য নৃপতি সর্ব্বার্থকুশল সচিব নিয়োগ করিবেন। তিনি রাষ্ট্র মধ্যে) ক্রয়, বিক্রয়, পথ, ভক্ত (অন্ন অর্থাৎ খাদ্য বস্তু) পরি-চ্ছদ (বস্ত্রাদি) ও যোগ-ক্ষেম (বাণিজ্য দ্রব্যের ভাটক অর্থাৎ ভাড়া ও খরিদ) সন্দর্শন করিয়া বণিজ-বর্গের প্রতি কর ধার্য্য করিবেন। উৎপত্তি, দান-বৃত্তি (কাট্‌তি ও ব্যবহার) এবং শিল্পকার্য্য দেখিয়া শিল্পকার্য্য ও শিল্পিগণের প্রতি কর অবধারণ করিবেন। প্রজাগণ যাহাতে অবসন্ন না হয়, সেইরূপ বিবেচনা করিয়া মহীপতি প্রজাগণের প্রতি উচ্চাবচ কর সংস্থাপন করিবেন। ম, শা, ৮৭ অ।১৩-১৫।

৯। ফল অর্থাৎ ধনধান্য এবং কর্ম্ম অর্থাৎ কৃষ্যাদি কার্য্য সম্যক্‌রূপে

৭। নোচ্ছিদ্যাদাত্মনো মূলং পরেষাঞ্চাতি তৃষ্ণয়া।
উচ্ছিন্দন্ হ্যাত্মনো মূলমাত্মানং তাংশ্চ পীড়য়েৎ॥ মনু, ৭অ। ১৩৯।

৮। "বিক্রয়ং ক্রয়মধ্বানং ভক্তং চ সপরিচ্ছদম্॥"
যোগক্ষেমং চ সম্প্রেক্ষ্য বণিজাং কারয়েৎ করান্।
উৎপত্তিং দানবৃত্তিং চ শিল্পং সম্প্রেক্ষ্য চাসকৃৎ॥
শিল্পং প্রতি করানেবং শিল্পিনঃ প্রতিকারয়েৎ।
উচ্চাবচচ করা দাপ্যা মহারাজ্ঞা যুধিষ্ঠির॥ ম, শা, ৮৭। ১৩—১৫।

৯। যথা যথা ন সীদেরংস্তথা কুর্য্যান্মহীপতিঃ।
ফলং কর্ম্ম চ সম্প্রেক্ষ্য ততঃ সর্ব্বং প্রকল্পয়েৎ॥
ফলং কর্ম্ম চ নির্হেতু ন কশ্চিৎ সম্প্রবর্ত্ততে।
যথা রাজা চ কর্ত্তা চ স্যাতাং কর্ম্মণি ভাগিনৌ॥ ম, শা, ৮৭অ। ১৬—১৭।

অবলোকন করিয়া, তবে তাহাতে কর কল্পনা করিবে, কেননা ফল ও কর্ম্মে কাহারও স্বার্থ না থাকিলে, সে কদাচ তাহাতে প্রবৃত্ত হয় না। যাহাতে রাজা ও কর্ম্মকর্ত্তা উভয়ে কর্ম্মভাগী হইতে পারেন, সেইরূপে পর্য্যালোচনা করিয়া, রাজা সতত কর সকল প্রণয়ন করিবেন। ম, শা, ৮৭ অ।১৬-১৭।

১০। যাহাতে অতিশয় তৃষ্ণা বশতঃ আত্মমূল রাষ্ট্র এবং পরমূল কৃষ্যাদি কর্ম্ম উচ্ছিন্ন না হয়, সেইরূপে রাজা লোভ সম্বরণ করিয়া প্রজাগণের প্রিয়দর্শন হইবেন। রাজা অতিখাদী অর্থাৎ বহুভক্ষ্য বলিয়া বিখ্যাত হইলে, তাঁহাকে সকলেই দ্বেষ করিয়া থাকে। রাজা প্রজাগণ কর্ত্তৃক প্রদ্বিষ্ট হইলে, কিরূপে তাঁহার শ্রেয়ো লাভ হইবে? সুতরাং অপ্রিয় রাজা কোন প্রকারে ফললাভ করিতে সমর্থ হন না। যেমন লোকে বৎসকে ক্ষুধার্ত্ত না করিয়া গাভী দোহন করে, তদ্রূপ অক্ষীণ-বুদ্ধি রাজা রাষ্ট্রকে দোহন করিবেন; কেননা বৎস বলবান্ হইলে পীড়া সহ্য

১০। সংবেক্ষ্য তু তথা রাজ্ঞা প্রণেয়াঃ সততং করাঃ।
নোচ্ছিদ্যাদাত্মনো মূলং পরেষাং চাপি তৃষ্ণয়া॥
ঈহাদ্বারাণি সংরুধ্য রাজা সম্প্রীত দর্শনঃ।
প্রদ্বিষন্তি পরিখ্যাতং রাজানমতিখাদিনম্॥
প্রদ্বিষ্টস্য কুতঃ শ্রেয়ো নাপ্রিয়ো লভতে ফলম্।
বৎসৌপম্যেন দোগ্ধব্যং রাষ্ট্রমক্ষীণ বুদ্ধিনা॥
ভৃতো বৎসো জাতবলঃ পীড়াং সহতি ভারত।
ন কর্ম্ম কুরুতে বৎসো ভৃশং দুগ্ধো যুধিষ্ঠির॥
রাষ্ট্রমপ্যতিদুগ্ধং হি ন কর্ম্ম কুরুতে মহৎ।
যো রাষ্ট্রমনুগৃহ্ণাতি পরিরক্ষন্ স্বয়ং নৃপঃ।
"সঞ্জাতমুপজীবন্ স লভতে সুমহৎ ফলম্।" ম, শা; ৮৭অ। ১৮—২৩।

করিতে পারে। যেমন অতিশয় দোহন করিলে, বৎস কর্ম্ম করিতে সমর্থ হয় না, তদ্রূপ অত্যন্ত দোহন করিলে রাষ্ট্রও মহৎ কর্ম্ম করিতে পারে না। যে নৃপতি স্বয়ং অনুগ্রহ করিয়া রাষ্ট্রকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তিনিই বহুকাল জীবিত থাকিয়া, বহুল ফল লাভ করিতে পারেন; ম, শা, ৮৭ অ।১৮-২৩।

১১। বৎস সকল যেমন মাতৃস্তন বিচ্ছিন্ন না করিয়া স্তন হইতে দুগ্ধ দোহন করে এবং অলিকুল যেমন পাদপকে পীড়িত না করিয়া মধু পান করে, রাজা তদ্রূপ রাষ্ট্র হইতে ধন দোহন করিবেন। ম, শা, ৮৮ অ।৪।

১২। ব্যাঘ্রী যেমন পুত্রগণকে সম্যক্‌রূপে দংশন করতঃ পীড়িত না করিয়া হরণ করে এবং জলৌকা যেমন মৃদুভাবে রুধির পান করে, নরপতি তদ্রূপে রাজ্য ভোগ করিবেন। ম, শা, ৮৮ অ।৫।

১৩। যেমন শল্যকশালী অর্থাৎ তীক্ষ্ণতুণ্ড মূষিক অতীক্ষ্ণ উপায় দ্বারা নিদ্রিত মানবের পদতলস্থ মাংস এইরূপে ভক্ষণ করে যে, তাহাতে শয়ান ব্যক্তির কিঞ্চিৎ বেদনা বশতঃ ঈষৎ পাদসঞ্চালন হওয়ায়, তাহাকে ভক্ষণ হইতে বিরত হইতে হয় না, মহীপতিও সেইরূপে রাজ্যভোগ করিবেন। ম, শা, ৮৮ অ।৬।

১১। মধুদোহং দুহেদ্রাষ্ট্রং ভ্রমরা ইব পাদপম্।
বৎসাপেক্ষী দুহেচ্চৈব স্তনাংশ্চ ন বিকুট্টয়েৎ। ম, শা, ৮৮অ। ৪।

১২। জলৌকাবৎ পিবেদ্রাষ্ট্রং মৃদুনৈব নরাধিপঃ।
ব্যাঘ্রীব চ হরেৎ পুত্রান্ সন্দংশেন্ন চ পীড়য়েৎ॥ ম, শা, ৮৮অ। ৫।

১৩। যথা শল্যকবানাখুঃ পদং ধূনয়তে সদা।
অতীক্ষ্ণেনাভ্যুপায়েন তথা রাষ্ট্রং সমাপিবেৎ॥ ম, শা, ৮৮অ। ৬।

১৪। প্রজাপাল মহীপতি প্রথমতঃ প্রজাগণের নিকট অল্প অল্প কর আদায় করিয়া বর্দ্ধিত করতঃ পর পর বর্ষে অধিক করিয়া ক্রমে বৃদ্ধি করিতে থাকিবেন। ম, শা, ৮৮ অ।৭।

১৫। যেমন বৎস সকলকে অতি যত্নে মৃদুপূর্ব্বক ক্রমে ক্রমে পাশ গ্রহণ করাইয়া উত্তরোত্তর ভার বর্দ্ধিত করতঃ দমন করিতে হয়, প্রজা-গণকেও রাজা সেইরূপে দমন করিবেন। যেমন বৎস সকল সদ্যঃ পাশবদ্ধ হইলে দুর্দ্দম্য হইয়া প্রাণ পরিত্যাগ করে, তদ্রূপ প্রজাগণও এক কালে অতিশয় করভারাক্রান্ত হইলে, দুর্দ্দম্য হইয়া প্রাণ পরিত্যাগ করিয়া থাকে; অতএব রাজাকে বৎস-তুল্য প্রজাগণকে অতি যত্নে ক্রমে ক্রমে দমন করিতে হইবে, তাহা না হইলে প্রজা রক্ষা হইবে না। ম, শা, ৮৮ অ।৮-৯।

১৬। প্রতি পুরুষে সকল কার্য্য সুলভরূপে প্রযুক্ত হইতে পারে না, তজ্জন্য মুখ্য ব্যক্তিদিগকে সান্ত্বনা করিয়া ইতর লোকদিগকে দমন করিতে

১৪। অল্পেনাল্পেন দেয়েন বর্দ্ধমানং প্রদাপয়েৎ।
ততো ভূয়স্ততো ভূয়ঃ ক্রমবৃদ্ধিং সমাচরেৎ॥ ম, শা, ৮৮অ। ৭।

১৫। দময়ন্নিব দম্যানি শশ্বদ্ভারং বিবর্দ্ধয়েৎ।
মৃদুপূর্ব্বং প্রযত্নেন পাশানভ্যবহারয়েৎ॥
সকৃৎ পাশাবকীর্ণাস্তে ন ভবিষ্যতি দুর্দ্দমাঃ।
উচিতেনৈব ভোক্তব্যাস্তে ভবিষ্যন্তি যত্নতঃ॥ ম, শা, ৮৮অ। ৮—৯।

১৬। তস্মাৎ সর্ব্বসমারম্ভো দুর্ল্লভঃ পুরুষং প্রতি।
যথা মুখ্যান্ সান্ত্বয়িত্বা ভোক্তব্য ইতরোজনঃ॥
ততস্তান্ ভেদয়িত্বা তু পরস্পর বিবক্ষিতান্।
ভুঞ্জীত সান্ত্বয়ংশ্চৈব যথা সুখমযত্নতঃ॥
ন চাস্থানে ন চাকালে করাংস্তেভ্যো নিপাতয়েৎ।
আনুপূর্ব্ব্যেণ সান্ত্বেন যথাকালং যথাবিধি॥ ম, শা, ৮৮অ। ১০—১২।

হইবে। তদনন্তর নরপতি মুখ্য ব্যক্তিদিগের দ্বারা সেই কর-ভার বহনেচ্ছু ইতর প্রজাগণের পরস্পর ভেদ জন্মাইয়া স্বয়ং তাহাদিগকে সান্ত্বনা করতঃ অযত্নসহকারে সুখভোগ করিবেন, অস্থানে বা অকালে তাহাদের প্রতি কর ভার অর্পণ করিবেন না। পরন্তু সময় ও নিয়ম অনুসারে সান্ত্বনা দ্বারা ক্রমে ক্রমে করভার অর্পণ করিবেন। ম, শা, ৮৮ অ।১০-১২।

১৭। রাষ্ট্রমধ্যে অল্প ও বহুমূল্যে ক্রয়কারী, কান্তারে বিশ্রামশীল বণিজ্‌গণ করভারে পীড়িত হইয়া উদ্বেজিত না হয়, যাহারা রাজাদিগের দুর্ব্বহ ভার বহন করে এবং ইতর লোক সকলকে উদ্ধার করে, সেই কৃষকেরা কর পীড়িত হইয়া রাজ্য পরিত্যাগ করিয়া পলায়ন না করে, (তদ্বিষয়ে রাজার বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য)। ম, শা, ৮৯।২৩-২৪।

১৮। রাজা প্রজাবর্গের রক্ষার নিমিত্ত তাহাদের নিকট হইতে উৎপন্ন দ্রব্যের ষষ্ঠাংশ কর গ্রহণ করিবেন। ম, শা, ৬৯ অ।২৫।

১৯। নৃপতি গণনায় অধিক না হয় এইরূপে উৎপন্ন দ্রব্যের ষষ্টাংশরূপ বলি (রাজস্ব), শাস্ত্রানুসারে অপরাধিগণের দণ্ড এবং পথমধ্যে বণিক্-

---

১৭। কচ্চিত্তে বণিজো রাষ্ট্রে নোদ্বিজন্তি করার্দ্দিতাঃ॥
ক্রীণন্তো বহুনাল্পেন কান্তারকৃতবিশ্রমাঃ॥
কচ্চিৎ কৃষিকরা রাষ্ট্রং ন জহত্যতিপীড়িতাঃ।
যে বহন্তি ধুরং রাজ্ঞাং তে তরন্তীতরানপি॥ ম, শা, ৮৯অ।২৩—২৪।

১৮। আদদীত বলিঞ্চাপি প্রজাভ্যঃ কুরুনন্দন।
স ষড়্‌ভাগমপি প্রাজ্ঞস্তাসামেবাভিগুপ্তয়ে॥ ম, শা, ৬৯অ।২৫।

১৯। বলিষষ্ঠেন শুল্কেন দণ্ডেনাথাপরাধিনাম্।
শাস্ত্রানীতেন লিপ্সেথা বেতনেন ধনাগমম্॥
দাপয়িত্বা করং ধর্ম্ম্যং রাষ্ট্রং নীত্যা যথাবিধি।
তথৈতৎ কল্পয়েদ্রাজা যোগক্ষেমমতন্দ্রিতঃ॥ ম, শা, ৭১অ।১০—১১।

গণকে রক্ষা করিয়া যে বেতন প্রাপ্ত হন, তাহা দ্বারাই ধন সঞ্চয় করিবেন। নৃপতি এইরূপে ধান্যাদির ষষ্ঠাংশরূপ কর গ্রহণ করিয়া রাজ্য রক্ষা করিবেন, পরন্তু যদ্যপি তাহাদের বার্ষিক আহারযোগ্য ধান্যাদি অবশিষ্ট না থাকে, তাহা হইলে তাহাদের আহারের উপায় কল্পনা করিয়া দিবেন। ম, শা, ৭১ অ।১০-১১।

২০। ভূপতি যে, মোহবশতঃ অশাস্ত্রীয় করগ্রহণ করতঃ প্রকৃতিপুঞ্জকে পীড়িত করিয়া স্বয়ংই আপনার বিনাশ সাধন করেন, অর্থই তাহার মুল। যেরূপ ক্ষীরার্থী ব্যক্তি গাভীর উধশ্ছেদন করিলে দুগ্ধ লাভ করিতে পারে না, তদ্রূপ অসদুপায় অবলম্বন করিয়া রাজ্যকে পীড়িত করিলে, তাহা কখনই পরিবর্দ্ধিত হয় না। যেরূপ যে ব্যক্তি নিয়ত পয়স্বিনী গাভীর সেবা করে, সেই দুগ্ধ লাভ করিতে পারে, তদ্রূপ নরপতি উপায়ানুসারে রাজ্য পালন করিলে সুখলাভ করিয়া থাকেন। ম, শা, ৭১ অ।১৫-১৭।

২১। রাজা আঙ্গারিকের (অঙ্গার-কর্ত্তার) ন্যায় মূলোৎপাটনকারী না হইয়া প্রসূনসঞ্চয়কারী মালাকরের ন্যায় বৃত্তি অবলম্বন করিয়া রাজ্য

২০। অর্থমূলোঽপি হিংসা চ কুরুতে স্বয়মাত্মনঃ।
করৈরশাস্ত্রদৃষ্টৈর্হি মোহাৎ সম্পীড়য়ন্ প্রজাঃ॥
উধশ্ছিন্দ্যাত্তু যো ধেন্বাঃ ক্ষীরার্থী ন লভেৎ পয়ঃ।
এবং রাষ্ট্রমযোগেন পীড়িতং ন বিবর্দ্ধতে॥
যো হি দোগ্ধ্রীমুপাস্তে চ স নিত্যং বিন্দতে পয়ঃ।
এবং রাষ্ট্রমুপায়েন ভুঞ্জানো লভতে ফলম্॥ ম, শা, ৭১অ। ১৫—১৭।

২১। মালাকারোপমো রাজন্ ভব মাঙ্গারিকোপমঃ।
তথা যুক্তশ্চিরং রাজ্যং ভোক্তুং শক্ষ্যসি পালয়ন্॥ ম, শা, ৭১অ। ২০।

রক্ষা করিবেন। তাহাহইলেই বসুন্ধরাকে চিরকাল ভোগ করিতে সমর্থ হইবেন। ম, শা, ৭১ অ ২০।

২২। পৌর ও জানপদ সকল আশ্রিত, উপাশ্রিত বা স্বল্পধন হইলেও রাজা সামর্থ্য অনুসারে তাহাদিগের প্রতি কৃপা করিবেন। বাহ্য অর্থাৎ আটবিক দস্যু সকলকে রাষ্ট্র হইতে প্রত্যাখ্যান করিয়া মধ্যম অর্থাৎ গ্রাম্যজনগণের নিকট হইতে সুখে ধন গ্রহণ করিবেন, তাহা হইলেই সুখিত অথবা দুঃখিত জনগণ তাঁহার প্রতি কুপিত হইবে না। ম, শা, ৮৭ অ।২৪-২৫।

২৩। নরপতি প্রাকার ও ভৃত্য-ভরণার্থ ব্যয়, সংগ্রামের ভয় এবং যোগক্ষেম সন্দর্শন করিয়া গোমী অর্থাৎ বৈশ্যবর্গের প্রতি কর ধার্য্য করিবেন। অরণ্যবাসী গোমিগণ রাজকর্ত্তৃক উপেক্ষিত হইলেই তাহারা বিনষ্ট হয়, তজ্জন্য বিশেষ করিয়া তাহাদিগের প্রতি মৃদুতাচরণ করিতে হইবে। নিয়ত গোমিগণের সান্ত্বনা, পালন, দান, উত্তমাবস্থা, সংবিভাগ ও প্রিয়াচরণ করা কর্ত্তব্য। ম, শা, ৮৭। ৩৫—৩৭।

২২। পৌরজানপদান্ সর্ব্বান্ সংশ্রিতোপাশ্রিতাংস্তথা।
যথা শক্ত্যনুকম্পেত সর্ব্বান্ স্বল্পধনানপি॥
বাহ্যং জনং ভেদয়িত্বা ভোক্তব্যো মধ্যমঃ সুখং।
এবং নাস্য প্রকুপ্যন্তি জনাঃ সুখিতদুঃখিতাঃ॥ ম, শা, ৮৭অ। ২৪—২৫।

২৩। প্রাকারং ভৃত্যভরণং ব্যয়ং সংগ্রামতো ভয়ম্।
যোগক্ষেমঞ্চ সম্প্রেক্ষ্য গোমিনঃ কারয়েৎ করম্॥
উপেক্ষিতা হি নশ্যেয়ুর্গোমিনোঽরণ্যবাসিনঃ।
তস্মাত্তেষু বিশেষেণ মৃদুপূর্ব্বং সমাচরেৎ॥
সান্ত্বনং রক্ষণং দানমবস্থা চাপ্যভীক্ষ্নশঃ।
গোমিনাং পার্থ কর্ত্তব্যঃ সংবিভাগঃ প্রিয়াণি চ॥ ম, শা, ৮৭অ। ৩৫—৩৭।

২৪। গোমিগণকে নিরন্তর ফলবান্ করা কর্ত্তব্য, কেননা তাহারাই কৃষি ও বাণিজ্য ব্যবসায় দ্বারা রাষ্ট্রকে বর্দ্ধিত করিয়া থাকে। তজ্জন্যই বিচক্ষণ মানবগণ গোমীদিগের প্রতি প্রীতি করিয়া থাকেন। রাজা দয়াবান্ ও অপ্রমত্ত হইয়া তাহাদিগের অতি মৃদুতারূপে করপ্রণয়ন করিবেন। ম, শা, ৮৭ অ। ৩৮—৩৯।

২৫। লোকে ইক্ষুদণ্ডাদি ছেদন ও নিষ্পীড়নপূর্ব্বক যেমন রস গ্রহণ করে, তাহা না করিয়া, বৃহৎ-বৃক্ষ তাল খর্জ্জুরাদি রক্ষা করিয়া, তাহা হইতে যেমন রস গ্রহণ করিয়া থাকে, তদ্রূপ প্রজাগণের আয়-ব্যয় অবলোকন করতঃ তাহাদিগকে রক্ষা করিয়া তৎসন্নিধান হইতে ধন আদান করিবেন। ম, শা, ১২০ অ। ৯।

২৬। নৃপতি অর্থ উপার্জ্জনের কাল উপস্থিত হইলে, অর্থ আহরণ করিবেন এবং নিজ অর্থবত্তার বিষয় কাহারও নিকট প্রকাশ করিবেন

২৪। অজস্রমুপযোক্তব্যং ফলং গোমিষু ভারত।
প্রভাবয়ন্তি রাষ্ট্রঞ্চ ব্যবহারং কৃষিং তথা॥
তস্মাদ্‌গোমিষু যত্নেন প্রীতিং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
দয়াবানপ্রমত্তশ্চ করান্ সম্প্রণয়ন্ মৃদূন্॥ ম, শা, ৮৭অ। ৩৮—৩৯।

২৫। "লোকে চায়ব্যয়ৌ দৃষ্ট্বা বৃহদ্‌বৃক্ষমিবাস্রবৎ॥" ম, শা, ১২০অ। ৯।

২৬। কালং প্রাপ্তমুপাদদ্যান্নার্থং রাজা প্রসূচয়েৎ।
অহন্যহনি সংদুহ্যান্মহীং গামিব বুদ্ধিমান্॥
যথাক্রমেণ পুষ্পেভ্যশ্চিনোতি মধু ষট্‌পদঃ।
তথা দ্রব্যমুপাদায় রাজা কুর্ব্বীত সঞ্চয়ম্॥
যদ্ধি গুপ্তাবশিষ্টং স্যাত্তদ্বিত্তং ধর্ম্মকাময়োঃ।
সঞ্চয়ান্ন বিসর্গী স্যাদ্রাজা শাস্ত্রবিদাত্মবান্॥
নার্থমল্পং পরিভবেন্নাবমন্যেত শাত্রবান্।
বুদ্ধ্যা তু বুধ্যেদাত্মানং ন চাবুদ্ধিষু বিশ্বসেৎ॥

না। বুদ্ধিমান্ রাজা প্রতিদিন গোদোহনের ন্যায় পৃথিবী হইতে অর্থ দোহন করিবেন। মধুকর যেমন যথাক্রমে কুসুম সমুদায় হইতে মধু চয়ন করে, নৃপতি তদ্রূপ ক্রমে দ্রব্য আহরণপূর্ব্বক সঞ্চয় করিবেন। শাস্ত্রজ্ঞ বুদ্ধিমান্ ভূপাল সঞ্চয় করিয়া যে অর্থ অবশিষ্ট থাকিবে, তাহাই ধর্ম্মার্থ ও কামার্থ ব্যয় করিবেন। সঞ্চিত অর্থ কদাচ ব্যয় করিবেন না। অর্থ অল্প হইলেও তাহা অগ্রাহ্য করিবেন না। সন্তোষ, দক্ষতা, সংযম, বুদ্ধি, দেহ, ধৈর্য্য, শৌর্য্য, দেশ ও কালে অপ্রমাদ; অল্প অথবা বহু ধনের বৃদ্ধি বিষয়ে বিশেষরূপে যত্ন করিলে এই আটটী বিষয় উদ্দীপক হইয়া থাকে। অগ্নি অল্প হইলেও আজ্যসিক্ত হইয়া বর্দ্ধিত হয়, এক বীজ হইতে সহস্র অঙ্কুর উৎপন্ন হইয়া থাকে, অতএব বিপুল আয়-ব্যয় বিষয় সম্যক্‌রূপে প্রবল করিয়া, অল্প অর্থকে কদাচ অবজ্ঞা করিবেন না। ম, শা, ১২০ অ। ৩৩—৩৮।

২৭। দোষহীন, ধীরপুরুষ, সমুদায় কাম্য বিষয় কামনা করতঃ অল্প

ধৃতির্দাক্ষ্যং সংযমো বুদ্ধিরাত্মা,
ধৈর্য্যং শৌর্য্যং দেশকালাপ্রমাদঃ।
অল্পস্য বা বহুনো বা বিবৃদ্ধৌ,
ধনস্যৈতান্যষ্ট সমিন্ধনানি ॥
অগ্নিঃ স্তোকো বর্দ্ধতেহপ্যাজ্যসিক্তো,
বীজং চৈকং রোহ সহস্রমেতি।
আয়ব্যয়ৌ বিপুলে সন্নিশাম্য,
তস্মাদল্পং নাবমন্যেত বিত্তম্ ॥ ম, শা, ১২০ অ। ৩৩—৩৮।

২৭। সর্ব্বান্ কামান্ কাময়ানো হি ধীরঃ,
সত্ত্বেনাল্পেনাপ্নুতে হীনদোষঃ।
যশ্চাত্মানং প্রার্থয়তেহর্থ্যমানৈঃ,
শ্রেয়ঃ পাত্রং পূরয়তে চ নাল্পং ॥

বল দ্বারাই তাহা প্রাপ্ত হইয়া থাকেন। আর যিনি আপনাকে যাচমান মানবযুক্ত হইতে প্রার্থনা করেন, তিনি অল্প মাত্র শ্রেয়ঃপাত্র পূরণ করিতে পারেন না; অতএব রাজা প্রজাগণের প্রতি স্নেহ-যুক্ত হইয়া সকলেরই সন্নিধান হইতে লক্ষ্মীর মূল অর্থ আরহণ করিবেন। প্রজাগণকে দীর্ঘ-কাল পীড়ন করত, বিদ্যুৎ-সম্পাতের ন্যায় তাঁহাদের উপরি পতিত হইবেন না। ম, শা, ১২০ অ। ৪৩—৪৪।

২৮। যে রাজা অন্যায়রূপে প্রজাগণের নিকট হইতে করগ্রহণ করেন, সেই পালন-ধর্ম্ম-বিবর্জ্জিত ও বিশেষ উপায়ের অনভিজ্ঞ ক্ষত্রিয় ক্লীব শব্দের বাচ্য। ম, শা, ১৪২ অ। ৩১।

২৯। যে অধিকারী পুরুষেরা নির্দ্দিষ্ট করের অতিরিক্ত ধন আদায় করিবে, তাহারা রাজার নিকট দণ্ডনীয় হইবে। ম, শা, ৮৮ অ। ২৬।

৩০। তুমি লোভপরবশ হইয়া অধর্ম্মাচরণ করতঃ অর্থোপার্জ্জন করিও না, কারণ যিনি শাস্ত্রানুবর্ত্তী হইয়া কার্য্য না করেন, তাঁহার ধর্ম্ম, অর্থ সকলই মিথ্যা হয়। ম, শা ৭১ অ। ১৩।

তস্মাদ্রাজা প্রগৃহীতঃ প্রজাসু,
মূলং লক্ষ্ম্যাঃ সর্ব্বশো হ্যাদদীত।
দীর্ঘং কালং হ্যপি সম্পীড্যমানো,
বিদ্যুৎসম্পাতমপি বা নোর্জ্জিতঃ স্যাৎ॥ ম, শা, ১২০অ। ৪৩—৪৪।

২৮। বিহীনং কর্ম্মণা ন্যায়ং যঃ প্রগৃহ্নাতি ভূমিপঃ।
উপায়স্যাবিশেষজ্ঞং তদ্বৈ ক্ষত্রং ন পুংসকম্॥ ম, শা, ১৪২অ। ৩১।

২৯। দণ্ড্যাস্তে চ মহারাজ ধনাদান প্রযোজকাঃ।
প্রয়োগং কারয়েয়ুস্তান্ যথা বলিকরাংস্তথা॥ ম, শা, ৮৮অ। ২৬।

৩০। মাস্ম লোভেনাধর্ম্মেণ লিপ্সেথাস্ত্বং ধনাগমম্।
ধর্ম্মার্থাবধ্রুবৌ তস্য যো ন শাস্ত্রপরোভবেৎ॥ ম, শা, ৭১ অ। ১৩।

৩১। নৃপতি কেবল অর্থশাস্ত্রের বশীভূত হইলে কখনই ধর্ম্ম ও অর্থ লাভ করিতে পারেন না, প্রত্যুত সেই অর্থ সকলই অস্থানে বিনষ্ট হয়। ম, শা, ৭১ অ। ১৪।

৩২। যাহাদের বিনয়বতী বুদ্ধি, সুশোভন প্রকৃতি, তেজ, ধৈর্য্য, ক্ষমা, শৌচ, অনুরাগ, মর্য্যাদা এবং ধারণা এই সকল গুণ বিদ্যমান্ আছে, রাজা তাহাদের গুণ সকল সতত পরীক্ষা করিয়া, সেই প্রৌঢ়ভাবধুরন্ধর অকপট পঞ্চজন পুরুষকে অর্থকার্য্যে নিযুক্ত করিবেন। ম, শা, ৮৩ অ। ২১—২১।

৩৩। ভূপতি সুবর্ণাদির আকর, লবণ উৎপত্তির স্থান, ধান্যাদির বিক্রয়স্থান, নদীসন্তরণ এবং নাগবল এই সকলের আয়-ব্যয় বিচার করিবার নিমিত্ত স্বীয় আত্মীয় হিতকারী পুরুষগণকে নিযুক্ত করিবেন। ম, শা, ৬৯ অ। ২৯।

৩৪। লুব্ধ এবং মূর্খগণকে লোভজনক অর্থসম্বন্ধীয় কার্য্যে নিযুক্ত

৩১। অর্থশাস্ত্রপরো রাজা ধর্ম্মার্থান্নাধিগচ্ছতি।
অস্থানে চাস্য তদ্বিত্তং সর্ব্বমেব বিনশ্যতি॥ ম, শা, ৭১অ। ১৪।

৩২। যেষাং বৈনয়িকী বুদ্ধিঃ প্রকৃতিশ্চৈব শোভনা।
তেজো ধৈর্য্যং ক্ষমা শৌচমনুরাগঃ স্থিতির্ধৃতিঃ॥
পরীক্ষ্য চ গুণান্নিত্যং প্রৌঢ়ভাবান্ ধুরন্ধরান্।
পঞ্চোপধা ব্যতীতাংশ্চ কুর্য্যাদ্রাজার্থকারিণঃ॥ ম, শা, ৮৩অ। ২১—২২।

৩৩। আকরে লবণে শুল্কে তরে নাগবলে তথা
ন্যসেদমাত্যান্ নৃপতিঃ স্বাপ্তান্ বা পুরুষান্ হি তান্॥ ম, শা, ৬৯অ। ২৯।

৩৪। মাস্ম লুব্ধাংশ্চ মূর্খাংশ্চ কামার্থে চ প্রযূযুজঃ।
অলুব্ধান্ বুদ্ধি-সম্পন্নান্ সর্ব্বকর্ম্মসু যোজয়েৎ॥
মূর্খো হ্যধিকৃতোঽর্থেষু কার্য্যাণামবিশারদঃ।
প্রজাঃ ক্লিশ্নাত্যযোগেন কামক্রোধসমন্বিতঃ॥ ম, শা, ৭১অ। ৮—৯।

না করিয়া, লোভশূন্য বুদ্ধিমান্ জনগণকে তাদৃশ কার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য; কারণ কার্য্যাকার্য্যবিবেক-বিহীন মূর্খ অর্থাধিকার প্রাপ্ত হইলে, কাম-ক্রোধ-বশীভূত হইয়া প্রকৃতি-পুঞ্জকে পীড়িত করিতে থাকে। ম, শা, ৭১ অ। ৮—৯।

৩৫। রাজা খনি, মাশুল আদায়, পারাপারস্থল এবং হস্তীপ্রসূ বনভূমিতে বিশ্বস্ত লোক নিযুক্ত করিবেন। বিষ্ণু, ৩ অ। ৯।

৩৬। রাজা প্রজাদিগের নিকট ধান্য হইতে ষষ্ঠ অংশ অর্থাৎ ছয় ভাগের এক ভাগ করস্বরূপ গ্রহণ করিবেন। এবং সর্ব্বশস্য হইতেই তদ্রূপ কর লইবেন। বিষ্ণু, ৩ অ। ১০।

৩৭। পশু, হিরণ্য এবং বস্ত্রব্যবসায়ীদিগের লভ্যাংশ হইতে শতকরা দুইভাগ গ্রহণ করিবেন। বিষ্ণু, ৩ অ। ১১।

৩৮। মাংস, মধু, ঘৃত, ওষধি, গন্ধ, পুষ্প, মূল, রস, দারু, পত্র, অজিন, মৃদ্ভাণ্ড, আমভাণ্ড এবং বৈদল (অর্থাৎ বেণুনির্ম্মিত পাত্র হইতে) ছয় ভাগের এক ভাগ গ্রহণ করিবেন। বিষ্ণু, ৩ অ। ১২।

৩৯। রাজা ব্রাহ্মণদিগের নিকট কর গ্রহণ করিবেন না; কারণ তাঁহারা রাজাকে ধর্ম্মকর দিয়া থাকেন অর্থাৎ তাঁহারা নিজে যে ধর্ম্ম আচরণ করেন, তাহার কিয়দংশ রাজা প্রাপ্ত হন। বিষ্ণু, ৩ অ। ১৩।

৩৫। আকরশুল্কতরনাগবনেষ্বাপ্তান্ নিযুঞ্জীত। বিষ্ণু, ৩অ। ৯।

৩৬। প্রজাভ্যো বল্যর্থং সংবৎসরেণ ধান্যতঃ ষষ্ঠমংশমাদদ্যাৎ।
সর্ব্বশস্যেভ্যশ্চ॥ বিষ্ণু ৩ অ। ১০।

৩৭। দ্বিকং শতং পশুহিরণ্যেভ্যো বস্ত্রেভ্যশ্চ॥ বিষ্ণু ৩ অ। ১১।

৩৮। মাংসমধুঘৃতৌষধি গন্ধপুষ্পমূলফলরসদারুপত্রাজিন
মৃদ্ভাণ্ডাশ্মভাণ্ডবৈদলেভ্যঃ ষষ্ঠভাগম্॥ বিষ্ণু ৩অ। ১২।

৩৯। ব্রাহ্মণেভ্যঃ করাদানং ন কুর্য্যাৎ, তে হি রাজ্ঞো
ধর্ম্মকরদাঃ। বিষ্ণু ৩অ ১৩।

৪০। রাজা স্বদেশজাত পণ্য দ্রব্য হইতে, তাহার যেরূপ মূল্য হইতে পারে, তদনুসারে দশ ভাগের এক ভাগ শুল্ক (মাশুল) গ্রহণ করিবেন (ইহা রপ্তানি মাশুল)। পরদেশজাত পণ্যদ্রব্য হইতে তন্মূল্যের বিংশতি ভাগের এক ভাগ শুল্ক (মাশুল) লইবেন (ইহা আমদানী মাশুল)। বিষ্ণু, ৩ অ। ১৫।

৪১। যে স্থানে শুল্ক (মাশুল) আদায় হয়, সেই স্থান হইতে মাশুল না দিয়া পলায়ন করিলে, তাহার সর্ব্বাপহার হইবে (অর্থাৎ সকল দ্রব্য সরকারে বাজেয়াপ্ত হইয়া যাইবে)। বিষ্ণু, ৩ অ। ১৬।

৪২। শিল্পী, কারু এবং শূদ্রগণ প্রতিমাসে রাজার এক একটী কর্ম্ম করিয়া দিবে। বিষ্ণু, ৩ অ। ১৭।

৪৩। অন্ধ, জড়, ভগ্নপীঠ (কুব্জ), সপ্ততিবর্ষবয়স্কবৃদ্ধ এবং ধনধান্যাদি দ্বারা যে ব্যক্তি শ্রোত্রিয়ের সর্ব্বদা উপকার করেন, ইহাদিগের নিকট হইতে রাজা কোন কর লইবেন না। মনু, ৮ অ। ৩৯৪।

৪৪। সর্ব্বপণ্যবিচক্ষণ শুল্ককুশল ব্যক্তিরা দ্রব্যের যে মূল্য নির্ণয় করিবেন, রাজা তাহার লভ্যাংশের বিশ ভাগের এক ভাগ শুল্ক গ্রহণ করিবেন। মনু, ৮ অ। ৩৯৮।

৪০। স্বদেপণ্যাচ্চ শুল্কাংশং দশমমাদদ্যাৎ, পরদেশপণ্যাচ্চ বিংশতিতমম্॥

বিষ্ণু, ৩ অ। ১৫।

৪১। শুল্কস্থানমপক্রামন্ সর্ব্বাপহারমাপ্নুয়াৎ॥ বিষ্ণু, ৩ অ। ১৬।

৪২। শিল্পিনঃ কর্ম্মজীবিনশ্চ শূদ্রাশ্চ মাসেনৈকং রাজ্ঞঃ কর্ম্ম কুর্য্যুঃ॥ বিষ্ণু, ৩অ। ১৭।

৪৩। অন্ধো জড়ঃ পীঠসর্পী সপ্তত্যা স্থবিরশ্চ যঃ।
শ্রোত্রিয়েষূপকুর্ব্বংশ্চ ন দাপ্যাঃ কেনচিৎ করম্॥ মনু, ৮অ। ৩৯৪।

৪৪। শুল্কস্থানেষু কুশলাঃ সর্ব্বপণ্যবিচক্ষণাঃ।
কুর্য্যুরর্ঘং যথাপণ্যং ততোবিংশং নৃপোহরেৎ। মনু, ৮অ। ৩৯৮।

৪৫। রাজ্যের তস্করদিগকে শাসন না করিয়া যে রাজা প্রজাদিগের নিকট হইতে কর গ্রহণ করেন, তাঁহার রাজ্য ক্ষুব্ধ হয় এবং তিমি স্বর্গ হইতে বঞ্চিত হন। মনু, ৯ অ। ২৫৪।

৪৬। সূর্য্যদেব যেমন অল্পে অল্পে আট মাস কাল স্বীয় রশ্মি দ্বারা ক্রমে ক্রমে পৃথিবীর রসাকর্ষণ করিতে থাকেন, রাজাও সেইরূপ অর্কব্রত হইয়া অল্পে অল্পে রাজ্য হইতে কর গ্রহণ করিবেন। মনু, ৯ অ। ৩০৫।

শুক্রাচার্য্য বিহিত রাজকরাবধারণ ও সংগ্রহের বিধি।

৪৭। ভাগহার মালাকার যেমন বৃক্ষ রোপণ করিয়া পুষ্প ও ফল লাভ করে, সেইরূপ রাজা প্রজা পোষণ করিয়া রাজাংশ গ্রহণ করিবেন। শুক্র,;২ অ। ১৭২।

৪৮। যাহাতে মূলধন নষ্ট না হয়, সেই ভাবে ব্যবসায়ীদিগের নিকট হইতে যিনি শুল্ক গ্রহণ করেন, তাঁহাকেই শৌল্কিক কহে। শুক্র, ২ অ। ১৭৫।

৪৯। বিক্রেতা ও ক্রেতার নিকট হইতে রাজপ্রাপ্য অংশকে শুল্ক

৪৫। অশাসংস্তস্করান্ যস্তু বলিং গৃহ্ণাতি পার্থিবঃ।
তস্য প্রক্ষুভ্যতে রাষ্ট্রং স্বর্গাচ্চ পরিহীয়তে॥ মনু ৯অ। ২৫৪।

৪৬। অষ্টৌ মাসান্ যথাদিত্যস্তোয়ং হরতি রশ্মিভিঃ।
তথা হরেৎ করং রাষ্ট্রান্নিত্যমর্কব্রতং হি তৎ॥ মনু ৯অ। ৩০৫।

৪৭। বৃক্ষান্ সংপুষ্য যত্নেন ফলং পুষ্পং বিচিন্বতি।
মালাকার ইবাত্যস্তং ভাগহারস্তথাবিধঃ। শুক্র, ২অ। ১৭২।

৪৮। যথা বিক্রয়িণাং মূলধননাশো ভবেন্ন হি।
তথা শুল্কস্তু হরতি শৌল্কিকঃ স উদাহৃতঃ॥ শুক্র, ২অ। ১৭৫।

৪৯। বিক্রেতৃক্রেতৃতো রাজভাগঃ শুল্কমুদাহৃতম্।
শুল্কদেশা হট্টমার্গাঃ করসীমাঃ প্রকীর্ত্তিতাঃ॥

কহে। শুল্ক গ্রহণস্থান, হট্টমার্গ ও শুল্কসীমা নির্দ্দিষ্ট হইয়াছে। বস্তুজাতের একবার মাত্র শুল্ক গ্রহণ করিবে, ছলপূর্ব্বক বারম্বার গ্রহণ করিবে না। রাজা বিক্রেতা বা ক্রেতার নিকট হইতে মূল্যের বিরোধ না হয়, এভাবে দ্বাত্রিংশ, বিংশাংশ বা ষোড়শাংশ শুল্ক লইবেন। বিক্রেতার নিকট হইতে ক্রীতমূল্যাপেক্ষা হীনই হউক বা ক্রীতমূল্যের সমানই হউক, এরূপ মূল্যাপেক্ষী শুল্ক লইবেন না, লাভ দেখিয়া রাজা ক্রেতার নিকট হইতে শুল্ক লইবেন। শুক্র, ৪ অ-২প্র। ১০৮—১১১।

৫০। শুল্কভাগেচ্ছু রাজা প্রথমে বহুফলা, মধ্যফলা বা অল্পফলা ও ভূমির পরিমাণাদি জ্ঞাত হইয়া, পরে শুল্ক নির্দ্ধারণ করিবেন। কর্ষক যাহাতে নষ্ট না হয়, সেই ভাবে তাহার নিকট হইতে শুল্ক লইবেন, মালাকারের ন্যায় ভাগ গ্রহণ করিবেন, অঙ্গারকারের ন্যায় নহে। বহু, মধ্য ও অল্প ফলানুসারে তারতম্য দেখিয়া যাহাতে কৃষিকার্য্য হইতে রাজ-ভাগাদি দিয়া দ্বিগুণ লাভ হয়, সেইরূপ কৃষি শ্রেষ্ঠ, তাহা অপেক্ষা হীন কৃষি দুঃখ কর। রাজা সর্ব্বদা তড়াগ-বাপিকা কূপ-মাতৃক দেবমাতৃক ও

বস্তুজাতস্যৈকবারং শুল্কং গ্রাহ্যং প্রযত্নতঃ।
কচ্চিন্নৈবাসকৃচ্ছুল্কং রাষ্ট্রে গ্রাহ্যং নৃপৈশ্ছলাৎ॥
দ্বাত্রিংশাংশং হরেদ্রাজা বিক্রেতুঃ ক্রেতুরেব বা।
বিংশাংশং বা ষোড়শাংশং শুল্কং মূল্যাবিরোধকম্॥
ন হীন সমমূল্যাদ্ধি শুল্কং বিক্রেতৃতো হরেৎ।
লাভং দৃষ্ট্বা হরেচ্ছুল্কং ক্রেতৃতশ্চ সদা নৃপঃ॥ শুক্র, ৪অ—২প্র। ১০৮—১১১।

৫০। বহুমধ্যাল্পফলিতাং ভুবং মানমিতাং সদা।
জ্ঞাত্বা পূর্ব্বং ভাগমিচ্ছুঃ পশ্চাদ্ভাগং বিকল্পয়েৎ॥
হরেচ্চ কর্ষকাদ্ভাগং যথা নষ্টো ভবেন্ন সঃ।
মালাকার ইব গ্রাহ্যো ভাগো নাঙ্গারকারবৎ॥

নদীমাতৃক দেশ হইতে তৃতীয়াংশ, চতুর্থাংশ বা অর্দ্ধাংশ ও অনুর্ব্বর পাষাণাদি সমাকুল দেশ হইতে ষষ্ঠাংশ কর লইবেন। রাজা যে কর্ষকের নিকট হইতে শতকর্ষ রৌপ্য গ্রহণ করেন, সেই কৃষককে স্বপ্রাপ্য ভাগের বিংশাংশ দিবেন। শুক্র, ৪অ-২প্র। ১১২—১১৭।

৫১। খনিজ পদার্থ মাত্রেরই ব্যয়াবশিষ্ট হইতে অংশগ্রহণ করিতে হইবে। স্বর্ণের অর্দ্ধাংশ, রজতের তৃতীয়াংশ, তাম্রের চতুর্থাংশ; লৌহ, বঙ্গ ও সীসের ষষ্ঠাংশ, রত্নাদির অর্দ্ধ, ক্ষারের (লবণাদির) অর্দ্ধ ও কর্ষকাদির লাভানুসারে তিন, পাঁচ, সাত বা দশাংশ লইবে। শুক্র, ৪ অ-২ প্র। ১১৮—১১৯।

বহুমধ্যাল্পফলতস্তারতম্যং বিমৃশ্য চ।
রাজভাগাদিব্যয়তো দ্বিগুণং লভ্যতে যতঃ।
কৃষিকৃত্যন্তু তচ্ছ্রেষ্ঠং তন্ন্যূনং দুঃখদং নৃণাম্॥
তড়াগবাপিকাকূপমাতৃকাদ্দেবমাতৃকাৎ।
দেশান্নদীমাতৃকাৎ তু রাজানুক্রমতঃ সদা॥
তৃতীয়াংশং চতুর্থাংশমর্দ্ধাংশন্তু হরেৎ ফলম্।
ষষ্ঠাংশমূষরাৎ তদ্বৎ পাষাণাদি সমাকুলাৎ॥
রাজভাগস্তু রজতশতকর্ষমিতো যতঃ।
কর্ষকাল্লভতে তস্মৈ বিংশাংশমুৎসৃজেন্নৃপঃ॥ শুক্র—৪অ—২প্র। ১১২—১১৭।

৫১। স্বর্ণাদর্দ্ধং চ রজতাৎ তৃতীয়াংশঞ্চ তাম্রতঃ।
চতুর্থাংশন্তু ষষ্ঠাংশং লোহাদ্ বঙ্গাচ্চ সীসকাৎ॥
রত্নার্দ্ধং চৈব ক্ষারার্দ্ধং খনিজাদ্ ব্যয় শেষতঃ।
লাভাধিক্যং কর্ষকাদের্যথা দৃষ্ট্বা হরেৎ ফলম্।
ত্রিধা বা পঞ্চধা কৃত্বা সপ্তধা দশধাপি বা॥ শুক্র, ৪অ—২প্র। ১১৮—১১৯।

৫২। তৃণ কাষ্ঠাদি হারকের নিকট হইতে বিংশতি অংশ; অজা, মেষ, গো, মহিষী ও অশ্বের বৃদ্ধির অষ্টমাংশ এবং মহিষী, অজা, মেষী ও গবীর দুগ্ধের ষোড়শাংশ রাজা গ্রহণ করিবেন। শুক্র, ৪ অ—২প্র ১২০।

৫৩। কারু বা শিল্পীর দ্বারা প্রতিপক্ষে একদিন মাত্র কার্য্য করাইয়া লইবেন। যাহারা রাজ্য বৃদ্ধির জন্য তড়াগ, বাপিকা, কৃত্রিম নদী প্রস্তুত করে, যে নবোত্থিত ভূমিকর্ষণ করিয়া উর্ব্বরা করে, কিম্বা এবম্বিধ অন্য কার্য্য করে, তাহারা ব্যয়ের দ্বিগুণ লাভ না করা পর্য্যন্ত, তাহাদের নিকট হইতে রাজাংশ লইবেন না। শুক্র, ৪অ-২প্র। ১২১—১২২।

৫৪। পরিবার পোষণার্থ গবাদির দুগ্ধ হইতে রাজা কর লইবেন না, উপভোগার্থ ধান্য ও বস্ত্রাদি ক্রেতার নিকটও শুল্ক লইবেন না। শুক্র, ৪ অ-২প্র। ১২৭।

৫৫। ভূমির ভাগ, বেতন, শুল্ক, কুসীদ, উৎকোচ ও কর সদ্য গ্রহণ করিবে, কাল বিলম্ব করিবে না। শুক্র, ৪ অ-২প্র। ১২৩।

৫২। তৃণ কাষ্ঠাদিহরকাদ্ বিংশত্যংশং হরেৎ ফলম্।
অজাবিগোমহিষ্যাশ্ব বৃদ্ধিতোঽষ্টাংশমাহরেৎ।
মহিষ্যজাবিগো দুগ্ধাৎ ষোড়শাংশং হরেন্নৃপঃ॥ শুক্র, ৪অ—২প্র। ১২০।

৫৩। কারুশিল্পিগণাৎ পক্ষে দৈনিকং কর্ম্মকারয়েৎ।
তস্য বৃদ্ধ্যৈস্তড়াগং বা বাপিকা কৃত্রিমাং নদীম্॥
কুর্ব্বন্ত্যন্যৎ তদ্বিধং বা কর্ষন্ত্যভিনবাং ভুবম্।
তদ্ব্যয়দ্বিগুণং যাবন্ন তেভ্যো ভাগমাহরেৎ॥ শুক্র, ৪অ—২প্র। ১২১—১২২।

৫৪। গবাদিদুগ্ধান্ন ফলং কুটুম্বার্থাদ্ধরেন্নৃপঃ।
উপভোগে ধান্যবস্ত্রং ক্রেতৃতো নাহরেৎ ফলম্॥ শুক্র, ৪অ—২প্র। ১২৭।

৫৫। ভূবি ভাগং ভৃতিং শুল্কং বৃদ্ধিমুৎকোচকং করম্।
সদ্য এব হরেৎ সর্ব্বং ন তু কালবিলম্বনৈঃ॥ শুক্র, ৪অ—২প্র। ১২৩।

৫৬। রাজা প্রতি কর্ষককে স্বচিহ্নিত ভাগপত্র (রাজাংশের লেখ্য) দিবেন, অথবা গ্রাম ও ভূভাগ নিরূপণ করিয়া একজন ধনিকের নিকট হইতে প্রতিভূ বা তৎসম ধন গ্রহণ করিবেন, অথবা প্রতিমাসে, প্রতি ঋতুতে বিভাগ ক্রমে উক্তগ্রাম ও ভূমির রাজস্ব আদায় করিয়া লইবেন। শুক্র, ৪ অ-২ প্র। ১২৪—১২৫।

৫৭। রাজা প্রজার নিকট ষোড়শাংশ, দ্বাদশাংশ, দশাংশ বা অষ্টাংশ যেরূপই অংশ গ্রহণ করুন,সেই রাজাংশের ষষ্ঠাংশ বেতন দিয়া গ্রামপালক অধিকারী নিযুক্ত করিবেন। শুক্র, ৪ অ-২ প্র। ১২৬।

৫৮। রাজা বৃদ্ধিজীবী ঋণদাতার নিকট হইতে দ্বাত্রিংশাংশ কর লইবেন, কৃষ্টভূমির ন্যায় বাসভূমিরও কর লইবেন। শুক্র, ৪অ-২ প্র।১২৮।

৫৯। আপণিকের নিকট পণ্যস্থানের কর লইবেন, পথিকের নিকট হইতে পথসংস্কার ও রক্ষার জন্য শুল্ক লইবেন। এইরূপে রাজা সকলের রক্ষার নিমিত্ত, দাসের ন্যায় রাজস্ব স্বরূপ বেতন লইবেন। শুক্র, ৪ অ-২ প্র। ১২৯—১৩০।

৫৬। দদ্যাৎ প্রতি কর্ষকায় ভাগপত্রং স্বচিহ্নিতম্।
নিয়ম্য গ্রামভূভাগমেকস্মাদ্ ধনিকাদ্ধরেৎ ॥
গৃহীত্বা তৎপ্রতিভুবং ধনং প্রাক্ তৎসমং তু বা।
বিভাগশো গৃহীত্বাপি মাসি মাসি ঋতৌ ঋতৌ ॥ শুক্র, ৪অ—২প্র।১২৪—১২৫।

৫৭। ষোড়শদ্বাদশদশাষ্টাংশতো বাধিকারিণঃ।
স্বাংশাৎ ষষ্ঠাংশভাগেন গ্রামপান্ সন্নিযোজয়েৎ ॥ শুক্র, ৪অ—২প্র। ১২৬।

৫৮। বার্দ্ধুষিকাচ্চ কৌসীদাদ্ দ্বাত্রিংশাংশং হরেন্নৃপঃ।
গৃহাদ্যাধারভূশুল্কং কৃষ্টভূমেরিবাহরেৎ ॥ শুক্র, ৪অ—২প্র। ১২৮।

৫৯। তথা চাপণিকেভ্যস্তু পণ্যভূশুল্কমাহরেৎ।
মার্গসংস্কার রক্ষার্থং মার্গগেভ্যো হরেৎ ফলম্ ॥
"সর্ব্বতঃ ফলভুগ্ ভূত্বা দাসবৎ স্যাত্তু রক্ষণে।" শুক্র, ৪অ—২অ। ১২৯—১৩০।

ত্রয়োবিংশ স্তবক।

[রাজকোষ]

১। কোষ ও নগর রাজার নিজায়ত্ত রাখা নিতান্ত আবশ্যক। চতুর্ব্বিধ সৈন্যশাসন, সেনাপতির অধীন এবং সন্ধিবিগ্রহ ব্যাপার দূতায়ত্ত হওয়া উচিত। মনু ৭ অ। ৬৫।

২। রাজা স্বরাজ্য বা পররাজ্য হইতে ধন সংগ্রহ করিবেন, যেহেতু ধন হইতেই ধর্ম্ম-মূল রাজ্য বর্দ্ধিত হইয়া থাকে; অতএব ধন সঙ্কলনপূর্ব্বক তাহা যত্নসহকারে রক্ষা করা উচিত এবং রক্ষাকরতঃ তাহার বৃদ্ধি করা

১। অমাত্যে দণ্ড আয়ত্তো দণ্ডে বৈনয়িকী ক্রিয়া।
নৃপতৌ কোষরাষ্ট্রে চ দূতে সন্ধিবিপর্য্যয়ৌ॥ মনু, ৭অ। ৬৫।

২। স্বরাষ্ট্রাৎ পররাষ্ট্রাচ্চ কোশং সঞ্জনয়েন্নৃপঃ।
কোশাদ্ধি ধর্ম্মঃ কৌন্তেয় রাজ্যমূলঞ্চ বর্দ্ধতে॥
তস্মাৎ সঞ্জনয়েৎ কোশং সৎকৃত্য পরিপালয়েৎ।
পরিপাল্যানুতনুয়াদেষ ধর্ম্মঃ সনাতনঃ॥
ন কোশঃ শুদ্ধশৌচেন ন নৃশংসেন জাতু চিৎ।
মধ্যমং পদমাস্থায় কোশসংগ্রহণং চরেৎ॥
অবলস্য কুতঃ কোশো হ্যকোশস্য কুতো বলম্।
অবলস্য কুতো রাজ্যমরাজ্ঞঃ শ্রীর্ভবেৎ কুতঃ॥
উচ্চৈর্বৃত্তেঃ শ্রিয়ো হানির্যথৈব মরণং তথা।
তস্মাৎ কোশং বলং মিত্রমথ রাজা বিবর্দ্ধয়েৎ॥
হীনকোশং হি রাজানমবজানন্তি মানবাঃ।
ন চাস্যাল্পেন তুষ্যন্তি কার্য্যমপ্যুৎসহন্তি চ॥
শ্রিয়ো হি কারণাদ্রাজা সৎক্রিয়াং লভতে পরাম্।
সাস্য গূহতি পাপানি বাসো গুহ্যমিবস্ত্রিয়াঃ॥ ম, শা, ১৩৩অ। ১—৭।

কর্ত্তব্য, ইহাই সনাতন ধর্ম্ম। কেবল পবিত্রতা বা নৃশংসতা দ্বারা ধন সঞ্চয় কদাচ কর্ত্তব্য নহে। পবিত্রতা ও নৃশংসতার মধ্যবর্ত্তী হইয়া কোষ সংগ্রহ করা উচিত। বলহীন রাজার ধন সংগ্রহ হয় না, ধনহীনের বল কোথায়? বলহীন হইলে রাজ্য স্থিরতর থাকে না; রাজ্যহীনের শ্রী কোথা হইতে হইবে? মহৎ ব্যক্তির শ্রীহানি মরণ তুল্য। অতএব নৃপতি যে উপায় দ্বারা ধন, বল ও মিত্র বৃদ্ধি হয়, তদ্বিষয়ে সযত্ন হইবেন। মানবগণ ধনহীন নৃপতিকে অবজ্ঞা করিয়া থাকে, তাহারা অল্প ধন প্রাপ্ত হইয়া তাঁহার প্রতি সন্তুষ্ট হয় না এবং তাঁহার কার্য্য করিতে উৎসাহ প্রকাশ করে না। রাজা সম্পত্তির নিমিত্তই পরম সম্মান প্রাপ্ত হইয়া থাকেন। বস্ত্র যেমন নারীদিগের গোপনীয় স্থান আবরণ করে, ধনসম্পত্তি সেইরূপ রাজার পাপ সকল সংবরণ করিয়া থাকে। ম, শা, ১৩৩ অ। ১—৭।

৩। যে ব্যক্তি দেবতা, পিতৃগণ ও মানব সকলকে হবি দ্বারা অর্চ্চনা না করে, ধর্ম্মবিৎ ব্যক্তিরা তাহার অর্থকে অনর্থক বলিয়া থাকেন। ধার্ম্মিক ভূপাল সেই ধন হরণ করিবেন এবং তদ্দ্বারা লোক সকলকে প্রীত করিবেন, তাদৃশ ধন দ্বারা কোষ সঞ্চয় করিবেন না। যিনি অর্থাগমের উপায় করিয়া অসাধুগণ হইতে অর্থ আদান করতঃ সাধুগণকে প্রদান করেন, তিনিই সম্পূর্ণ ধর্ম্মজ্ঞ। ম, শা, ১৩৬ অ। ৫—৭।

৩। যো বৈ ন দেবান্ন পিতৄন্ন মর্ত্ত্যান্ হবিষাঽর্চ্চতি।
অনর্থকং ধনং তত্র প্রাহুর্ধর্ম্মবিদো জনাঃ॥
হরেত্তদ্দ্রবিণং রাজন্ ধার্ম্মিকঃ পৃথিবী পতিঃ॥
ততঃ প্রীণয়তে লোকং ন কোশং তদ্বিধংনৃপঃ॥
অসাধুভ্যোঽর্থমাদায় সাধুভ্যো যঃ প্রযচ্ছতি।
আত্মানং সংক্রমং কৃত্বা কৃৎস্নধর্ম্মবিদেব সঃ॥ ম, শা, ১৩৬ অ। ৫—৭।

৪। নৃপতির কোষক্ষয়-নিবন্ধনই বলক্ষয় জন্মে, এ কারণ নির্জ্জল প্রদেশে জল উৎপাদনের ন্যায়, রাজা কোষ সঞ্চয় করিয়া থাকেন। ম, শা, ১৩০ অ। ১২-১৩।

৫। প্রজাগণকে দুঃখ দান করিয়া যাহা আদান করা যায়, পশ্চাৎ তাহা মরণতুল্য হইয়া থাকে, অর্থাৎ প্রজাপীড়ন-সন্তাপ হেতু সমুদ্ভূত হুতাশন রাজার প্রাণ, বল ও ধনাগার দগ্ধ না করিয়া নিবৃত্ত হয় না; বিশুদ্ধ বুদ্ধি মানব বা প্রজাগণের ইহাই নিশ্চয় আছে। ম, শা, ১৩০ অ। ৯।

৬। আপদ্ কালে যদি প্রজাগণ রাজাকে সাহায্যার্থ ধন দান না করে, তাহা হইলে রাজা রাষ্ট্রকে কোষভুক্ত করিয়া, কোষকে গৃহগত করিবেন। ম, শা, ৮৭অ। ২৩—২৪।

৭। পর্থিবগণের প্রযত্নপূর্ব্বক সতত কোষ রক্ষা করা উচিত। কোষই রাজাদিগের মূল এবং বৃদ্ধিকর হইয়া থাকে। ম, শা, ১১৯ অ। ১৬।

৮। কোষাগার এবং সৈন্যই নৃপতির মূল মাত্র; তন্মধ্যে কোষই সৈন্যের মূল, সৈন্য সকল সমস্ত ধর্ম্মের মূল। ধর্ম্মই প্রজাগণের মূল হন; অতএব সকলের মূল ধনাগারেব বৃদ্ধি করা বিধেয়। ম, শা, ১৩০ অ।৩৫।

৪। "রাজ্ঞঃ কোষক্ষয়াদেব জায়তে বলসংক্ষয়ঃ ॥"
"কোশঞ্চ জনয়েদ্রাজা নির্জ্জলেভ্যো যথা জলম্।" ম, শা, ১৩০ অ। ১২—১৩।

৫। দুঃখাদান ইহ হ্যেষ স্যাত্তু পশ্চাৎক্ষয়োপমঃ।
অভিগম্যামতীনাং হি সর্ব্বাসামেব নিশ্চয়ঃ॥ ম, শা, ১৩০ অ। ৯।

৬। "আপদর্থং চ নির্যাতং ধনং ত্বিহ বিবর্দ্ধয়েৎ ॥"
"রাষ্ট্রং চ কোশভূতং স্যাৎ কোশো বেশ্মগতস্তথা।" ম, শা, ৮৭অ। ২৩-২৪।

৭। কোশশ্চ সততং রক্ষ্যো যত্নমাস্থায় রাজভিঃ।
কোশমূলা হি রাজানঃ কোশো বৃদ্ধিকরোভবেৎ॥ ম, শা. ১১৯ অ। ১৬।

৮। রাজ্ঞঃ কোশবলং মূলং কোশমূলং পুনর্বলং।
তন্মূলং সর্ব্বধর্ম্মাণাং ধর্ম্মমূলাঃ পুনঃ প্রজাঃ॥ ম, শা, ১৩০ অ। ৩৫।

৯। অন্য ব্যক্তিকে পীড়ন না করিয়া কোষসঞ্চয় হয় না, সুতরাং সৈন্যসংগ্রহ কি প্রকারে হইতে পারে? অতএব কোষসঞ্চয়ার্থ লোক-পীড়ন করিলে নৃপতি দোষভাগী হন না। ম, শা, ১৩০ অ, ৩৬।

১০। পশু প্রভৃতি যেমন যজ্ঞের নিমিত্ত হয়, যজ্ঞ চিত্তসংস্কারের নিমিত্ত হইয়া থাকে এবং পশু প্রভৃতি, যজ্ঞ ও চিত্তসংস্কার এই ত্রিতয় যেরূপ মোক্ষের নিমিত্ত হইয়া থাকে, তদ্রূপ কোষের নিমিত্ত দণ্ড, বলের নিমিত্ত কোষ এবং শত্রুপরাজয়ের নিমিত্ত কোষ, বল ও নীতি এই ত্রিতয়ই রাষ্ট্র-পুষ্টির নিমিত্ত হইয়া থাকে। ম, শা, ১৩০ অ। ৩৯।

১১। যে সমস্ত মানবগণ কোষের পরিপন্থী হয়, তাহাদিগকে নিহত না করিলে তদ্বিষয়ে সিদ্ধি দেখিতে পাওয়া যায় না। ম, শা, ১৩০অ। ৪২।

১২। ধন দ্বারা ইহলোক ও পরলোক, উভয়ই লাভ হয়, নির্ধন হইলে ধর্ম্ম ও সত্যবচন যেমন থাকে না, তেমনি নির্ধন ব্যক্তি জীবন্মৃতবৎ কালযাপন করে। ম, শা, ১৩০ অ।৪৩।

১৩। ধনসংগ্রহ ও ধন ত্যাগ এক পুরুষে কোন মতে সম্ভূত হয় না; অরণ্যমধ্যে কখন ধনবৃদ্ধ মানবগণকে অবলোকন করা যায় না। এই পৃথিবী

৯। নান্যানপীড়য়িত্বেহ কোশঃ শক্যঃ কুতো বলম্।
তদর্থং পীড়য়িত্বা চ দোষং প্রাপ্তুং ন সোঽর্হতি॥ ম, শা, ১৩০ অ। ৩৬।

১০। যজ্ঞার্থমন্যদ্ভবতি যজ্ঞোঽন্যার্থস্তথা পরঃ।
যজ্ঞস্যার্থার্থমেবান্যৎ তৎ সর্ব্বং যজ্ঞসাধনম্॥ ম, শা, ১৩০ অ। ৩৯।

১১। এবং কোশস্য মহতো যে নরাঃ পরিপন্থিনঃ।
তানহত্বা ন পশ্যামি সিদ্ধিমত্র পরন্তপ॥ ম, শা, ১৩০ অ। ৪২।

১২। ধনেন জয়তে লোকাবুভৌ পরমিমং তথা।
সত্যঞ্চ ধর্ম্মবচনং যথা নাস্ত্যধনস্তথা॥ ম, শা, ১৩০ অ। ৪৩।

১৩। নৈতৌ সম্ভবতো রাজন্ কথঞ্চিদপি পার্থিব।
ন হ্যরণ্যেষু পশ্যামি ধনবৃদ্ধানহং ক্বচিৎ॥

মধ্যে যাহা কিছু ধন দৃষ্টিগোচর হয়, তৎসমুদায় আমারই হউক, আমারই হউক, লোকে এইরূপ আকাঙ্ক্ষা করিয়া থাকে। ম, শা, ১৩০ অ।৪৫-৪৬।

১৪। লোকে বুদ্ধিকৌশলে ও দক্ষতা দ্বারা ধনসঞ্চয় লাভ করে। পণ্ডিতেরা ধনহীন ব্যক্তিকেই দুর্ব্বল কহেন, ধনবান্ ব্যক্তিই বলবান্ হন। ধনবান্ মানবের অপ্রাপ্য কিছুই নাই এবং কোষবান্ নৃপতি সমস্ত বিপদ্ হইতেই উত্তীর্ণ হন; কোষ দ্বারা ধর্ম্ম, কাম এবং ইহলোক ও পরলোকে সুখ লাভ হয়। অতএব ধর্ম্মতঃ সেই ধন লাভ ইচ্ছা করিবে, কদাচ অধর্ম্ম দ্বারা ধনসঞ্চয় করিতে কামনা করিবে না। ম, শা, ১৩০ অ, ৪৮—৫০।

১৫। আয় অধিক ও ব্যয় অল্পতর হইয়া কোষে ধন সঞ্চিত হয়, তৎপ্রতি নৃপতির নিয়ত লক্ষ্য রাখা কর্ত্তব্য, কদাচ অপাত্রে ব্যয়িত হওয়ায় ধনাগার শূন্য না হয়। বা, অ, ১০০ স। ৫৪।

১৬। দেবগণ, পিতৃগণ, অভ্যাগত অতিথি, ব্রাহ্মণ, যোদ্ধা ও মিত্রবর্গের নিমিত্ত যে ধন ব্যয়িত হয়, তাহাই সার্থক। বা, অ, ১০০স।৫৫।

যদিদং দৃশ্যতে বিত্তং পৃথিব্যামিহ কিঞ্চন।
মমেদং স্যান্মমেদং স্যাদিত্যেবং কাঙ্ক্ষ্যতে জনঃ॥ ম, শা ১৩০ অ। ৪৫—৪৬।

১৪। "বুদ্ধ্যা দাক্ষ্যেণ চৈবান্তে বিন্দন্তি ধন সঞ্চয়ান্॥"
অধনং দুর্ব্বলং প্রাহুর্দ্ধনেন বলবান্ ভবেৎ।
সর্ব্বং ধনবতা প্রাপ্যং সর্ব্বং তরতি কোশবান্॥
কোশেন ধর্ম্মঃ কামশ্চ পরলোকস্তথা হ্যয়ম্।
তঞ্চ ধর্ম্মেণ লিপ্সেত নাধর্ম্মেণ কদাচন॥ ম, শা, ১৩০ অ। ৪৮—৫০।

১৫। আয়স্তে বিপুলঃ কচ্চিৎ কচ্চিদল্পতরো ব্যয়ঃ।
অপাত্রেষু ন তে কচ্চিৎ কোশো গচ্ছতি রাঘব॥ বা. অ, ১০০ স। ৫৪।

১৬। দেবতার্থে চ পিত্র্যর্থে ব্রাহ্মণেঽভ্যাগতেষু চ।
যোধেষু মিত্রবর্গেষু কচ্চিদ্গচ্ছতি তে ব্যয়ঃ॥ বা, অ, ১০০ স। ৫৫।

১৭। আয়ব্যয়ে নিযুক্ত কর্ম্মচারীরা (গণক ও লেখকেরা) প্রত্যহ পূর্ব্বাহ্নে রাজার আয়ব্যয় নিরূপণ করিবেন। ম, শা, ৫ অ।৭২।

১৮। আকর হইতে উৎপন্ন দ্রব্য রাজারই গ্রাহ্য, নিধি অর্থাৎ অস্বামিক প্রোথিত ধন প্রাপ্ত হইলে, রাজা অর্দ্ধভাগ ব্রাহ্মণসাৎ করিয়া অপরার্দ্ধভাগ স্বীয় ধনাগারে প্রেরণ করিবেন। বিষ্ণু, ৩ অ : ৩৫—৩৬।

১৯। ব্রাহ্মণ নিধি প্রাপ্ত হইলে, নিজেই সমস্ত লইতে পারিবেন। ক্ষত্রিয় ঐরূপ ধন পাইলে, রাজাকে চতুর্থাংশ অর্থাৎ চারিভাগের একভাগ এবং ব্রাহ্মণকে অপর চতুর্থাংশ অর্পণ করিয়া স্বয়ং অবশিষ্ট অর্দ্ধভাগ গ্রহণ করিবে। বৈশ্য রাজাকে চতুর্থাংশ ও ব্রাহ্মণকে অর্দ্ধভাগ প্রদান করিয়া অবশিষ্ট চতুর্থাংশ গ্রহণ করিবে। শূদ্র, প্রাপ্ত নিধিকে দ্বাদশভাগে বিভক্ত করিয়া রাজাকে পাঁচ অংশ এবং ব্রাহ্মণকে পাঁচ অংশ দিবে; আর স্বয়ং দুই অংশ গ্রহণ করিবে। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র নিধি প্রাপ্ত হইয়া যদি অংশ দান ভয়ে এই কথা অপ্রকাশ রাখে এবং ইহা প্রচার হয়, তাহা হইলে রাজা ব্রাহ্মণের অংশ ব্রাহ্মণকে দিয়া অপর সমস্ত অংশ কোশজাত করিবেন। বিষ্ণু, ৩ অ। ৩৭—৪১।

১৭। কচ্চিদায় ব্যয়ে যুক্তাঃ সর্ব্বে গণকলেখকাঃ।
অনুতিষ্ঠন্তি পূর্ব্বাহ্ণে নিত্যমায়ব্যয়ং তব॥ ম, স, ৫ অ।৭২।

১৮। আকরেভ্যঃ সর্ব্বমাদদ্যাৎ॥ নিধিং লব্ধা তদর্দ্ধং ব্রাহ্মণেভ্যোদদ্যাৎ,
দ্বিতীয়মর্দ্ধং কোশে প্রবেশয়েৎ॥ বিষ্ণু ৩ অ। ৩৫—৩৬।

১৯। নিধিং ব্রাহ্মণো লব্ধা সর্ব্বমাদদ্যাৎ॥ ক্ষত্রিয়শ্চতুর্থমংশং
রাজ্ঞে দদ্যাৎ, চতুর্থমংশং ব্রাহ্মণেভ্যোঽর্দ্ধমাদদ্যাৎ॥
বৈশ্যশ্চতুর্থমংশং রাজ্ঞে দদ্যাৎ ব্রাহ্মণেভ্যোঽর্দ্ধমংশমাদদ্যাৎ॥
শূদ্রশ্চাবাপ্তং দ্বাদশধা বিভজ্য পঞ্চাংশান্
রাজ্ঞে দদ্যাৎ, পঞ্চাংশান্ ব্রাহ্মণেভ্যোঽংশদ্বয়মাদদ্যাৎ॥
অনিবেদিত বিজ্ঞাতস্য সর্ব্বমপহরেৎ॥ বিষ্ণু ৩ অ। ৩৭—৪১।

২০। ব্রাহ্মণেতর সমস্ত বর্ণ, নিজ নিহিত ধন উত্তোলন করিলেও তাহা হইতে রাজাকে দ্বাদশ ভাগের এক ভাগ দিবে। বিষ্ণু, ৩ অ।৪২।

২১। যে রাজা নিজ রাজ্য হইতে অন্যায় পূর্ব্বক অর্থ সংগ্রহ করিয়া ধন বৃদ্ধি করে, সে অচিরকালের মধ্যে শ্রীভ্রষ্ট হইয়া সবান্ধবে বিনষ্ট হয়। যাজ্ঞ, ১ অ। ৩৪০।

২২। যাহাতে অনেক ধন সঞ্চিত হয় ও যাহা হইতে অল্পধন নিঃসৃত হয়, বিখ্যাত এবং যথায় দেবতা পূজিত হইয়া থাকেন, অভিলষিত দ্রব্যপূর্ণ, মনোহর, হিতজনাধিষ্ঠিত, মুক্তা-স্বর্ণ-রত্নযুক্ত, পিতাপিতামহের ধর্ম্মার্জ্জিত, ব্যয়সহনশীল ধনাগারকে কোষজ্ঞ পণ্ডিতেরা আদর করেন। কাম, ৪ স। ৬২—৬৩।

২৩। ধর্ম্ম উপার্জ্জনের জন্য, প্রয়োজনানন্তর সম্পাদনের জন্য, ভৃত্যবর্গের পোষণের জন্য এবং আপদুদ্ধারের জন্য রাজাদিগের সর্ব্বদা ধনাগার রক্ষা করা কর্ত্তব্য। কাম, ৪ স। ৬৪।

২০। স্বনিহিতাদ্রাজ্ঞে ব্রাহ্মণবর্জ্জং দ্বাদশমংশং দদ্যুঃ॥ বিষ্ণু ৩ অ। ৪২।

২১। অন্যায়েন নৃপো রাষ্ট্রাৎ স্বকোষং যোঽভিবর্দ্ধয়েৎ।
সোঽচিরাদ্বিগতশ্রীকো নাশমেতি সবান্ধবঃ॥ যাজ্ঞ ১ অ। ৩৪০।

২২। বহ্বাদানোঽল্পনিঃস্রাবঃ খ্যাতঃ পূজিতদৈবতঃ।
ঈপ্সিতদ্রব্য সম্পূর্ণো হৃদ্য আপ্তৈরধিষ্ঠিতঃ॥
মুক্তাকনক রত্নাঢ্যঃ পিতৃপৈতামহোচিতঃ।
ধর্ম্মার্জ্জিতো ব্যয়সহঃ কোষঃ কোষজ্ঞসম্মতঃ॥ কাম, ৪স। ৬২—৬৩।

২৩। ধর্ম্মহেতোস্তথার্থায় ভৃত্যানাং ভরণায় চ।
আপদর্থঞ্চ সংরক্ষ্যঃ কোষঃ কোষবতা সদা॥ কাম, ৪ স। ৬৪।

২৪। রাজা শস্যাগার পূর্ণ রাখিতে সর্ব্বদা নিযুক্ত থাকিবেন, কারণ সকলের জীবনই শস্যের অধীন; রাজা স্বয়ং শস্যাগারের ধ্বংস করিবেন না, প্রতিদিন তাহার তত্ত্বাবধান করিবেন। নির্ম্মলচরিত্র রাজা জীবিকার জন্য কার্য্যকুশল অনুজীবিদ্বারা কৃষি, বাণিজ্যার্থ, দুর্গ, সেতু, হস্তিবন্ধন, খনি ও আকর হইতে ধন গ্রহণ, এবং যাহার অভাব হইবে তাহার সমাবেশ এই অষ্টবর্গকে বর্দ্ধিত করিবেন। কাম, ৫স। ৭৭—৭৯।

২৫। রাজা ক্ষীণার্থ হইয়া অর্থাৎ ধনের অল্পতা বশতঃ যে যে দিকে অভিযান করিবেন, সেই সেই দিকে বণিকদিগের সংরোধ করিবেন না। যেরূপ কাঁটার বেড়া দিয়া সাবধানে শস্য রক্ষা করিতে হয়, আবার শস্য হইতে ফল বাহির করণ জন্য শস্যে লগুড়াঘাত করিতে হয়, পৃথিবীও সেইরূপ ভোগ্য জানিবে। কাম, ৫ স। ৮০—৮১।

২৬। আপ্ত ও কোষ তত্ত্বাভিজ্ঞ লোক দ্বারা অধিষ্ঠিত ধনাগার সর্ব্বদা

২৪। কোষ্ঠাগারেঽভিযুক্তঃ স্যাত্তদায়ত্তং হি জীবিতম্।
নাত্যয়ঞ্চ ব্যয়ং কুর্য্যাৎ প্রত্যবেক্ষেত চান্বহম্॥
কৃষির্বণিক্ পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্।
খন্যাকর ধনাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্॥
অষ্টবর্গমিমং সাধু স্বচ্ছবৃত্তো বিবর্দ্ধয়েৎ।
জীবনার্থমিহাজীব্যৈঃ কর্ত্তব্যঃ করণাধিকৈঃ॥ কাম, ৫স। ৭৭—৭৯।

২৫। তথা যয়া প্রবর্ত্তেত বৃত্ত্যা ক্ষীণোঽপি পার্থিবঃ।
তস্যাংতস্যাং ন সংরোধং কুর্য্যাৎ পণ্যোপজীবিনাম্॥
যথা রক্ষেচ্চ নিপুণং শস্যং কণ্টকিশাখয়া।
ফলায় লগুড়ঃ কার্য্যস্তদ্বদ্‌ভোগ্যমিদং জগৎ॥ কাম, ৫ স।৮০—৮১।

২৬। সংবর্দ্ধয়েৎ সদা কোষমাপ্তৈস্তজ্‌জ্ঞৈরধিষ্ঠিতম্।
কালে চাস্য ব্যয়ং কুর্য্যাৎ ত্রিবর্গপরিবৃদ্ধয়ে॥ কাম, ৫স। ৮৭।

বর্দ্ধিত করিবে; আবার কোন সময়ে ত্রিবর্গ (ধর্ম্মার্থকাম) পরিবৃদ্ধিজন্য তাহার ব্যয়ও করিবে। কাম, ৫ স। ৮৭।

২৭। ভৃত্যের পালন, দান, ভূষণ, বাহনক্রয়, স্থৈর্য্য, পরোপজাপ (শত্রুদিগের মধ্যে পরস্পর বিচ্ছেদ ঘটান) দুর্গসংস্কার, সেতুনির্ম্মাণ, প্রজা ও মিত্র প্রাপ্তি, ধর্ম্ম-কাম-অর্থ-সিদ্ধি এ সমস্তই কোষসাধ্য; রাজা কোষমূল ইহাই সার্ব্বলৌকিক প্রবাদ, কোষব্যসন ঘটিলে এ সমস্তই পরিত্যাগ করিতে হয়। কাম, ১৩ স। ৩১—৩৩।

২৮। কোষসম্পন্ন রাজা ক্ষীণবল বর্দ্ধন করেন, স্বতঃ প্রজা আকর্ষণ করেন ও শত্রুর নিকট হইতেও সেবা প্রাপ্ত হন। কাম, ১৩ স। ৩৪।

২৯। কোশ সংরক্ষণে নিপুণ রাজা নিধিসংগ্রহে কুবেরের ন্যায় হইবেন। চন্দ্র যেমন সকল কলাসম্পন্ন না হইলে শোভা প্রাপ্ত হন না, সেইরূপ রাজাও কোশ ব্যতিরেকে শোভিত হন না। শুক্র, ১ অ। ৭৭।

৩০। কেবল স্ত্রী-পুত্রের জন্য বা আপনার উপভোগের নিমিত্ত

২৭। ভৃত্যানাং ভরণং দানং ভূষণং বাহনক্রয়ঃ।
স্থৈর্য্যং পরোপজাপশ্চ দুর্গসংস্কার এব চ॥
সেতুবন্ধবণিক্‌কর্ম্ম প্রজামিত্র পরিগ্রহঃ।
ধর্ম্মকামার্থ সিদ্ধিশ্চ কোষাদেতৎ প্রবর্ত্ততে॥
কোষমূলো হি রাজেতি প্রবাদঃ সার্ব্বলৌকিকঃ।
এতৎসর্ব্বং জহাতীহ কোষব্যসনবান্ নৃপঃ॥ কাম, ১৩স।৩১—৩৩।

২৮। ক্ষীণং বলং বর্দ্ধয়তি স্বতো গৃহ্ণাতি চ প্রজাঃ।
কোষবান্ পৃথিবীপালঃ পরৈরপ্যুপজীব্যতে॥ কাম, ১৩স।৩৪।

২৯। কোশানাং রক্ষণে দক্ষঃ স্যান্নিধীনাং ধনাধিপঃ।
চন্দ্রো যথা বিনা সর্ব্বৈরংশৈর্নো ভাতি ভূপতিঃ॥ শুক্র, ১ অ।৭৭।

৩০। স্ত্রীপুত্রার্থং কৃতো যশ্চ স্বোপভোগায় কেবলম্।
নরকায়ৈব স জ্ঞেয়ো ন পরত্র সুখপ্রদঃ॥ শুক্র, ৪ অ—২প্র।৪।

যে সঞ্চয় তাহা নরকের জন্য, তাহা পরলোকে সুখপ্রদ নহে। শুক্র, ৪ অ—২ প্র। ৪।

৩১। যে অন্যায় পূর্ব্বক ধন উপার্জ্জন করে, সে পাপ-ভাগী হয়, ধন সাধু হইতে গৃহীত বা সৎপাত্রে দত্ত হইলে বর্দ্ধিত হয়। ন্যায়োপার্জ্জক ও সদ্‌ব্যয়ীকে পাত্র কহে, তাহার বিপরীতকে অপাত্র কহে, রাজা অপাত্রের ধন হরণ করিবেন, তাহাতে পাপ নাই। শুক্র, ৪ অ-২ প্র।৫—৬।

৩২। রাজা অধার্ম্মিকের নিকট হইতে ছল, বল বা দস্যুবৃত্তি দ্বারা ধন হরণ করিবেন। পররাষ্ট্র হইতেও সর্ব্বপ্রকারে ধনহরণ করিবেন। শুক্র, ৪ অ—২প্র। ৭।

৩৩। যিনি নীতিবল ত্যাগ করিয়া স্বীয় প্রজাপীড়ন দ্বারা ধন-সঞ্চয় করেন, তাঁহার সমস্ত ধন ও রাজ্য শত্রুর হস্তগত হয়। শুক্র, ৪অ—২প্র। ৮।

৩৪। অবিপন্ন অবস্থায় দণ্ড ও ভূভাগ-শুল্কের বর্দ্ধন দ্বারা এবং

৩১। অন্যায়েনার্জিতো যস্মাদ্ যেন তৎ পাপভাক্ চ সঃ।
সুপাত্রতো গৃহীতং যদ্ দত্তং বা বর্দ্ধতে চ তৎ ॥
ন্যাগমী সদ্‌ব্যয়ী পাত্রমপাত্রং বিপরীতকম্।
অপাত্রস্য হরেৎ সর্ব্বং ধনং রাজা ন দোষভাক্ ॥ শুক্র, ৪অ—২প্র। ৫—৬।

৩২। অধর্ম্মশীলাৎ নৃপতিঃ সর্ব্বশঃ সংহরেদ্ধনম্।
ছলাদ্ বলাদ্ দস্যুবৃত্ত্যা পররাষ্ট্রাদ্ধরেৎ তথা ॥ শুক্র, ৪ অ—২প্র। ৭।

৩৩। ত্যক্ত্বা নীতিবলং স্বীয়প্রজাপীড়নতো ধনম্।
সঞ্চিতং যেন তত্তস্য স রাজ্যং শত্রুসাদ্ভবেৎ ॥ শুক্র, ৪অ—২প্র। ৮।

৩৪। দণ্ড ভূভাগশুল্কানামাধিক্যাৎ কোশবর্দ্ধনম্।
অনাপদি ন কুর্বীত তীর্থদেবকরগ্রহাৎ ॥ শুক্র, ৪অ—২প্র। ৯।

তীর্থ ও দেবদর্শনের কর গ্রহণ করিয়া কোশবৃদ্ধি করিবে না। শুক্র, ৪ অ—২প্র। ৯।

৩৫। শত্রুবিনাশ জন্য সেনারক্ষণকালে প্রজার নিকট হইতে বিশিষ্ট দণ্ড ও শুল্কাদি কর গ্রহণ করিবে। শুক্র, ৪ অ—২প্র। ১০।

৩৬। যাহাতে দণ্ডলব্ধ, ভূমির রাজস্ব ও শুল্ক ব্যতিরেকেও কোশ হইতে বিংশতি বৎসর পর্য্যন্ত সৈন্য রক্ষা হইতে পারে, তাদৃশ কোশ সংগ্রহ করিবে। কোশ বলমূলক ও বল কোশমূলক, বল হইতে কোশ, রাষ্ট্রবৃদ্ধি ও অরিক্ষয় হয়। প্রজা সংরক্ষণে এতত্ত্রিতয় ও স্বর্গলাভ হয়। শুক্র, ৪অ—২প্র। ১৩—১৫।

৩৭। যজ্ঞার্থ দ্রব্য উৎপন্ন হইয়াছে, যজ্ঞ স্বর্গ. সুখ ও আয়ুস্কর; শত্রুর অভাব, বল ও কোশ রাষ্ট্রবৃদ্ধির নিমিত্ত। ক্ষমাশীল রাজার নৈপুণ্য প্রযুক্ত রাষ্ট্রবৃদ্ধি হয়, অতএব বুদ্ধি ও বলোদয় অনুসারে রাষ্ট্রবৃদ্ধির জন্য যত্ন করিবে। শুক্র, ৪অ—২প্র। ১৬—১৭।

৩৫। যদা শত্রুবিনাশার্থং বলসংরক্ষণোদ্যতঃ।
বিশিষ্ট দণ্ডশুল্কাদি ধনং লোকাৎ তদা হরেৎ॥ শুক্র, ৪অ—২প্র। ১০।

৩৬। সংরক্ষণং ভবেৎ সম্যগ্‌ যাবদ্‌ বিংশতি বৎসরম্‌।
তথা কোশস্তু সন্ধার্য্যঃ স্বপ্রজারক্ষণ ক্ষমঃ॥
বলমূলো ভবেৎ কোশঃ কোশমূলং বলং স্মৃতম্‌।
বলসংরক্ষণাৎ কোশরাষ্ট্রবৃদ্ধিররিক্ষয়ঃ॥
জায়তে তৎত্রয়ং স্বর্গঃ প্রজাসংরক্ষণেন বৈ। শুক্র, ৪অ—২প্র। ১৩—১৫।

৩৭। যজ্ঞার্থং দ্রব্যমুৎপন্নং যজ্ঞঃ স্বর্গসুখায়ুষে।
আর্য্যভাবো বলং কোশো রাষ্ট্রবৃদ্ধৌ ত্রয়ং ত্বিদম্‌॥
তদ্‌বৃদ্ধির্নীতিনৈপুণ্যাৎ ক্ষমাশীলনৃপস্য চ।
জায়তেঽতো যতেতৈব যাবৎ বুদ্ধিবলোদয়ম্‌॥ শুক্র, ৪অ—২প্র। ১৬—১৭।

৩৮। রাজা নিজ হিত ও প্রজারক্ষার জন্য উপযুক্তকালে তিন বৎসর ভোগ্য ধান্যাদি সংগ্রহ করিবেন। অথবা বিভব থাকিলে ততোঽধিক কাল-ভোগ্য ধান্যাদি সংগ্রহ করিবেন। সুপুষ্ট, কান্তিযুক্ত, উৎকৃষ্ট-জাতীয়, শুষ্ক, নূতন এবং সুগন্ধ, বর্ণ ও রসযুক্ত, সুচারু, চিরস্থায়ী ধান্য সংগ্রহ করিবেন। মূল্য অধিক হইলেও সেইরূপ ধান্য সংগ্রহ করিবেন, অন্যবিধ নহে। বিষ, অগ্নি ও হিমব্যাপ্ত (হিম-প্রাপ্ত), কীটদুষ্ট, ধান্য রাখিবেন না। অসার ধান্য ব্যয়ার্থ দিবেন না। যত ধান্য ব্যয় হইবে, প্রতি বৎসর তত নূতন ধান্য সঞ্চয় করিবেন। শুক্র, ৪অ—২প্র। ২৬—২৯।

৩৯। ঔষধি, ধাতু, তৃণ কাষ্ঠাদি, যন্ত্র, শস্ত্র, অস্ত্র, অগ্নিচূর্ণ (বারুদ), ভাণ্ডাদ (স্থাল্যাদি), ও যে যে কার্য্যে যে যে সকল বস্ত্র প্রয়োজনীয় তাহা; ইত্যাদি কার্য্যসাধক আবশ্যকীয় দ্রব্য সকল সঞ্চয় করিবে। শুক্র, ৪অ—২প্র। ৩০—৩১।

৩৮। ধান্যানাং সংগ্রহঃ কার্য্যো বৎসরত্রয়পূর্ত্তিদঃ ;
তৎ তৎ কালে স্বরাষ্ট্রার্থং নৃপেণাত্মহিতায় চ।
চিরস্থায়ী সমৃদ্ধানামধিকো বাপি চেষ্যতে ॥
সুপুষ্টং কান্তিমজ্জাতিশ্রেষ্ঠং শুষ্কং নবীনকম্।
সসুগন্ধবর্ণরসং ধান্যং সংবীক্ষ্য রক্ষয়েৎ।
সুসমৃদ্ধং চিরস্থায়ী মহার্ঘমপি নান্যথা ॥
বিষবহ্নিহিমব্যাপ্তং কীটজুষ্টং ন ধারয়েৎ।
নিঃসারতাং ন হি প্রাপ্তং ব্যয়ে তাবন্নিযোজয়েৎ ॥
ব্যয়ীভূতং তু যদ্ দৃষ্ট্বা তৎতুল্যং তু নবীনকম্।
গৃহীয়াৎ সুপ্রযত্নেন বৎসরে বৎসরে নৃপঃ ॥ শুক্র, ৪অ—২প্র। ২৬—২৯।

৩৯। ঔষধীনাং চ ধাতূনাং তৃণকাষ্ঠাদিকস্য চ।
যন্ত্র শস্ত্রাস্ত্রাগ্নিচূর্ণ ভাণ্ডাদের্বাসসাং তথা ॥
যদ্‌যচ্চ সাধকং দ্রব্যং যদ্‌যৎকার্য্যে ভবেৎ সদা।
সংগ্রহস্তস্য তস্যাপি কর্ত্তব্যঃ কার্য্যসিদ্ধিদঃ ॥ শুক্র, ৪অ—২প্র। ৩০—৩১।

৪০। সংগৃহীত ধনাদি যত্নে রক্ষা করিবে, অর্জ্জনে মহাদুঃখ, রক্ষণে তাহার চতুর্গুণ দুঃখ। ধন ক্ষণকাল উপেক্ষা করিলেই বিনষ্ট হয়। শুক্র, ৪অ—২প্র। ৩২—৩৩।

৪১। উপার্জ্জক অর্জ্জনে ও অর্জ্জিতের বিনাশে দুঃখ পায়, স্ত্রীপুত্র বিনাশে যেরূপ দুঃখ হয়, অন্যনাশেও তাদৃশ দুঃখ হয়। স্বয়ং শিথিল হইলে, অন্য সকলে শিথিল না হইবে কেন? যে স্বকার্য্যে জাগরূক তাহার অনুচরবর্গও তৎসদৃশ হয়। যে অর্জ্জন করিতে জানে, কিন্তু অর্জ্জিত রক্ষা করিতে জানে না, তদপেক্ষা মুর্খ নাই, তাহার অর্জ্জন-শ্রম বৃথা। শুক্র, ৪অ—২প্র। ৩৪—৩৬।

৪২। যে এক অধিকারে দুই অধিকার অবলম্বন করে, যে দুই ভার্য্যা পরিগ্রহ করে, যে অতি বিশ্বস্ত অর্থাৎ সৎ বা অসৎ সকলের কথাতেই অতিশয় বিশ্বাস করে, যে অধিক ধনস্পৃহ অথচ অলস, যে অতিশয় স্ত্রৈণ, এবং যে চোর, জার (উপপতি) ও আততায়ী (মহাপরাধ) বিষয়ে

৪০। সংরক্ষয়েৎ প্রযত্নেন সংগৃহীতং ধনাদিকম্।
অর্জ্জনে তু মহদ্দুঃখং রক্ষণে তচ্চতুর্গুণম্॥
ক্ষণং চোপেক্ষিতং যত্তদ্বিনাশং দ্রাক্ সমাপ্নুয়াৎ॥ শুক্র, ৪অ—২প্র.। ৩২—৩৩।

৪১। আর্জকস্যৈব দুঃখং স্যাৎ তথার্জিত বিনাশনে।
স্ত্রীপুত্রাণামপি তথা নান্যেষাং তু কথং ভবেৎ॥
স্বকার্য্যে শিথিলো যঃ স্যাৎ কিমন্যেন ভবন্তি হি।
জাগরূকঃ স্বকার্য্যে যস্তৎ সহায়াশ্চ তৎ সমাঃ॥
যো জানাত্যর্জিতুং সম্যগর্জিতং ন হি রক্ষিতুম্।
নাতঃ পরতরো মূর্খো বৃথা তস্যার্জনশ্রমঃ॥ শুক্র, ৪অ—২প্র। ৩৪—৩৬।

৪২। একস্মিন্নধিকারে তু যো দ্বাবধিকরোতি সঃ।
মূর্খো জীবদ্ দ্বিভার্য্যশ্চ হ্যতিবিস্রব্ধবাংস্তথা॥

সাক্ষী হয়, সে মূর্খ। কৃপণের ন্যায় ধনরক্ষা ও যথাকালে অনাসক্তের ন্যায় দান করিবে, অন্যথা নিজ ধন ব্যয় করিয়াও মূর্খ মধ্যে পরিগণিত হয়। শুক্র, ৪অ—২প্র। ৩৭—৩৯।

হীরকাদি রত্ন বহু মূল্যবান, তাহা স্ত্রী-ভূষণে, রাজ-পরিচ্ছদে ও রাজাভরণে ব্যবহৃত হয়। রাজকোষে রত্ন রক্ষা করিলে, অল্প-স্থানে বহুমূল্যের সম্পত্তি রক্ষা হয়, একারণ রাজগণ যত্নসহকারে নানাবিধ রত্ন সঞ্চয় করিয়া রক্ষা করেন এবং স্ত্রীদিগকেও রত্না-লঙ্কারে ভূষিত করিয়া রাখেন। রত্ন নানাবিধ, রত্ন সংগ্রহ করিতে হইলে, রত্নের আকার-প্রকার ভেদ, গুণাগুণ ও মূল্যাদি নিরূপণ বিষয়ে অভিজ্ঞতা আবশ্যক,একারণ শাস্ত্রকারেরা রত্নপরীক্ষা বিষয়ে বিধি সকল বিধান করিয়াছেন। প্রাচীন প্রথানুসারে এখন রত্নের মূল্য নির্দ্ধারণ হয় না, যে হেতু আধুনিক ওজন ও পরিমাণ প্রণালী সম্পূর্ণ পৃথক্ সুতরাং রত্নের প্রাচীন মূল্য নির্দ্ধারণ প্রণালী সংকলন করা অনাবশ্যক। কেবলমাত্র রত্ন কত প্রকার ও তাহার উত্তমাধমত্বাদির পরিচায়ক স্থূল বিবরণ ও ব্যবহার এস্থলে সংকলিত হইল।

৪৩। বস্তুর যাথাত্ম্য বিজ্ঞানে স্বয়ং যত্ন করিবে, রাজা স্বয়ং ও পরীক্ষক দ্বারা রত্নাদি পরীক্ষা করিয়া রক্ষা করিবেন। শুক্র, ৪অ—২প্র। ৪০।

মহাধনাশো হ্যলসঃ স্ত্রীভির্নির্জিত এব হি।
তথা যঃ সাক্ষিতাং পৃচ্ছেচ্চৌরজারাততায়িষু॥
সংরক্ষয়েৎ কৃপণবৎ কালে দদ্যাদ্বিরক্তবৎ।
মূর্খত্বমন্যথা যাতি স্বধন ব্যয়তোঽপি চ॥ শুক্র, ৪অ—২প্র। ৩৭—৩৯।

৪৩। বস্তুযাথাত্ম্যবিজ্ঞানে স্বয়মেব যতেৎ সদা।
পরীক্ষকৈঃ স্বয়ং রাজা রত্নাদীন্ বীক্ষ্য রক্ষয়েৎ॥ শুক্র, ৪অ—২প্র। ৪০।

৪৪। পণ্ডিতেরা হীরক, মুক্তা, প্রবাল, গোমেদ, ইন্দ্রনীল, বৈদূর্য্য, পুষ্পরাগ, পাচি, (মরকত) ও মাণিক্য এই নয়টীকে মহারত্ন কহেন। শুক্র, ৪ অ—২প্র। ৪১।

নব গ্রহের পূজাতে ঐ নয়টী মহারত্নেরই আবশ্যক হয়, উহার এক একটী রত্ন বিশেষ বিশেষ এক একটী গ্রহের প্রিয়, একারণ সেই সেই গ্রহ-প্রকোপ নিবারণ জন্য গ্রহের প্রিয়তম রত্ন অঙ্গে ধারণ করিতে হয়। শুক্রাচার্য্য কোন্ রত্ন কোন্ গ্রহের প্রিয় তাহা বর্ণনের সঙ্গেই, রত্নের বর্ণাদির পরিচয় বর্ণনা করিয়াছেন যথা ;—

৪৫। ইন্দ্রগোপকীটের ন্যায় কান্তিবিশিষ্ট রক্তবর্ণ মাণিক্য, সূর্য্যের প্রিয় ; রক্ত, পীত, শ্বেত ও শ্যাম বর্ণের মুক্তা চন্দ্রের প্রিয়। পীত ও

৪৪। বজ্রং মুক্তা প্রবালং চ গোমেদশ্চেন্দ্রনীলকঃ।
বৈদূর্য্যং পুষ্পরাগশ্চ পাচিমাণিক্যমেব চ।
মহারত্নানি চৈতানি নব প্রোক্তানি সূরিভিঃ॥ * শুক্র, ৪অ—২প্র। ৪১।

৪৫। রবেঃ প্রিয়ং রক্তবর্ণং মাণিক্যং ত্বিন্দ্রগোপরুক্।
রক্তপীতসিতশ্যামচ্ছবির্মুক্তা প্রিয়া বিধোঃ।
সপীতরক্তরুগ্‌ভৌমপ্রিয়ং বিদ্রুমমুত্তমম্।
ময়ূরচাষপত্রাভা পাচির্বুধহিতা হরিৎ॥

* এই নব মহারত্নের অনুকরণে মহারাজ বিক্রমাদিত্য স্বীয় সভায় নয়টী পণ্ডিত-মহারত্নের সংগ্রহ করিয়াছিলেন। যথা ;—

ধন্বন্তরিঃ ক্ষপণকোঽমরসিংহ-শঙ্কু
বেতালভট্ট-ঘটকর্পর কালিদাসাঃ।
খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং
রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য॥

রক্তকান্তি যুক্ত উত্তম প্রবাল, মঙ্গলের প্রিয়; ময়ূরের পক্ষের ন্যায় কান্তি-যুক্ত হরিদ্বর্ণের মরকত বুধের প্রিয়। স্বর্ণের ন্যায় পীত পুষ্পরাগ, বৃহস্পতির প্রিয়; অতি স্বচ্ছ তারকার ন্যায় প্রভাবিশিষ্ট হীরক শুক্রের প্রিয়। নিবিড় মেঘের ন্যায় কান্তিযুক্ত নীলবর্ণ ইন্দ্রনীল, শনির প্রিয়; ঈষৎ পীত ও অরুণাভ গোমেদ রাহুর প্রিয়। বিড়াল চক্ষুর ন্যায় আভা-বিশিষ্ট, চলচ্ছিখ বৈদূর্য্য কেতুর প্রিয়। শুক্র, ৪ অ—২ প্র। ৪২—৪৬।

৪৬। হীরক রত্নের মধ্যে শ্রেষ্ঠ, গোমেদ ও বিদ্রুম (প্রবাল) অধম; গারুত্মত (মরকত), * মাণিক্য ও মৌক্তিকও শ্রেষ্ঠরত্ন এবং ইন্দ্রনীল, পুষ্প-রাগ ও বৈদূর্য্য মধ্যম। মহাদ্যুতি সর্পমণি রত্নশ্রেষ্ঠ ও দুর্লভ। অজালগর্ভ, সদ্বর্ণ, রেখাবিন্দু-বিহীন, সৎকোণ ও সুপ্রভ রত্নকে রত্নবিদ্গণ শ্রেষ্ঠ বলিয়া থাকেন। শুক্র, ৪ অ—২ প্র। ৪৭—৪৯।

স্বর্ণচ্ছবিঃ পুষ্পরাগঃ পীতবর্ণো গুরুপ্রিয়ঃ।
অত্যন্ত বিশদং বজ্রং তারকাভং কবেঃ প্রিয়ম্॥
হিতঃ শনেরিন্দ্রনীলো হ্যসিতো ঘনমেঘরুক্।
গোমেদঃ প্রিয়কৃদ্রাহোরীষৎ পীতারুণপ্রভঃ॥
ওত্বক্ষ্যাভশ্চলত্তন্তু বৈদূর্য্যঃ কেতুপ্রীতিকৃৎ॥ শুক্র, ৪অ—২প্র। ৪২—৪৬।

৪৬। রত্নশ্রেষ্ঠতরং বজ্রং নীচে গোমেদ বিদ্রুমে।
গারুত্মতং তু মাণিক্যং মৌক্তিকং শ্রেষ্ঠমেব হি॥
ইন্দ্রনীলং পুষ্পরাগো বৈদূর্য্যং মধ্যমং স্মৃতম্॥
রত্নশ্রেষ্ঠো দুর্লভশ্চ মহাদ্যুতিরহের্মণিঃ॥
অজালগর্ভং সদ্বর্ণং রেখাবিন্দুবিবর্জ্জিতম্।
সৎকোণং সুপ্রভং রত্নং শ্রেষ্ঠং রত্নবিদো জগুঃ॥ শুক্র, ৪ অ—২প্র। ৪৭—৪৯।

---

* এই রত্ন গরুড়ের মুখ-নিঃসৃত শ্লেষ্মা হইতে হইয়াছে বলিয়া, ইহার নাম গারুত্মত।

৪৭। রত্ন শর্করাভ, পত্রকান্তি, চিপিটকাকার, বর্ত্তুলাকার এবং রত্নের প্রভা শ্বেত, রক্ত, পীত, অথবা কৃষ্ণ হইয়া থাকে। শুক্র, ৪ অ —২ প্র। ৫০।

৪৮। রত্ন যথাবর্ণ, যথাদীপ্তি ও দোষবর্জ্জিত হইলে, তাহা শ্রী, পুষ্টি, কীর্ত্তি, শৌর্য্য ও আয়ুস্কর হয়। তদিতর রত্ন অসৎ। শুক্র, ৪ অ —২ প্র। ৫১।

৪৯। পদ্মরাগ কোকনদবর্ণ মাণিক্য বিশেষ। পুত্রকামা স্ত্রী কদাচ হীরক ধারণ করিবে না। শুক্র, ৪ অ—২ প্র। ৫৩।

৫০। মৌক্তিক ও বিদ্রুম দীর্ঘকাল ধারণ করিলে, কালে তাহার গুরুত্ব, প্রভা, বর্ণ, বিস্তার ও আশ্রয়ের হ্রাস হয়। শুক্র, ৪ অ—২ প্র। ৫৪।

৫১। যে রত্নের আকার নির্দ্দোষ তাহাই মহার্হ। বিদ্রুম ও

৪৭। শর্করাভং দলাভঞ্চ চিপিটং বর্ত্তুলং হি তৎ।
বর্ণাঃপ্রভাঃ সিতারক্তাঃ পীতকৃষ্ণাস্তুরত্নজাঃ॥ শুক্র, ৪অ—২প্র।৫০।

৪৮। যথাবর্ণং যথাচ্ছায়ং রত্নং যদ্দোষবর্জ্জিতম্।
শ্রীপুষ্টিকীর্ত্তিশৌর্য্যায়ুঃ করমন্যদসৎ স্মৃতম্॥ শুক্র, ৪অ—২প্র। ৫১।

৪৯। পদ্মরাগস্তু মাণিক্যভেদঃ কোকনদচ্ছবিঃ।
ন ধারয়েৎ পুত্রকামা নারী বজ্রং কদাচন॥ শুক্র, ৪অ—২প্র। ৫৩।

৫০। কালেন হীনং ভবতি মৌক্তিকং বিদ্রুমং ধৃতম্।
গুরুত্বাৎ প্রভয়া বর্ণাদ্ বিস্তারাদাশ্রয়াদপি॥ শুক্র, ৪অ-২প্র। ৫৪।

৫১। আকৃত্যা চাধিমূল্যং স্যাদ্রত্নং যদ্দোষবর্জ্জিতম্।
নায়সোল্লিখ্যতে রত্নং বিনা মৌক্তিকবিদ্রুমাৎ।
পাষাণেনাপি চ প্রায় ইতি রত্নবিদো জগুঃ॥
মূল্যাধিক্যায় ভবতি যদ্রত্নং লঘুবিস্তৃতম্।
গুর্ব্বল্পং হীনমৌল্যায় স্যাদ্রত্নং ত্বপি সদ্‌গুণম্॥
শর্করাভং হীনমৌল্যং চিপিটং মধ্যমং স্মৃতম্।
দলাভং শ্রেষ্ঠ মূল্যং স্যাদ্ যথা কামাত্তু বর্ত্তুলম্॥ শুক্র,৪অ—২প্র। ৫৫—৫৭।

মৌক্তিক ভিন্ন অন্য রত্ন প্রায় লৌহে ও পাষাণে ভেদ করা যায় না, ইহা রত্নবিদ্‌গণ বলিয়া থাকেন। যে রত্ন লঘু অথচ বিস্তৃত তাহার মূল্য অধিক। গুরু অথচ ক্ষুদ্র রত্ন সদ্‌গুণ বিশিষ্ট হইলেও, তাহার মূল্য অল্প। শর্করাভ রত্ন অল্পমূল্য, চিপিটকাকার রত্ন মধ্যম। পত্রকান্তি রত্ন মহামূল্য, বর্ত্তুল রত্ন ক্রেতা-বিক্রেতার ইচ্ছানুসারে অল্প বা অধিক মূল্যের হয়। শুক্র, ৪ অ—২ প্র। ৫৫—৫৭।

৫২। মৎস্য, সর্প, শঙ্খ, বরাহ, বংশ, মেঘ, ও শুক্তি হইতে মুক্তা জন্মে, তন্মধ্যে শুক্তি হইতেই প্রচুর মুক্তা উৎপন্ন হয়। শুক্তি-সম্ভূত মুক্তা কৃষ্ণ, শ্বেত, পীত, রক্তবর্ণবিশিষ্ট ও দুই চারি বা সপ্ত আবরণ বিশিষ্ট অথবা তিন, পাঁচ বা সপ্ত আবরণ বিশিষ্ট হয়; তন্মধ্যে উত্তরোত্তর রত্নই শ্রেষ্ঠ। শুক্তি-সম্ভূত মৌক্তিক ক্রমশঃ কৃষ্ণ, শ্বেত, রক্ত, পীত, ও জরঠ (পাঁশুটে) হয়, ইহারা যথাক্রমে কনিষ্ঠ, মধ্যম ও শ্রেষ্ঠ। কেবল মুক্তা বিদ্ধ

৫২। মৎস্যাহিশঙ্খবারাহবেণুজীমূতশুক্তিতঃ।
জায়তে মৌক্তিকং তেষু ভূরি শুক্ত্যুদ্ভবং স্মৃতম্॥
কৃষ্ণং সিতং পীতরক্তং দ্বিচতুঃসপ্তকঞ্চুকম্।
ত্রিপঞ্চসপ্তাবরণমুত্তরোত্তরমুত্তমম্॥
কৃষ্ণং সিতং ক্রমাদ্রক্তং পীতন্তু জরঠং বিদুঃ।
কনিষ্ঠং মধ্যমং শ্রেষ্ঠং ক্রমাচ্ছুক্ত্যুদ্ভবং বিদুঃ॥
তদেব হি ভবেদ্ বেধ্যমবেধ্যানীতরানি চ।
কুর্ব্বন্তি কৃত্রিমং তদ্বৎ সিংহলদ্বীপবাসিনঃ॥
তৎসন্দেহ বিনাশার্থং মৌক্তিকং সুপরীক্ষয়েৎ।
উষ্ণে সলবণ স্নেহে জলে নিশ্যুষিতং হি তৎ॥
ব্রীহিভির্ম্মর্দিতং নেয়াদ্ বৈবর্ণ্যং তদকৃত্রিমম্।
শ্রেষ্ঠাভং শুক্তিজং বিদ্যান্মধ্যাভং ত্বিতরদ্ বিদুঃ॥ শুক্র, ৪অ—২প্র। ৫৯—৬৪।

হইতে পারে, অন্য রত্ন বেধ করা যায় না। সিংহলবাসিগণ যথার্থের সদৃশ কৃত্রিম মুক্তা প্রস্তুত করে। সেই সন্দেহ নিবারণ জন্য বিশেষরূপে পরীক্ষা করিবে। যে মুক্তা তৈল-লবণ-সংযুক্ত উষ্ণজলে রাত্রিতে নিক্ষেপ করিয়া, পরদিন ধান্য দ্বারা মর্দ্দন করিলে বিবর্ণ হয় না, তাহা অকৃত্রিম। শ্রেষ্ঠাভ-মুক্তা শুক্তিজ ও মধ্যাভ-মুক্তা কৃত্রিম জানিবে। শুক্র, ৪ অ—২ প্র। ৫৯—৬৪।

৫৩। ভূমি সর্ব্বধনের খনি ও দেবদৈত্যবিনাশিনী (অর্থাৎ ভূমি লাভ করিতে অনেক দেব-দৈত্যও বিমর্দ্দিত হয়। ভূমির নিমিত্ত রাজগণ আত্মবিনাশও করিয়া থাকেন। যিনি উপভোগের জন্য ধন ও জীবন রক্ষা করিয়াছেন, কিন্তু ভূমি রক্ষা করেন নাই, তাঁহার ধন বা জীবনের প্রয়োজন কি? সর্ব্বদা আগম ব্যতীত কাহার ধন যথেষ্ট ব্যয়ে পর্য্যাপ্ত? কুবেরের সঞ্চিত ধনও শীঘ্র ক্ষয় প্রাপ্ত হয়। শুক্র, ১ অ। ১৭৯—১৮১।

৫৩। খনিঃ সর্ব্বধনস্যেয়ং দেবদৈত্যবিমর্দ্দিনী।
ভূম্যর্থে ভূমিপতয়ঃ স্বাত্মানং নাশয়ন্ত্যপি॥
উপভোগায় চ ধনং জীবিতং যেন রক্ষিতম্।
ন রক্ষিতা তু ভূর্যেন কিং তস্য ধন জীবিতৈঃ॥
ন যথেষ্টব্যয়ায়ালং সঞ্চিতং তু ধনং ভবেৎ।
সদাগমাদ্ বিনা কস্য কুবেরস্যাপি নাঞ্জসা॥ শুক্র, ১অ। ১৭৯—১৮১।

চতুর্ব্বিংশ স্তবক।

[আপদ্‌কালে রাজার ব্যবহার]

আপৎসঙ্কুল সংসারে মনুষ্য-জীবন নিয়তই নানা আপদে ওতপ্রোত হইয়া থাকে। মনুষ্যের বুদ্ধিদোষে, নিজ কর্ম্মফলে ও গ্রহবৈগুণ্যাদি হেতু প্রায়ই বিবিধ আপদ্ ভোগ করিতে হয়। মনুষ্য মধ্যে কেহ যে নিরবিচ্ছিন্ন চিরজীবন নিরাপদে যাপন করিয়াছেন তাহা শুনা যায় না। জগতে চিরসুখী কে আছে? জীবিত কাল মধ্যে কখন আপদে পতিত হন নাই, এরূপ লোক তো দেখা যায় না। বলবীর্য্য-সম্পন্ন, দোর্দ্দণ্ড-প্রতাপশালী সর্বৈবশ্বর্য্যাস্পদ পাণ্ডুপুত্রগণ সামান্য অক্ষ ক্রীড়ায় পরাজিত হইয়া রাজ্যচ্যুত ও বনবাসী হইয়াছিলেন, নিষধাধিপতি নলরাজ গ্রহ-বৈগুণ্যে রাজ্যভ্রষ্ট ও স্ত্রী-বিরহিত হইয়া অশেষ কষ্ট ভোগ করিয়াছিলেন, নারায়ণাবতার শ্রীরামচন্দ্র পাপীয়সী-পরিচারিকা মন্থরার কুমন্ত্রণায় বিমাতা-কর্ত্তৃক অনুরুদ্ধ-পিতার আদেশে স্ত্রী ও ভ্রাতৃ-সহিত বনবাসী হইয়া কত কষ্টই পাইয়াছিলেন, আপৎপতিত বিশ্বামিত্র-ঋষি ক্ষুন্নিবৃত্তি জন্য চণ্ডালগৃহে চৌর্য্যবৃত্তি দ্বারা কুক্কুর-মাংস ভোজন করিয়াছিলেন, অতএব আপদ্ ছায়ার ন্যায় মনুষ্যের নিয়ত অনুগামী, ইহা বলা বাহুল্য। আজ যিনি মহা-উৎফুল্ল-প্রসাদিত হইয়া পরমসুখে কালযাপন করিতেছেন, কাল হয় ত তিনি প্রাণান্তকর ঘোর আপদে পতিত হইয়া বিঘূর্ণিত হইতেছেন।

সকলেরই উচিত আপদ্ পতিত হইলে, বিচলিত না হইয়া ধৈর্য্যা-বলম্বন পূর্ব্বক আপদ্ প্রতীকারের বিহিত উপায় অবলম্বন করেন। শাস্ত্রকারেরা আপদ্‌কালে মনুষ্যগণের বিশেষতঃ রাজাদিগের যেরূপ ব্যবহার নির্দ্দেশ করিয়াছেন, তাহা এস্থলে সংকলিত হইল।

১। সমর্থ মানবগণের ধর্ম্ম স্বতন্ত্র, আর আপদ্ কালে ধর্ম্ম স্বতন্ত্র; কোষ সঞ্চয়ের পূর্ব্বে রাজা তপস্যাদি দ্বারা ধর্ম্ম সঞ্চয় করিতে সমর্থ হন, ধর্ম্ম হইতেও জীবন গুরুতর। দুর্ব্বল ব্যক্তি ধর্ম্ম লাভ করিয়া ন্যায়যুক্ত জীবিকা অবলম্বন করে না; যে হেতু যত্ন করিলেও অবশ্য বল সম্ভব হয়, এরূপ নিয়ম নাই; অতএব শ্রুত হয় যে, আপদ্ কালে অধর্ম্মও ধর্ম্ম লক্ষণ হইয়া থাকে, একারণ আপদ্ কালে অধর্ম্মও কর্ত্তব্যরূপে শ্রুত আছে, তৎ-কালে যে ধর্ম্ম তাহা অধর্ম্ম হইয়া থাকে, সুতরাং শাস্ত্রমর্যাদা অনুসারে আপদ্-কালে প্রজাপীড়ন প্রভৃতিও ধর্ম্মরূপে গণ্য বরং তাহা না করিলে অধর্ম্ম হয়, ইহা কবিগণের অবিদিত নাই। আপদ্‌কাল অতীত হইলে, ক্ষত্রিয়ের পক্ষে পূর্ব্বোক্ত অধর্ম্ম জন্য দোষ পরিহারার্থ প্রায়শ্চিত্ত বিহিত হইয়া

১। অন্যো ধর্ম্মঃ সমর্থানামাপৎস্বন্যশ্চ ভারত।
প্রাক্কোশাৎ প্রাপ্যতে ধর্ম্মো বৃত্তির্দ্ধর্ম্মাদ্গরীয়সী॥
ধর্ম্মং প্রাপ্য ন্যায়বৃত্তিং নবলীয়ান্ন বিন্দতি।
যস্মাদ্বলস্যোপপত্তিরেকান্তেন ন বিদ্যতে॥
তস্মাদাপদ্যধর্ম্মোঽপি শ্রূয়তে ধর্ম্মলক্ষণঃ।
অধর্ম্মো জায়তে তস্মিন্নিতি বৈ কবয়োবিদুঃ॥
অনন্তরং ক্ষত্রিয়স্য তত্র কিং বিচিকিৎস্যতে।
যথাঽস্য ধর্ম্মো ন গ্লায়েন্নেয়াচ্ছত্রুবশং যথা।
তৎকর্ত্তব্যামহেত্যাহুর্নাত্মানমবসাদয়েৎ॥ ম, শা, ১৩০ অ। ১৪—১৭।

থাকে, ক্ষত্রিয়ের যাহাতে ধর্ম্ম হানি না হয় এবং যাহাতে তিনি শত্রুর বশীভূত না হন, তাদৃশ উপায় করা উচিত, ইহাই প্রাচীনেরা কহিয়া থাকেন; আত্মাকে অবসন্ন করা বিধেয় নহে। ম,শা, ১৩০ অ।১৪—১৭।

২। আপদ্‌কালের অনন্তর ধর্ম্মবিৎ ব্যক্তিগণের ধর্ম্মবিষয়ে নৈপুণ্যই নিশ্চয় হয়, এবং ক্ষত্রিয় বিষয়ে বাহুবীর্য্যবশতঃ উদ্যমহ নৈপুণ্য, এইরূপ শ্রুতি আছে। ম, শা, ১৪০ অ। ১৯।

৩। সম্যক্‌রূপে বৃত্তিরোধ হইলে, ক্ষত্রিয় তাপস-স্ব ও ব্রহ্মস্ব ব্যতি-রেকে অন্য সকলেরই ধন আদান করিতে পারেন। ব্রাহ্মণ যেমন অবসন্ন হইলে, অযাজ্য ব্যক্তির যাজন করিয়া থাকেন এবং অভোজ্য অন্নও ভোজন করেন, আপদ্‌ কালে ক্ষত্রিয়েরও ব্রাহ্মণস্ব ও তাপসদিগের ধন ভিন্ন অন্যের ধনগ্রহণে দোষ হয় না, ইহাতে সংশয় নাই। পীড়িত ব্যক্তির অদ্বার কি? এবং নিরুদ্ধ ব্যক্তির উৎপথ কি? লোক যখন পীড়িত হয়, তখন অদ্বার দিয়াও ধাবিত হইয়া থাকে। ম, শা, ১৩৭ অ। ২০—২২।

৪। যে নৃপতির ধনাগার শূন্য ও সৈন্যক্ষয়নিবন্ধন সকল লোকের

২। তত্র ধর্ম্মবিদাং তাত নিশ্চয়ো ধর্ম্মনৈপুণম্।
উদ্যমো নৈপুণং ক্ষাত্রে বাহুবীর্য্যাদিতি শ্রুতিঃ॥ ম, শা, ১৩০ অ।১৯।

৩। ক্ষত্রিয়ো বৃত্তি সংরোধে কস্য নাদাতুমর্হতি।
অন্যত্র তাপসস্বাচ্চ ব্রাহ্মণস্বাচ্চ ভারত॥
যথা বৈ ব্রাহ্মণঃ সীদন্নযাজ্যমপি যাজয়েৎ।
অভোজ্যান্নানি চাশ্নীয়াত্তথেদং নাত্র সংশয়ঃ॥
পীড়িতস্য কিমদ্বারমুৎপথো বিধৃতস্য চ।
অদ্বারতঃ প্রদ্রবতি যথা ভবতি পীড়িতঃ॥ ম, শা, ১৩০অ। ২০—২২।

৪। যস্য কোশবলগ্লান্যা সর্ব্বলোক পরাভবঃ।
ভৈক্ষ্যচর্য্যা ন বিহিতা ন চ বিট্‌ শূদ্রজীবিকা॥

নিকট পরাভব হয়, তাঁহার ভিক্ষা করিয়া জীবনধারণ অথবা বৈদ্য ও শূদ্রের বৃত্তি অবলম্বন বিহিত নহে। ক্ষত্রিয়ের স্বজাতীয় বৃত্তি, বিজয় দ্বারা ধনোপার্জ্জন; যিনি তদনুসারে জীবন যাপন না করেন, তিনি অযাজক হইয়া প্রথমতঃ মুখ্যকল্প দ্বারা জীবন যাপন করিবেন, তাহাতে অশক্ত হইলে, অনুকল্প অবলম্বন অনুচিত নহে। আপদ্‌কাল উপস্থিত হইলে, ধর্ম্ম সকলের বিপর্য্যয়ে অর্থাৎ চৌর্য্য দ্বারাও জীবন ধারণ বিহিত হয়, জীবিকা পরিক্ষয় হইলে ব্রাহ্মণ সকলেও এতাদৃশ ব্যবহার দৃষ্ট হইয়াছে, অতএব ক্ষত্রিয় বিষয়ে সংশয় হইবে কেন? ক্ষত্রিয় ব্যক্তি আপদ্‌কালে বিশিষ্ট সম্পত্তিশালী জনগণ হইতে বলপূর্ব্বক অর্থ আদান করিয়া জীবনধারণ করিবেন, কোন মতে অবসন্ন হইবেন না, তাহাতে সংশয় করা উচিত নহে, ইহা নিশ্চতই আছে। ম, শা, ১৩০ অ। ২৩—২৬।

৫। পণ্ডিতগণ ক্ষত্রিয়কেই প্রজাগণের পালয়িতা ও হন্তা জ্ঞান করেন, অতএব রক্ষা কর্ত্তা ক্ষত্রিয় অর্থবান্ মানবের নিকট ধন আদান করিবেন। অরণ্যচারী একাকী অবস্থিত মুনি ভিন্ন অন্য কোন ব্যক্তির হিংসা ব্যতিরেকে ইহলোকে জীবিকা নির্ব্বাহ হয় না। ম, শা, ১৩০ অ। ২৭—২৮।

স্বধর্ম্মানন্তরা বৃত্তির্জ্জাত্যানন্নুপজীবিতঃ।
বহতঃ প্রথমং কল্পমনুকল্পেন জীবনম্॥
আপদ্গতেন ধর্ম্মাণামন্যায়েনোপজীবনম্।
অপি হ্যেতদ্ ব্রাহ্মণেষু দৃষ্টং বৃত্তিপরিক্ষয়ে॥
ক্ষত্রিয়ে সংশয়ঃ কস্মাদিত্যেবং নিশ্চিতং সদা।
আদদীত বিশিষ্টেভ্যো নাবসীদেৎ কথঞ্চন॥ ম, শা, ১৩০ অ। ২৩—২৬।

৫। হন্তারং রক্ষিতারঞ্চ প্রজানাং ক্ষত্রিয়ং বিদুঃ।
তস্মাৎ সংরক্ষিতা কার্য্যমাদানং ক্ষত্রবন্ধুনা॥
অন্যত্র রাজন্ হিংসায়া বৃত্তির্নেহাস্তি কস্যচিৎ।
অপ্যরণ্যসমুত্থস্য একস্য চরতো মুনেঃ॥ ন, শা, ১৩০ অ। ২৭—২৮।

৬। আপদ্‌কালে রাজা এবং রাজ্য উভয়েরই নিয়ত পরস্পর রক্ষা করা কর্ত্তব্য, ইহাই সনাতন ধর্ম্ম। আপদ্‌কালে রাজা যেমন দ্রব্যসমূহ দ্বারা সর্ব্বোতোভাবে রাজ্য রক্ষা করেন, রাজার বিপদ্‌ উপস্থিত হইলে রাজ্যেরও তদ্রূপ রাজাকে রক্ষা করা কর্ত্তব্য। ম, শা; ১৩০ অ। ৩০—৩১।

৭। কোষ, দণ্ড, বল, মিত্র ও অন্য যাহা কিছু সঞ্চিত থাকে, রাজা ক্ষুধাতুর হইয়াও রাজ্যের নিমিত্ত তাহা দূর করিবেন না। ম, শা, ১৩০ অ। ৩২।

৮। আপদ্‌কালে প্রজাপীড়ন অর্থের নিমিত্তই হইয়া থাকে, তাহা স্বতন্ত্র ; আর তৎকালে প্রজাপীড়ন না করা অনর্থের নিমিত্ত হয়,—অতএব তাহাও স্বতন্ত্র ; আর অর্থাভাবের নিমিত্ত কুঞ্জরাদি পালন হইয়া থাকে এবং তাহা অর্থের উৎপাদকও হয়, অতএব মেধাবী মানব এই কর্ম্ম নিশ্চয়বুদ্ধি দ্বারা বিবেচনা করিবেন। ম, শা, ১৩০ অ। ৩৮।

৯। যজ্ঞ-প্রয়োজন-ধন সর্ব্বোপায় দ্বারা আদান করিবে। যজ্ঞের নিমিত্ত যে ধন আবশ্যক হয়, নিষিদ্ধ উপায় দ্বারাও তাহা যেমন আদান

৬। পরস্পরং হি সংরক্ষ্যা রাজ্ঞা রাষ্ট্রেণ চাপদি।
নিত্যমেব হি কর্ত্তব্যা এষ ধর্ম্মঃ সনাতনঃ॥
রাজা রাষ্ট্রং যথাপৎসু দ্রব্যৌঘৈরপি রক্ষতি।
রাষ্ট্রেণ রাজা ব্যসনে রক্ষিতব্যস্তথা ভবেৎ॥ ম, শা, ১৩০অ। ৩০—৩১।

৭। কোশং দণ্ডং বলং মিত্রং যদন্যদপি সঞ্চিতম্।
ন কুর্ব্বীতান্তরং রাষ্ট্রে রাজা পরিগতঃ ক্ষুধা॥ ম, শা, ১৩০ অ। ৩২।

৮। অর্থার্থমন্যদ্ভবতি বিপরীতমথাপরম্।
অনর্থার্থমথাপ্যন্যৎ তৎ সর্ব্বং হ্যর্থকারণম্।
এবং বুদ্ধ্যা সম্প্রপশ্যেন্মেধাবী কার্য্যনিশ্চয়ম্॥ ম, শা, ১৩০ অ। ৩৮।

৯। সর্ব্বোপায়ৈরাদদীত ধনং যজ্ঞপ্রয়োজনম্।
ন তুল্যদোষঃ স্যাদেবং কার্য্যাকার্য্যেষু ভারত॥ ম, শা, ১৩০ অ। ৪৪

করা কর্ত্তব্য, তদ্রূপ বিহিত ও নিষিদ্ধ কার্য্যাকার্য্য বিষয়ে অর্থাৎ আপদ্ কালে প্রজাপীড়ন বিহিত এবং তাহাই নিরাপদ্ সময়ে নিষিদ্ধ, অতএব তথাবিধ বিষয়ে ইহা তুল্যদোষ নহে; দেশকালানুসারে কার্য্যও অকার্য্য হয় এবং অকার্য্যও কার্য্য হইয়া থাকে। ম, শা, ১৩০ অ। ৪৪।

১০। রাজ্যসম ধর্ম্ম আর কিছুই নাই; রাজাদিগের আপদ্কালে বহুল করগ্রহণ পাপমূলক নহে, অনাপদ্ কালেই তাহা পাপজনক হইয়া থাকে। অতএব আপদের নিমিত্ত অর্থ সংগ্রহ পাপকর হয় না, সুতরাং ধনমূলক রাজ্যও হেয় হইতে পারে না। ম, শা, ১৩০ অ। ৪৭।

১১। আপদ্গ্রস্ত রাজা "স্বরাজ্য ও পররাজ্য হইতে ধনসংগ্রহ করিবে" এই আপদ্ধর্ম্মোপযোগী সামান্য সামান্য শাস্ত্র অভ্যাস করিবেন; আর মেধাবী নৃপতি উক্ত শাস্ত্র এবং "উভয় রাজ্যস্থিত ধনিগণ যাহারা কদর্য্য কার্য্যবশতঃ দণ্ডার্হ তাহাদিগের নিকট হইতে কোষ সঞ্চয় করিবে" এই বিশেষ শাস্ত্রকেও অবিশেষ ভাবে আয়ত্ত করিবেন। রাজা একান্ত আপদ্গ্রস্ত হইলেও ঋত্বিক্, পুরোহিত ও আচার্য্য প্রভৃতি ব্রাহ্মণগণকে কদাচ হিংসা করিবেন না, তাঁহাদিগকে হিংসা করিলে, দোষগ্রস্ত হইবেন। ম, শা, ১৩২ অ। ৮-৯।

১২। পরিশেষে যাহা করিতে হইবে, অগ্রে তাহা নিশ্চয় করিয়া

১০। ন চ রাজ্যসমো ধর্ম্মঃ কশ্চিদস্তি পরন্তপ।
ধর্ম্মঃ সংশব্দিতো রাজ্ঞামাপদর্থমতোঽন্যথা॥ ম, শা, ১৩০ অ। ৪৭।

১১। যদেব প্রাকৃতং শাস্ত্রমবিশেষেণ বর্ত্ততে।
তদেবমভ্যসেদেবং মেধাবী বাপ্যথোত্তরম্॥
ঋত্বিক্ পুরোহিতাচার্য্যান্ সৎকৃতানভিসৎকৃতান্।
ন ব্রাহ্মণান্ ঘাতয়ীত দোষান্ প্রাপ্নোতি ঘাতয়ন্। ম, শা, ১৩২ অ। ৮—৯।

১২। পার্শ্বতঃ করণং প্রাজ্ঞো বিষ্টম্ভিত্বা প্রকারয়েৎ।
জনস্তুচ্চরিতং ধর্ম্মং বিজানাত্যন্যথান্যথা॥ ম, শা, ১৩২ অ। ৯।

বুদ্ধিমান্ নরপতি প্রজাগণের নিকট হইতে ছয় ভাগ কর গ্রহণ করিবেন। আপদ্‌কালে তাহা হইতে অধিক গ্রহণ অবিধেয় নহে; অন্যান্য জনগণ রাজার এইরূপ চরিত্রকে ধর্ম্ম জ্ঞান করিয়া থাকে; ইহার অন্যথা হইলে বিপরীত হয়। ম, শা, ১৪২ অ। ৯।

১৩। "রাজার অর্থের আবশ্যক" এই কথা প্রথমতঃ স্বীয় রাষ্ট্র মধ্যে সূচনা করিয়া, তাহার পর অভিলষিত গ্রামে গমন করতঃ প্রজাগণকে এই

১৩। প্রাগেব তু ধনাদানমনুভাষ্য ততঃ পুনঃ।
সন্নিপত্য স্ববিষয়ে ভয়ং রাষ্ট্রে প্রদর্শয়েৎ ॥
ইয়মাপৎ সমুৎপন্না পরচক্রভয়ং মহৎ।
অপি চান্তায় কল্পন্তে বেণোরিব ফলাগমাঃ ॥
অরয়ো মে সমুত্থায় বহুভির্দস্যুভিঃ সহ।
ইদমাত্মবধায়ৈব রাষ্ট্রমিচ্ছন্তি বাধিতুম্ ॥
অস্যামাপদি ঘোরায়াং সম্প্রাপ্তে দারুণে ভয়ে।
পরিত্রাণায় ভবতঃ প্রার্থয়িষ্যে ধনানি বঃ ॥
প্রতিদাস্যে চ ভবতাং সর্ব্বং চাহং ভয়ক্ষয়ে।
নারয়ঃ প্রতিদাস্যন্তি যদ্ধরেয়ুর্ব্বলাদিতঃ ॥
কলত্রমাদিতঃ কৃত্বা সর্ব্বং বো বিনশেদিতি।
অপি চেৎ পুত্রদারার্থমর্থসঞ্চয় ইষ্যতে ॥
নন্দামি বঃ প্রভাবেণ পুত্রাণামিব চোদয়ে।
যথাশক্ত্যুপগৃহ্নামি রাষ্ট্রস্যাপীড়য়া চ বঃ ॥
আপৎস্বেব চ বোঢ়ব্যং ভবদ্ভিঃ পুঙ্গবৈরিব।
ন চ প্রিয়তরং কার্য্যং ধনং কস্যাঞ্চিদাপদি ॥
ইতি বাচা মধুরয়া শ্লক্ষ্ণয়া সোপচারয়া।
স্বরশ্মীনভ্যবসৃজেদ্ যোগমাধায় কালবিৎ ॥ ম, শা, ৮৭ অ। ২৬—৩৪।

কথা বলিয়া ভয় প্রদর্শন করিবেন যে,পরচক্রের মহৎ ভয়রূপ একটী আপদ্ উৎপন্ন হইয়াছে, বংশ ফলাগমের ন্যায় উক্ত আপদ্, সকলের অন্তকর হইবে। যদিচ আমার শত্রু সকল আত্মবিনাশের জন্যই দস্যুগণের সহিত উদ্ধত হইয়া এই রাষ্ট্র বাধা করিবার অভিলাষ করিতেছে, তথাপি উপস্থিত দারুণ ভয় এবং ঘোরতর আপদ্কাল হইতে আমি তোমাদিগকে পরিত্রাণ করিব বলিয়া তোমাদিগের নিকট ধন প্রার্থনা করিতেছি। উপস্থিত ভয় ক্ষয় হইলেই, তোমরা আমার নিকট হইতে সেই সকল অর্থ পুনর্ব্বার প্রাপ্ত হইবে, পরন্তু শত্রুগণ বলপূর্ব্বক এই রাষ্ট্র হইতে যে অর্থ গ্রহণ করিবে, তাহা পুনর্ব্বার পাইবে না। এ সময় যদি তোমরা ভার্য্যা ও পুত্রের নিমিত্ত সঞ্চয় করিব বলিয়া সাধারণের সাহায্য জন্য অর্থদানে আমার প্রতি বিমুখ হও, তাহা হইলে বিপক্ষের নিকট ভার্য্যা পুত্রের পশ্চাতে তোমাদেরও প্রাণ নাশ হইবে। আর এ সময়ে যদি তোমরা আমার সাহায্যকারী হইয়া আমার সাহায্য কর, তাহা হইলে, আমি এই রাষ্ট্রকে নিরুপদ্রব-করিয়া পুত্রের ন্যায় তোমাদিগকে লইয়া আনন্দ অনুভব করিব এবং সামর্থ্য অনুসারে তোমাদের সাহায্য করিব। যেমন ভারবহনকালে গুরুতর ভার বহু-পুঙ্গব দ্বারা বাহিত হয়, তদ্রূপ আমাকে তোমাদিগের সহিত এই আপদ্কালের ভার বহন করিতে হইবে। দেখ, কোন আপদ্ উপস্থিত হইলে, তৎকালে ধনকে অত্যন্ত প্রিয় বিবেচনা করা কর্ত্তব্য নহে। অনন্তর কালবিৎ মহীপতি যখন উক্তরূপ উপচার-সমন্বিত শ্লক্ষ্ণ (মনোহর) ও মধুর বচন দ্বারা প্রজাদিগের নিকট করস্বরূপ ধন গ্রহণ করিতে না পারিবেন, তখন তিনি যোগ অর্থাৎ ধন গ্রহণের উপায় অবলম্বন করিয়া তদনুসারে নিজ তেজোভূত পদাতিসমূহ দ্বারা প্রজাগণের নিকট হইতে ধন গ্রহণ করিবেন। ম, শাং, ৮৭ অ। ২৬-৩৪।

১৪। রাজা যাহারা নিত্য-সন্নিহিত, শৌর্য্যশালী, সাতিশয় শ্রবণ শক্তি সম্পন্ন, সুসন্তুষ্ট, ব্রাহ্মণ এবং সকল কর্ম্মে মহোৎসব বিশিষ্ট তাহাদিগকেই আপদ্‌ সময়ে সহায় করিবেন। ম, শা, ৮৩ অ। ৩-৪।

১৫। যাঁহাদের চিত্তবৃত্তি কোনরূপে বিভিন্ন হয় না এবং যাঁহারা বিদ্বান্‌, সদ্‌বৃত্ত, ব্রতানুষ্ঠায়ী, সত্যবাদী ও অক্ষুদ্ধ তাঁহারাই নিত্যার্থী অর্থাৎ নিত্য স্বামীর অর্থচিন্তা করিয়া থাকেন এবং আপৎকালে স্বামীকে কদাচ পরিত্যাগ করেন না। (অতএব রাজা আপদ্‌কালে তাঁহাদিগকে সহায় করিবেন।) ম, শা, ৮৩ অ। ১০।

১৬। যে রাজা আপদ্‌কালে, সুখভোগে সমর্থ হইয়াও দুঃখ ভোগ করতঃ প্রজাদিগের আপদ্‌ নিবারণ করেন, তিনি প্রজাপুঞ্জের প্রিয় হন রাজলক্ষ্মী তাদৃশ রাজাকে কদাচ পরিত্যাগ করেন না। ম, শা, ৯৩অ। ৭।

১৭। আপদাশঙ্কা হইলে, শুভাভিলাষী বিজ্ঞ পুরুষের আপদাগমের পূর্ব্বেই তাহার প্রতিকার করা কর্ত্তব্য। বা, অর, ২৪ স। ১১।

১৮। নরবর! আপনি আশ্বস্ত হউন, প্রাণীদিগের মধ্যে কাহার আপদ্‌

১৪। অমাত্যাংশ্চাতিশূরাংশ্চ ব্রাহ্মণাংশ্চ পরিশ্রুতান্‌।
সুসন্তুষ্টাংশ্চ কৌন্তেয় মহোৎসাহাংশ্চ কর্ম্মসু॥
"এতান্‌ সহায়াঁল্লিপ্সেথাঃ সর্ব্বাস্বাপৎসু ভারত।" ম, শা, ৮৩ অ। ৩—৪।

১৫। অভিন্নবৃত্তা বিদ্বাংসঃ সদ্‌বৃত্তাশ্চরিতব্রতাঃ।
ন ত্বাং নিত্যার্থিনো জহ্যুরক্ষুদ্রাঃ সত্যবাদিনঃ॥ ম, শা, ৮৩ অ। ১০

১৬। শক্তঃ স্যাৎ সুমুখো রাজা কুর্য্যাৎ করণমাপদি।
প্রিয়ো ভবতি ভূতানাং ন চ বিভ্রশ্যতে শ্রিয়ঃ॥ ম, শা, ৯৩। ৭।

১৭। অনাগতবিধানন্তু কর্ত্তব্যং শুভমিচ্ছতা।
আপদাশঙ্কমানেন পুরুষেণ বিপশ্চিতা॥ বা, অর, ২৪ স। ১১।

১৮। আশ্বসিহি নরশ্রেষ্ঠ প্রাণিনঃ কস্য নাপদঃ।
সংস্পৃশন্ত্যগ্নিবদ্রাজন্‌ ক্ষণেন ব্যপযান্তি চ॥ বা, অর, ৬৬ স। ৬।

নাই, আপদ্ অগ্নির ন্যায় সকল প্রাণীকেই স্পর্শ করে, কিন্তু ক্ষণকাল মধ্যেই দূরীভূত হয়। বা, অর, ৬৬ স,। ৬ *

১৯। বিষম বিপদ্, অর্থনাশ ও জীবনান্তকর ভয় উপস্থিত হইলেও, ধৈর্য্যশালী পুরুষ স্বীয় বুদ্ধি দ্বারা, তৎসমুদায় প্রারব্ধ কার্য্যের ফল, ইহা বিবেচনা করিয়া অবসন্ন হন না। বা, কি, ৭ স। ৯।

২০। উৎকট ভয় সময়ে প্রাণী মাত্রেরই সকল বিষয়ে ভয় জন্মিয়া থাকে। বা, কি, ৮ স,। ৩৫।

২১। বিপদ্ বিনাশের উপায় দ্বারা, বিপদ্-নিবারণ পূর্ব্বক জীবিত কালকে প্রশস্ত করা কর্ত্তব্য। ম, শা, ১৩৮ অ। ৬৬।

২২। নীতিশাস্ত্রবিশারদ বুদ্ধিমান্ বিজ্ঞ ব্যক্তি দারুণ বিপদে পতিত হইয়াও তাহাতে নিমগ্ন হন না। ম, শা, ১৩৮ অ। ৩৯-৪০।

২৩। আপদ্ কালে প্রাণরক্ষার জন্য চৌর্য্য অবলম্বন করা, ব্রাহ্মণের পক্ষেও অবিধেয় হয় না, অতএব রাজা প্রথমতঃ আপন অপেক্ষা নীচ

১৯। ব্যসনে বার্থকৃচ্ছ্রে বা ভয়ে বা জীবিতান্তগে।
বিমৃশংশ্চ স্বয়া বুদ্ধ্যা ধৃতিমান্নাবসীদতি ॥ বা, কি, ৭ স। ৯।

২০। "ভয়ে সর্ব্বে হি বিভ্যতি"। বা, কি, ৮ স। ৩৫।

২১। "আপদ্বিনাশভূয়িষ্ঠং গতৈঃ কার্য্যং হি জীবিতম্।" ম, শা, ১৩৮ অ। ৬৬।

২২। "নহি বুদ্ধ্যান্বিতঃ প্রাজ্ঞো নীতিশাস্ত্রবিশারদঃ ॥"
নিমজ্জত্যাপদং প্রাপ্য মহতীং দারুণামপি ॥" ম, শা, ১৩৮ অ। ৩৯ ৪০।

২৩। আপৎসু বিহিতং স্তৈন্যং বিশিষ্টং চ মহীয়সঃ।
বিপ্রেণ প্রাণরক্ষার্থং কর্ত্তব্যমিতি নিশ্চয়ঃ ॥
হীনাদাদেয়মাদৌ স্যাৎ সমানাত্তদনন্তরম্।
অসম্ভবে ত্বাদদীত বিশিষ্টাদপি ধার্ম্মিকাৎ ॥ ম, শা, ১৪১ অ। ৩৯—৪০।

---

* সীতাহরণে শোকসন্তপ্ত রামচন্দ্রকে লক্ষ্মণ প্রবোধ দিয়াছিলেন।

হইতে, অনন্তর সমান হইতে, তাহারও অসম্ভব হইলে, বিনষ্ট-ধার্ম্মিক হইতে খাদ্যদ্রব্য হরণ করিবেন, (ইহাতে চৌর্য্য দোষ হয় না)। ম, শা, ১৪১ অ। ৩৯-৪০।

২৪। প্রাণাবসান-সময়ে যে কোন কর্ম্ম দ্বারা জীবিত থাকিবে, তাহার পর সমর্থ হইলে, ধর্ম্মাচরণ করিবে। ম, শা, ১৪১ অ। ৬৩।

২৫। যে কোন উপায়ে জীবন ধারণ করিতে পারা যায়, যত্ন সহকারে তাহা করা উচিত; মরণ অপেক্ষা জীবন শ্রেয়ঃ, জীবিত থাকিলে পুনরায় ধর্ম্ম আচরণ করিতে পারে। ম, শা, ১৪১ অ। ৬৫।

২৬। অভক্ষ্য বস্তু গ্রহণে বা ভোজনে অবশ্যই পাপ আছে, কিন্তু প্রাণাত্যয়কালে উহা দোষাবহ হয় না। যাহাতে হিংসা ও মিথ্যাব্যবহার নাই এবং যে কর্ম্ম করিলে জনসমাজে নিতান্ত নিন্দনীয় হইতে হয় না, আপদ্‌কালে তাদৃশ অভক্ষ্য ভক্ষণ গুরুতর পাপের কারণ নহে। ম, শা, ১৪১ অ। ৮৮। *

২৭। আপৎ-প্রতীকারার্থ ধন সঞ্চয় করিবে, ধন পরিত্যাগে ধর্ম্ম-

২৪। যেন যেন বিশেষেণ কর্ম্মণা যেন কেন চিৎ।
অভ্যুজ্জীবেৎ সাদ্যমানঃ সমর্থো ধর্ম্মমাচরেৎ॥ ম, শা ১৪১ অ। ৬৩।

২৫। যথা যথৈব জীবেদ্ধি তৎকর্ত্তব্যমহেলয়া।
জীবিতং মরণাচ্ছ্রেয়ো জীবন্ ধর্ম্মমবাপ্নুয়াৎ॥ ম, শা, ১৪১ অ। ৬৫।

২৬। উপাদানে খাদনে চাস্তি দোষঃ,
কার্য্যাত্যয়ে নিত্যমত্রাপবাদঃ।
যস্মিন্ হিংসা নানৃতং বাচ্যলেশো
হভক্ষ্যক্রিয়া যত্র ন তদ্‌গরীয়ঃ। ম, শা, ১৪১ অ। ৮৮।

২৭। আপদর্থং ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি॥ মনু ৭ অ। ২১৩।

---

* ক্ষুধার্ত্ত বিশ্বামিত্র চণ্ডালগৃহে কুক্কুরমাংস চৌর্য্যকরণকালে চণ্ডালকে বলিয়াছিলেন।

পত্নী রক্ষা করিবে এবং এতদুভয় পরিত্যাগেও সতত আত্মরক্ষার্থ যত্নবান্ হওয়া আবশ্যক। মনু, ৭ অ। ২১৩।

২৮। কোন আপদ্‌কাল উপস্থিত হইলে কেহ কাহারও নিকট দত্ত-ধন বা কর যাচ্ঞা করিবে না, মনু পূর্ব্বে প্রাণিগণের এইরূপ ব্যবস্থা সংস্থাপন করিয়া গিয়াছেন। অতএব সকলেই সেই ব্যবস্থার অনুগামী হইবেন, যদ্যপি এক্ষণে তাহার অন্যথা হয়, তাহা হইলে এই লোক সকল নিশ্চয়ই নিহত হইবে। ম, শা, ৮৮ অ। ১৬-১৭।

২৯। বিপদ্‌কালেও প্রাজ্ঞব্যক্তিগণের উদ্যম পরিত্যাগ করা উচিত নহে। দুর্ব্বল ব্যক্তিও উদ্যম করিলে ভাগ্য তাহাকে ফল প্রদান করে, এই জন্য উদ্যম সতত ভাগ্যানুসারে ফলবান্ হইয়া থাকে এবং এই জন্যই বুদ্ধিমান্ ব্যক্তিগণ বিপদ্‌কালেও উদ্যমের প্রশংসা করিয়া থাকেন। কা, ১৬ অ। ১৪-১৬।

৩০। উশনা বলিয়াছেন, আপদ্‌কালে অশিষ্ট জনের নিগ্রহ এবং শিষ্ট ব্যক্তির সতত পরিপালনই ধর্ম্ম। ম, শা, ১৪২ অ। ৩৪।

২৮। ন কেনচিদ্‌যাচিতব্যঃ কশ্চিৎ কিঞ্চিদনাপদি।
ইতি ব্যবস্থা ভূতানাং পুরস্তান্মনুনা কৃতা ॥
সর্ব্বে তথানুজীবেয়ুর্ন কুর্য্যুঃ কর্ম্ম চেদিহ।
সর্ব্ব এব ইমে লোকা ন ভবেয়ুরসংশয়ম্ ॥ ম, শা, ৮৮ অ। ১৬—১৭।

২৯। "বিপদ্যপি চ ন প্রাজ্ঞৈঃ সন্ত্যাজ্যঃ ক্বচিদুদ্যমঃ।"
"দুর্ব্বলেঽপ্যুদ্যমবতি ফলং ভাগ্যং যতোঽর্পয়েৎ।"
তস্মাদ্ভাগ্যানুসারেণ ফলত্যেব সদোদ্যমঃ।
প্রশংসন্ত্যুদ্যমস্মাতো বিপদ্যপি মনীষিণঃ ॥ কা, ১৬ অ। ১৪—১৬।

৩০। অশিষ্ট নিগ্রহো নিত্যং শিষ্টস্য পরিপালনম্।
এবং শুক্রোঽব্রবীদ্ধীমানাপৎসু ভরতর্ষভ। ম, শা, ১৪২ অ। ৩৪।

৩১। আপদ উপস্থিত হইলে সময়ে সুমন্ত্রণা, বিক্রম প্রকাশ, সুন্দররূপে যুদ্ধ অথবা পলায়ন করিবে, এবিষয়ে কোন বিচার করিবার আবশ্যক নাই।। ম, শা, ১৪০ অ। ১২।

৩২। নরপতি সর্ব্বার্থত্যাগী, সৎকুলজাত ও বহুশ্রুত তপস্বী মানবকে দর্শন করিলে শয়ন, আসন ও ভোজন দ্বারা তাঁহার পূজা করিবেন। রাজা সকল আপদেই তপস্বীর প্রতি অবিশ্বাস করিবেন না; যেহেতু দস্যুগণও তাপসের প্রতি সতত বিশ্বাস করিয়া থাকে। ম, শা, ৮৬ অ। ২৭-২৮।

৩৩। কার্য্য উপস্থিত হইবার পূর্ব্বে যিনি তাহার ভাবী ফল বিবেচনা করেন, তাঁহার নাম অনাগত বিধাতা; কার্য্য উপস্থিত হইলে যিনি বুদ্ধিবলে তাহা সংসাধিত করেন, তাঁহার নাম প্রত্যুৎপন্ন মতি এবং উপস্থিত কার্য্যে আলস্যবশতঃ যিনি সময়ক্ষেপ করিয়া বিড়ম্বিত হন, তাঁহার নাম দীর্ঘ-সূত্র। এই ভূমণ্ডলে উক্ত ত্রিবিধ লোকের মধ্যে অনাগত বিধাতা ও প্রত্যুৎপন্নমতি এই দুই ব্যক্তিই সুখলাভ করিয়া থাকেন, আর দীর্ঘসূত্র ব্যক্তি অচিরাৎ বিনষ্ট হয়। ম, শা ১৩৭ অ। ২০।

৩১। সুমন্ত্রিতং সুবিক্রান্তং সুযুদ্ধং সুপলায়িতম্।
আপদাস্পদকালে তু কুর্ব্বীত ন বিচারয়েৎ॥ ম, শা, ১৪০ অ। ১২।

৩২। সর্ব্বার্থত্যাগিনং রাজা কুলে জাতং বহুশ্রুতম্।
পূজয়েত্তাদৃশং দৃষ্ট্বা শয়নাশন ভোজনৈঃ॥
তস্মিন্ কুর্ব্বীত বিশ্বাসং রাজা কস্যাঞ্চিদাপদি।
তাপসেষু হি বিশ্বাসমপি কুর্ব্বন্তি দস্যবঃ॥ ম, শা, ৮৬ অ। ২৭—২৮।

৩৩। অনাগতবিধাতা চ প্রত্যুৎপন্নমতিশ্চ যঃ।
দ্বাবেব সুখমেধেতে দীর্ঘসূত্রোবিনশ্যতি॥ ম, শা, ১৩৭ অ। ২০।

৩৪। সকল আপদুদ্ধার কার্য্যেই আপ্তজনের পরীক্ষা করিবে ; সূর্য্য যেরূপ নিজ কিরণদ্বারা উদক সংগ্রহ করেন, রাজাও সেই আপ্তজন হইতে অর্থ সংগ্রহ করিবেন। কাম, ৫ স। ৭৪।

৩৫। মহাপৎকালে নৃপতি গিরিদুর্গ আশ্রয় করিবেন। গিরিদুর্গে অবস্থান করিয়া দস্যুবৃত্তি অবলম্বন পূর্ব্বক স্বরাজ্য উদ্ধার করিবেন। দস্যুভূত নৃপ অসৎজনের বিবাহ-দান-যজ্ঞার্থ বিনা অষ্টভাগাবিশিষ্ট ধন সর্ব্বপ্রকারে হরণ করিবেন। সর্ব্বদা একস্থানে অবস্থান করিবেন না ও কাহাকেও বিশ্বাস করিবেন না। শুক্র, ১ অ। ৩৮১—৩৮৩।

৩৬। আপদ্‌কালে রাজা বৃদ্ধি দিবার অঙ্গীকার করিয়া ধনিকের নিকট হইতে ধনগ্রহণ করিবেন, আপদ্ উদ্ধার হইলে গৃহীত ধন বৃদ্ধির সহিত প্রত্যর্পণ করিবেন। অন্যথা প্রবল শত্রুদ্বারা প্রজা, রাজ্য, কোষ ও রাজা বিপর্য্যস্ত হয়। সুরথাদি নৃপতি ঐ কারণে হীন হইয়াছিলেন। শুক্র, ৪ অ—২ প্র। ১১—১২।

৩৪। আপদ্দ্বারেষু সর্ব্বেষু কুর্য্যাদাপ্তান্ পরীক্ষিতান্।
আদদীত ধনং তেভ্যো ভাস্বানস্রৈরিবোদকম্॥ কাম, ৫ স। ৭৪।

৩৫। "সংশ্রয়েদ্ গিরিদুর্গাণি মহাপদি নৃপঃ সদা॥"
তদাশ্রয়াদ্ দস্যুবৃত্ত্যা স্বরাজ্যন্তু সমাহরেৎ।
বিবাহদানযজ্ঞার্থং বিনাপ্যষ্টাংশশেষিতম্।
সর্ব্বতস্তু হরেদ্ দস্যুরসতামখিলং ধনম্।
নৈকত্র সংবসেন্নিত্যং বিশ্বসেন্নৈব কং প্রতি। শুক্র, ১অ। ৩৮১—৩৮৩।

৩৬। ধনিকেভ্যো ভৃতিং দত্ত্বা স্বাপত্তৌ তদ্ধনং হরেৎ।
রাজাস্বাপৎ সমুত্তীর্ণস্তৎ স্বং দদ্যাৎ সবৃদ্ধিকম্॥
প্রজান্যথা হীয়তে চ রাজ্যং কোশো নৃপস্তথা।
হানা প্রবল দণ্ডেন সুরথাদ্যা নৃপা যতঃ॥ শুক্র, ৪অ—২প্র। ১১—১২

পঞ্চবিংশ স্তবক

[শত্রু-চিন্তন]

শত্রু-সঙ্কুল পৃথিবী তলে মানবের পদে পদে শত্রু। জলে হাঙ্গর-কুমীর শত্রু; বনে,—বাঘ-ভালুক শত্রু; আকাশে,—চিল-বাদুড় শত্রু; পথে-ঘাটে,—শেয়াল-কুকুর শত্রু; ঘরে,—উই-ইন্দুর শত্রু; শয্যায়,—মশা-ছারপোকা শত্রু; মাথায়,—উকুন শত্রু; দংশন মাত্রেই জীবন-সংশয়কারী সর্প শত্রুর ভয় তো প্রায় সর্ব্বত্রেই রহিয়াছে; শরীর মধ্যে ক্রোধ-লোভ-দ্বেষ-হিংসাদি প্রবল শত্রু। সেই ক্রোধ-লোভ-দ্বেষ-হিংসান্বিত মনুষ্য, অপর মনুষ্যের শত্রু। তাই বলি মানবের পদে পদে শত্রু। অধস্তল হইতে ত্রিতল পর্য্যন্ত প্রতি সোপানে, সশস্ত্র-প্রহরী-রক্ষিত ত্রিতল প্রাসাদোপরি অধিষ্ঠিত রাজাধিরাজ-মহারাজ-চক্রবর্ত্তীও শত্রু চিন্তনে ব্যাকুল, শত্রুভয়ে ভীত ও শত্রুবিভীষিকায় মূর্চ্ছিত হইয়া থাকেন। প্রবল-প্রতাপান্বিত, ঐশ্বর্য্যসম্পদ্-সুখলালিত মহীপতি শত্রু কর্ত্তৃক আক্রান্ত ও সর্ব্বস্বান্ত হইতেছেন; প্রিয়তমা-মহিষী ও প্রাণোপম পুত্র হইতে বিবর্জ্জিত হইতেছেন; নিত্যানন্দদায়ক ঐশ্বর্য্যগর্ব্বাধান, সুখাস্পদ রাজসিংহাসন হইতে বিচ্যুত হইতেছেন এবং অবশেষে শত্রুর করালকৃপাণে জীবন বিসর্জ্জন দিতেছেন। সকলই জগদীশ্বরের মায়া-লীলা। জগদীশ! তোমার প্রসাদে আজ যিনি অতুল-ঐশ্বর্য্য সম্পদ্ গর্ব্বে বিভোর, সুশোভন-সুখ-

রঞ্জনে-রঞ্জিত, কা'ল তিনি তোমারই প্রদত্ত অপার-দুঃখ-কালিমায় সমাচ্ছন্ন। মায়াময়! তোমার এ আশ্চর্য্য লীলা কে বুঝিবে? কাহার সাধ্য? শত্রু-সঙ্কুল সংসারে পৃথিবীপতি নরপালদিগের শত্রু-চিন্তন একটী নিয়ত কর্ত্তব্য কার্য্য। একারণ শাস্ত্রকারেরা নৃপতিদিগের শত্রু চিন্তন ও ব্যবহার বিষয়ে নীতি সকল প্রণয়ন করিয়াছেন। এ স্থলে তাহা সংকলিত হইল।

১। অব্যবহিতানন্তরবর্ত্তী রাজাকে ও অরিসেবী রাজাকে শত্রু বলিয়া জানিবে; সহজ শত্রু রাজার অনন্তরবর্ত্তী রাজাকে মিত্র এবং তদনন্তরবর্ত্তী রাজাদিগকে উদাসীন বলিয়া জানিবে। মনু, ৭ অ। ১৫৮।

২। ঐ সকল নৃপতিকে সাম, দান, ভেদ, দণ্ড এই চারিটী উপায় দ্বারা, অথবা এক একটী উপায় দ্বারা অথবা কেবল মাত্র পুরুষকার দ্বারা কিম্বা কেবল মাত্র সাম দ্বারা বশীভূত রাখিবে। মনু, ৭ অ। ১৫৯।

৩। সদ্বংশজাত, প্রাজ্ঞ, মহাবলপরাক্রান্ত, কার্য্যসুচতুর, কৃতজ্ঞ, দাতা এবং ধৈর্য্যশালী শত্রু দুষ্পরাজেয় বলিয়া পণ্ডিতেরা বর্ণন করিয়াছেন। মনু, ৭ অ। ২১০।

৪। শত্রু দুর্ব্বল হইলেও তাহাকে অবজ্ঞা করা বলবানের কর্ত্তব্য

১। অনন্তরমরিং বিদ্যাদরিসেবিনমেব চ।
অরেরনন্তরং মিত্রমুদাসীনং তয়োঃ পরম্॥ মনু, ৭ অ। ১৫৮।

২। তান্ সর্ব্বানভিসন্দধ্যাৎ সামাদিভিরুপক্রমৈঃ।
ব্যস্তৈশ্চৈব সমস্তৈশ্চ পৌরুষেণ নয়েন চ॥ মনু, ৭ অ। ১৫৯।

৩। প্রাজ্ঞং কুলীনং শূরঞ্চ দক্ষং দাতারমেব চ।
কৃতজ্ঞং ধৃতিমন্তঞ্চ কষ্টমাহুররিং বুধাঃ॥ মনু, ৭ অ। ২১০।

৪। ন চ শত্রুরবজ্ঞেয়ো দুর্ব্বলোঽপি বলীয়সা।
অল্পোঽপি হি দহত্যগ্নির্বিষমল্পং হিনস্তি চ॥ ম, শা, ৫৮ অ। ১৭।

নহে, কারণ অগ্নি অল্প হইলেও দগ্ধ করিতে এবং বিষ বিন্দু মাত্র হইলেও জীবন নাশ করিতে পারে। ম, শা, ৫৮ অ। ১৭।

৫। বিশ্বাসের অযোগ্য ছদ্মচারী রিপুদিগকে বিশ্বাস করিলে, উহারা ছিদ্র পাইয়া বিশ্বাসকারীদিগকে বিনাশ করিয়া থাকে, অতএব সকলেরই তাদৃশ শত্রুদিগকে বিশেষরূপে অবগত হওয়া উচিত। বা, কি, ২ স। ২২।

৬। শত্রুর মনোগত ভাব সহসা অবগত হওয়া দুষ্কর। বা, ল, ১৭ স। ৬১।

৭। মরণ পর্য্যন্তই শত্রুতা। বা, ল, ১১১ স। ২৫।

৮। রাজা শত্রুদিগের অগোচরে সর্ব্বদা সাবধান ও যত্নযুক্ত হইয়া তাহাদের সকল ব্যাপার জানিবেন। ম, স, ৫ অ। ৩৯।

৯। শত্রু ব্যসনযুক্ত হইয়াছে শ্রবণ করিলে, রাজা মন্ত্র, কোষ ও উৎসাহ এই ত্রিবিধ বল সম্যক্ পর্য্যালোচনা পূর্ব্বক তাহার প্রতি সত্বর অভিগমন করিবেন। ম, স, ৫ অ। ৫৭।

১০। ধীমান্ ব্যক্তি শত্রুকে বহুগুণে উৎকৃষ্ট দেখিলে, সাম দ্বারা

৫। অরয়শ্চ মনুষ্যেণ বিজ্ঞেয়াশ্ছদ্মচারিণঃ।
বিশ্বস্তানামবিশ্বস্তাশ্ছিদ্রেষু প্রহরন্ত্যপি॥ বা, কি, ২ স। ২২।

৬। "অশক্যং সহসা রাজন্ ভাবো বোদ্ধুং পরস্য বৈ।" বা, ল, ১৭ স। ৬১।

৭। "মরণান্তানি বৈরাণি"—বা, ল, ১১১ স। ২৫।

৮। কচ্চিদ্দ্বিষামবিদিতঃ প্রতিপন্নশ্চ সর্ব্বদা।
নিত্যযুক্তো রিপূন্ সর্ব্বান্ বীক্ষসে রিপুসূদন॥ ম, স, ৫ অ। ৩৯।

৯। কচ্চিদ্ব্যসনিনং শত্রুং নিশম্য ভরতর্ষভ।
অভিযাসি জবেনৈব সমীক্ষ্য ত্রিবিধং বলম্॥ ম, স, ৫ অ। ৫৭।

১০। যত্র ধীমানবেক্ষেত শ্রেয়াংসং বহুভির্গুণৈঃ।
সাম্নৈবার্থং ততো লিপ্সেৎ কর্ম্ম চাস্মৈ প্রযোজয়েৎ॥

তাহার নিকট হইতে অর্থ গ্রহণ করিতে অভিলাষী হইবেন, তন্নিমিত্ত উপযুক্ত কর্ম্ম প্রয়োগও করিবেন এবং তাহার ব্যসন বা বিবাসের নিমিত্তও অভিলাষ করিবেন। মরণধর্ম্মী মনুষ্যের কথা দূরে থাকুক, সিন্ধু বা শৈল অনিষ্টকারী হইলে, তাহাদিগেরও ব্যসন বা বিবাসের চেষ্টা করিবেন। মনুষ্য শত্রুদিগের ছিদ্রান্বেষণে সতত উদ্যমশীল হইলে, আপনার ও অমাত্যদিগের নিকট অঋণী হয়। ম, ব, ৩২ অ। ৫৫—৫৭।

১১। পণ্ডিত ব্যক্তি মিত্র-সম্পন্ন শত্রুর মিত্রভেদ করিয়া থাকেন, তাহা হইলে মিত্রেরা তাহাকে পরিত্যাগ করে, সুতরাং সে বলহীন হয়, তখন অনায়াসে তিনি তাহাকে বশীভূত করেন। ম, ব, ৩৩ অ। ৬৮।

১২। যেরূপ বহুতর মধুকর সর্ব্বপ্রকারে একত্র হইয়া মধুহারক ব্যক্তিকে বিনষ্ট করিতে সমর্থ হয়, সেইরূপ বহুতর দুর্ব্বল ব্যক্তিও সর্ব্ব-প্রকারে সমবেত হইলে, বলবান্ শত্রুকে বিনাশ করিতে সমর্থ হয়। ম, ব, ৩৩ অ। ৭০।

১৩। রাজা কলহ দ্বারা কদাচ অহিত ব্যক্তিকে দমন করিতে

ব্যসনং বাস্য কাঙ্ক্ষেত বিবাসং বা যুধিষ্ঠির।
অপি সিন্ধোর্গিরের্ব্বাপি কিং পুনর্ম্মর্ত্ত্যধর্ম্মিণঃ॥
উত্থানযুক্তঃ সততং পরেষামন্তরৈষণে।
আনৃণ্যমাপ্নোতি নরঃ পরস্যাত্মন এব চ॥ ম, ব, ৩২ অ। ৫৫—৫৭।

১১। অমিত্রং মিত্রসম্পন্নং মিত্রৈর্ভিন্দন্তি পণ্ডিতাঃ।
ভিন্নৈর্মিত্রৈঃ পরিত্যক্তং দুর্ব্বলং কুরুতে বশম্॥ ম, ব, ৩৩ অ। ৬৮।

১২। সর্ব্বথা সংহতৈরেব দুর্ব্বলৈর্ব্বলবানপি।
অমিত্রঃ শক্যতে হন্তুং মধুহা ভ্রমরৈরিব॥ ম, ব, ৩৩ অ। ৭০।

১৩। ন জাতু কলহেনেচ্ছেন্নিয়ন্তুমপকারিণঃ।
বালৈরাসেবিতং হ্যেতদ্যদমর্ষো যদক্ষমা॥

অভিলাষ করিবেন না; কেন না, বালকেরাই অমর্ষ ও অক্ষমার সেবা করিয়া থাকে। শত্রুবধাভিলাষী নৃপতি শত্রুদিগকে সাবধান করিবেন না; ক্রোধ, ভয় ও হর্ষ স্বীয় শরীরে সংগোপন করতঃ তাহাদিগকে বিশ্বাস না করিয়া বিশ্বস্তের ন্যায়, তাহাদিগের সহিত ব্যবহার করিবেন, তাহাদিগকে নিত্য প্রিয়বাক্য কহিবেন, তাহাদের কোন অপ্রিয় আচরণ করিবেন না, শুষ্ক বৈর হইতে বিরত হইবেন এবং মুখরতা পরিত্যাগ করিবেন। যেমন উপযুক্ত মাংসবিক্রেতা-ব্যাধ পক্ষিরব সদৃশ শব্দ করতঃ বিহঙ্গ সকলকে বশীভূত করিয়া বধ করে, তদ্রূপ উপযুক্ত মহীপতি শত্রু সকলকে বশীভূত করিয়া তাহাদিগকে নিহত করিবেন। নরপতি শত্রুদিগকে পরাভব করিয়া সতত সুখে শয়ন করিবেন না, দুষ্টাত্মা অমিত্রগণ উত্থিত সঙ্করাগ্নির ন্যায় সততই জাগরিত হইয়া থাকে। ম, শা, ১০৩ অ। ৭—১২।

১৪। নৃপতির শত্রুগণ, উপেক্ষা বা অবজ্ঞা করিলেও স্বয়ং মনে

ন শত্রুর্বিবৃতঃ কার্য্যো বধমস্যাভিকাঙ্ক্ষতা।
ক্রোধং ভয়ঞ্চ হর্ষঞ্চ নিয়ম্য স্বয়মাত্মনি॥
অমিত্রমুপসেবেত বিশ্বস্তবদবিশ্বসন্।
প্রিয়মেব বদেন্নিত্যং নাপ্রিয়ং কিঞ্চিদাচরেৎ॥
বিরমেচ্ছুষ্ক বৈরেভ্যঃ কণ্ঠায়াসাংশ্চ বর্জ্জয়েৎ।
যথা বৈতংসিকো যুক্তো দ্বিজানাং সদৃশ স্বনঃ॥
তান্ দ্বিজান্ কুরুতে বশ্যাংস্তথা যুক্তো মহীপতিঃ।
বশঞ্চোপনয়েচ্ছত্রূন্ নিহন্যাচ্চ পুরন্দর॥
ন নিত্যং পরিভূয়ারীন্ সুখং স্বপিতি বাসবঃ।
জাগর্ত্ত্যেব হি দুষ্টাত্মা সঙ্করোঽগ্নিরিবোত্থিতঃ॥ ম, শা, ১০৩ অ। ৭—১২॥

১৪। সম্প্রধার্য্য সহামাত্যৈর্মন্ত্রবিদ্ভির্মহাত্মভিঃ।
উপেক্ষ্যমাণোঽবজ্ঞাতো হৃদয়েনাপরাজিতঃ॥
অথাস্য প্রহরেৎ কালে কিঞ্চিদ্বিচলিতে পদে।
দণ্ডঞ্চ দূষয়েদস্য পুরুষৈরাপ্তকারিভিঃ॥ ম, শা, ১০৩ অ। ১৪—১৫।

মনে পরাজিত না হইয়া মহাত্মা মন্ত্রবিৎ অমাত্যগণের সহিত মন্ত্রণা স্থির করিবেন, পরে শত্রুগণ কিঞ্চিৎ বিচলিত হইলেই তৎকালে তাহাদিগকে প্রহার করিবেন এবং আপ্তকারী পুরুষ দ্বারা তাহাদের সেনা দণ্ড ও ভেদ দ্বারা দূষিত করিবেন। ম, শা, ১০৩ অ। ১৪—১৫।

১৫। নরপতি শত্রুদিগের আদি, মধ্য ও অন্ত অবগত হইয়া প্রসন্ন ভাবে মনোমধ্যে বিষম ভাব ধারণ করতঃ তাহাদিগের বল সকল প্রমাণানুসারে জানিয়া ভেদ, উৎকোচ প্রদান অথবা ঔষধ দ্বারা তাহাদিগকে দূষিত করিবেন, পরন্তু অরিদিগের সহিত কদাচ সংসর্গ করিতে অভিলাষ করিবেন না। ম, শা, ১০৩ অ। ১৬—১৭।

১৬। নৃপতি শত্রুগণকে নিহত করিবার জন্য বহুকাল অপেক্ষা করিবেন, তাহারা যাহাতে বিশ্বাস লাভ করে, সেইরূপ কার্য্য করতঃ বহুকাল আকাঙ্ক্ষা করিয়া কালক্ষেপ করিবেন। ম, শা, ১০৩ অ। ১৮।

১৭। নৃপতি সমুদয় শত্রু বিনষ্ট না করিয়া তাহাদিগকে বিজয় প্রদর্শন করিবেন। শত্রুর প্রতি শল্য (দুর্ব্বাক্য) নিক্ষেপ করিবেন না এবং বাক্য-বাণ দ্বারাও তাহাকে ক্ষত করিবেন না। ম, শা, ১০৩ অ, ১৯।

১৫। আদিমধ্যাবমানজ্ঞঃ প্রচ্ছন্নং চ বিধারয়েৎ।
বলানি দূষয়েদস্য জানন্নেব প্রমাণতঃ॥
ভেদেনোপপ্রদানেন সংসৃজেদৌষধৈস্তথা।
ন ত্বেবং খলু সংসর্গং রোচয়েদরিভিঃ সহ॥ ম, শা, ১০৩ অ। ১৬—১৭।

১৬। দীর্ঘকালমপীক্ষেত নিহন্যাদেব শাত্রবান্।
কালাকাঙ্ক্ষী হি ক্ষপয়েদ্ যথা বিশ্রম্ভমাপ্নুয়ুঃ॥ ম, শা, ১০৩ অ। ১৮।

১৭ ন সদ্যোঽরীন্ বিহন্যাচ্চ দ্রষ্টব্যো বিজয়ে ধ্রুবঃ।
ন শল্যং বা ঘটয়তি ন বাচা কুরুতে ব্রণম্॥ ম, শা, ১০৩ অ। ১৯।

১৮। শত্রুবধাভিলাষী পুরুষের শত্রুবিনাশের কালগত হইলে, সে আর তাহা পুনঃ প্রাপ্ত হয় না, অতএব নৃপতি সময় উপস্থিত হইলেই শত্রুকে প্রহার করিবেন, কদাচ সময় অতিবাহিত করিবেন না। ম, শা, ১০৩ অ। ২0।

১৯। যে কাল কালাকাঙ্ক্ষী পুরুষকে অতিক্রম করে, কর্ম্মচিকীর্ষু পুরুষের পক্ষে পুনরায় সেই কাল লাভ হওয়া দুর্ঘট হইয়া উঠে। ম, শা, ১0৩ অ, ২১।

২০। অকালে শত্রুদিগকে প্রাপ্ত হইলে, নরপতি সাধুসম্মত সামর্থ্য সংগ্রহ করিয়া তাহাদিগকে শিক্ষিত করিবেন, পরন্তু তাহাদিগকে প্রাপ্ত হইয়া স্বকার্য্যসাধন বা তাহাদিগকে পীড়ন করিবেন না। ম, শা, ১০৩ অ। ২২।

২১। মহীপতি কাম, ক্রোধ এবং অহঙ্কার পরিত্যাগ করিয়া পুনঃ-

১৮। প্রাপ্তে চ প্রহরেৎ কালে ন চ সম্বর্ত্তেত পুনঃ।
হন্তুকামস্য দেবেন্দ্র * পুরুষস্য রিপূন্ প্রতি॥ ম, শা, ১০৩ অ। ২০।

১৯। যো হি কালো ব্যতিক্রামেৎ পুরুষং কালকাঙ্ক্ষিণম্।
দুর্লভঃ স পুনস্তেন কালঃ কর্ম্মচিকীর্ষুণা॥ ম, শা, ১০৩অ। ২১।

২০। ওজশ্চ বিনয়েদেব সংগৃহ্নন্ সাধুসম্মতম্।
অকালে সাধয়েন্মিত্রং ন চ প্রাপ্তে প্রপীড়য়েৎ॥ ম, শা, ১০৩ অ। ২২।

২১। বিহায় কামং ক্রোধং চ তথাহহঙ্কারমেব চ।
যুক্তো বিবরমন্বিচ্ছেদহিতানাং পুনঃ পুনঃ॥
মার্দ্দবং দণ্ড আলস্যং প্রমাদশ্চ সুরোত্তম।
মায়াঃ সুবিহিতাঃ শক্র সীদয়ন্ত্যবিচক্ষণম্॥
নিহত্যৈতানি চত্বারি মায়াং প্রতিবিহায় চ।
ততঃ শক্নোতি শত্রূণাং প্রহর্ত্তুমবিচারয়ন্॥ ম, শা, ১০৩ অ। ২৩—২৫।

---

* বৃহস্পতি ইন্দ্রকে শত্রুবিজয়ার্থ উপদেশ দিয়াছিলেন।

পুনঃ অহিত দিগের ছিদ্র অন্বেষণ করিবেন। মৃদুতা, দণ্ড, আলস্য ও প্রমাদ এই চারিটী এবং মায়া সকল সুচারুরূপে বিহিত হইয়াছে, এই সকলই অবিচক্ষণ পুরুষকে অবসন্ন করিয়া থাকে, অতএব মহীপতি মৃদুতাদি উক্ত চারিটী গুণকে নিহত এবং মায়া সকলকে পরিত্যাগ করিতে পারিলে, শত্রু সংহারে সমর্থ হন। ম, শা, ১০৩ অ। ২৩—২৫।

২২। শত্রুসকল অদৃষ্ট অর্থাৎ দূরস্থ হইলে, তাহাদের প্রতি ব্রহ্মদণ্ড অভিচারাদি প্রয়োগ করিবেন, আর নিকটস্থ হইলে তাহাদের প্রতি চতুরঙ্গিণী সেনা নিয়োগ করিবেন। ম, শা, ১০৩ অ। ২৭।

২৩। রাজা প্রথমতঃ অমিত্রগণের ভেদ ও সাম উভয়ই প্রয়োগ করিবেন, পরে সময় উপস্থিত হইলে, সেই শত্রুর প্রতি সেনা নিয়োগ করিতে প্রবৃত্ত হইবেন। ম, শা, ১০৩ অ। ২৮।

২৪। রাজা কালক্রমে বলবান্ শত্রুর নিকট প্রণত হইবেন; পরন্তু শত্রু প্রমত্ত হইলে, রাজা প্রমত্ত না হইয়া তাঁহার বধ অনুসন্ধান করিবেন। ম, শা, ১০৩। ২৯।

২৫। মহীপতি প্রণিপাত, দান এবং মধুর বচন দ্বারা অমিত্রগণের

২২। "ব্রহ্মদণ্ডমদৃষ্টেষু দৃষ্টেষু চতুরঙ্গিণীম্।" ম, শা, ১০৩ অ। ২৭।

২৩। ভেদং চ প্রথমং যুঞ্জ্যাত্তূষ্ণীমপি তথৈব চ।
কালে প্রযোজয়েদ্রাজা তস্মিংস্তস্মিংস্তদা তদা॥ ম, শা, ১০৩অ। ২৮।

২৪। প্রণিপাতং চ গচ্ছেত কালে শত্রোর্ব্বলীয়সঃ।
যুক্তোঽস্য বধমন্বিচ্ছেদপ্রমত্তঃ প্রমাদ্যতঃ॥ ম, শা, ১০৩ অ। ২৯।

২৫। প্রণিপাতেন দানেন বাচা মধুরয়া ব্রুবন্।
অমিত্রমপি সেবেত ন চ জাতু বিশঙ্কয়েৎ॥
স্থানানি শঙ্কিতানাং চ নিত্যমেব বিবর্জ্জয়েৎ।
ন চ তেষ্বাশ্বসেদ্রাজা জাগ্রতীহ নিরাকৃতাঃ॥

তুষ্টি সম্পাদন করিবেন, কিন্তু কদাচ তাহাদিগকে শঙ্কিত করিবেন না। যে সকল শত্রু শঙ্কিত হইয়াছে, রাজা তাদৃশ অমিত্রগণের স্থান বর্জ্জন করিবেন, তাহাদের প্রতি কদাচ বিশ্বাস করিবেন না, যেহেতু তাহারা নিরাকৃত (দূরীকৃত) হইয়া নিয়তই সতর্ক থাকে। নিরাকৃত শত্রু সকলের দুষ্কর কার্য্য কিছুই নাই, এইরূপ কথিত আছে যে, বিবিধবৃত্ত মানবগণের ঐশ্বর্য্যের ন্যায় তাহারা যোগ অবলম্বন করিয়া পুনর্ব্বার মিলিত হইবার নিমিত্ত যত্ন করিয়া থাকে, অতএব মহীপতি মিত্র এবং অমিত্র বিশেষ করিয়া বিচার করিবেন। ম, শা, ১০৩ অ। ৩০—৩৩।

২৬। নৃপতি সাম, দান, দণ্ড ও ভেদ এই সকল উপায় এককালীন শত্রুর প্রতি প্রয়োগ করিবেন না। পরন্তু মেধাবী মহীপতি সমুদায় উপায় প্রয়োগে সমর্থ হইলেও তাহা না করিয়া শিষ্টদিগের মধ্যে যে ব্যক্তি নিপুণ, তাহার প্রতিই এই উপায় সকলের মধ্যে এক একটী বণ্টন করিয়া প্রয়োগ করিবেন। ম, শা, ১০৩ অ। ৩৬—৩৭।

২৭। যখন হয়, হস্তী ও রথ-সমূহে সমাকুল বহুল পদাতি ও যন্ত্রদ্বারা

ন হ্যতো দুষ্করং কর্ম্ম কিঞ্চিদস্তি সুরোত্তম।
যথা বিবিধবৃত্তানামৈশ্বর্য্যমমরাধিপ॥
তথা বিবিধবৃত্তানামপি সম্ভব উচ্যতে।
যততে যোগমাস্থায় মিত্রামিত্রং বিচারয়েৎ॥ ম, শা, ১০৩ অ। ৩০—৩৩।

২৬। ন বহূনভিযুঞ্জীত যৌগপদ্যেন শাত্রবান্।
সাম্না দানেন ভেদেন দণ্ডেন চ পুরন্দর॥
একৈকমেষাং নিষ্পিষ্য শিষ্টেষু নিপুণং চরেৎ।
ন তু শক্তোঽপি মেধাবী সর্ব্বানেবারভেন্নৃপঃ॥ ম, শা, ১০৩ অ। ৩৬—৩৭।

২৭। যদা স্যান্মহতী সেনা হয়নাগরথাকুলা।
পদাতি যন্ত্র বহুলা অনুরক্তা ষড়ঙ্গিনী॥
যদা বহুবিধা বৃদ্ধিং মন্যেত প্রতিলোমতঃ।
তদা বিবৃত্য প্রহরেদ্দস্যূনামবিচারয়ন্॥ ম, শা, ১০৩ অ। ৩৮—৩৯।

পরিবৃত ষড়ঙ্গিনী সেনা অনুরক্ত হইবে এবং যৎকালে নৃপতি শত্রু অপেক্ষা আপনার বহুবিধ বৃদ্ধি বিবেচনা করিবেন, তখন বিচার না করিয়া প্রকাশ্য রূপে শত্রুসকলকে সংহার করিতে প্রবৃত্ত হইবেন। ম, শা, ১০৩ অ, ৩৮—৩৯।

২৮। শত্রুর প্রতি সাম উপায় প্রয়োগ প্রশস্ত নহে, অতএব মহীপতি তাহা না করিয়া তাহাদের প্রতি রহস্য-দণ্ড বিধান করিবেন; পরন্তু মৃদু দণ্ড, যুদ্ধার্থ যাত্রা, শস্যনাশ, বিষাদি দ্বারা সলিল দূষণ ও পুনঃপুনঃ প্রকৃতি বিচার করিবেন না। পরন্তু তাহাদের প্রতি নানাবিধ মায়া, তাহাদিগের পরস্পর উত্থাপনাদি এবং যাহাতে আপনার অপযশ না হয়, তাদৃশ কপট বিধান করিবেন, পরে তাহারা স্বীয় পুর বা রাষ্ট্রমধ্যে প্রবিষ্ট হইলে, আপ্ত পুরুষ সকলকে তাহাদের নিকটে রাখিবেন। ভূপাল সকল অমিত্রগণের অনুগামী হইয়া তাহাদিগের পুর এবং পুরস্থিত যাবতীয়

২৮। ন সামদণ্ডোপনিষৎপ্রশস্যতে,
ন মার্দ্দবং শত্রুষু যাত্রিকং সদা।
ন শস্যঘাতো ন চ সঙ্কর ক্রিয়া,
ন চাপি ভূয়ঃ প্রকৃতের্ব্বিচারণা॥
মায়াবিভেদানুপসর্জ্জনানি,
তথৈব পাপং ন যশঃ প্রয়োগাৎ।
আপ্তৈর্মনুষ্যৈরুপচারয়েত,
পুরেষু রাষ্ট্রেষু চ সম্প্রযুক্তান্॥
পুরাঽপি চৈষামনুসৃত্য ভূমিপাঃ,
পুরেষু ভোগানখিলান্ জয়ন্তি।
পুরেষু নীতিং বিহিতাং যথাবিধি,
প্রযোজয়ন্তো বল বৃত্রসূদন॥ ম, শা, ১০৩ অ। ৪০—৪২।

ভোগ্য-বস্তু সকলের সঙ্কোচ করতঃ স্বীয় পুরে বিধিবিহিত নীতি সংস্থাপিত করিবেন। ম, শা, ১০৩ অ, ৪০—৪২।

২৯। নৃপতিগণ অমাত্যদিগকে গূঢ় ধন প্রদান করিয়া স্বীয় ভোগ্য-বস্তু সকলের সঙ্কোচ করতঃ "আমার অমাত্যসকল দুষ্ট, ইহারা আমাকে পরিত্যাগ করিয়া অপর রাজার শরণাগত হইয়াছে" লোক-নিকটে তাহাদের এইরূপ দোষ-কীর্ত্তন করিয়া পরপুরে এবং পররাষ্ট্রে তাহাদিগকে নিযুক্ত করিবেন। আর অপর শাস্ত্রবিৎ, সুসজ্জিত, শাস্ত্রবিধানদর্শী, সুশিক্ষিত এবং ভাষ্য-কথা-বিশারদ অমাত্যগণ দ্বারা শত্রুপুরমধ্যে মৃত্যুর অধিষ্ঠাত্রী দেবতাকে সংস্থাপিত করিবেন। ম, শা, ১০৩ অ, ৪৩—৪৪।

৩০। (দুষ্টের লক্ষণ কি? দুষ্টকে কিরূপে অবগত হওয়া যায়?) যে

২৯। প্রদায় গূঢ়ানি বসূনি রাজন্,
প্রচ্ছিদ্য ভোগানবধায় চ স্বান্।
দুষ্টান্ স্বদোষৈরিতি কীর্ত্তয়িত্বা,
পুরেষু রাষ্ট্রেষু চ যোজয়ন্তু॥
তথৈব চান্যৈরপি শাস্ত্রবেদিভিঃ,
স্বলঙ্কৃতৈঃ শাস্ত্রবিধানদৃষ্টিভিঃ।
সুশিক্ষিতৈর্ভাষ্য কথা বিশারদৈঃ,
পরেষু কৃত্যামুপধারয়েচ্চ॥ ম, শা, ১০৩ অ। ৪৩—৪৪।

৩০। পরোক্ষমগুণানাহ সদ্গুণানভ্যসূয়তে।
পরৈর্ব্বা কীর্ত্ত্যমানেষু তূষ্ণীমাস্তে পরাঙ্মুখঃ॥
তূষ্ণীম্ভাবেঽপি বিজ্ঞেয়ং ন চেদ্ভবতি কারণম্।
বিশ্বাসং চোষ্ঠসন্দংশং শিরসশ্চ প্রকম্পনম্॥
করোত্যভীক্ষ্ণং সংসৃষ্টমসংসৃষ্টশ্চ ভাষতে।
অদৃষ্টিতো ন কুরুতে দৃষ্টো নৈবাভিভাষতে॥

ব্যক্তি পরোক্ষে লোকের দোষ প্রকাশ করে, সদ্‌গুণ-সম্পন্ন মানবদিগের অসূয়া করে এবং পরে কাহারও গুণ কীর্ত্তন করিলে পরাঙ্মুখ হইয়া তুষ্ণীম্ভাবে অবস্থান করে, তাহাকে দুষ্ট বিবেচনা করিবে। যদিও দুষ্ট ব্যক্তি তুষ্ণীম্ভাবে অবস্থান করিলে, তাহার দুষ্টতার কারণ জ্ঞাত হইতে পারা যায় না, কিন্তু তৎকালে সে ব্যক্তি দীর্ঘনিশ্বাস পরিত্যাগ, ওষ্ঠ-সন্দংশন, শিরঃকম্পন ও নিয়ত সংসর্গ করে এবং অসংস্পৃষ্ট হইয়া সম্ভাষণ করে, আর পরোক্ষে স্বীকৃত কার্য্য সম্পাদন করে না এবং অপরোক্ষ হইলে সেই বিষয়ের উল্লেখ করে না ও স্বয়ং পৃথক্ হইয়া ভোজনাদি করে এবং অদ্য ভোজনাদি যথাবিধি হয় নাই বলিয়া পরোক্ষে তাহার নিন্দা করিয়া থাকে, অতএব আসন, শয়ন, এবং যানাদিতে দুষ্টদিগের অভিপ্রায় লক্ষ্য করিতে হইবে। ম, শা, ১০৩ অ, ৪৫—৪৯।

৩১। যে ব্যক্তি আর্ত্ত পুরুষের নিকট আর্ত্ত হয় এবং প্রিয় ব্যক্তির প্রতি প্রীত হয়, তাহাকেই মিত্র বলিয়া জানিবে, ইহার বিপরীত হইলেই শত্রুর লক্ষণ বিবেচনা করিবে। ম, শা, ১০৩ অ, ৫০।

৩২। প্রাচীন শত্রু বালক হইলেও তাহাকে বালক বোধ করা বিহিত নহে, যেহেতু সে বিপক্ষকে সতত প্রমত্ত দেখিলেই নিহত করে।

পৃথগেত্য সমশ্নাতি নেদমদ্য যথাবিধি।
আসনে শয়নে যানে ভাবা লক্ষ্যা বিশেষতঃ॥ ম, শা, ১০৩ অ। ৪৫—৪৯।

৩১। আর্ত্তিরার্ত্তে প্রিয়ে প্রীতিরেতাবন্মিত্র লক্ষণম্।
বিপরীতং তু বোদ্ধব্যমরিলক্ষণমেব তৎ॥ ম, শা, ১০৩ অ। ৫০।

৩২। বালোঽপ্যবালঃ স্থবিরো রিপুর্যঃ,
সদা প্রমত্তং পুরুষং নিহন্যাৎ।
কালেনান্যস্তস্য মূলং হরেত,
কালজ্ঞাতা পার্থিবানাং বরিষ্ঠঃ॥ ম, শা, ১২০ অ। ৩৯।

কালে অন্য ব্যক্তি তাহার মূল হরণ করিবে না; অতএব কালজ্ঞ ব্যক্তিই পার্থিবগণের মধ্যে বরিষ্ঠ। ম, শা, ১২০ অ, ৩৯।

৩৩। শত্রুর কীর্ত্তি হরণ এবং তাহার ধর্ম্ম উপরোধ করিবে, আর অর্থ বিষয়ে তাহার দীর্ঘতর কার্য্যের উপাঘাত করিতে থাকিবে। দ্বেষ-কারী বৈরী দুর্ব্বল হউক অথবা বলবানই হউক, যত-চিত্ত মানব শত্রুহইতে কোন প্রকারে হীন হইবেন না। ম, শা, ১২০ অ, ৪০।

৩৪। যে ব্যক্তি যে স্থানে একবার অপরাধ করিয়াছে, পণ্ডিতেরা তাহার সে স্থানে অবস্থান করাকে প্রশংসা করেন না, তাহার তথা হইতে পলায়ন করাই শ্রেয়ঃকল্প। ম, শা, ১৩৯ অ। ২৫।

৩৫। কৃতবৈর ব্যক্তি সতত সান্ত্ব বাক্য প্রয়োগ করিলেও তাহাকে বিশ্বাস করা উচিত নহে, যে মূঢ় ব্যক্তি তাহাতে বিশ্বাস করে, সে শীঘ্রই বধ্য হয় এবং বৈরী ভাবেরও এককালে শান্তি হয় না। ম, শা, ১৩৯ অ। ২৬।

৩৬। যাহাদিগের পরস্পর শত্রুতা আছে, তাহাদিগের পুত্র-পৌত্র

৩৩। হরেৎ কীর্ত্তিং ধর্ম্মমস্যোপরুন্ধ্যা
দর্থে দীর্ঘং বীর্য্যমস্যোপহন্যাৎ।
রিপুর্দ্বেষ্টা দুর্ব্বলো বা বলী বা
তস্মাচ্ছত্রোনৈর্ব হীয়েদ্‌যতাত্মা॥ ম, শা, ১২০ অ। ৪০।

৩৪। সকৃৎ কৃতাপরাধস্য তত্রৈব পরিলম্বতঃ।
ন তদ্‌বুধাঃ প্রশংসন্তি শ্রেয়স্তত্রাপসর্পণম্॥ ম, শা, ১৩৯ অ। ২৫।

৩৫। সান্ত্বে প্রযুক্তে সততং কৃতবৈরেণ বিশ্বসেৎ।
ক্ষিপ্রং স বধ্যতে মূঢ়ো ন হি বৈরং প্রশাম্যতি॥ ম, শা, ১৩৯ অ। ২৬

৩৬। অন্যোন্যকৃত বৈরাণাং পুত্রপৌত্রং নিযচ্ছতি।
পুত্রপৌত্রা বিনাশে চ পরলোকং নিযচ্ছতি॥ ম, শা, ১৩৯ অ। ২৭।

প্রভৃতি সমস্তই যুদ্ধ-বিগ্রহাদি দ্বারা বিনষ্ট হয়, পুত্র-পৌত্রের বিনাশে পর-লোকও বিনষ্ট হইয়া যায়। ম, শা, ১৩৯ অ। ২৭।

৩৭। কৃতবৈর ব্যক্তিমাত্রের প্রতি অবিশ্বাস করাই সুখোদয়ের হেতু, বিশ্বাস-ঘাতক ব্যক্তিগণের সহিত একান্ততঃ বিশ্বাস করা বিহিত নহে। ম, শা, ১৩৯ অ। ২৮।

৩৮। অবিশ্বস্ত ব্যক্তিতে বিশ্বাস করিবে না এবং বিশ্বস্ত ব্যক্তিতে অত্যন্ত বিশ্বাস করাও বিহিত হয় না, যে হেতু বিশ্বাস হইতে সমুৎপন্ন ভয় বিশ্বাসের মূলোচ্ছেদন করিয়া থাকে; স্বয়ং অন্যের বিশ্বাসভাজন হইবে, কিন্তু অপরকে বিশ্বাস করিবে না। ম, শা, ১৩৯ অ। ২৯।

৩৯। যাহাদিগের একবার পরস্পর বৈর হইয়াছে, পুনরায় তাহা-দিগের সন্ধি সংঘটিত হয় না। প্রথমতঃ কোন ব্যক্তির অপকার করিয়া পরে অর্থ দান ও সম্মান দ্বারা তাহাকে সম্মানিত করিলেও তাহার মন কখন বিশ্বস্ত হয় না, বলবান্ ব্যক্তিগণের এইরূপ ব্যবহার দুর্ব্বল জনগণকে ত্রাসিত করে। ম, শা, ১৩৯ অ। ৩১—৩২।

৪০। যে স্থানে প্রথমতঃ সম্মাননা ও পরিশেষে অবমাননা হয়,

৩৭। সর্ব্বেষাং কৃতবৈরাণামবিশ্বাসঃ সুখোদয়ঃ।
একান্ততো ন বিশ্বাসঃ কার্য্যো বিশ্বাসঘাতকৈঃ॥ ম, শা, ১৩৯ অ। ২৮।

৩৮। ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতি বিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মুৎপন্নমপি মূলং নিকৃন্ততি॥ ম, শা, ১৩৯ অ। ২৯।

৩৯। অন্যোন্যকৃতবৈরাণাং ন সন্ধিরুপপদ্যতে।
স চ হেতুরতিক্রান্তো যদর্থমহমাবসম্॥
পূজিতস্যার্থমানাভ্যাং জন্তোঃ পূর্ব্বাপকারিণঃ।
মনোভবত্যবিশ্বস্তং কর্ম্ম ত্রাসয়তেঽবলান্॥ ম, শা, ১৩৯ অ। ৩১—৩২।

৪০। পূর্ব্বং সম্মাননা যত্র পশ্চাচ্চৈব বিমাননা।
জহ্যাত্তৎ সত্ত্ববান্ স্থানং শত্রোঃ সম্মানিতোঽপি সন্॥ ম, শা, ১৩৯অ। ৩৩।

বুদ্ধিমান্ ব্যক্তি বৈরিকর্ত্তৃক সম্মানিত হইয়াও তাদৃশ স্থান পরিত্যাগ করিবেন। ম, শা, ১৩৯ অ। ৩৩।

৪১। বৈরের কখন অবসান হয় না, শত্রু আমাকে সান্ত্বনা করিয়াছে, ইহা বিবেচনা করিয়া তাহাকে বিশ্বাস করিবে না, সংসারে বিশ্বাস নিবন্ধনই লোক বধ্য হয়; অতএব শত্রুর সহিত সাক্ষাৎ না হওয়াই শ্রেয়ঃ-কল্প। ম, শা, ১৩৯ অ। ৩৮।

৪২। সুশাণিত শস্ত্রসমূহ দ্বারা বলপূর্ব্বক যাহাদিগকে জয় করিতে পারা যায় না, করেণুগণ যেমন মাতঙ্গ সকলকে বশীভূত করে, সেইরূপ সান্ত্ব বাক্য দ্বারা তাহাদিগকে বশীভূত করা উচিত। ম, শা, ১৩৯ অ। ৩৯।

৪৩। বৈর পঞ্চপ্রকারে উৎপন্ন হয়, ইহা পণ্ডিতেরা অবগত আছেন।

৪১। নাস্তি বৈরমতিক্রান্তং সান্ত্বিতোঽস্মীতি নাশ্বসেৎ।
বিশ্বাসাদ্বধ্যতে লোকে তস্মাচ্ছ্রেয়োঽপ্যদর্শনম্॥ ম, শা, ১৩৯ অ। ৩৮।

৪২। তরসা যে ন শক্যন্তে শস্ত্রৈঃ সুনিশিতৈরপি।
সাম্না তেঽপি নিগৃহ্যন্তে গজাইব করেণুভিঃ॥ ম, শা, ১৩৯ অ। ৩৯।

৪৩। বৈরং পঞ্চ সমুত্থানং তচ্চ বুধ্যন্তি পণ্ডিতাঃ।
স্ত্রীকৃতং বাস্তুজং বাগ্‌জং সমপত্নাপরাধজম্॥
তত্র দাতা ন হন্তব্যঃ ক্ষত্রিয়েন বিশেষতঃ।
প্রকাশং বাপ্রকাশং বা বুদ্ধা দোষবলাবলম্॥
কৃতবৈরে ন বিশ্বাসঃ কার্য্যস্ত্বিহ সুহৃদ্যপি।
ছন্নং সন্তিষ্ঠতে বৈরং গূঢ়োঽগ্নিরিব দারুষু॥
ন বিত্তেন ন পারুষ্যেণ চ সান্ত্বেন বাশ্রিতৈঃ।
কোপাগ্নিঃ শাম্যতে রাজংস্তোয়াগ্নিরিব সাগরে॥
ন হি বৈরাগ্নিরুদ্ভূতঃ কর্ম্ম চাপ্যপরাধজম্।
শাম্যত্যদগ্ধা নৃপতে বিনা হেকতর ক্ষয়াৎ॥ ম, শা, ১৩৯ অ। ৪২—৪৬।

প্রথম, কৃষ্ণ ও শিশুপালের বিবাদের ন্যায় স্ত্রীনিমিত্ত, দ্বিতীয়, কৌরব ও পাণ্ডবদিগের ন্যায় বস্তু জন্য; তৃতীয়, দ্রুপদ ও দ্রোণের ন্যায় বাক্য-হেতু; চতুর্থ, মার্জ্জার ও মূষিকের ন্যায় স্বভাবসিদ্ধ জাতিবৈর; পঞ্চম অপকারকের প্রত্যপকার করণরূপ অপরাধ জন্য। তন্মধ্যে প্রকাশ্য বা অপ্রকাশ্যভাবে দোষের বলাবল বিবেচনা করিয়া কোন ব্যক্তিকে কোন লোকেরই বিশেষতঃ ক্ষত্রিয়ের বধ করা বিহিত নহে; সুহৃদের সহিত শত্রুতা হইলেও পরে তাহাকে বিশ্বাস করিবে না। কাষ্ঠ মধ্যে গূঢ় অগ্নির ন্যায় বৈরভাব প্রচ্ছন্ন ভাবে অবস্থিতি করে। সাগরগর্ত্তস্থ বাড়বানলের ন্যায় বৈরাগ্নি বিত্ত, পরুষতা, সান্ত্বনা বাক্য ও শাস্ত্র দ্বারা শান্ত হয় না। সমুদ্ভূত বৈরানল এবং অপরাধজনিত কর্ম্ম একতর পক্ষকে দহনপূর্ব্বক ক্ষয় না করিয়া শান্ত হয় না। ম, শা, ১৩৯ অ। ৪২—৪৬।

৪৪। প্রথমাপকারী ব্যক্তিকে অর্থ ও সম্মান দ্বারা সংকৃত করিয়া তাহাতে মিত্রের ন্যায় বিশ্বাস স্থাপন করা উচিত নহে, যেহেতু তৎকৃত কর্ম্মই বলপূর্ব্বক ত্রাসিত করে। ম, শা, ১৩৯ অ। ৪৭।

৪৫। পণ্ডিতগণ নিশ্চয় করিয়াছেন, যে, মৃণ্ময় পাত্র ভগ্ন হইলে তাহার যেমন পুনরায় মিলন হয় না, সেইরূপ যাহারা অচিরাৎ বৈর করিয়া প্রীতি করিতে ইচ্ছা করে, তাহাদিগের বিশ্বাস কখন সুখকর হইতে পারে না। ম, শা, ১৩৯ অ। ৬৯।

৪৪। সংকৃতস্যার্থমানাভ্যামনুপূর্ব্বাপকারিণঃ।
নাদেয়োঽমিত্রবিশ্বাসঃ কর্ম্ম ত্রাসয়তেঽবলাৎ॥ ম, শা, ১৩৯অ। ৪৭।

৪৫। বৈরমন্তিকমাসাদ্য যঃ প্রীতিং কর্ত্তুমিচ্ছতি।
মৃণ্ময়স্যেব ভগ্নস্য যথা সন্ধির্ন বিদ্যতে॥ ম, শা, ১৩৯ অ। ৬৯।

৪৬। যাহারা শত্রুর সত্য বা মিথ্যা বাক্যে বিশ্বাস করে, তাহারা শুষ্কতৃণাচ্ছন্ন প্রপাত মধ্যে পতিত মধুলোভার্থীর ন্যায় অচিরাৎ বিনষ্ট হয়। কোনস্থলে শত্রুতা বংশ পরম্পরা প্রচলিত থাকে, ইহা দেখা গিয়াছে। যাহারা বৈর করিয়া পরলোক গমন করে, তাহাদিগের বংশে যে পুরুষ থাকে, অন্যান্য ব্যক্তিগণ তাহার নিকট পূর্ব্ব বৈর প্রকাশ করিয়া দেয়। (উশনা প্রহ্লাদকে বলিয়াছিলেন)। ম, শা, ১৩৯ অ। ৭১—৭২।

৪৭। যাঁহারা বৈর শান্তির জন্য শত্রুর সহিত সন্ধি বন্ধন করেন, তাঁহারাই পুনরায় পাষাণে পতিত পূর্ণ ঘটের ন্যায়, তাহাকে চূর্ণ করিয়া থাকেন। ম, শা, ১৩৯ অ। ৭৩।

৪৮। আশ্রয়স্থানের মূলোচ্ছেদ হইলে জীব মাত্রেরই জীবন হত হয়, বনস্পতির মূল বিচ্ছিন্ন হইলে, শাখা সমুদায় তাহাতে অবস্থান করিতে পারে না। বুদ্ধিমান্ রাজা প্রথমতঃ পর পক্ষের মূলচ্ছেদন করিবেন; অনন্তর তাহার সহায় ও অমাত্য প্রভৃতিকে বশীভূত করিবেন। ম, শা, ১৪০ অ। ১০—১১।

৪৬। যে বৈরিণঃ শ্রদ্দধতে সত্যে সত্যেতরেঽপি বা।
বধ্যন্তে শ্রদ্দধানাস্তু মধু শুষ্কতৃণৈর্যথা॥
ন হি বৈরাণি শাম্যন্তি কুলে দুঃখগতানি চ।
আখ্যাতারশ্চ বিদ্যন্তে কুলে বৈ ম্রিয়তে পুমান্॥ ম, শা, ১৩৯ অ। ৭১—৭২।

৪৭। উপগৃহ্য তু বৈরাণি সান্ত্বয়ন্তি নরাধিপ।
অথৈনং প্রতিপিংষন্তি পূর্ণং ঘটমিবাশ্মনি॥ ম, শা, ১৩৯ অ। ৭৩।

৪৮। ছিন্নমূলে হ্যধিষ্ঠানে সর্ব্বেষাং জীবনং হতম্।
কথং হি শাখাস্তিষ্ঠেয়ুশ্ছিন্নমূলে বনস্পতৌ॥
মূলমেবাদিতশ্ছিন্দ্যাৎ পরপক্ষস্য পণ্ডিতঃ।
ততঃ সহায়ান্ পক্ষঞ্চ মূলমেবানুসাধয়েৎ॥ ম, শা, ১৪০ অ। ১০—১১।

৪৯। শত্রুর প্রতি হৃদয়ে ক্ষুরের ন্যায় থাকিয়া বাক্য মাত্রে বিনয়-প্রদর্শন, মৃদুভাবে সম্ভাষণ ও কাম-ক্রোধ পরিবর্জ্জন করিবে। ম, শা, ১৪0 অ। ১৩।

৫০। শত্রুর সহিত কার্য্য সংস্রব সংঘটিত হইলে, প্রথমতঃ সন্ধি করিয়া পরে তাহাকে বিশ্বাস করিবে না। বিচক্ষণ ব্যক্তি কৃতকার্য্য হইয়া অবিলম্বে শত্রুর সংস্রব পরিত্যাগ করিবে এবং মিত্ররূপে সান্ত্বনা-বাক্য দ্বারা শত্রুকে শান্ত করিয়া সসর্প গৃহের ন্যায়, তাহা হইতে সতত শঙ্কিত থাকিবে। ম, শা, ১৪০ অ। ১৪—১৫।

৫১। যে ব্যক্তি আপন ইষ্ট ইচ্ছা করে, সে অঞ্জলিবন্ধন পূর্ব্বক শপথ করিয়া সান্ত্বনা-বাক্যে নত-মস্তকে অশ্রু মার্জ্জন করতঃ কথা বলিবে। যে পর্য্যন্ত সময় পরিবর্ত্তন না হয়, তাবৎকাল শত্রুকে স্কন্ধে বহন করিবে, সময় উপস্থিত হইয়াছে জানিয়া, পাষাণে নিক্ষিপ্ত কলসের ন্যায়, তাহাকে বিনষ্ট করিয়া ফেলিবে। ম, শা, ১৪০ অ। ১৭—১৮।

৪৯। বাঙ্‌মাত্রেণ বিনীতঃ স্যাদ্ধৃদয়েন যথা ক্ষুরঃ।
শ্লক্ষ্ণপূর্ব্বাভিভাষী চ কামক্রোধৌ বিবর্জ্জয়েৎ॥ ম, শা, ১৪০ অ। ১৩।

৫০। সপত্নসহিতে কার্য্যে কৃত্বা সন্ধিং ন বিশ্বসেৎ।
অপক্রামেত্ততঃ শীঘ্রং কৃতকার্য্যো বিচক্ষণঃ॥
শত্রুং চ মিত্ররূপেণ সান্ত্বেনৈবাভিসান্ত্বয়েৎ।
নিত্যশশ্চোদ্বিজেত্তস্মাদ্ গৃহাৎ সর্পযুতাদিব॥ ম, শা, ১৪০ অ। ১৪—১৫।

৫১। অঞ্জলিং শপথং সান্ত্বং প্রণম্য শিরসা বদেৎ।
অশ্রুপ্রমার্জ্জনঞ্চৈব কর্ত্তব্যং ভূতিমিচ্ছতা॥
বহেদমিত্রং স্কন্ধেন যাবৎ কালস্য পর্য্যয়ঃ।
প্রাপ্তকালন্তু বিজ্ঞায় ভিন্দ্যাদ্ঘটমিবাশ্মনি॥ ম, শা, ১৪০অ। ১৭—১৮।

৫২। বহু প্রয়োজন সম্পন্ন ব্যক্তি কৃতঘ্নের সহিত অর্থ-ঘটিত সংস্রব রাখিবে না, যেহেতু কৃতঘ্ন ব্যক্তি কৃতকার্য্য হইয়া উপকারের অবমাননা করিয়া থাকে। অতএব শত্রু-সংঘটিত সমস্ত কার্য্য সম্পূর্ণরূপে সম্পন্ন না করিয়া তাহার অবশেষ রাখা আবশ্যক। ম, শা, ১৪০ অ। ২০।

৫৩। নৃপতি প্রতিদিন গাত্রোত্থান করিয়াই রিপুগৃহে গমন করিবেন, শত্রুসদনে যদিও অমঙ্গল থাকে, তথাপি কুশল জিজ্ঞাসা করিবেন। ম, শা, ১৪০ অ। ২২।

৫৪। রিপুগণ আত্মচ্ছিদ্রের প্রতি দৃষ্টি না রাখিয়া পরের ছিদ্র অন্বেষণ করিয়া থাকে; অতএব কূর্ম্মের ন্যায় আপনার অমঙ্গল ও ছিদ্র সমুদায় গোপন করিয়া রাখিবে। ম, শা, ১৪০ অ। ২৪।

৫৫। যে রাজা দণ্ডোপহত শত্রুকে নিগৃহীত না করেন, কর্কটীর গর্ভ গ্রহণের ন্যায়, তিনি মৃত্যুমুখে পতিত হইয়া থাকেন। ম, শা, ১৪০ অ। ৩০।

৫৬। যে ব্যক্তি শত্রুর সহিত সন্ধিবন্ধন পূর্ব্বক বিশ্বাস করতঃ সুখে

৫২। নানার্থিকোঽর্থসম্বন্ধং কৃতঘ্নেন সমাচরেৎ।
অর্থী তু শক্যতে ভোক্তুং কৃতকার্য্যোঽবমন্যতে।
তস্মাৎ সর্ব্বাণি কার্য্যাণি সাবশেষাণিকারয়েৎ॥ ম, শা, ১৪০ অ। ২০।

৫৩। উত্থায়োত্থায় গচ্ছেত নিত্যযুক্তো রিপোর্গৃহান্।
কুশলঞ্চাস্য পৃচ্ছেত যদ্যপ্যকুশলং ভবেৎ॥ ম, শা, ১৪০ অ। ২২।

৫৪। নাস্যচ্ছিদ্রং রিপুর্বিদ্যাদ্বিদ্যাচ্ছিদ্রং পরস্য তু।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ॥ ম, শা, ১৪০ অ। ২৪।

৫৫। দণ্ডেনোপনতং শত্রুং যো রাজা ন নিযচ্ছতি।
স মৃত্যুমুপগৃহ্নাতি গর্ভমশ্বতরী যথা॥ ম, শা, ১৪০ অ। ৩০।

৫৬। যোঽরিণা সহ সন্ধায় সুখং স্বপিতি বিশ্বসন্।
স বৃক্ষাগ্রে প্রসুপ্তো বা পাতিতঃ প্রতিবুধ্যতে॥ ম, শা, ১৪০ অ। ৩৭।

নিদ্রা যায়, সে বৃক্ষাগ্রে প্রসুপ্ত ব্যক্তির ন্যায় পতিত হইয়া প্রতিবোধিত হয়। ম, শা, ১৪০ অ। ৩৭।

৫৭। মৃদু হউক, অথবা দারুণ হউক, যে কোনরূপ কর্ম্ম দ্বারা বিপন্ন আত্মাকে উদ্ধার করা উচিত এবং সমর্থ হইলে ধর্ম্ম আচরণ করা কর্ত্তব্য। ম, শা, ১৪০ অ। ৩৮।

৫৮। শত্রুর শত্রুদিগকে সেবা করিবে, আপনার চরদিগকেও শত্রু প্রেরিত বলিয়া বিবেচনা করা উচিত। ম, শা, ১৪০ অ। ৩৯।

৫৯। ধ্যান, ধারণা, মৌনালম্বন, কাষায়-বস্ত্র পরিধান, জটা ও অজিন ধারণ দ্বারা বিপক্ষের অন্তঃকরণে বিশ্বাস উৎপাদন করিয়া পরিশেষে বৃকের ন্যায়, তাহাকে বিলুপ্ত করিবে। ম, শা, ১৪০ অ। ৪৬।

৬০। জাতি দ্বারা কেহ কাহারও শত্রু বা মিত্র হয় না, প্রয়োজন অনুসারেই শত্রু মিত্র সঙ্ঘটন হইয়া থাকে। অমিত্র ব্যক্তি দুঃখের কারণ প্রকাশ করিলেও তাহাকে কখন পরিত্যাগ করিবে না এবং তাহার দুঃখে

৫৭। কর্ম্মণা যেন তেনৈব মৃদুনা দারুণেন চ।
উদ্ধরেদ্দীনমাত্মানং সমর্থো ধর্ম্মমাচরেৎ॥ ম, শা, ১৪০ অ। ৩৮।

৫৮। যে সপত্নাঃ সপত্নানাং সর্ব্বাংস্তানুপসেবয়েৎ।
আত্মনশ্চাপি বোদ্ধব্যাশ্চারাবিনিহিতাঃ পরৈঃ॥ ম, শা, ১৪০ অ। ৩৯।

৫৯। অবধানেন মৌনেন কাষায়েণ জটাজিনৈঃ।
বিশ্বাসয়িত্বা দ্বেষ্টারমবলুম্পেদ্‌যথা বৃকঃ॥ ম, শা, ১৪০ অ। ৪৬।

৬০। নাস্তি জাত্যা রিপুর্নাম মিত্রং বাপি ন বিদ্যতে।
সামর্থ্যযোগাজ্জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা॥
অমিত্রং নৈব মুঞ্চেত বদন্তং করুণান্যপি।
দুঃখং তত্র ন কর্ত্তব্যং হন্যাৎ পূর্ব্বাপকারিণম্॥ ম, শা, ১৪০ অ। ৫১—৫২।

দুঃখিত হইবে না। পূর্ব্বাপরাধী ব্যক্তিকে যে কোন উপায়ে হউক বিনষ্ট করিবে। ম, শা, ১৪০ অ। ৫১—৫২।

৬১। যিনি আপন ঐশ্বর্য্য ইচ্ছা করেন, শত্রু নিগ্রহে যত্নকরা তাঁহার অবশ্য কর্ত্তব্য এবং লোকসংগ্রহ ও তাহাদিগের প্রতি সতত যত্ন করা উচিত, কাহারও প্রতি অসূয়া করা বিহিত নহে। ম, শা, ১৪০ অ। ৫৩।

৬২। যাহাকে প্রহার করিবে, তাহাকে প্রিয়বাক্য বলিবে এবং প্রহার করিয়াও প্রিয় কথা কহিবে, অসি দ্বারা কাহারও মস্তকচ্ছেদন করিলেও তাহার নিমিত্ত শোক প্রকাশ এবং রোদন করিবে। ম, শা, ১৪০ অ। ৫৪।

৬৩। বাহু দ্বারা নদী পার হইবে না এবং যাহাতে কোন লাভ নাই, তাদৃশ বৈর কর্ত্তব্য নহে; গো-শৃঙ্গ ভক্ষণ বা চর্ব্বণ করা অনর্থক ও অনায়ুষ্য, তাহাতে দন্ত সকল মার্জ্জিত হয়, কোন রস লভ্য হয় না। ম, শা, ১৪০ অ। ৫৬।

৬৪। আততায়ী শত্রু নিপাতে কিছুমাত্র অধর্ম্মের সম্ভাবনা নাই, বরং শত্রু সমীপে যাচ্ঞা করাই ক্ষত্রিয়গণের অধর্ম্মাবহ ও অযশস্কর। ম, উ, ৩ অ। ২০—২১।

৬১। সংগ্রহানুগ্রহে যত্নঃ সদা কার্য্যোঽনসূয়তা।
নিগ্রহশ্চাপি যত্নেন কর্ত্তব্যো ভূতিমিচ্ছতা॥ ম, শা, ১৪০ অ। ৫৩।

৬২। প্রহরিষ্যন্ প্রিয়ং ব্রূয়াৎ প্রহৃত্যৈব প্রিয়োত্তরম্।
অসিনাপি শিরশ্ছিত্বা শোচেত চ রুদেত চ॥ ম, শা, ১৪০ অ। ৫৪।

৬৩। ন শুষ্কবৈরং কুর্ব্বীত বাহুভ্যাং ন নদীং তরেৎ।
অনর্থকমনায়ুষ্যং গোবিষাণস্য ভক্ষণম্।
দন্তাশ্চ পরিমৃজ্যন্তে রসশ্চাপি ন লভ্যতে॥ ম, শা, ১৪০অ। ৫৬।

৬৪। "নাধর্ম্মো বিদ্যতে কশ্চিচ্ছত্রূন্ হত্বাততায়িনঃ॥"
"অধর্ম্ম্যমযশস্যঞ্চ শাত্রবাণাং প্রযাচনম্।" ম, উ, ৩অ। ২০—২১।

৬৫। শত্রু কর্ত্তৃক রাজার পরাভব সকলেরই অসুখাবহ। ম, শা, ৬৭ অ। ৩ ।

৬৬। স্বজনগণ কর্ত্তৃক সৎকৃত হইলে, শত্রুবর্গও সৎকার করিয়া থাকে, কিন্তু তাহাদের দ্বারা অবজ্ঞাত হইলে, শত্রুগণও অবজ্ঞা করিয়া থাকে। ম, শা, ৬৭ অ। ৩৫।

৬৭। শরণাগত হইয়া কৃতাঞ্জলিপুটে দীনভাবে আশ্রয় প্রার্থনা করিলে, আশ্রিত রক্ষণরূপ ধর্ম্ম প্রতিপালনের অনুরোধে তাদৃশ শত্রুকেও বিনাশ করিবে না। শত্রু আর্ত্তই হউক, অথবা দৃপ্তই হউক, কাতর ভাবে শত্রুর শরণাগত হইলে, প্রাণ পর্য্যন্ত বিসর্জ্জন করিয়াও তাহাকে রক্ষা করা ধর্ম্মাত্মার কর্ত্তব্য। আর যদি ভয়, মোহ অথবা স্বেচ্ছা পূর্ব্বকই হউক, শক্ত্যনুসারে যথাবিধি রক্ষা না করে, তাহা হইলে পাপগ্রস্ত ও জন-সমাজেও নিন্দাভাজন হইতে হয়। এইরূপ আশ্রিত ব্যক্তিকে রক্ষা না করিলে যদ্যপি সে কোনরূপে বিনষ্ট হয়, তাহা হইলে সেই নিহত ব্যক্তি

৬৫। "রাজ্ঞঃ পরৈঃ পরিভবঃ সর্ব্বেষামসুখাবহঃ।" ম, শা, ৬৭অ। ৩৬।

৬৬। সৎকৃতং স্বজনেনেহ পরোঽপি বহুমন্যতে।
স্বজনেন ত্বজ্ঞাতং পরে পরিভবন্ত্যুত॥ ম, শা, ৬৭অ। ৩৫।

৬৭। বদ্ধাঞ্জলিপুটং দীনং যাচন্তং শরণাগতম্।
ন হন্যাদানৃশংস্যার্থমপি শত্রুং পরন্তপ॥
আর্ত্তো বা যদি বা দৃপ্তঃ পরেষাং শরণং গতঃ।
অরিঃ প্রাণান্ পরিত্যজ্য রক্ষিতব্যঃ কৃতাত্মনা॥
স চেদ্ভয়াদ্বা মোহাদ্বা কামাদ্বাপি ন রক্ষতি।
স্বয়া শক্ত্যা যথান্যায়ং তৎপাপং লোকগর্হিতম্॥
বিনষ্টঃ পশ্যতস্তস্য রক্ষিণঃ শরণং গতঃ।
আদায় সুকৃতং তস্য সর্ব্বং গচ্ছেদরক্ষিতঃ॥ বা, ল, ১৮স। ২৭—৩০।

তাহাকে উপেক্ষা করতঃ তদীয় সুকৃতের ফলভাগী হইয়া স্বর্গে গমন করে। বা, ল, ১৮ স। ২৭—৩১।

৬৮। শত্রুগণের যাহা পীড়াকর হয়, তাহাই কর্ত্তব্য। বা, ল, ৮১স।২৮।

৬৯। শত্রুবধে বিলম্ব করা উচিত নহে। বা, ল, ৮৪ স। ২২।

৭০। স্বজন নির্গুণ এবং শত্রু গুণবান্ হইলেও, গুণহীন স্বজনের আশ্রয়েই থাকা উচিত, কারণ শত্রু কখনই মিত্র হয় না, সে চিরকাল শত্রুই থাকে। বা, ল, ৮৭ স। ১৫।

৭১। শত্রু হস্তী, অশ্ব প্রভৃতি অঙ্গ সকলের একাঙ্গ মাত্র লইয়া দুর্গে আশ্রয় গ্রহণ করিলে, সমৃদ্ধিমান্ নৃপতির সমস্তদেশকেই সন্তাপিত করিতে পারে। ম, শা, ৫৮ অ। ১৮।

৭২। শত্রু-পুরী প্রবেশকালে প্রথমতঃ বাম পদ, অর্পণ করাকে, পণ্ডিতেরা শত্রু-পরাজয়ের প্রধান কারণ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। হনূমান্ নিশাযোগে লঙ্কা নগরীতে প্রবেশ পূর্ব্বক প্রথমতঃ বামপদ স্থাপন করিয়াছিলেন। বা, সু, ৪ স। ৩।

৬৮। "পীড়াকরমমিত্রাণাং যচ্চ কর্ত্তব্যমেব তৎ॥" বা, ল, ৮১স। ২৮।

৬৯। "মনুজবর ন কালবিপ্রকর্ষো-
রিপুনিধনং প্রতি যৎ ক্ষমোঽদ্যকর্ত্তুম্।" বা, ল, ৮৪স। ২২।

৭০। গুণবান্ বা পরজনঃ স্বজনোনির্গুণোঽপি বা।
নির্গুণঃ স্বজনঃ শ্রেয়ান্ যঃ পরঃ পর এব সঃ॥ বা, ল, ৮৭স। ১৫।

৭১। একাঙ্গেনাপি সম্ভূতঃ শত্রুর্দুর্গমুপাশ্রিতঃ।
সর্ব্বং তাপয়তে দেশমপি রাজ্ঞঃ সমৃদ্ধিনঃ॥ ম, শা, ৫৮অ। ১৮।

৭২। "প্রবিশ্য নগরীং লঙ্কাং কপিরাজ হিতঙ্করঃ।
চক্রেঽথ পাদং সব্যঞ্চ শত্রূণাং স তু মূর্দ্ধনি॥" বা, সু, ৪স। ৩।

৭৩। বিজ্ঞ ব্যক্তিগণ অকারণ অমিত্রের বশতাপন্ন হন না। ম, শা, ১৩৮অ। ১৯২।

৭৪। বলবান্ ব্যক্তি শত্রু সাধারণ কার্য্যে সন্ধি করিয়া যুক্তি সহকারে সাবধান থাকিবে এবং কৃতকার্য্য হইয়াও শত্রুকে বিশ্বাস করিবে না। অবিশ্বস্ত ব্যক্তিকে বিশ্বাস করিবে না এবং বিশ্বাসভাজনকেও অতিশয় বিশ্বাস করা বিধেয় নহে; স্বয়ং সতত অপরের বিশ্বাস ভাজন হইবে, কিন্তু অপরকে বিশ্বাস করিবে না; অতএব সকল অবস্থাতেই আপন জীবন রক্ষা করা কর্ত্তব্য (উশনা বলিয়াছেন)। ম, শা, ১৩৮ অ। ১৯৩—১৯৫।

৭৫। জীবিত থাকিলে দ্রব্য-সামগ্রী, সন্তান-সন্ততি সমুদায়ই হইয়া থাকে এবং অবিশ্বাসই পরম শ্রেষ্ঠ, ইহাই নীতিশাস্ত্র সকলের সংক্ষিপ্ত উপদেশ; অতএব মনুষ্য মাত্রে অবিশ্বাস করা, আপনার প্রভূত হিতকর বিষয়। মানবগণ দুর্ব্বল হইয়াও যদি কাহাকেও বিশ্বাস না করে, তবে তাহারা শত্রুগণের বশীভূত হয় না; আর মানবগণ বলবান্ হইয়াও যদি

৭৩। "ন হ্যমিত্রে বশং যান্তি প্রাজ্ঞা নিষ্কারণং সখে॥" ম, শা, ১৩৮অ। ১৯২।

৭৪। "শত্রু সাধারণে কৃত্যে কৃত্বা সন্ধিং বলীয়সা।
সমাহিতশ্চরেদ্যুক্ত্যা কৃতার্থশ্চ ন বিশ্বসেৎ।
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বসেনাতিবিশ্বসেৎ॥
নিত্যং বিশ্বাসয়েদন্যান্ পরেষাস্তু ন বিশ্বসেৎ।
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু রক্ষেজ্জীবিতমাত্মনঃ॥ ম, শা, ১৩৮অ। ১৯৩—১৯৫।

৭৫। দ্রব্যাণি সন্ততিশ্চৈব সর্ব্বং ভবতি জীবতঃ।
সংক্ষেপো নীতিশাস্ত্রাণামবিশ্বাসঃ পরো মতঃ॥
নৃষু তস্মাদবিশ্বাসঃ পুষ্কলং হিতমাত্মনঃ।
বধ্যন্তে ন হ্যবিশ্বস্তাঃ শত্রুভির্দুর্ব্বলা অপি॥
"বিশ্বস্তাস্তেষু বধ্যন্তে বলবন্তোঽপি দুর্ব্বলৈঃ।" ম, শা, ১৩৮অ। ১৯৬—১৯৮।

বিপক্ষকে বিশ্বাস করে, তবে তাহাদিগের বধ্য হইয়া থাকে। ম, শা, ১৩৮ অ। ১৯৬—১৯৮।

৭৬। যাহারা একবার বৈর উৎপাদন পূর্ব্বক পুনরায় পরস্পর প্রীতি স্থাপন করিতে প্রয়াস করে, পরস্পরকে প্রতারণা করাই তাহাদের মানসিক উদ্দেশ্য। তন্মধ্যে অপেক্ষাকৃত বুদ্ধিমান্ ব্যক্তি নিজ বুদ্ধিকৌশলে অন্যকে বঞ্চনা করিতে সমর্থ হয়, আর নির্ব্বোধ লোক আপনার অসাবধানতা দোষে প্রতারিত হইয়া থাকে। অতএব ভীত হইলেও অভীতের ন্যায় এবং অন্যের প্রতি অবিশ্বাস থাকিলেও বিশ্বস্তের ন্যায় ব্যবহার করা বিধেয়। যে ব্যক্তি এইরূপে সাবধান থাকে, সে কখনই বিচলিত হয় না এবং বিচলিত হইয়াও বিনষ্ট হয় না। ম, শা, ১৩৮ অ। ২০৪—২০৭।

৭৭। যিনি আততায়ী কর্ত্তৃক বিনশ্যমান ধর্ম্মকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তিনিই ধর্ম্মবিৎ আততায়ী ব্যক্তিকে নিগ্রহ করিলে ধর্ম্মহানি হয় না। ম, শা, ৫৬ অ। ৩০।

৭৮। শত্রুর নিকট হইতে আগত ব্যক্তি অবশ্যই শঙ্কনীয়, অতএব তাহাকে সহসা বিশ্বাস করা কর্ত্তব্য নহে। * বা, ল, ১৭ স। ২৫।

৭৬। "অন্যোন্যকৃতবৈরৌ তু চক্রতুঃ প্রীতিমুত্তমাম্ ॥"
অন্যোন্যমভিসন্ধা তু সংবভূব তয়োর্ম্মতিঃ।
তত্র প্রাজ্ঞোঽভিসন্ধত্তে সম্যক্ বুদ্ধি সমাশ্রয়াৎ ॥
অভিসন্ধীয়তেঽপ্রাজ্ঞঃ প্রমাদাদপি বা বুধৈঃ।
তস্মাদভীতবদ্ভীতো বিশ্বস্তবদবিশ্বসন্ ॥
"ন হ্যপ্রমত্তশ্চলতি চলিতো বা বিনশ্যতি।" ম, শা, ১৩৮অ। ২০৪—২০৭।
বিনশ্যমানং ধর্ম্মং হি যোঽভিরক্ষেৎ স ধর্ম্মবিৎ।
ন তেন ধর্ম্মহা স স্যান্মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি ॥ ম, শা ৫৬অ। ৩০।
"[illegible] রিপোঃ পক্ষাৎ কথমস্মিংশ্চ বিশ্বসে ॥" বা, ল, ১৭স। ২৫।

রাবণ কর্ত্তৃক তিরস্কৃত হইয়া বিভীষণ রামচন্দ্র সমীপে আসিলে, সুগ্রীব রামচন্দ্রকে-

৭৯। যে নৃপতি অকুলীন নরগণ কর্ত্তৃক আকীর্ণ রহেন, তিনি কখন সুখী হইতে পারেন না। সৎ-কুলসম্ভূত মানব নৃপতি কর্ত্তৃক নিরপরাধে ভিদ্যমান হইলেও কদাচ পাপকার্য্যে প্রবৃত্ত হন না, আর কুলহীন প্রাকৃত পুরুষ সাধুসংশ্রয় বশতঃ দুর্ল্লভ ঐশ্বর্য্য লাভ করিয়া যদি নিন্দিত হয়, তবে তৎক্ষণাৎ শত্রু হইয়া উঠে। ম, শা, ১১৮ অ। ৪—৬।

৮০। রাজা আপনার ছিদ্র শত্রু পক্ষেরা যাহাতে দেখিতে না পায়, এইরূপ গোপন করিয়া, শত্রুদিগের ছিদ্র অনুসন্ধান করিবেন। কূর্ম্ম যেমন আপনার অঙ্গ সকল সংগোপন করে, তদ্রূপ আপনার ছিদ্র সংগোপন করিবেন। ম, শা, ৮৩ অ। ৪৯।

৮১। উপায়-কুশল পণ্ডিতই শত্রুগণকে জয় করিতে সমর্থ হন। বা, ল, ৮ স। ১২।

৮২। যিনি শত্রুকে অবজ্ঞা করিয়া আপনাকে রক্ষা না করেন, তিনি সুমহান্ অনর্থ প্রাপ্ত হন এবং স্থান হইতেও পরিভ্রষ্ট হইয়া থাকেন। বা, ল, ৬৩ স। ২০।

৭৯। "অকুলীন নরাকীর্ণো ন রাজা সুখমেধতে ॥"
কুলজঃ প্রাকৃতো রাজ্ঞা স্বকুলীনতয়া সদা।
ন পাপে কুরুতে বুদ্ধিং ভিদ্যমানোঽপ্যনাগসি ॥
অকুলীনস্তু পুরুষঃ প্রাকৃতঃ সাধুসংশ্রয়াৎ।
দুর্ল্লভৈশ্বর্য্যতাং প্রাপ্তো নিন্দিতঃ শত্রুতাং ব্রজেৎ ॥ ম, শা, ১১৮অ। ৪—৬।

৮০। নাস্যচ্ছিদ্রং পরঃ পশ্যেচ্ছিদ্রেষু পরমন্বিয়াৎ।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ ॥ ম, শা, ৮৩অ। ৪৯।

৮১। "উপায়কুশলো হ্যেব জয়েচ্ছত্রুনতন্দ্রিতঃ ॥" বা, ল, ৮স। ১২।

৮২। যো হি শত্রুমবজ্ঞায় আত্মানং নাভিরক্ষতি।
অবাপ্নোতি হি সোঽনর্থান্ স্থানাচ্চ ব্যবরোপ্যতে ॥ বা, ল, ৬৩স। ২০।

৮৩। শত্রু, মিত্র, উদাসীন (অর্থাৎ যে শত্রুও নহে, মিত্রও নহে,) এবং মধ্যম (অর্থাৎ যে শত্রুও হইতে পারে, মিত্রও হইতে পারে,) এই চতুর্ব্বিধ রাজবর্গের প্রতি যথাযোগ্য এবং যথাকালে সাম, ভেদ, দান, দণ্ড এই চতুর্ব্বিধ উপায় প্রয়োগ করিবেন। বিষ্ণু, ৩ অ। ২৩।

৮৪। শাস্ত্রে যেরূপ আছে, রাজা জনাধ্যুষিত সেইরূপ দেশে কৃতদুর্গ হইয়া বাস করিয়া চৌর, সাহসিক প্রভৃতি রাজ্যের কণ্টক স্বরূপ ক্ষুদ্র-শত্রু-সকলকে নষ্ট করিতে সর্ব্বদা যত্নবান্ হইবেন। মনু ৯ অ। ২৫২।

৮৫। মড়কাদি পীড়া, অথবা অন্য নানা প্রকার পীড়নস্থান এবং আত্ম-পরচক্রগত ব্যসন ইহাদের গুরুলাঘব পর্য্যালোচনা করিয়া রাজা শত্রুর সহিত সন্ধি-বিগ্রহাদি কার্য্য আরম্ভ করিবেন। মনু ৯ অ। ২৯৯।

৮৬। পণ্ডিতগণ জ্ঞাতি এবং নিকটবর্ত্তী অপর রাজাকেই রাজার শত্রু বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন; কারণ বিপদ্ উপস্থিত হইলেই, অবসর প্রাপ্ত হইয়া তাহারাই বিনাশ সাধনের চেষ্টা করে। * বা, ল, ১৮ স। ১০।

৮৩। শত্রুমিত্রোদাসীন মধ্যমেষু সামভেদদানদণ্ডান্
যথার্হং যথাকালং প্রযুঞ্জীত। বিষ্ণু ৩অ। ২৩।

৮৪। সম্যঙ্ নিবিষ্টদেশস্তু কৃতদুর্গশ্চ শাস্ত্রতঃ।
কণ্টকোদ্ধরণে নিত্যমাতিষ্ঠেদ্‌যত্নমুত্তমম্॥ মনু ৯অ। ২৫২।

৮৫। পীড়নানি চ সর্ব্বাণি ব্যসনানি তথৈব চ।
আরভেত ততঃ কার্য্যং সঞ্চিন্ত্য গুরুলাঘবম্॥ মনু ৯অ। ২৯৯।

৮৬। অমিত্রাস্তৎকুলীনাশ্চ প্রাতিদেশ্যাশ্চ কীর্ত্তিতাঃ।
ব্যসনেষু প্রহর্ত্তারস্তস্মাদয়মিহাগতঃ॥ বা, ল, ১৮স। ১০।

---

* বিভীষণের আগমনে তাঁহার দুরভিসন্ধির বিষয় সুগ্রীব প্রকাশ করিলে, রামচন্দ্র লক্ষ্মণকে বলিয়াছিলেন।

৮৭। শত্রুসেবী বাহ্যিক মিত্র এবং সবিশেষ কারণ বশতঃ আদৌ বিরক্ত-অন্যাশ্রিত, পুনরাগত ভৃত্য ইহারা কদাপি সম্পূর্ণ বিশ্বাস যোগ্য নহে, ইহারা সাংঘাতিক শত্রু। মনু ৭ অ। ১৮৬।

৮৮। যে ব্যক্তি শত্রুর সামর্থ্য না জানিয়াই নিজ সামর্থ্য প্রকাশ করিয়া থাকে, সেই উপহাসাস্পদ হয়। কা, ৫ অ। ৬৭।

৮৯। বর্দ্ধনোন্মুখ ব্যাধি ও শত্রুকে কখনই পণ্ডিতগণ উপেক্ষা করেন না। কা, ১ অ। ৭৯।

৯০। ঋণশেষ, অগ্নিশেষ ও শত্রুশেষ থাকিলে, তাহা পুনঃ পুনঃ পরিবর্দ্ধিত হয়, অতএব উহাদিগের নিঃশেষ করা উচিত, বৃদ্ধিশীল ঋণ পরাভূত শত্রুগণ এবং উপেক্ষিত ব্যাধি সমুদায় অতিশয় ভয় উৎপাদন করে। ম, শা, ১৪০ অ। ৫৮—৫৯।

৯১। লুব্ধ, ক্রূর, অলস, অসত্যবাদী, অসাবধান, ভীরু, অস্থির; মূর্খ, সৈন্যগণের অপমানকারী এরূপ রাজা সুখচ্ছেদ্য শত্রু। কাম, ৮ স। ১৫

৮৭। শত্রুসেবিনি মিত্রে চ গূঢ়ে যুক্ততরো ভবেৎ।
গত প্রত্যাগতে চৈব স হি কষ্টতরো রিপুঃ॥ মনু ৭অ। ১৮৬।

৮৮। অবিজ্ঞায়াস্ত্রসামর্থ্যং স্বসামর্থ্যং প্রদর্শয়েৎ।
উপহাসমবাপ্নোতি যথৈবায়মিহাচলঃ॥ কা, ৫অ। ৬৭।

৮৯। "বিচক্ষণৈরুপেক্ষ্যৌ ন বর্দ্ধমানৌ পরাময়ৌ।" কা, ১অ। ৭৯।

৯০। ঋণশেষমগ্নিশেষং শত্রুশেষং তথৈব চ।
পুনঃ পুনঃ প্রবর্দ্ধন্তে তস্মাচ্ছেষং ন ধারয়েৎ॥
বর্দ্ধমানমৃণং তিষ্ঠেৎ পরিভূতাশ্চ শত্রবঃ।
জনয়ন্তি ভয়ং তীব্রং ব্যাধয়শ্চাপ্যুপেক্ষিতাঃ॥ ম, শা, ১৪০অ। ৫৮—৫৯।

৯১। লুব্ধঃ ক্রূরোঽলসোঽসত্যঃ প্রমাদী ভীরুরস্থিরঃ।
মূঢ়ো যোধাঽবমন্তা চ সুখচ্ছেদ্যোরিপুঃস্মৃতঃ॥ কাম. ৮স। ১৫।

৯২। কারণ বশতঃই কেহ মিত্র কেহ বা শত্রু হইয়া থাকে, যে কারণে লোক শত্রু হয়, সে কারণ পরিত্যাগ করিবে। কাম, ৮ স। ৫২।

৯৩। সহজ ও কার্য্যজ ভেদে শত্রু দুই প্রকার, নিজ বংশজাত শত্রুর নাম সহজ, তদিতর শত্রু কার্য্যজ। কাম,৮ স। ৫৬।

৯৪। যথাকালে শত্রুর উচ্ছেদ, অপচয় (অহিত সাধন) পীড়ন ও কর্ষণ এই চারি প্রকারে শত্রুর প্রতি পণ্ডিত-সম্মত ব্যবহার। শত্রুর কোষ ও দণ্ডের দ্বারা ক্ষয় ও প্রধান অমাত্যবধ ইহার নাম শত্রুকর্ষণ ও পীড়ন। সমাশ্রয়-রহিত (দুর্গাদিবিহীন) বা দুর্ব্বল-আশ্রয়-সমাশ্রিত শত্রুকে সম্পৎশালী রাজা উচ্ছেদ করিতে সমর্থ। আশ্রয়লাভেপ্সু উপযুক্তকালে শত্রুর পীড়ন ও কর্ষণ করিবেন ; দুর্গ অথবা সজ্জন-সম্মত বন্ধুকে সমাশ্রয় বলে। কাম, ৮ স। ৫৭—৬০।

৯২। কারণেনৈব জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা।
রিপবো যেন জায়ন্তে কারণং তৎপরিত্যজেৎ॥ কাম, ৮স। ৫২।

৯৩। সহজঃ কার্য্যজশ্চৈব দ্বিবিধঃ শত্রুরুচ্যতে।
সহজঃ স্বকুলোৎপন্ন ইতরঃ কার্য্যজঃ স্মৃতঃ॥ কাম, ৮স। ৫৬।

৯৪। উচ্ছেদাপচয়ৌ কালে পীড়নং কর্ষণন্তথা।
ইতি বিদ্যাবিদঃ প্রাহুঃ শত্রৌ বৃত্তং চতুর্ব্বিধম্॥
রেচনং কোষদণ্ডাভ্যাং মহামাত্যবধস্তথা।
এতৎকর্ষণমিত্যাহুরাচার্য্যাঃ পীড়নং পরম্॥
সমাশ্রয়বিহীনো বা দুর্বলং বা সমাশ্রিতঃ।
শক্যোঽরিঃ সম্পদা যুক্ত উচ্ছেত্তুং ভূম্যনন্তরঃ॥
কর্ষণং পীড়নং কালে কুর্ব্বীতাশ্রয়মানিনঃ।
সমাশ্রয়ং দুর্গমাহুর্মিত্রং বা সাধুসম্মতম্॥ কাম, ৮স। ৫৭—৬০।

৯৫। বিভীষণ ও শনির সহোদরের ন্যায় সর্ব্বতন্ত্র বিনাশ করে বলিয়া নিজ শত্রুর উচ্ছেদ অবশ্য কর্ত্তব্য। নিজ শত্রু ছিদ্র, কর্ম্ম ও বিত্ত পরিজ্ঞাত থাকে এবং অগ্নি যেমন শুষ্ক বৃক্ষ দগ্ধ করে, সেইরূপে অন্তরে প্রবেশ করিয়া দগ্ধ করিতে থাকে। কাম, ৮ স। ৬১—৬২।

৯৬। যে উভয়াত্মক (কপট) বন্ধু পক্ষপাত করিয়া পক্ষ গ্রহণ করে, ইন্দ্র যেমন ত্রিশিরা নামক রাক্ষসকে বধ করিয়াছিলেন, তাহাকে সেইরূপ সত্বর উচ্ছেদ করিবে। কাম, ৮ স। ৬৩।

৯৭। যাহার উচ্ছেদে দ্বিতীয় শত্রুর অভ্যুত্থান হয়, ঈদৃশ শত্রুর উচ্ছেদ করিবে না, তবে সর্ব্বদা তাহাকে পর্য্যবেক্ষণ করিবে। কাম, ৮স। ৬৫।

৯৮। যে শত্রু বংশাগত ও দুর্জ্জেয় তাহার উচ্ছেদের জন্য সেই শত্রুর বংশোদ্ভূত কোন ব্যক্তিকে উন্নীত করিবে। বিষ দ্বারা বিষ নাশ

৯৫। বিভীষণস্য সোদর্য্যস্তথা সূর্য্যসুতস্য চ।
সর্ব্বতন্ত্রাপহারিত্বাত্তথোচ্ছেদ্যো নিজো রিপুঃ॥
ছিদ্রং কর্ম্ম চ বিত্তঞ্চ বিজানাতি নিজো রিপুঃ।
দহত্যন্তর্গতশ্চৈব শুষ্কবৃক্ষমিবানলঃ॥ কাম, ৮স। ৬১—৬২।

৯৬। বর্ত্ততে পক্ষপাতেন মিত্রং যদুভয়াত্মকম্।
বজ্রীব হি ত্রিশিরসং তদুচ্ছিন্দ্যাৎ কৃতত্বরঃ॥ কাম, ৮স। ৬৩।

৯৭। যস্মিন্নুচ্ছিদ্যমানে তু রিপুরন্যঃ প্রবর্ত্ততে।
ন তস্যোচ্ছিত্তিমন্বিচ্ছেৎ কুর্ব্বীতৈনং স্বগোচরম্॥ কাম, ৮স। ৬৫।

৯৮। বংশাগতো রিপুর্য্যস্তু বিচলেদ্দুরবগ্রহঃ।
তস্য সংশমনায়াশু তৎ কুলীনং সমুন্নয়েৎ॥
বিষং বিষেণ ব্যথতে বজ্রং বজ্রেণ ভিদ্যতে।
গজেন্দ্রো দৃষ্টসারেণ গজেন্দ্রেণৈব বধ্যতে॥
মৎস্যো মৎস্যং সমাদত্তে জ্ঞাতির্জ্ঞাতিমসংশয়ম্।
রাবণোচ্ছিত্তয়ে রামো বিভীষণমপূজয়ৎ॥ কাম, ৮স। ৬৬—৬৮।

করিতে হয়, বজ্র দ্বারা বজ্রভেদ করিতে হয়, হস্তীকে পরাস্ত করিতে হইলে, তুল্যপরাক্রান্ত হস্তীর আবশ্যক হয়। মৎস্য দ্বারা মৎস্য গ্রহণ করিতে হয়, জ্ঞাতির সাহায্যে জ্ঞাতির পরাভব হইয়া থাকে। রাবণকে উচ্ছেদের জন্য রামচন্দ্র বিভীষণের উপাসনা করিয়াছিলেন। কাম, ৮স। ৬৬—৬৮।

৯৯। শত্রু সর্ব্ব-সম্পদ্-সম্পন্ন হইলে, বিজ্ঞ ব্যক্তি সমুচিত উপায় প্রয়োগ করিবেন, বিপুল উপায় দ্বারা সম শত্রুকে পরাস্ত করা যায়। কাম, ১০স। ৩০।

১০০। কালবিশেষে পর্ব্বতের ন্যায় সহিষ্ণুতা ও অগ্নির ন্যায় চাপল্য অবলম্বন করিবে। কালবিশেষে শত্রুকে স্কন্ধেও বহন করিবে ও প্রিয় ব্যবহার করিবে। কাম, ১০ স। ৩৬।

১০১। সর্ব্বলোক-প্রিয় প্রসাদ-বৃত্তি অবলম্বন করতঃ শত্রুর অন্তরে প্রবেশ করিয়া সম্পদের সময় নীতিপ্রিয় ব্যক্তি লক্ষ্মীর (সম্পদের) সবলে কেশাকর্ষণ করিবে (সর্ব্বদা অবহিত থাকিয়া সম্পদ্ লাভ করিবে)। কাম, ১০ স। ৩৭।

৯৯। সর্ব্বসম্পৎসমে শত্রাবুপায়ান্নিক্ষিপেদ্বুধঃ।
উপায়ৈরপ্যতিব্যূঢ়ৈঃ সমে দণ্ডোঽপি শস্যতে॥ কাম, ১০স। ৩০।

১০০। কালে সহিষ্ণুর্গিরিবদসহিষ্ণুশ্চ বহ্নিবৎ।
স্কন্ধেনাপি বহেচ্ছত্রূন্ প্রিয়াণি সমুদাহরন্॥ কাম, ১০স। ৩৬।

১০১। প্রসাদবৃত্ত্যা হিতলোকবৃত্তয়া,
প্রবিশ্য শত্রোর্হৃদয়ং নিরন্তরম্।
নয়াগ্রহস্তেন হি কাল উচ্ছ্রিতঃ,
প্রসহ্য কুর্ব্বীত কচগ্রহং শ্রিয়ঃ॥ কাম, ১০স। ৩৭।

১০২। নিজ কুলোদ্ভূত, সত্যপ্রিয়, বিক্রান্ত, স্থির, কৃতজ্ঞ, ধৈর্য্যশীল, উন্নত, অতিদাতা ও শরণাগত-বৎসল শত্রু দুঃসাধ্য। কাম, ১০ স। ৩৮।

১০৩। শত্রুদিগের বিচিত্র-কিরীট-মণি-খচিত মস্তকে পাদন্যাস না করিয়া, পুরুষ মঙ্গল লাভ করিতে পারে না। কাম, ১৩ স। ১২।

১০৪। প্রযত্ন-প্রযুক্ত মহান্ চিত্তহস্তীর দ্বারা শত্রু বৃক্ষকে উৎখাত না করিলে সুখের সম্ভাবনা কোথায়? কাম, ১৩ স। ১৩।

১০৫। সর্প যেমন ভয়ঙ্কর ফণা প্রদর্শন করে, সেইরূপ নির্ভীক পুরুষ শত্রুর প্রতি ভয়প্রদর্শন করিবে এবং যথাসাধ্য রিপুর প্রতি দণ্ড-নিপাত করিবে। কাম, ১৩ স। ১৭।

১০৬। নিয়ত ব্যসনে স্থিত হইলে অরিগণ পরিভব করে, কিন্তু

১০২। কুলোদ্গতং সত্যমুদারবিক্রমং
স্থিরং কৃতজ্ঞং ধৃতিমন্তমূর্জ্জিতম্।
অতীব দাতারমুপেতবৎসলং
সুদুঃপ্রসাধ্যং প্রবদন্তি বিদ্বিষম্॥ কাম, ১০স। ৩৮।

১০৩। কিরীটমণিচিত্রেষু মূর্দ্ধসু ত্রাণসারিষু।
নাকৃত্বা বিদ্বিষাং পাদং পুরুষো ভদ্রমশ্নুতে॥ কাম, ১৩স। ১২।

১০৪। প্রযত্নপ্রের্য্যমাণেন মহতা চিত্তহস্তিনা।
রূঢ়বৈরিদ্রুমোৎখাতমকৃত্বৈব কুতঃ সুখম্? ॥ কাম, ১৩স। ১৩।

১০৫। গতভীর্ভীতিজননং ভোগং ভোগীব দর্শয়েৎ।
যথাবলঞ্চ কুর্ব্বীত রিপোর্দণ্ড নিপাতনম্॥ কাম, ১৩স। ১৭।

১০৬। অরিগণা নিয়তং ব্যসনে স্থিতং
পরিভবন্তি ভবন্তি চ দুশ্ছিদঃ।
অপগত-ব্যসনাশ্চ বুধা রিপূন্
পরিভবন্তি ভবন্তি চ দুশ্ছিদঃ॥ কাম, ১৪স। ৬৮।

অরিগণ দুশ্ছেদ্য হইয়া থাকে। অপগত-ব্যসন বুধগণ রিপুদিগকে পরিভব করেন, কিন্তু স্বয়ং দুশ্ছেদ্য হইয়া থাকেন। কাম, ১৪ স। ৬৮।

১০৭। ঋণকারী পিতা, ব্যভিচারিণী মাতা ও স্ত্রী শত্রু। নিজের ভ্রাতা, পিতার ভ্রাতা, তাহাদের স্ত্রী ও পুত্রগণ, পুত্রবধূ, শ্বশুর-পত্নী, সপত্নী, ননান্দা, যাতা (যা) শত্রু। মূর্খপুত্র, কুবৈদ্য, অরক্ষকপতি, কোপন-প্রভু, কোপন-প্রজা, অদাতা ধনী ইহারা শত্রু। রাজা দুষ্টের শত্রু, পতি-ব্রতানারী কুলটাদিগের, সাধু খলের ও উপদেশক মূর্খের শত্রু। যেমন দুগ্ধপানে সর্পের বিষ বর্দ্ধন হয়, অমৃতক্ষরণ হয় না, সেইরূপ উপদেশে মূর্খের ক্রোধ বিধান করে, শম বিধান করে না। শুক্র, ৪ অ—১ প্র। ১৫—১৯।

১০৮। চতুর্দ্দিকে যে সকল রাজা নিকটে থাকে, যাহারা তদপেক্ষা দূরবর্ত্তী ও যাহারা তদপেক্ষা অধিক দূরবর্ত্তী ও যাহারা তদপেক্ষাও অধিক দূরবর্ত্তী তাহারা ক্রমশঃ হীনবল শত্রু। তাহারা যথাকালে পরস্পর

১০৭। "ঋণকারী পিতা শত্রুর্মাতা স্ত্রী ব্যভিচারিণী॥"
আত্মপিতৃভ্রারতশ্চ তৎস্ত্রীপুত্রাশ্চ শত্রবঃ।
স্নুষা শ্বশ্রূঃ সপত্নী চ ননান্দা যাতরস্তথা।
মূর্খঃপুত্রঃ কুবৈদ্যশ্চারক্ষকস্তু পতিঃ প্রভুঃ।
চণ্ডশ্চণ্ডা প্রজা শত্রুরদাতা ধনিকশ্চ যঃ॥
দুষ্টানাং নৃপতিঃ শত্রুঃ কুলটানাং পতিব্রতা।
সাধুঃখলানাং শত্রুঃ স্যান্মূর্খাণাং বোধকোরিপুঃ॥
উপদেশো হি মূর্খাণাং ক্রোধায়ৈব শমায় ন।
পয়ঃপানং ভুজঙ্গানাং বিষায়ৈবামৃতায় ন॥ শুক্র, ৪অ—১প্র। ১৫—১৯।

১০৮। আসমন্তাচ্চতুর্দ্দিক্ষু সন্নিকৃষ্টাশ্চ যে নৃপাঃ।
তৎপরাস্তৎপরা যেঽন্যে ক্রমাদ্ধীনবলারয়ঃ॥

স্বাভাবিক মিত্র, উদাসীন ও শত্রু হয়। অধিকতর নিকটবর্ত্তী অমাত্যাদি ভৃত্যগণকেও শত্রু জ্ঞান করিবে ও তাহাদিগকে কর্ষণ করিবে। শুক্র, ৪ অ—১ প্র। ২০—২২।

১০৯। শত্রুদিগকে সর্ব্বদা সামাদি উপায় দ্বারা ভেদ, কর্ষণ (বশীভূত), পীড়ন ও বিনাশ করিবে। উপায় দ্বারা যেরূপ ক্রূর-সর্প, হস্তী ও সিংহকেও বশীভূত করা যায়, সেইরূপ উপায়দ্বারা মিত্র ও শত্রুকে আত্ম-বশীভূত করিবে। উপায় দ্বারা মর্ত্ত্যবাসীও স্বর্গ লাভ করিতে পারে এবং বজ্রকেও ভেদ করা যায়। শুক্র, ৪ অ—১ প্র। ২৪—২৬।

১১০। যুক্তি অনুসারে সুহৃৎ, আত্মীয়, স্ত্রী, পুত্র, প্রজা ও শত্রুর প্রতি পৃথক্ পৃথক্ ভাবে সাম, দান, ভেদ ও দণ্ড প্রয়োগ করিবে। শুক্র, ৪ অ—১ প্র। ২৭।

১১১। যে ইষ্ট করে না ও অন্যকৃত অনিষ্টকে উপেক্ষা করে, সে

শত্রূদাসীনমিত্রাণি ক্রমাৎ তে স্যুস্তু প্রাকৃতাঃ।
অরির্মিত্রমুদাসীনোঽনন্তরস্তৎ পরঃ পরঃ॥
ক্রমশো বা নৃপা জ্ঞেয়াশ্চতুর্দ্দিক্ষু তথারয়ঃ।
স্বসমীপতরা ভৃত্যা হ্যমাত্যাদ্যাশ্চ কর্ষিতাঃ॥ শুক্র, ৪অ—১প্র। ২০—২২।

১০৯। ভেদনীয়া কর্ষণীয়াঃ পীড়নীয়াশ্চ শত্রবঃ।
বিনাশনীয়াস্তে সর্ব্বে সামাদিভিরুপক্রমৈঃ॥
মিত্রং শত্রুং যথাযোগ্যৈঃ কুর্য্যাৎ স্ববশবর্ত্তিনম্।
উপায়েন যথা ব্যালো গজঃ সিংহোঽপি সাধ্যতে॥
ভূমিষ্ঠাঃ স্বর্গমায়ান্তি বজ্রং ভিন্দন্ত্যুপায়তঃ॥ শুক্র, ৪অ—১প্র। ২৪—২৬।

১১০। সুহৃৎ সম্বন্ধিস্ত্রীপুত্রপ্রজাশত্রুষু তে পৃথক্।
সামদানভেদদণ্ডাশ্চিন্তনীয়াঃ স্বযুক্তিতঃ॥ শুক্র, ৪অ—১প্র। ২৭।

১১১। যো ন সংযোজয়েদিষ্টমন্যানিষ্টমুপেক্ষতে।
উদাসীনঃ স ন কথং ভবেচ্ছত্রুঃ সুসান্ধিকঃ ?॥ শুক্র, ৪অ—১প্র। ৩১।

উদাসীন, সে সুসান্ধিক হইলে শত্রু কেন না হইবে? শুক্র, ৪ অ—১ প্র। ৩১।

সাম, দান, ভেদ ও দণ্ড কাহাকে কহে?;—

১১২। সাম—তোমাতে আমাতে আর পরস্পর অনিষ্ট চিন্তা করিব না, বরং সাহায্য করিব, শত্রুর প্রতি এইরূপ বাক্যকে সাম কহে।

দান—যথাযোগ্য শত্রুর মধ্যে প্রবল শত্রুকে প্রতিবর্ষে পরিমিত কর বা গ্রামাদি দান করিয়া সন্তোষ সাধন করাকে দান কহে।

ভেদ—শত্রুর সাধক হীনত্ব সম্পাদন, প্রবল শত্রুর আশ্রয়গ্রহণ ও শত্রু অপেক্ষা হীন ব্যক্তির প্রবলীকরণকে ভেদ কহে।

দণ্ড—দস্যুর দ্বারা শত্রুপীড়ন, ধন ধান্যাদি কর্ষণ, শত্রুর ছিদ্র পাইলে তদপেক্ষা প্রবল দ্বারা ভীতি প্রদর্শন এবং যুদ্ধে অপরাঙ্মুখ ব্যক্তির দ্বারা ভয় জননকে দণ্ড কহে। শুক্র, ৪ অ—১ প্র। ৩২—৩৫।

১১২। পরস্পরমনিষ্টং ন চিন্তনীয়ং ত্বয়া ময়া।
সুসাহায্যং হি কর্ত্তব্যং শত্রৌ সাম প্রকীর্ত্তিতম্॥
করৈর্বা প্রমিতৈর্গ্রামৈর্বৎসরে প্রবলং রিপুম্।
তোষয়েৎ তদ্ধি দানং স্যাদ্ যথাযোগ্যেষু শত্রুষু॥
শত্রুসাধকহীনত্বকরণাৎ প্রবলাশ্রয়াৎ।
তদ্ধীনতোজ্জীবনাচ্চ শত্রুভেদনমুচ্যতে॥
দস্যুভিঃ পীড়নং শত্রোঃ কর্ষণং ধনধান্যতঃ।
তচ্ছিদ্রদর্শনাদুগ্রবলৈর্ভীত্যা প্রভীষণম্।
প্রাপ্তযুদ্ধানিবৃত্তিভৈস্ত্রাসনং দণ্ড উচ্যতে॥ শুক্র, ৪অ—১প্র। ৩২—৩৫।

১১৩। সাম সকলের শ্রেষ্ঠ, তদনন্তর দান, তাহাও ব্যর্থ হইলে সর্ব্বপ্রকারে ভেদ এবং প্রাণসঙ্কটকালে দণ্ড প্রয়োগ করিবে। শত্রু প্রবল হইলে সাম ও দান; বলাধিক শত্রুর প্রতি সাম ও ভেদ; সম শত্রুর প্রতি ভেদ ও দণ্ড এবং হীনের প্রতি দণ্ড প্রশস্ত। শুক্র, ৪ অ—১ প্র। ৩৮—৩৯।

১১৪। যথাযোগ্য অনুষ্ঠানের তারতম্যপ্রযুক্ত উপায়ের ভেদ হয়। নীতিজ্ঞ রাজা সর্ব্ববিধ উপায় অবলম্বন করিয়া এই ভাবে কার্য্য করিবেন যে, মিত্র, উদাসীন বা শত্রু কেহই তাঁহা অপেক্ষা প্রবল হইতে না পারে। শুক্র, ৪ অ—১ প্র। ৩৬—৩৭।

১১৫। রাজা শত্রুর ছিদ্রানুসারে অনুগামী হইবেন, কিন্তু শত্রুগণ যেন তাঁহার ছিদ্র দেখিতে না পায়। কূর্ম্ম যেমন স্বীয় অঙ্গ গোপন করে, তাহার ন্যায় রাজা সহায়, সাধন ও উপায় প্রভৃতি স্বীয় অঙ্গ গোপন করিয়া রাখিবেন এবং যাহাতে শত্রুগণ তাঁহার ছিদ্রানুসারী হইতে না পারে, তদ্বিষয়ে যত্নবান্ হইবেন। ম, আ, ১৪০ অ। ৮।

১১৩। সামৈব প্রথমং শ্রেষ্ঠং দানং তু তদনন্তরম্।
সর্ব্বদা ভেদনং শত্রোর্দণ্ডনং প্রাণসংশয়ে॥
প্রবলেঽরৌ সামদানৌ সামভেদোঽধিকে স্মৃতৌ।
ভেদদণ্ডৌ সমে কার্য্যৌ দণ্ডঃ পূজ্যঃ প্রহীনকে॥ শুক্র, ৪অ—১প্র। ৩৮—৩৯।

১১৪। ক্রিয়াভেদাদুপায়া হি ভিদ্যন্তে চ যথার্হতঃ॥
সর্ব্বোপায়ৈস্তথা কুর্য্যান্নীতিজ্ঞঃ পৃথিবীপতিঃ।
যথা স্বাভ্যধিকা ন স্যুর্মিত্রোদাসীন শত্রবঃ॥ শুক্র, ৪অ—১প্র। ৩৬—৩৭।

১১৫। নাস্যচ্ছিদ্রং পরঃ পশ্যেচ্ছিদ্রেণ পরমন্বিয়াৎ।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্ বিবরমাত্মনঃ॥ ম, আ, ১৪০অ। ৮।

১১৬। অপকারী শত্রুদিগের বধ করাই সম্পূর্ণরূপে প্রশংসনীয়, ঐ শত্রু যদ্যপি সম্যক্ বিক্রান্ত ও যুদ্ধশীল হয়, তবে তাহার আপৎকাল উপস্থিত হইলে ঐ সময়ে তাহাকে আক্রমণ করিয়া বিনষ্ট করিবে, অথবা যাহাতে সে পলায়িত হয় তাহা করিবে, এ বিষয়ে ভাল মন্দ বিচার করিবে না। শত্রু দুর্ব্বল হইলেও তাহাকে অবজ্ঞা করা কর্ত্তব্য নহে; দেখুন, এক কণিকামাত্র অগ্নি ক্রমশঃ আশ্রয় প্রাপ্ত হইয়া সমুদায় বন দগ্ধ করিতে পারে। ম, আ, ১৪০ অ। ১০—১২।

১১৭। সময়বিশেষে রাজা অন্ধ ও বধিরের ন্যায় আচরণ করিবেন, শত্রুদিগের দোষ দেখিয়াও দেখিবেন না এবং শুনিয়াও শুনিবেন না, তখন স্বীয় শরাসনকে তৃণময় বোধ করিবেন; কিন্তু অরণ্যশায়ী মৃগ-যূথের ন্যায় সর্ব্বদা সতর্ক থাকিবেন, পরে যখন শত্রুকে আপনার আয়ত্ত বিবেচনা করিবেন, তখন সাম, দান প্রভৃতি উপায় দ্বারা বধ করিবেন; শরণাগত বলিয়া তৎকালে তাহার প্রতি দয়া প্রকাশ কর্ত্তব্য নহে। স্বাভাবিক শত্রুকে দান দ্বারা বশীভূত করিয়াও সংহার করিবে; শত্রু

১১৬। বধমেব প্রশংসন্তি শত্রূণামপকারিণাম্।
সুবিদীর্ণং সুবিক্রান্তং সুযুদ্ধং সুপলায়িতম্॥
আপদ্যাপদি কালে চ কুর্ব্বীত ন বিচারয়েৎ।
নাবজ্ঞেয়ো রিপুস্তাত দুর্ব্বলোঽপি কথঞ্চন॥
"অল্পোঽপ্যগ্নির্বনং কৃৎস্নং দহত্যাশ্রয়সংশ্রয়াৎ।" ম, আ, ১৪০অ। ১০—১২।

১১৭; "অন্ধঃ স্যাদন্ধবেলায়াং বাধির্য্যমপি চাশ্রয়েৎ॥"
কুর্য্যাৎ তৃণময়ং চাপং শয়ীত মৃগশায়িকাম্।
সান্ত্বাদিভিরুপায়ৈস্তু হন্যাচ্ছত্রুং বশে স্থিতম্॥
দয়া ন তস্মিন্ কর্ত্তব্যা শরণাগত ইত্যুত।
নিরুদ্বিগ্নো হি ভবতি ন হতাজ্জায়তে ভয়ম্॥ ম, আ, ১৪০অ। ১২—১৪।

হত হইলেই নিরুদ্বিগ্ন হওয়া যায়, কারণ হত ব্যক্তি হইতে কোনক্রমে ভয়ের সম্ভাবনা থাকে না। ম, আ, ১৪০ অ। ১২—১৪।

১১৮। যদি কেহ পূর্ব্বে অপকারী থাকিয়া পরে মিত্রতা প্রকাশ করে, তাহাকেও সংহার করিবে। শত্রুপক্ষের দুর্গ প্রভৃতি আক্রমণ দ্বারা ঐশ্বর্য্য, চার-প্রয়োগ দ্বারা মন্ত্র ও বল দ্বারা উৎসাহ এই ত্রিতয় বিনষ্ট করিবে এবং বিপক্ষের সহায়, সাধন, উপায়, দেশ ও কালের বিভাগ এবং বিপত্তির প্রতীকার এই পঞ্চাঙ্গ নয় এবং ভেদ, দণ্ড, সাম, দান, মায়া, ঐন্দ্রজালিক কার্য্য ও বিপক্ষের অনুষ্ঠিত ঐ সকল বিষয়ে উপেক্ষা এই সপ্তবিধ রাজ্যাঙ্গ সর্ব্বপ্রকারে উচ্ছিন্ন করিবে। ম, আ ১৪০ অ। ১৫।

১১৯। প্রথমতঃ কালাকাল বিচার না করিয়া শত্রুর মূলই ছেদন করিবে, পরে তদীয় সহায় ও পক্ষদিগকে বিনাশ করিবে, আশ্রয় স্বরূপ মূলের সমুচ্ছেদ হইলে, তদুপজীবী সকলে হত হইবে সন্দেহ নাই; কারণ বৃক্ষের মূলচ্ছেদ হইলে তাহার শাখা কথনই থাকিতে পারে না। ম, আ, ১৪০ অ। ১৬—১৭।

১২০। শত্রুর প্রতি নিশ্চিন্ত না থাকিয়া গোপনভাবে সর্ব্বদা তাহার ছিদ্রানুসন্ধানে একাগ্র হইয়া রাজ্য করিবে। অগ্ন্যাধান, যজ্ঞের অনুষ্ঠান

১১৮। হন্যাদমিত্রং দানেন তথা পূর্ব্বাপকারিণম্।
হন্যাৎ ত্রীন্ পঞ্চ সপ্তেতি পর পক্ষস্য সর্ব্বশঃ॥ ম, আ, ১৪০অ। ১৫।

১১৯। মূলমেবাদিতশ্ছিন্দ্যাৎ পরপক্ষস্য নিত্যশঃ।
ততঃ সহায়াংস্তৎপক্ষান্ সর্ব্বাংশ্চ তদনন্তরম্॥
ছিন্নমূলে হ্যধিষ্ঠানে সর্ব্বে তজ্জীবিনোহতাঃ।
কথং নু শাখাস্তিষ্ঠেরংশ্ছিন্নমূলে বনস্পতৌ॥ ম, আ, ১৪০ অ। ১৬—১৭।

১২০। একাগ্রঃ স্যাদবিবৃতো নিত্যং বিবরদর্শকঃ।
রাজন্নিত্যং সপত্নেষু নিত্যোদ্বিগ্নঃ সমাচরেৎ॥

এবং কাষায় বসন, জটা ও অজিন ধারণ করিয়াও অগ্রে পরপক্ষের বিশ্বাস জন্মাইয়া, পরে সময় পাইলেই বৃকের ন্যায় আক্রমণ করিবে; যেহেতু কথিত আছে যে, অর্থ সঞ্চয় বিষয়ে কুটিলতা একটী বিশুদ্ধ উপায়। যেমত ফলিত শাখা নত করিয়া পক্কফল বাছিয়া গ্রহণ করা যায়, তাহার ন্যায় বাছিয়া বাছিয়া শত্রু বিনষ্ট করিবে; শত্রু বিনাশের নিমিত্ত পণ্ডিতগণ এইরূপ সমারম্ভই করিয়া থাকেন। যাবৎ সময় উপস্থিত না হইবে, সে পর্য্যন্ত শত্রুকে স্কন্ধে করিয়া বহন করিবে, পরে সময় উপস্থিত হইলে প্রস্তরে নিক্ষিপ্ত কলসের ন্যায় বিনষ্ট করিয়া ফেলিবে। ম, আ, ১৪০ অ। ১৮—২২।

১২১। অপকারী শত্রু অতিশয় কাতরোক্তি প্রকাশ করিলেও, তাহাকে পরিত্যাগ করিবে না, এককালে সংহারই করিবে; তাহার প্রতি দয়া প্রকাশ কদাপি বিধেয় নহে। শান্তিরক্ষার নিমিত্ত সাম কিংবা দান অথবা ভেদ বা দণ্ড যে কোন উপায় দ্বারা শত্রু ধ্বংস করিবে। ম, আ, ১৪০ অ। ২২—২৪।

অগ্ন্যাধানেন যজ্ঞেন কাষায়েণ জটাজিনৈঃ॥
লোকান্ বিশ্বাসয়িত্বৈব ততো লুম্পেদ্ যথা বৃকঃ॥
অঙ্কুশং শৌচমিত্যাহুরর্থানামুপধারণে।
আনম্য ফলিতাং শাখাং পক্কং পক্কং প্রশাতয়েৎ;
ফলার্থোঽয়ং সমারম্ভোলোকে পুংসাং বিপশ্চিতাম্।
বহেদমিত্রং স্কন্ধেন যাবৎ কালস্য পর্য্যয়ঃ॥
"ততঃ প্রত্যাগতে কালে ভিন্দ্যাদ্ ঘটমিবাশ্মনি।" ম, আ, ১৪০অ।১৮—২২।

১২১। "অমিত্রো ন বিমোক্তব্যঃ কৃপণং বহ্বপি ব্রুবন্॥",
কৃপা ন তস্মিন্ কর্ত্তব্যা হন্যাদেবাপকারিণম্।
হন্যাদমিত্রং সান্ত্বেন তথা দানেন বা পুনঃ॥
"তথৈব ভেদদণ্ডাভ্যাং সর্ব্বোপায়ৈঃ প্রশাতয়েৎ।" ম, আ, ১৪০অ ২২—২৪।

১২২। পুত্র, সখা, ভ্রাতা, পিতা অথবা গুরু যদ্যপি শত্রুতা করেন, তাহা হইলে তাহাদিগকেও নিহত করা শুভার্থী ব্যক্তির বিধেয়। শপথ বা ধনদান দ্বারা অথবা বিষপ্রয়োগ কিংবা মায়াজাল বিস্তার করিয়া শত্রুকে বিনাশ করিবে, কদাচ উপেক্ষা করিবে না। পরস্পর বিপক্ষ পক্ষদ্বয় যদ্যপি সহায়, সাধনোপায় প্রভৃতিতে সমকক্ষতা প্রযুক্ত সংশয়াপন্ন হয়, তাহা হইলে যে ব্যক্তি শ্রদ্ধাবান্ হইয়া মদুক্ত * নীতিক্রমে কার্য্য করিবে, তাহারই সৌভাগ্য বৃদ্ধি পাইবে। জ্যেষ্ঠব্যক্তি কার্য্যাকার্য্য বিবেকে অজ্ঞ, অহঙ্কৃত ও কুপথগামী হইলে তাঁহারও শাসন করা ন্যায়ানুগত। ক্রুদ্ধ হইলেও অক্রুদ্ধের ন্যায় আকার প্রকাশ করিয়া ঈষৎ হাস্যপূর্ব্বক কথা কহিবে এবং কোপাকুল হইয়াও কখন ভর্ৎসনা করিবে না। প্রহার

১২২। পুত্রঃ সখা বা ভ্রাতা বা পিতা বা যদি বা গুরুঃ।
রিপুস্থানেষু বর্ত্তন্তো হন্তব্যা ভূতিমিচ্ছতা॥
শপথেনাপ্যরিং হন্যাদর্থদানেন বা পুনঃ।
বিষেণ মায়য়া বাপি নোপেক্ষেত কথঞ্চন॥
উভৌ চেৎ সংশয়োপেতৌ শ্রদ্ধাবাংস্তত্র বর্দ্ধতে।
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য ন্যায্যং ভবতি শাসনম্॥
ক্রুদ্ধোঽপ্যক্রুদ্ধরূপঃ স্যাৎ স্মিতপূর্ব্বাভিভাষিতা।
ন চাপ্যন্যমপধ্বংসেৎ কদাচিৎ কোপ সংযুতঃ॥
প্রহরিষ্যন্ প্রিয়ং ব্রূয়াৎ প্রহরন্নপি ভারত।
প্রহৃত্য চ কৃপায়ীত শোচেত চ রুদেত চ॥
আশ্বাসয়েচ্চাপি পরং সান্ত্বদানার্য্য বৃত্তিভিঃ।
অথাস্য প্রহরেৎ কালে যদা বিচলিতে পথি॥ ম, আ, ১৪০অ। ৫২—৫৭।

---

* রাজ-শাস্ত্রার্থ-বিশারদ মন্ত্রিশ্রেষ্ঠ কণিক ধৃতরাষ্ট্রকে বলিয়াছিলেন।

করিবার পূর্ব্বে এবং প্রহারের সময়েও প্রিয়বাক্য কহিবে, প্রহার করিয়া শেষে কৃপা করিবে, শোক প্রকাশ করিবে এবং রোদনও করিবে। শত্রুকে বহুকাল সান্ত্বনাবাক্য, দান ও সারল্যবৃত্তি দ্বারা আশ্বাসিত করিয়া যখন নীতিপথ হইতে বিচলিত হইতে দেখিবে, তখন তাহাকে প্রহার করিবে। ম, আ, ১৪০ অ। ৫২—৫৭।

১২৩। শত্রুকে প্রত্যুত্থান, আসন প্রভৃতি যুদ্ধের অঙ্গ অথবা বিষাদি প্রদান যে কোন প্রকারে হউক, অতি নিষ্ঠুর ও নিমগ্নকারী হইয়া বধ করিবে, অর্থাৎ এরূপে প্রহার করিবে যে, সে যেন কখন আর উন্মগ্ন হইতে না পারে ও সেই বধের প্রতি সন্দেহ না থাকে। ম, আ, ১৪০ অ। ৬০।

১২৪। শঙ্কনীয় হউক অথবা নাই হউক, সকল ব্যক্তি হইতে সর্ব্বপ্রকারে শঙ্কা করিবে; কারণ কোন ব্যক্তির প্রতি শঙ্কাশূন্য হইয়া থাকিলে, পশ্চাৎ ঐ ব্যক্তি হইতে যদি ভয় উৎপন্ন হয়, তবে সমূলে উচ্ছিন্ন হইবার বিলক্ষণ সম্ভাবনা। ম, আ, ১৪০ অ। ৬১।

১২৫। মৎস্যঘাতী যেমন হিংসা না করিয়া মহতী শ্রী লাভ করিতে

১২৩। প্রত্যুত্থানাসনাদ্যেন সম্প্রদানেন কেন চিৎ।
প্রতিবিশ্রব্ধঘাতী স্যাৎ তীক্ষ্ণদংষ্ট্রো নিমগ্নকঃ॥ ম, আ, ১৪০ অ। ৬০।

১২৪। অশঙ্কিতেভ্যঃ শঙ্কেত শঙ্কিতেভ্যশ্চ সর্ব্বশঃ।
অশঙ্ক্যাদ্ভয়মুৎপন্নমপি মূলং নিকৃন্ততি॥ ম, আ, ১৪০ অ। ৬১।

১২৫। নাচ্ছিত্ত্বা পরমর্ম্মাণি নাকৃত্বা কর্ম্ম দারুণম্।
নাহত্বা মৎস্যঘাতীব প্রাপ্নোতি মহতীং শ্রিয়ম্॥
কর্ষিতং ব্যাধিতং ক্লিন্নমপানীয়মঘাসকম্।
পরিবিশ্বস্তমন্দঞ্চ প্রহর্ত্তব্যমরের্বলম্॥
নার্থিকোঽর্থিনমভ্যেতি কৃতার্থে নাস্তি সঙ্গতম্।
তস্মাৎ সর্ব্বাণি সাধ্যানি সাবশেষাণি কারয়েৎ॥ ম, আ, ১৪০অ। ৭৭—৭৯।

পারে না, তদ্রূপ রাজা সুদারুণ কর্ম্ম ও শত্রুর মর্ম্মচ্ছেদ না করিয়া সৌভাগ্যশালী হইতে পারেন না। শত্রুকে কর্ষিত, ব্যাধিত, ক্লিন্ন ও অন্ন-পান বর্জ্জিত করিয়া তাহার বল নিঃসন্দেহরূপে শেষ করতঃ বিনষ্ট করিবে। ম, আ, ১৪০ অ। ৭৭—৭৯।

১২৬। দণ্ডদ্বারা বশীভূত শত্রুর প্রতি যে ব্যক্তি অনুগ্রহ করে, সে ব্যক্তি অশ্বতরীর গর্ভ ধারণের ন্যায় স্বীয় মৃত্যুকে আহ্বান করে। ম, আ, ১৪০ অ। ৮৩।

১২৭। শত্রু ক্ষুদ্র হইলেও তাহাকে উপেক্ষা করিলে, সে তালবৃক্ষের ন্যায় ক্রমে মূল বিস্তীর্ণ করিতে থাকে এবং অরণ্য মধ্যে নিক্ষিপ্ত অগ্নির ন্যায় অনতিদীর্ঘকাল মধ্যে মহাবিস্তীর্ণ হয়। যেমন অল্প অগ্নিকে বর্দ্ধিত করিলে, সেই অগ্নি বৃহৎ বস্তু সমূহ আক্রমণ করিতে সমর্থ হয়, তদ্রূপ যে ব্যক্তি আপনাকে সহায়াদি দ্বারা বর্দ্ধিত করে, সে বর্দ্ধমান হইয়া,বিপক্ষনিচয় অতি বড় হইলেও তাহাদিগকে গ্রাস করিতে পারে। ম, আ, ১৪০ অ। ৮৬—৮৭।

১২৮। শত্রুকে এরূপ আশা প্রদান করিবে যে, তাহা দীর্ঘকালের অপেক্ষা করে, পরে সেই কাল উপস্থিত হইলে, কোন এক প্রতিবন্ধক

১২৬। দণ্ডেনোপনতং শত্রুমনুগৃহ্লাতি যো নরঃ।
স মৃত্যুমুপগৃহ্লীয়াদ্ গর্ভমশ্বতরী যথা॥ ম, আ, ১৪০ অ। ৮৩।

১২৭। তালবৎ কুরুতে মূলং বালঃ শত্রুরুপেক্ষিতঃ।
গহনেঽগ্নিরিবোৎসৃষ্টঃ ক্ষিপ্রং সঞ্জায়তে মহান্॥
অগ্নিং স্তোকমিবাত্মানং সন্ধুক্ষয়তি যো নরঃ।
স বর্দ্ধমানো গ্রসতে মহান্তমপি সঞ্চয়ম্॥ ম, আ, ১৪০ অ। ৮৬—৮৭।

১২৮। আশাং কালবতীং দদ্যাৎ কালং বিঘ্নেন যোজয়েৎ।
বিঘ্নং নিমিত্ততো ব্রূয়ান্নিমিত্তং বাপি হেতুতঃ॥ ম, আ, ১৪০অ। ৮৮।

প্রদর্শন করিয়া তাহাকে নিরস্ত রাখিবে, সেই প্রতিবন্ধকেরও কোন কারণ নির্দ্দেশ করিবে এবং সেই কারণেও কারণান্তর দেখাইয়া তাহাকে নিরাকৃত করিবে। ম, আ, ১৪০ অ। ৮৮।

১২৯। নীতিজ্ঞ ভূপতি নিশিত, কোষাবৃত, লোমহারী ও যথাকালে কার্য্য নির্ব্বাহক ক্ষুরের ন্যায় হইয়া অর্থাৎ নির্দ্দয় ও গুপ্তাশয়, অনুলোম-সংহারী ও কালাপেক্ষী হইয়া শত্রুদিগের প্রাণসংহার করিবেন। ম, আ, ১৪০ অ। ৮৯।

ষড়্বিংশ স্তবক।

[চার ব্যবহার।]

চারব্যবহারও শত্রুচিন্তনের অঙ্গীভূত। নৃপতিগণ চার দ্বারাই পরস্পরের কার্য্যকলাপ ও গোপনীয় তথ্য সকল অবগত হইয়া থাকেন। নৃপতি স্বীয় বিশ্বস্ত চারদিগকে গোপনে শত্রু-রাজ্যে প্রেরণ করিয়া শত্রুরাজ্যের অবস্থা কিরূপ, শত্রুর বল কিরূপ, শত্রুর অর্থ-সামর্থ্য কিরূপ, শত্রুর চেষ্টিতই বা কিরূপ ইত্যাদি বিবিধ বিষয়ক তথ্যানুসন্ধান পূর্ব্বক স্বীয় কর্ত্তব্যাবধারণ করিয়া থাকেন। শত্রুপ্রেরিত চার আপন রাজ্যমধ্যে কীদৃশ অবস্থায়, কি অভিসন্ধিতে ভ্রমণ করিতেছে, তাহাও নৃপতি স্বীয়

১২৯। ক্ষুরো ভূত্বা হরেৎ প্রাণান্নিশিতঃ কালসাধনঃ।
প্রতিচ্ছন্নো লোমহারী দ্বিষতাং পরিকর্ত্তনঃ॥ ম, আ, ১৪০ অ। ৮৯।

সুদক্ষ চার দ্বারা পরিজ্ঞাত হইয়া থাকেন, অধিকন্তু রাজ্যমধ্যে প্রজাগণেরই বা রাজার প্রতি কিরূপ ভাব, তাহারা রাজার দোষ কি গুণ কীর্ত্তন করে এবং শত্রু-ভূপতির সহিত তাহারা কিরূপ আচরণ করে, ইত্যাকার বিবিধ বিষয় রাজা স্বকীয় গুপ্তচার দ্বারা বিদিত হইয়া থাকেন, সুতরাং চারই একরূপ নৃপতির জীবন ও রাজ্য রক্ষার মূল বলিলেও অত্যুক্তি হয় না। এই কারণে শাস্ত্রকারগণ নৃপতিবর্গের চারব্যবহারেব বিধিসকল বিশেষরূপে নির্দ্দেশ করিয়াছেন। এস্থলে চার ব্যবহার বিষয়ক শাস্ত্রবিহিত বিধি সঙ্কলিত হইল।

১। রাজা পুর, জনপদ এবং সামন্ত রাজগণের নিকট এরূপ গুপ্তচার সকল নিয়োগ করিবেন, যেন তাহারা পরস্পরকে কেহই অবগত হইতে না পারে। ম, শা, ৬৯ অ। ১০।

২। রাজা জড়, অন্ধ, বধিরাকৃতি, ক্ষুৎ-পিপাসা-শ্রম-সহিষ্ণু, প্রাজ্ঞ ও পরীক্ষিত পুরুষগণকে চাররূপে নিযুক্ত করিবেন। গুপ্তচার সকল নিয়োগ করিয়া সর্ব্বপ্রকার অমাত্য, বহুবিধ মিত্র এবং পুত্রগণের কার্য্য সকল পরীক্ষা করিবেন; যেন চারেরা পরস্পরকে কেহই অবগত হইতে না পারে। ম, শা, ৬৯ অ। ৮—৯।

১। পুরে জনপদে চৈব তথা সামন্ত রাজসু।
যথা ন বিদ্যুরন্যোন্যং প্রণিধেয়াস্তথা হি তে॥ ম, শা, ৬৯ অ। ১০।

২। প্রণিধীংশ্চ ততঃ কুর্য্যাজ্জড়ান্ধবধিরাকৃতীন্।
পুংসঃ পরীক্ষিতান্ প্রাজ্ঞান্ ক্ষুৎপিপাসাশ্রমক্ষমান্॥
অমাত্যেষু চ সর্ব্বেষু মিত্রেষু বিবিধেষু চ।
পুত্রেষু চ মহারাজ প্রণিদধ্যাৎ সমাহিতঃ॥ ম, শা, ৬৯ অ। ৮—৯।

৩। আপনার চরদিগের বিপক্ষগণ বিদিত হইতে না পারে, এরূপ উপায় করা আবশ্যক। পাষণ্ড ও তাপসদিগকে চররূপে পর-রাজ্যে প্রবেশ করাইবে। ম, শা, ১৪০ অ। ৪০।

৪। নরাধিপেরা চরদ্বারা দূরস্থ সমস্ত বিষয় দর্শন করেন বলিয়াই তাঁহারা "দীর্ঘচক্ষুঃ" বলিয়া অভিহিত হন। বা, অর, ৩৩ স। ১০।

৫। বিচক্ষণ মহীপতিগণ চারদ্বারা শত্রুগণের অবস্থা জানিতে পারিলে, রণ-ভূমিতে স্বল্পায়াসেই তাহাদিগকে নিরস্ত করিতে পারেন। বা, ল, ২৯ স। ২১।

৬। রাজা, গত দিবসে যে কার্য্য করিয়াছি, প্রজাগণ তাহার পুনর্ব্বার প্রশংসা করিতেছে কি না, আমার এই কার্য্য প্রজারা যদি জানিয়া থাকে, তবে তাহারা পুনরায় প্রশংসা করিতেছে কি না, জনপদ এবং রাষ্ট্রমধ্যে আমার যশঃ প্রজাদিগের অভিলষিত হইয়াছে কি না; এই সকল বিষয় অনুসন্ধান করিবার নিমিত্ত অনুমত গুপ্ত চারগণকে পৃথিবীতে প্রেরণ করিবেন। ম, শা, ৮৯ অ। ১৫—১৬।

৩। চারৈরবিদিতঃ কার্য্য আত্মনোঽথ পরস্য চ।
পাষণ্ডাংস্তাপসাদীংশ্চ পররাষ্ট্রে প্রবেশয়েৎ ॥ ম, শা, ১৪০ অ। ৪০।

৪। যস্মাৎ পশ্যন্তি দূরস্থান্ সর্ব্বানর্থান্ নরাধিপাঃ।
চারেণ তস্মাদুচ্যন্তে রাজানো দীর্ঘচক্ষুষঃ ॥ বা, অর, ৩৩ স। ১০।

৫। চারেণ বিদিতঃ শত্রুঃ পণ্ডিতৈর্ব্বসুধাধিপৈঃ।
যুদ্ধে স্বল্পেন যত্নেন সমাসাদ্য নিরস্যতে ॥ বা, ল, ২৯ স। ২১।

৬। অতীত দিবসে বৃত্তং প্রশংসন্তি ন বা পুনঃ।
গুপ্তৈশ্চারৈরনুমতৈঃ পৃথিবীমনুসারয়েৎ ॥
জানীয়ুর্যদি মে বৃত্তং প্রশংসন্তি ন বা পুনঃ।
কচ্চিদ্রোচেজ্জনপদে কচ্চিদ্রাষ্ট্রে চ মে যশঃ ॥ ম, শা, ৮৯ অ। ১৫—১৬।

৭। যে নৃপতি গুপ্ত চর দ্বারা অধীনস্থ ভূমিপতি সকলের কার্য্য পর্য্যবেক্ষণ করেন, তিনি সর্ব্বাপেক্ষা প্রধান হইয়া থাকেন। ম, শা, ৯৩ অ। ১৯।

৮। বিচক্ষণ নরপতি শত্রু-প্রেরিত চারগণের সন্ধান রাখিবেন ও অবগত হইবেন, কারণ পূর্ব্বে চারগণকে জানিতে পারিলে, মঙ্গল হইয়া থাকে। ম, শা, ৬৯ অ। ১৩।

৯। নরপতি বণিক্‌দিগের বিক্রয়স্থান (হাট-বাজার), মল্লক্রীড়া-স্থান, সমাজ, ভিক্ষুকাশ্রম, পুষ্পবাটিকা, বহির্বাটিকা, পণ্ডিতগণের সভা, আকরস্থান, অধিকারিগণের উপবেশন স্থান, রাজ-সভা, প্রধান লোক সকলের গৃহ এই সকল স্থান অনুসন্ধান করিলেই শত্রু-প্রেরিত চারগণকে অবগত হইতে পারিবেন। ম, শা, ৬৯ অ। ১১—১২।

১০। পরাধিকারে———মন্ত্রী, পুরোহিত, যুবরাজ, সেনাপতি, দৌবারিক, অন্তঃপুরাধিকৃত, কারাগারাধিকৃত, ধনাধ্যক্ষ, রাজাজ্ঞা হেতু আজ্ঞাপর বিষয়ে বক্তা, প্রাড়্‌বিবাক্ নামক ব্যবহারদর্শী, ধর্ম্মাসনাধি-

---

৭। যে কেচিদ্ভূমিপতয়ঃ সর্ব্বাংস্তানন্ববেক্ষয়েৎ।
সুহৃদ্ভিরনভিখ্যাতৈস্তেন রাজাতিরিচ্যতে॥ ম, শা, ৯৩ অ, ১৯।

৮। এবং বিচিনুয়াদ্রাজা পরচারং বিচক্ষণঃ!
চারে হি বিদিতে পূর্ব্বং হিতং ভবতি পাণ্ডব॥ ম, শা, ৬৯ অ, ১৩।

৯। চারাংশ্চ বিদ্যাৎ প্রহিতান্ পরেণ ভরতর্ষভ।
আপণেষু বিহারেষু সমাজেষু ভিক্ষুষু॥
আরামেষু তথোদ্যানে পণ্ডিতানাং সমাগমে।
দেশেষু চত্বরে চৈব সভাস্বাবসথেষু চ॥ ম, শা, ৬৯ অ। ১১—১২।

১০। কচ্চিদষ্টাদশান্যেষু স্বপক্ষে দশ পঞ্চ চ।
ত্রিভিস্ত্রিভিরবিজ্ঞাতৈর্বেৎসি তীর্থানি চারকৈঃ॥ বা, অ, ১০০ স। ৩৬।

কৃত, ব্যবহারনির্ণেতা, সেনা সকলের বেতনাধ্যক্ষ, কর্ম্মাবসানে বেতন-গ্রাহী নগরাধ্যক্ষ, রাজ্যসীমা-পালক, দুষ্টগণের প্রতি দণ্ডদানে অধিকারী এবং দুর্গ সকলের পালক এই অষ্টাদশ ব্যক্তি এবং আত্ম-অধিকারে——মন্ত্রী, পুরোহিত, যুবরাজ এই ত্রিতয়ভিন্ন পূর্ব্বোক্ত অপর পঞ্চদশ ব্যক্তির প্রত্যেক কার্য্যবিষয়ে পরস্পর অবিজ্ঞাত ও অন্যেরও অবিদিত তিন তিনটী গুপ্তচার দ্বারা তাহাদিগকে সম্যক্‌রূপে পরীক্ষা করা নৃপতির নিতান্ত কর্ত্তব্য। বা, অ, ১০০ স। ৩৬।

১১। পণ্ডিতেরা চরকে রাজ্যের মূল এবং মন্ত্রকে রাজ্যের সার বলিয়া থাকেন। ম, শা, ৮৩ অ। ৫১।

১২। চার-চক্ষুদ্বারা পুর ও জনপদবাসী উদাসীন, অরি এবং মিত্র সকলেরই চিকীর্ষিত বিষয় জ্ঞান করিবেন। পরে নিয়ত ভক্তজন-সেবক শত্রু-নিগ্রহকারী সেই নরপতি প্রমাদ-বিহীন হইয়া তাঁহাদিগের সেই বিষয়ের প্রতীকার করিবেন। ম, শা, ৮৬ অ। ২১—২২।

১৩। রাজা বাহ্য ও অভ্যন্তর, পৌর এবং জনপদবাসী জনগণকে যে কার্য্য করাইতে হইবে, তাহা অগ্রে চার দ্বারা সুবিদিত করিয়া পরে

১১। "রাজ্যং প্রণিধিমূলং হি মন্ত্রসারং প্রচক্ষতে।" ম, শা, ৮৩ অ। ৫১।

১২। উদাসীনারিমিত্রাণাং সর্ব্বমেব চিকীর্ষিতম্।
পুরে জনপদে চৈব জ্ঞাতব্যং চারচক্ষুষা॥
ততস্তেষাং বিধাতব্যং সর্ব্বমেবাপ্রমাদতঃ।
ভক্তান্ পূজয়তা নিত্যং দ্বিষতশ্চ নিগৃহ্নতা। ম, শা, ৮৬ অ। ২১—২২।

১৩। বাহ্যমাভ্যন্তরঞ্চৈব পৌরজানপদং তথা।
চারৈঃ সুবিদিতং কৃত্বা ততঃ কর্ম্ম প্রযোজয়েৎ॥
চারান্মন্ত্রঞ্চ কোশঞ্চ দণ্ডঞ্চৈব বিশেষতঃ।
অনুতিষ্ঠেৎ স্বয়ং রাজা সর্ব্বং হ্যত্র প্রতিষ্ঠিতম্॥ ম, শা, ৮৬অ। ১৯—২০।

কার্য্য প্রয়োগ করিবেন। রাজা স্বয়ং চার, মন্ত্র, কোশ এবং দণ্ড এই সকল গুলির বিশেষ করিয়া আলোচনা করিবেন; কেন না রাজ্য মধ্যে এই সকলই প্রতিষ্ঠিত হইয়া থকে। ম, শা, ৮৬ অ। ১৯—২০।

১৪। রাজা স্বরাষ্ট্রে এবং পররাষ্ট্রে চর রাখিয়া কর্ত্তব্যাকর্ত্তব্য-দর্শন করিবেন, সাধু ব্যক্তির পূজা করিবেন এবং দুষ্টব্যক্তির দণ্ড করিবেন। বিষ্ণু ৩ অ। ২০—২২।

১৫। রাজা চার-পুরুষ দ্বারা প্রকাশ এবং অপ্রকাশ পরদ্রব্যাপ-হারক দুই প্রকার চোর অবগত হইবেন। মনু, ৯ অ। ২৫৬।

১৬। উৎকোচ-গ্রহণকারী, মিথ্যাভয় প্রদর্শন করাইয়া পরধন-হারী, বঞ্চনাকারী, দ্যূতক্রীড়াকারী, কিতব, "তোমার ধনপুত্র-সম্পত্তি লাভ হইবে" এইরূপ মিথ্যাবাক্যে তোষামোদকারী মঙ্গলাদেশ বৃত্ত, ভিতরে পাপ গোপন করিয়া বাহ্যে ভদ্র বেশে পরধনহারী, যাহারা ঈক্ষণিক অর্থাৎ হস্তের রেখা দেখিয়া শুভাশুভ ফল বলিয়া জীবিকানির্ব্বাহ করে, অশিক্ষিত মহামাত্র (অর্থাৎ মাহুত), অশিক্ষিত চিকিৎসক, যাহারা

১৪। স্বরাষ্ট্রপররাষ্ট্রয়োশ্চ চারচক্ষুঃ স্যাৎ॥ সাধূনাং পূজনং কুর্য্যাৎ॥
দুষ্টাংশ্চ হন্যাৎ। বিষ্ণু, ৩অ। ২০—২২।

১৫। দ্বিবিধাংস্তস্করান্ বিদ্যাৎ পরদ্রব্যাপহারকান্।
প্রকাশাংশ্চাপ্রকাশাংশ্চ চারচক্ষুর্মহীপতিঃ॥ মনু, ৯অ। ২৫৬।

১৬। উৎকোচকাশ্চৌপধিকা বঞ্চকাঃ কিতবস্তথা।
মঙ্গলাদেশবৃত্তাশ্চ ভদ্রাশ্চেক্ষণিকৈঃ সহ॥
অসম্যক্কারিণশ্চৈব মহামাত্রাশ্চিকিৎসকাঃ।
শিল্পোপচারযুক্তাশ্চ নিপুণাঃ পণ্যযোষিতঃ।
এবমাদীন্ বিজানীয়াৎ প্রকাশাংল্লোককণ্টকান্।
নিগূঢ়চারিণশ্চান্যাননার্য্যানার্য্যলিঙ্গিনঃ॥

শিল্পোপায়ে উৎসাহ দিয়া লোকের ধনহরণ করে, বশীকরণাদি-কার্য্য-নিপুণ এবং বেশ্যা-স্ত্রীলোক ইহারা প্রকাশ্য লোককন্টক জানিবে, ইহাদিগের এবং দ্বিজবেশধারী শূদ্র প্রভৃতির বিষয় রাজা চার দ্বারা অবগত হইবেন। ঐ সকল দুষ্ক্রিয়াসক্ত পুরুষকেও তৎকর্ম্মকারা নানা প্রকার কাপটিক গুপ্তচর দ্বারা আত্মীয়তা দেখাইয়া রাজা শেষে স্ববশে আনয়ন করিবেন। রাজা উহাদিগের দোষ প্রকাশ্য ঘোষণা করিয়া পশ্চাৎ উহাদিগের অপরাধানুসারে দণ্ড করিবেন। চৌর, পাপমতি এবং প্রচ্ছন্নভাবে বিচরণকারী ব্যক্তিদিগকে দণ্ড ব্যতীত পাপ হইতে নিবৃত্ত করা যায় না। মনু, ৯ অ। ২৫৮—২৬৩।

১৭। নানা পণ্যোপজীবীরা দ্রব্যের মূল্যাদি অথবা মাপাদি বঞ্চনা করে বলিয়া তাহাদিগকে প্রকাশ্য বঞ্চক এবং যাহারা সন্ধিচ্ছেদাদি দ্বারা গুপ্তভাবে চৌর্য্য করে এবং অরণ্যে থাকিয়া পরধনাপহরণ করে, উহারা প্রচ্ছন্ন-বঞ্চক জানিবে। মনু ৯ অ। ২৫৭।

১৮। সভা, জলদান-গৃহ, পিষ্টকাদি বিক্রয় গৃহ, মদ্যান্ন-বিক্রয়-স্থান,

তান্ বিদিত্বা সুচরিতৈর্গূঢ়ৈস্তৎ কর্ম্মকারিভিঃ।
চারৈশ্চানেকসংস্থানৈঃ প্রোৎসাদ্যবশমানয়েৎ॥
তেষাং দোষানভিখ্যাপ্য স্বে স্বে কর্ম্মণি তত্ত্বতঃ।
কুর্ব্বীত শাসনং রাজা সম্যক্ সারাপরাধতঃ॥
ন হি দণ্ডাদৃতে শক্যঃ কর্ত্তুং পাপবিনিগ্রহঃ।
স্তেনানাং পাপবুদ্ধীনাং নিভৃতং চরতাং ক্ষিতৌ॥ মনু, ৯অ। ২৫৮—২৬৩।

১৭। প্রকাশ বঞ্চকাস্তেষাং নানাপণ্যোপজীবিনঃ।
প্রচ্ছন্নবঞ্চকাস্ত্বেতে যে স্তেনাটবিকাদয়ঃ॥ মনু, ৯অ। ২৫৭।

১৮। সভাপ্রপাপূপশালাবেশমদ্যান্নবিক্রয়াঃ।
চতুষ্পথাশ্চৈত্যবৃক্ষাঃ সমাজাঃ প্রেক্ষণানি চ॥

২৭। চরগণ প্রতিদিন নৃপতির নিকট হইতে নির্গত হইয়া সর্ব্ব-বার্ত্তাবেত্তৃগণের অন্তরে প্রবেশ করিবে, কারণ তাহারাই রাজগণের দূরস্থিত চক্ষুঃস্বরূপ। কাম, ১২ স। ২৭।

২৮। সূত্রপ্রচার দ্বারা বিধিপূর্ব্বক অনুষ্ঠিত ক্রিয়াকলাপ সূক্ষ্মভাবে দর্শন করিবে। চারচক্ষু মহীপতি নিদ্রিত অবস্থাতেও জাগ্রতের তুল্য। কাম, ১২ স। ২৮।

২৯। যেমন সূর্য্য তেজোদ্বারা ও বায়ু প্রবাহ দ্বারা সমস্ত জগতে পরিব্যাপ্ত হইয়া রহিয়াছে, সেইরূপ লোকসম্মত চর দ্বারা রাজা সমস্ত জগতে পরিব্যাপ্ত হইয়া থাকেন। কাম, ১২ স। ২৯।

৩০। নরেন্দ্র চারচক্ষুঃ হইবেন ও তাহাদের সহিত শত্রুদিগকে আক্রমণ করিবেন। মূঢ়তাহেতু যে রাজা চর সহায় হইয়া শত্রু আক্রমণে পরাঙ্মুখ হন, শত্রু তুল্য পরাক্রান্ত হইলেও সেই চরবিহীন রাজার আক্রমণ অন্ধের আক্রমণের ন্যায় হয়। কাম, ১২ স। ৩০।

৩১। চরদ্বারা শত্রুর সর্ব্বাঙ্গীন অভ্যুদয়, সর্ব্বাবস্থার কার্য্যকলাপ ও তদ্দেশ প্রার্থনা অবগত হইবে। কাম, ১২ স। ৩১।

২৭। নির্গচ্ছেয়ুর্বিশেয়ুশ্চ সর্ব্ববার্ত্তাবিদোঽম্বহম্।
চরাঃ সকাশান্নৃপতেশ্চক্ষুর্দূরতরং হি তে॥ কাম, ১২স। ২৭।

২৮। সূক্ষ্মং সূত্রপ্রচারেণ পশ্যেদ্বৈ বিধিচেষ্টিতম্।
স্বপন্নপি চ জাগর্ত্তি চারচক্ষুর্মহীপতিঃ॥ কাম, ১২স। ২৮।

২৯। বিবস্বানিব তেজোভির্নভস্বানিব চেষ্টিতৈঃ।
রাজা চরৈর্জগৎ কৃৎস্নং ব্যাপ্নুয়াল্লোকসম্মতৈঃ॥ কাম. ১২স। ২৯।

৩০। চারচক্ষুর্নরেন্দ্রঃ স্যাৎ সম্পতেত্তেন ভূয়সা।
অনেনাসম্পতন্মোহ্যাৎ পতত্যন্ধঃ সমেঽপি হি॥ কাম, ১২স ৩০।

৩১। সর্ব্বসম্পৎ সমুদয়ং সর্ব্বাবস্থা বিচেষ্টিতম্।
চরেণ দ্বিষতাং বিদ্যাত্তদ্দেশপ্রার্থনানি চ॥ কাম, ১২স। ৩১।

৩২। প্রকাশ ও অপ্রকাশ ভেদে চর দ্বিবিধ। উদ্দিষ্ট চর অপ্রকাশ ও দূত প্রকাশ চর নামে অভিহিত হয়। কাম, ১২ স। ৩২।

৩৩। ঋত্বিক্ যেরূপ সূত্রানুসারে যজ্ঞে প্রবর্ত্তিত হন, সেইরূপ রাজাও চর দ্বারা নীত হইবেন। দূত সন্ধান প্রাপ্ত হইলে, তখন চরচর্য্যা সুপ্রতিষ্ঠিত হইবে। কাম, ১২ স। ৩৩।

৩৪। চার সংস্থিতির নিমিত্ত বালক, কৃষীবল, ব্রহ্মচর্য্যা-পরায়ণ ভিক্ষুক, অধ্যাপক, দত্তদায় ও শুভাশয় চরগণ সংস্থিত হইবে। কাম, ১২ স। ৩৬।

৩৫। জড়, মূক, অন্ধ ও বধির বেশধারী, ক্লীব, বামন ও কুব্জ প্রভৃতি ও তত্তদ্‌বেশধারী, ভিক্ষুক, চারণ, দাসীপুত্র ও নানাকার্য্যকলাভিজ্ঞ অলক্ষিতভাবে অন্তঃপুর বার্ত্তা সংগ্রহ করে। ছত্র, চামর, ভৃঙ্গার, যান ও বাহনধারীরা এবং তাদৃশ অন্য ব্যক্তি প্রধান অমাত্যের বহির্ব্বার্ত্তা অবগত হয়। কাম, ১২ স। ৪২—৪৪।

৩২। প্রকাশশ্চাপ্রকাশশ্চ চরস্তু দ্বিবিধঃ স্মৃতঃ।
অপ্রকাশোঽয়মুদ্দিষ্টঃ প্রকাশো দূত উচ্যতে ॥ কাম, ১২স। ৩২।

৩৩। চরেণ প্রচরেদ্রাজা সূত্রেণর্ত্বিগিবাধ্বরে।
দূতে সন্ধানমায়াতে চরচর্য্যা প্রতিষ্ঠিতা ॥ কাম, ১২স ৩৩।

৩৪। বালঃ কৃষীবলো লিঙ্গী ভিক্ষুকোঽধ্যাপকস্তথা।
সংস্থাঃ স্যুশ্চারসংস্থিত্যৈ দত্তদায়াঃ শুভাশয়াঃ ॥ কাম, ১২স। ৩৬।

৩৫। জড়মূকান্ধবধিরছদ্মানঃ পণ্ডকাস্তথা।
কিরাতা বামনাঃ কুব্জাস্তদ্বিধা যে চ কারকাঃ ॥
ভিক্ষুকাশ্চারণা দাস্যো নানাকার্য্যকলাবিদঃ।
অন্তঃপুরগতাং বার্ত্তামাহরেয়ুরলক্ষিতাঃ ॥
ছত্রব্যজনভৃঙ্গারযানবাহনধারিণঃ।
মহামাত্রবহির্বার্ত্তাং বিদুরন্যে চ তদ্বিধাঃ ॥ কাম, ১২স। ৪২—৪৪।

৩৬। সংজ্ঞা, মূর্চ্ছা, লেখ্য, আকার ও ইঙ্গিত প্রভৃতি উপায় বিশিষ্ট হইয়া চরগণ অব্যগ্রভাবে পরস্পর নিজ নিজ কার্য্য সাধনের নিমিত্ত বিচরণ করিবে। কাম, ১২ স। ৪৭।

৩৭। সূর্য্য যেমন স্বকীয় কীরণ-দ্বারা জলশোষণ করেন, সেইরূপ বিবিধ শিল্প ও অধ্যয়নকুশল, নানা ছদ্মবেশধারী চরগণ জগতের মত সংগ্রহ করিয়া বিচরণ করিবে। সম্পদের নিমিত্ত পরস্পরজ্ঞ যে উপায়ে শত্রু পরাভব করে, স্বস্থচিত্ত ব্যক্তি তৎপারদর্শী ব্যক্তি কর্ত্তৃক বিযুজ্যমান সেই উপায় যত্নপূর্ব্বক অবধান করিবে। কাম, ১২ স। ৪৮—৪৯।

৩৮। প্রকৃতি, শত্রু ও সৈনিকদিগের অভিপ্রায় এবং সভ্য, বান্ধব ও অন্তঃপুরস্থিত স্ত্রীগণের অভিপ্রায় গূঢ়চর দ্বারা রাত্রিতে সাবধান ও সিদ্ধ-শস্ত্রাস্ত্র হইয়া শ্রবণ করিবে ও লিখিবে। যে রাজা অসত্য-বাদী গূঢ়চারকে শাস্তি প্রদান না করেন, সে রাজা প্রজাদিগের ধনপ্রাণ বিঘাতক ম্লেচ্ছ-সংজ্ঞিত। শুক্র, ১ অ। ৩৩৫—৩৩৭।

৩৬। সংজ্ঞাভির্মূর্চ্ছিতৈর্লেখ্যৈরাকারৈরিঙ্গিতৈরপি।
সুসঞ্চরেয়ুরব্যগ্রাশ্চরাশ্চর্য্যাং পরস্পরম্॥ কাম, ১২স। ৪৭।

৩৭। সমাপিবন্তো জগতাং মতানি, জলানি ভূমেরিব সূর্য্যপাদাঃ।
অনেকশিল্পাধ্যয়নপ্রবীণাশ্চরাশ্চরেয়ুর্বহুলিঙ্গিরূপাঃ॥
যেন প্রকারেণ পরানুপেয়াৎ পরাপরজ্ঞশ্চ সমৃদ্ধিহেতোঃ।
তমাত্মনি স্বস্থমতিস্তু তজ্জ্ঞৈর্বিযুজ্যমানং হি পরেণিবদ্যাৎ॥ কাম,১২স।৪৮—৪৯।

৩৮। প্রকৃতীনাঞ্চ শত্রূণাং সৈনিকানাং মতঞ্চ যৎ।
সভ্যানাং বান্ধবানাঞ্চ স্ত্রীণামন্তঃপুরে চ যৎ॥
শৃণুয়াদ্ গুঢ়চারেভ্যো নিশি চাত্যরিকে সদা।
সাবধানমনাঃ সিদ্ধশস্ত্রাস্ত্রঃ সংলিখেচ্চ তৎ॥
অসত্যবাদিনং গূঢ়চারং নৈব চ শাস্তি যঃ।
স নৃপো ম্লেচ্ছ ইত্যুক্ত প্রজাপ্রাণধনাপহঃ॥ শুক্র, ১অ। ৩৩৫—৩৩৭।

৩৯। ব্রহ্মচারী, তপস্বী, সন্ন্যাসী, ও কপট সিদ্ধ-পুরুষ-বেশী গূঢ়-চারকে প্রত্যক্ষতঃ ও ছলদ্বারা শোধন (যথার্থ তত্ত্ব নিষ্কাষণ) করিবে। গূঢ়চার শোধন ব্যতীত রাজা তত্ত্বাবগত অথবা তত্ত্ব লাভ করিতে পারেন না। সেই চারগণ অশোধক নৃপের নিকট মিথ্যা বলিতে ভীত হয় না। প্রকৃতি ও অধিকৃত হইতে গূঢ়চারকে রক্ষা করিবে। শুক্র, ১ অ। ৩৩৮—৩৪০।

৪০। যে ব্যক্তি শত্রু, প্রজা ও ভৃত্যের চরিত্র জানিতে সমর্থ ও যথার্থ শ্রুত বিষয় প্রবোধক তাহাকেই গূঢ়চর করিবে। শুক্র, ২ অ। ১৮৮।

সপ্তবিংশ স্তবক।

[রাজপুর]

মুনিগণ অরণ্য-মধ্যে যোগাবলম্বন করিয়া অবস্থিতি করেন, সেই তাঁহাদিগের শান্তি-নিকেতন। কোন কোন ঋষি কথঞ্চিৎ শীতোষ্ণবর্ষাদি নিবারণ জন্য পর্ণ-কুটীর নির্ম্মাণ করিয়া তন্মধ্যে

৩৯। বর্ণি-তপস্বি-সন্ন্যাসি-নীচসিদ্ধস্বরূপিণম্ ;
প্রত্যক্ষেণ ছলেনৈব গূঢ়চারং বিশোধয়েৎ ॥
বিনা তচ্ছোধনাৎ তত্ত্বং ন জানাতি চ নাপ্যতে।
অশোধক নৃপান্নৈব বিভ্যত্যনৃতবাদনে ॥
"প্রকৃতিভ্যোঽধিকৃতেভ্যো গূঢ়চারং সুরক্ষয়েৎ।" শুক্র, ১অ। ৩৩৮—৩৪০।

৪০। শত্রুপ্রজাভৃত্যবৃত্তং বিজ্ঞাতুং কুশলাশ্চ যে।
তে গূঢ়চারাঃ কর্ত্তব্যা যথার্থ শ্রুতবোধকাঃ ॥

যোগানুধ্যান করেন, তাহাই তাঁহাদিগের শান্তিময় ভবন। তাঁহারা সম্পত্তির প্রতি ভ্রুক্ষেপও করেন না, সকল প্রাণীই তাঁহাদিগের আত্মতুল্য, অতএব জগতে তাঁহাদিগের শত্রু নাই; এমন কি সিংহ-ব্যাঘ্র-ভল্লুকাদি হিংস্র জন্তুগণও তাঁহাদিগের শান্তিময় নিকেতনে পরস্পর অবিরোধী, কেহ কাহারও হিংসা করে না; সুতরাং প্রাকার-বেষ্টিত মৃণ্ময়, দারুময়, ইষ্টকময় বা পাষাণময় বাসগৃহে তাঁহাদের আবশ্যক নাই। সম্পত্তিশালী মানবগণের ধনসম্পত্তিই শত্রুর নিদান। চৌর ও দস্যুগণ নিয়ত কুটিল-কটাক্ষে তাঁহাদের ধনরাশি নিরীক্ষণ করিয়া থাকে, অনেক সময়ে সেই অর্থই তাঁহাদের অনর্থের মূল হয়, এমন কি অর্থ জন্য তাঁহাদের জীবন পর্য্যন্ত বিনষ্ট হইয়া থাকে। অপর সাধারণ সকল মনুষ্যকেই শীতাতপবর্ষাদি নিবারণ জন্য, বিশেষতঃ ধন-সম্পত্ত্যাদি রক্ষার্থে বাসগৃহ নির্ম্মাণ করিয়া, পরস্পর সাহায্যপ্রার্থী ও রাজা কর্ত্তৃক রক্ষণাকাঙ্ক্ষী হইয়া, গ্রামে অথবা নগরে বাস করিতে হয়। সর্ব্ব-সম্পদ্‌শালী বিভূতিমান্ ভূপতিদিগের শত্রুচিন্তা নিত্যসহচর। শত্রু হইতে রক্ষার নিমিত্ত নৃপতিগণের আবাসপুর সুদৃঢ় ও সর্ব্বপ্রকারে নিরাপদ্ ভাবে প্রস্তুত ও সুরক্ষিত করিয়া তথায় অবস্থান করিতে হয়। অতএব রাজপুর-বিষয়ক প্রবন্ধও শত্রুচিন্তনের একাঙ্গ তাহাতে সন্দেহ নাই। রাজাদিগের কিরূপ রাজপুরে অবস্থিতি করিয়া কিরূপ কার্য্যকলাপ সম্পাদন করা বিহিত, শাস্ত্রকারেরা তাহারও বিধি সমুদায় নির্দ্দিষ্ট করিয়াছেন। এস্থলে রাজপুর-বিষয়ক শাস্ত্রবিহিত বিধি সংকলিত হইল।

১। ধন-ধান্যশালী, ধার্ম্মিক-বহুল, রোগাদিশূন্য, রমণীয়, রাজভক্ত, কৃষি ও বাণিজ্যাদি সুলভ জাঙ্গল দেশে বাস করা রাজার কর্ত্তব্য। তথায় ধন্বদুর্গ অর্থাৎ মরুবেষ্টিত দুর্গ, মহীদুর্গ অর্থাৎ পাষাণ বা ইষ্টক নির্ম্মিত দুর্গ, অব্দুর্গ অর্থাৎ জলবেষ্টিত দুর্গ, বার্ক্ষদুর্গ অর্থাৎ মহাবৃক্ষ-কণ্টক-গুল্মাদি ব্যাপ্ত দুর্গ, নৃদুর্গ অর্থাৎ চতুর্দ্দিকে বহুল হস্ত্যশ্ব সেনা-পরিবৃত দুর্গ, গিরি-দুর্গ, অর্থাৎ পর্ব্বতের উপরিভাগে দুর্গম-নিভৃত দুর্গ, এইরূপ দুর্গ আশ্রয় করিয়া রাজা বাস করিবেন। মনু, ৭ অ। ৬৯—৭০। বিষ্ণু, ৩ অ। ৩—৪। ম, শা, ৮৬ অ। ৪—৫।

২। ষড়্বিধ দুর্গের মধ্যে গিরি দুর্গই দুরারোহত্বাদি বহুগুণ সম্পন্নতা-হেতু সর্ব্ব-প্রযত্নে ও সর্ব্বতোভাবে রাজার আশ্রয়ণীয়। ছয় প্রকার দুর্গের

(ক) জাঙ্গলং শস্যসম্পন্নমার্য্যপ্রায়মনাবিলম্।
রম্যামাননতসামন্তং স্বাজীব্যং দেশমাবসেৎ॥
ধন্বদুর্গং মহীদুর্গমব্দুর্গং বার্ক্ষমেব বা।
নৃদুর্গং গিরিদুর্গং বা সমাশ্রিত্য বসেৎ পুরম্॥ মনু, ৭অ। ৬৯—৭০।

(খ) রাজা চ জাঙ্গলং পশব্যং শস্যোপেতং দেশমাশ্রয়েৎ
বৈশ্যশূদ্র প্রায়ঞ্চ॥ তত্র ধন্বনৃমহীবারিবৃক্ষগিরি
দুর্গাণামন্যতমং দুর্গমাশ্রয়েৎ॥ বিষ্ণু, ৩অ। ৩—৪।

(গ) ষড়্বিধং দুর্গমাস্থায় পুরাণ্যথ নিবেশয়েৎ।
সর্ব্বসম্পৎপ্রধানং যদ্বাহুল্যাঞ্চাপি সম্ভবেৎ॥
ধন্বদুর্গং মহীদুর্গং গিরিদুর্গং তথৈব চ।
মনুষ্যদুর্গং মৃদ্দুর্গং বনদুর্গঞ্চ তানি ষট্॥ ম, শা, ৮৬অ। ৪—৫।

২। সর্ব্বেণ তু প্রযত্নেন গিরিদুর্গং সমাশ্রয়েৎ।
এষাং হি বাহুগুণ্যেন গিরিদুর্গং বিশিষ্যতে॥
ত্রীণ্যাদ্যান্যাশ্রিতাস্ত্বেষাং মৃগগর্ত্তাশ্রয়াপ্সরাঃ।
ত্রীণ্যুত্তরাণি ক্রমশঃ প্লবঙ্গমনরামরাঃ॥ মনু, ৭অ। ৭১—৭২।

মধ্যে ধন্বদুর্গে মৃগাদি পশুগণ, মহীদুর্গে ইন্দুরাদি, জলদুর্গে কুম্ভীরাদি, বৃক্ষদুর্গে বানরাদি, চতুর্ব্বিধ সৈন্যরক্ষিত বৃাহদুর্গে মনুষ্য এবং গিরিদুর্গে দেবতারা বাস করিয়া থাকেন। মনু, ৭ অ। ৭১—৭২।

৩। স্বদুর্গাশ্রিত মৃগাদিকে যেমন ব্যাধেরা বধ করিতে সমর্থ হয় না, তদ্রূপ রাজাও দুর্গমধ্যে অবস্থান করিলে, তৎপ্রতিপক্ষ রাজা তাঁহার কোন অনিষ্ট-সাধনে সক্ষম হয় না। মনু, ৭ অ। ৭৩।

৪। নরপতি মাত্রেরই দুর্গ থাকা আবশ্যক; কারণ দুর্গ-প্রাকার-স্থিত একজন যোদ্ধা, একশত শত্রুপক্ষীয় সৈন্যের সহিত এবং ঐরূপ শত-জন, দশ সহস্রের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়। মনু, ৭ অ। ৭৪।

৫। অস্ত্র, শস্ত্র, শস্য, ঘোটকাদি নানাবাহন, যথেষ্ট অর্থ, ব্রাহ্মণ, নানা শিল্পী, বহুবিধ যন্ত্র, তৃণ এবং যথেষ্ট সলিল এই সকল দ্রব্য দ্বারা প্রত্যেক দুর্গ পরিপূরিত রাখা আবশ্যক। মনু, ৭অ। ৭৫।

৬। রাজা ঐ দুর্গের ঠিক মধ্যস্থলে এরূপ একটী স্বীয় আবাস-যোগ্য সৌধগৃহ নির্ম্মিত করাইবেন, যাহার মধ্যে স্ত্রীগৃহ, অস্ত্রাগার, অগ্ন্যাগার এবং দেবালয় প্রভৃতি পৃথক্ ভাবে সন্নিবিষ্ট থাকে এবং যাহা পরিখাদি দ্বারা সম্পূর্ণরূপে পরিরক্ষিত, সর্ব্বকালসুলভ ফলপুষ্পে সুশোভিত ও দীর্ঘিকা এবং বৃক্ষশ্রেণীর দ্বারা চতুর্দ্দিকে পরিবেষ্টিত থাকে। মনু, ৭অ। ৭৬।

৩। যথাদুর্গাশ্রিতানেতান্ নোপহিংসন্তি শত্রবঃ।
তথারয়ো ন হিংসন্তি নৃপং দুর্গসমাশ্রিতম্॥ মনু, ৭ অ। ৭৩।

৪। একং শতং যোধয়তি প্রাকারস্থো ধনুর্দ্ধরঃ।
শতং দশসহস্রাণি তস্মাদ্দুর্গং বিধীয়তে॥ মনু, ৭ অ। ৭৪।

৫। তৎ স্যাদায়ুধসম্পন্নং ধনধান্যেন বাহনৈঃ।
ব্রাহ্মণৈঃ শিল্পিভির্যন্ত্রৈর্যবসেনোদকেন চ॥ মনু, ৭ অ। ৭৫।

৬। তস্যমধ্যে সুপর্য্যাপ্তং কারয়েদ্‌গৃহমাত্মনঃ।
গুপ্তং সর্ব্বর্ত্তুকং শুভ্রং জলবৃক্ষসমন্বিতম্॥ মনু, ৭ অ। ৭৬।

৭। রাজা সুরম্য, পশুবৃদ্ধিকর, আজীব্য (অর্থাৎ যে স্থানে সহজে জীবিকা নির্ব্বাহ হয়) তরু-গিরি-নদী-শোভিত দেশে রাজধানী স্থাপন করিবেন। সেখানে প্রজাবর্গ, সৈন্যসামন্ত, ধনরত্ন ও আত্মরক্ষার্থে দুর্গ নির্ম্মাণ করিবেন। যাজ্ঞ, ১অ। ৩২১।

দুর্গ প্রস্তুত-প্রণালী।

৮। নৃপতি দুর্গপ্রাকারের ভিত্তি সকলে শূরগণের উপবেশন স্থান সকল প্রস্তুত করিবেন; বায়ু সঞ্চারণ, দুর্গের মধ্য হইতে বহিঃস্থ শত্রুগণকে দর্শন এবং তাহাদের প্রতি আগ্নেয়াস্ত্র * গুলিকা ক্ষেপণ করিবার নিমিত্ত ভিত্তিমধ্যে ক্ষুদ্র ছিদ্র সকল প্রস্তুত করিবেন †। দুর্গের পরিখা স্থাণু, নক্র ও

৭। রম্যং পশব্যমাজীব্যং জাঙ্গলং দেশমাবসেৎ।
তত্র দুর্গাণি কুর্ব্বীত জনকোষাত্মগুপ্তয়ে॥ যাজ্ঞ, ১ অ। ৩২১।

৮। প্রগণ্ডীঃ ‡ কারয়েৎ সম্যগাকাশজননীস্তদা § ।
আপূরয়েচ্চ পরিখাং স্থাণু ¶ নক্রঝষাকুলাম্॥

* এই আগ্নেয়াস্ত্র কিরূপ ছিল, তাহা এক্ষণে মীমাংসা হওয়া কঠিন। অনেকে বলেন কুরুক্ষেত্র যুদ্ধ সময়েও বন্দুকের ব্যবহার ছিল।

† কুরুক্ষেত্র যুদ্ধের পর শর-শয্যাশায়ী ভীষ্মদেব যুধিষ্ঠিরকে এই দুর্গ বিষয়ক উপদেশ দিয়াছিলেন। অধুনা হিন্দু রাজত্বের প্রাচীন রাজধানী হস্তিনাপুর ও ইন্দ্রপ্রস্থের হিন্দু দুর্গাদির ভগ্নাবশেষ কেবল প্রস্তরস্তূপমাত্র আছে, আকারের কোন চিহ্ন নাই, সুতরাং তৎকালে কিরূপ আকারের দুর্গ ছিল, তাহা বলা যায় না। কিন্তু এক্ষণে আগরায় মুসলমান রাজত্বকালের সম্রাট্-নির্ম্মিত যে দুর্গ বর্ত্তমান আছে, তাহা ঠিক ঐরূপ প্রণালীতে গঠিত।

‡ প্রগণ্ডীঃ—দুর্গপ্রাকারভিত্তৌ শূরাণামুপবেশস্থানানি। ইতি নীলকণ্ঠটীকায়াং।

§ আকাশজননীঃ—তত্রৈবৈক পক্ষায়াং ভিত্তৌ তত্রত্যানাং রক্ষণভূতায়াং বাহ্যার্থ দর্শনার্থানি ক্ষুদ্রচ্ছিদ্রাণি যদ্দ্বারা আগ্নেয়াস্ত্রগুলিকাঃ প্রক্ষিপ্যন্তে। ইতি নীলকণ্ঠটীকায়াং।

¶ স্থাণবঃ সশূলাঃ যেষু পতন্ বিদীর্য্যতে। ইতি নীলকণ্ঠটীকায়াং।

ভীমাকার মৎস্য সকল দ্বারা পরিপূরিত করিবেন। পুর হইতে বহির্গমনের ক্ষুদ্র দ্বার সকল প্রস্তুত করিয়া অপর দ্বারের ন্যায় তাহারও রক্ষাবিধান করিবেন। সকল দ্বারেই বৃহৎ যন্ত্র এবং আবশ্যক হইলেই ক্ষেপণ করিতে পারা যায় এরূপ শতঘ্নী * সকল স্থাপন করিবেন। ম, শা, ৬৯ অ। ৪৩—৪৫।

রাজা রাজপুর রক্ষার কিরূপ বিধান করিবেন।

৯। পুরমধ্যে প্রভূত কাষ্ঠ আহরণ করাইবেন। স্থানে স্থানে কূপ খনন করাইবেন এবং যে সকল কূপ অপর সলিলার্থিগণ কর্ত্তৃক পূর্ব্বে খনিত হইয়াছে, তাহার জল বিশুদ্ধ করিবেন। চৈত্র মাসে অগ্নিভয় নিবারণার্থ তৃণাচ্ছাদিত গৃহ সকলে পঙ্কলেপন করাইবেন এবং অপর স্থানের

সঙ্কটদ্বারকাণি স্যুরুচ্ছ্বাসার্থং পুরস্য চ।
তেষাঞ্চ দ্বারবদ্‌গুপ্তিঃ কার্য্যা সর্ব্বাত্মনা ভবেৎ ॥
দ্বারেষু চ গুরূণ্যেব যন্ত্রাণি স্থাপয়েৎ সদা।
আরোপয়েচ্ছতঘ্নীশ্চ স্বাধীনানি চ কারয়েৎ ॥ ম, শা, ৬৯ অ। ৪৩—৪৫।

৯। কাষ্ঠানি চাভিহার্য্যাণি তথা কূপাংশ্চ খানয়েৎ।
সংশোধয়েত্তথা কূপান্ কৃতপূর্ব্বান্ পয়োঽর্থিভিঃ ॥
তৃণাচ্ছন্নানি বেশ্মানি পঙ্কেনাথ প্রলেপয়েৎ।
নির্হরেচ্চ তৃণং মাসি চৈত্রে বহ্নিভয়াত্তথা ॥
নক্তমেব চ ভক্তানি পাচয়েত নরাধিপঃ।

* শত পুরুষঘাতক অস্ত্র বিশেষ। লৌহ কণ্টক ব্যাপ্ত ঘণ্টাকার অস্ত্র—অর্থাৎ যাহাতে এককালে শত ব্যক্তির প্রাণনাশ হইত। অনেকে বলেন কামানের একটী গোলাতেও বহুলোকের প্রাণনাশ হয় বলিয়া তাহাকে শতঘ্নী বলা যাইতে পারে, অতএব হিন্দু রাজত্বকালেও কামানের ব্যবহার ছিল, ইহাই তাঁহাদের মত।

অরক্ষিত তৃণ সকলও হরণ করিয়া আনিবেন। সেই সময়ে নরপতি রাত্রিতেই অন্নাদি ভক্ষদ্রব্য সকল পাক করাইবেন এবং অগ্নিহোত্র ভিন্ন অপর কোন কার্য্যেই দিবাভাগে অগ্নি প্রজ্বালিত করিতে দিবেন না। কর্ম্মারশালা (কামারের কার্য্যঘর) এবং সূতিকাগৃহে সুরক্ষিত ভাবে অগ্নি প্রজ্বালিত করিবে ও সেই অগ্নি গৃহমধ্যে প্রবেশিত করিয়া তাহাকে পাত্রাদি সমাচ্ছাদিত করিয়া রাখিবে। পুরীর রক্ষার নিমিত্ত "যে দিবাভাগে অগ্নি প্রজ্বালিত করিবে, তাহার দণ্ড হইবে" এই ঘোষণা করিয়া দিবেন। সেই সময়ে ভিক্ষুক, শাকটিক (গাড়োয়ান), ক্লীব, উন্মত্ত এবং কুশীলব (নৃত্য-গীতবাদ্য যাহাদের ব্যবসায়) দিগকে রাজ্য হইতে বহিষ্কৃত করিবেন, কারণ তৎকালে তাহারা রাজ্য মধ্যে থাকিলে, অনেক দোষ উপস্থিত হয়। চত্বর, মন্ত্র্যাদি অষ্টাদশবিধ-তীর্থ-সভা এবং সাধারণ লোক সকলের গৃহে উপযুক্ত মত প্রণিধি নিযুক্ত করিবেন। ম, শা, ৬৯ অ। ৪৬—৫২।

রাজপুরীর যে সকল ব্যবস্থা করা আবশ্যক।

১০। নরপতি দুর্গ, স্বীয় রাজ্যসীমার বহির্ভাগ, নগর, উপবন, অন্তঃ-

---

ন দিবা জ্বালয়েদগ্নিং বর্জ্জয়িত্বাগ্নিহোত্রিকম্॥
কর্ম্মারারিষ্টশালাসু জ্বলেদগ্নিঃ সুরক্ষিতঃ।
গৃহাণি চ প্রবেশ্যান্তর্বিধেয়ঃ স্যাদ্ধুতাশনঃ॥
মহাদণ্ডশ্চ তস্য স্যাদ্‌যস্যাগ্নির্বৈ দিবা ভবেৎ।
প্রঘোষয়েদথৈবঞ্চ রক্ষণার্থং পুরস্য চ॥
ভিক্ষুকাংশ্চাক্রিকাংশ্চৈব ক্লীবোন্মত্তান্ কুশীলবান্।
বাহ্যান্ কুর্য্যান্নরশ্রেষ্ঠ দোষায় স্যুর্হি তেঽন্যথা॥
চত্বরেষথ তীর্থেষু সভাস্বাবসথেষু চ।
যথার্থবর্ণং প্রণিধিং কুর্য্যাৎ সর্ব্বস্য পার্থিবঃ॥ ম, শা, ৬৯ অ। ৪৬—৫২।

১০। ন্যসেত গুল্মান্ দুর্গেষু সন্ধৌ চ কুরুনন্দন।
নগরোপবনে চৈব পুরোদ্যানেষু চৈব হি॥

পুরস্থ উদ্যান, চতুষ্পথ, পুর, অন্তঃপুর এবং রাজ-নিবেশন এই সকল স্থানে পদাতি সৈন্যগণকে সংস্থাপিত করিবেন। ম, শা, ৬৯ অ। ৬—৭।

১১। রাজা কিতব অর্থাৎ দ্যূত-সমাহ্বয়-কর্ত্তা, নটবৃত্তিজীবী, ক্রূর-চেষ্ট, চৌরাদি, বেদ-বিদ্বেষী, পরধর্ম্মরত এবং শৌণ্ডিক (শুঁড়ি) প্রভৃতিকে পুরের ভিতর বাস করিতে দিবেন না। এই সকল প্রচ্ছন্ন তস্করেরা রাজ্যে বসতি করিলে, নানা প্রকার বঞ্চনাদি অধর্ম্ম দ্বারা ভদ্র প্রজাদিগকে নিত্যই পীড়া দেয়। মনু, ৯ অ। ২২৫—২২৬।

১২। রাজা নট, নর্ত্তক, মল্ল ও মায়াবিগণ দ্বারা রাজপুরীকে শোভিত এবং অপর সকলকে আনন্দিত করিয়া রাখিবেন। ম, শা, ৬৯ অ। ৬০।

১৩। নরপতি সুবিস্তৃত রাজমার্গ সকল প্রস্তুত করাইবেন এবং

সংস্থানেষু চ সর্ব্বেষু পুরেষু নগরেষু চ।
মধ্যে চ নরশার্দ্দূল তথা রাজনিবেশনে॥ ম, শা, ৬৯ অ। ৬—৭।

১১। কিতবান্ কুশীলবান্ ক্রূরান্ পাষণ্ডস্থাংশ্চ মানবান্।
বিকর্ম্মস্থান্ শৌণ্ডিকাংশ্চ ক্ষিপ্রং নির্ব্বাসয়েৎ পুরাৎ॥
এতে রাষ্ট্রে বর্ত্তমানা রাজ্ঞঃ প্রচ্ছন্নতস্করাঃ।
বিকর্ম্ম ক্রিয়য়া নিত্যং বাধন্তে ভদ্রিকাঃ প্রজাঃ॥ মনু, ৯ অ। ২২৫—২২৬।

১২। নটাংশ্চ নর্ত্তকাংশ্চৈব মল্লান্মায়াবিনস্তথা।
শোভয়েয়ুঃ পুরবরং মোদয়েয়ুশ্চ সর্ব্বশঃ॥ ম, শা, ৬৯ অ। ৬০।

১৩। বিশালান্ রাজমার্গাংশ্চ কারয়েত নরাধিপঃ।
প্রপাশ্চ বিপণাংশ্চৈব যথোদ্দেশং সমাবিশেৎ॥
ভাণ্ডাগারায়ুধাগারান্ যোধাগারাংশ্চ সর্ব্বশঃ।
অশ্বাগারান্ গজাগারান্ বলাধিকরণানি চ॥
পরিখাশ্চৈব কৌরব্য প্রতোলীর্নিষ্কুটানি চ।
ন জাত্বন্যঃ প্রপশ্যেত গুহ্যমেতদ্ যুধিষ্ঠির॥ ম, শা, ৬৯ অ। ৫৩—৫৫।

প্রতোলীঃ রথ্যা। নিষ্কুটানি গৃহারামাঃ। ইতি নীলকণ্ঠ টীকায়াং।

পানীয় শালা ও ক্রয়-বিক্রয়ের স্থান নির্দ্দেশ করিয়া দিবেন। ভাণ্ডাগার (ভাঁড়ার ঘর ও ধনাগার), আয়ুধাগার, যোধাগার, অশ্বাগার, গজশালা, সৈন্যগণের আবাসস্থান, পরিখা, অভ্যন্তরমার্গ এবং অন্তঃপুরস্থ উদ্যান সকল এরূপ গোপনীয় স্থানে নির্ম্মাণ করিবেন, যেন অপর কেহই কোন রূপে সেই সমস্ত দেখিতে না পায়। ম, শা, ৬৯ অ। ৫৩—৫৫।

১৪। যে পুর দুর্গসম্পন্ন, ধান্য ও আয়ুধ-সমন্বিত, দৃঢ়তর প্রাকার ও পরিখা দ্বারা পরিবেষ্টিত, হস্তী, অশ্ব ও রথসমূহে সমাকুল, বিদ্বান্ শিল্পিগণে অধিষ্ঠিত, ধান্যাদি দ্রব্যনিচয়ে পরিপূর্ণ, দক্ষ-ধার্ম্মিক জনগণে প্রতিষ্ঠিত, বলবান্ নর-নাগ ও অশ্ব-সমন্বিত, চত্বর ও আপণ দ্বারা সুশোভিত, প্রসিদ্ধ ব্যবহার-বিশিষ্ট, প্রশান্ত, অকুতোভয়, সুন্দর-প্রভাযুক্ত, গীতবাদিত্রধ্বনি-সমন্বিত, সুপ্রশস্ত-গৃহসংযুক্ত, শূর ও আঢ্যজন-সম্পন্ন, বেদধ্বনি দ্বারা অনুনাদিত, সামাজিক উৎসব-সম্পন্ন এবং সতত-পূজিত দেবগণে অধিষ্ঠিত এতাদৃশ পুর মধ্যে বশীকৃত-অমাত্য-বল-সম্পন্ন রাজা স্বয়ং অধিষ্ঠান করিবেন। ম, শা, ৮৬ অ। ৬—১০।

১৪। যৎপুরং দুর্গসম্পন্নং ধান্যায়ুধসমন্বিতম্।
দৃঢ়প্রাকারপরিখং হস্ত্যশ্বরথসঙ্কুলম্॥
বিদ্বাংসঃ শিল্পিনো যত্র নিচয়াশ্চ সুসঞ্চিতাঃ।
ধার্ম্মিকশ্চ জনো যত্র দাক্ষ্য উত্তমমাস্থিতঃ॥
ঊর্জ্জস্বিনরনাগাশ্বং চত্বরাপণ শোভিতম্।
প্রসিদ্ধব্যবহারঞ্চ প্রশান্তমকুতোভয়ম্॥
সুপ্রভং সানুনাদঞ্চ সুপ্রশস্তনিবেশনম্।
শূরাঢ্যজনসম্পন্নং ব্রহ্মঘোষানুনাদিতম্॥
সমাজোৎসবসম্পন্নং সদাপূজিতদৈবতম্।
বশ্যামাত্যবলো রাজা তৎপুরং স্বয়মাবিশেৎ॥ ম, শা, ৮৬ অ। ৬—১০।

১৫। রাজা সেই পুরমধ্যে বাস করতঃ তথায় কোষ, বল, মিত্র ও ব্যবহার সর্ব্বদা বর্দ্ধন করিবেন এবং পুর ও জনপদ-স্থিত দোষ সকল নিবর্ত্তন করিবেন। ম, শা, ৮৬ অ। ১১।

১৬। ভাণ্ডাগার (ধনাগার), আয়ুধাগার, ধান্যাদি সংগ্রহ সকল এবং মন্ত্র ও আয়ুধালয় সমস্ত যত্নসহকারে বর্দ্ধন করিবেন। ম, শা, ৮৬অ।১২

১৭। কাষ্ঠ, লৌহ, তুষ, অঙ্গার, দেবদারু কাষ্ঠ, শৃঙ্গ, অস্থি, বংশ, মজ্জা, স্নেহ, বসা, মধু, নানাবিধ ঔষধ, শণ, সর্জ্জরস অর্থাৎ ধূনা, ধান্য, আয়ুধ, শর, চর্ম্ম, স্নায়ু, বেত্র, মুঞ্জ ও বল্বজ (উলু খড়), বন্ধন (রজ্জু, নিগড়, শৃঙ্খলাদি), কূপ-সন্নিহিত জলাধার (অর্থাৎ চৌবাচ্চা), উদপান (কূপ) প্রভৃত জলাশয় এবং ক্ষীরিবৃক্ষ (যে সকল বৃক্ষে আটা আছে, বট অশ্বত্থাদি) এই সকল সামগ্রী রাজা সতত স্বীয় পুরে রক্ষা করিবেন। ম, শা, ৮৬ অ। ১৩—১৫।

১৮। নৃপতি আচার্য্য, ঋত্বিক্, পুরোহিত, মহাধন্বী যোদ্ধা, ইষ্টকাদি

১৫। তত্র কোশং বলং মিত্রং ব্যবহারঞ্চ বর্দ্ধয়েৎ।
পুরে জনপদে চৈব সর্ব্বদোষান্নিবর্ত্তয়েৎ॥ ম, শা, ৮৬ অ। ১১।

১৬। ভাণ্ডাগারায়ুধাগারং প্রযত্নেনাভিবর্দ্ধয়েৎ।
নিচয়ান্ বর্দ্ধয়েৎ সর্ব্বাংস্তথাযন্ত্রায়ুধালয়ান্॥ ম, শা, ৮৬ অ। ১২।

১৭। কাষ্ঠলৌহতুষাঙ্গারদারুশৃঙ্গাস্থিবৈণবান্।
মজ্জাস্নেহবসাক্ষৌদ্রমৌষধগ্রামমেব চ॥
শণং সর্জ্জরসং ধান্যমায়ুধানি শরাংস্তথা।
চর্ম্ম স্নায়ুং তথা বেত্রং মুঞ্জবল্বজবন্ধনান্॥
আশয়াশ্চোপদানাশ্চ প্রভূত সলিলাকরাঃ।
নিরোদ্ধব্যাঃ সদা রাজ্ঞা ক্ষীরিণশ্চ মহীরুহাঃ॥ ম, শা, ৮৬ অ। ১৩—১৫।

১৮। সৎকৃতাশ্চ প্রযত্নেন আচার্য্যর্ত্বিক্‌পুরোহিতাঃ।
মহেষ্বাসাঃ স্থপতয়ঃ সাংবৎসরচিকিৎসকাঃ॥ ম, শা, ৮৬ অ। ১৬।

গৃহনির্ম্মাণকর্ত্তা স্থপতি, সাংবৎসরিক অর্থাৎ জ্যোতিষিক এবং চিকিৎসক সকলকে যত্ন-সহকারে সৎকার করিবেন। ম, শা, ৮৬ অ। ১৬।

১৯। রাজা প্রাজ্ঞ, মেধাবী, দান্ত, দক্ষ, শূর, বহু-শ্রুত, কুলীন ও সত্ত্ব-সম্পন্ন পুরুষ সকলকে সমুদায় কার্য্যে নিযুক্ত করিবেন। ম, শা, ৮৬ অ। ১৭।

২০। রাজা ধার্ম্মিক মনুষ্যদিগকে পূজা করিবেন, অধার্ম্মিকদিগকে নিগ্রহ করিবেন এবং যত্নের সহিত সকল বর্ণকে স্বায় স্বীয় কর্ম্মে নিযুক্ত করিবেন। ম, শা, ৮৬ অ। ১৮।

২১। রাজা স্বপুর মধ্যে নিয়ত নানাবিধ যজ্ঞ দ্বারা যাগ, অক্লেশে দান এবং প্রজা রক্ষা করিবেন, পরন্তু ধর্ম্ম-বাধক কোন কার্য্য করিবেন না। ম, শা, ৮৬ অ। ২৩।

২২। রাজ-পুরস্থিত কৃপণ, অনাথ, বৃদ্ধ এবং বিধবা স্ত্রীলোকদিগের বৃত্তি এবং স্বরাষ্ট্র-পালন ও পররাষ্ট্র-চিন্তনরূপ যোগক্ষেম নিয়ত সম্পাদন করিবেন। ম, শা, ৮৬ অ। ২৪।

২৩। রাজা আশ্রমবাসীদিগকে সৎকার, সম্মাননা, ও অভ্যর্চ্চনা-

১৯। প্রাজ্ঞা মেধাবিনো দান্তা দক্ষাঃ শূরা বহুশ্রুতাঃ।
কুলীনাঃ সত্ত্বসম্পন্না যুক্তাঃ সর্ব্বেষু কর্ম্মসু॥ ম, শা, ৮৬ অ। ১৭।

২০। পূজয়েদ্ধার্ম্মিকান্ রাজা নিগৃহ্নীয়াদধার্ম্মিকান্।
নিযুঞ্জ্যাচ্চ প্রযত্নেন সর্ব্ববর্ণান্ স্বকর্ম্মসু॥ ম, শা, ৮৬ অ। ১৮।

২১। যষ্টব্যং ক্রতুভির্নিত্যং দাতব্যং চাপ্যপীড়য়া।
প্রজানাং রক্ষণং কার্য্যং ন কার্য্যং ধর্ম্মবাধকম্॥ ম, শা, ৮৬ অ। ২৩।

২২। কৃপণানাথবৃদ্ধানাং বিধবানাঞ্চ যোষিতাম্।
যোগক্ষেমঞ্চ বৃত্তিঞ্চ নিত্যমেব প্রকল্পয়েৎ॥ ম, শা, ৮৬ অ। ২৪।

২৩। আশ্রমেষু যথাকালঞ্চৈলভাজনভোজনম্।
সদৈবোপহরেদ্রাজা সৎকৃত্যাভ্যর্চ্চ্য মান্য চ॥ ম, শা, ৮৬ অ। ২৫।

পূর্ব্বক যথাকালে অন্ন, বস্ত্র ও পাত্র সতত উপহার দিবেন। ম, শা, ৮৬ অ। ২৫।

২৪। পুরবাসী রাজা যত্ন-সহকারে তপস্বীদিগকে রাষ্ট্রের সমুদায় কার্য্য ও নিজ দেহের বৃত্তান্ত নিবেদন করিবেন এবং নত হইয়া সর্ব্বদা তাঁহাদের নিকট অবস্থান করিবেন। ম, শা, ৮৬ অ। ২৬।

২৫। রাজা স্বীয় রাষ্ট্র, পররাষ্ট্র, অটবী ও সামন্ত নগরে ভিন্ন ভিন্ন তপস্বীকে সখা করিয়া রাখিবেন এবং স্বরাষ্ট্রস্থ তপস্বীর ন্যায়, পররাষ্ট্রস্থিত ও অটবীস্থিত তপস্বী সকলকে সৎকার ও সম্মান সহকারে ধনাদি দান করিবেন, যেহেতু নরপতি কোন অবস্থায় তপস্বীদিগের শরণাগত হইলে, সেই সংশিত-ব্রত তাপসগণ ইচ্ছামত রাজাকে আশ্রয় প্রদান করিয়া থাকেন। ম, শা, ৮৬ অ। ৩০—৩২।

২৬। রাজা তপস্বিজনে নিধি সমুদায় সংস্থাপন করিবেন এবং তাঁহার নিকট প্রজ্ঞা গ্রহণ করিবেন; পরন্তু পুনঃ পুনঃ তাঁহার সেবা করিবেন না এবং অতিশয় পূজা করিবেন না। ম, শা, ৮৬ অ। ২৯।

২৪। আত্মানং সর্ব্বকার্য্যাণি তাপসে রাষ্ট্রমেব চ।
নিবেদয়েৎ প্রযত্নেন তিষ্ঠেৎ প্রহ্বশ্চ সর্ব্বদা॥ ম, শা, ৮৬ অ। ২৬।

২৫। অন্যঃ কার্য্যঃ স্বরাষ্ট্রেষু পররাষ্ট্রেষু চাপরঃ॥
অটবীষু পরঃ কার্য্যঃ সামন্তনগরেষ্বপি॥
তেষু সৎকারমানাভ্যাং সংবিভাগাংশ্চ কারয়েৎ।
পররাষ্ট্রাটবীস্থেষু যথা স্ববিষয়ে তথা॥
তে কস্যাঞ্চিদবস্থায়াং শরণং শরণার্থিনে।
রাজ্ঞে দদ্যুর্যথাকামং তাপসাঃ সংশিতব্রতাঃ॥ ম, শা, ৮৬ অ। ৩০—৩২।

২৬। তস্মিন্নিধীনাদধীত প্রজ্ঞাং পর্য্যাদদীত চ।
ন চাপ্যতীক্ষ্ণং সেবেত ভৃশং বা প্রতিপূজয়েৎ॥ ম, শা, ৮৬ অ। ২৯।

কামন্দক-বিহিত রাজপুর-বিধান।

২৭। বহুল সীমাযুক্ত, গভীর-খাত-পরিখা-বিশিষ্ট, উচ্চ-প্রাচীর ও উচ্চ পুরদ্বারযুক্ত, পর্ব্বত-নদী-বন-উপবন-বিশিষ্ট নগরে রাজা বাস করিবেন। কাম, ৪ স। ৫৭।

২৮। জল, ধান্য ও ধনযুক্ত, বহুকাল পর্য্যন্ত স্থিতিশীল মহদ্দুর্গই প্রশস্ত। দুর্গ-বিহীন রাজা বায়ু-চালিত মেঘাবয়বের তুল্য। কাম, ৪ স। ৫৮।

২৯। শাস্ত্রজ্ঞ পণ্ডিতেরা জল-দুর্গ, পার্ব্বত-দুর্গ, বার্ক্ষ-দুর্গ, ঐরিণ-দুর্গ ও ধান্বন-দুর্গকেই প্রশস্ত দুর্গ কহিয়া থাকেন। কাম, ৪স। ৫৯।

৩০। জল, অন্ন, অস্ত্র ও যন্ত্রযুক্ত, ধীর-যোদ্ধৃগণে পরিবেষ্টিত এবং যে স্থানে শত্রুগণ আক্রমণ করিতে পারে না, সেই স্থানকে আচার্য্যেরা দুর্গ বলিয়া থাকেন। কাম, ১২স। ৬০।

৩১। যে দুর্গ হইতে পলাইবার পথ আছে, সেই দুর্গ, সমতল ভূমি

২৭। পৃথসীম মহাখাতমুচ্চপ্রাকারগোপুরম্।
সমাবেশৎপুরং শৈলসরিদ্বন বনাশ্রয়ম্॥ কাম, ৪ স। ৫৭।

২৮। জলবদ্ধান্যধনবদ্দুর্গং কালসহং মহৎ।
দুর্গহীনো নরপতির্বাতাভ্রাবয়বৈঃ সমঃ॥ কাম, ৪ স। ৫৮।

২৯। ঔদকং পার্ব্বতং বার্ক্ষমৈরিণং ধান্বনস্তথা।
প্রশস্তং শাস্ত্রমতিভির্দুর্গং দুর্গোপচিন্তকৈঃ॥ কাম, ৪ স। ৫৯।

৩০। জলান্নায়ুধযন্ত্রাঢ্যং ধীরযোধৈরধিষ্ঠিতম্।
গুপ্তিপ্রধানমাচার্য্যা দুর্গং সমনুমেনিরে॥ কাম, ১২ স। ৬০।

৩১। সাপসারাণি দুর্গাণি ভুবঃ সারূপজাঙ্গলাঃ।
নিবাসায় প্রশস্যান্তে ভূভুজাং ভূতিমিচ্ছতাম্॥ কাম, ১২ স। ৬১।

ও জঙ্গল-যুক্ত সাধারণ ভূমিই ঐশ্বর্য্যকামী রাজাদের বাসের প্রশস্ত স্থান। কাম, ১২স। ৬১।

শুক্রাচার্য্য রাজার রাজধানী স্থাপন, রাজগৃহ নির্ম্মাণ বিষয়ে যে বিধান করিয়াছেন এবং রাজ্যমধ্যে গ্রাম ও নগর স্থাপন, রক্ষা ও রাজপথাদির যেরূপ বিধি নির্দ্ধারণ করিয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল।

৩২। রাজা নানা বৃক্ষলতাকীর্ণ, পশুপক্ষিগণাবৃত, প্রচুর জল ও ধান্য-সমন্বিত, তৃণ-কাষ্ঠ-পর্য্যাপ্ত, সমুদ্রাবধি-নৌগম্য, পর্ব্বতের অনতিদূর, সমতল ভূমিতে রাজধানী স্থাপন করিবেন। শুক্র, ১ অ। ২১৩—১৪৪।

৩৩। অর্দ্ধচন্দ্রাকার অথবা মণ্ডলাকার অথবা চতুষ্কোণ, সুশোভন, প্রাচীরবেষ্টিত, সপরিখ, গ্রামাদির মধ্যস্থিত, সভা-মধ্য, কূপ-বাপী-তড়াগ-সমন্বিত, চতুর্দ্দিকে দ্বার-বিশিষ্ট, সুন্দর পথ ও উপবন-শ্রেণী-বিশিষ্ট; সুদৃঢ় দেবালয়, মঠ, ও পান্থশালা-বিরাজিত পুরী নির্ম্মাণ করিয়া রাজা প্রজাবর্গের সহিত সুরক্ষিত হইয়া বাস করিবেন। শুক্র, ১ অ। ২১৫—২১৭।

৩২। নানাবৃক্ষলতাকীর্ণে পশুপক্ষিগণাবৃতে।
সুবহূদকধান্যে চ তৃণকাষ্ঠ সুখে সদা॥
আসিন্ধুনৌগমাকূলে নাতিদূরমহীধরে।
সুরম্যসমভূদেশে রাজধানীং প্রকল্পয়েৎ॥ শুক্র, ১অ।২১৩—২১৪।

৩৩। অর্দ্ধচন্দ্রাং বর্ত্তুলাং বা চতুরস্রাং সুশোভনাম্।
সপ্রাকারাং সপরিখাং গ্রামাদীনাং নিবেশিনীম্॥
সভামধ্যাং কূপবাপীতড়াগাদিযুতাং সদা।
চতুর্দ্দিক্ষু চতুর্দ্বারাং সুমার্গারামবীথিকাম্॥
দৃঢ়সুরালয়মঠপান্থশালা বিরাজিতাম্।
কল্পয়িত্বা বসেৎতত্র সুগুপ্তঃ সপ্রজোনৃপঃ॥ শুক্র, ১ অ। ২১৫—২১৭।

৩৪। রাজধানীতে মধ্যস্থিতসভাগৃহ, গজ-অশ্ব-গো-শালা-শোভিত, প্রশস্ত-বাপী-কূপাদি-জল-যন্ত্র-বিশিষ্ট, সর্ব্বতঃ সমভুজ, দক্ষিণভাগে উচ্চ ও উত্তর ভাগে অবনত, গৃহাদিবেষ্টিত, অযুগ্ম-হস্ত-পরিমিত প্রশস্ত-প্রাঙ্গণ-বিশিষ্ট, শস্ত্রাস্ত্রধারীরক্ষিরক্ষিত প্রাকার-বিশিষ্ট, মন্ত্রণাদির উপযুক্ত রাজ-গৃহ হইবে। (চতুঃশাল ব্যতীত বহু-ভুজ-পরিমিত গৃহের শোভা হয় না)। শুক্র, ১। অ ২১৮—২২০।

৩৫। রাজ-গৃহ তিন কক্ষ ও চতুর্দ্বার শোভিত, পর্য্যায়ক্রমে চারি, পাঁচ অথবা ছয় জন প্রহরী দ্বারা দিবারাত্রি রক্ষিত, নানাগৃহ, পটমণ্ডপ ও হর্ম্ম্যাদি দ্বারা সুশোভিত হইবে। শুক্র, ১ অ। ২২১—২২২।

৩৬। পূর্ব্বদিকে বস্ত্রাদি মার্জ্জন, স্নান, যজ্ঞানুষ্ঠান, ভোজন এবং রন্ধন-গৃহ নির্ম্মাণ করিবে। শুক্র, ১ অ। ২২৩।

৩৭। দক্ষিণদিকে নিদ্রা, বিহার, পান, ধান্যাদি রক্ষা, গোধূমাদি

৩৪। রাজগৃহং সভামধ্যং গবাশ্বগজশালিকম্।
প্রশস্তবাপীকূপাদিজলযন্ত্রৈঃ সুশোভিতম্॥
সর্ব্বতঃ স্যাৎ সমভুজং দক্ষিণোচ্চমুদঙ্নতম্।
শালাং বিনা নৈকভুজং তথা বিষমবাহুকম্॥
প্রায়ঃশালা নৈকভুজা চতুঃশালং বিনা শুভা।
শস্ত্রাস্ত্রধারিসংযুক্তপ্রাকারং সুষ্টুমন্ত্রকম্॥ শুক্র, ১অ। ২১৮—২২০।

৩৫। সত্রিকক্ষ চতুর্দ্বারং চতুর্দ্দিক্ষু সুশোভিতম্।
দিবারাত্রৌ সশস্ত্রাস্ত্রৈঃ প্রতিকক্ষাসু গোপিতম্॥
চতুর্ভিঃ পঞ্চভিঃ ষড়্ভির্যামিকৈঃ পরিবর্ত্তকৈঃ।
নানাগৃহোপকার্য্যাট্ট সংযুতং কল্পয়েৎ সদা॥ শুক্র, ১অ। ২২১—২২২

৩৬। বস্ত্রাদিমার্জ্জনার্থঞ্চ স্নানার্থং যজনার্থকম্।
ভোজনার্থঞ্চ পাকার্থং পূর্ব্বস্যাং কল্পয়েৎ গৃহান্॥ শুক্র, ১অ। ২২৩।

৩৭। নিদ্রার্থঞ্চ বিহারার্থং পানার্থং রোদনার্থকম্।
ধান্যার্থং ঘরটাদ্যর্থং দাসীদাসার্থমেব চ॥

পেষণ, দাসদাসীদিগের গৃহ ও মল-মূত্রাদি পরিত্যাগের গৃহ এবং পশ্চিম-দিকে গো, মৃগ, উষ্ট্র ও গজাদির নিমিত্ত গৃহ অনুক্রমানুসারে নির্ম্মাণ করিবে। শুক্র, ১ অ। ২২৪—২২৫।

৩৮। উত্তর দিকে রথ, অশ্ব, অস্ত্রশস্ত্র, ব্যায়াম. বস্ত্রাদি সংরক্ষণ, দ্রব্যাদি রক্ষণ এবং বিদ্যাভ্যাসের নিমিত্ত সুরক্ষিত গৃহ নির্ম্মাণ করিবে, অথবা যথাভিলষিত গৃহাদি নির্ম্মাণ করিবে। শুক্র, ১ অ। ২২৬—২২৭।

৩৯। বিচারালয় ও শিল্পাগার রাজ-গৃহের উত্তরভাগে নির্ম্মাণ করিবে। রাজ-গৃহের ভিত্তি, গৃহের বিস্তারের অপেক্ষা পঞ্চমাংশ অধিক উন্নত হইবে এবং গৃহভ্যান্তরভাগের বিস্তারের ষষ্ঠ ভাগ স্থূল হইবে, সর্ব্বতঃ এক ভূমি গৃহের এই উৎকৃষ্ট ঊর্দ্ধমান। শুক্র, ১ অ। ২২৮—২২৯।

৪০। স্তম্ভ অথবা ভিত্তি দ্বারা পৃথক্ পৃথক্ প্রকোষ্ঠ বিভাগ করিবে।

উৎসর্গার্থং গৃহান্ কুর্য্যাদ্দক্ষিণস্যামনুক্রমাৎ।
গোমৃগোষ্ট্রগজাদ্যর্থং গৃহান্ প্রত্যক্প্রকল্পয়েৎ॥ শুক্র. ১অ। ২২৪—২২৫।

৩৮। রথবাজ্যস্ত্রশস্ত্রার্থং ব্যায়ামাযামিকার্থকম্।
বস্ত্রার্থকস্ত দ্রব্যার্থং বিদ্যাভ্যাসার্থমেব চ॥
উদগ্গৃহান্ প্রকুর্ব্বীত সুগুপ্তান্ সুমনোহরান্।
যথাসুখানি বা কুর্য্যাদ্ গৃহাণ্যেতানি বৈ নৃপঃ॥ শুক্র, ১ অ। ২২৬—২২৭।

৩৯। ধর্ম্মাধিকরণং শিল্পশালাং কুর্য্যাদুদগ্গৃহাৎ।
পঞ্চমাংশাধিকোচ্ছ্রায়া ভিত্তির্বিস্তারতো গৃহে॥
কোষ্ঠবিস্তার ষষ্ঠাংশস্থূলা সা চ প্রকীর্ত্তিতা।
একভূমেরিদং মানমূর্দ্ধমূর্দ্ধং সমন্ততঃ॥ শুক্র, ১অ ২২৮—২২৯।

৪০। স্তম্ভৈশ্চ ভিত্তিভির্বাপি পৃথক্কোষ্ঠানি সংন্যসেৎ।
ত্রিকোষ্ঠং পঞ্চকোষ্ঠং বা সপ্তকোষ্ঠং গৃহং স্মৃতম্॥
দ্বারার্থমষ্টধাভক্তং দ্বারস্থাংশৌ তু মধ্যমৌ।
দ্বৌ দ্বৌ জ্ঞেয়ৌ চতুর্দ্দিক্ষু ধনপুত্রপ্রদৌ নৃণাম্॥

গৃহ ত্রিকোষ্ঠ, পঞ্চকোষ্ঠ বা সপ্তকোষ্ঠ কিংবা দ্বার সহিত অষ্টকোষ্ঠ হইবে, কিন্তু দ্বারাংশ মধ্যস্থানে দুইটী দুইটী করিয়া থাকিলে তাহাই শুভপ্রদ। চতুর্দ্দিকে দুই দুই করিয়া দ্বার রাজার ধন-পুত্রপ্রদ। কোষ্ঠ-বিভাগে এই রূপ দ্বার স্থাপন করিবে, কদাচ অন্যথা করিবে না। কোষ্ঠে সুবিধা অনুসারে পৃথক্ পৃথক্ বাতায়ন স্থাপন করিবে। শুক্র, ১ অ। ২৩০—২৩২।

৪১। অন্য গৃহদ্বার-বিদ্ধ, অথবা গৃহকোণ, স্তম্ভ, মার্গ, পীঠ ও কূপ-বিদ্ধ গৃহদ্বার করিবে না। প্রাসাদ ও মণ্ডপের (দেব-গৃহের) দ্বারে মার্গ-বেধ করিবে না, উচ্ছ্রায়ের চতুর্থাংশ গৃহ-পীঠ নির্ম্মাণ করিবে। কাহারও মতে গৃহপীঠ প্রাসাদ ও মণ্ডপের অর্দ্ধাংশ হইবে। কোন বাতায়নই অপর বাতায়ন বিদ্ধ করিবে না। শুক্র, ১ অ। ২৩৩—২৩৫।

৪২। খর্পর ছদি বিস্তারের অর্দ্ধেক উচ্চ হইবে, যেন তাহা হইতে পতিত জল অনায়াসে নিম্নে যাইতে পারে। ছদি কদাচ হীন অথবা নিম্ন করিবে না। শুক্র, ১ অ। ২৩৬—২৩৭।

তত্রৈব কল্পয়েদ্দ্বারং নান্যথা তু কদাচন।

বাতায়নং পৃথক্‌কোষ্ঠে কুর্য্যাদ্ যাদৃক্ সুখাবহম্॥ শুক্র, ১ অ। ২৩০—২৩২।

৪১। অন্যগৃহদ্বারবিদ্ধং গৃহদ্বারং ন চিন্তয়েৎ।

গৃহকোণস্তম্ভমার্গপীঠকূপৈশ্চ বেধিতম্॥

প্রাসাদমণ্ডপদ্বারে মার্গবেধো ন বিদ্যতে।

গৃহপীঠং চতুর্থাংশমুচ্ছ্রায়স্য প্রকল্পয়েৎ॥

প্রাসাদানাং মণ্ডপানামর্দ্ধাংশং বাপরে জগুঃ।

পরবাতায়নৈর্বিদ্ধং নাপি বাতায়নং স্মৃতম্॥ শুক্র, ১ অ। ২৩৩—২৩৫।

৪২। বিস্তারর্দ্ধাংশমধ্যোচ্চা ছদিঃ খর্পর সম্ভবা

পতিতস্তু জলং তস্যাং সুখং গচ্ছতি বাপ্যধঃ॥

"হীনা নিম্না ছদির্ন স্যাৎ তাদৃক্ কোষ্ঠস্য বিস্তরঃ।" শুক্র, ১ অ। ২৩৬—২৩৭।

রাজগৃহের প্রাকার কিরূপ হইবে।

৪৩। প্রাকার উচ্ছ্রায়ের অর্দ্ধমূল বা সমমূল করিবে না। প্রাকার তৃতীয়াংশক-মূল এবং উচ্চতার অর্দ্ধ-বিস্তার হইবে, এরূপ উচ্চ করিবে যেন দস্যু লঙ্ঘন করিতে না পারে। প্রাকার সর্ব্বদা প্রহরী-রক্ষিত, নালিকাস্ত্র-সংযুক্ত, বহু সুদৃঢ় গুল্ম-বিশিষ্ট ও সুন্দর গবাক্ষ-শ্রেণীযুক্ত হইবে। প্রাকার প্রতিপক্ষের প্রাকার অপেক্ষা উন্নত, নিকটে পর্ব্বতাদি-বিহীন হইবে। তাহার পরে খাত অপেক্ষা দ্বিগুণ বিস্তৃত পরিখা খনন করিবে। পরিখা প্রাকারের অতি সমীপে খনন করিবে না, পরিখা অগাধ-সলিলা ও সুদৃশ্যা হইবে, কিন্তু যুদ্ধসম্ভার ও যুদ্ধনিপুণ যোদ্ধাদি ব্যতিরেকে রাজার দুর্গবাস মঙ্গলকর নহে, অপিতু বন্ধনের কারণ হয়। শুক্র, ১ অ। ২৩৭—২৪২।

রাজসভা-গৃহ কিরূপ হইবে।

৪৪। রাজা সুরক্ষিত ও মনোরম রাজসভা নির্ম্মাণ করিবেন। রাজ-

৪৩। স্বোচ্ছ্রায়স্যার্দ্ধমূলো বা প্রাকারঃ সমমূলকঃ।''
তৃতীয়াংশক মূলো বা হ্যুচ্ছ্রায়ার্দ্ধপ্রবিস্তরঃ।
উচ্ছ্রিতস্তু তথা কার্য্যো দস্যুভির্ন বিলঙ্ঘ্যতে॥
যামিকৈঃ রক্ষিতো নিত্যং নালিকাস্ত্রৈশ্চ সংযুতঃ।
সুবহুদৃঢ়গুল্মশ্চ সুগবাক্ষপ্রণালিকঃ॥
স্বহীনপ্রতিপ্রাকারো হ্যসমীপমহীধরঃ।
পরিখা চ ততঃ কার্য্যা খাতাদ্ দ্বিগুণবিস্তরা॥
নাতিসমীপপ্রাকারা হ্যগাধসলিলা শুভা।
যুদ্ধসাধনসম্ভারৈঃ সুযুদ্ধকুশলৈর্বিনা॥
"ন শ্রেয়সে দুর্গবাসো রাজ্ঞঃ স্যাদ্ বন্ধনায় সঃ।" শুক্র, ১ অ। ২৩৭—২৪২।

৪৪। রাজ্ঞা রাজসভা কার্য্যা সুগুপ্তা সুমনোরমা।''
ত্রিকোষ্ঠৈঃ পঞ্চকোষ্ঠৈর্বা সপ্তকোষ্ঠৈঃ সুবিস্তৃতা।

সভা ত্রিকোষ্ঠ, পঞ্চকোষ্ঠ অথবা সপ্তকোষ্ঠে বিভক্ত, দক্ষিণ উত্তরে দীর্ঘ, সুবিস্তৃত, অথবা পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ, বিস্তারের দ্বিগুণ দীর্ঘ, কিংবা বিস্তারের ত্রিগুণ দীর্ঘ অথবা ইচ্ছামত একগৃহ, দ্বিগৃহ বা ত্রিগৃহ-বিশিষ্ট, শিরোগৃহ-সমন্বিত, প্রতি প্রকোষ্ঠের চতুর্দ্দিকে বাতায়নাদি শোভিত হইবে; মধ্য প্রকোষ্ঠের বিস্তার পার্শ্বপ্রকোষ্ঠের দ্বিগুণ হইবে। মধ্যপ্রকোষ্ঠের উচ্চতা বিস্তার অপেক্ষা পঞ্চমাংশ অধিক হইবে, কিংবা বিস্তারের সমান হইবে। তাহাতে প্রকেষ্ঠের ভূমি বা ছাদ করিবে, পার্শ্বকোষ্ঠ দ্বিভূমিক, হইলে মধ্যকোষ্ঠ এক-ভূমিক করিবে। যাহাতে পৃথক্ পৃথক্ স্তম্ভ দ্বারা পরিচ্ছিন্ন কোষ্ঠ আছে, সুন্দর চতুষ্পথ আছে এবং জলোদ্গম যন্ত্র (ফোয়ারা) ও সুস্বর-যন্ত্র বিরাজিত এবং যাহা বাতপ্রেরক যন্ত্র (টানাপাখা) ও কাল-নিরূপক যন্ত্র (ঘড়ি), সুন্দর দর্পণ ও মনোহর প্রতিকৃতি সকল দ্বারা শোভিত, মন্ত্রণা ও কার্য্য পরি-দর্শনার্থ এইরূপ রাজসভা নির্ম্মাণ করিবেন। শুক্র, ১ অ। ২৪২—২৫০।

দক্ষিণোদক্ তথাদীর্ঘা প্রাক্প্রত্যগ্ দ্বিগুণাথবা ॥
ত্রিগুণা বা যথা কামমেক ভূমির্দ্বিভূমিকা।
ত্রিভূমিকা বা কর্ত্তব্যা সোপকার্য্যা শিরোগৃহা ॥
পরিতঃ প্রতিকোষ্ঠে তু বাতায়নবিরাজিতা।
পার্শ্বকোষ্ঠাৎ তু দ্বিগুণো মধ্যকোষ্ঠস্য বিস্তরঃ ॥
পঞ্চমাংশাধিকং তূচ্চং মধ্যকোষ্ঠস্য বিস্তরাৎ।
বিস্তারেণ সমং তূচ্চং পঞ্চমাংশাধিকন্তু বা ॥
কোষ্ঠকানাঞ্চ ভূমির্বা ছদির্বা তত্র কারয়েৎ।
দ্বিভূমিকে পার্শ্বকোষ্ঠে মধ্যমং ত্বেকভূমিকম্ ॥
পৃথক স্তম্ভান্তসৎকোষ্ঠা চতুর্মার্গাগমা শুভা।
জলোর্দ্ধপাতিযন্ত্রৈশ্চ যুতা সুস্বর যন্ত্রকৈঃ ॥
বাতপ্রেরকযন্ত্রৈশ্চ যন্ত্রৈঃ কালপ্রবোধকৈঃ।
প্রতিষ্ঠিতা চ স্বাদর্শৈস্তথা চ প্রতিরূপকৈঃ ॥
"এবং বিধা রাজসভা মন্ত্রার্থা কার্য্যদর্শনে।" শুক্র। ১ অ। ২৪২—২৫০।

অন্যান্য আবশ্যকীয় গৃহের অবস্থান কিরূপ হইবে।

৪৫। অমাত্য, লেখক, সভ্য ও কর্ম্মচারীদিগের গৃহ রাজগৃহ হইতে শতহস্ত অন্তরে পৃথক্ পৃথক্ নির্ম্মাণ করিবে। শুক্র, ১ অ। ২৫০—২৫১।

৪৬। বিজ্ঞ রাজা রাজগৃহের সমীপে অথচ দ্বিশত হস্ত দূরে উত্তর-দিকে সেনানিবেশ নির্ম্মাণ করিবেন। তৎপরে রাজগৃহের সমীপে চতুর্দ্দিকে জাতিক্রমানুসারে সধন-শ্রেষ্ঠ প্রজাদিগের বাসগৃহ নির্ম্মাণ করাইবেন। শুক্র, ১ অ। ২৫২—২৫৩।

৪৭। তদনন্তর প্রকৃতি (প্রধান পুরুষ), অনুপ্রকৃতি (নিকৃষ্ট প্রজা) অধিকারিগণ (রাজনিযুক্ত ভৃত্যবর্গ), সেনাপতি, পদাতি, পরে অশ্ব সহিত অশ্বারোহিবর্গ, গজ সহিত গজপাল, বৃহৎ নালিকাযন্ত্র,রাজাশ্বিগণ, তদনন্তর রক্ষিবর্গ, আরণ্যকগণ ক্রমে ইহাদিগের শোভনীয় গৃহ রাজপুরে নির্ম্মাণ করিবেন। শুক্র, ১ অ। ২৫৪—২৫৬।

৪৫। "তথাবিধামাত্যলেখ্যসভ্যাধিকৃত শালিকাঃ॥"
কর্ত্তব্যাশ্চ পৃথক্ তেতাস্তদর্থাশ্চ পৃথক্ পৃথক্।
শতহস্তমিতাং ভূমিং ত্যক্ত্বা রাজগৃহাৎ সদা॥ শুক্র, ১ অ। ২৫০—২৫১॥

৪৬। উদক্দ্বিশতহস্তাং প্রাক্ সেনাসংবেশনার্থকাম্।
আরাদ্রাজগৃহস্যৈব প্রজানাং নিলয়ানি চ॥
সধনশ্রেষ্ঠ জাত্যানুক্রমতশ্চ সদা বুধঃ।
সমন্তাচ্চ চতুর্দ্দিক্ষু বিন্যসেচ্চ ততঃ পরম্। শুক্র, ১ অ। ২৫২—২৫৩।

৪৭। প্রকৃত্যনুপ্রকৃতয়ো হ্যধিকারিগণস্ততঃ।
সেনাধিপাঃ পদাতীনাং গণঃ সাদিগণস্ততঃ॥
সাশ্বশ্চ সগজশ্চাপি গজপালগণস্ততঃ।
বৃহন্নালিকযন্ত্রাণি ততঃ স্বতুরগীগণঃ॥
ততঃ স্বগৌল্মিকগণো হ্যারণ্যকগণস্ততঃ।
ক্রমাদেষাং গৃহাণি স্যুঃ শোভনানি পুরে সদা॥ শুক্র, ১ অ। ২৫৪—২৫৬।

৪৮। তদনন্তর রাজা সুরক্ষিত,সুজল, পান্থশালা নির্ম্মাণ করিবেন। পুরে বা গ্রামে শ্রেণীক্রমে সজাতীয় লোকের গৃহ পূর্ব্ব বা উত্তরমুখে স্থাপন করিবেন। একজাতীয় পণ্যজাত দ্বারা আপণে (দোকানে) পণ্য স্থাপন করাইবেন। শুক্র, ১ অ। ২৫৭—২৫৮।

৪৯। রাজপথের উভয়পার্শ্বে সমৃদ্ধদিগের গৃহাদি স্থাপন করিবেন। রাজা এইরূপ নগর ও গ্রামাদির পত্তন করিবেন। শুক্র, ১ অ। ২৫৯।

রাজপথ কিরূপ হইবে।

৫০। রাজা রাজগৃহের চতুর্দ্দিকে রাজপথ নির্ম্মাণ করিবেন। উত্তম রাজপথ ত্রিংশৎ হস্ত পরিমিত। বিংশতি হস্ত পরিমিত রাজপথ, মধ্যম দশ ও পঞ্চহস্তপরিমিত রাজপথ অধম। নগর ও গ্রামের বাজার প্রভৃতির

৪৮। পান্থশালা ততঃ কার্য্যা সুগুপ্তা সুজলাশয়া।
সজাতীয় গৃহাণাং হি সমুদায়েন পংক্তিতঃ॥
নিবেশনং পুরে গ্রামে প্রাগুদঙ্মুখমেব বা।
সজাতি পণ্যনিবহৈরাপণে পণ্যবেশনম্। শুক্র, ১ অ। ২৫৭—২৫৮।

৪৯। ধনিকাদি ক্রমেণৈব রাজমার্গস্য পার্শ্বয়োঃ।
এবং হি পত্তনং কুর্য্যাৎ গ্রামঞ্চৈব নরাধিপঃ॥ শুক্র, ১ অ। ২৫৯।

৫০। রাজমার্গাস্তু কর্ত্তব্যাশ্চতুর্দ্দিক্ষু নৃপগৃহাৎ।
উত্তমো রাজমার্গস্তু ত্রিংশদ্ধস্তমিতো ভবেৎ॥
মধ্যমো বিংশতিকরো দশপঞ্চ করোঽধমঃ।
পণ্যমার্গাস্তথা চৈতে পুরগ্রামাদিষু স্থিতাঃ॥
করত্রয়াত্মিকা পদ্যা বীথিঃ পঞ্চকরাত্মিকা।
মার্গো দশকরঃ প্রোক্তো গ্রামেষু নগরেষু চ॥
প্রাক্‌পশ্চাদ্দক্ষিণোদক্ তান্ গ্রামমধ্যাৎ প্রকল্পয়েৎ।
পুরং দৃষ্ট্বা রাজমার্গান্ সুবহূন্ কল্পয়েন্নৃপঃ॥

পথও প্রশস্ত করিবেন। কেবল পাদচারণ যোগ্য পথ তিনহস্ত পরিমিত ও বীথি (বাজারের পথ) পঞ্চহস্ত পরিমিত করিবেন। গ্রামের ও নগরের সাধারণ পথ দশ হস্তমিত হইবে। রাজা চতুর্দ্দিক দেখিয়া বিবেচনা পূর্ব্বক পথ নির্ম্মাণ করাইবেন। রাজধানীতে বীথি (অল্পপরিসর পথ) বা পদ্যা (পাদচারণ যোগ্য পথ) প্রস্তুত করাইবেন। চতুর্ব্বিংশতি ক্রোশ ব্যবহিত অরণ্যে গমনাগমন জন্য উত্তম রাজপথ নির্ম্মাণ করাইবেন। মধ্যভাগে মধ্যম এবং ঐ দুই পথের মধ্যে অধম পথ প্রস্তুত করিবেন। প্রতি গ্রামেই দশহস্ত পরিমিত পথ সর্ব্বদাই প্রস্তুত রাখিবেন। গ্রামবাসিগণ কূর্ম্মপৃষ্ঠ ও সেতুবিশিষ্ট পথ প্রস্তুত করিবে এবং জলনির্গমার্থ পথপার্শ্বে খাত করিবে। যাহাতে রাজপথের সুখভোগ ঘটে অধিবাসীরা এইরূপে গৃহনির্ম্মাণ করিবে। গৃহের পশ্চাতে মলনিঃসরণার্থ অল্প-পরিসর নিকাশ রাখিবে। প্রতিবৎসর রাজপথের উভয় পার্শ্বে অবস্থিত গৃহগুলির মধ্যবর্ত্তী পথ সুধাশর্কর (কঙ্কর-ঘুটিং) দ্বারা বাঁধিবে। শুক্র, ১ অ। ২৬০—২৬৮।

ন বীথিং ন চ পদ্যাং হি রাজধান্যাং প্রকল্পয়েৎ।
ষড়্‌যোজনান্তরেঽরণ্যে রাজমার্গন্তু চোত্তমম্॥
কল্পয়েৎ মধ্যমং মধ্যে তয়োর্ম্মধ্যে তথাধমম্।
দশহস্তাত্মকং নিত্যং গ্রামে গ্রামে নিযোজয়েৎ॥
কূর্ম্মপৃষ্ঠা মার্গভূমিঃ কার্য্যাঃ গ্রাম্যৈঃ সুসেতুকা।
কুর্য্যান্মার্গান্ পার্শ্বখাতান্নির্গমার্থং জলস্য চ॥
রাজমার্গমুখানি স্যুর্গৃহাণি সকলান্যপি।
গৃহপৃষ্ঠে সদা বীথির্ম্মলনির্হরণস্থলম্॥
পঙ্‌ক্তিদ্বয়গতানাং হি গেহানাং কারয়েৎ তথা।
মার্গান্ সুধাশর্করৈর্বা ঘটিতান্ প্রতি বৎসরম্॥ শুক্র, ১ অ। ২৬০—২৬৮।

পুরাকালে পান্থশালার ব্যবস্থা কিরূপ ছিল।

৫১। সম্ভ্রান্ত ও অনুরুদ্ধ (সম্ভ্রান্ত জনের বশবর্ত্তী) এবং গ্রামবাসীর প্রার্থনামতে রাজা গ্রামে-গ্রামে বা গ্রামদ্বয়ের মধ্যে পান্থশালা নির্ম্মাণ করিবেন। পান্থশালা নিত্য পরিষ্কৃত ও গ্রামের প্রধান ব্যক্তিগণের দ্বারা সুরক্ষিত হইবে। পান্থশালাধ্যক্ষ সর্ব্বদা তথায় উপস্থিত হইয়া আগত পথিকদিগকে জিজ্ঞাসা করিবেন, কি হেতু কোথা হইতে আসিতেছেন? কোথায় যাইতেছেন? আপনি একাকী কি সানুচর? শস্ত্র বা বাহন আছে কি না? এই সমস্ত সত্য করিয়া বলুন। কোন্ জাতি? কি কুল? চিরবাস কোথায়? এই সমস্ত জিজ্ঞাসা করিয়া সন্ধ্যাকালে সমস্ত লিখিয়া লইবে ও শস্ত্র সঙ্গে থাকিলে তাহা লইবে। সতর্ক হইয়া নিদ্রা যাউন, পথিককে ইহাই বলিবে। পান্থশালাস্থিত পথিকদিগকে গণনা করিয়া ও দ্বাররোধ করিয়া রক্ষিগণ দ্বারা রক্ষা করাইবে ও প্রভাতে তাহাদিগকে

৫১। অভিযুক্তনিরুদ্ধৈর্বা কুর্য্যাৎ গ্রামাজনৈর্নৃপঃ।
গ্রামদ্বয়ান্তরে চৈব পান্থশালাং প্রকল্পয়েৎ॥
নিত্য সম্মার্জ্জিতাঞ্চৈব গ্রামপৈশ্চ সুগোপিতাম্।
তত্রাগতন্তু সম্পৃচ্ছেৎ পান্থশালাধিপঃ সদা॥
প্রয়াতোঽসি কুতঃ কস্মাৎ ক গচ্ছসি ঋতং বদ।
সসহায়োঽসহায়ো বা কিং সশস্ত্রঃ সবাহনঃ॥
কা জাতি কিং কুলং নাম স্থিতিঃ কুত্রাস্তি তে চিরম্॥
সাবধানমনা ভূত্বা স্বাপং কুর্বিতি শাসয়েৎ।
তত্রস্থান্ গণয়িত্বা তু শালাদ্বারং পিধায় চ॥
সংরক্ষয়েৎ যামিকৈশ্চ প্রভাতে তান্ প্রবোধয়েৎ।
শস্ত্রং দদ্যাচ্চ গণয়েদ্ দ্বারমুদ্‌ঘাট্য মোচয়েৎ॥
"কুর্য্যাৎ সহায়ং সীমান্তং তেষাং গ্রাম্যজনঃ সদা।" শুক্র, ১ অ।২৬৯—২৭৫।

জাগরিত করিবে, শস্ত্র প্রত্যর্পণ করিবে, গণনা করিবে, দ্বারমুক্ত করিবে, ও তাহাদিগকে ছাড়িয়া দিবে। গ্রামবাসী সর্ব্বদা সীমান্ত পর্য্যন্ত পথিকের সহিত গমন করিবে। শুক্র, ১ অ। ২৬৯—২৭৫।

৫২। রাজা নীতি অনুসারে প্রজাপালন করিবেন। পথিকের সুখের নিমিত্ত পথরক্ষা করিবেন। যাহারা পথপীড়ক তাহাদিগকে বিনষ্ট করিবেন। শুক্র, ১অ। ৩১৪—৩১৫।

৫৩। নীতিবিদ্, অনীতি-অধোগতিজ্ঞ রাজা শস্ত্রাদি-কুশল চারি, পাঁচ অথবা ছয় জন শ্রেষ্ঠ প্রহরী দ্বারা সকল কার্য্যস্থান রক্ষা করিবেন। তত্রত্য দৈনিক কার্য্যাকলাপ; লেখকের দ্বারা জ্ঞাত হইবেন; প্রত্যহ প্রহরী পরিবর্ত্তন করিবেন। প্রহরী গৃহ-পঙক্তিমুখে সর্ব্বদা অবস্থান করিবে। গৃহস্থের প্রদত্ত অর্থে পোষিত প্রহরীর দ্বারা গৃহস্থের আচরণ অবগত হইবেন। শুক্র, ১অ। ২৮৭—২৯০।

৫৪। যাহারা গ্রাম হইতে চলিয়া যায় ও যাহারা গ্রামে প্রবেশ করে,

---

৫২। প্রজানাং পালনং কার্য্যং নীতিপূর্ব্বং নৃপেণ হি।
মার্গসংরক্ষণং কুর্য্যান্নৃপঃ পান্থসুখায় চ॥
"পান্থপ্রপীড়কা যে যে হন্তব্যাস্তে প্রযত্নতঃ।" শুক্র, ১ অ। ৩১৪—৩১৫।

৫৩। "কার্য্যস্থানানি সর্ব্বাণি যামিকৈরভিতোঽনিশম্॥"
নয়বান্ অনীতিনতিবিৎ সিদ্ধশস্ত্রাদিকৈর্বরৈঃ।
চতুর্ভিঃ পঞ্চভির্বাপি ষড়্ভির্বা গোপয়েৎ সদা॥
তত্রত্যানি দৈনিকানি শৃণুয়াল্লেখকাধিপৈঃ।
দিনে দিনে যামিকানাং প্রকুর্য্যাৎ পরিবর্ত্তনম্॥
গৃহপঙ্ক্তিমুখে দ্বারং কর্ত্তব্যং যামিকৈঃ সদা।
তৈস্তদ্বৃত্তন্তু শৃণুয়াৎ গৃহস্থভৃতিপোষিতৈঃ॥ শুক্র, ১ অ। ২৮৭—২৯০।

৫৪। নির্গচ্ছন্তি চ যে গ্রামাদ্ যে গ্রামং প্রবিশন্তি চ।
তান্ সুসংশোধ্য যত্নেন মোচয়েদ্দণ্ডলগ্নকান্॥

তাহাদের পরীক্ষা করতঃ শোধন পত্র করিয়া প্রবেশ বা নির্গমের অনুমতি করিবে। যাহারা বিখ্যাত লোক তাহাদিগকে পরীক্ষা না করিয়াই যাইতে দিবে। রাত্রিকালে প্রহরে দুই বার করিয়া চৌর ও উপপতি নিবারণার্থ প্রহরীগণ প্রতিপল্লী পরিদর্শন করিবে। রাজা এই ভাবে নিত্য প্রজাপালন করিবেন। শুক্র, ১অ। ২৯১—২৯৩।

৫৫। কার্য্য অনুমান করিয়া রাজ্যে কারু ও শিল্পীদিগকে রক্ষা করিবেন, কৃষিকার্য্য ও ভৃত্যসাধ্য কার্য্যে অধিক লোক নিযুক্ত করিবেন। স্বর্ণকারাদি চৌরগণের পিতৃতুল্য, তাহাদিগকে গ্রাম হইতে পৃথক্‌রূপে বাস করাইবেন। গ্রামের বহির্ভাগে যেস্থানে গঞ্জা (গাঁজা) ও মদিরা গৃহ থাকে, তথায় মদ্যপায়ীদিগকে স্থাপন করিবেন। রাজ্যে কেহই দিবসে মদ্যপান করিতে পাইবে না। শুক্র, ৪অ—৪প্র। ৪১—৪৩।

৫৬। রাজা গ্রামে গ্রাম্য ও বনে বন্য বৃক্ষ রোপণ করিবেন। উত্তম বৃক্ষ ত্রিংশ হস্ত অন্তরে ও মধ্যম বৃক্ষ পঞ্চদশ হস্ত অন্তরে রোপণ করিবেন,

প্রখ্যাতবৃত্তশীলাংস্তু হ্যবিমৃশ্য বিমোচয়েৎ।
বীথিবীথিষু যামার্দ্ধৈর্নিশিপর্য্যটনং সদা॥
কর্ত্তব্যং যামিকৈরেব চৌরজার নিবৃত্তয়ে।
শাসনং ত্বীদৃশং কার্য্যং রাজ্ঞা নিত্যং প্রজাসু চ॥ শুক্র, ১ অ। ২৯১—২৯৩।

৫৫। কারুশিল্পিগণান্ রাষ্ট্রে রক্ষেৎ কার্য্যানুমানতঃ।
অধিকান্ কৃষিকৃত্যে বা ভৃত্যবর্গে নিযোজয়েৎ॥
চৌরাণাং পিতৃভূতাস্তে স্বর্ণকারাদয়স্ততঃ।
গঞ্জাগৃহং পৃথগ্ গ্রামাৎ তস্মিন্ রক্ষেত্তু মদ্যপান্॥
ন দিবা মদ্যপানং তু রাষ্ট্রে কুর্য্যাদ্ধি কশ্চন॥ শুক্র, ৪অ-৪প্র ৪১—৪৩।

৫৬। গ্রামে গ্রাম্যান্ বনে বন্যান্ বৃক্ষান্ সংরক্ষয়েন্নৃপঃ।
উত্তমান্ বিংশতিকরৈর্ম্মধ্যমাংস্তিথিহস্ততঃ॥

সামান্য বৃক্ষ দশ হস্ত ও অধম বৃক্ষ পঞ্চ হস্ত অন্তরে রোপণ করিবেন। তাহাদিগকে অজা, অবি (মেষ) ও গো-পুরীষ, জল ও মাংস দ্বারা পোষণ করিবেন। উদুম্বর (যজ্ঞডুমুর) অশ্বত্থ, বট, চিঞ্চা (তিন্তিড়ীবৃক্ষ), চন্দন, জম্বল (জম্বীর), কদম্ব, অশোক, বকুল, বিল্ব, অমৃত (নাসপাতী), কপিত্থ (কৎবেল), রাজাদন (পিয়াল) আম্র, পুন্নাগ (স্বনামখ্যাত বৃহৎ পুষ্প বৃক্ষ বিশেষ, জাতীফল), তূদ (তূলবৃক্ষ, কার্পাস) কাষ্ঠ (অগরু), অম্ল (অম্লবেতস), চম্পক, নীপ (নীলাশোক-বৃক্ষ) কোকাম্র (সমষ্টিলবৃক্ষ, যাহাকে হিন্দীভাষায় কোকুয়া বলে) সরল (ভদ্রদারু), দাড়িম, আক্ষোট (পর্ব্বতজলীপুবৃক্ষ), ভিস্মট, শিংশপা (শাল্মলি). শিগ্রু, বদর, নিম্ব, জম্বীর, ক্ষীরিকা (পিণ্ডখর্জ্জুর), খর্জূর, দেব-করজ, ফল্গু (কাকোডম্বরিকা অর্থাৎ কাকডুমুর), তাপিচ্ছ (তমাল-বৃক্ষ), সিম্বল, কুদ্দাল (কোবিদার বৃক্ষ), লবলী (নোয়াড়ি), ধাত্রী (আমলকীবৃক্ষ), ক্রমুক (গুবাকবৃক্ষ), মাতুলুঙ্গক (ছোলঙ্গবৃক্ষ),

সামান্যান্ দশহস্তৈশ্চ কনিষ্ঠান্ পঞ্চভিঃকরৈঃ।
অজাবিগোশকৃদ্ভির্বা জলৈর্মাংসৈশ্চ পোষয়েৎ॥
উদুম্বরাশ্বত্থবট চিঞ্চা চন্দন জম্বলাঃ।
কদম্বাশোকবকুলবিল্বামৃতকপিত্থকাঃ॥
রাজাদনাম্রপুন্নাগতূদকাষ্ঠাম্লচম্পকাঃ।
নীপকোকাম্রসরলদাড়িমাক্ষোটভিস্মটাঃ॥
শিংশপাশিগ্রুবদরনিম্বজম্বীরক্ষীরিকাঃ।
খর্জুরদেবকরজফল্গুতাপিচ্ছশিম্বলাঃ॥
কুদ্দালো লবলী ধাত্রী ক্রমুকো মাতুলুঙ্গকঃ।
লকুচো নারিকেলশ্চ রম্ভাদ্যাঃ সৎফলাদ্রুমাঃ।
সুপুষ্পাশ্চৈব যে বৃক্ষা গ্রামাভ্যর্ণে নিযোজয়েৎ॥ শুক্র, ৪অ-৪প্র। ৪৪—৪৯।

লকুচ (মাদার) নারিকেল, রম্ভাদি ও অন্যান্য সৎফলশালী ও সুপুষ্প বৃক্ষ গ্রামের সমীপে রোপণ করিবেন। শুক্র, ৪অ-৪প্র।৪৪-৪৯।

৫৭। বাসগৃহে অথবা বাসগৃহের বামভাগে উদ্যান প্রস্তুত করিবে। নিদাঘের অবসানে প্রাতঃ ও সায়ং কালে, শীতকালে দিবসের শেষ ভাগে, বসন্তকালে দিবসের পঞ্চম মুহূর্ত্তে উদ্যান-বৃক্ষে সেচন করিবে। বর্ষাকালে কদাচ সেচন করিবে না। শুক্র, ৪অ--প্র।৫০।

৫৮। বৃক্ষের ফল নাশ হইলে কুলুত্থ, মাষ, মুদ্‌গ, যব বা তিলের সহিত উষ্ণ জল, শীতল করিয়া সেচন করিলে, ফল ও পুষ্প জন্মে। মাছ-ধোয়া জল সেচন করিলে বৃক্ষের বৃদ্ধি হয়। মেষ ও ছাগলের পুরীষচূর্ণ, যবচূর্ণ, তিল, গোমাংস ও জল সপ্তরাত্র বৃক্ষমূলে সেচন করিবে। এই উৎসেক সকল বৃক্ষের ফল ও পুষ্প বৃদ্ধি করে। শুক্র, ৪অ-৪প্র।৫১-৫৩।

৫৯। কণ্টক সমাকুলবৃক্ষ ও খদিরাদিবৃক্ষ, আরণ্যকবৃক্ষ; তাহা-দিগকে অরণ্যে রোপণ করিবে। শুক্র, ৪অ-৪প্র।৫৪।

৫৭। বামভাগেঽথবোদ্যানং কুর্য্যাদ্ বাসগৃহে শুভম্।
সায়ং প্রাতস্তু ঘর্ম্মান্তে শীতকালে দিনান্তরে;
বসন্তে পঞ্চমেঽহ্নস্তু সেব্যা বর্ষাসু ন কচিৎ॥ শুক্র, ৪অ-৪প্র। ৫০।

৫৮। ফলনাশে কুলুত্থৈশ্চ মাষৈর্মুদ্গৈর্যবৈস্তিলৈঃ।
শৃতশীতপয়ঃসেকঃ ফলপুষ্পায় সর্ব্বদা॥
মৎস্যাম্ভসা তু সেকেন বৃদ্ধির্ভবতি শাখিনাম্।
অবিকাজশকৃচ্চূর্ণং যবচূর্ণং তিলানি চ।
গোমাংসমুদকঞ্চেতি সপ্তরাত্রং নিধাপয়েৎ।
উৎসেকঃ সর্ব্ববৃক্ষাণাং ফলপুষ্পাদিবৃদ্ধিদঃ। শুক্র, ৪অ—৪প্র। ৫১—৫৩।

৫৯। যে চ কণ্টকিনো বৃক্ষাঃ খদিরাদ্যাস্তথা পরে।
আরণ্যকাস্তে বিজ্ঞেয়াস্তেষাং তত্র নিযোজনম্॥ শুক্র, ৪অ-৪প্র। ৫৪।

৬০। খদির, অশ্মন্তশাক, অগ্নিমন্থ (গণিকারিকাবৃক্ষ) শ্যোনাক (শোনাগাছ), বব্বুল, তমাল, শাল, কুটজ, ধব, অর্জ্জুন, পলাশ, সপ্তপর্ণ, শমী, তুন্ন (তুঁদ,) দেবদারু, বিকঙ্কত (বঁইচি), করমর্দ্দ (করম্চা), ইঙ্গুদী (ইঙ্গৌট), ভূর্জ্জ, বিষমুষ্টি (বিষদোড়ি) করীরক (মরুভূমিজ উষ্ট্রপ্রিয় কণ্টকিবৃক্ষ), শল্লকী (গজভক্ষ্য বৃক্ষবিশেষ), কাশ্মরী (গম্ভারীবৃক্ষ), পাঠা (আকনাদি লতা), তিন্দুক (গাব), বীজসারক, হরিতকী, ভল্লাত, (ভেলা), শম্পাক (আরগ্বধবৃক্ষ), অর্ক, পুষ্কর (কুষ্ঠ অর্থাৎ কুড়), অরিমেদ (গুইয়া বাবলা), পীতদ্রু (দারুহরিদ্রা) শাল্মলী, বিভীতক (বহেড়া), নরবেল, মহাবৃক্ষ, মধুক (যষ্টিমধু) প্রভৃতি অন্য বৃক্ষ ও অপরাপর বিস্তৃত এবং স্তম্বিনী (যাহার ঝাড় হয়) গুল্মিনী ইহাদিগকে গ্রাম্য ও বন্যভেদে গ্রামে বা বনে রোপণ করিবে। শুক্র, ৪অ-৪ প্র।৫৫-৫৯।

৬১। রাজা কূপ, বাপী, পুষ্করিণী, তড়াগ প্রস্তুত করিবেন। খাতের

৬০। খদিরাশ্মন্তশাকাগ্নিমন্থশ্যোনাকবব্বুলাঃ।
তমালশালকুটজধবার্জ্জুনপলাশকাঃ॥
সপ্তপর্ণ সমীতুন্নদেবদারু বিকঙ্কতাঃ।
করমর্দেঙ্গুদীভূর্জবিষমুষ্টিকরীরকাঃ॥
শল্লকী কাশ্মরী পাঠা তিন্দুকোবীজহারকঃ।
হরীতকী চ ভল্লাতঃ শম্পাকোঽর্কশ্চ পুষ্করঃ॥
অরিমেদশ্চ পীতদ্রুঃ শাল্মলিশ্চ বিভীতকঃ।
নরবেলো মহাবৃক্ষোঽপরে যে মধুকাদয়ঃ॥
প্রতানবত্যঃ স্তম্বিন্যো গুল্মিন্যশ্চ তথৈব চ।
গ্রাম্যা গ্রামে বনে বন্যা নিযোজ্যাস্তে প্রযত্নতঃ॥ শুক্র, ৪অ ৪প্র। ৫৫—৫৯।

৬১। কূপবাপীপুষ্করিণ্যস্তড়াগাঃ সুগমাস্তথা।
কার্য্যাঃ খাতাদ্দ্বিত্রিগুণবিস্তারপদধানিকাঃ।
যথা তথা হ্যনেকাঃ স্যুঃ রাষ্ট্রে স্যাদ্বিপুলং জলম্॥ শুক্র,৪অ-৪প্র। ৬০।

দ্বিগুণ বা ত্রিগুণ পাদসঞ্চারস্থান যুক্ত অনেক সুগম বাপ্যাদি থাকিবে, তাহা হইলে রাজ্যে বিপুল জল থাকিবে। শুক্র, ৪অ-৪প্র।৬০।

৬২। রাজা নদীতে বিবিধ সুন্দর সুন্দর সেতু নির্ম্মাণ করিবেন ও পারগমন সাধ্য অনেক নৌকাদি জলযান রাখিবেন। শুক্র, ৪অ-৪প্র।৬১।

৬৩। যে দেব যে জাতির পূজ্য ও তদ্বিদ্যার যে গুরু তাঁহাদের গৃহ সেই সেই জাতির গৃহশ্রেণীর সম্মুখে স্থাপন করিবে। শুক্র, ৪অ-৪প্র।৬২।

৬৪। চতুষ্পথ বা গ্রাম্যমধ্যে বিষ্ণু, শিব, গণেশ, সূর্য্য ও দেবীর গৃহ যথাক্রমে স্থাপন করিবে। শুক্র, ৪অ-৪প্র।৬৩।

৬৫। অন্তঃপুরাধ্যক্ষ বৃদ্ধ হইবে। পঞ্চাশদ্‌বার্ষিকী স্ত্রী ও সপ্ততিবর্ষদেশীয় পুরুষগণ সকল কর্ম্মে বিচরণ করিবে। অগ্নি, ২২০অ। ৯।

৬৬। নরপতি বাস্তুলক্ষণ সম্পন্ন দুর্গে বাস করিয়া, দেবলোকের পূজা, প্রজাপালন, দুষ্টদমন ও বিবিধ দানানুষ্ঠান করিবেন। কখনও দেব-

৬২। নদীনাং সেতবঃ কার্য্যা বিবিধাঃ সুমনোহরাঃ।
নৌকাদিজলযানানি পারগাণি নদীষু চ॥ শুক্র, ৪অ-৪প্র। ৬১।

৬৩। যজ্জাতিপূজ্যো যো দেবস্তদ্‌বিদ্যায়াশ্চ যো গুরুঃ।
তদালয়ানি তজ্জাতিগৃহপঙক্তিমুখে ন্যসেৎ॥ শুক্র, ৪অ-৪প্র। ৬২।

৬৪। শৃঙ্গাটকে গ্রামমধ্যে বিষ্ণোর্বা শঙ্করস্য চ।
গণেশস্য রবের্দেব্যাঃ প্রাসাদান্ ক্রমতো ন্যসেৎ॥ শুক্র, ৪অ-৪প্র। ৬৩।

৬৫। বৃদ্ধশ্চান্তঃপুরাধ্যক্ষঃ পঞ্চাশদ্বার্ষিকাঃ স্ত্রিয়ঃ।
সপ্তত্যব্দাস্তু পুরুষাশ্চরেয়ুঃ সর্ব্বকর্ম্মসু॥ অগ্নি, ২২০ অ। ৯।

৬৬। বাস্তুলক্ষণসংযুক্তে বসন্ দুর্গে সুরান্ যজেৎ।
প্রজাশ্চ পালয়েদ্দুষ্টান্ জয়েদ্দানানি দাপয়েৎ॥
দেবদ্রব্যাদি হরণাৎ কল্পন্তু নরকং বসেৎ।
দেবালয়াদি কুর্ব্বীত দেবপূজা রতোনৃপঃ॥
"সুরালয়াঃ পালনীয়াঃ স্থাপনীয়াশ্চ দেবতাঃ।" অগ্নি, ২২২অ ১০—১২।

দ্রব্য হরণ করিবেন না, উহাতে কল্পকাল নরকে বাস হইয়া থাকে। দেব-পূজায় রত হইয়া দেবালয় সকল প্রতিষ্ঠা, সুরালয় সকল পালন ও দেবতা সকল স্থাপন করিবেন। অগ্নি, ২২২অ।১০-১২।

৬৭। গৃহের উত্তরদিকে প্লক্ষবৃক্ষ, পূর্ব্বদিকে বটবৃক্ষ, দক্ষিণদিকে উডুম্বরবৃক্ষ, পশ্চিমে অশ্বত্থবৃক্ষ, এবং বামদিকে উদ্যান থাকিলে, তথায় বাস অতিশয় শুভ জনক। অগ্নি, ২৪৭ অ। ২৪-২৫।

রাজা ও প্রজাসারাধারণ গৃহস্থমাত্রকেই গৃহনির্ম্মাণ করিয়া বাস করিতে হয়, সুতরাং বাস্তু-ভূমির লক্ষণালক্ষণ সকলেরই জানা আবশ্যক, অতএব এস্থলে তাহা লিখিত হইল।

৬৮। যে স্থানে গৃহ প্রস্তুত করিতে হইবে, সর্ব্ব প্রথমে সেই স্থানের মৃত্তিকা পরীক্ষা করিয়া দেখিতে হয়। বিশ্বকর্ম্মা মৃত্তিকা পরীক্ষা প্রণালী স্থির করিয়াছেন। মৃত্তিকা সাধারণতঃ চারি প্রকার, ব্রাহ্মণী, ক্ষত্রিণী, বৈশ্যা ও শূদ্রিণী। যে মৃত্তিকার রঙ্ শাদা, উৎকৃষ্টগন্ধ ও মধুররস তাহাকে ব্রাহ্মণী; রক্তের ন্যায় গন্ধ-বিশিষ্ট, কষায়রস ও লালরঙের মৃত্তিকাকে ক্ষত্রিণী; মধুতুল্য গন্ধবিশিষ্ট, অম্লরস ও সিতবর্ণ মৃত্তিকাকে বৈশ্যা এবং যে মৃত্তিকার রঙ্ কাল, গন্ধ মদের সদৃশ ও রস তিক্ত তাহাকে শূদ্রিণী বলে। এই চারি প্রকার মৃত্তিকা যথাক্রমে চারি বর্ণের প্রশস্ত জানিবে। চতুরস্র, দ্বিপাকার, সিংহাকৃতি, বৃষভ সদৃশ, গোলাকার ভদ্রপীঠ, ত্রিশূল বা লিঙ্গ সদৃশ ভূমিই প্রশস্ত। ত্রিকোণ, শকটাকার, মৃদঙ্গতুল্য, সর্প বা ভেক সদৃশ, গাধা, অজগর প্রভৃতির ন্যায় আকৃতি বিশিষ্ট, ধনুক বা

৬৭। উত্তরেণ শুভঃ প্লক্ষো বটঃ প্রাক্ স্যাদ্ গৃহাদিতঃ।
উডুম্বরশ্চ যাম্যেন পশ্চিমেঽশ্বত্থ উত্তমঃ॥
"বামভাগে তথোদ্যানং কুর্য্যাদ্বাসগৃহে শুভম্।" অগ্নি, ২৪৭ অ। ২৪—২৫।

পরশুর তুল্য এবং দুর্গন্ধযুক্ত ভূমি বর্জনীয়, এইরূপ ভূমিতে গৃহ নির্ম্মাণ করিবে না। যে স্থানটী দেখিতে অতিশয় মনোরম, সেই স্থানই পরীক্ষা করিয়া দেখিবে। দৃঢ় অথচ নিম্নভূমি ব্রাহ্মণের পক্ষে ভাল। ক্ষত্রিয়েরা গভীর ভূমি, বৈশ্যগণ উন্নত ভূমি ও শূদ্রগণ সমভূমিতে গৃহ নির্ম্মাণ করিলে ভাল হয়।

যে স্থানে অনেক কুশ, কাশ, ব্রাহ্মী বা দুর্ব্বা জন্মে সেই স্থান ক্ষত্রিয়গণের, ফল ও পুষ্পযুক্ত স্থান বৈশ্যগণের এবং সাধারণ তৃণ যুক্ত-স্থান শূদ্রগণের পক্ষে প্রশস্ত। যে স্থানে নদীপাত বা বড় বড় পাষাণ থাকে, যাহা দেখিতে মুসলের সদৃশ, অতিশয় বায়ুর আঘাতে পীড়িত, বিকটাকার বা বল্লতৃণ বা ভল্লুকযুক্ত, যাহার নিকটে চৈত্য বা শ্মশান, বল্মীক বা ধূর্ত্তগণের আবাস, যে স্থানে চতুষ্পথ, দেবালয় বা মন্ত্রিভবনের নিকটবর্ত্তী, যাহাতে অনেক গর্ত্ত দেখিতে পাওয়া যায়, সেই স্থান মনোহর হইলেও পরিত্যাগ করিবে।

যে বর্ণের যে রঙের ও যে গন্ধযুক্ত মৃত্তিকা প্রশস্ত, তাহাতে গৃহ-নির্ম্মাণ করিলে ধন ও ধান্যের বৃদ্ধি এবং সুখ হইয়া থাকে। কিন্তু ইহার বিপরীত করিলে বিপরীত ফল হয়। চতুরস্র ভূমিতে গৃহ নির্ম্মাণ করিলে ধনবৃদ্ধি, সিংহাকার স্থানে গৃহনির্ম্মাণে গুণযুক্ত পুত্র লাভ, বৃষ সদৃশ স্থানে পশুবৃদ্ধি, বৃত্তাকারে বিত্তলাভ, ভদ্রপীঠ ও ত্রিশূলাকার ভূমিতে বীরের জন্ম ও নানাবিধ সুখলাভ হইয়া থাকে। লিঙ্গাভ ভূমি লিঙ্গীর পক্ষে প্রশস্ত। প্রাসাদ ধ্বজ সদৃশ স্থানে পদোন্নতি এবং কুম্ভাকার, ত্রিকোণ, শকটাকার ও সূর্প বা ব্যজন সদৃশ স্থানে গৃহ করিলে যথাক্রমে ধনবৃদ্ধি, সুখ, সৌখ্য, অর্থ ও ধনহানি হয়। মৃদঙ্গাকার ভূমি বংশ-নাশিনী, সর্প বা মণ্ডূকাকার ভূমিতে গৃহ করিলে ভয়, গর্দ্দভ সদৃশ স্থানে ধননাশ, অজগর সদৃশে মৃত্যু ও চিপিটাকার ভূমিতে পৌরুষ হানি হইয়া থাকে।

চৈত্যের নিকটে গৃহ করিলে গৃহস্বামীর ভয়, ধূর্ত্তালয়ের নিকটে পুত্রের মরণ, চতুষ্পথে অকীর্ত্তি ও মন্ত্রীর নিকটে গৃহ করিলে অর্থহানি হয়। এই প্রকার নিন্দনীয় প্রত্যেক স্থানের মন্দ ফল ও প্রশস্ত স্থানের এক একটি ভাল ফল শাস্ত্রকারগণ নির্দ্দেশ করেন, সেই সকল বিবরণ নিম্নলিখিত অষ্টাদশ বাস্তুশাস্ত্রোপদেষ্টৃগণের মূল গ্রন্থে দেখুন ;—

"ভৃগুরত্রি বশিষ্টশ্চ বিশ্বকর্ম্মা ময়স্তথা।
নারদো নগ্নজিচ্চৈব বিশালাক্ষ্যপুরন্দরঃ॥
ব্রহ্মা কুমারো নন্দীশঃ শৌনকো গর্গ এব চ।
বাসুদেবোঽনিরুদ্ধশ্চ তথা শুক্রবৃহস্পতী।
অষ্টাদশৈতে বিখ্যাতা বাস্তুশাস্ত্রোপদেশকাঃ॥"

মৎস্যপুরাণ। ২৫২ অ।

অষ্টাবিংশ স্তবক।

[রাজার পরিচর্য্যা ও আহার-বিহারাদি।]

রাজ-শত্রু খরতর দৃষ্টিতে রাজার প্রতি চাহিয়া থাকে ; সময় পাইলেই, ছলে-বলে-কৌশলে তাঁহাকে বিনষ্ট করে। রাজারা শত্রু-বিনাশার্থে প্রথমে সাম, দান, ভেদ এই ত্রিবিধ উপায় প্রয়োগ করিয়া তাহাতে কৃতকার্য্য না হইলে, তৎপরে যুদ্ধ আয়োজন করিয়া থাকেন। ভেদোপায়ে শরীর রক্ষক প্রহরী, পরিচর্য্যাকারী দাস, সেবাকারিণী দাসী, এবং ভক্ষ্যবস্তু-প্রস্তুতকারী সূপকারকে বশীভূত করিতে পারিলে, শত্রুর মনোরথ অতি সহজেই

সিদ্ধ হইয়া থাকে ; এই কারণে রাজার তাদৃশ ভৃত্যের প্রতি নিরন্তর অতি সাবধান ও সতর্কতার সহিত লক্ষ্য ও তত্ত্বানুসন্ধান রাখা উচিত এবং আসন, শয়ন, বাহন, গন্ধদ্রব্যানুলেপন, স্নান ও সর্ব্বপ্রকার অলঙ্করণ, পানীয় ও আহারীয় দ্রব্য অতি চতুরতা ও বুদ্ধিমত্তার সহিত পরীক্ষাপূর্ব্বক ব্যবহার করা কর্ত্তব্য। তদ্বিষয়ে শাস্ত্রকারেরা যে বিধি নির্দ্দেশ করিয়াছেন তাহা এস্থলে সঙ্কলন করা গেল।

১। রাজা সকল বিষয় অমাত্যবর্গের সহিত বিচার করিয়া, অস্ত্রব্যায়ামাদি সমাপনান্তে মধ্যাহ্ন সময়ে স্নানাহ্নিকাদি সমাপনপূর্ব্বক ভোজনার্থ অন্তঃপুরে প্রবেশ করিবেন। অন্তঃপুরে উপস্থিত হইয়া ভোজনকালাভিজ্ঞ, অন্যের অভেদ্য, পরমাত্মীয় সূপকারের প্রস্তুত, পরীক্ষিত এবং বিষাপহ বেদমন্ত্র দ্বারা বিশুদ্ধীকৃত, সুশোভন অন্নব্যঞ্জনাদি রাজা ভোজন করিবেন। যত্নসহকারে রাজভোজ্য দ্রব্য-জাত বিষঘ্ন ঔষধ দ্বারা মিশ্রিত করাইবেন এবং রাজা স্বয়ং বিষঘ্ন রত্নাদি সদা নিজ অঙ্গে ধারণ করিবেন। মনু, ৭ অ। ২১৬-২১৮।

২। গূঢ় চর দ্বারা সুপরীক্ষিত, নিয়মিত-বেশাভরণ-ভূষিত-স্ত্রী-

১। এবং সর্ব্বমিদং রাজা সহ সম্মন্ত্র্য মন্ত্রিভিঃ।
ব্যায়াম্যাপ্লুত্য মধ্যাহ্নে ভোক্তুমন্তঃপুরং বিশেৎ॥
তত্রাত্মভূতৈঃ কালজ্ঞৈরহার্য্যৈঃ পরিচারকৈঃ।
সুপরীক্ষিতমন্নাদ্যদ্যান্মন্ত্রৈর্বিষাপহৈঃ॥
বিষঘ্নৈরগদৈশ্চাস্য সর্ব্বদ্রব্যাণি যোজয়েৎ।
বিষঘ্নানি চ রত্নানি নিয়তো ধারয়েৎ সদা। মনু, ৭ অ। ২১৬—২১৮।

২। পরীক্ষিতাঃ স্ত্রিয়শ্চৈনং ব্যজনোদকধূপনৈঃ।
বেশাভরণসংশুদ্ধাঃ স্পৃশেয়ুঃ সুসমাহিতাঃ॥ মনু ৭ অ। ২১৯।

লোকেরা চামরব্যজন, পানার্থোদক এবং ধূপনদ্বারা নৃপতির পরিচর্য্যা করিবে। মনু, ৭ অ। ২১৯।

৩। আসন, শয়ন, ভোজন, বাহন, গন্ধদ্রব্যানুলেপন, স্নান এবং সর্ব্বপ্রকার অলঙ্করণ ইত্যাদি বিষয়ের পরীক্ষা সম্বন্ধে রাজার অতিশয় যত্নবান্ হওয়া আবশ্যক। মনু, ৭ অ ২২০।

৪। রাজার শরীর রক্ষার্থে, রক্তাম্বরধারী-অলঙ্কৃত-পুরুষেরা অস্ত্রধারণ করিয়া রাজার উভয় পার্শ্বে অবস্থান করিবে। ম, স, ৫ অ। ৮৭।

৫। রাজা আপন বিশ্বস্ত লোকের দ্বারা আহারীয় দ্রব্য ও বস্ত্রচন্দনাদি সঞ্চয় করাইবেন। ম, স, ৫ অ। ৬৬।

৬। পীড়িত ব্যক্তি বিবিধ ব্যঞ্জন-যুক্ত অপথ্য-অন্ন ভোজন করিলে কষ্ট পায়। বা, অ, ১২ স। ১০।

৭। অপথ্য অন্ন ভোজনের ফলে ব্যাধি হইয়া থাকে। বা, অ, ৬৪ স। ৫৯।

৮। যে ভার বহিতে বিশেষ কষ্ট হয় না, সেই ভারই বহন করা

৩। এবং প্রযত্নং কুর্ব্বীত যানশয্যাসনাশনে।
স্নানে প্রসাধনে চৈব সর্ব্বালঙ্কারকেষু চ॥ মনু ৭ অ। ২২০।

৪। কচ্চিদ্রক্তাম্বরধরাঃ খড়্গহস্তাঃ স্বলঙ্কৃতাঃ।
উপাসতে ত্বামভিতোরক্ষণার্থমরিন্দম॥ ম, স, ৫ অ। ৮৭।

৫। কচ্চিদভ্যবহার্য্যাণি গাত্রসংস্পর্শনানি চ:
ঘ্রেয়াণি চ মহারাজ রক্ষন্ত্যনুমতাস্তব॥ ম, স, ৫ অ। ৬৬।

৬। "অপথ্যব্যঞ্জনোপেতং ভুক্তমন্নমিবাতুরম্॥" বা, অ, ১২ স। ১০।

৭। "অপথ্যৈঃ সহ সম্ভুক্তে ব্যাধিরন্নরসে যথা॥" বা, অ, ৬৪ স। ৫৯।

৮। স ভারঃ সৌম্য ভর্ত্তব্যো যে নরং নাবসাদয়েৎ।
তদন্নমপি ভোক্তব্যং জীর্য্যতে যদনাময়ম্॥ বা, অর, ৫০ স। ১৮।

উচিত এবং যে অন্ন বিনা ক্লেশে জীর্ণ হয়, সেই অন্নই ভক্ষণ করা বিধেয়। বা, অর, ৫0 স। ১৮।

৯। ধর্ম্ম ও অর্থবিষয়ে সুরাপান প্রশস্ত নহে, যেহেতু সুরাপানে ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গের হানি হইয়া থাকে। বা, কি, ৩৩ স। ৪৬।

১0। রাজার সুস্বাদু ভোজ্যদ্রব্য একাকী ভোজন করা কর্ত্তব্য নহে; স্নেহ বৰ্দ্ধনাভিলাষী মিত্রগণ তাহা ভোজন করিতে ইচ্ছা করিলে, তাঁহাদিগকে তাহা প্রদান করা কর্ত্তব্য। বা, অ, ১০০ অ। ৭৫।

১১। রাজার বিষনাশক ও রোগনাশক নানাবিধ মন্ত্র জানা আবশ্যক। রাজা কোন দ্রব্য পরীক্ষা না করিয়া আত্মভোগের উপযোগী করিবেন না। বিষ্ণু, ৩ অ। ৬২।

১২। রাজা যান, শয্যা, আসন, পান, ভোজ্য, বস্ত্র ও অলঙ্কার বিষয়ে সৰ্ব্বত্র সাবধান হইবেন এবং বিষ-দূষিত সকল বস্তু পরিত্যাগ করিবেন। কাম, ৭ স। ৯।

১৩। রাজা বিষঘ্ন জলদ্বারা স্নান করিয়া ও বিষঘ্ন মণিভূষিত হইয়া এবং বিষঘ্ন মন্ত্রবিদ্‌গণে পরিবৃত হইয়া পরীক্ষিত অন্ন ভোজন করিবেন। কাম, ৭ স। ১০

৯। ন হি ধর্ম্মার্থসিদ্ধ্যর্থং পানমেব প্রশস্যতে।
পানাদর্থশ্চ কামশ্চ ধর্ম্মশ্চ পরিহীয়তে॥ বা, কি, ৩৩ স। ৪৬।

১০। কচ্চিৎ স্বাদুকৃতং ভোজ্যমেকো নাশ্নাসি রাঘব।
কচ্চিদাশংসমানেভ্যো মিত্রেভ্যঃ সম্প্রযচ্ছসি॥ বা, অ, ১০০স। ৭৫।

১১। বিষঘ্নাগদমন্ত্রধারী চ। নাপরীক্ষিতমুপযুঞ্জ্যাৎ। বিষ্ণু ৩ অ ৬২।

১২। যানে শয্যাসনে পানে ভোজ্যে বস্ত্রে বিভূষণে।
সৰ্ব্বত্রৈবাপ্রমত্তঃ স্যাদ্বর্জ্জেত বিষদূষিতম্॥ কাম. ৭ স। ৯।

১৩। বিষঘ্নৈরুদকৈঃ স্নাতোঃ বিষঘ্নমণিভূষিতঃ।
পরীক্ষিতং সমশ্নীয়াজ্জাঙ্গুলাবিদ্ভিরাবৃতঃ॥ কাম, ৭ স। ১০।

১৪। ভৃঙ্গরাজ, শুক, শারিকা প্রভৃতি পক্ষী বিষধর সর্প দেখিলে, অত্যন্ত উদ্বিগ্ন হইয়া শব্দ করিতে থাকে; বিষ দর্শনে চকোরের নয়ন রক্তবর্ণ হয় ও চক্রবাক স্পষ্টই মত্ত হয় এবং কোকিল মরিয়া যায়; বিষদর্শনে নিত্যই সাধারণ জীবের গ্লানি উপস্থিত হয়; অতএব ইহার মধ্যে কোন জীবদ্বারা পরীক্ষিত-অন্ন ভোজন করিবে। কাম, ৭ স। ১১—১৩।

১৫। ময়ূর ও পৃষত (মৃগ বিশেষ) বিচরণ করিলে, তথায় সর্প থাকে না, অতএব বাটীতে ময়ূর ও পৃষতকে নিত্যই অবস্থান করাইবে। কাম, ৭ স। ১৪।

১৬। ভোজনীয় অন্ন পরীক্ষার নিমিত্ত প্রথমতঃ অগ্নিতে প্রদান করিবে, তৎপরে পক্ষিসকলকেও প্রদান করিবে, তাহাতেই বিষের চিহ্ন লক্ষ্য করিবে। অগ্নিতে বিষ প্রক্ষিপ্ত হইলে, অগ্নির শিখা নীলবর্ণ হইবে ও ফট্‌ফট্ শব্দ করিবে এবং বিষযুক্ত অন্ন খাইলে, পক্ষির মৃত্যু হইবে। কাম, ৭ স। ১৫—১৬।

১৪। ভৃঙ্গরাজঃ শুকশ্চৈব শারিকা চেতি পক্ষিণঃ।
ক্রোশন্তি ভৃশমুদ্বিগ্না বিষপন্নগদর্শনাৎ॥
চকোরস্য বিরজ্যেতে নয়নে বিষদর্শনাৎ।
সুব্যক্তং মাদ্যতি ক্রৌঞ্চো ম্রিয়তে কোকিলঃ কিল॥
নিত্যং জীবস্য চ গ্লানির্জায়তে বিষদর্শনাৎ।
এষামন্যতমেনাপি সমশ্নীয়াৎ পরীক্ষিতম্॥ কাম, ৭ স। ১১—১৩।

১৫। ময়ূর পৃষতোৎসর্গে ন ভবন্তি ভুজঙ্গমাঃ।
তস্মান্ময়ূর পৃষতৌ ভবনে নিত্যমুৎসৃজেৎ॥ কাম, ৭স। ১৪।

১৬। ভোজ্যমন্নং পরীক্ষার্থং প্রদদ্যাৎ পূর্ব্বমগ্নয়ে।
বয়োভ্যশ্চ ততো দদ্যাত্তত্র লিঙ্গানি লক্ষয়েৎ॥
ধূমার্চ্চির্নীলতা বহ্নেঃ শব্দস্ফোটশ্চ জায়তে।
অন্নেন বিষদিগ্ধেন বয়সাং মরণম্ভবেৎ॥ কাম, ৭ স। ১৫—১৬।

১৭। অন্ন বিষ-দুষ্ট হইলে তাহা অস্বিন্ন, মত্ততাজনক, বিবর্ণ, উষ্ণ ও অস্নিগ্ধ হয়। ব্যঞ্জন বিষদুষ্ট হইলে, শুষ্ক, কথন কালে শ্যামবর্ণ ফেনবিশিষ্ট, গন্ধ-স্পর্শ-রস-বিহীন হয়। রস বিষদুষ্ট হইলে তাহাতে অত্যধিক বা অত্যল্প, ছায়া ধরে এবং তাহাতে উর্দ্ধ রেখা ও ফেনপুঞ্জ দেখিতে পাওয়া যায়। বিষদুষ্ট হইলে দ্রব পদার্থের নীলবর্ণ, দুগ্ধের তাম্রবর্ণ, মদ্য ও জলের কৃষ্ণবর্ণ এবং সরন্ধ্র-কৃষ্ণবর্ণ-উর্দ্ধরেখা দৃষ্ট হয়। আর্দ্র পদার্থ মাত্রই বিষদুষ্ট হইলে, সদ্য ম্লানবর্ণ ধারণ করে এবং পাক না করিলেও তাহাদের ক্বাথ বিনষ্ট হয় ও তাহাতে কলঙ্ক জন্মে। শুষ্ক পদার্থ বিষদুষ্ট হইলে, তাহা শীঘ্র বিশীর্ণ ও বিবর্ণ হইয়া যায়, যাহা খর (কঠিন) তাহা মৃদু (কোমল) হয় এবং যাহা কোমল তাহা কঠিন হইয়া যায়, কিন্তু এরূপ বিষাক্ত দ্রব্য ভক্ষণে

১৭। অস্বিন্নতা মাদকত্বমাশু শল্যং বিবর্ণতা।
অন্নস্য বিষদিগ্ধস্য তথোষ্মা স্নিগ্ধমেচকঃ॥
ব্যঞ্জনস্যাশু শুষ্কত্বং কথনে শ্যামফেনতা।
গন্ধস্পর্শরসাশ্চৈব নশ্যন্তি বিষদূষণাৎ॥
ছায়াঽতিরিক্তা হীনা বা স্যাদ্রসে বিষদূষিতে।
দৃশ্যতে রাজিরূর্দ্ধা চ ফেনমণ্ডলমেব চ॥
রসস্য নীলা পয়সশ্চ তাম্রা
মদ্যস্য তোয়স্য চ কোকিলাভা।
শ্যামা সরন্ধ্রা বিষদূষিতস্য
মধ্যে ভবত্যূর্দ্ধগতা চ লেখা॥
আর্দ্রস্য সর্ব্বস্য ভবেত্তু সদ্যঃ
প্রম্লানভাবো বিষদূষিতস্য।
পাকং বিনা ক্বাথবিনীতভাবঃ
সশ্যামতা চেতি বদন্তি তজ্জ্ঞাঃ॥

অন্ন জন্তুর বিনাশ হয়, ইহাও কেহ কেহ বলিয়া থাকেন। উত্তরীয় বস্ত্র ও আস্তরণ (বিছানার চাদর) বিষস্পৃষ্ট হইলে, তাহা শ্যাম আভা পরিব্যাপ্ত হয়। সূত্র, পক্ষ্ম, (চক্ষুলোম) ও গাত্রলোম বিষস্পৃষ্ট হইলে নষ্ট হয়। লৌহ ও মণি বিষস্পৃষ্ট হইলে, মালিন্য ও পঙ্কযুক্ত হয় এবং তাহার তেজ, স্নেহ, গুরুত্ব, বর্ণ ও স্পর্শের লোপ হয়। কাম, ৭ স। ১৭—২৪।

১৮। যাহারা বিষ প্রদান করে, তাহাদের মুখ শ্যামবর্ণ, রোমাঞ্চ, জৃম্ভণ (হাইতোলা) স্খলন (এক বলিতে আর এক বলা) বারম্বার কম্পন, ঘর্ম্ম, চিন্তা, যে কোন দিকে তাকাইয়া থাকা ; আপনার কার্য্যে ও আপনার বাসস্থানে অনাস্থা হয়, পণ্ডিত ব্যক্তি বিষদাতার এই সকল লক্ষণ লক্ষ্য করিবেন। কাম, ৭ স। ২৫—২৬।

১৯। সর্ব্বপ্রকার ঔষধ, পান, পানীয় ও ভোজ্যবস্তু সকল আত্ম-কল্পব্যক্তিকে খাওয়াইয়া পরে নিজে খাইবে। কাম, ৭ স। ২৭।

শুষ্কস্য সর্ব্বস্য বিষোপদেহা
দ্বিশীর্ণতা বাহশুবিবর্ণতা চ।
খরং মৃদু স্যান্মৃদুনঃ খরত্বং
বদন্তি কে চাল্পকজন্তুঘাতম্॥
প্রবারাস্তরণানাঞ্চ শ্যামমণ্ডলকীর্ণতা।
তন্তূনাং পক্ষ্মণাং লোম্নাং স্যাদ্ধ্বংসঞ্চ বিষাশ্রয়াৎ॥
লোহানাঞ্চ মণীনাঞ্চ মলপঙ্কোপদিগ্ধতা।
প্রভাবস্নেহগুরুতাবর্ণস্পর্শবধস্তথা॥ কাম, ৭ স। ১৭—২৪।

১৮। মুখস্য শ্যামবর্ণত্বং ত্বগ্‌ভেদো জৃম্ভণং মুহুঃ।
স্খলনং বেপথুঃ স্বেদ আবেগো দিগ্বিলোকনম্॥
স্বকর্ম্মণি স্বভূমৌ স্যাদনবস্থানমেব চ।
লিঙ্গান্যেতানি নিপুণো লক্ষয়েদ্বিষদায়িনাম্॥ কাম, ৭ স। ২৫—২৬।

১৯। ঔষধানি চ সর্ব্বাণি পানং পানীয়মেব চ।
তৎকল্পকৈঃ সমাস্বাদ্য প্রশ্নীয়াদ্ভোজনানি চ॥ কাম, ৭ স। ২৭।

২০। যে কোন অলঙ্কার হউক তাহা সমস্তই পরিচারিকারা পরীক্ষিত ও মুদ্রিত (মোড়ক) করিয়া রাজার নিকট উপস্থিত করিবে। কাম, ৭ স। ২৮।

২১। অন্য লোক হইতে যাহা কিছু সমাগত হয়, সে সমস্তই রাজা পরীক্ষা করাইবেন। রক্ষিসকল আত্মীয় ও শত্রু হইতে সর্ব্বদা রাজাকে রক্ষা করিবে। কাম, ৭ স। ২৯।

২২। যান ও বাহন স্বয়ং পরীক্ষা করিয়া ও অন্য দ্বারা পরীক্ষা করাইয়া, তবে তাহাতে আরোহণ করিবে, অবিদিত ও সংকীর্ণ পথে কদাচ যাইবে না। কাম, ৭ স। ৩০।

২৩। অধার্ম্মিক, ক্রূর, দৃষ্টদোষ (যাহার কোন দোষ দেখা গিয়াছে), অন্যে যাহাকে দূর করিয়াছে, অথবা শত্রুপক্ষ হইতে সমাগত এরূপ লোককে দূর হইতে পরিত্যাগ করিবে। কাম, ৭ স। ৩২।

২৪। মহাবায়ুতে কম্পিত, যাহার নাবিক পরীক্ষিত নহে, অন্য নৌকা দ্বারা প্রতিরুদ্ধ এবং জীর্ণ নৌকায় কখন গমন করিবে না। কাম, ৭স।৩৩।

২০। প্রসাধনাদি যৎকিঞ্চিৎ তৎসর্ব্বং পরিচারিকাঃ।
উপনিদ্ধ্যুর্নরেন্দ্রায় সুপরীক্ষিতমুদ্রিতম্॥ কাম, ৭ স। ২৮।

২১। পরস্মাদাগতং যচ্চ তৎসর্ব্বঞ্চ পরীক্ষয়েৎ।
সদা স্বেভ্যঃ পরেভ্যশ্চ রক্ষ্যো রাজাঽভিরক্ষিভিঃ॥ কাম, ৭ স। ২৯।

২২। যানং বাহনমারোহেজ্জ্ঞাতং জ্ঞাতোপপাদিতম্।
অবিজ্ঞাতেন মার্গেণ সঙ্কটেন চ ন ব্রজেৎ। কাম, ৭ স। ৩০।

২৩। অধার্ম্মিকাংশ্চ ক্রূরাংশ্চ দৃষ্টদোষান্নিরাকৃতান্।
পরেভ্যোঽভ্যাগতাংশ্চৈব দূরাদেতান্ বিবর্জ্জয়েৎ॥ কাম, ৭ স। ৩২।

২৪। মহাবাতসমুদ্ভূতামপরীক্ষিতনাবিকাম্।
অন্যনৌপ্রতিবদ্ধাং বা নোপেয়ান্নাবমাতুরাম্॥ কাম, ৭ স। ৩৩।

২৫। রাজা মধ্যদিবসে নদীর তটে নিজ সৈন্যসমূহ রক্ষিত করিয়া, যাহাতে কুম্ভীর বা মৎস্য প্রভৃতি জলজন্তু নাই, এইরূপ পরীক্ষিত নির্ম্মল জল দেখিয়া বন্ধুজন পরিবেষ্টিত হইয়া তাহাতে অবগাহন করিবেন। কাম, ৭ স। ৩৪।

২৬। গহন (নিবিড়, নির্জ্জন) বন পরিত্যাগ করিয়া, বিশুদ্ধ ও নগরের বহির্ভাগস্থ বনে উপস্থিত হইয়া তথায় বয়সের অনুরূপ মধুর বিহার করিবে কিন্তু ইন্দ্রিয় সুখ ভোগের জন্য মত্ত হইবে না। কাম, ৭ স। ৩৫।

২৭। রাজা লক্ষ্যসিদ্ধির নিমিত্ত সুস্থশরীরে শান্ত, সুশিক্ষিত ও বেগবান্ অশ্বাদি যান পৃষ্ঠে আরোহণ করিয়া সুখগম্য, অভ্যস্ত ও যাহার অন্তসীমা

২৫। পরিতাপিষু বাসরেষু পশ্চাৎ
তটলেখাস্থিতমাত্মসৈন্যচক্রম্
শুচি শোধিতনক্রমীনজালম্
ব্যবগাহেত জলং সুহৃৎসমেতঃ॥ কাম, ৭ স। ৩৪।

২৬। গহনানি বিবর্জ্জয়ন্ বিশুদ্ধং
বহিরুদ্যানবনং সমভ্যুপেয়াৎ।
বিহরন্মধুরং বয়োঽনুরূপং
ন চ মাদ্যেদ্বিষয়োপভোগরাগাৎ॥ কাম, ৭ স। ৩৫।

২৭। সুবিনীতসুবেগপৃষ্ঠযানঃ
সুখগম্যামুচিতাঞ্চ লক্ষ্যসিদ্ধ্যৈ।
সুপরীক্ষিত রক্ষিতান্তসীমাং
লঘুকোষ্ঠস্তু মৃগাটবীমুপেয়াৎ॥
কারয়েন্তৃণবনশোধনমাদৌ
মাতুরস্তিকমপি প্রবিবিক্ষুঃ।
আপ্তশস্ত্র্যনুগতঃ প্রবিশেচ্চ
সঙ্কটেষু গহনেষু ন তিষ্ঠেৎ॥ কাম, ৭ স। ৩৬—৩৭।

সৈন্য দ্বারা পরীক্ষিত ও রক্ষিত এরূপ মৃগপূর্ণ অটবীতে মৃগয়ার্থ গমন করিবেন। রাজা নিজ জননীর নিকট যাইতে হইলেও প্রথমতঃ গৃহশুদ্ধি করিবেন; অর্থাৎ গৃহমধ্য পরিষ্কৃত ও দুষ্টজন শূন্য বটে কিনা তাহা দেখিবেন, সুতরাং হিতকর শস্ত্রধারী সৈন্য পরিবৃত হইয়া বিপদ্ জনক নিবিড় বনে গমন করিবেন, কিন্তু তথায় থাকিবেন না। কাম, ৭ স। ৩৬—৩৭।

২৮। বায়ু ধূলি ও উৎকর (আবর্জ্জনা) আকর্ষণ করিয়া প্রবাহিত হইলে এবং মেঘ হইতে অনবরত ধারা নির্গত হইলে, অত্যন্ত রৌদ্র ও অত্যন্ত অন্ধকারে সুস্থশরীরেও কখন গমন করিবে না। কাম, ৭ স। ৩৮।

২৯। রাজা রাজমার্গে নির্গমন কালে ও রাজমার্গ হইতে গৃহ প্রবেশ সময়ে দুই দিকে শ্রেণীবদ্ধ প্রহরী রাখিয়া ও লোক সকল অপসারণ করিয়া আত্মগৌরব দেখাইয়া গমন করিবেন। কাম, ৭ স। ৩৯।

৩০। রাজা যাত্রা ও উৎসব সমাজে, বহু জনতাযুক্ত স্থানে কখন গমন করিবেন না ও অতি সন্ধ্যায় ও অতি প্রাতে কোথাও যাইবেন না। কাম, ৭ স। ৪০।

২৮। পাংশূৎকরাকর্ষিণি বাতি বাতে
সংসক্তধারাজলদে চ মেঘে।
অত্যাতপে চাপি তথাহন্ধকারে
স্বস্থস্তু সন্ন কচিদভ্যুপেয়াৎ॥ কাম, ৭ স। ৩৮।

নির্গমে চ প্রবেশে চ রাজমার্গং সমন্ততঃ।
প্রোৎসারিতজনং গচ্ছেৎ সম্যগাবিষ্কৃতোন্নতিঃ॥ কাম, ৭ স। ৩৯।

যাত্রোৎসবসমাজেষু জনসম্বাধশালিনঃ।
প্রদেশাননবগাহেত নাতিবেলঞ্চ সম্পতেৎ॥ কাম, ৭ স। ৪০।

বধ করিয়াছিল। পত্নী বিষযুক্ত মেখলামণি দ্বারা সৌবীর রাজাকে ও বিষ-যুক্ত নূপুরের দ্বারা বৈরন্ত্য রাজাকে এবং বিষযুক্ত দর্পণের দ্বারা জারূষ রাজাকে বধ করিয়াছিল। বেণীতে শস্ত্র রাখিয়া বিদূরথ রাজার পত্নী তাঁহাকে বধ করিয়াছিল, অতএব পত্নীতে একান্ত বিশ্বাস স্থাপন করিবে না এবং তাহাতে অহিবৃত্তি (দেখিলেই প্রহার) ও প্রয়োগ করিবে না, অহিবৃত্তি কেবল শত্রুতেই প্রয়োগ করিবে। কাম, ৭ স। ৫0—৫৪।

৪০। ধর্ম্মেচ্ছু রাজা বাজীকরণ (বীর্য্য বর্দ্ধক ঔষধ) দ্বারা পরিপুষ্ট হইয়া ক্রমানুসারে প্রতি রাত্রিতে সকল স্ত্রীর নিকট গমন করিবেন। কাম, ৭ স। ৫৬।

৪১। রাজা দিনশেষে কার্য্য ও কার্য্যাবয়ব বিচার করতঃ, লোক সকলকে বিদায় দিয়া, হিতকর বিশ্বস্ত সৈন্য দ্বারা রক্ষিত, হস্তে অস্ত্রবদ্ধ ও স্ত্রীজন পরিবেষ্টিত হইয়া সাবধানে নিদ্রা যাইবেন। কাম, ৭ স। ৫৭।

লাজান্ বিষেণ সংযোজ্য মধুনেতি বিলোভিতঃ।
দেবী তু কাশীরাজেন্দ্রং নিজঘান রহোগতম্॥
বিষদিগ্ধেন সৌবীরং মেখলামণিনা নৃপম্।
নূপুরেণ চ বৈরন্ত্যং জারূষং দর্পণেন চ॥
বেণ্যাং শস্ত্রং সমাধায় তথা চাপি বিদূরথম্।
অহিবৃত্তং পরিহরেচ্ছত্রৌ চাপি প্রযোজয়েৎ॥ কাম, ৭ স। ৫০—৫৪।

৪০। ধর্ম্মমিচ্ছন্নরপতিঃ সর্ব্বান্দারাননুক্রমাৎ।
গচ্ছেদনুনিশং নিত্যং বাজীকরণবৃংহিতঃ॥ কাম, ৭ স। ৫৬।

৪১। বিচার্য্য কার্য্যাবয়বান্ দিনক্ষয়ে
বিসৃজ্য লোকং প্রমদাহৃতক্রিয়ঃ।
আশস্ত্রবন্ধেন হি সাধু পাণিনা
স্বপেদসক্তং পরমাপ্তরক্ষিতঃ॥ কাম, ৭ স। ৫৭।

৪২। রাজা নিদান পূর্ব্বরূপাদি অষ্টাঙ্গ চিকিৎসায় ব্যুৎপন্ন এবং সৌহার্দ্দ ও অনুরাগ-সম্পন্ন বৈদ্যগণকে শরীর রক্ষণে সর্ব্বদা নিযুক্ত রাখিবেন। ম, স, ৫ অ। ৯০।

৪৩। বিষদোষ ভয়হেতু কপি ও কুক্কুট প্রভৃতি দ্বারা পরীক্ষা করাইয়া অন্ন ভোজন করিবে। সবিষ অন্ন দর্শন মাত্রে হংস পতিত হয়, ভ্রমর কুজন করে, ময়ূর নৃত্য করে, কুক্কুট চীৎকার করে, বক মত্ততা প্রাপ্ত হয়, কপি মলত্যাগ করে, বভ্রু (ভারদ্বাজ পক্ষী) রোমাঞ্চিত হয়, শারিকা বমন করে, অতএব সবিষান্ন দর্শন মাত্র ইহাদিগের দ্বারা পরীক্ষা করাইবে। ষড়্‌রস যুক্ত অন্ন ভোজন করিবে। দ্বি, ত্রি রসসংযুক্ত অন্ন কদাপি ভোজন করিবে না। হীন অথবা অতিরিক্ত কটু, মধুর বা ক্ষার রস-সংযুক্ত অন্ন ভোজন করিবে না। শুক্র, ১ অ। ৩২৬—৩২৯।

৪৪। উপবনাদিতে যথাকালে সাবধান হইয়া প্রধান পুরুষ, কামিনী নট, গায়ক, বৈতালিক, ঐন্দ্রজালিক প্রভৃতি পরিবৃত হইয়া বিহার করিবে। প্রত্যহ প্রাতঃ ও সায়ংকালে গজ, অশ্ব, বা রথে ভ্রমণ করিবে।

৪২। কচ্চিদ্বৈদ্যাশ্চিকিৎসায়ামষ্টাঙ্গায়াং বিশারদাঃ।
সুহৃদাশ্চানুরক্তাশ্চ শরীরে তে হিতাঃ সদা॥ ম, স, ৫ অ। ৯০।

৪৩। বিষদোষভয়াদন্নং বিমৃশেৎ কপিকুক্কুটৈঃ।
হংসাঃ স্খলন্তি কুজন্তি ভৃঙ্গা নৃত্যন্তি মায়ূরাঃ॥
বিরৌতি কুক্কুটো মাদ্যেৎ ক্রৌঞ্চো বৈ রেচতে কপিঃ।
হৃষ্টরোমা ভবেৎ বভ্রুঃ শারিকা বমতে তথা॥
দৃষ্টৈব সবিষং চান্নং তস্মাদ্ ভোজ্যং পরীক্ষয়েৎ।
ভুঞ্জীত ষড়্‌রসং নিত্যং ন দ্বিত্রিরসসঙ্কুলম্॥
"হীনাতিরিক্তং ন কটুমধুরক্ষারসঙ্কুলম্।" শুক্র, ১ অ। ৩২৬—৩২৯।

৪৪। আরামাদৌ প্রকৃতিভিঃ স্ত্রীভিশ্চ নটগায়কৈঃ।
বিহরেৎ সাবধানস্তু মাগধৈরৈন্দ্রজালকৈঃ॥

সৈনিকগণের বূ্যহাভ্যাস স্বয়ং শিক্ষা করিবে ও শিক্ষা করাইবে। বনচর ব্যাঘ্রাদি ও ময়ূরাদি পক্ষীর দ্বারা ক্রীড়া করাইবে। দুষ্টপ্রাণী বিনাশ করিয়া মৃগয়া করিবে। শুক্র, ১ অ। ৩৩০—৩৩২।

৪৫। অনুরক্তা, সুরূপা, সুবস্ত্রা, প্রিয়বাদিনী, সালঙ্কারা, পরিশুদ্ধা (সুচরিত্রা ও ঋতুজনিতাশুদ্ধিবিহীনা) স্ত্রী সম্ভোগ করিবে। তাহার সহিত দুই প্রহরকাল শয়ান থাকিয়া অত্যন্ত সুখসম্ভোগ করিবে। শুক্র, ১অ। ৩৭৯—৩৮০।

৪৬। কদাপি স্বস্থান ত্যাগ করিবে না, যে হেতু স্থানস্থিত কাপুরুষও সিংহসদৃশ। দন্ত, কেশ, নখ ও রাজা স্থান ভ্রষ্ট হইলে শোভা প্রাপ্ত হন না। নীতিদ্বারা শত্রুপরাজয় করিবে। শুক্র, ১ অ। ৩৮০—৩৮১।

৪৭। যাহাতে শুভকর ভোজন ও শয়ন হয় সেইমত কার্য্য করিবে, অন্যথা ক্ষুধা ও নিদ্রা দারিদ্র্য আনয়ন করে। শুক্র, ৪অ-৭ প্র।৪১৯।

গজাশ্বরথযানং তু প্রাতঃ সায়ং সদাভ্যসেৎ।
বূ্যহাভ্যাসং সৈনিকানাং স্বয়ং শিক্ষেচ্চ শিক্ষয়েৎ॥
ব্যাঘ্রাদিভির্বনচরৈর্ময়ূরাদ্যৈশ্চ পক্ষিভিঃ।
ক্রীড়য়েৎ মৃগয়াং কুর্য্যাদ্দুষ্টসত্বান্নিপাতয়ন্॥ শুক্র, ১ অ। ৩৩০—৩৩২।

৪৫। সানুরক্তাং সুরূপাঞ্চ সুবস্ত্রাং প্রিয়বাদিনীম্।
সুভূষণাং সুসংশুদ্ধাং প্রমদাং শয়নে ভজেৎ॥
"যামদ্বয়ং শয়ানশ্চ হ্যত্যন্তং সুখমশ্নুতে"। শুক্র, ১ অ। ৩৭৯—৩৮০।

৪৬। "ন সংত্যজেচ্চ স্বস্থানং নীত্যা শত্রুগণং জয়েৎ॥"
"স্থানভ্রষ্টা নো বিভান্তি দন্তাঃ কেশা নখানৃপাঃ।" শুক্র, ১ অ। ৩৮০—৩৮১।

৪৭। ক্ষুধয়া নিদ্রয়া সর্ব্বমশনং শয়নং শুভম্।
ভবেদ্ যথা তথা কুর্য্যাদন্যথাশু দরিদ্রকৃৎ॥ শুক্র, ৪ অ—৭ প্র। ৪১৯।

৪৮। রাজা বিষাদিত হইলে, তাঁহাকে তদবস্থায় রক্ষা করা বিধি। পঞ্চাঙ্গ শিরীষ মূত্রপিষ্ট করিয়া সেবনে বিষদোষ নাশ পায়। শতাবরী ছিন্নরুহা, বিষঘ্নী, তণ্ডুলীয়ক, কোষাতকী, কহ্লারী, ব্রাহ্মী, চিত্রপটোলিকা, মণ্ডূকপর্ণী, বারাহী, ধাত্রী, আনন্দক, উন্মাদিনী, সোমরাজী এবং বিষঘ্ন রত্ন এই সকলই রক্ষার উপায়। অগ্নি, ২২২অ। ৭—৯।

৪৯। আহার, মৈথুন, নিদ্রা এই সকলের অতিশয় সেবা করা উচিত নহে, কেননা উহাতে রুগ্ন হইবার সম্ভাবনা। মঞ্চাধিকারে স্বরামিকা স্ত্রীর সেবা করিবে। অগ্নি, ২২৪অ। ৪।

বিরক্তা স্ত্রীর লক্ষণ কি ?

৫০। যে স্ত্রী দুষ্ট ব্যবহার করে, স্বামীর কথা অভিনন্দন না করে, শত্রুর সহিত সংমিলন করে, গর্ব্ব ও ঔদ্ধত্য প্রকাশ করে, চুম্বন করিলে বদন মার্জ্জন করে, দান করিলে তাহার বহুমাননা করে না, স্বামীর অগ্রে শয়ন

৪৮। রাজরক্ষাং প্রবক্ষ্যামি রক্ষ্যো ভূপোবিষাদিতঃ।
পঞ্চাঙ্গস্তু শিরীষঃ স্যান্মূত্রপিষ্টো বিষার্দ্দনঃ॥
শতাবরী চ্ছিন্নরুহঃ বিষঘ্নো তণ্ডুলীয়কম্।
কোষাতকী চ কহ্লারী ব্রাহ্মী চিত্রপটোলিকা॥
মণ্ডূকপর্ণী বারাহী ধাত্র্যানন্দকমেব চ।
উন্মাদিনী সোমরাজী বিষঘ্নং রত্নমেব চ॥ অগ্নি, ২২২ অ। ৭—৯।

৪৯। আহারো মৈথুনং নিদ্রা সেব্যা নাতি হি রুগ্‌ভবেৎ।
মঞ্চাধিকারে কর্ত্তব্যাঃ স্ত্রিয়ঃ সেব্যাঃ স্বরামিকাঃ॥ অগ্নি, ২২৪ অ। ৪

৫০। দুষ্টাস্থাচরতে যা তু নাভিনন্দতি তৎকথাম্।
ঐক্যং দ্বিষদ্ভির্ব্রজতি গর্ব্বং বহতি চোদ্ধতা॥
চুম্বিতামার্ষ্টি বদনং দত্তং ন বহুমন্যতে।
স্বপিত্যাদৌ প্রসুপ্তাপি তথা পশ্চাদ্বিবুধ্যতে॥

করে, পশ্চাৎ নিদ্রা হইতে উত্থান করে, স্পর্শ করিলে গাত্রকম্পন ও গাত্র-রোধ করে, প্রিয় কথা বলিলেও পরাঙ্মুখী হইয়া ঈষৎ শ্রবণ করে, অগ্র-দানেও দৃষ্টিক্ষেপ না করে, জঘন দেশ গোপন করে, স্বামীকে দেখিলে বদন মলিন করে, স্বামীর মিত্রজনেও অনুরাগ প্রকাশ করে না, অন্যান্য স্ত্রীগণ স্বামীর প্রতি কামিতা হইলেও মধ্যস্থার ন্যায় ভাব প্রদর্শন করে এবং যে স্ত্রী মণ্ডনকাল উপস্থিত জানিয়াও মণ্ডনকার্য্য না করে, এইরূপে যে স্ত্রী বিরাগ পরায়ণা হয়, তাহাকে ত্যাগ করিয়া সানুরাগা স্ত্রীর ভজনা করিবে। অগ্নি, ২২৪অ। ৫—১০।

সানুরাগা স্ত্রীর লক্ষণ ;—

৫১। যে স্ত্রী স্বামীর দর্শন মাত্র হৃষ্টা হয়, স্বামীকে দেখিলেই লজ্জায় অবনতমুখী হয়, দর্শন পথে পতিতা হইলে চঞ্চল-দৃষ্টি অন্যত্র ক্ষেপণ করে, সযত্নে গুহ্য অঙ্গ গোপন করে, স্বামীকে দেখিলে আলিঙ্গন ও চুম্বন করে,

পৃষ্টা ধূনোতি গাত্রাণি গাত্রঞ্চ বিরুণদ্ধি যা।
ঈষচ্ছৃণোতি বাক্যানি প্রিয়াণ্যপি পরাঙ্মুখী॥
ন পশ্যত্যগ্রদত্তস্তু জঘনঞ্চ নিগূহতি।
দৃষ্টে বিবর্ণবদনা মিত্রেষ্বথ পরাঙ্মুখী॥
তৎকামিতাসু স্ত্রীষু মধ্যস্থেব চ লক্ষ্যতে।
জ্ঞাতমণ্ডনকালাপি ন করোতি চ মণ্ডনম্॥
" যা সা বিরক্তা তাং ত্যক্ত্বা সানুরাগাং স্ত্রিয়ং ভজেৎ।" অগ্নি,২২৪অ।৫—১০।

৫১। "দৃষ্টৈব হৃষ্টা ভবতি বীক্ষিতে চ পরাঙ্মুখী॥"
দৃশ্যমানা তথান্যত্র দৃষ্টিং ক্ষিপতি চঞ্চলাম্।
তথাপ্যপাবর্ত্তয়িতুং নৈব শক্নোত্যশেষতঃ॥
বিবৃণোতি তথাঙ্গানি স্বস্যা গুহ্যানি ভার্গব।
গর্হিতঞ্চ তথৈবাঙ্গং প্রযত্নেন নিগূহতি॥

সম্ভাষণ করিলে সত্যকথা বলে, স্পর্শ করিলে পুলকিত ও স্বিন্নদেহা হয়, স্বামীর নিকট সুলভ দ্রব্য প্রার্থনা করে, তাহাও আবার স্বল্পমাত্র পাইলে পুলকিত হয়, স্বামীর নাম সংকীর্ত্তন মাত্রেই আহ্লাদিত হইয়া বহুমান করে, স্বামীর নিকট করজাঙ্কিত ফল প্রেরণ করে ও স্বামীর প্রেরিত ফল সাদরে হৃদয়ে ধারণ করে, স্বামীকে আলিঙ্গন করিলে, শরীরে যেন অমৃতসিঞ্চন হয়; স্বামী শয়ন করিলে পর যে স্ত্রী শয়ন করে ও তাহার পূর্ব্বে জাগরিত হয় এবং উরু স্পর্শ করিয়া সুপ্তস্বামীকে জাগরিত করে, তাহার নাম সানুরাগা স্ত্রী। অগ্নি, ২২৪অ। ১০—১৭।

৫২। কপিত্থ চূর্ণ যোগে দধি; দুগ্ধ, যব ও সুগন্ধি ঘৃত প্রভৃতিই ভোজ্য কল্পনা করিবে। অগ্নি, ২২৪ অ। ১৮—১৯।

তদ্দর্শনে চ কুরুতে বালালিঙ্গনচুম্বনম্।
আভাষ্যমাণা ভবতি সত্যবাক্যা তথৈব চ॥
স্পৃষ্টা পুলকিতৈরঙ্গৈঃ স্বেদেনৈব চ ভজ্যতে।
করোতি চ তথারাম সুলভদ্রব্যযাচনম্॥
ততঃ স্বল্পমপি প্রাপ্য করোতি পরমাং মুদম্।
নামসঙ্কীর্ত্তনাদেব মুদিতা বহুমন্যতে॥
করজাঙ্কিতান্যস্য ফলানি প্রেষয়ত্যপি।
তৎপ্রেষিতঞ্চ হৃদয়ে বিন্যসত্যপি চাদরাৎ॥
আলিঙ্গনৈশ্চ গাত্রানি লিম্পতীবামৃতেন যা।
সুপ্তে স্বপিত্যথাদৌ চ তথা তস্য বিবুধ্যতে।
উরু স্পৃশতি চাত্যর্থং সুপ্তঞ্চৈনং বিবুধ্যতে॥ অগ্নি, ২২৪ অ। ১০—১৭।

৫২। "কপিত্থচূর্ণযোগেন তথা দধ্নঃ স্রজা তথা॥"
ঘৃতং সুগন্ধি ভবতি দুগ্ধৈঃ ক্ষিপ্তৈস্তথা যবৈঃ।
ভোজ্যস্য কল্পনৈবং স্যাদ্‌গন্ধযুক্তিঃ প্রদর্শ্যতে॥ অগ্নি, ২২৪ অ। ১৮ ১৯।

৫৩। অগ্রে পরীক্ষা না করিয়া কখনও ভোজন বা শয়ন করিবে না। যাহার পরিচয় পরিজ্ঞান নাই তাদৃশ স্ত্রী সঙ্গম করিবে না এবং অজ্ঞাত নৌকাতে আরোহণ করিবে না। অগ্নি, ২২৫ অ। ৩০—৩১।

৫৪। ত্বক্, নাড়ী, ফল, তৈল, কুঙ্কুম, গ্রন্থি, পর্ব্ব, শৈলেয়, তগর, ক্রান্তা, চোল, কর্পূর, মাংসী, সুরা, কুষ্ঠ এই সকল হইতে স্বেচ্ছাক্রমে দ্রব্যত্রয় গ্রহণ করিয়া মৃগদর্পের সহিত যোগ করতঃ স্নান করিলে, কন্দর্প বৃদ্ধি হয়। অগ্নি, ২২৪ অ। ২৭—২৯।

ঊনত্রিংশ স্তবক।

[মৃগয়া।]

হিংসাদি দোষ-সংশ্লিষ্ট হেতু ও জীবনাস্ত হইতে পারে এই কারণে, ঋষিগণ মৃগয়াকে ব্যসন মধ্যে পরিগণিত করিয়াছেন, কিন্তু শৌর্য্য-বৃদ্ধি ও লক্ষ্যসাধন-কৌশল-লাভ প্রভৃতি অনেক মহত্তর গুণ বিদ্যমান থাকায়, অনেক শাস্ত্রকার মৃগয়াকে নৃপতি-গণের নিত্যকর্ম্মের মধ্যে পরিগণিত করিয়াছেন। ফলতঃ

৫৩। "না পরীক্ষিত পূর্ব্বঞ্চ ভোজনং শয়নং স্পৃশেৎ ॥"
"নাবিজ্ঞাতাং স্ত্রিয়ং গচ্ছেন্নাজ্ঞাতাং নাবমারুহেৎ।" অগ্নি, ২২৫ অ। ৩০—৩১।

৫৪। "ত্বচং নাড়ীং ফলং তৈলং কুঙ্কুমং গ্রন্থিপর্ব্বকম্ ॥"
শৈলেয়ং তগরং ক্রান্তাং চোলং কর্পূরমেব চ।
মাংসীং সুরাঞ্চ কুষ্ঠঞ্চ স্নানদ্রব্যাণি নির্দ্দিশেৎ ॥
এতেভ্যস্তু সমাদায় দ্রব্যত্রয়যথেচ্ছয়া।
মৃগদর্পযুতং স্নানং কার্য্যং কন্দর্পবর্দ্ধনম্ ॥ অগ্নি, ২২৪ অ। ২৭—২৯।

মৃগয়ায় ব্যায়াম হয়, ব্যায়াম স্বাস্থ্য রক্ষার ও শারীরিক বল বর্দ্ধনের প্রধান উপায়। মৃগয়ালব্ধ খাদ্য-পশু-পক্ষীর মাংস ভোজ্য রূপে ব্যবহার করিলে শরীরে বল বর্দ্ধিত হয়। নিত্য-মৃগয়ায় লক্ষ্যসিদ্ধি অভ্যস্ত থাকে। ধনুর্ব্বাণ ও নালিকাস্ত্রাদিতে লক্ষ্য-সিদ্ধি অভ্যস্ত থাকিলে, শত্রুবিঘাতনের সাহস সতত উদ্দীপিত থাকে। শত্রুনিপাতন নিমিত্ত নৃপতিগণকে যুদ্ধকার্য্যে প্রবৃত্ত হইতে হয়। যুদ্ধ কার্য্যে লক্ষ্যসিদ্ধি নিতান্ত প্রয়োজনীয়। এই সকল কারণে রাজগণ প্রায়ই মৃগয়াসক্ত হইয়া থাকেন। মৃগয়ায় অত্যাসক্ত না হইয়া কিরূপে সুব্যবস্থায় মৃগয়া করা কর্ত্তব্য সে বিষয়ে শাস্ত্রকারেরা যে বিধান করিয়াছেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

১। যোগ্য মৃগয়া দ্বারা আমাদি জীর্ণ হয় এবং চঞ্চল-লক্ষ্যে বাণসিদ্ধি লাভ হয়। কাম, ১৪ স। ২৭।

২। যদি মৃগয়া ক্রীড়ার অভিলাষ হয়, তবে নগরের প্রান্ত ভাগে ক্রীড়া নিমিত্ত মনোরম মৃগয়ারণ্য প্রস্তুত করাইবে। কাম, ১৪স। ২৮।

৩। সেই মৃগয়ারণ্য মৃগাদিগের অগম্য পরিখা দ্বারা পরিক্ষিপ্ত,

১। আমাদয়ো হি জীর্য্যন্তে যোগ্যয়ৈব দিবানিশম্।
চরেষু যত্র লক্ষ্যেষু বাণসিদ্ধিশ্চ জায়তে॥ কাম, ১৪ স। ২৭।

২। অথ চেন্মৃগয়াক্রীড়াং বাঞ্ছেত নগরান্তিকে।
কারয়েন্মৃগয়ারণ্যং ক্রীড়াহেতোর্ম্মনোরমম্॥ কাম, ১৪ স। ২৮।

৩। পরিক্ষিপ্তং পরিখয়া মৃগাণামপ্যগম্যয়া।
আয়াম পরিণাহাভ্যামর্দ্ধযোজন সম্মিতং॥

আয়াম ও পরিণাহে অর্দ্ধযোজন পরিমিত হইবে। গিরি অথবা নদীর উপান্তভাগে পর্য্যাপ্তজল ও শাদ্বলবিশিষ্ট, কণ্টকবিহীন লতা-গুল্ম-শোভিত ও বিষপাদপ বর্জ্জিত হইবে প্রসিদ্ধ, মনোহর, স্নিগ্ধ-শীতল-ঘনচ্ছায়া ও ফলপুষ্প বিশিষ্ট বৃক্ষদ্বারা উপশোভিত হইবে। ধূলিপূরিত নিশ্ছিদ্র, শুভপ্রদর-কন্দর সংযুক্ত, দলিত-স্থাণু-বল্মীক-পাষাণ সমভূমি হইবে। শোধিত-গ্রাহ ও প্রভূত-জল জলাশয়-বিশিষ্ট, বিবিধ পুষ্প সমাকীর্ণ, বিবিধ পক্ষিসঙ্কুল হইবে। মৃগসমূহে পরিব্যাপ্ত, হস্তিনী ও হস্তিশাবক

গিরেরুপান্তে নদ্যা বা পর্য্যাপ্তজলশাদ্বলম্।
অকণ্টকলতাগুল্মং বিষপাদপবর্জ্জিতম্॥
পাদপৈঃ পুষ্পফলদৈঃ বিজ্ঞাতৈশ্চিত্তহারিভিঃ।
স্নিগ্ধশীত ঘনচ্ছায়ৈর্বিটপৈরুপশোভিতম্॥
পাংশুপূরিতনিশ্ছিদ্রং শুভ্রপ্রদরকন্দরম্।
দলিতস্থাণুবল্মীকপাষাণং সমভূতলম্॥
শোধিতগ্রাহসলিলং সম্ভৃতজলদাশয়ম্।
নানাপুষ্পসমাকীর্ণং নানাবিহগসঙ্কুলম্॥
মৃগসঙ্ঘাতসম্পূর্ণং হস্তিনীকলভান্বিতম্।
ভগ্নদন্তনখব্যাঘ্রং চ্ছিন্নশৃঙ্গবিষাণি চ॥
সুখসংসেব্যলতয়া পুষ্পবল্লীপিনদ্ধয়া।
বনরাজ্যা পরিক্ষিপ্তং পরিখাতটজাতয়া॥
বহির্দুরান্তরাভোগনির্বৃক্ষসমভূতলম্।
অগম্যং রিপুসৈন্যানাং মনঃপ্রীতি বিবর্দ্ধনম্॥
তদ্বনে চরচিত্তজ্ঞৈঃ ক্লেশায়াসসহৈর্দৃঢ়ৈঃ।
রক্ষিতং রক্ষিভিঃ স্বাপ্তৈর্ভূভুজাং ভূরিভূতয়ে॥
তৎকর্ম্মাপ্তো নরেন্দ্রস্য জনো জিতপরিশ্রমঃ।
ক্রীড়নায়াস্য বিবিধা মৃগজাতীঃ প্রবেশয়েৎ॥ কাম, ১৩স।২৯—৩৮।

সঙ্কুল, ভগ্ন-দন্ত-নখ-ব্যাঘ্র ও ছিন্ন-শৃঙ্গ শৃঙ্গী-সঙ্কুল হইবে। পরিখার তীরে জাত সুখসেব্যলতা-বিশিষ্ট, পুষ্প-বল্লী-পিনদ্ধ বনরাজি-পরিক্ষিপ্ত হইবে। তাহার বহির্ভাগ দূরান্তরাভোগ বৃক্ষবিহীন, সমতলভূমি, শত্রুসৈন্যের অগম্য ও মনঃপ্রীতি বর্দ্ধন হইবে। তাহা রাজার সম্পদের নিমিত্ত চরচিত্তবেত্তা, ক্লেশ ও আয়াস সহনশীল, স্বাপ্ত-রক্ষিগণ দ্বারা রক্ষিত হইবে এবং সেই মৃগয়ারণ্যে তৎকার্য্যের নিমিত্ত নিযুক্ত জিত-শ্রম কর্ম্মচারী রাজার ক্রীড়ার জন্য বিবিধ মৃগ প্রবেশ করাইবে। কাম, ১৪স। ২৯—৩৮।

৪। প্রাতর্ভ্রমণশীল রাজা তাহাদিগের (ঐ সকল কর্ম্মচারীর) সহিত অন্যকার্য্যের বিরোধ না জন্মাইয়া সেই বনে প্রবেশ করিবেন। কাম, ১৪স। ৩৯।

৫। যখন রাজা ক্রীড়ার্থ তথায় প্রবেশ করিবেন, তখন সন্নদ্ধ দূরান্তগোচর সৈন্যগণ বহির্ভাগে অবস্থান করিবে। কাম, ১৪স। ৪০।

৬। সাধুগণ মৃগয়াযানে যে সকল উৎকৃষ্টগুণ বর্ণন করিয়াছেন, মৃগয়াপ্রীত নরপতি তথায় তাহাই লাভ করিবেন। মৃগয়াক্রীড়নে এই বিধিই উত্তম। মৃগয়ায় মৃগগণের ন্যায় রাজা ইহার অন্যথাচরণ করিবেন না। কাম, ১০স। ৪১—৪২।

৪। অন্যকার্য্যাবিরোধেন প্রাতশ্চঙ্‌ক্রমণক্ষমঃ।
ক্রীড়নায়াবিশেদ্রাজা তদাপ্তৈঃসহিতো মতৈঃ॥ কাম, ১৪স। ৩৯।

৫। যদা চ প্রবিশেদ্রাজা ক্রীড়নার্থং তদা বহিঃ।
সন্নদ্ধং যত্নতস্তিষ্ঠেৎ সৈন্যং দূরান্তগোচরম্‌॥ কাম, ১৪ স। ৪০।

৬। সদ্ভির্যে মৃগয়াযানে গুণাঃ সাধু প্রকীর্ত্তিতাঃ।
ক্রীড়াপ্রীতো নরপতিস্তাংস্তত্র সমবাপ্নুয়াৎ॥
বিধিরেব সমুদ্দিষ্টো মৃগয়াক্রীড়নে বরঃ।
ন গচ্ছেদন্যথা রাজা মৃগয়ায়াং মৃগাযথা॥ কাম, ১৪ স। ৪১—৪২।

৭। মৃগয়ায় শৌর্য্যবৃদ্ধি হয়, লক্ষ্যসাধন-কৌশল লাভ হয় এবং অকাতরত্ব ও শস্ত্রাদির শীঘ্রপাতন ক্ষমতা বর্দ্ধিত হয়। মৃগয়ায় এই সকল গুণ ও হিংসা মহত্তর দোষ আছে। শুক্র, ১অ। ৩৩৩-৩৩৪।

ত্রিংশ স্তবক।

[রাজার দেবতা ও ব্রাহ্মণের প্রতি ব্যবহার।]

ভূপতির দেবতা ও ব্রাহ্মণের প্রতি ভক্তিমান্ হওয়া ও যথোচিত পূজাদিদ্বারা তাঁহাদের সন্তুষ্টি সাধন করা উচিত। শ্রীমদ্ভগবদ্গীতায় ৩য় অধ্যায়ে অর্জ্জুনের প্রতি শ্রীভগবানের ইহা উপদেশ বাক্য আছে যে,—

"সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্॥
দেবান্ ভাবয়তানেন, তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ॥
ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্ক্তে স্তেন এব সঃ।"ইত্যাদি।

অর্থাৎ কল্পারম্ভে প্রজাপতি (ব্রহ্মা) যজ্ঞাধিকারী জীবগণকে সৃষ্টি করিয়া ইহাই বলিয়াছিলেন,—"এই যজ্ঞের দ্বারা তোমরা

৭। শৌর্য্যং প্রবর্দ্ধতে নিত্যং লক্ষ্যসন্ধান সাধনম্।
অকাতরত্বং শস্ত্রাস্ত্রশীঘ্রপাতনকারিতা॥
"মৃগয়ায়াং গুণা এতে হিংসাদোষমহত্তরঃ।"শুক্র, ১ অ। ৩৩৩-৩৩৪।

বৃদ্ধিপ্রাপ্ত হও। এই যজ্ঞই তোমাদিগের মনোবাঞ্ছিতফল দান করিবে। হে প্রজাগণ! যজ্ঞাদি কর্ম্ম দ্বারা তোমরা দেবতাগণকে সন্তুষ্ট কর এবং দেবতাগণও তোমাদিগকে সন্তুষ্ট করুন; এইরূপ পরস্পর সাধনা দ্বারা তোমরা কল্যাণ লাভ কর। যজ্ঞের দ্বারা সন্তুষ্ট হইয়া, দেবতাগণ তোমাদিগকে মনোবাঞ্ছিত ভোগ প্রদান করিবেন, এই দেবদত্ত ভোগ লাভে, যে ব্যক্তি দেবতাদিগকে প্রদান না করিয়া স্বয়ং ভোগ করে সে চোর ইত্যাদি।" অতএব প্রজামাত্রেরই ইষ্ট-মঙ্গল কামনায় যজ্ঞ ও পূজাদি দ্বারা দেবতাদিগের সন্তোষ সম্পাদন করা কর্ত্তব্য। এমতাবস্থায় বিভূতিমান্ রাজাদিগের যে তাহা অবশ্য-কর্ত্তব্য তাহাতে সন্দেহ নাই। দেবতারা রাজা কর্ত্তৃক পূজিত হইয়া রাজ্যের মঙ্গল বিধান করেন। রাজপূজা দেবতারা সর্ব্বাগ্রে গ্রহণ করিয়া থাকেন। রাজকৃত যজ্ঞভাগ দেবতাসকল অংশক্রমে গ্রহণ করেন। ভক্তিমান্ ধার্ম্মিক নৃপতির যজ্ঞ-পূজায় পরিতৃপ্ত হইয়া ইন্দ্রদেব যথাকালে বারিবর্ষণ করিয়া পৃথিবীকে শস্যশালিনী করেন, সূর্য্যদেব যথোচিত কিরণদানে পৃথিবীকে তেজস্বিনী করেন, পবনদেব পৃথিবীকে সাম্যভাবে রক্ষা করেন, বৈশ্রবণ ধনদানে পৃথিবীকে সমৃদ্ধিশালিনী করেন, এইরূপ সকল দেবতাই রাজপূজায় পরিতৃপ্ত হইয়া রাজা ও রাজ্যকে সম্যক্‌রূপে রক্ষা করিয়া থাকেন। রাজা পাপিষ্ঠ ও ‑‑ত্ত-পূজাদি বিরহিত হইলে, দেবতারা রুষ্ট হইয়া সকলেই বিপফল প্রদান করিয়া থাকেন। পুরাণ ইতিহাসে অনেক ৰাণ পাওয়া যায় যে, অনেক ধার্ম্মিক নৃপতি দেবভক্তি ও পূজা

বলে এককালে সমৃদ্ধির পরাকাষ্ঠা লাভ করিয়াছেন এবং অনেকে পাপসংস্পর্শে দেবভক্তি ও পূজাবিহীন হইয়া অবশেষে রাজ্য-ভ্রষ্ট ও হতশ্রী হইয়া জীবন বিসর্জ্জন করিয়াছেন। ব্রাহ্মণও দেবরূপী, ব্রাহ্মণ নিয়ত রাজার ও রাজ্যের মঙ্গলকামনা করিয়া থাকেন, নৃপতির যজ্ঞানুষ্ঠান ও দেবপূজার প্রধান সাধক ব্রাহ্মণ-পুরোহিত, শাস্ত্রপথে নিরত রাখিবার নিমিত্ত ব্রাহ্মণই কীলক-স্বরূপ, ব্রাহ্মণেরা নৃপতির মঙ্গল কামনায় নিয়তই আশীর্ব্বাদ করিয়া থাকেন। অতএব নৃপতির দেবতা ও ব্রাহ্মণগণের প্রতি ভক্তিমান্ হওয়া ও যথোচিত পূজাদি দ্বারা তাঁহাদের তৃপ্তিসাধন করা বিহিত। শাস্ত্রকারেরাও রাজধর্ম্মে নর-পতির ভক্তিসহকারে দেবতা ও ব্রাহ্মণের পূজা করিবার বিধান করিয়াছেন, এস্থলে তদ্বিষয়ক বিধি সংকলন করা গেল।

১। রাজা ক্ষত্রিয় না হইলেও প্রকৃতিবর্গের অনুরাগভাজন হইবার নিমিত্ত বিধির অনুবর্ত্তী হইয়া দেবতা ও দ্বিজগণের প্রতি শ্রদ্ধা ও ভক্তি করিবেন। ম, শা, ৫৬,অ। ১২।

২। ভূপাল দেব ও ব্রাহ্মণদিগের অর্চ্চনা করিলে, আনৃণ্যলাভ করেন এবং সমস্ত লোকের শ্রদ্ধাভাজন হন। ম, শা, ৫৬ অ। ১৩।

১। আদাবেব কুরুশ্রেষ্ঠ রাজ্ঞা রঞ্জনকাম্যয়া।
দেবতানাং দ্বিজানাঞ্চ বর্ত্তিতব্যং যথাবিধি॥ ম, শা ৫৬ অ। ১২।

২। দৈবতান্যর্চ্চয়িত্বা হি ব্রাহ্মণাংশ্চ কুরূদ্বহ।
আনৃণ্যং যাতি ধর্ম্মস্ত লোকেন চ সমর্চ্চ্যতে॥ ম, শা, ৫৬ অ। ১৩।

৩। দেবগণ, পিতৃলোক, অভ্যাগত, অতিথি, ব্রাহ্মণ, যোদ্ধা ও মিত্রগণের জন্য রাজার ধন ব্যয় করা উচিত। বা, অ, ১০০ স। ৫৫।

৪। গুরুগণ, বৃদ্ধ সকল, তাপসপুঞ্জ, দেবতা, অতিথি, চতুষ্পথ-স্থিত চৈত্য এবং তপস্যা ও বিদ্যাদ্বারা সিদ্ধকাম ব্রাহ্মণগণকে রাজা নমস্কার করিবেন। বা, অ, ১০০ স। ৬১।

৫। যিনি দেবতার দ্রব্য, ব্রহ্মস্ব, স্ত্রীধন ও বালকধন হরণ করেন এবং দান করিয়া পুনর্ব্বার হরণ করেন, তিনি নিজ বন্ধুবর্গের সহিত বিনষ্ট হন। যিনি দেবতা ও ব্রাহ্মণের দ্রব্য গ্রহণ করেন, তিনি সদ্যই বীচি নামক ঘোরতর নরকে পতিত হন। অধিক কি যে নরাধম মনে মনেও ব্রহ্মস্ব ও দেবস্ব হরণ করে, সে নিরয় হইতে নিরয়ে পতিত হয়। বা, উ, ৭১ স। ৪৮-৫১।

৬। প্রতিদিন প্রত্যূষে শয্যা হইতে গাত্রোত্থান পূর্ব্বক বেদজ্ঞ ও নীতিশাস্ত্রজ্ঞ ব্রাহ্মণগণের সেবা করা রাজার কর্ত্তব্য এবং তাঁহারা যাহা আদেশ করেন, তাহাও তাঁহার অনুষ্ঠেয়। মনু, ৭ অ। ৩৭।

৩। দেবতার্থে চ পিত্রর্থে ব্রাহ্মণেঽভ্যাগতেষু চ।
যোধেষু মিত্রবর্গেষু কচ্চিদ্গচ্ছতি তে ব্যয়ঃ॥ বা, অ, ১০০স। ৫৫।

৪। কচ্চিদ্গুরূংশ্চ বৃদ্ধাংশ্চ তাপসান্ দেবতাতিথীন্।
চৈত্যাংশ্চ সর্ব্বান্ সিদ্ধার্থান্ ব্রাহ্মণাংশ্চ নমস্যসি॥ বা, অ, ১০০ স। ৬১।

৫। "ব্রহ্মস্বং দেবতাদ্রব্যং স্ত্রীণাং বালধনঞ্চ যৎ॥"
দত্তং হরতি যো ভূয়ইষ্টৈঃ সহ বিনশ্যতি।
ব্রাহ্মণদ্রব্যমাদত্তে দেবানাঞ্চৈব রাঘব॥
সদ্যঃ পততি ঘোরে বৈ নরকে বীচিসংজ্ঞকে।
মনসাপি হি দেবস্বং ব্রহ্মস্বঞ্চ হরেত্তু যঃ॥
"নিরয়ান্নিরয়ঞ্চৈব পতত্যেব নরাধমঃ।" বা, উ, ৭১ স। ৪৮—৫১।

৬। ব্রাহ্মণান্ পর্য্যুপাসীত প্রাতরুত্থায় পার্থিবঃ।
ত্রৈবিদ্যবৃদ্ধান্ বিদুষস্তিষ্ঠেৎ তেষাঞ্চ শাসনে॥ মনু ৭ অ। ৩৭।

৭। যাঁহাদের মন অতি পবিত্র, এরূপ বেদজ্ঞ, ধর্ম্ম-বৃদ্ধ ও বয়োবৃদ্ধ ব্রাহ্মণগণের সর্ব্বদা সেবা করা রাজার কর্ত্তব্য। কারণ যে রাজা সদা বৃদ্ধ-সেবায় নিরত থাকেন, হিংস্র রাক্ষসেরাও তাঁহার হিত চেষ্টা করিয়া থাকে। মনু, ৭ অ। ৩৮।

৮। বশীকরণাদি অথর্ব্ব-বেদ-বিহিত কর্ম্ম সকল সম্পাদনার্থ কুল-পরোহিত এবং যজ্ঞাদি কার্য্য-নির্ব্বাহার্থে ঋত্বিক্‌কে রাজার নিয়োজিত করা অবশ্য কর্ত্তব্য। তাঁহারা নিযুক্ত হইয়া রাজকুলোচিত বেদোক্ত ধর্ম্মকার্য্যাদি এবং দক্ষিণ, আহবনীয় ও গার্হপত্য এই অগ্নিত্রয়ে বিধাতব্য যাবতীয় কার্য্য সকল সম্পাদন করিবেন। রাজার বহুদক্ষিণা-বিশিষ্ট বিবিধ যজ্ঞানুষ্ঠান কর্ত্তব্য এবং ধর্ম্মার্থ ব্রাহ্মণগণকে শয্যা প্রভৃতি নানা ভোগ্য বস্তু প্রদান করা বিধেয়। মনু, ৭ অ। ৭৮-৭৯।

৯। রাজা অর্থাভাবে মরণাপন্ন হইলেও শ্রোত্রিয় অর্থাৎ বেদজ্ঞ ব্রাহ্মণের নিকট হইতে কখন কর গ্রহণ করিবেন না এবং অধিকার-বাসী শ্রোত্রিয়ের যেন কখন ক্ষুধাজনিত কষ্টভোগ না হয়। যে রাজ্যে শ্রোত্রিয়

৭। বৃদ্ধাংশ্চ নিত্যং সেবেত বিপ্রান্ বেদবিদঃ শুচীন্।
বৃদ্ধসেবী হি সততং রক্ষোভিরপি পূজ্যতে॥ মনু, ৭ অ। ৩৮।

৮। পুরোহিতঞ্চ কুর্ব্বীত বৃণুয়াদেব চর্ত্বিজম্।
তেঽস্য গৃহ্যাণি কর্ম্মাণি কুর্য্যুর্বৈতানিকানি চ॥
যজেত রাজা ক্রতুভির্বিবিধৈরাপ্তদক্ষিণৈঃ।
ধর্ম্মার্থঞ্চৈব বিপ্রেভ্যো দদ্যাদ্ভোগান্ ধনানি চ॥ মনু, ৭ অ। ৭৮—৭৯।

৯। ম্রিয়মাণোঽপ্যাদদীত ন রাজা শ্রোত্রিয়াৎ করম্।
ন চ ক্ষুধাঽস্য সংসীদেচ্ছ্রোত্রিয়ো বিষয়ে বসন্॥
যস্য রাজ্ঞস্তু বিষয়ে শ্রোত্রিয়ঃ সীদতি ক্ষুধা।
তস্যাপি তৎক্ষুধা রাষ্ট্রমচিরেণৈব সীদতি॥

অর্থাৎ বেদজ্ঞ ব্রাহ্মণ ক্ষুধায় অবসন্ন হয়, সে রাজ্য অচিরাৎ দুর্ভিক্ষ গ্রস্ত হইয়া অবসাদ প্রাপ্ত হয়। শ্রোত্রিয় ব্রাহ্মণের বেদাদি শাস্ত্রে জ্ঞানের বিষয় এবং চরিত্র অবগত হইয়া বিশেষ বিবেচনা পূর্ব্বক রাজা তাঁহার উপযুক্ত বৃত্তি অবধারণ করিবেন এবং স্বপুত্র-নির্ব্বিশেষে চৌরাদি সর্ব্ব-প্রকার উপদ্রব হইতে সদা তাঁহাকে রক্ষা করিবেন। নরপতি-সংরক্ষিত বেদজ্ঞ শ্রোত্রিয় ব্রাহ্মণ নিত্য যে ধর্ম্মানুষ্ঠান করিয়া থাকেন, তদ্দ্বারা রাজার রাজ্যে ধন ও পরমায়ু ক্রমশঃ পরিবর্দ্ধিত হইতে থাকে। মনু, ৭ অ। ১৩৩-১৩৬।

১০। নৃপতি রাজাসনে প্রতিষ্ঠিত হইয়া ধর্ম্ম ও অর্থের গহনগতি পর্য্যবেক্ষণ করতঃ অবিলম্বেই বিদ্বান্ ও বহুশ্রুত-ব্রাহ্মণকে পৌরহিত্য কার্য্যে নিযুক্ত করিবেন। যাহাদের রাজপুরোহিত ধর্ম্মাত্মা ও মন্ত্রবিৎ এবং রাজা ও তাদৃশ গুণযুক্ত সেই প্রজাগণ সর্ব্বতোভাবেই মঙ্গল লাভ করিয়া থাকে। ম, শা, ৭৩ অ। ১-২।

১১। ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের মধ্যে ভেদ উপস্থিত হইলে, প্রজাগণ দুঃসহ

শ্রুতবৃত্তে বিদিত্বাস্য বৃত্তিং ধর্ম্ম্যাং প্রকল্পয়েৎ।
সংরক্ষেৎ সর্ব্বতশ্চৈনং পিতাপুত্রমিবৌরসম্॥
সংরক্ষ্যমাণো রাজ্ঞা যং কুরুতে ধর্ম্মমন্বহম্।
তেনায়ুর্বর্দ্ধতে রাজ্ঞো দ্রবিণং রাষ্ট্রমেব চ॥ মনু, ৭ অ। ১৩৩—১৩৬।

১০। রাজ্ঞা পুরোহিতঃ কার্য্যো ভবেদ্বিদ্বান্ বহুশ্রুতঃ।
উভৌ সমীক্ষ্য ধর্ম্মার্থাবপ্রমেয়াবনন্তরম্॥
ধর্ম্মাত্মা মন্ত্রবিদ্‌যেষাং রাজ্ঞাং রাজন্ পুরোহিতঃ।
রাজা চৈবং গুণো যেষাং কুশলং তেষু সর্ব্বশঃ॥ ম, শা, ৭৩ অ। ১—২।

১১। মিথোভেদাৎ ব্রাহ্মক্ষত্রিয়ানাং, প্রজাদুঃখং দুঃসহঞ্চাবিশন্তি।
এবং জ্ঞাত্বা কার্য্য এবেহ নিত্যং, পুরোহিতো নৈকবিদ্যো নৃপেণ॥

দুঃখ প্রাপ্ত হয়, সুতরাং ভূপতির এই সকল অবগত হইয়া বহুবিদ্যাবিশারদ ব্রাহ্মণকে পৌরহিত্য কার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য। নৃপতি অগ্রে পুরোহিতকে অভিষিক্ত করিয়া পশ্চাৎ আপনাকে রাজ্যমধ্যে অভিষিক্ত করিবেন, তাহা হইলেই তাঁহার ধর্ম্ম সুরক্ষিত হইবে। ম, শা, ৭৩ অ। ২৮-২৯।

১২। রাজ্যের উপায় এবং মঙ্গলসমূহ ভূপতির আয়ত্ত. কিন্তু ভূপতির উপায় এবং মঙ্গলসমূহ পুরোহিতের আয়ত্ত। যে রাজ্যে পুরোহিত ব্রহ্মতেজে প্রজাবর্গের অদৃষ্ট ভয় এবং রাজা বাহুবলে দৃষ্টভয় নিবারণ করেন, সেই রাজ্যই সুখলাভ করিয়া থাকে। ম, শা, ৭৪ অ। ১—২।

১৩। সৎকুলজাত পণ্ডিতগণ যে নৃপতির আশ্রয়লাভে পরিতৃপ্ত হইয়া নির্ভয়ে ও স্বচ্ছন্দে বাস করেন, স্বয়ং ধর্ম্মকেও তাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ বোধ হয় না। ম, শা, ৭৫ অ। ৩২।

১৪। বিনয়-সম্পন্ন, মহাকুল-প্রসূত, বহুশাস্ত্রদর্শী, অসূয়াশূন্য, অনুৎপথদর্শী পুরোহিতকে নৃপতির নিয়ত সৎকার করা উচিত। বা, অ, ১০০ স। ১১। ম, স, ৫ অ। ৪০।

তস্মৈবাপ্যভিষিঞ্চেত তথা ধর্ম্মো বিধীয়তে।
অগ্রং হি ব্রাহ্মণঃ প্রোক্তং সর্ব্বস্যৈবেহ ধর্ম্মতঃ। ম, শা, ৭৩ অ। ২৮—২৯।

১২। যোগক্ষেমো হি রাষ্ট্রস্য রাজন্যায়ত্ত উচ্যতে।
যোগক্ষেমো হি রাজ্ঞো হি সমায়ত্ত পুরোহিতে॥
যত্রাদৃষ্টং ভয়ং ব্রহ্ম প্রজানাং শমযত্যুত।
দৃষ্টঞ্চ রাজা বাহুভ্যাং তদ্রাজ্যং সুখমেধতে॥ ম,শা, ৭৪ অ। ১—২।

১৩। যং হি বৈদ্যাঃ কুলে জাতাঃ হ্যবৃত্তিভয়পীড়িতাঃ।
প্রাপ্য তৃপ্তাঃ প্রতিষ্ঠন্তি ধর্ম্মঃ কোঽভ্যধিকস্ততঃ॥ ম, শা, ৭৫ অ। ৩২।

১৪। কচ্চিদ্বিনয় সম্পন্নঃ কুলপুত্রো বহুশ্রুতঃ।
অনসূয়ুরনুদ্রষ্টা সৎকৃতস্তে পুরোহিতঃ॥ বা, অ, ১০০স। ১১। ম, স, ৫অ। ৪০।

১৫। রাজা-প্রতিদিন নিজ সমক্ষে গুণশালী ব্রাহ্মণদিগকে সুস্বাদু ও গুণকারক খাদ্য দ্রব্য সমূহ ভোজন করাইবেন ও দক্ষিণা দিবেন। ম, স, ৫ অ। ৯৮।

১৬। বেদবিৎ সচ্চরিত্র ও তপস্বী ব্রাহ্মণদিগকে সেবা করিবে, ইহাই সুপবিত্র উৎকৃষ্ট কর্ম্ম। তুমি দেবতাদিগের প্রতি যেরূপ ব্যবহার করিয়া থাক, ব্রাহ্মণগণের প্রতি নিয়ত সেইরূপ ব্যবহার করিবে। ব্রাহ্মণগণ ক্রুদ্ধ হইয়া বিবিধ দুষ্কর কর্ম্ম করিয়াছেন, তাঁহাদের প্রসন্নতা দ্বারা বহুল যশোলাভ হয়, অপ্রসন্নতা দ্বারা ভয় উৎপন্ন হইয়া থাকে। বিপ্রগণ প্রীত হইলে অমৃততুল্য এবং ক্রুদ্ধ হইলে বিষ-সদৃশ হইয়া থাকেন। ম, শা, ১৪২ অ। ৩৬-৩৮।

১৭। সর্ব্ববেদান্তপারদর্শী, যজ্ঞশীল, ধর্ম্মপরায়ণ, সাধু ব্রাহ্মণগণ নির্দ্ধন হইলে আচার্য্য কার্য্য, পিতৃকার্য্য ও অধ্যয়নের নিমিত্ত তাঁহাদিগকে অর্থ

১৫। কচ্চিৎ তব গৃহেঽন্নানি স্বাদূন্যশ্নন্তি বৈ দ্বিজাঃ।
গুণবন্তি গুণোপেতাস্তবাধ্যক্ষং সদক্ষিণম্॥ ম, স, ৫অ। ৯৮।

১৬। ব্রাহ্মণানেব সেবেত বিদ্যাবৃদ্ধাংস্তপস্বিনঃ।
শ্রুতচারিত্রবৃত্তাঢ্যান্ পবিত্রং হ্যেতদুত্তমম্॥
যা দেবতাসু বৃত্তিস্তে সাঽস্তু বিপ্রেষু নিত্যদা।
ক্রুদ্ধৈর্হি বিপ্রৈঃ কর্ম্মাণি কৃতানি বহুধা নৃপ॥
প্রীত্যা যশো ভবেন্মুখ্যমপ্রীত্যা পরমং ভয়ম্।
প্রীত্যা হ্যমৃতবদ্বিপ্রাঃ ক্রুদ্ধাশ্চৈব বিষং যথা॥ ম, শা, ১৪২ অ। ৩৬—৩৮।

১৭। হৃতার্থো যক্ষ্যমাণশ্চ সর্ব্ববেদান্তগশ্চ যঃ।
আচার্য্যপিতৃকার্য্যার্থং স্বাধ্যায়ার্থমথাপি চ॥
এতে বৈ সাধবো দৃষ্টা ব্রাহ্মণা ধর্ম্মভিক্ষবঃ।
নিঃস্বেভ্যো দেয়মেতেভ্যো দানং বিদ্যা চ ভারত॥

দান করা অবশ্য কর্ত্তব্য। আর যাঁহারা নিঃস্ব নহেন, তাঁহাদিগকে কেবল দক্ষিণা দান করা বিধেয় এবং অব্রাহ্মণগণকে বেদির বহির্ভাগে অপক্ক অন্ন প্রদান করা উচিত। ম, শা, ১৬৫ অ। ১-৩।

১৮। নৃপতি সাধ্যানুসারে ব্রাহ্মণগণকে সমস্ত রত্ন সম্প্রদান করিবেন, ব্রাহ্মণেরাই বেদ ও বহুদক্ষিণ-যজ্ঞ-স্বরূপ। তাঁহারা পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক গুণ-গৌরব-বশতঃ সম্পত্তি-সম্পাদিত যজ্ঞ সমুদায় সম্পাদন করিয়া থাকেন। ম, শা, ১৬৫ অ। ৪।

১৯। ধর্ম্মপরায়ণ নৃপতি বর্ত্তমানস্বত্বে যাজ্ঞিক বিশেষতঃ ব্রাহ্মণের যজ্ঞ যদি একাংশ দ্বারা প্রতিরুদ্ধ হয়, তবে রাজা অযজ্ঞযাজী, অসোমপায়ী, বহুপশুসম্পন্ন বৈশ্যের বিত্ত আদানপূর্ব্বক যজ্ঞের জন্য ব্রাহ্মণকে দান করিবেন। রাজা ইচ্ছানুসারে শূদ্রের গৃহ হইতে কোন অর্থ আহরণ করিবেন না, যেহেতু শূদ্রের যজ্ঞকর্ম্মে কোন অধিকার নাই। যিনি শত গোধন-সম্পন্ন হইয়াও আহিতাগ্নি নহেন এবং যিনি সহস্র গোধন-সম্পন্ন

অন্যত্র দক্ষিণাদানং দেয়ং ভরতসত্তম।
অন্যেভ্যোঽপি বহির্ব্বেদি চাকৃতান্নং বিধীয়তে ॥ ম, শা, ১৬৫ অ। ১-৩।

১৮। সর্ব্বরত্নানি রাজা হি যথার্হং প্রতিপাদয়েৎ।
ব্রাহ্মণা এব বেদাশ্চ যজ্ঞাশ্চ বহুদক্ষিণাঃ।
অন্যোন্যং বিভবাচারা যজন্তে গুণতঃ সদা ॥ ম, শা, ১৬৫ অ। ৪।

১৯। যজ্ঞশ্চেৎ প্রতিরুদ্ধঃ স্যাদংশেনৈকেন যজ্বনঃ।
ব্রাহ্মণস্য বিশেষেণ ধার্ম্মিকে সতি রাজনি ॥
যো বৈশ্যঃ স্যাৎ বহুপশুর্হীনক্রতুরসোমপঃ।
কুটুম্বাত্তস্য তদ্বিত্তং যজ্ঞার্থং পার্থিবোহরেৎ ॥
আহরেদথ নো কিঞ্চিৎ কামং শূদ্রস্য বেশ্মনঃ।
ন হি যজ্ঞেষু শূদ্রস্য কিঞ্চিদস্তি পরিগ্রহঃ ॥

হইয়াও যাজ্ঞিক নহেন, রাজা যজ্ঞের জন্য অবিচারিত চিত্তে তাঁহাদিগেরও ধন আহরণ করিবেন, নৃপতি প্রকাশ্যরূপে কৃপণদিগের ধন হরণ করিবেন; যে রাজা এইরূপ করেন, তাঁহার প্রভূত ধর্ম্ম হইয়া থাকে। ম, শা, ১৬৫ অ। ৬—১০।

২০। নৃপতি ব্রাহ্মণের বিদ্যা ও চরিত্রের বিষয় বিদিত হইয়া তাঁহার বৃত্তি বিধান করিবেন, পিতা যেমন ঔরস-পুত্রকে প্রতিপালন করেন, রাজা তেমন ব্রাহ্মণকে সর্ব্বতোভাবে রক্ষণাবেক্ষণ করিবেন। ম, শা, ১৬৫ অ। ১৪।

২১। রাজা ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র এই সমস্ত বর্ণের লোক-দিগকেই সাবধানে পালন করতঃ আপন আপন কর্ম্মসাধনে নিয়োজিত করিবেন, অধর্ম্মানুগত কামনা সকলের অনুরোধে কদাপি স্বেচ্ছাচারী ও প্রজাগণের প্রতি অসম-বৃত্তি হইবেন না। যদি তাঁহার অপেক্ষা অধিকতর অভিজ্ঞান ও ধর্ম্ম-সম্পন্ন কোন শ্রেষ্ঠ ব্যক্তি বিদ্যমান্ থাকেন, তবে সেই

যোঽনাহিতাগ্নিঃ শতগুরযজ্বা চ সহস্রগুঃ।
তযোরপি কুটুম্বাভ্যামাহরেদবিচারয়ন্॥
অদাতৃভ্যো হরেদ্বিত্তং বিখ্যাপ্য নৃপতিঃ সদা।
তথৈবাচরতো ধর্ম্মো নৃপতেঃ স্যাদথাখিলঃ॥ ম, শা, ১৬৫ অ। ৬—১০।

২০। শ্রুতশীলে সমাজ্ঞায় বৃত্তিমস্য প্রকল্পয়েৎ।
অথৈনং পরিরক্ষেত পিতাপুত্রমিবৌরসম্॥ ম, শা, ১৬৫ অ। ১৪।

২১। এতান্ রাজা পালয়ন্নপ্রমত্তো
নিযোজয়ন্ সর্ব্ববর্ণান্ স্বধর্ম্মে।
অকামাত্মা সমবৃত্তিঃ প্রজাসু
না ধার্ম্মিকাননুরুধ্যেত কামান্॥

ব্যক্তিকে তিনি প্রজাগণ মধ্যে কোন অসাধুব্যক্তি তাঁহার ঐশ্বর্য্যের প্রতি লোভাসক্ত হয় কি না, ইহা পর্য্যবেক্ষণ করিবার নিমিত্ত অনুশাসন করিবেন। ম, উ, ২৯ অ। ২৭—২৮।

২২। রাজা একান্ত আপদ্‌গ্রস্ত হইলেও ঋত্বিক্, পুরোহিত ও আচার্য্য প্রভৃতি ব্রাহ্মণগণকে কদাচ হিংসা করিবেন না। তাঁহাদিগকে হিংসা করিলে, দোষগ্রস্ত হইবেন। ম, শা, ১৩২ অ। ৯।

২৩। সন্ধি, বিগ্রহ, যান, আসন,দ্বৈধ,আশ্রয় এই ছয় বিষয়ে অমাত্যবর্গের মধ্যে ধর্ম্ম-নিরত সুপণ্ডিত ব্রাহ্মণ মন্ত্রীর সহিত রাজার উত্তমরূপে মন্ত্রণা করা কর্ত্তব্য। রাজা সতত ঐ সুপণ্ডিত বিপ্রমন্ত্রীর উপর বিশ্বস্তভাবে সর্ব্ব কার্য্যের নির্ভর করিবেন এবং তাঁহারই সহিত যুক্তি সিদ্ধান্ত করতঃ সর্ব্বকার্য্য রাজার আরম্ভ করা উচিত। মনু, ৭ অ। ৫৮—৫৯।

২৪। ব্রাহ্মণ দণ্ডদ্বারা বধ্য নহেন, ইহা শাস্ত্রবিদ্ পণ্ডিতেরা বলিয়াছেন। বা, উ, ৭১ স। ৩৪।

শ্রেয়াংস্তস্মাদ্‌যদি বিদ্যেত কশ্চি
দভিজ্ঞাতঃ সর্ব্বধর্ম্মোপপন্নঃ।
স তং দ্রষ্টুমনুশিষ্যাৎ প্রজানাং
ন চেদ্‌বুধ্যেদিতি তস্মিন্নসাধুঃ। ম, উ, ২৯ অ। ২৭—২৮।

২২। ঋত্বিক্ পুরোহিতাচার্য্যান্ সৎকৃতানভিসৎকৃতান্।
ন ব্রাহ্মণান্ ঘাতয়ীত দোষান্ প্রাপ্নোতি ঘাতয়ন্॥ ম, শা, ১৩২ অ। ৯।

২৩। সর্ব্বেষান্তু বিশিষ্টেন ব্রাহ্মণেন বিপশ্চিতা।
মন্ত্রয়েৎ পরমং মন্ত্রং রাজা ষাড়্গুণ্য সংযুতম্॥
নিত্যং তস্মিন্ সমাশ্বস্তঃ সর্ব্বকার্য্যাণি নিক্ষিপেৎ।
তেন সার্দ্ধং বিনিশ্চিত্য ততঃ কর্ম্ম সমারভেৎ॥ মনু ৭ অ। ৫৮—৫৯।

২৪। "অবধ্যো ব্রাহ্মণো দণ্ডৈরিতি শাস্ত্রবিদো বিদুঃ॥" বা, উ, ৭১ স। ৩৪।

২৫। পুত্র, বান্ধব ও পশুর সহিত যাহাকে নরকে লইয়া যাইতে ইচ্ছা হইবে, তাহাকে দেবসেবায়, ব্রাহ্মণসেবায়, অথবা গো সেবায় নিযুক্ত করা কর্ত্তব্য। বা, উ, ৭১ স। ৪৭—৪৮।

২৬। পুরোহিত প্রভৃতির পরিবাদ কোনরূপে বক্তব্য ও শ্রোতব্য নহে, যদি কেহ সভামধ্যে তাঁহাদিগের নিন্দা করে, তবে কর্ণদ্বয় পিধান করিবে, অথবা স্থানান্তরে প্রস্থান করিবে। পরের নিন্দা ও খলতা করা অসাধুদিগের স্বভাবসিদ্ধ ধর্ম্ম, সাধুগণের মধ্যেও কতিপয় ব্যক্তি কেবল অন্যের গুণকীর্ত্তন করিয়া থাকেন। ম, শা, ১৩২ অ। ১২—১৩।

২৭। যিনি ব্রাহ্মণগণকে ভোজনীয় দ্রব্যের অগ্রভাগ প্রদান করিয়া সুহৃদ্‌গণের সহিত তাহা ভোজন করেন, তিনি ইহলোকে অনন্ত সুখসম্ভোগ করতঃ পরকালে স্বর্গলাভ করেন। ম, শা, ১৬৪ অ। ১২।

২৮। তুমি কদাচ ব্রাহ্মণগণের দণ্ডবিধান করিবে না, যেহেতু ইহলোকে ব্রাহ্মণই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট হইয়াছেন। ম, শা, ৫৬ অ। ২২।

২৫। যমিচ্ছেন্নরকং নেতুং সপুত্রপশুবান্ধবম্‌॥
"দেবেষ্বধিষ্ঠিতং কুর্য্যাদ্গোষু তং ব্রাহ্মণেষু চ।" বা, উ, ৭১ স। ৪৭—৪৮

২৬। ন বাচ্যঃ পরিবাদোঽয়ং ন শ্রোতব্যঃ কথঞ্চন।
কর্ণাবথাপিধাতব্যৌ প্রস্থেয়ং চান্যতো ভবেৎ॥
অসতাং শীলমেতদ্বৈ পরিবাদোঽথ পৈশুনম্‌।
গুণানামেব বক্তারঃ সন্তঃ সৎসু নরাধিপ॥ ম, শা, ১৩২ অ। ১২—১৩।

২৭। ব্রাহ্মণেভ্যঃ প্রদায়াগ্রং যঃ সুহৃদ্ভিঃ সহাশ্নুতে।
স প্রেত্য লভতে স্বর্গমিহ চানন্ত্যমশ্নুতে॥ ম, শা, ১৬৪ অ। ১২।

২৮। অদণ্ড্যাশ্চৈব তে পুত্র বিপ্রাশ্চ দদতাম্বর।
ভূতমেতৎপরং লোকে ব্রাহ্মণো নাম পাণ্ডব॥ ম, শা, ৫৬ অ। ২২।

২৯। জল হইতে অগ্নি, বিপ্র হইতে ক্ষত্রিয় এবং প্রস্তর হইতে লৌহ সমুত্থিত হইয়াছে। অতএব উহাদিগের তেজ সর্ব্বত্র প্রসৃত হইলেও স্বীয় যোনিতে প্রশান্ত হইয়া থাকে। যৎকালে লৌহ পাষাণ বিদারণ করে, অগ্নিদ্বারা বারি বিশুষ্ক হয় এবং ক্ষত্রিয় ব্রাহ্মণের দ্বেষ করিতে থাকে, তখন উহারা অবসন্ন হয়। অতএব দ্বিজগণ অবশ্যই নমস্য, দ্বিজশ্রেষ্ঠগণ সম্যক্ অর্চ্চিত হইলে বেদ ও যজ্ঞ সকলকে ধারণ করেন। যাহারা লোকত্রয়ের ব্যাঘাতজনক হইয়া ঈদৃশ সম্মানলাভে অভিলাষ করে, বাহুবল অবলম্বন দ্বারা তাহাদিগের নিগ্রহ করা সতত কর্ত্তব্য। ম, শা, ৫৬ অ। ২৪-২৭।

৩০। দ্বিজগণকে অবশ্য রক্ষা করা কর্ত্তব্য। ব্রাহ্মণগণ অপরাধ করিলে তাঁহাদিগকে রাজ্য হইতে বিসর্জ্জন করা বিধেয়, কদাচ হনন করা কর্ত্তব্য নহে। ম, শা, ৫৬ অ। ৩১।

৩১। ব্রাহ্মণ পরনারী-সহবাস-দূষিত অথবা তাদৃশ অপবাদযুক্ত হইলেও তাঁহাদের প্রতি অনুকম্পা প্রকাশ করা কর্ত্তব্য। ব্রহ্মহত্যা, বিমাতৃ-

২৯। অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি॥
অয়ো হন্তি যদাশ্মানমগ্নিনা বারি হন্যতে।
ব্রহ্ম চ ক্ষত্রিয়ো দ্বেষ্টি তদা সীদন্তি তে ত্রয়ঃ॥
এবং কৃত্বা মহারাজ নমস্যা এব তে দ্বিজাঃ।
ভৌমং ব্রহ্ম দ্বিজশ্রেষ্ঠা ধারয়ন্তি সমর্চ্চিতাঃ॥
এবং চৈব নরব্যাঘ্র লোকত্রয়বিঘাতকাঃ।
নিগ্রাহ্যা এব সততং বাহুভ্যাং যে স্যুরীদৃশঃ॥ ম, শা, ৫৬ অ। ২৪—২৭।

৩০। এবঞ্চৈব নরশ্রেষ্ঠ রক্ষ্যা এব দ্বিজাতয়ঃ।
সাপরাধানপি হি তান্ বিষয়ান্তে সমুৎসৃজেৎ॥ ম, শা, ৫৬ অ। ৩১।

৩১। অভিশস্তমপি হ্যেষাং কৃপায়ীত বিশাম্পতে।
ব্রহ্মঘ্নে গুরুতল্পে চ ভ্রূণহত্যে তথৈব চ॥

সহবাস ও ভ্রূণহত্যা এই ত্রিবিধ পাপগ্রস্ত অথবা রাজদ্বেষী হইলে, তাঁহাদিগকে নিজরাজ্য হইতে নির্ব্বাসিত করা কর্ত্তব্য। কিন্তু কষাঘাতাদিরূপ দৈহিক দণ্ডবিধান করা কখনই বিধেয় নহে। ম, শা, ৫৬ অ। ৩২-৩৩।

৩২। যাহারা ব্রাহ্মণগণকে ভক্তি প্রদর্শন করিয়া থাকে,তাহাদিগকেই প্রিয় বোধ করিয়া নিজ নিয়োগে নিযুক্ত করা কর্ত্তব্য,কারণ রাজগণের যতই ধন-রত্নাদি কোষ থাকুক না কেন, ব্রাহ্মণভক্ত পুরুষ সংগ্রহ অপেক্ষা কোন কোষই উৎকৃষ্ট নহে। ম, শা, ৫৬ অ। ৩৪।

৩৩। বেদজ্ঞ ব্রাহ্মণ, নৃপতির নিকট কোন বিষয় নিবেদন করিবেন না, ব্রাহ্মবীর্য্য ও রাজবীর্য্য এই উভয়ের মধ্যে ব্রাহ্মণের বীর্য্যই বলবত্তর; অতএব ব্রহ্মবাদীদিগের বীর্য্য রাজার পক্ষে সতত দুঃসহ হইয়া থাকে। ব্রাহ্মণ কর্ত্তা, শাস্তা, ধাতা ও দেবতা স্বরূপে উক্ত হন। অতএব ব্রাহ্মণের নিকট নীরস ও অমঙ্গল্য বাক্য বলিবে না। ম, শা, ১৬৫ অ। ১৮—১৯।

৩৪। ক্ষত্রিয় বাহুবীর্য্য দ্বারা, বৈশ্য ও শূদ্র প্রভূত ধন দ্বারা এবং ব্রাহ্মণ মন্ত্র ও হোম দ্বারা আপদ্ হইতে উত্তীর্ণ হন। ম, শা, ১৬৫ অ।২০—২১।

রাজদ্বিষ্টে চ বিপ্রস্য বিষয়ান্তে বিসর্জ্জনম্।
বিধীয়তে ন শারীরং দণ্ডমেষাং কদাচন॥ ম, শা, ৫৬ অ। ৩২—৩৩।

৩২। দয়িতাশ্চ নরাস্তে স্যুর্ভক্তিমন্তো দ্বিজেষু যে।
ন কোশঃ পরমোহন্যোঽস্তি রাজ্ঞাং পুরুষসঞ্চয়াৎ॥ ম, শা, ৫৬ অ। ৩৪।

৩৩। ন ব্রাহ্মণো নিবেদেত কিঞ্চিদ্রাজনি বেদবিৎ।
স্ববীর্য্যাদ্রাজবীর্য্যাচ্চ স্ববীর্য্যং বলবত্তরম্॥
তস্মাদ্রাজ্ঞঃ সদা তেজো দুঃসহং ব্রহ্মবাদিনাম্।
কর্ত্তা শাস্তা বিধাতা চ ব্রাহ্মণো দেব উচ্যতে॥ ম, শা, ১৬৫ অ। ১৮—১৯।

৩৪। "ক্ষত্রিয়ো বাহুবীর্য্যেণ তরেদাপদমাত্মনঃ।"
"ধনৈর্বৈশ্যশ্চ শূদ্রশ্চ মন্ত্রৈর্হোমৈশ্চ বৈ দ্বিজঃ।" ম, শা, ১৬৫ অ। ২০—২১।

৩৫। ব্রাহ্মণগণকে হননার্থ উত্তম অথবা প্রহারার্থ স্পর্শ করিলে শত বর্ষ পর্য্যন্ত প্রতিষ্ঠা প্রাপ্ত হয় না, হত্যা করিলে সহস্রবর্ষ পর্য্যন্ত নরকে বাস করে; অতএব কদাচ ব্রাহ্মণকে আঘাত বা হত্যা করিতে উদ্যত হইবে না। ম, শা, ১৬৫ অ। ৪৩—৪৫।

৩৬। ব্রাহ্মণকে আঘাত করিলে তাঁহার গাত্র হইতে নির্গত শোণিত যতগুলি ধূলিকে সংসিক্ত করে, আঘাতকারী তত বৎসর নরকে বাস করিয়া থাকে। ম, শা, ১৬৫ অ। ৪৫—৪৬।

৩৭। স্বভাব-সিদ্ধ নিজ সুবুদ্ধিগুণে এবং শাস্ত্রাধ্যয়ন গুণে রাজা বিনীত হইলেও সর্ব্বদা বৃদ্ধ ব্রাহ্মণগণ সমীপে বিনয় শিক্ষা করা তাঁহার কর্ত্তব্য; কারণ বিনীত রাজা কখন বিনাশ প্রাপ্ত হন না। গজাশ্বাদি বিভব-শালী হইলেও অনেকানেক রাজা বিনয়াভাবে বিনাশ প্রাপ্ত হইয়াছেন, আবার কানন-নিবাসী অনেক ব্যক্তি বিনয়গুণে রাজ্যলাভও করিয়াছেন। মহারাজ নহুষ, বেণ, যবনরাজ সুদাস এবং সুমুখ ও নিমি ইঁহারা সকলেই

৩৫। "ব্রাহ্মণানবগর্য্যেহ স্পৃষ্টা গুরুতরং ভবেৎ॥"
বর্ষাণাং হি শতং তাবৎ প্রতিষ্ঠাং নাধিগচ্ছতি।
সহস্রং চৈব বর্ষাণাং নিপত্য নরকং বসেৎ॥
"তস্মান্নৈবাবগর্য্যেত নৈব জাতু নিপাতয়েৎ।" ম, শা, ১৬৫ অ। ৪৩—৪৫।

৩৬। "শোণিতং যাবতঃ পাংশূন্ সংগৃহ্নীয়াদ্দ্বিজক্ষতাৎ॥"
"তাবতীঃ স সমা রাজন্ নরকে প্রতিপদ্যতে।" ম, শা, ১৬৫ অ। ৪৫—৪৬।

৩৭। তেভ্যোঽধিগচ্ছেদ্বিনয়ং বিনীতাত্মাপি নিত্যশঃ।
বিনীতাত্মা হি নৃপতির্ন বিনশ্যতি কর্হিচিৎ॥
বহবোঽবিনয়ান্নষ্টা রাজানঃ সপরিচ্ছদাঃ।
বনস্থা অপি রাজ্যানি বিনয়াৎ প্রতিপেদিরে॥
বেণো বিনষ্টোঽবিনয়ান্নহুষশ্চৈব পার্থিবঃ।
সুদাসো যাবনিশ্চৈব সুমুখো নিমিরেব চ॥

বিনয়-ধর্ম্ম অভাবে বিনষ্ট হইয়াছেন। বিনয়বলে মহারাজ পৃথু এবং মনু সাম্রাজ্য লাভ করেন, কুবের ধনেশ্বর এবং গাধিসুত বিশ্বামিত্র ক্ষত্রিয়তনয় হইয়াও দ্বিজত্ব, লাভ করিয়াছিলেন। মনু ৭ অ। ৩৯—৪২।

৩৮। তার্কিক ও বৈদান্তিক ব্রাহ্মণদিগের নিকট হইতে তর্কশাস্ত্র ও ব্রহ্মবিদ্যা এবং কৃষক ও বণিকের নিকট হইতে কৃষিবাণিজ্য ও পশু-পালনাদিজনিত ধনোপার্জ্জনোপায় এই সমস্ত রাজার শিক্ষা করা উচিত। মনু ৭ অ। ৪৩।

৩৯। অনলে ঘৃতাহুতি অপেক্ষা ব্রাহ্মণ বদনে আহুতি অর্থাৎ ব্রাহ্মণ হস্তে প্রদানের ফল অধিক; কারণ, ইহা কদাপি অপরের ন্যায় শুষ্ক ও ক্ষয় প্রাপ্ত হয় না। ব্রাহ্মণ ভিন্ন অন্য কাহাকেও কিছু দান করিলে শাস্ত্র-নির্দ্দেশানুরূপ ফললাভ হইয়া থাকে এবং নিরক্ষর নিষ্ক্রিয় ব্রাহ্মণকে দান করিলে দ্বিগুণ, বেদাধ্যয়নকারী বিপ্রকে দান করিলে লক্ষগুণ ফল লাভ হইয়া থাকে, কিন্তু সর্ব্ব-বেদ-বেদাঙ্গ-পারদর্শী বিপ্রকে দান করিলে তাহার ফল অনন্ত। প্রদত্ত বস্তু যতই অল্প বা অধিক হউক না কেন,

পৃথুস্তু বিনয়াদ্রাজ্যং প্রাপ্তবান্ মনুরেব চ।
কুবেরশ্চ ধনৈশ্বর্য্যং ব্রাহ্মণ্যঞ্চৈব গাধিজঃ॥ মনু ৭ অ। ৩৯—৪২।

৩৮। ত্রৈবিদ্যেভ্যস্ত্রয়ীং বিদ্যাদ্দণ্ডনীতিঞ্চ শাশ্বতীম্।
আন্বীক্ষিকীঞ্চাত্মবিদ্যাং বার্ত্তারম্ভাংশ্চ লোকতঃ॥ মনু, ৭ অ। ৪৩।

৩৯। ন স্কন্দতে ন ব্যথতে ন বিনশ্যতি কর্হিচিৎ।
বরিষ্ঠমগ্নিহোত্রেভ্যো ব্রাহ্মণস্য মুখে হুতম্॥
সমমব্রাহ্মণে দানং দ্বিগুণং ব্রাহ্মণ ব্রুবে।
প্রাধীতে শতসাহস্রমনন্তং বেদপারগে॥
পাত্রস্য হি বিশেষেণ শ্রদ্দধানতয়ৈব চ।
অল্পং বা বহু বা প্রেত্য দানস্যাবাপ্যতে ফলম্॥ মনু, ৭ অ। ৮৪—৮৬।

পাত্র বিশেষে ও শ্রদ্ধার তারতম্যানুসারেই দানের ফললাভ হইয়া থাকে। মনু ৭ অ। ৮৪—৮৬।

৪০। পুরবাসী ও জনপদবাসী লোকগণের সহিত সর্ব্বশাস্ত্রবিশারদ ব্রাহ্মণেরা যাহাতে রাজার কল্যাণকামনা করেন, রাজার ঐরূপ ব্যবহার করা কর্ত্তব্য। বা, অ, ১০০ স। ৬৪।

৪১। যে রাজ্যে পণ্ডিত-ভোগ্য বস্তু মূর্খে ভোগ করে, সেখানে অনাবৃষ্টি বা অন্য কোন ভয় উপস্থিত হয়। যে রাজ্যে রাজা বেদজ্ঞ ও সর্ব্ব-শাস্ত্রবিশারদ ব্রাহ্মণগণকে সমাদর করেন, সেখানে সুবৃষ্টি হইয়া থাকে। অত্রি। ২৩—২৪।

৪২। বেদ, ইতিহাস, ধর্ম্মশাস্ত্র এবং অর্থশাস্ত্রে বিশেষ অভিজ্ঞ, সদ্বংশ-জাত, সম্পূর্ণাবয়ব-সম্পন্ন, তপোনিষ্ঠ ব্যক্তিকে রাজা পৌরোহিত্য কার্য্যে ব্রতী করিবেন। বিষ্ণু ৩ অ। ৪৯।

৪৩। রাজা দেবতা এবং ব্রাহ্মণদিগকে সর্ব্বদা পূজা করিবেন। বিষ্ণু ৩ অ। ৫৪।

৪০। কচ্চিৎ তে ব্রাহ্মণঃ শর্ম্ম ধর্ম্মশাস্ত্রার্থ কোবিদঃ।
আশংসতে মহাপ্রাজ্ঞ পৌরজানপদৈঃ সহ॥ বা, অ, ১০০ স। ৬৪

৪১। বিদ্বদ্ভোজ্যমবিদ্বাংসো যেষু রাষ্ট্রেষু ভুঞ্জতে।
তেষ্বপ্যনাবৃষ্টিমিচ্ছন্তি মহদ্বা জায়তে ভয়ম্॥
ব্রাহ্মণান্ বেদবিদুষঃ সর্ব্বশাস্ত্রবিশারদান্।
তত্র বর্ষতি পর্জ্জন্যো যত্রৈতান্ পূজয়েন্নৃপঃ॥ অত্রি। ২৩—২৪।

৪২। বেদেতিহাসধর্ম্মশাস্ত্রার্থ কুশলং কুলীনমব্যঙ্গং
তপস্বিনং পুরোহিতঞ্চ বরয়েৎ। বিষ্ণু, ৩ অ। ৪৯।

৪৩। দেবব্রাহ্মণান্ সততমেব পূজয়েৎ॥ বিষ্ণু ৩ অ। ৫৪॥

৪৪। রাজার অধিকারে ব্রাহ্মণ অথবা অন্য কোন সৎকর্ম্মনিরত ব্যক্তি যেন ক্ষুধার্ত্ত হইয়া না থাকে। বিষ্ণু ৩ অ। ৫৬।

৪৫। রাজা ব্রাহ্মণদিগকে ভূমি দান করিবেন এবং যাহাদিগকে দান করিবেন দানবিবরণ-সহ তাহাদিগকে পিত্রাদি তিন পুরুষের নাম, তাহাদিগের নাম, নিজ পিত্রাদি তিন পুরুষের নাম, নিজের নাম, ভূমির পরিমাণ এবং সীমানির্দ্দেশ (অর্থাৎ চৌহদ্দী)—স্থায়ী বস্ত্র বা তাম্রফলকে লিখিয়া তাহাতে আপনার মুদ্রা মোহরাঙ্কিত চিহ্নে চিহ্নিত করিয়া দিবেন। (এই সকল করিবার প্রয়োজন এই, পরবর্ত্তী রাজা এই সকল নিদর্শন দেখিলে প্রকৃত অবস্থা বুঝিতে পারিবেন।) রাজা পরদত্ত ভূমি অপহরণ করিবেন না। বিষ্ণু ৩ অ। ৫৭—৫৯।

৪৬। রাজা ব্রাহ্মণদিগকে সকল প্রকার ধন দান করিবেন। বিষ্ণু, ৩ অ। ৬০।

৪৭। রাজা নিজ নগরে ধবল গৃহাদি নির্ম্মাণ করাইয়া তাহাতে ব্রাহ্মণ

৪৪। ন চাস্য বিষয়ে ব্রাহ্মণঃ ক্ষুধার্ত্তোঽবসীদেৎ। বিষ্ণু ৩ অ। ৫৬।

৪৫। ব্রাহ্মণেভ্যশ্চ ভুবং প্রতিপাদয়েৎ॥ তেষাং যেষাঞ্চ প্রতিপাদয়েৎ
স্ববংশ্যান্ অন্তরপ্রমাণং দানচ্ছেদোপবর্ণনঞ্চ
পটে তাম্রপট্টে বা লিখিতংস্বমুদ্রাঙ্কিতঞ্চাগামিনৃপবিজ্ঞাপনার্থং দদ্যাৎ।
পরদত্তাঞ্চ ভুব' নাপহরেৎ॥ বিষ্ণু ৩ অ। ৫৭—৫৯॥

৪৬। ব্রাহ্মণেভ্যঃ সর্ব্বদায়ান্ প্রযচ্ছেৎ॥ বিষ্ণু ৩ অ। ৬০।

৪৭। রাজা কৃত্বা পুরে স্থানং ব্রাহ্মণান্ন্যস্য তত্র তু।
ত্রৈবিদ্যং বৃত্তিমদ্ ব্রূয়াৎ স্বধর্ম্মঃ পাল্যতামিতি॥
নিজধর্ম্মাবিরোধেন যস্তু সাময়িকো ভবেৎ।
সোঽপি যত্নেন সংরক্ষ্যো ধর্ম্মোরাজকৃতশ্চ যঃ॥ যাজ্ঞ. ২অ। ১৮৮—১৮৯।

বাস করাইবেন, ঐ সকল ব্রাহ্মণবৃন্দ যাহাতে বেদত্রয়জ্ঞ হন তাহা করিবেন, তাঁহাদের বৃত্তি নির্দ্দিষ্ট করিয়া দিবেন এবং বলিবেন "স্বধর্ম্ম অনুষ্ঠান করুন", নিজ নিত্যকর্ম্মের অবিরোধে যাহা "অবসরনিষ্পাদ্য ধর্ম্ম এবং যাহা রাজাদিষ্ট ধর্ম্ম তাহাও যত্নপূর্ব্বক পালন করিবেন।" যাজ্ঞ, ২ অ। ১৮৮—১৮৯।

৪৮। দ্বিজাতিদিগের গার্হস্থ্যাদি আশ্রমঘটিত শাস্ত্রানুষ্ঠান-সম্বন্ধে যদি পরস্পর কোন বিবাদ ঘটে, তাহা হইলে, আত্মহিতকামী রাজা হঠাৎ কোন ধর্ম্ম ব্যবস্থা স্থির করিবেন না ; সে ক্ষেত্রে যে, যে প্রকার মানের যোগ্য, তাঁহাকে সেইরূপ পূজা করিয়া সান্ত্বনা দ্বারা তাঁহাদের ক্রোধের উপশম করিয়া ব্রাহ্মণগণের সাহায্যে তাঁহাদিগকে স্বধর্ম্ম বুঝাইয়া দিতে হইবে। মনু ৮ অ। ৩৯০—৩৯১।

৪৯। ক্ষত্রিয় ও বৈশ্য স্ববৃত্তি দ্বারা ভরণাদি নির্ব্বাহাশক্ত হইলে, ব্রাহ্মণ তাহাদিগকে স্ব স্ব কর্ম্ম করাইয়া অনৃশংস ভাবে প্রতিপালন করিবেন (ইহা রাজবিধি)। মনু ৮ অ। ৪১১।

৫০। রাজা অতিশয় বিপদাপন্ন হইলেও কখন ব্রাহ্মণের কোপ জন্মাইবেন না ; কারণ ব্রাহ্মণেরা কুপিত হইলে সবলবাহন রাজাকে

৪৮। আশ্রমেষু দ্বিজাতীনাং কার্য্যে বিবদতাং মিথঃ।
ন বিব্রূয়ান্নৃপো ধর্ম্মং চিকীর্ষন্ হিতমাত্মনঃ॥
যথার্হমেতানভ্যর্চ্চ্য ব্রাহ্মণৈঃ সহ পার্থিবঃ।
সান্ত্বেন প্রশময্যাদৌ স্বধর্ম্মং প্রতিপাদয়েৎ॥ মনু ৮ অ। ৩৯০—৩৯১।

৪৯। ক্ষত্রিয়ঞ্চৈব বৈশ্যঞ্চ ব্রাহ্মণো বৃত্তিকর্ষিতৌ।
বিভৃয়াদানৃশংস্যেন স্বানি কর্ম্মাণি কারয়ন্॥ মনু ৮অ। ৪১১।

৫০। পরামপ্যাপদং প্রাপ্তো ব্রাহ্মণান্ ন প্রকোপয়েৎ।
তে হ্যেনং কুপিতা হন্যুঃ সদ্যঃ সবলবাহনম্॥

তৎক্ষণাৎ নষ্ট করিতে পারেন। যে ব্রাহ্মণেরা ক্রুদ্ধ হইয়া অগ্নিকে সর্ব্বভক্ষ্য করিয়াছেন, যাঁহারা মহোদধিকে অপেয়জল করিয়াছেন, যাঁহারা চন্দ্রকে ক্ষয়ী করিয়া পশ্চাৎ পূরিত করিয়াছেন, এতাদৃশ ব্রাহ্মণকে প্রকুপিত করিয়া কে না নষ্ট হয়? যাঁহারা স্বর্গাদিলোক এবং লোকপাল সকল সৃষ্টি করিতে পারেন,—ক্রুদ্ধ হইলে যাঁহারা দেবতাদিগকেও অদেবতা করিতে পারেন, এতাদৃশ ব্রাহ্মণদিগকে ক্ষুণ্ণ করিয়া কে বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে? যাঁহাদিগকে আশ্রয় করিয়া লোক সকল ও দেবতারা অবস্থান করিতেছেন, ব্রহ্মই যাঁহাদের ধন, জীবনেচ্ছা থাকিতে কে ইঁহাদিগকে হিংসা করিবে? সংস্কৃতই হউক আর অসংস্কৃতই হউক, অগ্নি যেমন মহতী দেবতা, তদ্রূপ অবিদ্বানই হউন, আর বিদ্বানই হউন, ব্রাহ্মণ মহাদেবতাস্বরূপ। মহা তেজা অগ্নি যেমন শ্মশানে থাকিয়াও অপবিত্র হন না, বরং যজ্ঞকার্য্যে হূয়মান হইয়া বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন, তদ্রূপ ব্রাহ্মণেরা যদি নিন্দিত

যৈঃ কৃতঃ সর্ব্বভক্ষ্যোঽগ্নিরপেয়শ্চ মহোদধিঃ।
ক্ষয়ী চাপ্যায়িতঃ সোমঃ কো ন নশ্যেৎ প্রকোপ্যতান্॥
লোকানন্যান্ সৃজেয়ুর্যে লোকপালাংশ্চ কোপিতাঃ।
দেবান্ কুর্য্যুরদেবাংশ্চ কঃ ক্ষিণ্বংস্তান্ সমৃধ্নুয়াৎ॥
যানুপাশ্রিত্য তিষ্ঠন্তি লোকা দেবাশ্চ সর্ব্বদা।
ব্রহ্ম চৈব ধনং যেষাং কো হিংস্যাত্তান্ জিজীবিষুঃ॥
অবিদ্বাংশ্চৈব বিদ্বাংশ্চ ব্রাহ্মণো দৈবতং মহৎ।
প্রণীতশ্চাপ্রণীতশ্চ যথাগ্নির্দৈবতং মহৎ॥
শ্মশানেষ্বপি তেজস্বী পাবকো নৈব দুষ্যতি।
হূয়মানশ্চ যজ্ঞেষু ভূয় এবাভিবর্দ্ধতে॥
এবং যদ্যপ্যনিষ্টেষু বর্ত্তন্তে সর্ব্বকর্ম্মসু।
সর্ব্বথা ব্রাহ্মণাঃ পূজ্যাঃ পরমং দৈবতং হি তৎ॥ মনু ৯ অ। ৩১৩—৩১৯।

কার্য্যেও প্রবৃত্ত থাকেন তথাপি তাঁহারা সকলের পূজ্য, যেহেতু ব্রাহ্মণ পরম দেবতা-স্বরূপ। মনু ৯ অ। ৩১৩—৩১৯।

৫১। রাজা যখন মৃত্যুকাল আসন্ন হইয়াছে বুঝিতে পারিবেন, তখন দণ্ডলব্ধ ধন সকল ব্রাহ্মণগণকে দান করিয়া এবং পুত্রহস্তে রাজ্যভার ন্যস্ত করিয়া সংগ্রামে অথবা অনশন ব্রতে প্রাণত্যাগ করিবেন। মনু ৯ অ। ৩২৩।

৫২। রাজাদিগের উন্নতি ও অবনতি এবং সমস্ত জগতের উৎপত্তি-নিরোধ গ্রহেরই অধীন, অতএব গ্রহ সকলেরই পূজ্যতম। যাজ্ঞ, ১ অ। ৩০৮।

৫৩। রাজা গ্রহোৎপাত ও তাহার শান্তির উপায়বেত্তা শাস্ত্রোক্ত ও বিদ্বান্, সদ্বংশীয়, অনুষ্ঠানাদি-সম্পন্ন এবং দণ্ডনীতি ও অথর্ব্বাঙ্গিরসোক্ত শান্ত্যাদি কর্ম্মে সুনিপুণ ব্যক্তিকে পৌরহিত্য কর্ম্মে ব্রতী করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩১৩।

৫৪। রাজা শ্রৌত-স্মার্ত্ত ক্রিয়া করিবার জন্য কতকগুলি ঋত্বিক্ বরণ করিবেন এবং যথাবিধি প্রচুর-দক্ষিণক যজ্ঞ করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩১৪।

৫১। দত্ত্বা ধনন্তু বিপ্রেভ্যঃ সর্ব্বদণ্ডসমুত্থিতম্।
পুত্রে রাজ্যং সমাসৃজ্য কুর্ব্বীত প্রায়ণং রণে॥ মনু ৯ অ। ৩২৩।

৫২। গ্রহাধীনা নরেন্দ্রাণামুচ্ছ্রায়াঃ পতনানি চ।
ভাবাভাবৌ চ জগতস্তস্মাৎ পূজ্যতমাঃ স্মৃতাঃ॥ যাজ্ঞ, ১অ। ৩০৮।

৫৩। পুরোহিতঞ্চ কুর্ব্বীত দৈবজ্ঞমুদিতোদিতম্।
দণ্ডনীত্যাশ্চ কুশলমথর্ব্বাঙ্গিরসে তথা॥ যাজ্ঞ, ১অ। ৩১৩।

৫৪। শ্রৌতস্মার্ত্তক্রিয়াহেতোর্ব্বৃণুয়াদৃত্বিজস্তথা।
যজ্ঞাংশ্চৈব প্রকুর্ব্বীত বিধিবদ্ভূরিদক্ষিণান্। যাজ্ঞ, ১ অ। ৩১৪।

৫৫। রাজা ব্রাহ্মণদিগকে নানাবিধ ভোগ-সাধন দ্রব্য এবং বিবিধ ধন দান করিবেন, কারণ ব্রাহ্মণকে যাহা অর্পিত হয়, তাহা রাজাদিগের অক্ষয় নিধি স্বরূপ। যাজ্ঞ, ১ অ। ৩১৫।

৫৬। অগ্নিসাধ্য রাজসূয়াদি অপেক্ষা ব্রাহ্মণাগ্নিতে আহুতি প্রদান শ্রেষ্ঠ, ইহা কথিত আছে; কারণ এ আহুতি দানে অঙ্গহীনতা নাই, পশু হিংসা নাই এবং প্রায়শ্চিত্ত ক্লেশ নাই। যাজ্ঞ, ১ অ। ৩১৬।

৫৭। ব্রাহ্মণগণকে যুদ্ধার্জ্জিত দ্রব্য বিতরণ এবং প্রজাগণকে সর্ব্বদা অভয় দান, ইহা হইতে রাজাদিগের উৎকৃষ্ট ধর্ম্ম আর নাই। যাজ্ঞ, ১ অ। ৩২৩।

৫৮। ত্রয়ী (দেবত্রয়) এবং দণ্ডনীতি-কুশল পুরোহিত রাজার অথর্ব্ব বেদোক্ত শান্তি ও পৌষ্টিক কর্ম্ম করিবেন। কাম, ৪ স। ৩২।

৫৯। দেবতা সকলের পীতাবশিষ্ট শরচ্চন্দ্রের কৃশতার ন্যায়, ধর্ম্মার্থে ক্ষীণ-কোষ (অল্পধন) রাজার কৃশত্বও শোভনীয় হয়। কাম, ৫ স। ৮৮।

৫৫। ভোগাংশ্চ দদ্যাদ্বিপ্রেভ্যো বসূনি বিবিধানি চ।
অক্ষয়োঽয়ং নিধী রাজ্ঞাং যদ্বিপ্রেষূপপাদিতম্॥ যাজ্ঞ, ১অ। ৩১৫।

৫৬। অস্কন্নমব্যয়ঞ্চৈব প্রায়শ্চিত্তৈরদূষিতম্।
অগ্নেঃ সকাশাদ্বিপ্রাস্যং পূতং শ্রেষ্ঠমিহোচ্যতে॥ যাজ্ঞ, ১অ। ৩১৬।

৫৭। নাতঃ পরতরো ধর্ম্মো নৃপাণাং যদুপার্জ্জিতম্।
বিপ্রেভ্যো দীয়তে দ্রব্যং প্রজাভ্যশ্চাভয়ং তথা॥ যাজ্ঞ, ১অ। ৩২৩।

৫৮। ত্রয্যাঞ্চ দণ্ডনীত্যাঞ্চ কুশলস্য পুরোহিতঃ।
অথর্ব্ব বিহিতং কর্ম্ম কুর্য্যাচ্ছান্তিক পৌষ্টিকম্॥ কাম, ৪স। ৩২।

৫৯। ধর্ম্মার্থং ক্ষীণকোষস্য কৃশত্বমপি শোভতে।
সুরৈঃ পীতাবশেষস্য শরদ্ধিমরুচেরিব॥ কাম, ৫স। ৮৮।

৬০। রাজা বিদ্বান্, কুলীন, বাগ্মী, রূপবান্, বয়ঃস্থ, সুশীল, সর্ব্বদা ন্যায়পথাবলম্বী এবং তপস্বী ব্রাহ্মণকে পুরোহিত করিবেন; তাঁহার অনুমোদিত কর্ম্মসকল করিবেন। গৌ, ১১ অ,।

৬১। রাজা দৈবোৎপাত চিন্তকেরা যে সকল কথা বলিবেন, তাহা আদরপূর্ব্বক শ্রবণ করিবেন। কেহ কেহ বলেন, রাজার যোগক্ষেম ইঁহাদেরই অধীন। গৌ, ১১ অ।

৬২। ঋত্বিকেরা অগ্নিশালায় রাজার শান্তি, পুণ্যাহ, স্বস্ত্যয়ন, আয়ুর্ব্বৃদ্ধিকর ও মঙ্গলপ্রদ কার্য্য এবং শত্রুদিগের পরাভব, বিনাশ এবং পীড়াজনক কর্ম্মের অনুষ্ঠান করিবেন। গৌ, ১১ অ।

৬৩। শিবিরাজা এই কথা বলিয়াছেন যে, যাহার রাজ্যে ব্রাহ্মণ অথবা অন্য কোন মনুষ্য ক্ষুধায় অবসন্ন হয়, সেই নৃপতির জীবনকে ধিক্! যে রাজার রাজ্যে স্নাতক ব্রাহ্মণ ক্ষুধায় অবসন্ন হন, তাঁহার রাজ্যের বৃদ্ধি

৬০। বিজ্ঞায়তে ব্রাহ্মণঞ্চ পুরোদধীত বিদ্যাভিজনবাগ্রূপ বয়ঃশীল সম্পন্নং
ন্যায়বৃত্তং তপস্বিনং তৎপ্রসূতঃ কর্ম্মাণি কুর্ব্বীত। গৌ, ১১অ।

৬১। দৈবোৎপাতচিন্তকাঃ প্রব্রূয়ুস্তান্যাশ্রয়েত
তদধীনমপি হ্যেকে যোগক্ষেমং প্রতিজানতে। গৌ, ১১অ।

৬২। শান্তিপুণ্যাহ স্বস্ত্যয়নায়ুষ্যমঙ্গলসংযুক্তান্যাভ্যুদয়িকানি
বিদ্বেষিণাং সম্বলনমভিচারদ্বিষদ্ব্যাধিসংযুক্তানি চ
শালাগ্নৌ কুর্য্যাদ্যথোক্তমৃত্বিজোঽন্যানি। গৌ, ১১অ।

৬৩। ধিক্ তস্য জীবিতং রাজ্ঞো রাষ্ট্রে যস্যাবসীদতি।
দ্বিজোঽন্যো বা মনুষ্যোঽপি শিবিরাহ বচো যথা॥
যস্য স্ম বিষয়ে রাজ্ঞঃ স্নাতকঃ সীদতি ক্ষুধা।
অবৃদ্ধিমেতি তদ্রাষ্ট্রং বিন্দতে সহ রাজকম্॥ ম, অনু, ৬১অ। ২৯—৩০।

হয় না এবং যুগপৎ বহুল নৃপতি একত্র হইয়া তাঁহার প্রতিপক্ষ হয়। ম, অনু, ৬১ অ। ২৯—৩০।

৬৪। সকল বর্ণেরই ব্রাহ্মণের ন্যায় ব্রহ্মস্বকে রক্ষা করা কর্ত্তব্য এবং যে ব্রাহ্মণগণের অপকার করে, তাহাকে রাজ্যমধ্যে স্থান দেওয়া বিধেয় নহে। ব্রহ্মস্ব রক্ষিত হইলে, সকলেই সুরক্ষিত হয়, সুতরাং তাঁহাদের প্রসাদেই নরপতি কৃতকৃত্য হইতে পারেন। ম, শা, ৭৫ অ। ১১—১২।

৬৫। ঋষিগণ নিত্য নিত্য সন্ধ্যা বন্দনা করিতেন বলিয়া, দীর্ঘ পরমায়ু প্রাপ্ত হইয়াছেন, অতএব পূর্ব্ব ও পশ্চিম সন্ধ্যাকালে বাগ্‌যত হইয়া থাকিবে। যে সমস্ত ব্রাহ্মণ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যার উপাসনা না করে, ধার্ম্মিক নরপাল তাহাদিগকে শূদ্রের কর্ম্ম করাইবেন। ম, অনু, ১০৪ অ। ১৮—২০।

৬৬। আস্তিক্য ও পূতাত্মা হইয়া সর্ব্বদা দেবপূজা করিবে, দেবতার ন্যায় গুরুজনের পূজা ও আত্মবৎ বন্ধুজনের পূজা করিবে ইহাই শ্রুতি। শুক্র, ১ অ। ১৭২।

৬৪। সর্ব্ববর্ণৈঃ সদা রক্ষ্যং ব্রহ্মস্বং ব্রাহ্মণা যথা।
নস্থেয়ং বিষয়ে তেন যোঽপকুর্য্যাদ্দ্বিজাতিষু॥
ব্রহ্মস্বে রক্ষ্যমাণে তু সর্ব্বং ভবতি রক্ষিতম্।
তস্মাত্তেষাং প্রসাদেন কৃতকৃত্যো ভবেন্নৃপঃ॥ ম, শা, ৭৫ অ। ১১—১২।

৬৫। "ঋষয়ো নিত্য সন্ধ্যত্বাদ্দীর্ঘমায়ুরবাপ্নুবন্॥"
তস্মাৎ তিষ্ঠেৎ সদা পূর্ব্বাং পশ্চিমাং চৈব বাগ্‌যতঃ।
যে ন পূর্ব্বামুপাসন্তে দ্বিজাঃ সন্ধ্যাং ন পশ্চিমাং॥
"সর্ব্বাংস্তান্ ধার্ম্মিকো রাজা শূদ্র কর্ম্মাণি কারয়েৎ। ম, অনু, ১০৪অ। ১৮—২০।

৬৬। শ্রুতিরাস্তিক্য পূতাত্মা পূজয়েদ্ দেবতাং সদা।
দৈবতাবদ্ গুরুজনানাত্মবচ্চ সুহৃজ্জনান্॥ শুক্র, ১অ। ১৭২।

৬৭। সাঙ্গবেদজ্ঞগণ পরিবৃত হইয়া প্রণিপাত দ্বারা সাধুজন ও গুরু-জন পূজা এবং মঙ্গলার্থ সৎকার্য্যদ্বারা দেবগণকে অনুকূল করিবে। শুক্র, ১ অ। ১৭৩।

৬৮। গুণী রাজা দেবতার্থে অর্থাৎ দেবালয় স্থাপনার্থে সর্ব্বদা ভূমি ত্যাগ করিবেন। বিবেচনা করিয়া গৃহীকে উদ্যান বা গৃহ নির্ম্মাণার্থ ভূমি দান করিবেন। শুক্র, ১ অ। ২১২।

৬৯। ব্রাহ্মণদ্বারা ধন অপহৃত হইলেও তাহা পরলোকে শুভপ্রদ। শূদ্রকে ধন দান করিলে, তাহা নরকের কারণ হয়। শুক্র, ২ অ। ৪০২।

একত্রিংশ স্তবক।

[বিচার ও দণ্ডবিষয়ক সমালোচন]

প্রজাই রাজ্যের মূল এবং সুবিচারে প্রজাদিগকে শাসন করাই রাজ্য-রক্ষার মূল। অর্থ ও কামাত্মক সংসারে রাজার রাজ্যবাসী প্রজাদিগের মধ্যে নানা কারণে বিবাদ বিসংবাদ ঘটিয়া থাকে ও নানাবিধ কলুষিত কার্য্য সংঘটিত হইয়া থাকে। সেই সকল বাদ-বিবাদের মীমাংসা ও কলুষাপরাধে অপরাধীর দণ্ড, রাজাই বিচারপূর্ব্বক করিয়া থাকেন। যে

৬৭। প্রণিপাতেন হি গুরূন্ সতোঽনুচান বেষ্টিতাঃ।
কুর্ব্বীতাভিমুখান্ দেবান্ ভূত্যৈ সুকৃতকর্ম্মণা॥ শুক্র, ১অ। ১৭৩।

৬৮। গুণী তাবদ্ দেবতার্থং বিসৃজেচ্চ সদৈব হি।
আরামার্থং গৃহার্থং বা দদ্যাদ্ দৃষ্ট্বা কুটুম্বিনম্॥ শুক্র, ১অ। ২১২।

৬৯। যদ্ ব্রাহ্মণেনাপহৃতং ধনং তৎ পরলোকদম্।
শূদ্রায় দত্তমপি যন্নরকায়ৈব কেবলম্॥ শুক্র, ১ অ। ৪০২।

রাজ্যে সুবিচারপূর্ব্বক বাদ-বিবাদ মীমাংসিত ও অপরাধী যথোচিত দণ্ড দ্বারা শাসিত হয়, সেই রাজ্যই চিরস্থায়ী হয়, তদন্যথায় অচিরাৎ রাজ্য বিনষ্ট হইয়া থাকে। প্রাচীনকালে শাস্ত্রকারেরা বিচার ও দণ্ড বিষয়ে যে বিধি প্রণয়ন করিতেন, সেই শাস্ত্রবিহিত বিধানানুসারেই রাজা তত্তৎ-কার্য্য সমাধান করিতেন। একবিংশস্তবকে গ্রামাধিপতিদিগের দ্বারা রাজ্যের শাসনকার্য্য বিধি যেরূপ ছিল, তাহা লিখিত হইয়াছে। বিচার-কার্য্যভার সেই দেশরক্ষক গ্রামাধিপতিদিগের প্রতি ছিল না। মনু-সংহিতায় সপ্তম অধ্যায়ের ১৪১ শ্লোকে লিখিত আছে ;—

"অমাত্যমুখ্যং ধর্ম্মজ্ঞং প্রাজ্ঞং দান্তং কুলোদ্গতম্।
স্থাপয়েদাসনে তস্মিন্ খিন্নঃ কার্য্যেক্ষণে নৃণাম্" ॥

অর্থাৎ রাজা স্বয়ংই প্রজাগণের কার্য্য পর্য্যবেক্ষণ করিবেন, তাহাতে অশক্ত হইলে, বিচারাসনে সদ্বংশজাত, সুপণ্ডিত, জিতেন্দ্রিয়, প্রাজ্ঞ এবং ধর্ম্মজ্ঞ এরূপ একজন মন্ত্রিশ্রেষ্ঠকে অর্থী-প্রত্যর্থীর কার্য্য-সন্দর্শনের নিমিত্ত সংস্থাপন করিবেন।

যাজ্ঞবল্ক্য সংহিতায় দ্বিতীয় অধ্যায়ের প্রথম শ্লোকে এই বিধি আছে ;—

"ব্যবহারান্ নৃপঃ পশ্যেদ্বিদ্বদ্ভির্ব্রাহ্মণৈঃ সহ।
ধর্ম্মশাস্ত্রানুসারেণ ক্রোধ-লোভ-বিবর্জ্জিতঃ" ॥

অর্থাৎ নরপতি ক্রোধ ও লোভশূন্য হইয়া ধর্ম্মশাস্ত্রানুসারে বিদ্বান্ ব্রাহ্মণদিগের সহিত ব্যবহার (অর্থাৎ মোকদ্দমা) স্বয়ং বিচার করিবেন।

যাজ্ঞবল্ক্য সংহিতায় দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় শ্লোকে এই বিধি আছে যে ;—

"অপশ্যতা কার্য্যবশাদ্ব্যবহারান্ নৃপেণ তু।
সভ্যৈঃ সহ নিযোক্তব্যো ব্রাহ্মণঃ সর্ব্বধর্ম্মবিৎ" ॥

অর্থাৎ অলঙ্ঘনীয় কার্য্যবশতঃ নৃপতি স্বয়ং ব্যবহার দর্শনে অশক্ত হইলে, সভ্যগণের সহিত একজন সর্ব্বধর্ম্মজ্ঞ ব্রাহ্মণকে ব্যবহার-দর্শনে নিযুক্ত করিবেন।

আর মহাভারতের শান্তিপর্ব্বে ৬৯ অধ্যায়ের ২৮শ শ্লোকে এই বিধি আছে যে ;—

"শ্রোতুশ্চৈব ন্যসেদ্রাজা প্রাজ্ঞান্ সর্ব্বার্থদর্শিনঃ।
ব্যবহারেষু সততং তত্র রাজ্যং প্রতিষ্ঠিতম্" ॥

অর্থাৎ "নৃপতি অর্থিপ্রত্যর্থিগণের বাক্য সকলের বিচার কার্য্য শ্রবণ করিবার নিমিত্ত নিয়ত সর্ব্বার্থদর্শী পণ্ডিতগণকে নিযুক্ত করিবেন, কারণ তাঁহাদের দ্বারাই রাজ্য সুরক্ষিত হইয়া থাকে"।

এই সকল ব্যবস্থা দ্বারা স্পষ্টই প্রকাশ পাইতেছে যে, প্রাচীনকালে বিচারকার্য্য রাজা নিজে করিতেন অথবা সুপণ্ডিত ব্রাহ্মণদিগকে তৎকার্য্যে নিয়োজিত করিতেন ; শাসনকারী গ্রামাধিপতিগণের তৎকার্য্যে অধিকার ছিল না। অতএব পূর্ব্বকালে শাসন ও বিচারকার্য্য এক ব্যক্তির হস্তে থাকিত না, পৃথক্ পৃথক্ ব্যক্তি দ্বারা ঐ উভয়কার্য্য নির্ব্বাহ হইত, ইহা স্থিরসিদ্ধান্ত।

অধুনা বিচারকার্য্য প্রণালী প্রধানতঃ দুইভাগে বিভক্ত, দেওয়ানী ও ফৌজদারী। বিবাদের বিষয় যতই কেন হউক না, সমস্তই ঐ দুই ভাগে বিভক্ত হইয়া দেওয়ানী আদালত ও ফৌজদারী আদালতে পৃথক্ পৃথক্ বিচারক দ্বারা বিচারিত হয় ; তন্মধ্যে ঋণাদান, চুক্তি ও ভূমির স্বত্ব-সম্পর্কীয় প্রভৃতি নানা বিষয়ের বিচার দেওয়ানী আদালতে হয়, ঐ আদালতের বিচারকদিগের বিচারই কর্ত্তব্য কার্য্য, তাঁহারা দেশের শাসন সম্পর্কীয় কোন কার্য্যে সংসৃষ্ট নহেন ;—যথা জজ, সবজজ, মুন্সেফ ইত্যাদি। ফৌজদারী আদালতে চৌর্য্য, দস্যুতা, হত্যা, রাজদ্রোহাদি বিবিধাপরাধের বিচার হইয়া থাকে, ঐ আদালতে বিচারকগণ বিচারকার্য্যও সম্পাদন

করেন এবং তাঁহাদিগকে দেশের শাসনকার্য্যও সম্পাদন করিতে হয়;—যথা ম্যাজিষ্ট্রেট, ডেপুটী ম্যাজিষ্ট্রেট ইত্যাদি। এইরূপে বিচার ও শাসন এই উভয় বিষয়েই ফৌজদারী আদালতের বিচারকগণের আধিপত্য থাকায় এই এক মহৎদোষ সংঘটিত হয় যে, তদধীনস্থ শাসন-কর্ম্মচারিগণ (অর্থাৎ পুলিস কর্ম্মচারী) তাঁহাদিগেরকর্ত্তৃক পরিচালিত ও আজ্ঞানুবর্ত্তী হইয়া যথা-দিষ্টমতে অপরাধের অনুসন্ধানাদি করেন এবং অবশেষে অপরাধীকে বিচারার্থ তাঁহারই নিকট সমর্পণ করিয়া থাকেন, সুতরাং সেই বিচারকের পূর্ব্ব হইতে যেরূপ মনের ধারণা থাকে, তদনুসারেই অপরাধীর বিচার কার্য্য সম্পাদন করিয়া থাকেন, ইহাতে অনেক সময়ে বিচার কার্য্যের ব্যভিচার দৃষ্ট হইয়া থাকে; বিশেষতঃ ঐরূপ বিচারকের এলাকাধীন কোন ব্যক্তির প্রতি যদি কোন কারণে বিদ্বেষভাব থাকে, তাহা হইলে তৎসম্বন্ধীয় বিচারকার্য্যে সুবিচারের প্রত্যাশা কখনই করা যাইতে পারে না। এই কারণে দেশীয় বিজ্ঞতম মতিমান্ ব্যক্তিগণ বহুদিন হইতে শাসন ও বিচার কার্য্যভার এক ব্যক্তির প্রতি না থাকিয়া পৃথগ্‌ভূত হয়, তৎপক্ষে আন্দোলন ও ভারত গবর্ণমেণ্টের সমীপে আবেদনাদি করিয়া আসিতেছেন।

অধুনা নানাবিধ অপরাধের নানারূপ পৃথক্ পৃথক্ দণ্ড, দণ্ডবিধি আইনানুসারে বিহিত হইয়া থাকে, প্রাচীনকালে শ্রীভগবান্ মনু, যোগীশ্বর যাজ্ঞবল্ক্য ও বিষ্ণু প্রভৃতি মহর্ষিগণ-বিহিতস্মৃত্যুক্ত বিধানানুসারে রাজদণ্ড সমাহিত হইত। অপরাধের নিমিত্ত ধর্ম্মসঙ্গত শাস্ত্রবিহিত প্রায়শ্চিত্ত-দণ্ড ও রাজদণ্ড এই উভয়বিধ দণ্ডই হিন্দুসমাজে আবহমান কাল চলিয়া আসিতেছে। অনেক অপরাধের প্রায়শ্চিত্ত-দণ্ডবিধি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে এবং অনেক অপরাধের রাজদণ্ডের বিধিও শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। লোকে শাস্ত্রবিহিত অপরাধজনিত পাপ হইতে ধর্ম্মতঃ মুক্ত হইবে, এই বিশ্বাসেই

প্রায়শ্চিত্ত দণ্ড স্বেচ্ছাপূর্ব্বক গ্রহণ ও অনুষ্ঠান করিয়া থাকে ; তাহাতে সমাজের কটাক্ষ যে না থাকে এমনও নহে। যাহাহউক প্রায়শ্চিত্ত দণ্ড-বিধি অতঃপর এই রত্নমালা গ্রন্থের পরবর্ত্তী খণ্ডে যথাস্থানে লিখিত হইবে, এস্থলে রাজদণ্ডের বিষয়ই সমালোচ্য।

প্রাচীন কালে যে সকল শাস্ত্রবিহিত রাজদণ্ডের বিধান ছিল তাহা এবং তাহার মধ্যে যে সকল দণ্ডের বিধি এখনও প্রচলিত আছে, সেই সেই দণ্ড প্রয়োগ ব্যবহারের যে তারতম্য লক্ষিত হয়,তাহা এস্থলে বর্ণিত হইতেছে।

বধদণ্ড ;—অপরাধবিশেষে অর্থাৎ নরহত্যাদি গুরুতর অপরাধে এই দণ্ড প্রাচীন কালেও বিহিত ছিল, এখনও তাহা প্রচলিত আছে। এখন যেরূপ ফাঁশী কাষ্ঠে ঝুলাইয়া প্রাণদণ্ড হয়, পূর্ব্বে সেরূপ ছিল না। তখন অগ্নিপ্রবেশ, জল-মজ্জন, উচ্চস্থান হইতে পাতন, কুকুর দ্বারা ভক্ষণ, শূলারোহণ ও যজ্ঞীয় পশুরূপে বরণ করিয়া খড়্গাঘাতে বলিদান ইত্যাদি বিবিধ প্রকারে প্রাণ সংহার করা হইত। এক্ষণে অনেক মতিমান্ লোকের অভিমত এই যে, আবশ্যক হইলে, রাজা যখন প্রাণ দান করিতে পারেন না, তখন প্রাণদণ্ড করা বিহিত হইতে পারে না। অনেক সময় দেখা যায়, নিম্ন আদালতে যাহার প্রাণদণ্ডের আদেশ হইয়াছে, উচ্চ অর্থাৎ আপীল আদালতে তাহার বিচার হইয়া প্রাণদণ্ডাজ্ঞা রহিত হইয়া যায়। এইরূপ অবস্থায় যখন বিচারে ভ্রম-প্রমাদ প্রায়ই লক্ষিত হয়, বিশেষতঃ তাহা নিত্য-সম্ভাবনা, তখন প্রাণদণ্ডাদেশবিধি রাজদণ্ডবিধি হইতে পরিত্যক্ত হয়, ইহাই মতিমান্দিগের অভিমত।

নির্ব্বাসন দণ্ড ;—এই দণ্ড অপরাধবিশেষে পূর্ব্বকালেও বিহিত ছিল, এখনও ইহা প্রচলিত আছে।

কারাবাস দণ্ড ;—এই দণ্ড অপরাধবিশেষে প্রাচীন কালেও বিহিত ছিল, এখনও প্রচলিত আছে।

কশাঘাত দণ্ড ;—এক্ষণে এইদণ্ড প্রবলরূপে প্রচলিত ; পূর্ব্ব-কালেও বিহিত ছিল। কিন্তু নির্ব্বাসনাদি গুরুতর দণ্ডের উপর ঐ দণ্ড বিহিত ছিল না। এক্ষণেও কশাঘাত দণ্ডবিধিতে, যাহার প্রাণদণ্ড, দ্বীপান্তর-প্রেরণ দণ্ড, দণ্ডরূপ-পরিশ্রমকরণ, কিংবা পঞ্চ বৎসরের অধিককাল কারাবরোধ দণ্ডের আজ্ঞা হয়, তাহার কশাঘাত দণ্ড হইবে না—এইরূপই বিধান আছে, কিন্তু অন্যান্য নানাবিধ অপরাধে কশা-ঘাত দণ্ড প্রবলরূপে প্রচলিত রহিয়াছে। যে ইংরেজ শাসনে প্রাচীনকাল-প্রচলিত অঙ্গচ্ছেদ, অঙ্গদাহ প্রভৃতি অতি নিষ্ঠুর দণ্ড তিরোহিত হইয়াছে, সেই ইংরেজ শাসনে কশাঘাতরূপ বীভৎস দণ্ড প্রচলিত থাকা, মতিমান্ লোকের বাঞ্ছনীয় নহে।

বন্ধন দণ্ড :—পূর্ব্বকালেও অপরাধ বিশেষে বন্ধনদণ্ড প্রচলিত ছিল অর্থাৎ শৃঙ্খলাদি বন্ধনদ্বারা অপরাধী দণ্ডিত হইত, এখনও বিশেষ বিশেষ অপরাধে শৃঙ্খলবদ্ধ করা হইয়া থাকে।

সর্ব্বস্বহরণ দণ্ড ;—প্রাচীনকালেও অপরাধ বিশেষে এই দণ্ড বিহিত ছিল, এখনও বিশেষ বিশেষ অপরাধে সমস্তসম্পত্তি রাজকোষভুক্ত হইবার বিধান আছে।

অর্থদণ্ড ;—এই দণ্ড অপরাধ বিশেষে পূর্ব্বকালেও বিহিত ছিল, এখনও প্রচলিত আছে। শারীর দণ্ডের সহিত এই দণ্ডের ব্যবহার পুরা কালেও ছিল, এখনও তাহা আছে।

অঙ্গচ্ছেদন দণ্ড ;—প্রাচীনকালে অপরাধ বিশেষে লিঙ্গচ্ছেদ, হস্তচ্ছেদ, পদচ্ছেদ, বাহুদ্বয়চ্ছেদ, নাসিকাচ্ছেদন, কর্ণচ্ছেদন, অঙ্গুলিচ্ছেদন জিহ্বাচ্ছেদন ও নিতম্বচ্ছেদন ইত্যাদি অতিনিষ্ঠুর রাজদণ্ড বিহিত ছিল। ইংরেজ রাজত্বে ঐরূপ নিষ্ঠুর দণ্ড এখন প্রচলিত নহে।

অঙ্গদাহ দণ্ড ;—পূর্ব্বকালে অপরাধ বিশেষে হস্তদাহ, জিহ্বাদাহ

প্রভৃতি অঙ্গদাহরূপ নিষ্ঠুরদণ্ড প্রচলিত ছিল। এখন ইংরেজ রাজত্বে ঐ সকল নিষ্ঠুরদণ্ড আর প্রচলিত নাই। পরন্তু শাস্ত্রে ঐ সকল কঠিন দণ্ডের বিধান থাকায় ঐ সকল দণ্ডোপযোগী অপরাধ সংঘটন অতিবিরল ছিল, এখন নিত্য নিত্য অযচ্ছল দুষ্কৃত অপরাধ সংঘটিত হইতেছে।

দ্বাত্রিংশ স্তবক।

[মুদ্রা বিভাগ ও ধান্যাদির ওজন]

বিচারকার্য্য রাজনীতির একটি প্রধান অঙ্গ। প্রাচীনকালের বিচারকার্য্য প্রণালী কিরূপ ছিল, তাহা সকলেরই জানা উচিত। এই কারণে তাহা অতঃপর লিখিত হইতেছে।

প্রাড়্‌বিবাক বিচারকার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে, তাঁহার মুদ্রা-বিভাগ ও পরিমাণ, ধান্যাদির ওজন; সাক্ষ্যবিষয়ক বিধি; দণ্ডনীতি ও বিচারকার্য্য-প্রণালী জানা নিতান্ত আবশ্যক: অতএব বিচার বিধি সঙ্কলনের পূর্ব্বে; প্রাচীনকালে ঐ সকল বিষয়ে যেরূপ বিধি প্রচলিত ছিল; তাহা ক্রমে এই ও উত্তরোত্তর স্তবকে সঙ্কলিত করা গেল।

মুদ্রাবিভাগ।

১। সূর্য্যের কিরণ পতিত হইলে, গবাক্ষ-বিবর হইতে যে ধূলিসমূহ

১। (ক) জালান্তর গতে ভানৌ যৎ সূক্ষ্মং দৃশ্যতে রজঃ।
প্রথমং তৎ প্রমাণানাং ত্রসরেণুং প্রচক্ষ্যতে। মনু, ৮ অ। ১৩২।

(খ) জালস্থার্কমরীচিগতং রজস্ত্রসরেণু সংজ্ঞকম্। বিষ্ণু, ৪ অ। ১।

(গ) "জাল সূর্য্যমরীচিস্থং ত্রসরেণু রজঃস্মৃতম্। যাজ্ঞ, ১অ। ৩৬২।

উড্ডীয়মান হয়, উহার মধ্যে যে ধূলিকণা অতিশয় সূক্ষ্ম দৃষ্ট হইয়া থাকে, পরিমাণ গণনায় উহা প্রথম গণ্য ; উহাকে ত্রসরেণু বলে। মনু,৮ অ। ১৩২। বিষ্ণু, ৪ অ। ১। যাজ্ঞ, ১ অ। ৩৬২।

২ ।—	স্বর্ণমুদ্রা।	১৬ মাষায়	১ সুবর্ণ
৮ ত্রসরেণুতে	১ লিক্ষ	৪ সুবর্ণে	১ পল বা নিষ্ক
৩ লিক্ষতে	১ রাজসর্ষপ	১০ পলে	১ ধরণ
৩ রাজসর্ষপে	১ গৌরসর্ষপ	(মনু, ৮ অ। ১৩২-১৩৫। বিষ্ণু ৪অ।	
৬ গৌরসর্ষপে	১ যব	২—১০। যাজ্ঞ, ১অ। ৩৬২—৩৬৪।	
৩ যবে	১ কৃষ্ণল *		
৫ কৃষ্ণলে	১ মাষা		

২। (ক) ত্রসরেণবোঽষ্টৌ বিজ্ঞেয়া লিক্ষৈকা পরিমাণতঃ।
তা রাজসর্ষপস্তিস্রস্তে ত্রয়ো গৌরসর্ষপঃ॥
সর্ষপাঃ ষড়্ যবো মধ্যস্ত্রিযবন্ত্বেককৃষ্ণলম্।
পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ।
"পলং সুবর্ণাশ্চত্বারঃ পলানি ধরণং দশ।" মনু, ৮ অ। ১৩২—১৩৫।

(খ) তদষ্টকং লিক্ষা। তত্রয়ং রাজসর্ষপঃ। তত্রয়ং গৌরসর্ষপঃ।
তৎষট্কং যবঃ। তত্রয়ং কৃষ্ণলম্। তৎপঞ্চকং মাষঃ।
তদ্দ্বাদশমক্ষার্দ্ধম্। অক্ষার্দ্ধমেব সচতুর্ম্মাষকং সুবর্ণঃ।
চতুঃ সুবর্ণকো নিষ্কঃ॥ বিষ্ণু ৪ অ। ২—১০।

(গ) "ত্রেঽষ্টৌ লিক্ষাতু তাস্তিস্রো রাজসর্ষপ উচ্যতে॥
গৌরস্তু তে ত্রয়ঃ ষট্ তে যবোমধ্যস্তু তে ত্রয়ঃ।
কৃষ্ণলঃ পঞ্চ তে মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ॥
"পলং সুবর্ণাশ্চত্বারঃ পঞ্চ বাপি প্রকীর্ত্তিতম্।" যাজ্ঞ, ১ অ। ৩৬২—৩৬৪।

---

* কৃষ্ণল অর্থাৎ রতি, কুঁচ।

৩।—রজতমুদ্রা ও তাম্রমুদ্রা

রজতমুদ্রা।		তাম্রমুদ্রা।	
২ কৃষ্ণলে	১ রৌপ্য মাষা	৮০ রতি তাম্রে	১ কার্ষিক, পণ বা কার্ষাপণ *
১৬ রৌপ্য মাষায়	১ রূপ্যধরণ বা পূরাণ	২৫০ পণে	১ প্রথম সাহস
১০ ধরণে	১ রাজতশতমান	৫০০ পণে	১ মধ্যম সাহস
৪ সুবর্ণে	১ রৌপ্য নিষ্ক	১০০০ পণে	১ উত্তম সাহস

(মনু, ৮ অ। ১৩৫-১৩৮। বিষ্ণু, ৪অ। ১১—১৪। যাজ্ঞ, ১ অ। ৩৬৪—৩৬৬।

এইরূপ নামধেয় মুদ্রা ও পরিমাণ প্রাচীনকালে প্রচলিত ছিল।

৩। (ক) "দে কৃষ্ণলে সমধৃতে বিজ্ঞেয়ো রৌপ্যমাষকঃ॥"
তে ষোড়শ স্যাদ্ধরণং পুরাণশ্চৈব রাজতম্।
কার্ষাপণস্তু বিজ্ঞেয়স্তাম্রিকঃ কার্ষিকঃ পণঃ॥
ধরণানি দশ জ্ঞেয়ঃ শতমানস্তু রাজতঃ।
চতুঃ সৌবর্ণিকো নিষ্কো বিজ্ঞেয়স্তু প্রমাণতঃ॥
পণানাং দ্বে শতে সার্দ্ধে প্রথমঃ সাহসঃ স্মৃতঃ।
মধ্যমঃ পঞ্চ বিজ্ঞেয়ঃ সহস্রন্ত্বেব চোত্তমঃ॥ মনু, ৮অ। ১৩৫—১৩৮।

(খ) দ্বে কৃষ্ণলে সমধৃতে রূপ্যমাষকঃ।
তৎষোড়ষকং ধরণম্। তাম্রকার্ষিকঃ কার্ষাপণঃ॥
পণানাং দ্বেশতে সার্দ্ধে প্রথমঃ সাহসঃ স্মৃতঃ।
মধ্যমঃ পঞ্চ বিজ্ঞেয়ঃ সহস্রন্ত্বেব চোত্তম॥ বিষ্ণু, ৪অ। ১১—১৪।

---

* উল্লিখিত মুদ্রা বিভাগ এবং অতঃপর বিচার বিধিতে অপরাধ বিষয়ক দণ্ড-বিধি দেখিলেই বুঝা যায়, পুরাকালে তাম্রমুদ্রার ব্যবহারই অধিক ছিল। যেহেতু

৪। ধান্যাদির ওজন।

২00 পলে	১ দ্রোণ
২০ দ্রোণে	১ কুম্ভ। মনু ৮অ। ৩২০ (টীকা)।

(গ) "দ্বে কৃষ্ণলে রূপমাষো ধরণং ষোড়শৈব তে।"
শতমানস্তু দশভির্দ্ধরণৈঃ পলমেব চ।
নিষ্কঃ সুবর্ণশ্চত্বারঃ কার্ষিকস্তাম্রিকঃ পণঃ ॥
সাশীতিঃ * পণসাহস্রো দণ্ড উত্তমসাহসঃ।
তদর্দ্ধং মধ্যমঃ প্রোক্তস্তদর্দ্ধমধমঃ স্মৃতঃ ॥ যাজ্ঞ, ১অ। ৩৬৪—৩৬৬।

৪। দ্বিপলশতং দ্রোণো বিংশতিদ্রোণশ্চ কুম্ভঃ। মনু.৮অ।৩২০।কুল্লূকভট্টটীকায়াং।

দণ্ড বিধিতে প্রায় পণ, প্রথম সাহস, মধ্যম সাহস ও উত্তম সাহস এই সকল দণ্ডের বিধিপ্রাচুর্য্য দেখা যায়। পূর্ব্বকালে পণ নামক তাম্রমুদ্রা প্রচলিত ছিল, তাহার ওজন রতি অর্থাৎ কুঁচ ফলের ৮০টীর পরিমাণের সমান ছিল। অধুনা স্বর্ণ-রৌপ্যাদির ওজনে ৬ রতিতে ১ আনা ধরে। তাহা হইলেই পণ ৷৴২ অর্থাৎ তের আনা দুই রতি তাম্র-গঠিত অর্থাৎ এখনকার প্রায় ৴৭॥ দেড় পয়সার সমান ওজনের তাম্রে গঠিত মুদ্রা ছিল। এখন যেমন কাহারও ২৫০ কিংবা ৫০০ অথবা ১০০০ টাকা অর্থ দণ্ড হইলে, তৎপরিমাণ রৌপ্য মুদ্রাই বুঝায়, পূর্ব্বকালে তেমনই প্রথম সাহস দণ্ড হইলে ২৫০ পণ নামক তাম্র মুদ্রা দিতে হইত। তদ্রূপ মধ্যম সাহসে ৫০০ পণ এবং উত্তম সাহসে ১০০০ পণ ইত্যাদি। পুরাকালে বিশেষ বিশেষ অপরাধে সুবর্ণনিষ্কাদি স্বর্ণমুদ্রা অথবা রাজত-শতমান ইত্যাদি রৌপ্যমুদ্রাও দণ্ড হইত, কিন্তু ঐরূপ সুবর্ণ ও রৌপ্য মুদ্রার দণ্ডবিধি খুব কমই দেখিতে পাওয়া যায়। অতঃপর পাঠক বিচার বিধিতে তাহা লক্ষ্য করিবেন। ফলতঃ বৈদেশিক বাণিজ্যের আধিক্যে প্রাচীনকালাপেক্ষা অধুনা স্বর্ণ ও রৌপ্যের আমদানি অধিক হওয়ায় স্বর্ণরৌপ্যের মুদ্রা ও দ্রব্যাদির ব্যবহার অধিক হইয়াছে, তাহাতে সন্দেহ নাই।

* যাজ্ঞবল্ক্য ১০৮০ পণে উত্তম সাহস ধরিয়াছেন।

ত্রয়স্ত্রিংশ স্তবক।

(প্রমাণ ও সাক্ষ্য-বিষয়ক বিধি।)

সাক্ষীর সংখ্যা এবং কিরূপ ব্যক্তি সাক্ষী হইবার যোগ্য ;--

১। কৃতদার, পুত্রবান্ এবং একদেশবাসী ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রজাতীয় লোক—ইহারা অর্থিকর্ত্তৃক মানিত হইলে সাক্ষ্যদানের যোগ্য হয়। অনাপৎকালে (অর্থাৎ ফৌজদারী ঘটনা ব্যতীত অপর সময়ে) যে কোন ব্যক্তিকে সাক্ষী মানা যাইতে পারে না। মনু ৮ অ। ৬২।

২। সকল বর্ণের মধ্যেই যাহারা সত্যবাদী, যাহাদের কর্ত্তব্যজ্ঞান আছে এবং যাহারা অলুব্ধ, তাহাদিগকে সাক্ষী মানিতে পারা যায়, কিন্তু ইহার বিপরীত গুণাবলম্বী হইলে, তাহাদিগকে ত্যাগ করিবে। মনু, ৮ অ। ৬৩।

৩। সদ্বংশোৎপন্ন, সচ্চরিত্র, ধনবান্, যজ্ঞশীল, তপোনিষ্ঠ, পুত্রবান্, ধার্ম্মিক, ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক অধীতবেদ, সত্যবাদী এবং ত্রৈবিদ্য-বৃদ্ধ (তর্কশাস্ত্র, ঋক্-যজুঃ-সামবেদ এবং কৃষি-শিল্প বাণিজ্যাদি বিষয়ক শাস্ত্র এই সমুদায়ে সবিশেষ পারদর্শী) ব্যক্তিরা সাক্ষী হইবার উপযুক্ত। বিষ্ণু ৮ অ। ৮।

১। গৃহিণঃ পুত্রিণো মৌলাঃ ক্ষত্রবিট্‌শূদ্রযোনয়ঃ।
অর্থ্যুক্তাঃ সাক্ষ্যমর্হন্তি ন যে কেচিদনাপদি ॥ মনু, ৮অ। ৬২।

২। আপ্তাঃ সর্ব্বেষু বর্ণেষু কার্য্যাঃ কার্য্যেষু সাক্ষিণঃ।
সর্ব্বধর্ম্মবিদোঽলুব্ধা বিপরীতাংস্তু বর্জ্জয়েৎ ॥ মনু, ৮অ। ৬৩।

৩। কুলজা বৃত্তবিত্তসম্পন্না যজ্বানস্তপস্বিনঃ পুত্রিণো ধর্ম্মজ্ঞা
অধীয়ানাঃ সত্যবন্তস্ত্রৈবিদ্যবৃদ্ধাশ্চ ॥ বিষ্ণু, ৮ অ। ৮।

৪। তপোনিষ্ঠ, দানশীল, সদ্বংশীয়, সত্যবাদী, ধর্ম্মপ্রধান, সরল-হৃদয়, পুত্রবান্, সম্পত্তিশালী, যথাসম্ভব শ্রৌত-স্মার্ত্ত নিত্যনৈমিত্তিক কর্ম্মানুষ্ঠায়ী এবং ব্যবহর্ত্তার স্বজাতি বা সবর্ণ এইরূপ অন্ততঃ তিনজন সাক্ষী দিতে হইবে। স্বজাতি বা সবর্ণ সাক্ষী না মিলিলে, সকল বর্ণীয় ব্যক্তিরই সকল-জাতীয়, সকল বর্ণীয় ব্যক্তি সাক্ষী হইতে পারে, ইহা স্মৃত হইয়াছে। (জাতি—মূর্দ্ধাভিষিক্তাদি, বর্ণ-ব্রাহ্মণাদি)। যাজ্ঞ ২ অ। ৬৯—৭০।

৫। উক্ত গুণসম্পন্ন উভয়পক্ষসম্মত, ধর্ম্মজ্ঞ এক ব্যক্তিও সাক্ষী হইতে পারে। বিষ্ণু ৮ অ। ৯। যাজ্ঞ, ২ অ। ৭৪।

৬। শ্রোত্রীয়, রূপবান্, সুশীল, ধার্ম্মিষ্ঠ এবং সত্যবাদী ব্যক্তিই সাক্ষী হইবার উপযুক্ত। বসিষ্ঠ, ১৬ অ।

কোন্ কোন্ ব্যক্তি সাক্ষী হইবার অনুপযুক্ত ;—

৭। লোভহীন এক ব্যক্তিও সাক্ষী হইবে, কিন্তু অনেক স্ত্রীলোক শুচি হইলেও সাক্ষিযোগ্য নয়, কারণ স্ত্রী-বুদ্ধি অস্থির। চৌর্য্যাদি দোষাক্রান্ত স্ত্রী বা পুরুষ সাক্ষী হইতে পারে না। মনু ৮ অ। ৭৭।

৪। তপস্বিনো দানশীলাঃ কুলীনাঃ সত্যবাদিনঃ।
ধর্ম্মপ্রধানা ঋজবঃ পুত্রবন্তো ধনান্বিতাঃ॥
ত্র্যবরাঃ সাক্ষিণো জ্ঞেয়াঃ শ্রৌতস্মার্ত্ত ক্রিয়ারতাঃ।
যথাজাতি যথাবর্ণং সর্ব্বে সর্ব্বেষু বা স্মৃতাঃ॥ যাজ্ঞ, ২ অ। ৬৯—৭০।

৫। (ক) অভিহিতগুণসম্পন্নউভয়ানুমত একোঽপি। বিষ্ণু, ৮ অ। ৯।
(খ) "উভয়ানুমতঃ সাক্ষী ভবত্যেকোঽপি ধর্ম্মবিৎ॥" যাজ্ঞ, ২ অ। ৭৪।

৬। শ্রোত্রিয়ো রূপবান্ শীলবান্ পুণ্যবান্ সত্যবন্
সাক্ষিণঃ সর্ব্ব এব বা। বসিষ্ঠ, ১৬ অ।

৭। একোঽলুব্ধস্তু সাক্ষী স্যাদ্বহ্ব্যঃ শুচ্যোঽপি ন স্ত্রিয়ঃ।
স্ত্রীবুদ্ধেরস্থিরত্বাৎ তু দোষৈশ্চান্যেঽপি যে বৃতাঃ॥ মনু, ৮ অ। ৭৭।

৮। স্ত্রী, বালক, বৃদ্ধ, কিতব (অর্থাৎ দ্যূতকর), শ্রোত্রিয়বৃদ্ধ, তাপসবৃদ্ধ এবং পরিব্রাজকাদি, ইহারা শাস্ত্রীয় বচনানুসারে সাক্ষী মধ্যে পরিগণিত নহে, কিন্তু এতদ্বিষয়ে কোন কারণ নির্দ্দিষ্ট হয় নাই। সুরাদি সেবনে মত্ত, উন্মত্ত, অভিশস্ত, রঙ্গাবতারী, পাষণ্ডী, কূটকারী, বিকলেন্দ্রিয়, পতিত, বন্ধু, অর্থ-সম্বন্ধী (অর্থাৎ যাহার সহিত বিবাদীয় বিষয়ের স্বার্থ সম্বন্ধ আছে) সহায়, শত্রু, চৌর, সাহসী (অর্থাৎ গোঁয়ার), দৃষ্ট-দোষ, বন্ধুপরিত্যক্ত ইত্যাদি ব্যক্তিগণ সাক্ষী হইবার অযোগ্য। যাজ্ঞ, ২ অ। ৭১-৭৩।

৯। রাজা, শ্রোত্রিয় (অর্থাৎ ব্রতানুষ্ঠান-পূর্ব্বক সাঙ্গবেদাধ্যায়ী) *প্রব্রজিত, ধূর্ত্ত, তস্কর, পরাধীন, স্ত্রীলোক, বালক, সাহসিক (দস্যুপ্রভৃতি)* অতিবৃদ্ধ, সুরাদি সেবনে মত্ত, উন্মত্ত, অভিশস্ত, পতিত, ক্ষুধার্ত্ত, তৃষ্ণার্ত্ত, ব্যসনান্বিত এবং অনুরাগান্ধ ইহারা সাক্ষী হইবে না। বিষ্ণু ৮ অ। ২।

১০। শত্রু, মিত্র, অর্থসম্বন্ধী (অর্থাৎ অধমর্ণাদি) বিকর্ম্মা (বর্ণাশ্রমবিরুদ্ধ কর্ম্মানুষ্ঠায়ী), দৃষ্টদোষ (অর্থাৎ পূর্ব্বে যাহার কূটসাক্ষ্য

৮। শ্রোত্রিয়াস্তাপসা বৃদ্ধা যে চ প্রব্রজিতাদয়ঃ।
অসাক্ষিণস্তে বচনান্নাত্র হেতুরুদাহৃতঃ॥
স্ত্রীবৃদ্ধবালকিতবমত্তোন্মত্তাভিশস্তকাঃ।
রঙ্গাবতারিপাষণ্ডিকূটকৃদ্বিকলেন্দ্রিয়াঃ॥
পতিতাপ্তার্থসম্বন্ধিসহায়রিপুতস্করাঃ।
সাহসী দৃষ্টদোষাশ্চ নির্দ্ধূতাদ্যাস্ত্বসাক্ষিণঃ॥ যাজ্ঞ, ২ অ। ৭১—৭৩।

৯। নরাজশ্রোত্রিয়প্রব্রজিতকিতবতস্করপরাধীনস্ত্রী-
বালসাহসিকাতিবৃদ্ধমত্তোন্মত্তাভিশস্তপতিতক্ষুত্তৃষ্ণার্ত্ত
ব্যসনিরাগান্ধাঃ॥ বিষ্ণু. ৮ অ। ২।

১০। রিপুমিত্রার্থসম্বন্ধিবিকর্ম্মদৃষ্টদোষসহায়াশ্চ॥ বিষ্ণু ৮ অ। ৩।

ইত্যাদি দোষ প্রমাণ হইয়াছে) এবং সহায় ইহারাও সাক্ষী হইবে না। বিষ্ণু, ৮ অ। ৩।

১১। রাজাকে সাক্ষী মান্য করিবে না, সূপকার বা তদ্রূপ কারুজীবী নটাদি, বহুবেদজ্ঞ, ব্রহ্মচারী বা সন্ন্যাসী ইহাদিগকে সাক্ষী করিবে না। দাস, লোকবিগর্হিত-ব্যক্তি, দস্যু, নিষিদ্ধকর্ম্মকারি-ব্যক্তি, বৃদ্ধ, শিশু, চণ্ডালাদি নীচজাতি, অন্ধ-খঞ্জাদি বিকলেন্দ্রিয়—ইহাদিগকে বা একব্যক্তিকে সাক্ষী করিবে না। আর্ত্ত, মত্ত, উন্মত্ত, ক্ষুধাতুর, তৃষ্ণাপীড়িত, পথশ্রান্ত, কামাতুর, ক্রুদ্ধ এবং তস্কর—ইহাদিগকে সাক্ষী করিবে না। মনু, ৮অ। ৬৫—৬৭।

কিরূপ ব্যক্তির সাক্ষী কিরূপ ব্যক্তি হইবে এবং কোন্ স্থলেই বা তাহার ব্যতিক্রম হইতে পারে ;—

১২। স্ত্রীদিগের সাক্ষী স্ত্রীলোক হইবে, দ্বিজের সাক্ষী সদৃশদ্বিজ হইবে, সাধু শূদ্রের সাক্ষী শূদ্র ; এবং চণ্ডালাদি নীচ জাতির সাক্ষী নীচ জাতিই হওয়া উচিত। মনু, ৮ অ। ৬৮। বসিষ্ঠ, ১৬ অ।

১১। ন সাক্ষী নৃপতিঃ কার্য্যো ন কারুককুশীলবৌ।
ন শ্রোত্রিয়ো ন লিঙ্গস্থো ন সঙ্গেভ্যো বিনির্গতঃ॥
নাধ্যধীনো ন বক্তব্যো ন দস্যুর্ন বিকর্ম্মকৃৎ।
ন বৃদ্ধো ন শিশুর্নৈকো নান্ত্যোনবিকলেন্দ্রিয়ঃ।
নার্ত্তো ন মত্তো নোন্মত্তো ন ক্ষুত্তৃষ্ণোপপীড়িতঃ।
ন শ্রমার্ত্তো ন কামার্ত্তো ন ক্রুদ্ধো নাপি তস্করঃ॥ মনু, ৮ অ। ৬৫—৬৭।

১২। (ক) স্ত্রীণাং সাক্ষ্যং স্ত্রিয়ঃ কুর্য্যুর্দ্বিজানাং সদৃশা দ্বিজাঃ।
শূদ্রাশ্চ সন্তঃ শূদ্রাণামন্ত্যানামন্ত্যযোনয়ঃ॥ মনু, ৮ অ। ৬৮।
(খ) স্ত্রীণান্তু সাক্ষিণঃ স্ত্রিয়ঃ কুর্য্যাৎ দ্বিজানাং সদৃশাঃ দ্বিজাঃ।
শূদ্রাণাং সন্তঃ শূদ্রাশ্চ অন্ত্যানামন্ত্যাঃ॥ বসিষ্ঠ। ১৬ অ।

১৩। গৃহাভ্যন্তরে, অরণ্যাদি নির্জ্জনস্থলে, চৌরাদিকৃত উপদ্রবে, অথবা আততায়ীকৃত প্রাণহত্যাস্থলে, উক্ত ব্যাপারজ্ঞ যে কোন ব্যক্তি সাক্ষী হইতে পারে। উক্তস্থলে গুণবান্ সাক্ষীর অভাবে স্ত্রীলোক, বৃদ্ধ, শিশু, বন্ধু, দাস এবং ভৃত্যও সাক্ষী হইতে পারে। তথাপি বালক, বৃদ্ধ, আতুর—ইহাদের মিথ্যা কহিবার বেশী সম্ভাবনা, একারণ ইহাদের ও বিকৃতমনা পুরুষের সাক্ষী অস্থির জানিবে। মনু, ৮ অ। ৬৯—৭১।

১৪। স্ত্রীসংগ্রহণ, বাক্‌পারুষ্য, দণ্ডপারুষ্য, চৌর্য্য এবং সকল প্রকার সাহসকার্য্যে সাক্ষীর পরীক্ষা নাই, (অর্থাৎ স্ত্রী-বালক প্রভৃতি সকলেই সাক্ষী হইতে পারে, রাজাদিগকেও সাক্ষী হইতে হইবে)। মনু ৮ অ। ৭২। বিষ্ণু, ৮ অ। ৬।

কোন্ কোন্ ব্যক্তির সাক্ষ্য গ্রাহ্য নহে এবং কিরূপ অবস্থায় সাক্ষী গ্রাহ্য বা অগ্রাহ্য হইবে ;—

১৫। যাহাদের সহিত অর্থসম্বন্ধ আছে, যাহারা মিত্র, যাহারা সাহায্য-

১৩। অনুভাবী তু যঃ কশ্চিৎ কুর্য্যাৎ সাক্ষ্যং বিবাদীনাম্।
অন্তর্ব্বেশ্মন্যরণ্যে বা শরীরস্যাপি চাত্যয়ে॥
স্ত্রিয়াপ্যসম্ভবে কার্য্যং বালেন স্থবিরেণ বা।
শিষ্যেণ বন্ধুনা বাপি দাসেন ভৃতকেন বা॥
বালবৃদ্ধাতুরাণাঞ্চ সাক্ষ্যেষু বদতাং মৃষা।
জানীয়াদস্থিরাং বাচমুৎসিক্তমনসাং তথা॥ মনু, ৮ অ। ৬৯—৭১।

১৪। (ক) সাহসেষু চ সর্ব্বেষু স্তেয়সংগ্রহণেষু চ।
বাগ্‌দণ্ডয়োশ্চ পারুষ্যে ন পরীক্ষেত সাক্ষিণঃ॥ মনু, ৮ অ। ৭২।
(খ) স্তেয়সাহসবাগ্‌দণ্ডপারুষ্যসংগ্রহণেষু সাক্ষিণো ন পরীক্ষ্যস্যাঃ॥
বিষ্ণু, ৮ অ। ৬।

১৫। নার্থসম্বন্ধিনো নাপ্তা ন সহায়া ন বৈরিণঃ।
ন দৃষ্টদোষাঃ কর্ত্তব্যা ন ব্যাধ্যার্ত্তা ন দুষিতাঃ॥ মনু, ৮ অ। ৬৪।

কারী ভৃত্যাদি, যাহারা শত্রু, যাহাদের কূট সাক্ষিত্ব (মিথ্যা সাক্ষিত্ব) পূর্ব্বে জানা গিয়াছে এবং যাহারা ব্যাধিগ্রস্ত, মহাপাতকাদি বা অন্যদোষে দূষিত ইহাদের সাক্ষ্য গ্রাহ্য নহে। মনু, ৮ অ। ৬৪।

১৬। সাক্ষীরা স্বতঃ প্রবৃত্ত হইয়া যাহা বলিবে, রাজা তাহাই গ্রাহ্য করিবেন, ভয়াদি কোন কারণ বশতঃ স্বভাবাতিরিক্ত যাহা কিছু বলিবে, ধর্ম্মনির্ণয়বিষয়ে তাহা গ্রাহ্য নহে। মনু, ৮ অ। ৭৮।

১৭। যে ব্যক্তি অস্বামী হইয়া দ্রব্য-স্বামীর অনুমতি ব্যতিরেকে তাঁহার দ্রব্য বিক্রয় করে, রাজা তাহার সাক্ষ্য গ্রহণ করিবেন না; সে অচোরমানী, কিন্তু চোর। মনু, ৮ অ। ১৯৭।

ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে তত্তদিন্দ্রিয়-প্রত্যক্ষ সাক্ষীই বলবৎ। সেই সেই সাক্ষী তদন্যথা বলিলে বা তদ্রূপ বলিলে তাহার ফল ;—

১৮। চক্ষুর্গ্রাহ্য বিষয়ে সাক্ষাৎ দর্শনে সাক্ষ্য সিদ্ধ হয়, শ্রবণযোগ্য ব্যাপারের শ্রবণে সাক্ষ্য সিদ্ধ হয় এবং ঐ সকল ঘটনায় যে সাক্ষী সত্যকথা বলেন, তিনি ধর্ম্ম ও অর্থ হইতে চ্যুত হন না। মনু, ৮ অ। ৭৪। বিষ্ণু, ৮ অ। ১৩।

১৬। স্বভাবেনৈব যদ্ব্রূয়ুস্তদ্গ্রাহ্যং ব্যবহারিকম্।
অতো যদন্যদ্বিব্রূয়ুর্ধর্ম্মার্থং তদপার্থকম্॥ মনু, ৮ অ। ৭৮।

১৭। বিক্রীণীতে পরস্য স্বং যোঽস্বামী স্বাম্যসম্মতঃ।
ন তং নয়েত সাক্ষ্যন্তু স্তেনমস্তেনমানিনম্॥ মনু, ৮ অ। ১৯৭।

১৮। (ক) সমক্ষদর্শনাৎ সাক্ষ্যং শ্রবণাচ্চৈব সিধ্যতি।
তত্র সত্যং ব্রুবন্ সাক্ষী ধর্ম্মার্থাভ্যাং ন হীয়তে॥ মনু, ৮ অ। ৭৪।

(খ) সমক্ষদর্শনাৎ সাক্ষী শ্রবণাদ্বা॥ বিষ্ণু, ৮ অ। ১৩।

১৯। যাহা দেখিয়াছে ও যাহা শুনিয়াছে, সাক্ষী যদি ধর্ম্মাধিকরণ-সভায় তাহার অন্যথা বলে, তবে সে পরকালে অধোমুখ হইয়া নরকগামী হয় এবং স্বর্গ-হীন হয়। মনু, ৮ অ। ৭৫।

অর্থি-প্রত্যর্থীর মানিত না হইলেও প্রাড়্‌বিবাক স্বয়ং সাক্ষ্য লইতে পারেন; তদ্রূপ স্থলে সাক্ষীর কর্ত্তব্য;—

২০। অর্থিপ্রত্যর্থীর মানিত না হইলেও বিবাদতত্ত্বজ্ঞ কোন ব্যক্তি প্রাড়্‌বিবাককর্ত্তৃক পৃষ্ট হইলে, যথাদৃষ্ট ও যথাশ্রুত বলিবে। মনু ৮ অ। ৭৬।

অধুনা সাক্ষীদিগকে কেবল "প্রতিজ্ঞা" পাঠ করাইয়া জবান-বন্দী লওয়া হইয়া থাকে। সত্য বলিবার নিমিত্ত প্রাড়্‌বিবাক সাক্ষীকে কোন উপদেশ দেন না। প্রাচীনকালে প্রাড়্‌বিবাক জবানবন্দী গ্রহণের পূর্ব্বে সাক্ষীকে সত্যকথা বলিবার নিমিত্ত উপদেশ দিতেন, তাহাতে মিথ্যাস্রোত যে বহুল পরিমাণে নিরুদ্ধ থাকিত, তাহা উপদেশ-প্রণালী দেখিলেই উপলব্ধি হয়। সেই উপদেশ ও জিজ্ঞাসা প্রণালী এই;—

২১। সভামধ্যে অর্থী ও প্রত্যর্থীর সম্মুখে সাক্ষীদিগকে উপস্থিত করাইয়া প্রাড়্‌বিবাক প্রিয়বচনে তাহাদিগকে এই কহিবেন,—তোমরা

১৯। সাক্ষী দৃষ্টশ্রুতাদন্যদ্বিব্রুবন্নার্য্য সংসদি।
অবাঙ্‌নরকমভ্যেতি প্রেত্য সর্গাচ্চ হীয়তে॥ মনু, ৮ অ। ৭৫।

২০। যত্রানিবদ্ধোঽপীক্ষেত শৃণুয়াদ্বাপি কিঞ্চন।
পৃষ্টস্তত্রাপি তদ্‌ব্রূয়াদ্‌ যথাদৃষ্টং যথাশ্রুতম্॥ মনু, ৮ অ। ৭৬।

২১। সভান্তঃ সাক্ষিণঃ প্রাপ্তানর্থিপ্রত্যর্থিসন্নিধৌ।
প্রাড়্‌বিবাকোঽনুযুঞ্জীত বিধিনানেন সান্ত্বয়ন্॥

বাদী ও প্রতিবাদীর উপস্থিত বিষয়ে যাহা জান, তাহা সত্য করিয়া বল, যেহেতু তোমাদিগকে এ বিষয়ে সাক্ষী মানা গিয়াছে। সাক্ষ্যস্থলে সত্য-বাক্য কহিয়া সাক্ষী পরকালে উৎকৃষ্টতর লোক সকল লাভ করে এবং ইহকালে অনুত্তমা কীর্ত্তি প্রাপ্ত হয়। ব্রহ্মাও সত্য বাক্যের পূজা করেন। সাক্ষ্যস্থলে মিথ্যা কহিলে, বরুণপাশে বদ্ধ হইয়া অবশভাবে শতজন্ম যাতনা প্রাপ্ত হইতে হয়, অতএব সত্য সাক্ষ্য দিবে। সত্যকথনে সাক্ষী পাপ হইতে মুক্ত হয়, সত্যদ্বারা ধর্ম্ম বৃদ্ধি প্রাপ্ত হয়, অতএব সকল সাক্ষীরই সত্য কহা উচিত। দেহস্থিত আত্মাই আপনার শুভাশুভ কর্ম্মের সাক্ষী—তিনিই মনুষ্যের শরণ, অতএব মিথ্যাসাক্ষ্য দ্বারা এমত উত্তম সাক্ষীকে অবজ্ঞা করিও না। পাপকারীরা মনে করে যে, আমাদিগের পাপ কেহ দেখিতে পাইতেছে না, কিন্তু তাহা নহে; দেবতারা তাহাদিগের পাপ

যদ্দ্বয়োরনয়োর্ব্বেত্থ কার্য্যেঽস্মিংশ্চেষ্টিতং মিথঃ।
তদ্ব্রূত সর্ব্বং সত্যেন যুষ্মাকং হ্যত্র সাক্ষিতা॥
সত্যং সাক্ষ্যে ব্রুবন্ সাক্ষী লোকানাপ্নোতি পুষ্কলান্।
ইহ চানুত্তমাং কীর্ত্তিং বাগেষা ব্রহ্মপূজিতা॥
সাক্ষ্যেঽনৃতং বদন্ পাশৈর্ব্বধ্যতে বারুণৈর্ভৃশম্।
বিবশঃ শতমাজাতীস্তস্মাৎ সাক্ষ্যং বদেদৃতম্॥
সত্যেন পূয়তে সাক্ষী ধর্ম্মঃ সত্যেন বর্দ্ধতে।
তস্মাৎ সত্যং হি বক্তব্যং সর্ব্ববর্ণেষু সাক্ষিভিঃ॥
আত্মৈব হ্যাত্মনঃ সাক্ষী গতিরাত্মা তথাত্মনঃ।
মাবমংস্থাঃ স্বমাত্মানং নৃণাং সাক্ষিণমুত্তমম্॥
মন্যন্তে বৈ পাপকৃতো ন কশ্চিৎ পশ্যতীতি নঃ।
তাংস্তু দেবাঃ প্রপশ্যন্তি স্বস্যৈবান্তরপুরুষঃ॥
দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং চন্দ্রার্কাগ্নিযমানিলাঃ।
রাত্রিঃ সন্ধ্যে চ ধর্ম্মশ্চ বৃত্তজ্ঞাঃ সর্ব্বদেহিনাম্॥ মনু, ৮ অ। ৭৯—৮৬।

বিশেষরূপে দেখিতে পান, এবং তাহাদের দেহস্থিত অন্তরপুরুষও তাহা জানিতে পারেন। আকাশ, ভূমি, জল, হৃদয়, চন্দ্র, সূর্য্য, অগ্নি, যম, বায়ু, রাত্রি, সন্ধ্যাদ্বয় ও ধর্ম্ম দেহাবৃত আত্মার অবস্থা বিশেষরূপে জানিয়া থাকেন। মনু, ৮ অ। ৭৯—৮৬।

২২। প্রাড়্বিবাক শুচি হইয়া পূর্ব্বাহ্নকালে দেবতাপ্রতিমা সন্নিধানে অথবা ব্রাহ্মণসমীপে শুচি-দ্বিজগণকে সাক্ষ্য প্রশ্ন জিজ্ঞাসা করিবেন। সেই সাক্ষীরা সে সময়ে উত্তর বা পূর্ব্ব দিকে মুখ করিয়া থাকিবে। মনু, ৮ অ। ৮৭।

২৩। ব্রাহ্মণকে "বল" ক্ষত্রিয়কে "সত্য করিয়া বল" বৈশ্যকে "গো, বীজ ও সুবর্ণ দ্বারা শপথ করিয়া বল" ও শূদ্রকে "সমুদায় পাতকের দ্বারা শপথ করিয়া বল"——বর্ণ বিশেষে প্রাড়্বিবাক সাক্ষীদিগকে এইরূপ জিজ্ঞাসা করিবেন;——ব্রাহ্মণহন্তা, স্ত্রী-হন্তা, বালক-হন্তা, মিত্র-দ্রোহী ও কৃতঘ্নের যে যে লোকপ্রাপ্তি শাস্ত্রে অভিহিত হইয়াছে, সাক্ষ্যস্থলে মিথ্যা বলিলে ঐ ঐ লোক প্রাপ্তি হয়। হে ভদ্র! জন্মাবধি তুমি যে কিছু পুণ্য অর্জ্জন করিয়াছ সে সমুদায় পুণ্য কুকুরে গমন করিবে, যদি তুমি সাক্ষ্যস্থলে মিথ্যা বল। হে কল্যাণ! তুমি মনে করিতেছ যে, তুমি একাকী আছ, কিন্তু তাহা নহে—পাপ-পুণ্যের দ্রষ্টা সর্ব্বজ্ঞমুনি এই

২২। দেবব্রাহ্মণসান্নিধ্যে সাক্ষ্যং পৃচ্ছেদৃতং দ্বিজান্।
উদঙ্মুখান্ প্রাঙ্মুখান্ বা পূর্ব্বাহ্নে বৈ শুচিঃ শুচীন্॥ মনু, ৮ অ। ৮৭।

২৩। ব্রূহীতি ব্রাহ্মণং পৃচ্ছেৎ সত্যং ব্রূহীতি পার্থিবম্।
গোবীজকাঞ্চনৈর্বৈশ্যং শূদ্রং সর্ব্বৈস্তু পাতকৈঃ॥
ব্রহ্মঘ্নে যে স্মৃতা লোকা যে চ স্ত্রীবালঘাতিনঃ।
মিত্রদ্রুহঃ কৃতঘ্নস্য তে তে স্যুর্ব্রুবতো মৃষা॥

পরমাত্মা নিত্য তোমার হৃদয়ে অবস্থান করিতেছেন, এই বৈবস্বত যম—দেবপরমাত্মা, যিনি তোমার হৃদয়ে অবস্থান করিতেছেন, তুমি সত্য কহিলে তাঁহার সহিত তোমার কোন বিবাদ থাকিবে না এবং তাঁহার সহিত নির্ব্বিবাদে অবস্থান করিলে, গঙ্গা বা কুরুক্ষেত্র গমনে প্রয়োজন নাই। যে মিথ্যা সাক্ষ্য দেয়, তাহাকে নগ্ন, মুণ্ডিতশিরা, ক্ষুৎপিপাসার্ত্ত ও অন্ধ হইয়া, ভিক্ষাকপাল হস্তে লইয়া, শত্রু-দ্বারে ভিক্ষা করিতে হয়। যে ধর্ম্মনিশ্চয়স্থলে জিজ্ঞাসিত হইয়া মিথ্যা কথা বলে, সেই পাপী অধোমুখ হইয়া মহান্ধকার নরকে গমন করে। যে ব্যক্তি সভায় আহূত হইয়া অপ্রত্যক্ষ এবং বিকৃতার্থ বিষয়ের সাক্ষ্য দেয়,সে জানে না যে, অন্ধের সকণ্টক মৎস্য-ভোজনের ন্যায় তাহার কার্য্য হইতেছে। দেবতারা ইহলোকে তাঁহা হইতে আর কাহাকেও শ্রেষ্ঠ বলিয়া জানেন না, যাঁহার বাক্য বলিবার সময় বিদ্বান্-ক্ষেত্রজ্ঞ-পুরুষ কিছুমাত্র সঙ্কুচিত হন না। যে যে বিষয়ে মিথ্যা সাক্ষ্য দিয়া যত বান্ধবকে নষ্ট করা হয় সংখ্যা

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ পুণ্যং ভদ্র ত্বয়া কৃতম্।
তৎ তে সর্ব্বং শুনো গচ্ছেদ্‌যদি ব্রূয়াত্ত্বমন্যথা॥
একোঽহমস্মীত্যাত্মানং যৎ ত্বং কল্যাণ মন্যসে।
নিত্যং স্থিতস্তেহৃদ্যেষ পুণ্যপাপেক্ষিতা মুনিঃ॥
যমো বৈবস্বতো দেবো যস্তবৈষ হৃদি স্থিতঃ।
তেন চেদবিবাদস্তে মা গঙ্গাং মা কুরূন্ গমঃ॥
নগ্নোমুণ্ডঃ কপালেন ভিক্ষার্থী ক্ষুৎপিপাসিতঃ।
অন্ধঃ শত্রুকুলং গচ্ছেদ্ যঃ সাক্ষ্যমনৃতং বদেৎ॥
অবাক্‌শিরাস্তমস্যন্ধে কিল্বিষী নরকং ব্রজেৎ।
যঃ প্রশ্নং বিতথং ব্রূয়াৎ পৃষ্টঃ সন্ ধর্ম্মনিশ্চয়ে॥
অন্ধো মৎস্যানিবাশ্নাতি স নরঃ কণ্টকৈঃ সহ।

করিয়া তাবৎসংখ্যক পুরুষ বলিতেছি; হে সৌম্য! শ্রবণ কর;—যে ব্যক্তি পশুবিষয়ে মিথ্যা সাক্ষ্য দেয়, সে পিত্রাদি পাঁচ পুরুষকে নরকগামী করে, অথবা পঞ্চবান্ধবের হত্যায় যে পাপ জন্মে, উক্ত পাপে পাপী হয়। এইরূপ গো-বিষয়ে মিথ্যাবাদী, দশ পুরুষকে, অশ্ববিষয়ে মিথ্যাসাক্ষ্যবাদী এক শত পুরুষকে এবং পুরুষ-বিষয়ে মিথ্যাবাদী সহস্র পুরুষকে নারকী অথবা তত পুরুষহত্যার পাপে পাপী হয়। হিরণ্যবিষয়ে মিথ্যাসাক্ষী জাত, অজাত পুরুষকে নষ্ট করে এবং ভূমি বিষয়ে মিথ্যাসাক্ষী সকল-প্রাণী হিংসা-দোষে পাপী হয়, অতএব ভূমি বিষয়ে মিথ্যাকথা কহিও না। পুষ্করিণ্যাদি জল-বিষয়ে, স্ত্রীমৈথুনোপভোগে, মুক্তা, পাষাণাদি বিষয়ে এবং বৈদূর্য্যাদি মণি-বিষয়ে; ভূমিসম্বন্ধে, মিথ্যাবাদীর যে পাপ, সেই পাপ হইয়া থাকে। মিথ্যাকথনে এই সকল দোষ দেখিয়া তুমি কখন মিথ্যা

যো ভাষতেঽর্থবৈকল্যমপ্রত্যক্ষং সভাং গতঃ॥
যস্য বিদ্বান্ হি বদতঃ ক্ষেত্রজ্ঞো নাভিশঙ্কতে।
তস্মান্ন দেবাঃ শ্রেয়াংসং লোকেঽন্যং পুরুষং বিদুঃ॥
যাবতো বান্ধবান্ যস্মিন্ হন্তিসাক্ষ্যেঽনৃতং বদন্।
তাবতঃ সঙ্খ্যয়া তস্মিন্ শৃণু সৌম্যানুপূর্ব্বশঃ॥
পঞ্চ পশ্বনৃতে হন্তি দশ হন্তি গবানৃতে।
শতমশ্বানৃতে হন্তি সহস্রং পুরুষানৃতে॥
হন্তিজাতানজাতাংশ্চ হিরণ্যার্থেঽনৃতং বদন্।
সর্ব্বং ভূম্যনৃতে হন্তি মাস্ম ভূম্যনৃতং বদীঃ॥
অপ্সু ভূমিবদিত্যাহুঃ স্ত্রীণাং ভোগে চ মৈথুনে।
অব্জেষু চৈব রত্নেষু সর্ব্বেষশ্মময়েষু চ।
এতান্ দোষানবেক্ষ্য ত্বং সর্ব্বাননৃতভাষণে।
যথাশ্রুতং যথাদৃষ্টং সর্ব্বমেবাঞ্জসা বদ॥ মনু, ৮ অ। ৮৮—১০১।

কহিও না; যাহা দেখিয়াছ ও যাহা শুনিয়াছ তত্ত্বতঃ বল। মনু, ৮ অ। ৮৮—১০১।

২৪। রাজা গোরক্ষক, বাণিজ্যজীবী, পাচক, নর্ত্তকাদি, দাসকর্ম্মজীবী এবং বৃদ্ধিজীবী ব্রাহ্মণকে শূদ্রের ন্যায় সাক্ষ্য প্রশ্ন করিবেন। মনু,৮অ।১০২।

২৫। হে সাক্ষিন্! সত্য কথা বল, তোমার পিতৃগণ লম্বমান রহিয়াছেন; তোমার বাক্য নির্গত হইলে, হয় ঊর্দ্ধে উঠিবেন, না হয়, অধঃপতিত হইবেন। যে সাক্ষী মিথ্যা কথা বলে, সে নগ্ন, মুণ্ডিত-মুণ্ড, অন্ধ ও ক্ষুধাতৃষ্ণা-কাতর হইয়া, কপাল লইয়া শত্রুর বাটীতে ভিক্ষার জন্য গমন করে। ক্ষুদ্রপশুর জন্য মিথ্যা বলিলে, পাঁচপুরুষ নরকগামী হয়; গরুর জন্য মিথ্যা বলিলে, দশপুরুষ নরকগামী হয়; অশ্বের জন্য মিথ্যাকথা বলিলে, একশত পুরুষ নরকগামী হয় এবং পুরুষের জন্য মিথ্যা বলিলে, সহস্রপুরুষ নরকগামী হয়। বসিষ্ঠ ১৬ অ।

২৬। বাদী-প্রতিবাদীর সমক্ষে সাক্ষীদিগকে এই সকল কথা শুনাইবে;—"যে সকল স্থান উপপাতকী, মহাপাতকীদিগের গন্তব্য ও

২৪। গোরক্ষকান্ বাণিজিকাংস্তথা কারুকুশীলবান্।
প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥ মনু, ৮ অ। ১০২।

২৫। ব্রূহি সাক্ষিন্ যথাতত্ত্বং লম্বতে পিতরস্তব।
তববাক্যমুদীর্য্যান্তমুৎপতন্তি পতন্তি চ॥
নগ্নোমুণ্ডঃ কপালী চ ভিক্ষার্থং ক্ষুৎপিপাসিতঃ।
অন্ধঃ শত্রুকুলে গচ্ছেদ্‌যস্তু সাক্ষ্যানৃতং বদেৎ॥
পঞ্চ কন্যানৃতে হন্তি দশ হন্তি গবানৃতে।
শতমশ্বানৃতে হন্তি সহস্রং পুরুষানৃতে॥ বসিষ্ঠ, ১৬ অ।

২৬। সাক্ষিণঃ শ্রাবয়েদ্বাদিপ্রতিবাদিসমীপগান্।
যে চ পাপকৃতাং লোকা মহাপাতকিনাং তথা॥

যে সকল স্থান অগ্নিপ্রদ, স্ত্রীঘাতী, শিশুঘাতীদিগের গন্তব্য; সে ব্যক্তি সেই সকল স্থানে গমন করে, যে সাক্ষী হইয়া মিথ্যাবাক্য প্রয়োগ করে। শত জন্মান্তরে যাহা কিছু পুণ্য সঞ্চয় করিয়াছ, তৎসমস্ত তাহার সঞ্চিত জানিবে, যাহাকে মিথ্যাদ্বারা পরাজয় করিতে চেষ্টা পাইতেছ।" যাজ্ঞ, ২ অ। ৭৫—৭৭।

কোন্ পক্ষের সাক্ষী প্রথমে আরম্ভ হইবে;—

২৭। বাদী ও বিবাদী দুই পক্ষের মধ্যে যাহার পূর্ব্ববাদ অর্থাৎ যে বাদী, তাহার সাক্ষীগণকে প্রথমে জিজ্ঞাসা করিবে। আর কার্য্যবশতঃ যেখানে পূর্ব্বপক্ষের হীনতা হয়, সেখানে প্রতিবাদীর সাক্ষিগণকে প্রথমে জিজ্ঞাসা করিবে। বিষ্ণু, ৮ অ। ১০—১১। যাজ্ঞ, ২ অ। ১৭।

উদাহরণ।—"এ সম্পত্তি আমার" বাদী এই কথা বলিতেছেন; কিন্তু "বেশ! এ সম্পত্তি আমার" "এতকাল পূর্ব্বে আমাকে অমুক দান করিয়াছে, আমি এতদিন ভোগ করিতেছি," বিবাদী এই কথা বলিতেছেন; এমতস্থলে উভয়পক্ষের সাক্ষী উপস্থিত থাকিলেও বিবাদীর সাক্ষীকেই প্রথমে জিজ্ঞাসা করিবে। বাদী যদি বলেন, পূর্ব্বে এ সম্পত্তি বিবাদীর

অগ্নিদানাঞ্চ যে লোকা যে চ স্ত্রীবালঘাতিনাম্।
স তান্ সর্ব্বান্ সমাপ্নোতি যঃ সাক্ষ্যমনৃতং বদেৎ॥
সুকৃতং যত্ত্বয়া কিঞ্চিজ্জন্মান্তরশতৈঃ কৃতম্।
তৎ সর্ব্বং তস্য জানীহি যং পরাজয়সে মৃষা॥ যাজ্ঞ, ২ অ। ৭৫—৭৭।

২৭। (ক) দ্বয়োর্ব্বিবদমানয়োর্যস্য পূর্ব্ববাদস্তস্যসাক্ষিণঃ প্রষ্টব্যাঃ।
আধর্য্যং কার্য্যবশাদ্‌যত্র পূর্ব্বপক্ষস্য ভবেৎ তত্র প্রতিবাদিনোঽপি।
বিষ্ণু ৮ অ। ১০—১১।

(খ) সাক্ষিষূভয়তঃ সৎসু সাক্ষিণঃ পূর্ব্ববাদিনঃ।
পূর্ব্বপক্ষেঽধরীভূতে ভবন্ত্যুত্তরবাদিনঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৭।

ছিল, এক্ষণে এই কারণে আমার হইয়াছে” তাহা হইলে বাদীর সাক্ষিগণকেই প্রথমে জিজ্ঞাসা করিবে।

দলিল ও মুখের কথা এখন যেমন দ্বিবিধ প্রমাণ, প্রাচীন কালেও তাহাই ছিল; কিন্তু ভোগকেও প্রমাণ ধরায়, প্রমাণ প্রধানতঃ তিন ভাগে বিভক্ত ছিল। উহার একটীও না থাকিলে, দিব্য দ্বারা সত্য নির্ণয় হইত,—

২৮। লিখিত দলিল, ভোগ এবং সাক্ষী প্রমাণ বলিয়া কীর্ত্তিত হইয়াছে; ইহার একটীও না থাকিলে, পশ্চাদুক্ত দিব্য সকলের মধ্যে যে কোন একটী দিব্য প্রমাণ বলিয়া উক্ত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ২২।

প্রাচীনকালে লেখ্য অর্থাৎ লিখিত দলিল তিন প্রকার ছিল;—

২৯। লেখ্য ত্রিবিধ,—রাজসাক্ষিক, সসাক্ষিক এবং অসাক্ষিক। বিষ্ণু, ৭ অ। ১—২।

(ক) রাজ-বিচারালয়ে রাজনিযুক্ত কায়স্থ (অর্থাৎ মুহুরী) লিখিত বিচারালয়াধ্যক্ষের হস্ত (অর্থাৎ পাঞ্জা) ইত্যাদি দ্বারা চিহ্নিত লেখ্য, রাজসাক্ষিক। (আধুনিক রেজিষ্টারি দলিল)। বিষ্ণু, ৭ অ। ৩।

(খ) যে কোন স্থানে, যে কোন ব্যক্তির লিখিত সাক্ষিগণের হস্তচিহ্নিত লেখ্য সসাক্ষিক। বিষ্ণু, ৭ অ। ৪।

২৮। প্রমাণং লিখিতং ভুক্তিঃ সাক্ষিণশ্চেতি কীর্ত্তিতম্।
এষামন্যতমাভাবে দিব্যান্যতমমুচ্যতে॥ যাজ্ঞ, ২ অ। ২২।

২৯। লেখ্যং ত্রিবিধং। রাজসাক্ষিকং সসাক্ষিকমসাক্ষিকঞ্চ॥ বিষ্ণু, ৭ অ। ১—২।

(ক) রাজাধিকরণে তন্নিযুক্ত কায়স্থকৃতং তদধ্যক্ষকরচিহ্নিতং রাজসাক্ষিকম্। বিষ্ণু, ৭ অ। ৩।

(খ) যত্র ক্বচন যেন কেনচিল্লিখিতং সাক্ষিভিঃ স্বহস্তচিহ্নিতং সসাক্ষিকম্॥ বিষ্ণু, ৭ অ। ৪।

(গ) আর স্বহস্তলিখিত লেখ্য অসাক্ষিক। (আধুনিক যেমন হ্যাণ্ডনোট, দস্তাবেজখাতা)। বিষ্ণু ৭ অ। ৫।

এখন যেরূপ "সাধারণ (অর্থাৎ সরকারী) দলিল" ও "সামান্য লোকের দলিল" এই দুই প্রকার দলিল আছে, প্রাচীনকালে উপরি উক্ত তিন প্রকার দলিল সামান্য লোকের দলিলরূপে ব্যবহৃত হইত; তদ্ব্যতীত রাজদত্ত অথবা রাজকার্য্যাঙ্গীভূত দৃঢ়শাসন (অর্থাৎ পাকাদলিল) সাধারণ অর্থাৎ সরকারী দলিলরূপে ব্যবহৃত হইত।

৩০। রাজা ভূমিদান বা নিবন্ধ (অর্থাৎ কোন বিষয়ে চিরস্থায়ী বন্দোবস্ত করিলে, ভাবী সাধু রাজার পরিজ্ঞানার্থ লেখ্য করাইবেন। রাজা কার্পাসাদি পটে বা তাম্রফলকে, নিজবংশ্য পিত্রাদি পুরুষত্রয়ের, আপনার ও প্রতিগৃহীতার নাম, প্রতিগ্রহের (অর্থাৎ নিবন্ধের) পরিমাণ এবং গ্রামক্ষেত্রাদি প্রদত্ত-ভূমির চতুঃসীমা ও পরিমাণ নির্দ্দেশ এই সকল বিষয় লিখিবেন, উক্ত পত্রে আপন হস্তাক্ষর (দস্তখৎ) থাকিবে; কালের (অর্থাৎ সন, মাস, তারিখ) উল্লেখ থাকিবে এবং উহা নিজ মুদ্রায় চিহ্নিত করিয়া দৃঢ়শাসন (পাকাদলিল) করিয়া দিবেন। যাজ্ঞ, ১ অ। ৩১৮—৩২০।

(গ) স্বহস্তলিখিতমসাক্ষিকম্॥ বিষ্ণু, ৭ অ। ৫।

৩০। দদ্যাদ্ভূমিং নিবন্ধং বা কৃত্বা লেখ্যঞ্চ কারয়েৎ।
আগামিভদ্রনৃপতিপরিজ্ঞানায় পার্থিবঃ॥
পটে বা তাম্রপট্টে বা স্বমুদ্রোপরিচিহ্নিতম্।
অভিলেখ্যাত্মনো বংশ্যানাত্মানঞ্চ মহীপতিঃ॥
প্রতিগ্রহপরীমাণং দানাচ্ছেদোপবর্ণনম্।
স্বহস্তকালসম্পন্নং শাসনং কারয়েৎ স্থিরম্॥ যাজ্ঞ, ১ অ। ৩১৮—৩২০।

বলাদিপূর্ব্বক কৃত অসাক্ষিক লেখ্য অপ্রমাণ গণ্য হইবে ;—

৩১। অসাক্ষিক লেখ্য বলপূর্ব্বক, লোভ-প্রদর্শন ও ক্রোধাদি প্রকাশ দ্বারা সাধিত হইলে, অপ্রমাণ গণ্য হইবে। (ঐরূপে সাধিত কি না তাহা অধমর্ণাদিকে প্রমাণ করিতে হইবে।) বিষ্ণু, ৭ অ। ৬। যাজ্ঞ, ২ অ। ৯১।

ছলপূর্ব্বক কৃত সর্ব্বপ্রকার লেখ্যই অপ্রমাণ গণ্য হইবে ;—

৩২। ছলপূর্ব্বক কৃত সকল লেখ্যই অপ্রমাণ। বিষ্ণু, ৭ অ। ৭।

লেখ্য সসাক্ষিক হইলেও স্থলবিশেষে অপ্রমাণ গণ্য হইবে ;—

৩৩। দূষিত-কর্ম্ম-দুষ্ট (অর্থাৎ যে ব্যক্তি দুষ্কার্য্য করায় দোষী বলিয়া পরিচিত—কূটসাক্ষী প্রভৃতি); অথবা দূষিত এবং কর্ম্ম-দুষ্ট, (অতিবৃদ্ধাদি দূষিতের মধ্যে ও কূটসাক্ষী প্রভৃতি, কর্ম্ম-দুষ্টের মধ্যে গণ্য) সাক্ষিগণের অঙ্কিত (অর্থাৎ হস্তচিহ্নিত লেখ্য) সসাক্ষিক হইলেও অপ্রমাণ এবং তাদৃশ ব্যক্তির লিখিতও অপ্রমাণ। বিষ্ণু, ৭ অ। ৮—৯।

স্ত্রীলোক-বালকাদির কৃত দলিল অপ্রমাণ গণ্য হইবে ;—

৩৪। স্ত্রীলোক, বালক, পরাধীন, মত্ত, উন্মত্ত, ভীত এবং তাড়িত ব্যক্তির কৃত অর্থাৎ এই প্রকার লোক যে দলিলের গৃহীতা ও দাতার মধ্যে অন্যতর, তাহা অপ্রমাণ। বিষ্ণু, ৭ অ। ১০।

৩১। (ক) তদ্বলাৎকারিতমপ্রমাণম্ ॥ বিষ্ণু, ৭ অ। ৬।

(খ) বিনাপিসাক্ষিভির্লেখ্যং স্বহস্তলিখিতন্তু যৎ।

তৎ প্রমাণং স্মৃতং লেখ্যং বলোপধিকৃতাদৃতে ॥ যাজ্ঞ, ২ অ। ৯১।

৩২। উপধিকৃতাশ্চ সর্ব্ব এব ॥ বিষ্ণু, ৭ অ। ৭।

৩৩। দূষিতকর্ম্মদুষ্টসাক্ষ্যঙ্কিতং তৎ সসাক্ষিকমপি ॥ তাদৃগ্বিধেন লিখিতঞ্চ ॥

বিষ্ণু ৭ অ। ৮—৯।

৩৪। স্ত্রীবালাস্বতন্ত্রমত্তোন্মত্তভীততাড়িতকৃতঞ্চ ॥ বিষ্ণু, ৭ অ। ১০।

এখন যেমন আইনবিরুদ্ধ দলিল প্রমাণে অগ্রাহ্য হয়, পূর্ব্বেও তাহাই ছিল ;—

৩৫। "ইহা আমি করিব" এই বাক্য যদি লেখ্যাদি দ্বারা স্থির করে, কিন্তু যদি উহা শাস্ত্রবিরুদ্ধ বা ব্যবহার বিরুদ্ধ হয়, তবে উহা সত্য হইবে না। মনু, ৮ অ। ১৬৪।

কি প্রকার লেখ্য প্রমাণরূপে গণ্য হইবে ;—

৩৬। দেশাচারের অবিরুদ্ধ, সুস্পষ্ট হস্ত-চিহ্নে চিহ্নিত, অলুপ্তক্রম-বর্ণ-মালাযুক্ত সুযোগ্য ব্যক্তির লেখ্যই প্রমাণ। বিষ্ণু, ৭ অ। ১১।

সন্দিগ্ধ দলিল হস্তাক্ষর চিহ্নাদি মিলাইয়া সপ্রমাণ করিতে হইবে ;—

৩৭। তৎকৃতবর্ণ (অর্থাৎ যাহার লিখিত দলিল বলা হইতেছে, তাহার লিখিত অক্ষর), তৎকৃত চিহ্ন (অর্থাৎ শ্রী প্রভৃতি), তৎকৃত পত্রান্তর (তাহার লিখিত অন্য দলিল দেখিয়া, ইহাঁদিগের পরস্পরের এরূপ ব্যবহার এতাদৃশ সময়ে সম্ভবপর বটে ইত্যাদি) যুক্তি এবং লেখ্যস্থিত লিখন পরিপাটীর তুল্য লিখন পরিপাটী এতৎ সমস্ত দ্বারা সন্দিগ্ধলেখ্য সপ্রমাণ করিবে। লেখক—কি অধমর্ণাদি—কি সাক্ষী যদি বলে এ লেখা আমার নহে, তাহা

৩৫। সত্যা ন ভাষা ভবতি যদ্যপি স্যাৎ প্রতিষ্ঠিতা।
বহিশ্চেদ্ভাষ্যতে ধর্ম্মান্নিয়তাদ্ব্যবহারিকাৎ॥ মনু, ৮ অ। ১৬৪।

৩৬। দেশাচারাবিরুদ্ধং ব্যক্তাধিকৃতলক্ষণমলুপ্তক্রমাক্ষরং প্রমাণম্॥ বিষ্ণু, ৭ অ। ১১।

৩৭। (ক) বর্ণৈশ্চ তৎকৃতৈশ্চিহ্নৈঃ পত্রৈরেব চ যুক্তিভিঃ।
সন্দিগ্ধং সাধয়েল্লেখ্যং তদ্‌যুক্তিপ্রতিরূপিতৈঃ॥ বিষ্ণু, ৭ অ। ১২।

(খ) সন্দিগ্ধলেখ্যশুদ্ধিঃ স্যাৎ স্বহস্তলিখিতাদিভিঃ।
যুক্তিপ্রাপ্তিক্রিয়াচিহ্ন সম্বন্ধাগম হেতুভিঃ। যাজ্ঞ, ২ অ। ৯৪।

হইলেও তাহাদিগের অক্ষরাদি দ্বারা লেখ্য সপ্রমাণ করিবে। বিষ্ণু, ৭ অ, ১২। যাজ্ঞ, ২ অ। ৯৪।

লেখক মরিলে কিরূপে লেখ্য প্রমাণ করিতে হইবে ;—

৩৮। যেখানে ঋণী, ধনী, সাক্ষী কিংবা লেখক মৃত হয়, সেখানে সেই লেখ্য তাহাদের স্বহস্ত চিহ্ন দ্বারা সপ্রমাণ করিবে। বিষ্ণু, ৭ অ। ১৩।

লেখ্য প্রস্তুত প্রণালী এইরূপ ছিল ;—

৩৯। উত্তমর্ণ ও অধমর্ণ পরস্পর সম্মতিক্রমে বৃদ্ধি-সময়াদি বিষয়ের যে ব্যবস্থা করিবেন, ভবিষ্যতে বিস্মৃত্যাদি-নিবন্ধন তাহার বৈপরীত্য না ঘটে, এই জন্য সেই সকল বিচার-ঘটিত সাক্ষিযুক্ত লেখ্যপত্র এইরূপে প্রস্তুত করিবে। যথা ;—

(ক) তাহাতে প্রথমেই ধনীর নাম লিখিত হইবে।

(খ) ঐ লেখ্য—বর্ষ, মাস, পক্ষ, দিন, নাম, জাতি, গোত্র, সব্রহ্ম-চারিক (অর্থাৎ মাধ্যন্দিন প্রভৃতি শাখাধ্যয়ন প্রযুক্ত সংজ্ঞা বিশেষ, যথা অমুক মাধ্যন্দিন ইত্যাদি) ও নিজ পিতৃনামাদি দ্বারা চিহ্নিত হওয়া আবশ্যক।

(গ) অনন্তর তাহাতে ব্যবস্থিত বিষয় লিখিত হইবে।

(ঘ) অধমর্ণ "আমি অমুকের পুত্র অমুক, ইহার উপরে যাহা লিখিত হইল, তাহা আমার সম্মত" এই কয়েকটী কথা স্বহস্তে সন্নিবেশিত করিবে।

৩৮। যত্রর্ণী ধনিকো বাপি সাক্ষী বা লেখকোঽপি বা।
ম্রিয়তে তত্র তল্লেখ্যং তৎ স্বহস্তৈঃ প্রসাধয়েৎ॥ বিষ্ণু, ৭ অ। ১৩।

৩৯। যঃ কশ্চিদর্থো নিষ্ণাতঃ স্বরুচ্যা তু পরস্পরম্।
লেখ্যন্তু সাক্ষিমৎ কার্য্যং তস্মিন্ ধনিকপূর্ব্বকম্॥
সমামাসতদর্দ্ধাহর্নামজাতিস্বগোত্রকৈঃ।
সব্রহ্মচারিকাত্মীয়পিতৃনামাদিচিহ্নিতম্॥

(ঙ) তাহাতে সাক্ষিগণ পিতৃনামলেখনপূর্ব্বক ইহা লিখিবে যে, "আমি অমুক এ বিষয়ে সাক্ষী থাকিলাম"। (সাক্ষিগণ গুণে সমান হইবে এবং সমসংখ্যক সাক্ষী হইবে)।

(চ) অনন্তর "আমি অমুকের পুত্র অমুক, ঋণী ও ধনীর প্রার্থনানুসারে ইহা লিখিলাম," সর্ব্বশেষে লেখক ইহা লিখিবে। যাজ্ঞ, ২অ। ৮৬—৯০।

কোন্ কোন্ স্থলে নূতন লেখ্য প্রস্তুত করিতে পারিবে ;—

৪০। লেখ্য দেশান্তরস্থ, কদক্ষরলিখিত, নষ্ট, লুপ্তাক্ষর, অপহৃত, অর্দ্দিত, দগ্ধ কিংবা ছিন্ন হইলে, অন্য লেখ্যপত্র প্রস্তুত করিতে পারিবে। যাজ্ঞ, ২অ। ৯৩।

অধমর্ণ আংশিকঋণ পরিশোধ করিলে লেখ্যব্যবহার কি ?

৪১। (ক) অধমর্ণ যে সময়ে যে ধন অর্পণ করিবে, তাহা ঐ লেখ্যের পৃষ্ঠে লিখিয়া দিবে, অথবা উত্তমর্ণ ঐ লেখ্যের পৃষ্ঠে নিজ হস্তাক্ষরে প্রাপ্তি স্বীকার করিয়া রাখিবে। যাজ্ঞ, ২অ। ৯৫।

সমাপ্তেঽর্থে ঋণীনাম স্বহস্তেন নিবেশয়েৎ।
মতং মেঽমুকপুত্রস্য যদত্রোপরিলেখিতম্ ॥
সাক্ষিণশ্চ স্বহস্তেন পিতৃনামকপূর্ব্বকম্।
অত্রাহমমুকঃ সাক্ষী লিখেয়ুরিতি তে সমাঃ।
উভয়াভ্যর্থিতে নৈতন্ময়া হ্যমুকসূনুনা।
লিখিতং হ্যমুকেনেতি লেখকোঽন্তে ততোলিখেৎ ॥ যাজ্ঞ, ২অ।৮৬—৯০।

৪০। দেশান্তরস্থে দুর্লেখ্যে নষ্টোন্মৃষ্টে হৃতে তথা।
ভিন্নে দগ্ধেঽথবা ছিন্নে লেখ্যমন্যত্তু কারয়েৎ। যাজ্ঞ, ২অ। ৯৩।

৪১। (ক) লেখ্যস্য পৃষ্ঠেঽভিলিখেদ্দত্ত্বাদত্ত্বধনংঋণী।
ধনী চোপগতং দদ্যাৎ স্বহস্তপরিচিহ্নিতম্ ॥ যাজ্ঞ, ২অ। ৯৫।

(খ) অসম্পূর্ণ ঋণ পরিশোধ সময়ে উত্তমর্ণের নিকট লেখ্য (অর্থাৎ খতপত্র প্রভৃতি) না থাকিলে উত্তমর্ণ অধমর্ণকে স্বহস্তলিখিত (রসীদ) প্রদান করিবে। বিষ্ণু, ৬ অ। ২৬।

অধমর্ণ সমস্তঋণ পরিশোধ করিলে লেখ্যব্যবহার কি ?

৪২। সমস্ত ঋণ পরিশোধ হইলে, ঐ লেখ্যপত্র ছিন্ন করিয়া ফেলিবে কিংবা শুদ্ধির নিমিত্ত পরিশোধসূচক, আর একখানি লেখ্যপত্র প্রস্তুত করিবে। যে ঋণ গ্রহণ লোকের সমক্ষে, তাহার পরিশোধ লোক-সমক্ষে করিবে। যাজ্ঞ, ২অ। ৯৬। বিষ্ণু, ৬অ। ২৪—২৫।

ঋণাদি বিবাদ বিষয়ে সাক্ষী যদি সাক্ষ্য না দেয়, তাহা হইলে সাক্ষীর দণ্ড কিরূপ হইবে ;—

৪৩। (ক) অরোগী থাকিয়া সাক্ষী যদি ত্রিপক্ষ মধ্যে ঋণাদি ব্যবহার বিষয়ে সাক্ষ্য প্রদান না করে, তবে উক্ত ঋণ উহাকে দিতে হইবে এবং যত ঋণের দাবি হইবে তাহার দশ ভাগের একভাগ দণ্ডরূপে রাজাকে দিতে হইবে। মনু, ৮অ। ১০৭।

(খ) ঋণ গ্রহণের ব্যবহারে সাক্ষীগণ কোন কথা না বলিলে, রাজ

(খ) অসমগ্রদানে লেখ্যাসন্নিধানে চোত্তমর্ণ স্বলিখিতং দদ্যাৎ ॥ বিষ্ণু, ৬অ।২৬।

৪২। (ক) দত্ত্বর্ণং পাঠয়েল্লেখ্যং শুদ্ধৈ বান্যত্ত্ব কারয়েৎ।
সাক্ষিমচ্চ ভবেদ্‌যদ্বা তদ্দাতব্যং সসাক্ষিকম্ ॥ যাজ্ঞ, ২ অ। ৯৬।

(খ) সসাক্ষিকমাপ্তং সসাক্ষিকমেব দদ্যাৎ ॥
লিখিতার্থে প্রবিষ্টে লিখিতং পাটয়েৎ ॥ বিষ্ণু, ৬ অ। ২৪—২৫।

৪৩। (ক) ত্রিপক্ষাদব্রুবন্ সাক্ষ্যমৃণাদিষু নরোঽগদঃ।
তদৃণং প্রাপ্নুয়াৎ সর্ব্বং দশবন্ধঞ্চ সর্ব্বতঃ॥ মনু, ৮অ। ১০৭।

(খ) অব্রুবন্ হি নরঃ সাক্ষ্যমৃণং স দশবন্ধকম্।
রাজ্ঞা সর্ব্বং প্রদাপ্যঃ স্যাৎ ষট্‌চত্বারিংশকেঽহনি ॥ যাজ্ঞ, ২অ। ৭৮।

ষট্‌চত্বারিংশ দিনে সাক্ষীদিগের নিকট সুদসমেত টাকা আদায় করিয়া দিবেন এবং তাহার সহিত সাধিত ধনের শতকরা শতভাগের এক ভাগ গ্রহণ করিবেন। যাজ্ঞ, ২অ। ৭৮।

৪৪। যে পাপিষ্ঠ নরাধম বিবাদবিষয় অবগত থাকিয়াও সাক্ষ্য দান না করে, তাহার পাপ এবং দণ্ড কূট-সাক্ষীর তুল্য। যাজ্ঞ, ২অ।৭৯।

কূট সাক্ষী কাহাকে বলে ?

৪৫। কতিপয় সাক্ষী একরূপ বলিয়া গেলেও, যদি অন্য পক্ষীয় বা স্বপক্ষীয় অপরাপর অতিশয় গুণবান্ ব্যক্তি কিংবা বহুলোক অন্যরূপ সাক্ষ্য প্রদান করে, তাহা হইলে, পূর্ব্ব সাক্ষিগণ কূটসাক্ষী (মিথ্যাসাক্ষী) হইবে। যাজ্ঞ, ২ অ। ৮২।

সাক্ষীর দুষ্টতা কিরূপে অনুমান হইবে ;—

৪৬।(ক)। একস্থানে স্থির হইয়া থাকিতে পারে না। সৃক্কনী লেহন করে, ললাটে ঘর্ম্ম হইতে থাকে, মুখবিবর্ণ হয়, কণ্ঠস্বর ক্ষীণ এবং রুদ্ধ হইয়া আসে, পুর্ব্বাপর বিরুদ্ধ বহুতর কথা কহে, সুমিষ্ট কথা কহিতে পারে না,

৪৪। ন দদাতি চ যঃ সাক্ষ্যং জানন্নপি নরাধমঃ।
স কূটসাক্ষিণাং পাপৈস্তুল্যো দণ্ডেন চৈব হি॥ যাজ্ঞ, ২অ। ৭৯।

৪৫। উক্তেঽপি সাক্ষিভিঃ সাক্ষ্যে যদন্যে গুণবত্তমাঃ।
দ্বিগুণা বান্যথা ব্রুবুঃ কূটাঃ স্যুঃ পূর্ব্বসাক্ষিণঃ॥ যাজ্ঞ, ২অ। ৮২।

৪৬। (ক) দেশাদ্দেশান্তরং যাতি সৃক্কণী পরিলেঢ়ি চ।
ললাটং স্বিদ্যতে যস্য মুখং বৈবর্ণ্যমেতি চ॥
পরিশুষ্যৎ স্খলদ্বাক্যো বিরুদ্ধং বহু ভাষতে।
বাক্‌চক্ষুঃ পূজয়তি নো তথোষ্ঠৌ নির্ভুজত্যপি॥
স্বভাবাদ্বিকৃতিং গচ্ছন্ মনোবাক্কায় কর্ম্মভিঃ।
অভিযোগে চ সাক্ষ্যে বা দুষ্টঃ স পরিকীর্ত্তিতঃ॥ যাজ্ঞ, ২অ। ১৩—১৫।

প্রীতি-স্নিগ্ধ অবলোকনে অসমর্থ হয়, ওষ্ঠাধর বক্র করে, যে ব্যক্তি স্বভাবতঃ এইরূপ (অর্থাৎ অন্য কোন ভয়াদি ব্যতীত) বিকৃত ভাবপ্রাপ্ত হয়, অভিযোগেই হউক আর সাক্ষ্যেই হউক, সে ব্যক্তি দুষ্ট বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ১৩—১৫।

(খ) স্বভাবতঃ বিকৃতি, মুখের বিবর্ণতা এবং অসম্বদ্ধপ্রলাপদ্বারা কূট-সাক্ষী বুঝিয়া লইবে। বিষ্ণু, ৮ অ। ১৮।

যে সাক্ষ্য দিয়াছে কিরূপ ঘটনায় তাহা মিথ্যা অনুমান হইবে এবং তাহাতে সাক্ষীর প্রতি কিরূপ আচরণ হইবে ;—

৪৭। "ঋণ নাই বলিয়া' সাক্ষ্য দিয়া সপ্তাহ মধ্যে যদি সাক্ষীর উৎকট রোগ, গৃহদাহ বা পুত্রাদি সন্নিহিত জ্ঞাতি মরণ হয়, তবে (ঐ সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়াছে অনুমান হইবে) ঐ সাক্ষীকে ঋণ ও শক্ত্যনুসারে রাজদণ্ড দিতে হইবে। মনু, ৮অ। ১০৮।

বিচারকালে গৃহীত সাক্ষ্য মিথ্যা প্রকাশ পাইলে, বিচারের কৃতকার্য্য অকৃতের ন্যায় গণ্য হইবে ;—

৪৮। যে যে বিবাদে মিথ্যা সাক্ষ্য প্রকাশ পাইবে, রাজা সেই ব্যবহারে বিচার কার্য্য নিবর্ত্তিত করিবেন ও মিথ্যা সাক্ষ্যবলে বিচার সম্বন্ধে যাহা কিছু কৃত হইয়াছে, তাহা অকৃতের ন্যায় গণ্য হইবে। মনু, ৮ অ। ১১৭।

(খ) স্বভাববিকৃতৌ মুখবর্ণবিনাশেঽসম্বদ্ধপ্রলাপে চ কূটসাক্ষিণং বিদ্যাৎ॥
বিষ্ণু, ৮ অ। ১৮।

৪৭। যস্য দৃশ্যেত সপ্তাহাদুক্তবাক্যস্য সাক্ষিণঃ।
রোগোঽগ্নির্জ্ঞাতিমরণমৃণং দাপ্যো দমঞ্চ সঃ॥ মনু, ৮অ। ১০৮।

৪৮। যস্মিন্ যস্মিন্ বিবাদে তু কৌটসাক্ষ্যং কৃতং ভবেৎ।
তত্তৎ কার্য্যং নিবর্ত্তেত কৃতঞ্চাপ্যকৃতং ভবেৎ॥ মনু, ৮অ। ১১৭।

গৃহীত সাক্ষ্য কোন্ কোন্ স্থলে অগ্রাহ্য হইবে ;—

৪৯। লোভ, মোহ, ভয়, স্নেহ, কাম ও ক্রোধ হেতু যে সাক্ষ্য প্রদত্ত হইয়াছে এবং অজ্ঞানে বা অমনোযোগে যে সাক্ষ্য দেওয়া হয়, সেই সাক্ষ্য বিতথ সুতরাং অগ্রাহ্য। মনু, ৮ অ। ১১৮।

সাক্ষিদ্বৈধস্থলে প্রাড়্বিবাক কিরূপে সত্যনির্ণয় করিবেন ;—

৫০। সাক্ষি-দ্বৈধস্থলে রাজা বহু সাক্ষীর প্রমাণ গ্রাহ্য করিবেন; সমান হইলে গুণোৎকৃষ্ট সাক্ষীদিগের বাক্য দ্বারা সত্য নির্ণয় করিবেন; আর গুণীর দ্বৈধস্থলে, যাহারা ক্রিয়াবান্, সদ্ব্রাহ্মণ তাহাদের সাক্ষ্যে সত্যনির্ণয় করিবেন। মনু, ৮ অ। ৭৩। যাজ্ঞ, ২ অ। ৮০।

আগম এবং ভোগ এই উভয়ের প্রমাণের ন্যূনাধিক্য কোথায় ?

৫১। আগম অর্থাৎ ক্রয়-প্রতিগ্রহাদি, ভোগ হইতে বলবৎ প্রমাণ কিন্তু পিত্রাদি পুরুষত্রয় ক্রমাগত ভোগ হইতে বলবৎ প্রমাণ নহে; কারণ এই ভোগ, প্রমাণিত আগম অপেক্ষা বলবৎ প্রমাণ; (সুতরাং বুঝা গেল,

---

৪৯। লোভান্মোহাদ্ভয়াম্মৈত্রাৎ কামাৎ ক্রোধাত্তথৈব চ।
অজ্ঞানাদ্বালভাবাচ্চ সাক্ষ্যং বিতথমুচ্যতে॥ মনু, ৮অ। ১১৮।

৫০। (ক) বহুত্বং পরিগৃহ্নীয়াৎ সাক্ষিদ্বৈধে নরাধিপঃ।
সমেষু তু গুণোৎকৃষ্টান্ গুণিদ্বৈধে দ্বিজোত্তমান্॥ মনু, ৮অ। ৭৩।

(খ) দ্বৈধে বহূনাং বচনং সমেষু গুণিনাস্তথা।
গুণিদ্বৈধে তু বচনং গ্রাহ্যং যে গুণবত্তমাঃ॥ যাজ্ঞ, ২অ। ৮০

৫১। (ক) আগমোঽভ্যধিকো ভোগাদ্বিনা পূর্ব্বক্রমাগতাৎ।
আগমোঽপি বলং নৈব ভুক্তিস্তোকাপি যত্র নো॥
আগমস্তু কৃতো যেন সোঽভিযুক্তস্তমুদ্ধরেৎ।
ন তৎসুতস্তৎসুতো বা ভুক্তিস্তত্র গরিয়সী॥

কোন্ স্থলে শপথদ্বারা সত্য নির্ণয় করিতে হয় ;—

৫২। পরস্পর বিবদমান দুই পক্ষের যদি কোন সাক্ষী না থাকে, তবে প্রাড়্বিবাক উভয় পক্ষের শপথ গ্রহণ করিয়া সত্যনির্ণয় করিবেন। মনু, ৮ অ। ১০৯।

শপথের অকর্ত্তব্যতা ;—

৫৩। জ্ঞানিলোক স্বল্প বিষয়ের জন্য বৃথা শপথ করিবেন না। বৃথা শপথকারীর ইহলোকে অকীর্ত্তি ও পরলোকে নরকপ্রাপ্তি হয়। মনু, ৮ অ। ১১১।

কিরূপ স্থলে শপথে পাতক হয় না ;—

৫৪। "তুমি আমার প্রেয়সী, অন্যকে আমি প্রার্থনা করি নাই" এইরূপে সুরতলাভার্থ কামিনী-বিষয়ে মিথ্যা শপথ করিলে পাতক হয় না ; বিবাহ বিষয়ে, গরুর ভক্ষ্যাভক্ষ্য সম্বন্ধে, হোমকাষ্ঠ সম্বন্ধে এবং ব্রাহ্মণরক্ষার্থে মিথ্যা শপথে কোন পাতক নাই। মনু, ৮ অ। ১১২।

শপথ করাইবার প্রণালী।

৫৫। ব্রাহ্মণকে সত্য দ্বারা শপথ করাইতে হয়, ক্ষত্রিয়কে তাহার হস্ত্যশ্ব বা আয়ুধ দ্বারা, বৈশ্যকে তাহার গো, বীজ বা কাঞ্চন দ্বারা এবং

৫২। অসাক্ষিকেষু ত্বর্থেষু মিথো বিবদমানয়োঃ :
ন বিন্দংস্তত্ত্বতঃ সত্যং শপথেনাপি লম্ভয়েৎ ॥ মনু, ৮অ। ১০৯।

৫৩। ন বৃথা শপথং কুর্য্যাৎ স্বল্পেঽপ্যর্থে নরোবুধঃ।
বৃথা হি শপথং কুর্ব্বন্ প্রেত্য চেহ চ নশ্যতি ॥ মনু, ৮অ। ১১১।

৫৪। কামিনীষু বিবাহেষু গবাং ভক্ষ্যে তথেন্ধনে।
ব্রাহ্মণাভ্যুপপত্তৌ চ শপথে নাস্তি পাতকম্ ॥ মনু, ৮ অ। ১১২।

৫৫। সত্যেন শাপয়েদ্বিপ্রং ক্ষত্রিয়ং বাহনায়ুধৈঃ।
গোবীজকাঞ্চনৈর্বৈশ্যং শূদ্রং সর্ব্বৈস্তু পাতকৈঃ ॥

শূদ্রকে সমুদায় পাতকদ্বারা শপথ করাইতে হয়। অথবা শূদ্রকে অগ্নি-পরীক্ষা, জল-পরীক্ষা কিংবা স্ত্রীপুত্রাদির শিরঃস্পর্শরূপ পরীক্ষা করাইবে। অগ্নি যাহাকে দগ্ধ না করে, জল যাহাকে শীঘ্র ভাসাইয়া না তোলে এবং স্ত্রী-পুত্রাদির মস্তকস্পর্শে উহাদিগের শীঘ্র যদি কোন পীড়া না জন্মে, তবে শপথ সম্বন্ধে সে ব্যক্তি শুচি বলিয়া জানিবে। মনু, ৮ অ। ১১৩—১১৫।

কোন্ কোন্ স্থলে মিথ্যা সাক্ষ্য পাপজনক নহে।

৫৬ (ক) বক্ষ্যমাণ স্থান বিশেষে এক প্রকার জানিয়া ধর্ম্মবুদ্ধিতে অন্য প্রকার কহিলে, তাহার স্বর্গ হানি হয় না, (এইরূপ বাক্যকে দেববাক্য বলে)। যে স্থলে সত্য কথা কহিলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রের প্রাণবধ হইবে, এমত ক্ষেত্রে মিথ্যা কহিতে পারে এবং তখন মিথ্যা কথা "না" সত্য হইতে প্রশস্ত হয়। ঐরূপ স্থলে মিথ্যা কথা জনিত যে পাপ লেশ

অগ্নিং বা হারয়েদেনমপ্সু চেনং নিমজ্জয়েৎ।
পুত্রদারস্য বাপ্যেনং শিরাংসি স্পর্শয়েৎ পৃথক্॥
যমিদ্ধো ন দহত্যগ্নিরাপো নোন্মজ্জয়ন্তি চ।
ন চার্ত্তিমৃচ্ছতি ক্ষিপ্রং স জ্ঞেয়ঃ শপথে শুচিঃ॥ মনু, ৮ অ। ১১৩—১১৫।

৫৬। (ক) তদ্বদন্ ধর্ম্মতোঽর্থেষু জানন্নপ্যন্যথা নরঃ।
ন স্বর্গাচ্চ্যবতে লোকাদ্দৈবীং বাচং বদন্তি তাম্॥
শূদ্রবিট্‌ক্ষত্রবিপ্রাণাং যত্রর্ত্তোক্তৌ ভবেদ্বধঃ।
তত্র বক্তব্যমনৃতং তদ্ধি সত্যাদ্বিশিষ্যতে॥
বাগ্‌দৈবত্যৈশ্চ চরুভির্যজেরংস্তে সরস্বতীম্।
অনৃতস্যৈনসস্তস্য কুর্ব্বাণা নিষ্কৃতিং পরাম্॥
কুষ্মাণ্ডৈর্ব্বাপি জুহুয়াদ্‌ঘৃতমগ্নৌ যথাবিধি।
উদিত্যূচা বা বারুণ্যা ত্র্যৃচেনাব্দৈবতেন বা॥ মনু, ৮অ। ১০৩—১০৬।

মাত্র হয়, তাহা হইতে নিষ্কৃতি পাইবার জন্য চরু পাক করিয়া বাগ্‌দেবতা সরস্বতীর উদ্দেশে যাগ করিবে, অথবা ঐ পাপনাশার্থে যজুর্ব্বেদীয় কুষ্মাণ্ড মন্ত্রদ্বারা বহ্নিস্থাপনপুরঃসর অগ্নিতে হোম করিবে, অথবা "উদুত্তমং" ইত্যাদি বরুণদেবতাকে মন্ত্র কিংবা "আপোহিষ্টা" ইত্যাদি জলদেবতাকে ঋক্‌ত্রয় দ্বারা অগ্নিতে হোম করিবে। মনু, ৮ অ। ১০৩—১০৬।

(খ) যে বিবাদে সত্যকথা কহিলে ব্রহ্মচারীর প্রাণদণ্ড হয়, সেখানে সাক্ষী মিথ্যা বলিতে পারিবে, দ্বিজ সাক্ষিগণ প্রত্যেকে তজ্জনিত পাপলেশ ক্ষয়ার্থ সারস্বত চরু নির্ব্বাপণ করিবে। যাজ্ঞ, ২ অ। ৮৫।

(গ) বিবাহসম্বন্ধ, রতিকার্য্য, প্রাণনাশ-সম্ভাবনা, সর্ব্বস্ব-চৌর্য্য এবং ব্রাহ্মণার্থ, এই পঞ্চবিষয়ে মিথ্যা কথা বলা পাপজনক নহে। বসিষ্ঠ, ১৬ অ।

(ঘ) যেখানে সত্য বলিলে ব্রহ্মচারীর বধ হয়, সেখানে অনৃতদ্বারা পূত হন। এইরূপ স্থলে দ্বিজাতি মিথ্যাজনিত পাপ ক্ষালনার্থ কুষ্মাণ্ডমন্ত্র দ্বারা অগ্নিতে আহুতি দিবে। আর শূদ্র একদিন উপবাসী থাকিয়া দশটি গাভীকে গ্রাস দিবে। বিষ্ণু, ৮অ, ১৫—১৭।

সাক্ষ্য দ্বারা জয় পরাজয় কিরূপে নির্ণয় হয়;—

৫৭। সাক্ষিগণ যাহার লিখিত প্রতিজ্ঞাকে সত্য বলিয়া প্রকাশ

(খ) বর্ণিনান্তু বধো যত্র তত্র সাক্ষ্যনৃতং বদেৎ।
তৎপাবনায় নির্ব্বাপ্যশ্চরুঃ সারস্বতো দ্বিজৈঃ॥ যাজ্ঞ, ২অ। ৮৫।

(গ) উদ্বাহকালে রতিসম্প্রয়োগে প্রাণাত্যয়ে সর্ব্বধনাপহারে।
বিপ্রস্য চার্থে অনৃতং বদেয়ুঃ পঞ্চানৃতান্যাহুরপাতকানি॥ বসিষ্ঠ। ১৬ অ।

(ঘ) বর্ণিনাং যত্র বধস্তত্রানৃতেন। তৎপাবনায় কুষ্মাণ্ডীভির্দ্বিজোহগ্নিং জুহুয়াৎ।
শূদ্র একাহ্নিকং গোদশকস্য গ্রাসং দদ্যাৎ॥ বিষ্ণু, ৮অ। ১৫—১৭।

৫৭। যস্যোচুঃ সাক্ষিণঃ সত্যাং প্রতিজ্ঞাং স জয়ী ভবেৎ।
অন্যথা বাদিনো যস্য ধ্রুবং তস্য পরাজয়ঃ॥ যাজ্ঞ, ২অ। ৮১।

করে, সে জয়ী হয় এবং যাহার লিখিত প্রতিজ্ঞার অন্যরূপ বলে, তাহার পরাজয় নিশ্চিত। যাজ্ঞ, ২ অ। ৮১।

মিথ্যা সাক্ষ্যের ধর্ম্ম্য শাসন কি ?

৫৮। স্বজনতা প্রযুক্ত বা অর্থলোভ-বশতঃ যদি এক পক্ষ আশ্রয় করিয়া গর্হিত কার্য্য সম্পাদন (অর্থাৎ মিথ্যাসাক্ষ্যদানাদি) করে, তাহা হইলে সে নিজ বংশীয় পূর্ব্বপুরুষপরম্পরা স্বর্গস্থিত হইলেও, তাঁহাদিগকে নরকে পাতিত করে। বশিষ্ঠ, ১৬ অ।

মিথ্যা সাক্ষ্যে যে রাজদণ্ড বিহিত ছিল ;—

৫৯। কূটসাক্ষীদিগের প্রত্যেক ব্যক্তিকে বিবাদ-পরাজিত ব্যক্তির যে দণ্ড হইবে, তাহার দ্বিগুণ দণ্ড করিবে এবং ব্রাহ্মণ কূটসাক্ষী হইলে, তাহাকে রাজ্য হইতে বহিষ্কৃত করিয়া দিবে। যাজ্ঞ, ২অ। ৮৩।

৬০। যে সাক্ষী প্রথমে সাক্ষ্য প্রদানে অঙ্গীকার করিয়াছে ও যে সাক্ষী প্রাড়্‌বিবাক-সমীপে উপদেশ শ্রবণ করিয়াছে, পরে ভয় লোভাদি দ্বারা অভিভূত হইয়া "আমি সাক্ষী হইব না" বলিয়া অপর সাক্ষীর নিকট নিজের সাক্ষিত্ব অপলাপ করে, তাহাকে ঐ বিবাদে পরাজিত ব্যক্তির যে

৫৮। স্বজনস্য অর্থে যদি বার্থ হেতোঃ,
পক্ষাশ্রয়েণৈব বদন্তি কার্য্যম্।
বৈশব্দবাদং স্বকুলানপূর্ব্বান্,
স্বর্গস্থিতাংস্তানপি পাতয়ন্তি॥ বসিষ্ঠ, ১৬ অ।

৫৯। পৃথক্ পৃথগ্‌দণ্ডনীয়াঃ কূটকৃৎসাক্ষিণস্তথা।
বিবাদাদ্দ্বিগুণং দ্রব্যং বিবাস্যো ব্রাহ্মণঃ স্মৃতঃ॥ যাজ্ঞ, ২অ। ৮৩।

৬০। যঃ সাক্ষ্যং শ্রাবিতোঽন্যেভ্যো নিহ্নুতে তত্তমোবৃতঃ।
স দাপ্যোঽষ্টগুণং দণ্ডং ব্রাহ্মণস্তু বিবাসয়েৎ॥ যাজ্ঞ, ২অ। ৮৪।

দণ্ড, রাজা তদপেক্ষা অষ্টগুণ অধিক দণ্ড করিবেন। এবং ব্রাহ্মণ হইলে তাহাকে নির্ব্বাসিত করিবেন। যাজ্ঞ, ২অ।৮৪।

৬১। যাহারা পিতাপুত্রের বিরোধে সাক্ষ্য প্রদান করিতে অঙ্গীকার করে, তাহাদের তিন পণ দণ্ড বিহিত। যাজ্ঞ, ২ অ। ২৪২।

কোন্ স্থলে দিব্য প্রয়োগ হইবে এবং দিব্য প্রয়োগবিধি কিরূপ ;—

উভয়পক্ষের সাক্ষ্যাদি কোন প্রমাণ না থাকিলে, প্রাড়্বিবাক শপথ দ্বারা সত্য নির্ণয় করিবেন, ইহা পূর্ব্বে ৫২ দফায় লিখিত হইয়াছে। অভিযোক্তা মিথ্যাসাক্ষী প্রভৃতিদ্বারা পরাভূত হইলেও নিজের বিশুদ্ধতাজন্য স্বেচ্ছাপূর্ব্বক রাজসমীপে দিব্যপ্রয়োগের প্রার্থনা করিতে পারিত অথবা রাজদণ্ড গ্রহণ করিয়া বিশুদ্ধতা লাভ করিত। অর্থী ও প্রত্যর্থীর পরস্পর সম্মতিক্রমে প্রত্যর্থীকেও দিব্য করিতে হইত অথবা রাজসমীপে পরাজয়দণ্ড গ্রহণ করিতে হইত। তুলা, অগ্নি, জল, বিষ এবং কোষ এই পঞ্চপ্রকার দিব্য, বিশুদ্ধির জন্য শাস্ত্র-বিহিত ছিল। তবে প্রধান প্রধান অভিযোগেই অভিযুক্তের প্রতি ঐ সকল দিব্য প্রয়োগ হইত, সামান্য অভিযোগে নহে। যেরূপে ঐ সকল দিব্য প্রয়োগ হইত, তাহার শাস্ত্র-বিহিত বিধি এইরূপ ছিল;—

৬২। প্রাড়্বিবাক,—পূর্ব্ব দিবস হইতে উপবাসী, কৃতস্নান, আর্দ্র-

৬১। "পিতাপুত্র বিরোধেতু সাক্ষিণাং ত্রিপণো দমঃ।" যাজ্ঞ, ২অ। ২৪২।

৬২। সচেলং স্নাতমাহূয় সূর্য্যোদয় উপোষিতম্।
কারয়েৎ সর্ব্বদিব্যানি নৃপব্রাহ্মণ সন্নিধৌ॥ যাজ্ঞ, ২অ।৯৯।

বাসা দিব্যার্থী ব্যক্তিকে সূর্য্যোদয় সময়ে আহ্বান করিয়া রাজা এবং সভ্য ব্রাহ্মণদিগের সমীপে সমস্ত দিব্য করাইবেন। যাজ্ঞ, ২ অ। ৯৯।

৬৩। স্ত্রীলোক,বালক,বৃদ্ধ, অন্ধ, পঙ্গু, ব্রাহ্মণ এবং রোগীদিগের পক্ষে তুলা, ক্ষত্রিয়ের পক্ষে অগ্নি, বৈশ্যের পক্ষে জল এবং শূদ্রের পক্ষে সপ্তযব-পরিমিত বিষ, প্রশস্ত দিব্য। যাজ্ঞ, ২ অ। ১০০।

৬৪। সহস্রপণের ন্যূন ধনগ্রহণ, শঙ্কাজনক অগ্নি-বিষ-তুলা কিংবা জল দিব্য হইতে পারিবে না, তবে রাজদ্রোহ কি মহাপাতক বিষয়ে অভিযোগ হইলে, শুদ্ধার্থিগণ অর্থাদি সংখ্যা মনে না করিয়া পবিত্রভাবে দিব্য করিতে প্রবৃত্ত হইবেন। যাজ্ঞ, ২ অ। ১০১।

৬৫। ১ম ;—তুলাবিধি।—তুলা ধারণজ্ঞ (অর্থাৎ স্বুবর্ণ-কারাদি) তুলারূঢ় অভিযুক্ত ব্যক্তিকে প্রতিমান পাষাণখণ্ডাদি দ্বারা সমান করিবে। পরে অভিযোক্তা, কৃত্রিম ন্যূনাধিক্য :পরিহারার্থ প্রতিমান পাষাণাদিকে এবং অভিযুক্ত পুরুষকে চিহ্নিত করিবে। অভিযুক্ত পুরুষ তুলা হইতে অবতারিত হইয়া "হে তুলে! তুমি সত্য, সত্যের আবাস

৬৩। তুলাস্ত্রী বালবৃদ্ধান্ধ পঙ্গুব্রাহ্মণ রোগিণাম্।
অগ্নির্জলং বা শূদ্রস্য যবাঃ সপ্ত বিষস্য চ। যাজ্ঞ, ২অ। ১০০।

৬৪। নাসাহস্রাদ্ধরেৎ ফালং ন বিষং ন তুলাং তথা।
নৃপার্থেষ্বভিযোগে চ বহেয়ুঃশুচয়ঃ সদা॥ যাজ্ঞ, ২অ। ১০১।

৬৫। তূলাধারণ বিদ্বদ্ভিরভিযুক্তস্তুলাশ্রিতঃ।
প্রতিমান সমীভূতো রেখাং কৃত্বাবতারিতঃ॥
ত্বং তুলে সত্যধামাসি পুরা দেবৈর্বিনির্ম্মিতা।
তৎ সত্যং বদ কল্যাণি সংশয়ান্মাং বিমোচয়॥
যদ্যস্মি পাপ কৃন্মাতস্ততো মাং ত্বমধোনয়।
শুদ্ধশ্চেদ্গময়োর্দ্ধং মাং তুলামিত্যভিমন্ত্রয়েৎ॥ যাজ্ঞ, ২অ। ১০২—১০৪।

ক্ষেত্র, দেবগণ তোমার নির্ম্মাতা, অতএব হে কল্যাণি! "সত্য প্রকাশ কর। আমার প্রতি লোকের সন্দেহ দূর কর। হে মাতঃ! যদি আমি পাপী হই, তাহা হইলে আমাকে গুরুভারাক্রান্ত করিয়া প্রতিমান হইতে নিম্নগামী কর। আর যদি আমি শুদ্ধ হই ত প্রতিমান হইতে উর্দ্ধে উত্থাপিত কর" এই বলিয়া তুলাকে মন্ত্রপূত করিবে। যাজ্ঞ, ২ অ। ১০২-১০৪।

(এইরূপে পরে পুনরায় তুলারোহণ করিয়া যদি নিম্নগামী হয়, তবে পাপী এবং উর্দ্ধগামী হইলে বিশুদ্ধ প্রতিপন্ন হইবে)।

৬৬। ২য়;—অগ্নিবিধি।—অভিযুক্ত ব্যক্তি, হস্তদ্বয় দ্বারা ব্রীহি (ধান্য) মর্দ্দন করিলে, তাহার তিলাদিযুক্ত স্থান অলক্তক রসাদি দ্বারা চিহ্নিত করিয়া, হস্তে সপ্ত অশ্বত্থপত্র স্থাপন করিবে। যতগুলি অশ্বত্থপত্র, তত গাছি সূত্রদ্বারা অশ্বত্থপত্রাচ্ছাদিত হস্ত বেষ্টন করিবে। "হে অগ্নে! তুমি সর্ব্বভূতের অন্তরে বিচরণ করিতেছ। হে পাবক! হে কবে! সাক্ষীর ন্যায় আমার পুণ্য-পাপ পরিদর্শন করিয়া, যাহা সত্য তাহা প্রকাশ

৬৬। করৌ বিমৃদিত ব্রীহের্লক্ষয়িত্বা ততো ন্যসেৎ।
সপ্তাশ্বত্থস্য পত্রাণি তাবৎসূত্রেণ বেষ্টয়েৎ ॥
ত্বমগ্নে সর্ব্বভূতানামন্তশ্চরসি পাবক।
সাক্ষিবৎ পুণ্যপাপেভ্যো ব্রূহি সত্যং কবে মম ॥
তস্যোতুক্তবতো লৌহং পঞ্চাশৎপলিকং সমম্।
অগ্নিবর্ণং ন্যসেৎ পিণ্ডং হস্তয়োরুভয়োরপি ॥
স তমাদায় সপ্তৈব মণ্ডলানি শনৈর্ব্রজেৎ।
ষোড়শাঙ্গুলকং জ্ঞেয়ং মণ্ডলং তাবদন্তরম্ ॥
মুক্ত্বাগ্নিং মৃদিতব্রীহিরদগ্ধঃ শুদ্ধিমাপ্নুয়াৎ।
অন্তরা পতিতে পিণ্ডে সন্দেহে বা পুনর্হরেৎ ॥ যাজ্ঞ, ২অ। ১০৫—১১০।

কর” অভিযুক্ত ব্যক্তি এই মন্ত্র পাঠ করিলে, প্রাড়্‌বিবাক অশ্বত্থ পত্রাচ্ছাদিত হস্তদ্বয়ে পঞ্চাশৎপল পরিমিত সমতল জ্বলন্ত লৌহপিণ্ড স্থাপন করিবেন। সেই অভিযুক্ত ব্যক্তি লৌহপিণ্ড গ্রহণ করিয়া সপ্তমণ্ডল অতিক্রম করিবে। ষোড়শ অঙ্গুলি অন্তর বিরচিত এক একটী মণ্ডলের পরিমাণ ষোড়শ অঙ্গুলি। পরে উক্ত লৌহপিণ্ড পরিত্যাগ করিয়া হস্তে ব্রীহি মর্দ্দন করিবে; যদি হস্ত দগ্ধ না হইয়া থাকে ত শুদ্ধি লাভ করিবে। সপ্তমণ্ডল অতিক্রম করিতে না করিতে যদি পিণ্ড পতিত হয়, কিম্বা দগ্ধ হইয়াছে, কি না হইয়াছে, এবিষয়ে সন্দেহ হয়, তাহা হইলে পুনর্ব্বার ঐরূপে অগ্নি গ্রহণ করিবে। যাজ্ঞ ২ অ। ১০৫-১০৯।

(ঐরূপে যদি হস্ত দগ্ধ হয়, তাহা হইলে পাপী ইহা সিদ্ধান্ত হইবেক)

৬৭। ৩য়;—জলবিধি।—“হে বরুণ! তুমি আমাকে সত্য দ্বারা রক্ষা কর” এই বলিয়া জলকে মন্ত্রপূত করিয়া, নাভিপ্রমাণ জলে অবস্থিত পুরুষান্তরের উরু অবলম্বনপূর্ব্বক জলে ডুব দিবে। যে সময়ে ডুব দিবে, ঠিক সেই সময়ে এক ব্যক্তি পূর্ব্বমুক্ত বাণ যেস্থলে নিপতিত হইয়াছিল, সেই স্থানে যাইবে। অনন্তর তৎস্থানস্থিত-পতিতশরগ্রাহী এক বেগবান্ ব্যক্তি আসিয়া যদি দেখে, অভিযুক্ত ব্যক্তি তখনও ডুব দিয়া আছে, তাহা হইলে ঐ অভিযুক্ত ব্যক্তি শুদ্ধিলাভ করিবে। যাজ্ঞ, ২ অ। ১১০-১১১।

(অভিযুক্ত ব্যক্তি জলে ডুবিয়া থাকিতে না পারিয়া যদি ঐ ব্যক্তি আগমনের পূর্ব্বেই উঠিয়া পড়ে, তাহা হইলেই সে পাপী ইহাই সিদ্ধান্ত হইবে।)

৬৭। সত্যেন মাভিরক্ষ ত্বং বরুণেত্যভিশাপ্যকম্।
নাভিদঘ্নোদকস্থস্য গৃহীত্বোরূ জলং বিশেৎ॥
সমকালমিষুং ক্ষিপ্তমানীয়ান্যো জবীনরঃ।
গতে তস্মিন্নিমগ্নাঙ্গং পশ্যেচ্চেচ্ছুদ্ধিমাপ্নুয়াৎ॥ যাজ্ঞ, ২অ। ১১০—১১১।

৬৮। ৪র্থ ;—বিষবিধি।—“বিষ তুমি ব্রহ্মার পুত্র এবং সত্যধর্ম্মে অবস্থিত, এই অপবাদ হইতে আমাকে পরিত্রাণ কর, সত্য প্রকাশ করিয়া আমার পক্ষে অমৃতস্বরূপ হও” এই বলিয়া হিমালয়জাত শৃঙ্গোৎপন্ন সপ্ত যব পরিমিত ঘৃতাক্ত বিষ ভোজন করিবে। বিনা শারীর-বিকারে যাহার বিষ জীর্ণ হয়, তাহার শুদ্ধি হইবে। যাজ্ঞ, ২ অ। ১১২-১১৩।

(যদি বিষক্রিয়াদ্বারা শারীরবিকার জন্মে তবে, সে পাপী ইহাই সিদ্ধান্ত হইবে)

৬৯। ৫ম ;—কোষবিধি।—প্রাড়্‌বিবাক দুর্গা প্রভৃতি উগ্র-দেবতা পূজা করিয়া ঐ সকল দেবতার স্নানীয় জল লইয়া মন্ত্রপূত করিবে, অনন্তর তাহা হইতে তিন প্রসৃতি (হস্তকোষ অর্থাৎ হাতের খোড়ল) জল অভিযুক্তকে পান করাইবে। চতুর্দ্দশ দিনের মধ্যে যাহার রাজকৃত বা দেবকৃত ঘোর বিপদ না হয়, সে শুদ্ধি লাভ করিবে, ইহাতে কোন সন্দেহ নাই। যাজ্ঞ, ২ অ। ১১৪-১১৫।

(বিপৎপাত হইলে, পাপী ইহাই সিদ্ধান্ত হইবে।)

৬৮। ত্বং বিষ ব্রহ্মণঃ পুত্র সত্যধর্ম্মে ব্যবস্থিতঃ।
ত্রায়স্বাস্মাদভীশাপাৎ সত্যেন ভব মেঽমৃতম্‌॥
এবমুক্ত্বা বিষং শার্ঙ্গং ভক্ষয়েদ্ধিমশৈলজম্‌।
যস্য বেগৈর্বিনা জীর্য্যেত্তস্য শুদ্ধিং বিনির্দ্দিশেৎ॥ যাজ্ঞ, ২অ। ১১২—১১৩।

৬৯। দেবানুগ্রহান্‌ সমভ্যর্চ্চ তৎস্নানোদকমাহরেৎ।
সংশ্রাব্য পায়য়েত্তস্মাজ্জলন্তু প্রসৃতিত্রয়ম্‌॥
অর্ব্বাক্‌ চতুর্দ্দশাদহ্নো যস্য নো রাজদৈবিকম্‌।
ব্যসনং জায়তে ঘোরং স শুদ্ধঃ স্যান্নসংশয়ঃ॥ যাজ্ঞ, ২অ। ১১৪—১১৫।

চতুস্ত্রিংশ স্তবক।

[দণ্ডনীতি।]

১। প্রকৃতপক্ষে দণ্ডই রাজা, দণ্ডই পুরুষ, দণ্ডই রাজ্যের নেতা ও শাসনকর্ত্তা। ঋষিরা দণ্ডকেই চারি আশ্রমের ধর্ম্মের প্রতিভূ-স্বরূপ বলিয়া গিয়াছেন। মনু, ৭ অ। ১৭।

২। দণ্ড সমুদায় প্রজাকে শাসন করিয়া থাকেন, দণ্ডই তাহাদিগকে রক্ষণাবেক্ষণ করেন, সকলে নিদ্রিত হইলে, একমাত্র দণ্ডই জাগরিত থাকেন, পণ্ডিতেরা দণ্ডকেই ধর্ম্মের মূল বলিয়া অবগত আছেন। সেই দণ্ড যদি সম্যক্ বিবেচিত হয়, তবে প্রজাসমুদায় সুখে থাকে, পরন্তু অন্যথা হইলে অর্থাৎ অবিচারপূর্ব্বক সেই দণ্ড বিহিত হইলে, সকলকেই বিনাশ প্রাপ্ত হইতে হয়। মনু, ৭ অ। ১৮—১৯।

৩। মন্বাদি ঋষিগণ, দণ্ডের সম্যক্ প্রযোক্তা, সত্যবাদী, অগ্রপশ্চাৎ বিবেচনা করিয়া কার্য্যকারী, সম্যক্ বেদবিৎ এবং ধর্ম্মকামার্থের বিভেদজ্ঞ রাজাকেই সম্যক্ দণ্ডপ্রণেতা বলিয়া থাকেন। মনু, ৭ অ। ২৬।

১। স রাজা পুরুষো দণ্ডঃ স নেতা শাসিতা চ সঃ।
চতুর্ণামাশ্রমাণাঞ্চ ধর্ম্মস্য প্রতিভূঃ স্মৃতঃ॥ মনু, ৭অ। ১৭।

২। দণ্ডঃ শাস্তি প্রজাঃ সর্ব্বা দণ্ড এবাভিরক্ষতি।
দণ্ডঃ সুপ্তেষু জাগর্ত্তি দণ্ডং ধর্ম্মং বিদুর্ব্বুধাঃ॥
সমীক্ষ্য স ধৃতঃ সম্যক্ সর্ব্বা রঞ্জয়তি প্রজাঃ।
অসমীক্ষ্য প্রণীতস্তু বিনাশয়তি সর্ব্বতঃ॥ মনু, ৭অ। ১৮—১৯।

৩। তস্যাহুঃ সম্প্রণেতারং রাজানং সত্যবাদিনম্।
সমীক্ষ্যকারিণং প্রাজ্ঞং ধর্ম্ম কামার্থকোবিদম্॥ মনু, ৭অ। ২৬।

৪। রাজার হিতার্থেই ঈশ্বর পূর্ব্বকালে সর্ব্বপ্রাণীর রক্ষাকর্ত্তা ধর্ম্ম-স্বরূপ আত্মজ ব্রহ্মতেজোময় দণ্ডকে সৃষ্টি করিয়াছেন। মনু ৭ অ। ১৪।

৫। দণ্ডের ভয়েই চরাচর সমুদায় জগৎ স্ব স্ব ভোগসুখে প্রতিষ্ঠিত আছে, কেহই স্বধর্ম্ম হইতে বিচলিত হইতে পারে না। মনু. ৭ অ। ১৫।

৬। দেশ, কাল, শক্তি ও বিদ্যা সম্যক্ আলোচনা করিয়া অন্যায়-কারীর প্রতি রাজা, যথাযোগ্য দণ্ডবিধান করিবেন। মনু ৭ অ। ১৬।

৭। যদি রাজা অনলস থাকিয়া দণ্ডনীয়ের প্রতি দণ্ডবিধান না করি-তেন, তাহা হইলে বলবান্ জনেরা শূলে মৎস্যপাকের ন্যায় দুর্ব্বলদিগকে অতিশয় যাতনায় দগ্ধ করিত; দেবোদ্দেশে প্রদত্ত মন্ত্রপূত হবিঃ কুক্কুরে লেহন করিত; বায়স যজ্ঞীয় চরু ভক্ষণ করিত; সকলেই স্বাধিকারচ্যুত হইত এবং শ্রেষ্ঠ জাতীয়েরা নিকৃষ্ট দ্বারা সর্ব্বথা পরাভূত হইত। মনু, ৭ অ। ২০—২১।

৮। কেবল দণ্ডভয়েই মনুষ্যগণ ন্যায়পথে অবস্থান করে, কারণ

৪। তস্যার্থে সর্ব্বভূতানং গোপ্তারং ধর্ম্মমাত্মজম্।
ব্রহ্মতেজোময়ং দণ্ডমসৃজৎ পূর্ব্বমীশ্বরঃ॥ মনু, ৭অ। ১৪।

৫। তস্য সর্ব্বাণি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ভয়াদ্ভোগায় কল্পন্তে স্বধর্ম্মান্ন চলন্তি চ॥ মনু, ৭অ। ১৫।

৬। তং দেশকালৌ শক্তিঞ্চ বিদ্যাঞ্চাবেক্ষ্য তত্ত্বতঃ।
যথার্হতঃ সম্প্রয়েন্নরেষ্বন্যায়বর্ত্তিষু॥ মনু, ৭অ। ১৬।

৭। যদি ন প্রণয়েদ্রাজা দণ্ডং দণ্ড্যেষ্বতন্দ্রিতঃ।
শূলে মৎস্যানিবাপক্ষ্যন্ দুর্ব্বলান্ বলবত্তরাঃ॥
অদ্যাৎ কাকঃ পুরোডাশং শ্বাবলিহ্যাদ্ধবিস্তথা।
সাম্যঞ্চ ন স্যাৎ কস্মিংশ্চিৎ প্রবর্ত্তেতাধরোত্তরম্॥ মনু, ৭অ। ২০—২১।

৮। সর্ব্বো দণ্ডজিতো লোকো দুর্লভো হি শুচির্নরঃ।
দণ্ডস্য হি ভয়াৎ সর্ব্বং জগদ্ভোগায় কল্পতে॥ মনু, ৭অ। ২২।

নির্দ্দোষ লোক জগতে নিতান্ত দুর্ল্লভ। এই চরাচর মধ্যে বিশ্ব যে নিজ-ভোগ্যভোগে সমর্থ হয়, দণ্ডভয়ই তাহার নিশ্চয় কারণ। মনু, ৭ অ। ২২।

৯। দেব, দানব, গন্ধর্ব্ব, নিশাচর, বিহঙ্গ এবং সর্প ইহারাও কেবল ঐশিকদণ্ডভয়ে ভীত হইয়া জগদুপকার সাধনে প্রবৃত্ত হইয়া থাকেন। মনু, ৭ অ। ২৩।

১০। অন্যায় দণ্ডবিহিত হইলে বা একেবারে দণ্ডশূন্য হইলে, ব্রাহ্মণাদি সর্ব্ববর্ণ দোষদুষ্ট হইয়া নিজ নিজ মর্য্যাদা-সেতু অতিক্রম করে এবং চৌর্য্যাদি প্রযুক্ত সকলের ক্ষোভ উৎপন্ন হইয়া থাকে। মনু, ৭ অ। ২৪।

১১। যে স্থলে শ্যামবর্ণ, আরক্তলোচন দণ্ড, পাপবিনাশার্থে বিচরণ করে এবং দণ্ডবিধাতা সর্ব্ববিষয়ে ন্যায়দণ্ডবিধান করিয়া থাকেন, প্রজারা তথায় কদাচ কাতর হয় না। মনু, ৭ অ। ২৫।

১২। যদি রাজা সম্যক্ বিবেচনাপূর্ব্বক ধর্ম্মতঃ দণ্ডবিধান করেন, তাহা হইলে ধর্ম্ম অর্থ ও কাম এই ত্রিবর্গেরই বৃদ্ধি হয়; আর যদি রাজা কেবল ক্ষুদ্রভোগাভিলাষী এবং ক্রোধাদির বশীভূত হন, তবে তিনি নিজ বিহিত দণ্ড দ্বারা স্বয়ং নিহত হন। মনু, ৭ অ। ২৭।

৯। দেবদানবগন্ধর্ব্বা রক্ষাংসি পতগোরগাঃ।
তেঽপি ভোগায় কল্পন্তে দণ্ডেনৈব নিপীড়িতাঃ॥ মনু, ৭অ।২৩॥

১০। দুষ্যেয়ুঃ সর্ব্ববর্ণাশ্চ ভিদ্যেরন্ সর্ব্বসেতব।
সর্ব্বলোকপ্রকোপশ্চ ভবেদ্দণ্ডস্য বিভ্রমাৎ॥ মনু, ৭অ। ২৪।

১১। যত্র শ্যামো লোহিতাক্ষো দণ্ডশ্চরতি পাপহা।
প্রজাস্তত্র ন মুহ্যন্তি নেতা চেৎ সাধু পশ্যতি॥ মনু, ৭অ। ২৫।

১২। তং রাজা প্রণয়ন্ সম্যক্ ত্রিবর্গেনাভিবর্দ্ধতে।
কামাত্মা বিষমঃ ক্ষুদ্রো দণ্ডেনৈব নিহন্যতে॥ মনু, ৭ অ। ২৭।

১৩। মহাতেজা দণ্ড, শাস্ত্র-জ্ঞানবিহীন রাজকর্ত্তৃক ধৃত হইবার যোগ্য নহে, কারণ ইহা অযথা প্রযুক্ত হইলে, আত্মীয়-স্বজনের সহিত রাজাকে সবংশে ধ্বংস করে। মনু, ৭ অ। ২৮।

১৪। অযথাবিহিত দণ্ড—রাজদুর্গ, স্থাবরাস্থাবর সম্পত্তি এবং প্রজা-সহ সাম্রাজ্যকেও ক্রমে প্রপীড়িত করে, এমন কি, উপযুক্ত পাত্র সকলের বিনাশহেতু অন্তরীক্ষগত ঋষি ও দেবতাগণকেও দুঃখ প্রদান করে। মনু, ৭ অ। ২৯।

১৫। মূর্খ, লোভপর, শাস্ত্র-জ্ঞান বিহীন, মন্ত্রি-পুরোহিতাদি সহায়শূন্য এবং ভোগাসক্ত নরপতি কদাচ যথানিয়মে দণ্ডবিধান করিতে পারেন না। মনু, ৭ অ। ৩০।

১৬। পবিত্র-প্রকৃতি, বিশুদ্ধাত্মা, সত্যপ্রতিজ্ঞ, বেদাদি-শাস্ত্রানুষ্ঠায়ী এবং সুবুদ্ধি নরপতি সুমন্ত্রিসহ যথানিয়মে দণ্ডবিধান করিতে সমর্থ হন। মনু, ৭ অ। ৩১।

১৭। স্বরাজ্যে শাস্ত্রানুসারে দণ্ডবিধান করা, বিদেশীয় শত্রুকে তীক্ষ্ণ

১৩। দণ্ডো হি সুমহৎ তেজো দুর্দ্ধরশ্চাকৃতাত্মভিঃ।
ধর্ম্মাদ্বিচলিতং হন্তি নৃপমেব সবান্ধবম্॥ মনু, ৭ অ। ২৮।

১৪। ততো দুর্গঞ্চ রাষ্ট্রঞ্চ লোকঞ্চ সচরাচরম্।
অন্তরীক্ষগতাংশ্চৈব মুনীন্ দেবাংশ্চ পীড়য়েৎ॥ মনু, ৭ অ। ২৯।

১৫। সোঽসহায়েন মূঢ়েন লুব্ধেনাকৃতবুদ্ধিনা।
ন শক্যো ন্যায়তো নেতুং সক্তেন বিষয়েষু চ॥ মনু, ৭ অ। ৩০।

১৬। শুচিনা সত্যসন্ধেন যথাশাস্ত্রানুসারিণা।
প্রণেতুং শক্যতে দণ্ডঃ সুসহায়েন ধীমতা॥ মনু, ৭ অ। ৩১।

১৭। স্বরাষ্ট্রে ন্যায়বৃত্তঃ স্যাদ্ভৃশদণ্ডশ্চ শত্রুষু।
সুহৃৎস্বজিহ্মঃ স্নিগ্ধেষু ব্রাহ্মণেষু ক্ষমান্বিতঃ॥ মনু, ৭অ। ৩২।

দণ্ডে দমন করা এবং অকপটভাবে আত্মীয়স্বজনের প্রতি সরল ব্যবহার করা ও স্বল্পাপরাধে ব্রাহ্মণের প্রতি ক্ষমাবান্ হওয়া রাজার উচিত। মনু, ৭ অ। ৩২।

১৮। ত্রিবেদজ্ঞ ব্রাহ্মণগণের দিকট হইতে ঋক্, যজুঃ, সাম এই বেদ-ত্রয় শিক্ষা এবং আয়-ব্যয়-বোধক পরম্পরাগত অর্থশাস্ত্র-তত্ত্বজ্ঞগণের নিকট রাজা দণ্ডনীতি শিক্ষা করিবেন। তার্কিক ও বৈদান্তিক ব্রাহ্মণদিগের নিকট হইতে তর্কশাস্ত্র ও ব্রহ্মবিদ্যা এবং কৃষক ও বণিকের নিকট হইতে কৃষি, বাণিজ্য ও পশুপালনাদিজনিত ধনোপার্জ্জনোপায় এই সমস্ত রাজার শিক্ষা করা উচিত। মনু, ৭ অ। ৪৩।

১৯। রাজা রাজ্য প্রাপ্ত হইয়া দুর্ব্বৃত্তগণকে দণ্ড প্রদান করিবেন; যেহেতু ব্রহ্মা পূর্ব্বকালে ধর্ম্মকেই দণ্ডরূপে নির্ম্মাণ করিয়াছেন। লুব্ধ এবং অকৃতবুদ্ধি ব্যক্তি ন্যায়ানুসারে উক্ত দণ্ড পরিচালনে সমর্থ হয় না, কিন্তু সত্যপ্রতিজ্ঞ, শুচি, সুসহায়-সম্পন্ন এবং কৃতবুদ্ধি ব্যক্তি, উহা ন্যায়তঃ পরি-চালন করিতে পারেন। সেই দণ্ড, যথাশাস্ত্র প্রযুক্ত হইলে, সুরাসুর-মনুজ-পরিবৃত ভুবনমণ্ডলকে আনন্দিত করে, নচেৎ সকলকেই ক্রোধান্বিত করিয়া তুলে। যাজ্ঞ, ১ অ। ৩৫৪—৩৫৬।

১৮। ত্রৈবিদ্যেভ্যস্ত্রয়ীং বিদ্যাদ্ দণ্ডনীতিঞ্চ শাশ্বতীম্।
আন্বীক্ষিকীঞ্চাত্মবিদ্যাং বার্ত্তারম্ভাংশ্চ লোকতঃ॥ মনু, ৭ অ। ৪৩।

১৯। তদবাপ্য নৃপো দণ্ডং দুর্ব্বৃত্তেষু নিপাতয়েৎ।
ধর্ম্মো হি দণ্ডরূপেণ ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা॥
স নেতুং ন্যায়তোঽশক্যো লুব্ধেনাকৃতবুদ্ধিনা।
সত্যসন্ধেন শুচিনা সুসহায়েন ধীমতা॥
যথাশাস্ত্রং প্রযুক্তঃ সন্ সদেবাসুরমানুষম্।
জগদানন্দয়েৎ সর্ব্বমন্যথা তু প্রকোপয়েৎ॥ যাজ্ঞ, ১ অ। ৩৫৪—৩৫৬।

২০। এইরূপ অপরাধ কতবার করা হইয়াছে, অপরাধ-সম্বন্ধে দেশ-কাল, অপরাধীর বলাবল, অপরাধের স্বরূপ এই সকল সম্যক্ বিবেচনা করিয়া রাজা দণ্ড্য ব্যক্তির দণ্ড করিবেন। মনু, ৮ অ। ১২৬।

২১। অন্যায়রূপে দণ্ড দিলে জীবিতাবস্থায় যশঃ ও মরণান্তর কীর্ত্তি লোপ পায়; এমন কি পরকালে ইহা অস্বর্গ্যকর হয়; অতএব অন্যায় দণ্ড ত্যাগ করিবে। মনু, ৮ অ। ১২৭।

২২। যে দণ্ডনীয় নয়, তাহাকে দণ্ড করিলে এবং যে দণ্ডযোগ্য, তাহাকে দণ্ড না দিলে, রাজার মহৎ অপযশ হয় এবং তিনি নরকে গমন করেন। মনু, ৮ অ। ১২৮।

২৩। প্রথমে নম্রবাক্যে শাসন করিবে, অনন্তর ধিক্কার বা ভৎ'সনা দণ্ড, পরে ধনদণ্ড এবং সর্ব্বশেষে অঙ্গচ্ছেদাদি শারীরদণ্ড করিবে। মনু, ৮ অ। ১২৯।

২৪। অঙ্গচ্ছেদি শারীরিক দণ্ডে যদি দুরাত্মা প্রশমিত না হয়, তবে বাক্‌দণ্ডাদি পূর্ব্বোক্ত চতুষ্টয়দণ্ডই উহার উপর প্রয়োগ করিবে। মনু, ৮ অ। ১৩০।

২০। অনুবন্ধং পরিজ্ঞায় দেশকালৌ চ তত্ত্বতঃ।
সারাপরাধৌ চালোক্য দণ্ডং দণ্ড্যেষু পাতয়েৎ ॥ মনু, ৮ অ। ১২৬।

২১। অধর্ম্মদণ্ডনং লোকে যশোঘ্নং কীর্ত্তিনাশনম্।
অস্বর্গ্যঞ্চ পরত্রাপি তস্মাৎ তৎ পরিবর্জ্জয়েৎ ॥ মনু, ৮ অ। ১২৭।

২২। অদণ্ড্যান্ দণ্ডয়ন্ রাজা দণ্ড্যাংশ্চৈবাপ্যদণ্ডয়ন্।
অযশোমহদাপ্নোতি নরকঞ্চৈব গচ্ছতি ॥ মনু, ৮ অ। ১২৮।

২৩। বাগ্‌দণ্ডং প্রথমং কুর্য্যাদ্ধিগ্‌দণ্ডং তদনন্তরম্।
তৃতীয়ং ধনদণ্ডন্তু বধদণ্ডমতঃপরম্। মনু, ৮ অ। ১২৯।

২৪। বধেনাপি যদা ত্বেতান্ নিগ্রহীতুং ন শক্নুয়াৎ।
তদৈষু সর্ব্বমপ্যেতৎ প্রযুঞ্জীত চতুষ্টয়ম্। মনু, ৮ অ। ১৩০।

২৫। স্বায়ম্ভুব মনু দণ্ডের দশ স্থান নির্দ্দেশ করিয়াছেন, উহা ক্ষত্রিয়াদি তিন বর্ণের উপর। পরন্তু ব্রাহ্মণকে শারীরিক কোন দণ্ড না দিয়া অক্ষত শরীরে দেশ হইতে নির্ব্বাসন করিবে। উপস্থ, উদর, জিহ্বা, দুই হাত, দুই পা, চক্ষু নাসিকা, কর্ণদ্বয়, ধন এবং মহাপরাধস্থলে সমুদায়দেহ —এই দশটি দণ্ডস্থান। মনু, ৮ অ। ১২৪—১২৫।

২৬। দ্বিজাতিরা যেমন যজ্ঞাদি দ্বারা পবিত্র হন, সেইরূপ পাপীদিগকে নিগ্রহ করিয়া ও সাধুদিগকে সংগ্রহ করিয়া রাজা সততই পবিত্র থাকেন। মনু, ৮ অ। ৩১১।

২৭। যিনি আত্মহিত কামনা করেন, সেই রাজা অর্থি-প্রত্যর্থী এবং বালক, বৃদ্ধ ও আতুরদিগের আক্ষেপোক্তি ক্ষমা করিবেন। মনু, ৮ অ। ৩১২।

২৮। পীড়িত অবস্থায় লোকে যে সকল বাক্য প্রয়োগ করে, যে রাজা অম্লানবদনে তাহা সহ্য করেন, তিনি স্বর্গেও পূজা প্রাপ্ত হন; পরন্তু যিনি ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া ক্লিষ্টের কটূক্তি ক্ষমা না করেন, তিনি নরকগামী হন। মনু, ৮ অ। ৩১৩।

২৫। দশস্থানানি দণ্ডস্য মনুঃ স্বায়ম্ভুবোঽব্রবীৎ।
ত্রিষু বর্ণেষু যানি স্যুরক্ষতো ব্রাহ্মণো ব্রজেৎ॥
উপস্থমুদরং জিহ্বা হস্তৌ পাদৌ চ পঞ্চমম্।
চক্ষুর্নাসা চ কর্ণৌ চ ধনং দেহস্তথৈব চ॥ মনু, ৮ অ। ১২৪—১২৫।

২৬। নিগ্রহেণ হি পাপানাং সাধূনাং সংগ্রহেণ চ।
দ্বিজাতয় ইবেজ্যাভিঃ পূয়ন্তে সততং নৃপাঃ॥ মনু, ৮ অ। ৩১১।

২৭। ক্ষন্তব্যং প্রভুণা নিত্যং ক্ষিপতাং কার্য্যিণাং নৃণাম্।
বালবৃদ্ধাতুরাণাঞ্চ কুর্ব্বতাহিতমাত্মনঃ॥ মনু, ৮ অ। ৩১২।

২৮। যঃ ক্ষিপ্তো মর্ষয়ত্যার্ত্তৈস্তেন স্বর্গে মহীয়তে।
যস্ত্বৈশ্বর্য্যান্ন ক্ষমতে নরকং তেন গচ্ছতি॥ মনু, ৮ অ। ৩১৩।

২৯। মনুষ্য পাপকার্য্য করিয়া নৃপতি-কর্ত্তৃক দণ্ডিত হইলে, সাধু সুকৃতিশীলদিগের ন্যায় স্বর্গে গমন করে। মনু, ৮ অ। ৩১৮।

৩০। কি পিতা, কি আচার্য্য, কি সুহৃদ্, কি মাতা, কি ভার্য্যা, কি পুত্র, কি পুরোহিত—রাজার নিকট অদণ্ডনীয় কেহই নাই, স্বধর্ম্মে না থাকিলে রাজা সকলকেই দণ্ড দিতে পারেন। মনু, ৮ অ। ৩৩৫।

৩১। প্রাণান্তিক দণ্ড না হইয়া ব্রাহ্মণের মস্তকমুণ্ডন দণ্ড হইবে, ইহাই শাস্ত্রের বিধান; অপরাপর বর্ণের প্রাণান্তদণ্ড হইতে পারে। মনু,৮ অ।৩৭৯।

৩২। সর্ব্বপাপের পাপী হইলেও ব্রাহ্মণকে কদাচ বধ করিবে না; পরন্তু সমস্ত ধনের সহিত অক্ষত শরীরে উহাকে রাজ্য হইতে নির্ব্বাসন করিয়া দিবে। মনু, ৮ অ। ৩৮০।

৩৩। ব্রাহ্মণবধের ন্যায় পাতক পৃথিবীতে আর নাই, এজন্য রাজা মনেও ব্রাহ্মণের বধ চিন্তা করিবেন না। মনু, ৮ অ। ৩৮১।

৩৪। যে রাজার রাজ্যে চোর, পরস্ত্রীগামী, বাক্‌পারুষ্যকারী,

২৯। রাজনির্দ্ধৃতদণ্ডাস্তু কৃত্বা পাপানি মানবাঃ।
নির্ম্মলাঃ স্বর্গমায়ান্তি সন্তঃ সুকৃতিনো যথা॥ মনু, ৮ অ। ৩১৮।

৩০। পিতাচার্য্যঃ সুহৃন্মাতা ভার্য্যা পুত্রঃ পুরোহিতঃ।
না দণ্ড্যো নাম রাজ্ঞোঽস্তি যঃ স্বধর্ম্মে ন তিষ্ঠতি॥ মনু, ৮ অ। ৩৩৫।

৩১। মৌণ্ড্যং প্রাণান্তিকো দণ্ডো ব্রাহ্মণস্য বিধীয়তে।
ইতরেষান্তু বর্ণানাং দণ্ডঃ প্রাণান্তিকো ভবেৎ॥ মনু, ৮ অ। ৩৭৯।

৩২। ন জাতু ব্রাহ্মণং হন্যাৎ সর্ব্বপাপেষ্বপি স্থিতম্।
রাষ্ট্রাদেনং বহিষ্কুর্য্যাৎ সমগ্রধনমক্ষতম্॥ মনু, ৮ অ। ৩৮০।

৩৩। ন ব্রাহ্মণবধাদ্ভূয়ানধর্ম্মো বিদ্যতে ভুবি।
তস্মাদস্য বধং রাজা মনসাপি ন চিন্তয়েৎ॥ মনু, ৮ অ। ৩৮১

৩৪। যস্য স্তেনঃ পুরে নাস্তি নান্যস্ত্রীগো ন দুষ্টবাক্।
ন সাহসিকদণ্ডঘ্নৌ স রাজা শক্রলোকভাক্॥ মনু, ৮ অ। ৩৮৬।

সাহসিক বা দণ্ডপারুষ্যকারী লোক নাই, সে রাজা ইন্দ্রলোকবাসী হন। মনু, ৮ অ। ৩৮৬।

৩৫। চৌরাদি উক্ত পঞ্চ ব্যক্তিকে নিগ্রহকারী রাজা ইহলোকে রাজসমাজে সাম্রাজ্যকারী ও যশস্কর হন। মনু, ৮ অ। ৩৮৭।

৩৬। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—ইহারা দণ্ডদানে অশক্ত হইলে, রাজা উহাদিগকে জাত্যুচিত কর্ম্ম করাইয়া দণ্ড-ধনের শোধ লইবেন। পরন্তু ব্রাহ্মণকে দণ্ডধনের জন্য খাটাইবেন না, কিন্তু আয়ানুসারে ক্রমে ক্রমে তাঁহার নিকট হইতে ঐ ধন আদায় করিয়া লইবেন। মনু, ৯ অ। ২২৯।

৩৭। স্ত্রীলোক, বালক, উন্মত্ত, বৃদ্ধ, দরিদ্র এবং রোগী ইহাদিগকে দণ্ডধনের স্থলে শিফা অর্থাৎ বৃক্ষজটা, বিদল অর্থাৎ বেত্র, অথবা চর্ম্মাদি-কৃত রজ্জু দ্বারা দণ্ড করিবেন। মনু, ৯ অ। ২৩০।

৩৮। অবধ্যের বধে রাজার যেরূপ পাপ দৃষ্ট হয়, বধ্যের রক্ষণেও তাঁহার তদ্রূপ পাপ; পরন্তু যথাশাস্ত্র দণ্ড করাই রাজার ধর্ম্ম। মনু, ৯ অ। ২৪৯।

৩৫। এতেষাং নিগ্রহো রাজ্ঞঃ পঞ্চানাং বিষয়ে স্বকে।
সাম্রাজ্যকৃৎ সজাত্যেষু লোকে চৈব যশস্করঃ॥ মনু, ৮ অ। ৩৮৭

৩৬। ক্ষত্রবিট্‌শূদ্রযোনিস্তু দণ্ডং দাতুমশক্নুবন্‌।
আনৃণ্যং কর্ম্মণা গচ্ছেদ্বিপ্রো দদ্যাচ্ছনৈঃ শনৈঃ॥ মনু, ৯ অ। ২২৯

৩৭। স্ত্রীবালোন্মত্তবৃদ্ধানাং দরিদ্রাণাঞ্চ রোগিণাম্‌।
শিফাবিদলরজ্জ্বাদ্যৈর্বিদধ্যান্নৃপতির্দ্দমম্‌॥ মনু, ৯ অ। ২৩০

৩৮। যাবানবধ্যস্য বধে তাবান্‌ বধ্যস্য মোক্ষণে।
অধর্ম্মো নৃপতের্দৃষ্টো ধর্ম্মস্তু বিনিযচ্ছতঃ॥ মনু, ৯অ। ২৪৯

৩৯। ধর্ম্মজীবন ব্রাহ্মণ যদি স্বধর্ম্ম হইতে ভ্রষ্ট হন, তবে রাজা উঁহাকেও দণ্ডাদি দ্বারা পীড়ন করিবেন। মনু, ৯ অ। ২৭৩।

৪০। কারাগারাদি বন্ধন-গৃহ সকল, প্রকাশ্য রাজপথে নির্ম্মাণ করিবে, যাহাতে দুঃখিত, বিকৃত, পাপকারী ব্যক্তিদিগকে সকলে দেখিতে পায়। মনু, ৯ অ। ২৮৮।

৪১। কালপ্রাপ্ত হইলে যম যেমন প্রিয় ও দ্বেষ্য বিচার করেন না, রাজাও দণ্ড বিধান সময়ে প্রিয় বা দ্বেষ্য বিবেচনা না করিয়া ন্যায় দণ্ড বিধান করিবেন, এই তাঁহার যমব্রত। মনু, ৯ অ। ৩০৭।

৪২। বরুণের পাশ যেমন দৃঢ়বন্ধন, রাজাও পাপীদিগকে সেইরূপ নিগ্রহ করিবেন—ইহাই তাঁহার বরুণব্রত। মনু, ৯ অ। ৩০৮।

৪৩। নৃপতি নিখিল দণ্ডনীতি অবগত হইয়া এবং তাহাকেই সম্মুখবর্ত্তী করিয়া নিয়ত অলব্ধ বস্তু লাভের নিমিত্ত যত্ন এবং লব্ধ বস্তুর রক্ষাবিধান করিবেন। ম, শা ৬৯ অ। ১০২।

৩৯। যশ্চাপি ধর্ম্মসময়াৎ প্রচ্যুতো ধর্ম্মজীবনঃ।
দণ্ডেনৈব তমপ্যোষেৎ স্বকাদ্ধর্ম্মাদ্ধি বিচ্যুতম্॥ মনু, ৯ অ। ২৭৩।

৪০। বন্ধনানি চ সর্ব্বাণি রাজমার্গে নিবেশয়েৎ।
দুঃখিতা যত্র দৃশ্যেরন্ বিকৃতাঃ পাপকারিণঃ॥ মনু, ৯ অ। ২৮৮।

৪১। যথা যমপ্রিয়দ্বেষ্যৌ প্রাপ্তকালে নিযচ্ছতি।
তথা রাজ্ঞা নিয়ন্তব্যাঃ প্রজাস্তদ্ধি যমব্রতম্॥ মনু, ৯ অ। ৩০৭।

৪২। বরুণেন যথা পাশৈর্ব্বদ্ধ এবাভিদৃশ্যতে।
তথা পাপান্নিগৃহীয়াদ্ ব্রতমেতদ্ধি বারুণম্॥ মনু, ৯ অ। ৩০৮।

৪৩। দণ্ডনীতিং পুরস্কৃত্য বিজানন্ ক্ষত্রিয়ঃ সদা।
অনবাপ্তঞ্চ লিপ্সেত লব্ধঞ্চ পরিপালয়েৎ॥ ম, শা, ৬৯ অ। ১০২।

৪৪। লোকের ব্যবস্থাপিকা মর্য্যাদা এবং লোকভাবিনী দণ্ডনীতি সম্যক্‌রূপে প্রযুক্ত হইলে, মাতা ও পিতা যেরূপ শিশুকে রক্ষা করেন, তদ্রূপ লোক সকলকে রক্ষা করিয়া থাকে। ম, শা, ৬৯ অ। ১০৩।

৪৫। রাজা দণ্ডনীতি-বিশারদ হওয়াই পরম ধর্ম্ম; কারণ ইহা নিশ্চয় জানিবে যে, লোক দণ্ডনীতিতেই সুস্থাপিত হইয়াছে। ম, শা, ৬৯ অ। ১০৪।

৪৬। যে ব্যক্তি পূর্ব্বে উপকার করিয়া পশ্চাৎ গুরুতর অপরাধ করে, সেই অপরাধী ব্যক্তির পূর্ব্বকৃত উপকার স্মরণ করিয়া তাহার অপরাধ ক্ষমা করা কর্ত্তব্য। ম, ব, ২৮ অ। ২৬।

৪৭। মনুষ্যের সকল বিষয়ে পাণ্ডিত্য থাকা সুলভ নহে, এ প্রযুক্ত যদি কেহ অজ্ঞান বশতঃ অপরাধ করে, তবে তাহার সেই অজ্ঞানকৃত অপরাধ বিষয়েও ক্ষমা করা উচিত। ম, ব, ২৮ অ। ২৭।

৪৮। যাহারা বুদ্ধিপূর্ব্বক অপরাধ করিয়া তাহা অবুদ্ধিকৃত বলিয়া প্রকাশ করে, তাহাদের অল্প অপরাধেও দণ্ড করা বিধেয়। এইরূপ কুটিল-বুদ্ধিদিগের প্রতিও কদাচ ক্ষমা করা উচিত নহে। ম, ব, ২৮ অ। ২৮।

৪৪। লোকস্য সীমন্তকরী মর্য্যাদা লোকভাবিনী।
সম্যঙ্‌নীতা দণ্ডনীতির্যথা মাতা যথা পিতা ॥ ম, শা, ৬৯ অ। ১০৩।

৪৫। যস্যাং ভবন্তি ভূতানি তদ্বিদ্ধি মনুজর্ষভ।
এষ এব পরো ধর্ম্মো যদ্রাজা দণ্ডনীতিমান্। ম, শা, ৬৯ অ। ১০৪।

৪৬। পূর্ব্বোপকারী যস্তে স্যাদপরাধে গরীয়সি।
উপকারেণ তৎ তস্য ক্ষন্তব্যমপরাধিনঃ ॥ ম, ব, ২৮ অ। ২৬।

৪৭। অবুদ্ধিমাশ্রিতানান্ত ক্ষন্তব্যমপরাধিনাম্।
ন হি সর্ব্বত্র পাণ্ডিত্যং সুলভং পুরুষেণ বৈ ॥ ম, ব, ২৮ অ। ২৭।

৪৮। অথ চেদ্‌বুদ্ধিজং কৃত্বা ব্রুয়ুস্তে তদবুদ্ধিজং।
পাপান্ স্বল্পেঽপি তান্ হন্যাদপরাধে তথানৃজুন্ ॥ ম, ব, ২৮ অ। ২৮।

৪৯। সকল প্রাণীর প্রতি একবার অপরাধ ক্ষমা করা কর্ত্তব্য, দ্বিতীয়বার অপরাধ করিলে, তাহা স্বল্প হইলেও ক্ষমা করিবে না। পণ্ডিতেরা কহিয়াছেন, যদি কেহ অজ্ঞানবশতঃ কোন অপরাধ করে, তবে প্রমাণ দ্বারা উত্তমরূপে পরীক্ষা করিয়া তাহার সেই অপরাধ অজ্ঞানকৃত বোধ হইলে, তাহার প্রতি ক্ষমা করিবে। ম, ব, ২৮ অ। ২৯—৩০।

৫০। মনুষ্য মৃদুস্বভাবে দারুণ ও অদারুণ সকলকেই বিনষ্ট করিতে পারে, মৃদুস্বভাবের অসাধ্য কিছুই নাই সুতরাং মৃদুস্বভাবই তীব্রতর হয়। মনুষ্য দেশ, কাল ও আপনার বলাবল বুঝিয়া ব্যক্তিবিশেষের প্রতি দণ্ড বা ক্ষমা করিবে; অনুপযুক্ত দেশ বা কালে কিছুই প্রয়োজন সিদ্ধ হয় না, অতএব সকল বিষয়ে দেশ ও কালের প্রতীক্ষা করিবে এবং লোকভয়েও অপরাধী ব্যক্তির প্রতি ক্ষমা করিবে। পণ্ডিতেরা এই সকল পূর্ব্বোক্ত প্রকার কালকে ক্ষমার কাল বলিয়া কীর্ত্তন করিয়াছেন, ইহার অন্যথানুবর্ত্তীদিগের প্রতিই তেজঃ প্রকাশের কাল বলিয়া উক্ত হয়। ম, ব, ২৮ অ। ৩১—৩৩।

৪৯। সর্ব্বস্যৈকোঽপরাধস্তে ক্ষন্তব্যঃ প্রাণিনো ভবেৎ॥
দ্বিতীয়ে সতি বধ্যস্তু স্বল্পেঽপ্যপকৃতে ভবেৎ॥
অজানতা ভবেৎ কশ্চিদপরাধঃ কৃতো যদি।
ক্ষন্তব্যমেব তস্যাহুঃ সুপরীক্ষ্য পরীক্ষয়া॥ ম, ব, ২৮ অ। ২৯—৩০।

৫০। মৃদুনা দারুণং হন্তি মৃদুনা হন্ত্যদারুণম্।
না সাধ্যং মৃদুনা কিঞ্চিৎ তস্মাৎ তীব্রতরঃ মৃদু॥
দেশকালৌ তু সংপ্রেক্ষ্য বলাবলমথাত্মনঃ।
না দেশ কালে কিঞ্চিৎ স্যাৎ দেশকালৌ প্রতীক্ষতাম্।
তথা লোকভয়াচ্চৈব ক্ষন্তব্যমপরাধিনঃ॥
এত এবম্বিধাঃ কালাঃ ক্ষমায়াঃ পরিকীর্ত্তিতাঃ।
অতোঽন্যথানুবর্ত্তৎসু তেজসঃ কাল উচ্যতে। ম, ব, ২৮ অ। ৩১—৩৩।

৫১। পিতা বা মাতা অপকার করিলেও অবধ্য। অপরাধ-বিশিষ্ট মাতা পিতার বধ সাধন না করিলে দোষী হইতে হয় না। রাজা যেরূপ বধ্য ব্যক্তির বধ না করিলে দূষিত হন, তদ্রূপ অপরাধী গুরু-জনের (পিতা, মাতা, ও গুরুর) বধ না করিলে দূষিত হন না। ম, শা, ১০৮ অ। ২০—২১।

৫২। কোন ব্যক্তি ধর্ম্মবন্ধন হইতে প্রচ্যুত হয়, অথবা অধর্ম্মবশতঃ বলাৎকার করে, তবে তাহার প্রতি দণ্ডবিধান কর্ত্তব্য; অথবা দাসত্ব প্রাপ্ত হইয়া যদি কেহ কপটতা প্রকাশ করে, তবে কপটতা দ্বারাই তাহার দণ্ড বিধেয়। ম, শা, ১০৯ অ। ২১—২২।

৫৩। ইহলোকে যাহাতে সমুদায় আয়ত্ত রহে, তাহাকেই কেবল দণ্ড বলা যায়। সম্যক্‌রূপে ধর্ম্মের প্রকাশ 'ব্যবহার' নামে অভিহিত হইয়া থাকে। লোক মধ্যে কি প্রকারে অবহিত-স্বরূপ নৃপতির সম্বন্ধে সেই ধর্ম্মের লোপ না হয়, এইরূপে ব্যবহারের ব্যবহারত্বে ইষ্ট হইয়া থাকে, অবহার অর্থাৎ নীচমার্গ দ্বারা পরস্বাপহরণ যাহা হইতে বিগত হয়, তহাকেই ব্যবহার বলা যায়। অপিচ পুরাকালে প্রথমতঃ মনু ইহাই কহিয়াছেন যে, প্রিয় ও

৫১। "অবধ্যা হি সদা মাতা পিতা চাপ্যপকারিণৌ ॥"
"ন সংদুষ্যতি তৎকৃত্বা ন চ তে দূষয়ন্তি তম্।" ম, শা, ১০৮ অ। ২০—২১।

৫২। "যঃ কশ্চিদ্ধর্ম্মসময়াৎ প্রচ্যুতে ধর্ম্ম সাধনঃ ॥"
"দণ্ডেনৈব স হন্তব্যস্তং পন্থানং সমাশ্রিতঃ।" ম, শা, ১০৯ অ। ২১—২২।

৫৩। যস্মিন্ হি সর্ব্বমায়ত্তং স দণ্ড ইহ কেবলঃ।"
ধর্ম্মসংখ্যা মহারাজ ব্যবহার ইতীষ্যতে।
তস্য লোপঃ কথং ন স্যাল্লোকেষ্বহিতাত্মনঃ ॥
ইত্যেবং ব্যবহারস্য ব্যবহারত্বমিষ্যতে।

অপ্রিয় ব্যক্তিতে তুল্যরূপে সুপ্রণীত দণ্ড দ্বারা যিনি সম্যক্‌রূপে প্রজাপালন করেন, তাহাই কেবল ধর্ম্ম। ম, শা, ১২১ অ। ৮—১১।

৫৪। সুপ্রণীত দণ্ডে ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ বিদ্যমান রহে। দৈবদণ্ড সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, তাহার রূপ প্রজ্জ্বলিত অগ্নির তুল্য; দণ্ডের আস্তররূপ দুষ্ট-সন্তাপ-জনক সুতরাং ক্রূরত্বহেতু অগ্নিসাদৃশ্য ধারণ করে। ম, শা, ১২১ অ। ১৪।

৫৫। লোকমধ্যে যদি দণ্ড না থাকে, তবে পরস্পর পরস্পরকে প্রমথন করে, দণ্ডভয়েই লোক পরস্পরকে প্রহার করে না। ম, শা, ১২১ অ। ৩৮।

৫৬। প্রয়োজনানুসারে দণ্ড ক্ষত্রিয়ত্ব প্রাপ্ত হইয়াছেন। দণ্ড নিয়ত অবহিত ও অক্ষয় হইয়া প্রজাগণকে রক্ষা করতঃ জাগরিত থাকেন। ঈশ্বর, পুরুষ, প্রাণ, সত্ত্ব, চিত্ত, প্রজাপতি, ভূতাত্মা এবং জাত এই অষ্ট নাম দ্বারা দণ্ড উক্ত হইয়া থাকে। ম, শা, ১২১ অ। ৪০—৪১।

অপিচৈতৎ পুরা রাজন্মনুনা প্রোক্তমাদিতঃ।
সুপ্রণীতেন দণ্ডেন প্রিয়াপ্রিয় সমাত্মনা।
প্রজা রক্ষতি যঃ সম্যগ্ধর্ম্ম এব স কেবলঃ॥ ম, শা, ১২১ অ। ৮—১১

৫৪। দণ্ডে ত্রিবর্গ সততং সুপ্রণীতে প্রবর্ত্ততে।
দৈবং হি পরমো দণ্ডো রূপতোঽগ্নিরিবোত্থিতঃ॥ ম, শা, ১২১ অ। ১৪।

৫৫। ন স্যাদ্ যদীহ দণ্ডো বৈ প্রমথেয়ুঃ পরস্পরম্।
ভয়াদ্দণ্ডস্য নান্যোন্যং ঘ্নন্তি চৈব যুধিষ্ঠির॥ ম, শা, ১২১ অ। ৩৪।

৫৬। এবম্প্রয়োজনশ্চৈব দণ্ডঃ ক্ষত্রিয়তাং গতঃ।
রক্ষন্ প্রজাঃ স জাগর্ত্তি নিত্যং স্ববহিতোঽক্ষরঃ॥
ঈশ্বরঃ পুরুষঃ প্রাণঃ সত্ত্বং চিত্তং প্রজাপতিঃ।
ভূতাত্মা জীব ইত্যেবং নামভিঃ প্রোচ্যতেঽষ্টভিঃ॥ ম, শা, ১২১ অ। ৪০-৪১।

৫৭। প্রভু প্রত্যয়-বশতঃ উৎপন্ন এবং বাদী ও প্রতিবাদী দ্বারা প্রবর্ত্তিত ব্যবহার এই অন্তরের অভ্যুপগম যাহার লক্ষণ হিতযুক্ত দৃষ্ট হয়, সেই দণ্ডকে ভর্ত্তৃ-প্রত্যয় লক্ষণ বলা যায়। ম, শা, ১২১ অ। ৫০।

৫৮। প্রজাপতি হইতে এই ভর্ত্তৃ-প্রত্যয় লক্ষণ ব্যবহার প্রবর্ত্তিত হয়। এই ব্যবহারের এই নিদর্শন করিয়াছেন যে, যে নৃপতি স্বধর্ম্ম দ্বারা প্রজাপালন করতঃ অবস্থান করেন, তাঁহার মাতা, পিতা, ভ্রাতা, ভার্য্যা ও পুরোহিত এই সকলের মধ্যে কেহ অদণ্ড্য নাই। ম, শা, ১২১ অ। ৫৯—৬০।

৫৯। ব্রহ্মোপদিষ্ট ব্যবহার প্রজাগণকে রক্ষা করে। সত্যস্বরূপ ভূতিবর্দ্ধন ব্যবহারই লোকত্রয় ধারণ করিয়া রহিয়াছে। যিনি দণ্ড নামে অভিহিত হন, তাঁহাকেই সনাতন ব্যবহাররূপে অবলোকন করা যায়, ব্যবহার কর্ত্তৃক যিনি দৃষ্ট হন তিনিই বেদ; ইহা নিশ্চয় আছে, যে বেদ সেই ধর্ম্ম এবং যাহা ধর্ম্ম তাহাই সৎপথ জানিবে। ম, শা, ১২১ অ। ৫৫—৫৭।

৫৭। ভর্ত্তৃপ্রত্যয় উৎপন্নো ব্যবহারস্তথা পরঃ।
তস্মাদ্ যঃ সহিতো দৃষ্টো ভর্ত্তৃপ্রত্যয়লক্ষণঃ॥ ম, শা, ১২১ অ। ৫০।

৫৮। ততোহস্য ব্যবহারোহয়ং ভর্ত্তৃপ্রত্যয়লক্ষণঃ।
তস্মাদিদমথোবাচ ব্যবহারনিদর্শনম্॥
মাতা পিতা চ ভ্রাতা চ ভার্য্যা চৈব পুরোহিতঃ।
নাদণ্ড্যো বিদ্যতে রাজ্ঞো যঃ স্বধর্ম্মেণ তিষ্ঠতি॥ ম, শা, ১২১ অ। ৫৯—৬০।

৫৯। ব্যবহারঃ প্রজাগোপ্তা ব্রহ্মদিষ্টো যুধিষ্ঠির।
ত্রীন্ ধারয়তি লোকান্ বৈ সত্যাত্মা ভূতিবর্দ্ধনঃ॥
যশ্চ দণ্ডঃ স দৃষ্টো নো ব্যবহারঃ সনাতনঃ।
ব্যবহারশ্চ দৃষ্টো যঃ স বেদ ইতি নিশ্চিতম্॥
যো বেদঃ স বৈ ধর্ম্মো যশ্চ ধর্ম্মঃ স সৎপথঃ।" ম, শা, ১২১ অ। ৫৫-৫৭।

৬০। দণ্ডই রাজ্যের আদি অঙ্গ এবং দণ্ডই রাজ্যের কারণ। ঈশ্বর-কর্ত্তৃক প্রযত্ন সহকারে ক্ষত্রিয়ের কারণ এই দণ্ড প্রদত্ত হইয়াছে; এই সমুদায় প্রিয়াপ্রিয় সমস্বরূপ দণ্ডেরই অধীন। প্রজাপতি কর্ত্তৃক লোক রক্ষার্থ এবং স্বধর্ম্ম স্থাপনের জন্য যেরূপ ধর্ম্ম প্রদর্শিত হইয়াছে, সেই ধর্ম্মস্বরূপ দণ্ড অপেক্ষা নৃপতিগণের অন্য কেহ পূজ্যতম নহে। ম, শা, ১২১ অ। ৪৪—৪৯।

৬১। দণ্ডই ভগবান্ বিষ্ণু, দণ্ডই প্রভু নারায়ণ; নিরন্তর মহৎরূপ ধারণ করিয়া থাকেন, এই নিমিত্ত মহাপুরুষ শব্দে উক্ত হন। ব্রহ্মকন্যা লক্ষ্মী, বৃত্তি, সরস্বতী, জগদ্ধাত্রী, দণ্ডনীতি অর্থাৎ দণ্ডের সহিত নীতি, এইসমুদায়ই দণ্ডস্বরূপ, অতএব দণ্ডের বিগ্রহ বহুবিধ। ম, শা, ১২১ অ। ২৩—২৪।

৬২। দণ্ড না থাকিলে প্রজাসঙ্কর, কার্য্যাকার্য্য ও ভোজ্যাভোজ্য কিছুই বিচার থাকে না, পেয় বা অপেয় বিষয়ে বিবেচনা থাকে না, লোক

৬০। "রাজ্যস্য দণ্ডমেবাঙ্গং দণ্ডঃ প্রভব এব চ॥"
ঈশ্বরেণ প্রযত্নেন কারণাৎ ক্ষত্রিয়স্য চ।
দণ্ডো দণ্ডঃ সমানাত্মা দণ্ডো হীদং সনাতনম্॥
রাজ্ঞাং পূজ্যতমো নান্যো যথা ধর্ম্মঃ প্রদর্শিতঃ।
ব্রহ্মণা লোকরক্ষার্থং স্বধর্ম্মস্থাপনায় চ॥ ম, শা, ১২১ অ। ৪৭—৪৯।

৬১। দণ্ডো হি ভগবান্ বিষ্ণুর্দণ্ডো নারায়ণ প্রভুঃ।
শশ্বদ্রূপং মহদ্বিভ্রন্মহান্ পুরুষ উচ্যতে॥
তথোক্তা ব্রহ্মকন্যেতি লক্ষ্মীর্বৃত্তিঃ সরস্বতী।
দণ্ডনীতির্জ্জগদ্ধাত্রী দণ্ডো হি বহুবিগ্রহঃ॥ ম, শা, ১২১ অ। ২৩—২৪।

৬২। তস্মিন্নন্তর্হিতে চাপি প্রজানাং সঙ্করোঽভবৎ।
নৈব কার্য্যং ন বা কার্য্যং ভোজ্যাভোজ্যং ন বিদ্যতে॥

সকল পরস্পরের হিংসা করে। গম্য বা অগম্য কিছুই বিচার থাকে না, আত্মধন ও পরধন উভয়ই তুল্য হয়, সারমেয় (কুক্কুর) সকল যেমন আমিষ হরণ করে, তদ্রূপ সকলেই পরস্পর পরস্পরের ধন হরণ করিতে প্রবৃত্ত হয়, বলবানেরা দুর্ব্বল সকলকে হনন করে, সকলেই মর্য্যাদা শূন্য হয়। ম, শা, ১২২ অ। ১৯—২১।

৬৩। ন্যায়-অন্যায় বিবেচনা করিয়া ধর্ম্মানুসারে দণ্ড প্রদান কর্ত্তব্য, যদৃচ্ছা-বশতঃ দণ্ড করা বিহিত নহে। দুষ্ট ব্যক্তির নিগ্রহ করাকে দণ্ড কহে; সুবর্ণাদি দণ্ড লোক সকলের বাহ্য বিভীষিকা প্রদর্শন মাত্র, শরীরের অঙ্গহীনতা ও বধদণ্ড অল্প কারণে হয় না। শারীরিক দণ্ড, উচ্চস্থান হইতে পতনদ্বারা দেহত্যাগ এবং স্বদেশ হইতে দূরীকরণ ইহা বিশেষ দোষের দণ্ড। ম, শা, ১২২ অ। ৪০—৪১।

৬৪। স্বয়ং ভগবান্ বিষ্ণুই দণ্ডরূপী। তাঁহা হইতে ধর্ম্মাচরণ হেতু

পেয়াপেয়ে কুতঃ সিদ্ধির্হিংসন্তি চ পরস্পরম্।
গম্যাগম্যং তদা নাসীৎ স্বং পরস্বং চ বৈ সমম্॥
পরস্পরং বিলুম্পন্তি সারমেয়া যথামিষম্।
অবলান্ বলিনো ঘ্নন্তি নির্ম্মর্য্যাদমবর্ত্তত॥ ম, শা, ১২২ অ। ১৯—২১।

৬৩। বিভজ্য দণ্ডঃ কর্ত্তব্যো ধর্ম্মেণ ন যদৃচ্ছয়া।
দুষ্টানাং নিগ্রহো দণ্ডো হিরণ্যং বাহ্যতঃ ক্রিয়া॥
ব্যঙ্গত্বং চ শরীরস্য বধো নাল্পস্য কারণাৎ।
শরীরপীড়াস্তাস্তাশ্চ দেহত্যাগো বিবাসনম্॥ ম, শা, ১২২ অ। ৪০—৪১।

৬৪। ততঃ স ভগবান্ ধ্যাত্বা চিরং শূলবরায়ুধঃ।
আত্মানমাত্মনা দণ্ডং সসৃজে দেবসত্তমঃ॥
তস্মাচ্চ ধর্ম্মচরণান্নীতির্দ্দেবী সরস্বতী।
সসৃজে দণ্ডনীতিং সা ত্রিষু লোকেষু বিশ্রুতা॥

নীতিরূপা সরস্বতী দেবী ত্রিলোক বিশ্রুতা দণ্ডনীতির উৎপাদন করিয়াছিলেন। তিনি ব্রহ্মার কার্য্য সাধনার্থ দণ্ডরূপ ধারণ করিয়াছিলেন এবং সেই কার্য্য সাধনান্তে ইন্দ্র যম, কুবের, সুমেরু, সমুদ্র, বরুণ, মৃত্যু, হুতাশন, মহাদেব, বশিষ্ঠ, ভাস্কর, নিশাকর, স্কন্দ ও কালকে বিশেষ বিশেষ দেশে বিশেষ বিশেষ কার্য্য সাধনার্থে সেই দণ্ড বিভাগ করিয়া দিয়াছিলেন। ম, শা, ১২২ অ। ২৪—৩৩।

৬৫। আদি, মধ্য, অবসানে এইরূপ দণ্ড বিখ্যাত আছে, ধর্ম্মজ্ঞ

ভূয়ঃ স ভগবান্ ধ্যাত্বা চিরং শূলবরায়ুধঃ।
তস্য তস্য নিকায়স্য চকারৈকৈকমীশ্বরম্॥
দেবানামীশ্বরং চক্রে দেবং দশশতেক্ষণম্।
যমং বৈবস্বতং চাপি পিতৃণামকরোৎ প্রভুম্॥
ধনানাং রাক্ষসানাং চ কুবেরমপি চেশ্বরম্।
পর্ব্বতানাং পতিং মেরুং সরিতাং চ মহোদধিম্॥
অপাং রাজ্যে সুরাণাং চ বিদধে বরুণং প্রভুম্।
মৃত্যুং প্রাণেশ্বরমথো তেজসাং চ হুতাশনম্॥
রুদ্রাণামপি চেশানাং গোপ্তারং বিদধে প্রভুম্।
মহাত্মানং মহাদেবং বিশালাক্ষং সনাতনম্॥
বসিষ্ঠমীশং বিপ্রাণাং বসুনাং জাতবেদসম্।
তেজসাং ভাস্করং চক্রে নক্ষত্রাণাং নিশাকরম্॥
বীরুধামংশুমন্তং চ ভূতানাঞ্চ প্রভুং বরম্।
কুমারং দ্বাদশভুজং স্কন্দং রাজানমাদিশৎ॥
কালং সর্ব্বেশমকরোৎ সংহারবিনয়াত্মকম্।
মৃত্যোশ্চতুর্ব্বিভাগস্য দুঃখস্য চ সুখস্য চ॥ ম, শা, ১২২অ। ২৪—৩৩।

৬৫। ইত্যেব দণ্ডো বিখ্যাত আদৌ মধ্যে তথাঽবরে।
ভূমিপালো যথান্যায়ং বর্ত্তেতানেন ধর্ম্মবিৎ॥ ম, শা, ১২২ অ। ৫৪।

ভূমিপাল যথান্যায়ে দণ্ড ধারণ করতঃ বর্ত্তমান থাকিবেন। ম, শা, ১২২ অ। ৫৪।

৬৬। নৃপতি নিয়ত দণ্ড উদ্যত করিয়া রাখিবেন। সতত আত্ম-পৌরুষ প্রকাশ করিবেন, স্বয়ং নির্দ্দোষ হইয়া অন্যের দোষদর্শী ও ছিদ্রা-ন্বেষী হইবেন। যে রাজা সতত দণ্ড উদ্যত রাখেন, মানবগণ তাঁহার নিকট অতিশয় ভয় প্রাপ্ত হয়, অতএব সমস্ত জীবকেই রাজা দণ্ড দ্বারা শাসিত করিবেন। তত্ত্বদর্শী পণ্ডিতগণ এইরূপে দণ্ডের প্রশংসা করিয়া থাকেন; অতএব ভেদ, দণ্ড, সাম, দান এই চতুষ্টয়ের মধ্যে দণ্ডই প্রধান বলিয়া উক্ত হয়। ম, শা, ১৪০ অ। ৭—৯।

৬৭। ভূপতি-কর্ত্তৃক যথাবৎ বিহিত দণ্ডনীতি চাতুর্ব্বর্ণ্য প্রজাবর্গকে অধর্ম্ম হইতে নিবৃত্তি করিয়া স্বধর্ম্মে সংস্থাপিত করে। চাতুর্ব্বর্ণ্য প্রকৃতি-গণ স্বধর্ম্মনিরত, মর্য্যাদা সকলের অসঙ্কর এবং দণ্ডনীতিকৃত মঙ্গল দ্বারা অকুতোভয় হইলে, ব্রাহ্মণাদি বর্ণত্রয়,সকলের স্বাস্থ্যের নিমিত্ত সাধ্যানুসারে

৬৬। নিত্যমুদ্যতদণ্ডঃ স্যান্নিত্যং বিবৃত-পৌরুষঃ।
অচ্ছিদ্রশ্ছিদ্রদর্শী চ পরেষাং বিবরানুগঃ॥
নিত্যমুদ্যতদণ্ডস্য ভৃশমুদ্বিজতে নরঃ।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি দণ্ডেনৈব প্রসাধয়েৎ॥
এবং দণ্ডং প্রশংসন্তি পণ্ডিতাস্তত্ত্বদর্শিনঃ।
তস্মাচ্চতুষ্টয়ে তস্মিন্ প্রধানো দণ্ড উচ্যতে॥ ম, শা, ১৪০ অ। ৭—৯।

৬৭। দণ্ডনীতিঃ স্বধর্ম্মেভ্যশ্চাতুর্ব্বর্ণ্যং নিযচ্ছতি।
প্রযুক্তা স্বামিনা সম্যগধর্ম্মেভ্যো নিযচ্ছতি॥
চাতুর্ব্বর্ণ্যে স্বকর্ম্মস্থে মর্য্যাদানামসঙ্করে।
দণ্ডনীতিকৃতে ক্ষেমে প্রজানামকুতোভয়ে॥
সাম্যে প্রযত্নং কুর্ব্বন্তি ত্রয়োবর্ণা যথাবিধি।
তস্মাদেব মনুষ্যাণাং সুখং বিদ্ধি সমাহিতম্॥ ম, শা, ৬৯ অ। ৭৬—৭৮।

যত্নবান্ হয় এবং তাহাতেই মনুজগণের পরমসুখলাভ হইয়া থাকে। ম, শা, ৬৯ অ। ৭৬—৭৮।

৬৮। কালই রাজার কারণ, অথবা রাজাই কালের কারণ, তোমার যেন এতাদৃশ সংশয় উপস্থিত না হয়, এবং ইহাই নিশ্চয় জানিবে যে, রাজাই কালের কারণ। যখন নরপতি সম্যক্‌রূপে যথাবিধি দণ্ডনীতি প্রয়োগ করেন, তখনই কালক্রমাগত সত্যযুগ প্রবর্ত্তিত হইয়া থাকে। তদনন্তর সেই কৃতযুগে কেবলমাত্র ধর্ম্মই বিরাজ করিতে থাকেন, অধর্ম্ম এককালে অন্তর্হিত হয় এবং প্রকৃতিপুঞ্জের মন তাহাতে অনুরক্ত হয় না। প্রজাগণ নিঃসংশয়ে যোগ সকল আচরণ করে এবং তাহাদের বৈদিক গুণসকল

৬৮। কালো বা কারণং রাজ্ঞো রাজা বা কালকারণম্।
ইতি তে সংশয়ো মাভূদ্রাজা কালস্য কারণম্॥
দণ্ডনীত্যাং যদা রাজা সম্যক্কাৎস্ন্যেন বর্ত্ততে।
তদা কৃতযুগং নাম কাল সৃষ্টং প্রবর্ত্ততে॥
ততঃ কৃতযুগে ধর্ম্মো নাধর্ম্মো বিদ্যতে ক্বচিৎ।
সর্ব্বেষামেব বর্ণানাং নাধর্ম্মে রমতে মনঃ॥
যোগক্ষেমাঃ প্রবর্ত্তন্তে প্রজানাং নাত্র সংশয়ঃ।
বৈদিকানি চ সর্ব্বাণি ভবন্ত্যপি গুণান্যুত॥
ঋতবশ্চ সুখাঃ সর্ব্বে ভবন্ত্যত নিরাময়াঃ।
প্রসীদন্তি নরাণাঞ্চ স্বরবর্ণমনাংসি চ॥
ব্যাধয়ো ন ভবন্ত্যত্র নাল্পায়ুর্দৃশ্যতে ন চ।
বিধবা ন ভবত্যত্র কৃপণো ন তু জায়তে॥
অকৃষ্টপচ্যা পৃথিবী ভবন্ত্যোষধয়স্তথা।
ত্বক্‌পত্রফলমূলানি বীর্য্যবন্তি ভবন্তি চ॥
নাধর্ম্মো বিদ্যতে তত্র ধর্ম্ম এব তু কেবলম্।
ইতি কার্ত্তযুগানেতান্ ধর্ম্মান্ বিদ্ধি যুধিষ্ঠির॥ ম, শা, ৬৯ অ। ৭৯—৮৬।

প্রাদুর্ভূত হইয়া থাকে। ঋতু সকল নিরাময় এবং সুখাবহ হয়; মনুষ্যগণের স্বর, বর্ণ ও মন প্রসন্ন হইয়া থাকে। কেহই রোগাক্রান্ত হয় না এবং কোন মনুষ্যকেই অল্পায়ু দৃষ্ট হয় না। এই সত্যযুগে কোন রমণীই বিধবা এবং কেহই কৃপণ হয় না। কর্ষণাদি ব্যতিরেকেও পৃথিবীতে ওষধি এবং শস্য সকল উৎপন্ন হইয়া থাকে; ত্বক্, পত্র, ফল এবং মূল সকল বীর্য্যবান্ হয়। সেই কৃতযুগে অধর্ম্ম অন্তর্হিত হয় এবং কেবল ধর্ম্মই বিরাজ করিতে থাকেন। এই সকলকে সত্যযুগের ধর্ম্ম বলিয়া জানিবে। ম, শা, ৬৯ অ। ৭৯—৮৬।

৬৯। যখন ভূপতি সম্যক্‌রূপে প্রবৃত্ত না হইয়া দণ্ডনীতির চতুর্থাংশ পরিত্যাগ করতঃ তাহার ভাগত্রয় মাত্রের অনুবর্ত্তী হন, তখনই ত্রেতাযুগ প্রবর্ত্তিত হইয়া থাকে। সেই ত্রেতাযুগে তিন অংশ ধর্ম্ম এবং এক অংশ অধর্ম্ম প্রবর্ত্তিত হয়। কর্ষণ করিলে পৃথিবীতে শস্য এবং ওষধি সকল উৎপন্ন হইয়া থাকে। ম, শা, ৬৯ অ। ৮৭—৮৮।

৭০। যখন নরপতি দণ্ডনীতির অর্দ্ধাংশ পরিত্যাগ করিয়া অর্দ্ধাংশ মাত্রের অনুবর্ত্তী হইয়া কার্য্য করেন, তখনই দ্বাপর নামক কাল প্রবর্ত্তিত হয়। তখন দুইভাগ ধর্ম্ম এবং দুইভাগ অধর্ম্মের অনুবর্ত্তী হয় এবং

৬৯। দণ্ডনীত্যাং যদা রাজা ত্রীনংশাননুবর্ত্ততে।
চতুর্থমংশমুৎসৃজ্য তদা ত্রেতা প্রবর্ত্ততে ॥
অশুভস্য চতুর্থাংশস্ত্রীনংশাননুবর্ত্ততে।
কৃষ্টপচ্যৈব পৃথিবী ভবন্ত্যোষধয়স্তথা ॥ ম, শা, ৬৯ অ। ৮৭—৮৮।

৭০। অর্দ্ধং ত্যক্ত্বা যদা রাজা নিত্যার্থমনুবর্ত্ততে।
ততস্তু দ্বাপরং নাম স কালঃ সম্প্রবর্ত্ততে ॥
অশুভস্য যদা ত্বর্দ্ধং দ্বাবংশাবনুবর্ত্ততে।
কৃষ্টপচ্যৈব পৃথিবী ভবত্যর্দ্ধফলা তথা ॥ ম, শা, ৬৯ অ। ৮৯—৯০।

পৃথিবী কর্ষিত হইয়াও অৰ্দ্ধমাত্র ফল প্রদান করেন : ম, শা, ৬৯ অ। ৮৯—৯০।

৭১। যখন নরপতি দণ্ডনীতি পরিত্যাগ করিয়া কেবলমাত্র অসদুপায় দ্বারা প্রকৃতিপুঞ্জকে পীড়িত করিয়া থাকেন, তখনই কলিযুগ প্রবর্ত্তিত হয়। কলিযুগে কুত্রাপি ধর্ম্ম দৃষ্ট হয় না, সকলই অধর্ম্মপূর্ণ এবং সকল বর্ণেরই মন স্বধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া থাকে। শূদ্রগণ ভিক্ষাবৃত্তি এবং ব্রাহ্মণগণ অন্যের পরিচর্য্যা দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যোগশীলগণ

৭১। দণ্ডনীতিং পরিত্যজ্য যদা কাৎ'স্ন্যেন ভূমিপঃ।
প্রজাঃ ক্লিশ্নাত্যযোগেন প্রবর্ত্তেত তদা কলিঃ॥
কলাবধর্ম্মো ভূয়িষ্ঠং ধর্ম্মো ভবতি ন ক্বচিৎ।
সর্ব্বেষামেব বর্ণানাং স্বধর্ম্মাচ্চ্যবতে মনঃ॥
শূদ্রা ভৈক্ষেণ জীবন্তি ব্রাহ্মণা পরিচর্য্যয়া।
যোগক্ষেমস্য নাশশ্চ বর্ত্ততে বর্ণসঙ্করঃ॥
বৈদিকানি চ কর্ম্মাণি ভবন্তি বিগুণান্যুত।
ঋতবো ন সুখাঃ সর্ব্বে ভবন্ত্যাময়িনস্তথা॥
হ্রসন্তি চ মনুষ্যাণাং স্বরবর্ণমনাংস্যুত।
ব্যাধয়শ্চ ভবন্ত্যত্র ম্রিয়তে চ গতায়ুষঃ॥
বিধবাশ্চ ভবন্ত্যত্র নৃশংসা জায়তে প্রজা।
ক্বচিদ্বর্ষতি পর্জ্জন্যঃ ক্বচিৎ শস্যং প্ররোহতি॥
রসাঃ সর্ব্বে ক্ষয়ং যান্তি যদা নেচ্ছতি ভূমিপঃ।
রাজা কৃতযুগস্রষ্টা ত্রেতায়া দ্বাপরস্য চ।
যুগস্য চ চতুর্থস্য রাজা ভবতি কারণম্॥
কৃতস্য করণাদ্রাজা স্বর্গমত্যন্তমশ্নুতে।
ত্রেতায়া করণাদ্রাজা স্বর্গং নাত্যন্তমশ্নুতে॥
প্রবর্ত্তনাদ্দ্বাপরস্য যথাভাগমুপাশ্নুতে।
কলেঃ প্রবর্ত্তনাদ্রাজা পাপমত্যন্তমশ্নুতে॥ ম, শা, ৬৯ অ। ৯১—১০০।

বিনাশ প্রাপ্ত হয় এবং বর্ণ-সঙ্করগণের বৃদ্ধি হইয়া থাকে। বৈদিক কর্ম্ম-সকলের অনুষ্ঠান করিলে, তাহাতে কোন ফল না হইয়া বরং বিগুণই হইয়া থাকে; কোন ঋতুই সুখদায়ক হয় না, প্রত্যুত সকল ঋতুতেই প্রজাবর্গ রোগ-পীড়িত হইয়া থাকে। মনুষ্যগণের স্বর, বর্ণ ও মন হ্রাস হয় এবং তাহারা ব্যাধিপীড়িত ও অল্পায়ুঃ হইয়া অকালে কালকবলে পতিত হয়। কলিযুগে অবলাগণ বিধবা এবং প্রজাগণ নৃশংস হইয়া থাকে। পর্জ্জন্য সর্ব্বত্র বারিবর্ষণ করেন না, শস্যাদিও কদাচিৎ উৎপন্ন হইয়া থাকে। যখন নরপতি দণ্ডনীতি সমাহিত হইয়া প্রজাবর্গকে রক্ষা করিতে ইচ্ছা না করেন, তৎকালে রস সকলও ক্ষয়প্রাপ্ত হয়। রাজাই সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলি এই যুগচতুষ্টয়ের পরিবর্ত্তনের কারণ। নৃপতি সত্যযুগে আচরিত কার্য্যসকল দ্বারা অনন্ত, ত্রেতাযুগে তাহা অপেক্ষা কিঞ্চিৎ ন্যূন এবং দ্বাপরযুগে আচরিত ধর্ম্ম ও অধর্ম্মের সংখ্যানুসারে অধিক বা অল্প স্বর্গসুখ লাভ করেন, কিন্তু কলিযুগাচরিত কার্য্য দ্বারা কেবল পাপজন্য কষ্ট ভোগই করিয়া থাকেন। ম, শা, ৬৯ অ। ৯১—১০০।

৭২। গুরু-কার্য্যাকার্য্য-বিবেকহীন, গর্ব্বিত এবং কুপথগামী হইলে, তাহারও রাজসমীপে অপ্রতিসমাধেয় দণ্ড হইয়া থাকে। ম, শা, ৫৭অ। ৭। শুক্র, ৪ অ-১ প্র। ৫১।

৭৩। দুষ্টদিগের শাসনের জন্যই দণ্ডবিহিত হইয়াছে, নিজ সমুন্নতির

৭২। গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথ প্রতিপন্নস্য দণ্ডো ভবতি শাশ্বতঃ॥ ম, শা, ৫৭ অ। ৭।
শুক্র, ৪ অ-১প্র। ৫১।

৭৩। শিষ্ট্যর্থং বিহিতো দণ্ডো ন বৃদ্ধ্যর্থং বিনিশ্চয়ঃ।
যে চ শিষ্টান্ প্রবাধন্তে দণ্ডস্তেষাং বধঃ স্মৃতঃ॥
যে চ রাষ্ট্রোপরোধেন বৃদ্ধিং কুর্ব্বন্তি কেচন।
তদেব তেঽনুমীয়ন্তে কুণপে কৃময়ো যথা॥ ম, শা, ১৩৫ অ। ২০—২১।

জন্য তাহা বিহিত নহে, ইহা নিশ্চয় জানিবে। যাহারা শিষ্ট-জনের শাসন করে, তাহাদের বধরূপ দণ্ড বিহিত হয়। যাহারা রাজ্যের প্রতি উপদ্রব করিয়া যে কোন প্রকারে ধন বৃদ্ধি করে, তাহারা দুঃখপ্রদ কৃমিগণের ন্যায় অচিরকাল মধ্যেই বধ্যরূপে পরিগণিত হইয়া থাকে। ম, শা, ১৩৫অ। ২০—২১।

৭৪। যদি ধনী ব্যক্তি পাপী হয়, তাহা হইলে তাহাকে ধন হইতে বিযুক্ত করিবে এবং নির্দ্ধন ব্যক্তি পাপী হইলে, তাহাকে বন্ধন করিবে। ম, শা, ৮৫ অ। ২০।

৭৫। রাজা দুর্ব্বৃত্ত মানবদিগকে প্রহার দ্বারা শিক্ষিত করিবেন। শিষ্টদিগকে সান্ত্বচন দ্বারা পালন করিবেন। ম, শা, ৮৫ অ। ২১।

৭৬। যে মানব রাজ-বধ-চিকীর্ষু, গৃহদাহক, তস্কর ও বর্ণসঙ্করকারক রাজা বিচিত্ররূপে অর্থাৎ নানা প্রকারে তাহার দণ্ডবিধান করিবেন। ম, শা, ৮৫ অ। ২২।

৭৭। শাস্ত্রানুসারে অবহিত ভূমিপতি বধরূপ দণ্ডবিধান করিলে, তাহাতে অধর্ম্ম হইবে না, প্রত্যুত তাহাতে শাশ্বত ধর্ম্মই হইবে। ম, শা, ৮৫ অ। ২৩।

৭৪। অপরাধানুরূপঞ্চ দণ্ডং পাপেষু ধারয়েৎ।
বিয়োজয়েদ্ধনৈর্ঋদ্ধানধনানথ বন্ধনৈঃ॥ ম, শা, ৮৫ অ। ২০।

৭৫। বিনয়েচ্চাপি দুর্ব্বৃত্তান্ প্রহারৈরপি পার্থিবঃ।
সান্ত্বেনোপপ্রদানেন শিষ্টাংশ্চ পরিপালয়েৎ॥ ম, শা, ৮৫ অ। ২১।

৭৬। রাজ্ঞো বধং চিকীর্ষেদ্‌যস্তস্য চিত্রোভবেদ্বধঃ।
আদীপকস্য স্তেনস্য বর্ণসঙ্করিকস্য চ॥ ম, শা, ৮৫ অ। ২২।

৭৭। সম্যক্‌প্রণয়তোদণ্ডং ভূমিপস্য বিশাম্পতে।
যুক্তস্য বা নাস্ত্যধর্ম্মো ধর্ম্ম এব হি শাশ্বতঃ॥ ম, শা, ৮৫ অ। ২৩।

৭৮। রাজা পুরবাসীগণকে পুত্র নির্ব্বিশেষে প্রতিপালন করিবেন, কিন্তু বিচার কার্য্যে প্রবৃত্ত হইয়া স্বজন বলিয়া তাহাদিগের প্রতি স্নেহ প্রকাশ করিবেন না। ম, শা, ৬৯ অ। ২৭।

৭৯। রাজা পুরবাসীগণের রক্ষার নিমিত্ত মত্ত, উন্মত্ত প্রভৃতি দশধর্ম্মগত লোক সকলকে দণ্ডদ্বারা বহু হউক অথবা অল্পই হউক, ধন গ্রহণ করিবেন; কারণ তাহাদের দণ্ড না করিলে, তাহারা পৌরগণের পীড়াকর হইয়া থাকে। ম, শা, ৬৯ অ। ২৬।

৮০। গুরুতর ব্যক্তিরাও যদি শাসনকর্ত্তার সন্নিধানে পুনঃপুনঃ অপরাধ করেন, তবে তাঁহাদিগকে দস্যুগণের ন্যায় বধদণ্ডে দণ্ডিত না করিয়া দেশ হইতে নির্ব্বাসিত করা কর্ত্তব্য। ম, শা, ২৬৬ অ। ১৬।

৮১। যদি অহিংসা দ্বারা অসাধুগণকে সাধু করিতে সমর্থ না হয়, তবে কোন যজ্ঞ আরম্ভ করিয়া, দস্যুগণের বিনাশ সাধন কর্ত্তব্য; যেহেতু পাপিষ্ঠগণ যজ্ঞীয় পশু হইয়া স্বর্গে গমন করিয়া থাকে, ইহা শ্রুতিতে কথিত আছে। অতএব বধার্হ ব্যক্তিগণকেও যজ্ঞমধ্যে প্রবেশিত করিয়া তাহাদের উপকার করা উচিত। ম, শা, ২৬৬ অ। ২৩।

৭৮। যথা পুত্রাস্তথা পৌত্রা দ্রষ্টব্যাস্তে ন সংশয়ঃ।
ভক্তিশ্চৈবাং ন কর্ত্তব্যা ব্যবহারে প্রদর্শিতে॥ ম, শা, ৬৯ অ। ২৭।

৭৯। দশধর্ম্মগতেভ্যো যদ্বসু বহ্বল্পমেব চ।
তদাদদীত সহসা পৌরাণাং রক্ষণায় বৈ॥ ম, শা, ৬৯ অ। ২৬।

৮০। গরীয়াংসো গরীয়াংসমপরাধে পুনঃ পুনঃ।
তদা বিসর্গমর্হন্তি ন যথা প্রথমে তথা॥ ম, শা, ২৬৬ অ। ১৬।

৮১। তান্ন শক্নোষি চেৎ সাধূন্ পরিত্রাতুমহিংসয়া।
কস্যচিদ্ ভূতভব্যস্য লাভেনান্তং তথা কুরু॥ ম, শা, ২৬৬ অ। ২৩।

৮২। উদ্বেজন অর্থাৎ সর্ব্বস্ব অপহরণাদি ভয়প্রদর্শন, বন্ধন, বিরূপ-করণ ও বধ দণ্ড দ্বারা দস্যুগণের ভার্য্যা প্রভৃতিতে পুরোহিত-সমাজে ক্লেশ দেওয়া উচিত নহে। দস্যুগণ যখন পুরোহিতের নিকটে শরণাগত হইয়া "ব্রহ্মন্ আমরা পুনরায় এরূপ পাপকর্ম্ম করিব না" এই কথা বলিবে, তখন তাহাদিগকে বিসর্জ্জন করাই বিহিত, ইহাই বিধাতার শাসন। দণ্ড ও অজিনধারী মুণ্ডিত-মস্তক সন্ন্যাসী যদি গর্হিত কার্য্য করেন, তবে তাঁহারও শাসন অবশ্য কর্ত্তব্য। ম, শা, ২৬৬ অ। ১৩—১৫।

৮৩। যে অবিচক্ষণ ভূপতি ইচ্ছানুসারে দণ্ডবিধান করেন, তিনি ইহলোকে অযশোভাজন হইয়া মরণান্তে নরকলোক লাভ করেন। অতএব রাজা পরের প্রবাদে পরের প্রতি দণ্ড অর্পণ করিবেন না; শাস্ত্র ও যুক্তি অবলম্বন করিয়া বন্ধন ও মুক্ত করিবেন। ম, শা, ৮৫ অ। ২৪—২৫।

৮৪। প্রচণ্ড দণ্ড দ্বারা প্রজাদিগকে উত্ত্যক্ত করা রাজবিহিত নহে। বা, অ, ১০০ স। ২৭।

৮২। উদ্বেজনেন বন্ধেন বিরূপকরণেন চ।
বধ দণ্ডেন তে ক্লিশ্যা ন পুরোহিতসংসদি॥
যদা পুরোহিতং বা তে পর্য্যেয়ুঃ শরণৈষিণঃ।
করিষ্যামঃ পুনর্ব্রহ্মন্ন পাপমিতি বাদিনঃ॥
তদা বিসর্গমর্হাঃ স্যুরিতীদং ধাতৃশাসনম্॥
বিভ্রদ্দণ্ডাজিনং মুণ্ডো ব্রাহ্মণোঽর্হতি শাসনম্॥ ম, শা, ২৬৬ অ। ১৩—১৫।

৮৩। কামকারেণ দণ্ডন্তু যঃ কুর্য্যাদবিচক্ষণঃ।
স ইহাকীর্ত্তিসংযুক্তো মৃতো নরকমৃচ্ছতি॥
ন পরস্য প্রবাদেন পরেষাং দণ্ডমর্পয়েৎ।
আগমানুগমং কৃত্বা বধ্নীয়ান্মোক্ষয়ীত বা॥ ম, শা, ৮৫ অ। ২৪—২৫।

৮৪। "কচ্চিন্নোগ্রেণ দণ্ডেন ভৃশমুদ্বেজিতাঃ প্রজাঃ॥" বা, অ, ১০০ স। ২৭।

৮৫। দণ্ডনীতি বিনষ্ট এবং রাজধর্ম্ম নিরাকৃত হইলে, লোক সকল রাজ-দৌরাত্ম্যে সর্ব্বতোভাবে প্রমোহিত হইয়া থাকে। ম, শা, ৬৫ অ। ২৪।

৮৬। যে রাজা নিজ চিত্তকে সমাহিত না করিয়া অপরকে শাসন করিতে ইচ্ছা করেন, সেই বিষয়েন্দ্রিয়ের বশীভূত নৃপতিকে প্রজাগণ উপহাস করিয়া থাকে। ম, শা, ২৬৬ অ। ২৭।

৮৭। যিনি দুষ্কৃত-কর্ম্মপাপী ব্যক্তিকে সম্যক্ শাসন করিতে ইচ্ছা করেন, অগ্রে তাঁহার আত্মনিয়মন কর্ত্তব্য, অনন্তর পুত্র, সহোদর প্রভৃতিকে সুমহৎ দণ্ড দ্বারা শাসিত করা উচিত। ম, শা, ২৬৬ অ। ২৯।

৮৮। যিনি দণ্ডযোগ্য ব্যক্তির প্রতি দণ্ডবিধান করেন এবং যে ব্যক্তি দোষের জন্য দণ্ড পায়, উভয়েই স্বীয় স্বীয় কর্ত্তব্য কর্ম্ম করিয়া অবসন্ন হন না। বা, কি, ১৮ স। ৬৩।

৮৯। মানবেরা পাপকার্য্য অনুষ্ঠান করতঃ যদি রাজদণ্ডে দণ্ডিত হয়, তবে পাপবিহীন হইয়া সুকৃতীদিগের ন্যায় স্বর্গে গমন করে। বা, কি, ১৮ স। ৩১।

৮৫। বিনষ্টায়াং দণ্ডনীত্যাং রাজধর্ম্মে নিরাকৃতে।
সম্প্রমুহ্যন্তি ভূতানি রাজদৌরাত্ম্যতোঽনঘ ॥ ম, শা, ৬৫ অ। ২৪।

৮৬। আত্মানমসমাধায় সমাধিৎসতি যঃ পরান্।
বিষয়েষ্বিন্দ্রিয়বশং মানবাঃ প্রহসন্তি তম্ ॥ ম, শা, ২৬৬। ২৭।

৮৭। আত্মৈবাদৌ নিয়ন্তব্যো দুষ্কৃতং সন্নিয়চ্ছতা।
দণ্ডয়েচ্চ মহাদণ্ডৈরপি বন্ধূননন্তরান্ ॥ ম, শা, ২৬৬ অ। ২৯।

৮৮। দণ্ড্যে যঃ পাতয়েদ্দণ্ডং দণ্ড্যো যশ্চাপি দণ্ড্যতে।
কার্য্য[illegible]ণ সিদ্ধার্থাবুভৌ তৌ নাবসীদতঃ ॥ বা, কি, ১৮ স। ৬৩।

৮৯। রাজ[illegible]ণ্ডাশ্চ কৃত্বা পাপানি মানবাঃ।
নির্ম্মলা[illegible]যান্তি সন্তঃ সুকৃতিনো যথা ॥ বা, কি, ১৮ স। ৩১।

৯০। চৌর প্রভৃতি পাপাচার ব্যক্তি রাজদণ্ডে দণ্ডিতই হউক, আর কোন কারণে রাজদণ্ড হইতে বিমুক্তই হউক, উভয়থাই পাপ হইতে মুক্তি-লাভ করে, কিন্তু তাহাকে সমুচিত দণ্ড প্রদান না করিলে, রাজা তদীয় পাপের ফলভাগী হন। বা, কি, ১৮ স। ৩২।

৯১। অপরাধ অনুসারে দণ্ড প্রয়োগ করিলে, প্রজাগণ সুরক্ষিত হয়। বা, উ, ৭১ স। ৩০।

৯২। শাস্ত্র-ব্যতিক্রমে দণ্ড প্রদান,—স্বর্গ, কীর্ত্তি, ভূরাদি সমস্ত লোক প্রাপ্তি বিনষ্ট করে এবং শাস্ত্রানুসারে দণ্ড দান, রাজার স্বর্গ, কীর্ত্তি এবং জয়ের কারণ হয়। যাজ্ঞ, ১ অ। ৩৫৭।

৯৩। সহোদরভ্রাতা, পুত্র, আচার্য্যাদি পূজ্যতমব্যক্তি, শ্বশুর কিংবা মাতুল, যিনিই কেন হউন না, স্বধর্ম্ম হইতে বিচলিত হইলে, কেহই রাজার দণ্ড হইতে নিষ্কৃতি পাইবেন না। যে রাজা দণ্ডনীয় ব্যক্তিকে উপযুক্তরূপে দণ্ডিত করেন, বধ্যব্যক্তির মৃত্যুদণ্ড আদেশ করেন, তিনি প্রচুর-দক্ষিণ সুসম্পূর্ণ যজ্ঞানুষ্ঠানের ফল প্রাপ্ত হন। রাজা এইরূপ অপরাধিগণের

৯০। শাসনাদ্বাপি মোক্ষাদ্বা স্তেনঃ পাপাৎ প্রমুচ্যতে।
রাজা ত্বশাসন্ পাপস্য তদবাপ্নোতি কিল্বিষম্॥ বা, কি ১৮ স। ৩২।

৯১। "সম্যক্ প্রণিহিতে দণ্ডে প্রজা ভবতি রক্ষিতা॥" বা, উ, ৭১ স। ৩২।

৯২। অধর্ম্মদণ্ডনং স্বর্গকীর্ত্তিলোকবিনাশনম্।
সম্যক্ চ দণ্ডনং রাজ্ঞঃ স্বর্গকীর্ত্তিজয়াবহম্॥ যাজ্ঞ, ১ অ। ৩৫৭।

৯৩। অপি ভ্রাতা সুতোঽর্ঘ্যো বা শ্বশুরো মাতুলোঽপি বা।
নাদণ্ড্যো নাম রাজ্ঞোঽস্তি ধর্ম্মাদ্বিচলিতঃ স্বকাৎ॥
যে দণ্ড্যান্ দণ্ডয়েদ্রাজা সম্যগ্ বধ্যাংশ্চ ঘাতয়েৎ।
ইষ্টং স্যাৎ ক্রতুভিস্তেন সহস্রশতদক্ষিণৈঃ॥
ইতি সঞ্চিন্ত্য নৃপতিঃ ক্রতুতুল্য ফলং পৃথক্।
ব্যবহারান্ স্বয়ং পশ্যেৎ সভ্যৈঃ পরিবৃতোঽন্বহম্॥ যাজ্ঞ, ১ অ। ৩৫৮—৩৬০।

দণ্ডদানে যজ্ঞফল-প্রাপ্তি এবং বৈপরীত্যে স্বজনাদি নাশ বিচিন্তা করিয়া, প্রত্যহ সভ্যবর্গ সমভিব্যাহারে পৃথক্ পৃথক্ বর্ণানুসারে ব্যবহারকার্য্য স্বয়ং পর্য্যবেক্ষণ করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৫৮—৩৬০।

৯৪। রাজা কুল, জাতি, শ্রেণী, গণ এবং জানপদগণ স্বধর্ম্মভ্রষ্ট হইলে, তাহাদিগকে অপরাধানুসারে দণ্ড করিয়া পুনর্ব্বার ধর্ম্মপথে স্থাপিত করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৬১।

৯৫। ধিক্কারদণ্ড, বাগ্‌যন্ত্রণাদণ্ড, অর্থদণ্ড এবং শারীরিক দণ্ড, অপরাধানুসারে এই সকলগুলি বা ইহার মধ্যে কোন একটি অপরাধীর প্রতি প্রযোজ্য। যাজ্ঞ, ১ অ। ৩৬৭।

৯৬। রাজা অপরাধ, দেশ, কাল, বল, কর্ম্ম, বয়স এবং ধনাদি বিবেচনা করিয়া তদনুসারে অপরাধীকে দণ্ড দিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৬৮।

৯৭। যে রাজনিযুক্ত ব্যক্তি দণ্ডনীয় ব্যক্তিকে বিনা দণ্ডে মুক্তিপ্রদান করে, তাহাকে এবং যে নরাধম অদণ্ডনীয় ব্যক্তিকে দণ্ড করে, তাহাকে দণ্ডনীয় ও দণ্ডিত-ব্যক্তি অপেক্ষা দ্বিগুণ দণ্ড বহন করিতে হইবে। বিষ্ণু, ৫ অ। ১৯১।

৯৪। কূলানি জাতীঃ শ্রেণীশ্চ গণান্ জানপদাংস্তথা।
স্বধর্ম্মচলিতান্ রাজা বিনীয় স্থাপয়েৎ পথি॥ যাজ্ঞ, ১ অ। ৩৬১।

৯৫। ধিগ্‌দণ্ডস্ত্বথ বাগ্‌দণ্ডো ধনদণ্ডো বধস্তথা।
যোজ্যা ব্যস্তাঃ সমস্তা বা অপরাধবশাদিমে॥ যাজ্ঞ, ১ অ। ৩৬৭।

৯৬। জ্ঞাতাপরাধং দেশঞ্চ কালং বলমথাপি বা।
বয়ঃ কর্ম্ম চ বিত্তঞ্চ দণ্ডং দণ্ড্যেষু পাতয়েৎ॥ যাজ্ঞ, ১ অ। ৩৬৮

৯৭। দণ্ড্যং প্রমোচয়ন্ দণ্ড্যাদ্দ্বিগুণং দণ্ডমাবহেৎ।
নিযুক্তশ্চাপ্যদণ্ড্যানাং দণ্ডকারী নরাধমঃ॥ বিষ্ণু, ৫অ। ১৯১

৯৮। মিত্র, শত্রু ও স্বর্ণাদির বৃদ্ধি, ভূমির বৃদ্ধি, আশু দূরকার্য্য সম্পাদন, লব্ধের পরিপালন, পরচক্রাভিঘাত, নিজ দণ্ড পরিগ্রহ এই সমস্ত দণ্ড সাধ্য, দণ্ডব্যসনে ক্ষয় নিশ্চিত। কাম, ১৩ স। ৩৫—৩৬।

৯৯। দণ্ডসম্পন্ন রাজার শত্রুও মিত্রে পরিণত হয়, দণ্ডপ্রধান রাজা পৃথিবী আক্রম্য করিয়া উপভোগ করেন। ভূমি, কোষ ও দণ্ড হেতুক মিত্র স্তম্ভিত ও শত্রু বিনষ্ট করিয়া প্রাণব্যয়েও পরের উপকার করিয়া থাকেন। তাঁহার স্নেহ-নিবন্ধন বহুমিত্র লাভ হয়। দণ্ডব্যসন ঘটিলে মিত্র কর্ম্মের অভাব হয়। কাম, ১৩ স। ৩৭—৩৯।

১০০। মহা অপরাধেও প্রাণান্তিক দণ্ড করিবে না। রাজ্যাপহরণ ভিন্ন, সর্ব্বত্র যুক্তদণ্ড প্রশস্ত। কাম, ১৪ স। ১৬।

১০১। লোক রাজদণ্ড ভয়ে স্বধর্ম্মপরায়ণ হয়। যে স্বধর্ম্ম-নিরত সে ইহলোকে তেজস্বী হয়। শুক্র, ১ অ। ২৩।

৯৮। মিত্রামিত্রহিরণ্যানাং ভূমীনাঞ্চ প্রসারণম্।
দূরকার্য্যাশুকারিত্বং লব্ধস্য পরিপালনম্॥
পরচক্রাভিঘাতশ্চ স্বদণ্ডস্য পরিগ্রহঃ।
দণ্ডাদেতৎ প্রভবতি যাতি তদ্ব্যসনে ক্ষয়ম্॥ কাম, ১৩স। ৩৫—৩৬।

৯৯। অরয়োঽপি হি মিত্রত্বং যান্তি দণ্ডবতোধ্রুবম্।
দণ্ডপ্রায়ো হি নৃপতির্ভুনক্ত্যাক্রম্য মেদিনীম্॥
সংস্তম্ভয়তি মিত্রাণি হ্যমিত্রং নাশয়ত্যপি।
ভূকোষদণ্ডৈর্ব্রজতি প্রাণৈশ্চাপ্যুপকারিতাম্।
ততঃ করোতি সুবহু মিত্রং স্নেহনিবন্ধনম্।
তস্মিন্ ব্যসনমাপন্নে মিত্রকর্ম্ম ন বিদ্যতে॥ কাম, ১৩ স। ৩৭—৩৯।

১০০। মহৎস্বপ্যপরাধেষু দণ্ডং প্রাণান্তিকং ত্যজেৎ।
ঋতে রাজ্যাপহারাত্তু যুক্তদণ্ডঃ প্রশস্যতে॥ কাম,। ১৪ স। ১৬।

১০১। রাজদণ্ড ভয়াল্লোকঃ স্বস্ব ধর্ম্মপরো ভবেৎ।
যো হি স্বধর্ম্মনিরতঃ স তেজস্বী ভবেদিহ॥ শুক্র, ১ অ। ২৩।

১০২। স্বধর্ম্ম ব্যতীত সুখ হয় না, স্বধর্ম্মই পরম তপঃ, যিনি স্বধর্ম্মরূপ তপস্যার বর্দ্ধন করেন, দেবগণও তাঁহার কিঙ্কর হন, মানবের কথা কি? ভয়ঙ্কর ন্যায্যদণ্ড বিধান করিয়া প্রজাগণকে স্বধর্ম্মনিরত করিবে। শুক্র, ১ অ। ২৪—২৫।

১০৩। নির্ভৎসন, অপমান, অনশন, বন্ধন, তাড়ন, দ্রব্যাহরণ, নগর হইতে নির্ব্বাসন, শরীরে চিহ্নকরণ, ব্যস্তক্ষৌর (বিপরীত-ক্ষৌরকরণ), অসৎযান, অঙ্গচ্ছেদ, বধ এবং যুদ্ধ এই সমস্ত দণ্ডের প্রভেদক (বিভিন্নরূপ)।

১০৪। দণ্ডভয়ে প্রজাগণ ধর্ম্ম-নিরত হয়, আঘর্ষণ (দুর্ব্বলাক্রমণ) ও অসত্যভাষণ করে না; ক্রূর মৃদুতা প্রাপ্ত হয়, ও দুষ্ট দুষ্টতা দোষ ত্যাগ

১০২। যিনা স্বধর্ম্মান্ন সুখং স্বধর্ম্মো হি পরং তপঃ।
তপঃ স্বধর্ম্মরূপং যৎ বর্দ্ধিতং যেন বৈ সদা॥
দেবাস্তু কিঙ্করাস্তস্য কিং পুনর্ম্মনুজা ভুবি?।
সুদণ্ডৈর্দ্ধর্ম্মনিরতাঃ প্রজাঃ কুর্য্যান্মহাভয়ৈঃ॥ শুক্র, ১ অ। ২৪—২৫।

১০৩। নির্ভৎসনং চাপমানোঽনশনং বন্ধনং তথা।
তাড়নং দ্রব্যাহরণং পুরান্নির্ব্বাসনাঙ্কনে॥
ব্যস্তক্ষৌরমসদ্‌যানমঙ্গচ্ছেদো বধস্তথা।
যুদ্ধমেতে হ্যুপায়াশ্চ দণ্ডস্যৈব প্রভেদকাঃ॥ শুক্র, ৪ অ-১প্র। ৪৬—৪৭।

১০৪। জায়তে ধর্ম্মনিরতা প্রজা দণ্ডভয়েন চ।
করোত্যাঘর্ষণং নৈব তথা চাসত্যভাষণম্॥
ক্রূরাশ্চ মার্দ্দবং যান্তি দুষ্টা দৌষ্ট্যং ত্যজন্তি চ।
পশবোঽপি বশং যান্তি বিদ্রবন্তি চ দস্যবঃ॥
পিশুনা মূকতাং যান্তি ভয়ং যান্ত্যাততায়িনঃ।
করদাশ্চ ভবন্ত্যন্তে বিত্রাসং যান্তি চাপরে।
অতো দণ্ডধরো নিত্যং স্যান্নৃপো ধর্ম্ম রক্ষণে॥ শুক্র, ৪অ—১প্র। ৪৮—৫০।

করে, পশুও বশীভূত হয়, দস্যু পলায়ন করে, খল মৌনভাব অবলম্বন করে, আততায়ী ভীত হয়, সকলে রাজস্ব দেয় ও অন্য সকলে ভয় করে, অতএব ধর্ম্মরক্ষার জন্য রাজা সর্ব্বদা দণ্ডপ্রয়োগ করিবেন। শুক্র, ৪ অ-১প্র। ৪৮—৫০।

১০৫। উদ্ধত, কার্য্যাকার্য্যজ্ঞানহীন ও কুপথবর্ত্তী গুরুও দণ্ডনীয়। শুক্র, ৪অ—১প্র। ৫১।

১০৬। যজ্ঞে পশুহিংসার ন্যায় অসাধুহিংসাও শাস্ত্রতঃ অহিংসা। শুক্র, ৪অ—১প্র। ৫৩।

১০৭। দণ্ডনীয়ের অদণ্ডন, অদণ্ড্যের দণ্ড ও সর্ব্বদা অতিদণ্ড প্রয়োগ করিলে—সজ্জনে ত্যাগ করে ও মহাপাতক হয়। শুক্র, ৪অ—১প্র।৫৪।

১০৮। মুনিগণ প্রবৃত্তি ও ভীতি জননের জন্য শাস্ত্রে অন্নদানে মহাফল ও দণ্ডপ্রয়োগে ফল কহিয়াছেন। শুক্র, ৪অ—১প্র। ৫৫।

১০৯। স্তোত্রপাঠে কি অশ্বমেধের ফল হয়? অথবা ক্ষমায় যে পুণ্য, দণ্ডপ্রয়োগে কি তাহাই হয়?। শুক্র, ৪অ—১প্র। ৫৬।

১০৫। "অহিংসৈবাসাধুহিংসা পশুবচ্ছ্রুতিচোদনাৎ॥" শুক্র, ৪অ—১প্র। ৫৩।

১০৬। দণ্ড্যাস্ত্যাদণ্ডনান্নিত্যমদণ্ড্যস্য চ দণ্ডনাৎ।
অতিদণ্ডাচ্চ গুণিভিস্ত্যজ্যতে পাতকী ভবেৎ॥ শুক্র, ৪অ—১প্র। ৫৪।

১০৭। অন্নদানাৎ মহৎপুণ্যং দণ্ডপ্রণয়নাৎ ফলম্।
শাস্ত্রেষূক্তং মুনিবরৈঃ প্রবৃত্ত্যর্থং ভয়ায় চ॥ শুক্র, ৪অ—১প্র। ৫৫।

১০৮। অশ্বমেধাদিভিঃ পুণ্যং তৎ কিং স্যাৎ স্তোত্রপাঠতঃ?।
ক্ষময়া যত্তু পুণ্যং স্যাত্তৎ কিং দণ্ডনিপাতনাৎ? শুক্র, ৪অ—১প্র। ৫৬।

পঞ্চত্রিংশ স্তবক।

বিচারকার্য্য-প্রণালী।]

করাবধারণ ও করসংগ্রহ যেমন রাজার কার্য্য, দুষ্টের দমন ও শিষ্টের পালনও তেমনই রাজার করণীয়। স্বার্থের নিমিত্ত ও ক্রোধাদি রিপুর বশবর্ত্তী হইয়া সমাজে বাদ-বিবাদ উপস্থিত হওয়া স্বতঃসিদ্ধ। সর্ব্বকালেই রাজা সেই বাদ-বিবাদের মীমাংসক।

করাবধারণ ও করসংগ্রহ জন্য এখনও যেমন বিচারের আবশ্যক, প্রাচীনকালে যে তাহা ঘটিত না এমন নহে। এক্ষণে দেওয়ানী ও ফৌজদারী আদালতে যে সকল বিষয়ের বিচার হয়, তৎসম্বন্ধে পুরাকালে কি প্রণালীতে বিচার হইত, নিম্নে তাহা প্রদর্শিত হইল।

অধুনা ফৌজদারী আদালতে গুরুতর দণ্ডার্হ কয়েকটি অপ-রাধের বিচারকাল ভিন্ন অন্য সময়ে একজন বিচারকই বিচার করিয়া থাকেন। তবে আপীল আদালতে একাধিক জজ বিচার করিয়া থাকেন, রাজা স্বয়ং কোন বিচারই করেন না, প্রাচীনকালে সেরূপ ছিল না, অর্থাৎ একাকী বিচারের প্রথা তখন ছিল না।

(একজন বিচারকে বিচার করা প্রথা পূর্ব্বে ছিল না।)

১। রাজা ব্রাহ্মণ এবং মন্ত্রণাকুশল মন্ত্রিগণের সহিত বিনীতভাবে

১। ব্যবহারান্ দিদৃক্ষুস্তু ব্রাহ্মণৈঃ সহ পার্থিবঃ।
মন্ত্রজ্ঞৈর্মন্ত্রিভিশ্চৈব বিনীতঃ প্রবিশেৎ সভাম্॥
তত্রাসীনঃ স্থিতো বাপি পাণিমুদ্যম্যদক্ষিণম্।
বিনীতবেশাভরণঃ পশ্যেৎ কার্য্যাণি কার্য্যিণাম্॥ মনু, ৮ অ। ১—২।

ধর্ম্মাধিকরণ সভায় প্রবেশ করিবেন। তথায় উপবিষ্ট বা উত্থিত থাকিয়া দক্ষিণ বাহু বাহির করিয়া, অনুদ্ধত-বেশ-ভূষা-সম্পন্ন হইয়া অর্থি-প্রত্যর্থীর কার্য্য সকল দর্শন করিবেন। মনু, ৮। ১—২।

২। নরপতি ক্রোধ ও লোভশূন্য হইয়া ধর্ম্মানুসারে বিদ্বান্ ব্রাহ্মণদিগের সহিত ব্যবহার (অর্থাৎ মোকদ্দমা) স্বয়ং বিচার করিবেন। যাজ্ঞ, ২ অ। ১।

৩। যখন রাজা স্বয়ং ব্যবহার কার্য্য সকল দর্শন না করিবেন, তখন বিদ্বান্ ব্রাহ্মণকে কার্য্য দর্শনে নিযুক্ত করিবেন। সেই বিদ্বান্ ব্রাহ্মণ তিনজন সভ্যের সহিত ধর্ম্মাধিকরণ সভায় প্রবেশ করিয়া উপবিষ্ট বা উত্থিতভাবে রাজকার্য্য সমুদায় সমাপন করিবেন। মনু, ৮ অ। ৯—১০।

৪। যে সভায় ঋক্-যজুঃ-সাম-বেদ-বেত্তা ঐরূপ তিনজন ব্রাহ্মণ এবং রাজ প্রতিনিধি উপরি উক্ত ব্রাহ্মণ অধিবেশন করেন, সেই সভাকে ব্রহ্ম-সভা বলে। মনু, ৮ অ। ১১।

৫। বিদ্বান্ ব্রাহ্মণদিগের সহিত রাজা নিজেই ব্যবহার অর্থাৎ

২। ব্যবহারান্ নৃপঃ পশ্যেদ্বিদ্বদ্ভির্ব্রাহ্মণৈঃ সহ।
ধর্ম্মশাস্ত্রানুসারেণ ক্রোধলোভবিবর্জ্জিতঃ॥ যাজ্ঞ, ২ অ। ১।

৩। যদা স্বয়ং ন কুর্য্যাৎ তু নৃপতিঃ কার্য্যদর্শনম্।
তদা নিযুঞ্জ্যাদ্বিদ্বাংসং ব্রাহ্মণং কার্য্যদর্শনে॥
সোঽস্য কার্য্যাণি সম্পশ্যেৎ সভ্যৈরেব ত্রিভির্বৃতঃ।
সভামেব প্রবিশ্যাগ্র্যামাসীনঃ স্থিত এব বা॥ মনু, ৮ অ। ৯—১০।

৪। যস্মিন্ দেশে নিষীদন্তি বিপ্রা বেদবিদস্ত্রয়ঃ।
রাজ্ঞশ্চাধিকৃতো বিদ্বান্ ব্রহ্মণস্তাং সভাং বিদুঃ॥ মনু, ৮ অ। ১১।

৫। স্বয়মেব ব্যবহারান্ পশ্যেদ্বিদ্বদ্ভির্ব্রাহ্মণৈঃ সার্দ্ধম্॥
ব্যবহার দর্শনে ব্রাহ্মণং বা নিযুঞ্জ্যাৎ॥ বিষ্ণু, ৩ অ। ৫০—৫১।

বিচারাদি পরিদর্শন করিবেন, অথবা উক্ত কার্য্যে উপযুক্ত ব্রাহ্মণ নিযুক্ত করিবেন। বিষ্ণু, ৩ অ। ৫০—৫১।

৬। মীমাংসা, ব্যাকরণাদি এবং বেদশাস্ত্রে অভিজ্ঞ, ধর্ম্মশাস্ত্রবিৎ, ধার্ম্মিক, সত্যবাদী এবং যাহারা শত্রু ও মিত্রে পক্ষপাত-বর্জ্জিত, রাজা সেই সকল ব্রাহ্মণকে এবং কতকগুলি বণিক্‌কে সভাসদ্ করিবেন। অলঙ্ঘ-নীয় কার্য্যবশতঃ নরপতি স্বয়ং ব্যবহার দর্শনে অশক্ত হইলে, পূর্ব্বোক্ত সভ্য সহিত একজন সর্ব্বধর্ম্মজ্ঞ ব্রাহ্মণকে ব্যবহার দর্শনে নিযুক্ত করিবেন। যাজ্ঞ, ২ অ। ২—৩।

উল্লিখিত বিচার্য্য বিষয় এক্ষণে দুই শ্রেণীতে বিভক্ত, দেওয়ানী ও ফৌজদারী! বিবাদ-মূলক ব্যবহার অর্থাৎ মোকদ্দমা ঋষিগণ অষ্টাদশ প্রকার নির্দ্ধারণ করিয়াছিলেন।

৭। রাজা অষ্টাদশ প্রকার বিবাদমুলক সেই ব্যবহার কার্য্য সকল প্রত্যহ দেশ-জাতি-কুলাচারানুগত হেতু এবং শাস্ত্রীয় সাক্ষিলেখ্যাদি প্রমাণ দ্বারা পৃথক্ পৃথক্ করিয়া বিচার করিবেন। মনু, ৮ অ। ৩।

নিম্নলিখিত অষ্টাদশ পদ, ব্যবহার-বিষয়ে কথিত হইয়াছে।

৮। এই অষ্টাদশ স্থানে লোকে প্রায়ই বিবাদ করিয়া থাকে, রাজা

৬। শ্রুতাধ্যয়নসম্পন্না ধর্ম্মজ্ঞাঃ সত্যবাদিনঃ।
রাজ্ঞা সভাসদঃ কার্য্যা রিপৌ মিত্রে চ যে সমাঃ॥
অপশ্যতা কার্য্যবশাদ্ব্যবহারান্ নৃপেণ তু।
সভ্যৈঃসহ নিযোক্তব্যো ব্রাহ্মণঃ সর্ব্বধর্ম্মবিৎ॥ যাজ্ঞ, ২ অ। ২—৩।

৭। প্রত্যহং দেশ দৃষ্টৈশ্চ শাস্ত্রদৃষ্টৈশ্চ হেতুভিঃ।
অষ্টাদশসু মার্গেষু নিবদ্ধানি পৃথক্ পৃথক্॥ মনু, ৮ অ। ৩।

৮। এষু স্থানেষু ভূয়িষ্ঠং বিবাদং চরতাং নৃণাম্।
ধর্ম্মং শাশ্বতমাশ্রিত্য কুর্য্যাৎ কার্য্যবিনির্ণয়ম্॥ মনু, ৮ অ। ৮।

শাশ্বত-ধর্ম্ম আশ্রয় করিয়া এই সকল কার্য্য নিরূপণ করিবেন। মনু, ৮ অ। ৮।

অষ্টাদশ প্রকার বিবাদের বিষয় যথা ;—

৯। (১) ঋণাদান (অর্থাৎ ঋণের টাকা সুদশুদ্ধ আদায় করণ)।

(২) নিক্ষেপ (অর্থাৎ ন্যস্ত (গচ্ছিত) সম্পত্তির উদ্ধার করণ)।

(৩) অস্বামি-বিক্রয় (অর্থাৎ যে, যে দ্রব্যের স্বামী নহে, তাহা-কর্ত্তৃক ঐ দ্রব্যের বিক্রয়)।

(৪) সম্ভূয়সমুত্থান (অর্থাৎ অংশিদারদিগের সহিত মিলিয়া বাণিজ্যাদি করণ)।

(৫) দত্তাপ্রদানিক (অর্থাৎ দত্তধন অপাত্র বোধে অথবা ক্রোধা-দিতে না দিয়া গ্রহণ)।

(৬) বেতনাদান (অর্থাৎ মজুরী, মাহিয়ানাদি আদায়)।

(৭) সংবিদ্ব্যতিক্রম (অর্থাৎ কৃত ব্যবস্থাতিক্রম)।

(৮) ক্রয়-বিক্রয়ানুশয় (অর্থাৎ ক্রয়বিক্রয় সম্বন্ধীয় অনুতাপ-জনিত বিবাদ)।

(৯) স্বামি-পালবিবাদ (অর্থাৎ স্বামী ও পশুপাল-সম্বন্ধীয় বিবাদ)।

৯। তেষামাদ্যমৃণাদানং নিক্ষেপোঽস্বামিবিক্রয়ঃ।
সম্ভূয় চ সমুত্থানং দত্তস্যানপকর্ম্ম চ ॥
বেতনস্যৈব চাদানং সংবিদশ্চ ব্যতিক্রমঃ।
ক্রয়বিক্রয়ানুশয়ো বিবাদঃ স্বামিপালয়োঃ ॥
সীমাবিবাদধর্ম্মশ্চ পারুষ্যে দণ্ডবাচিকে।
স্তেয়ঞ্চ সাহসঞ্চৈব স্ত্রীসংগ্রহণমেব চ ॥
স্ত্রীপুংধর্ম্মো বিভাগশ্চ দ্যূতমাহ্বয় এব চ।
পদান্যষ্টাদশৈতানি ব্যবহারস্থিতাবিহ ॥ মনু, ৮ অ। ৪—৭।

(১০) সীমাবিবাদ (অর্থাৎ ভূমির সীমা সম্বন্ধীয় বিবাদ)।

(১১) বাক্‌পারুষ্য (অর্থাৎ গালাগালি)।

(১২) দণ্ডপারুষ্য (অর্থাৎ মারামারি)।

(১৩) স্তেয় (অর্থাৎ চৌর্য্য)।

(১৪) সাহস (অর্থাৎ সমক্ষে বলপূর্ব্বক ধন হরণাদি করণ)।

(১৫) স্ত্রীসংগ্রহণ (অর্থাৎ স্ত্রীর সহিত পরপুরুষ সম্পর্ক)।

(১৬) স্ত্রীপুরুষ ধর্ম্মবিভাগ (অর্থাৎ স্ত্রীর সহিত পুরুষের ধর্ম্মব্যবস্থা ও পৈতৃক ধনাদির বিভাগ (অর্থাৎ দায়ভাগ)।)

(১৭) দ্যূত (অর্থাৎ অক্ষ ক্রীড়াদি)।

(১৮) সমাহ্বয় (অর্থাৎ পণস্থাপনপূর্ব্বক পক্ষী-মেষাদির যুদ্ধ)। মনু, ৮ অ। ৪—৭।

কিঞ্চিৎ অনুধাবন করিলেই দেখা যাইবে যে, উক্ত অষ্টাদশ প্রকার বিবাদের বিষয় মধ্যে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ১০ম, ১৬শ এই দশ প্রকার বিবাদের বিষয় এক্ষণে দেওয়ানী আদালতে বিচার হইয়া থাকে এবং ৯ম, ১১শ, ১২শ,১৩শ, ১৪শ, ১৫শ, ১৭শ, ১৮শ এই অষ্টবিধ বিবাদের বিষয় এক্ষণে ফৌজদারী আদালতে বিচার হইয়া থাকে। পুরাকালে ঐ সমুদায় বিবাদের বিষয়ই উক্ত ধর্ম্ম সভাতেই বিচারিত হইত।

উক্ত ধর্ম্ম সভায় ব্রাহ্মণ ব্যতীত শূদ্র রাজপ্রতিনিধি হইবার নিয়ম ছিল না ;—

১০। জাতি মাত্রোপজীবী ব্রাহ্মণকে অথবা ক্রিয়ানুষ্ঠান রহিত ও

১০। জাতিমাত্রোপজীবী বা কামং স্যাদ্ ব্রাহ্মণব্রুবঃ।
ধর্ম্মপ্রবক্তা নৃপতের্ন তু শূদ্রঃ কথঞ্চন॥ মনু, ৮ অ। ২০।

জ্ঞানশূন্য ব্রাহ্মণব্রুবকেও (নীচ ব্যবসায়ী ব্রাহ্মণ, অপকৃষ্ট ব্রাহ্মণকেও) উপযুক্ত ব্রাহ্মণাভাবে আপনার ধর্ম্ম প্রবক্তাপদে, রাজা ব্রতী করিতে পারেন, পরন্তু সর্ব্বগুণান্বিত, ধার্ম্মিক, ব্যবহারজ্ঞ, শূদ্রকে কোনমতে ঐপদে নিয়োগ করিতে পারেন না। মনু, ৮ অ ২০।

১১। যে রাজার সম্মুখে শূদ্র, ন্যায়ান্যায় ধর্ম্মবিচার করে, সেই রাজার রাষ্ট্র পঙ্কে পতিত গরুর ন্যায় শীঘ্রই অবসন্ন হয়। মনু, ৮ অ। ২১।

এখন যেরূপ পরিচ্ছদ-পরিহিত হইয়া বিচারকের বিচারাসনে অধিবেশনের নিয়ম আছে, পুরাকালেও তাহাই ছিল ;—

১২। রাজা ধর্ম্মাসনে অধিষ্ঠান করিয়া সম্যক্ আচ্ছাদিত দেহ ও একাগ্র চিত্ত হইয়া লোকপালগণকে প্রণাম করিয়া কার্য্যদর্শন অর্থাৎ বিচারাদি কার্য্য আরম্ভ করিবেন। মনু, ৮ অ। ২৩।

বিচারক যাহাতে ন্যায় ও ধর্ম্ম উল্লঙ্ঘন না করিয়া বিচারকার্য্য নির্ব্বাহ করেন, তদ্বিষয়ে শাস্ত্রীয় শাসন বিহিত ছিল ;—

১৩। সভায় অধর্ম্মকর্ত্তৃক ধর্ম্ম বিদ্ধ হইলে, যদি বিদ্বজ্জনেরা শল্য-স্বরূপ অধর্ম্মকে সদ্বিচার দ্বারা উদ্ধার না করেন, তাহা হইলে সভাসদ্ সকলেই অধর্ম্মকর্ত্তৃক বিদ্ধ হইয়া থাকেন। মনু, ৮ অ। ১২।

১১। যস্য শূদ্রস্তু কুরুতে রাজ্ঞো ধর্ম্ম বিবেচনম্।
তস্য সীদতি তদ্রাষ্ট্রং পঙ্কে গৌরিব পশ্যতঃ॥ মনু, ৮অ। ২১।

১২। ধর্ম্মাসনমধিষ্ঠায় সংবীতাঙ্গঃ সমাহিতঃ।
প্রণম্য লোকপালেভ্যঃ কার্য্যদর্শনমারভেৎ॥ মনু, ৮ অ। ২৩।

১৩। ধর্ম্মো বিদ্ধস্ত্বধর্ম্মেণ সভাং যত্রোপতিষ্ঠতে।
শল্যঞ্চাস্য ন কৃন্তন্তি বিদ্ধাস্তত্র সভাসদঃ॥ মনু ৮ অ। ১২।

১৪। বরং সভাতে যাইবে না, কিন্তু যায় ত সত্যকথাই বলিবে, তথায় উপস্থিত থাকিয়া মৌনাবলম্বন বা মিথ্যা কহিলে পাপী হইতে হয়। মনু, ৮ অ। ১৩।

১৫। বিচারকগণের সম্মুখেই যথায় অধর্ম্মকর্ত্তৃক ধর্ম্ম ও মিথ্যা-কর্ত্তৃক সত্য নষ্ট হয়, তথায় বিচারকগণই নষ্ট হইয়া থাকেন। মনু, ৮ অ। ১৪।

১৬। অযথার্থ বিচার জন্য যে পাপ হয়, তাহার চতুর্থাংশের একাংশ মিথ্যাভিযোগী প্রাপ্ত হয়, মিথ্যা সাক্ষী একভাগ পায়, সমুদায় সভাসদ্ একভাগ পায় এবং রাজা সেই পাপের একভাগ পান। কিন্তু যে সভায় নিন্দার্হ সম্যক্ নিন্দিত হয়, তথায় রাজা নিষ্পাপ থাকেন, সভ্যেরাও পাপমুক্ত হয়; পাপ কেবল পাপকর্ত্তাকেই বর্ত্তিয়া থাকে। মনু ৮ অ। ১৮—১৯।

১৭। রাজা অর্থ ও অনর্থ বুঝিয়া, ধর্ম্ম ও অধর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া, ব্রাহ্মণাদিক্রমে অর্থী ও প্রত্যর্থীর কার্য্য সকল দর্শন করিবেন। মনু, ৮ অ। ২৪।

১৪। সভাং বা ন প্রবেষ্টব্যং বক্তব্যং বা সমঞ্জসম্।
অব্রুবন্ বিব্রুবন্ বাপি নরো ভবতি কিল্বিষী॥ মনু, ৮ অ। ১৩।

১৫। যত্র ধর্ম্মো হ্যধর্ম্মেণ সত্যং যত্রানৃতেন চ।
হন্যতে প্রেক্ষমাণানাং হতাস্তত্র সভাসদঃ॥ মনু, ৮ অ। ১৪।

১৬। পাদোঽধর্ম্মস্য কর্ত্তারং পাদঃ সাক্ষিণমৃচ্ছতি।
পাদঃ সভাসদঃ সর্ব্বান্ পাদো রাজানমৃচ্ছতি॥
রাজা ভবত্যনেনাস্তু মুচ্যন্তে চ সভাসদঃ॥
এনো গচ্ছতি কর্ত্তারং নিন্দার্হো যত্র নিন্দ্যতে॥ মনু, ৮ অ। ১৮-১৯।

১৭। অর্থানর্থাবুভৌ বুদ্ধা ধর্ম্মাধর্ম্মৌ চ কেবলৌ।
বর্ণক্রমেণ সর্ব্বাণি পশ্যেৎ কার্য্যাণি কার্য্যিণাম্॥ মনু, ৮ অ। ২৪

১৮। রাজমন্ত্রী সভার কার্য্য করিবে। বাদী-প্রতিবাদী উভয়ের মধ্যে মন্ত্রী একজনের প্রতি পক্ষপাত করিলে, এই অন্যকৃত অপরাধও রাজার অপরাধ বলিয়া গণ্য হইবে। সর্ব্বভূতে সমদর্শী হইবে, রাজার কোনরূপ অপরাধ হইলে ব্রাহ্মণ-ক্ষত্রিয়ের বিধান অনুসারে শোধন করিবে। বসিষ্ঠ, ১৬ অ।

১৯। পূর্ব্বোক্ত ধর্ম্মসভার সভ্যগণ স্নেহ, লোভ বা ভয়প্রযুক্ত ধর্ম্ম-শাস্ত্র-বিরুদ্ধ বা আচার-বিরুদ্ধ বিচার করিলে, সেই বিবাদে পরাজিত ব্যক্তির যে দণ্ড বিহিত, রাজা তাহাদিগের প্রত্যেকের তাহার দ্বিগুণ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৪।

এখনও যেমন স্থল বিশেষে দেশীয় প্রথা ও কুলাচার দৃষ্ট হয়, প্রাচীন কালেও তাহাই হইত ;—

২০। বর্ণ, ধর্ম্ম ; যে দেশের যে ধর্ম্ম গুরুপরম্পরায় প্রচলিত, অথচ যাহা বেদ-বিরুদ্ধ নয়, সেই জানপদ ধর্ম্ম ; শ্রেণী-ধর্ম্ম এবং যে কুলের যে ধর্ম্ম অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে, সেই কুলধর্ম্ম ; এই সকল

১৮। রাজমন্ত্রী সদঃ কার্য্যাণি কুর্য্যাদ্দ্বয়োর্ব্বিবদমানয়োরত্র
পক্ষান্তরং গচ্ছেদ্ যথাসনমপরাধো হ্যন্তে নাপরাধঃ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু যথাসনমপরাধো হ্যাদ্য
বর্ণয়োর্বিধানতঃ সম্পন্নতামাচরেৎ। বসিষ্ঠ, ১৬ অ।

১৯। রাগাল্লোভাদ্ভয়াদ্বাপি স্মৃত্যপেতাদিকারিণঃ।
সভ্যাঃ পৃথক্ পৃথগ্ দণ্ড্যা বিবাদাদ্দ্বিগুণং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ৪।

২০। জাতিজানপদান্ ধর্ম্মান্ শ্রেণীধর্ম্মাংশ্চ ধর্ম্মবিৎ।
সমীক্ষ্য কুলধর্ম্মাংশ্চ স্বধর্ম্মং প্রতিপাদয়েৎ॥
স্বানি কর্ম্মাণি কুর্ব্বাণা দূরে সন্তোঽপি মানবাঃ।
প্রিয়া ভবন্তি লোকস্য স্বে স্বে কর্ম্মণ্যবস্থিতাঃ॥ মনু। ৮অ। ৪১—৪২।

ধর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া রাজা স্বকীয় ধর্ম্মনিয়ম ব্যবস্থাপিত করিবেন। যাহারা দেশ, জাতি ও কুলধর্ম্মানুসারে ব্যবহার করে এবং স্ব স্ব নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের অনুষ্ঠান করে, তাহারা দূরে থাকিলেও লোকের লোকের প্রিয়পাত্র হয়। মনু, ৮ অ। ৪১—৪২।

২১। রাজা প্রজাদিগের বিবাদস্থলে বিচার করিয়া নির্ণয় করিবেন। বেদ, ধর্ম্মশাস্ত্র, বেদাঙ্গ, উপবেদ, পুরাণ শাস্ত্রের অবিরুদ্ধ দেশধর্ম্ম, জাতি-ধর্ম্ম, কুলধর্ম্ম, তাহার প্রমাণ। কৃষি, বাণিজ্য, পাশুপাল্য, তেজারতী এবং শিল্পব্যবসায়ীদিগের স্ব স্ব শ্রেণীতে চিরপ্রসিদ্ধ প্রথাও প্রমাণ, তাহাদের নিকট হইতে অধিকার অনুসারে সংবাদ গ্রহণ করিয়া ধর্ম্মের ব্যবস্থা, ন্যায় প্রাপ্তির নিমিত্ত উপায় স্থির করিবেন এবং তদনুসারে বিচার করিয়া যাহার যাহা প্রাপ্য, তাহাকে তাহা দিবেন। যদি বিচারে কোনরূপ সন্দেহাদি উপস্থিত হয়, তাহা হইলে বেদবিদ্যায় নিপুণ ব্রাহ্মণগণের মত জানিয়া নিষ্পত্তি করিবেন। এইরূপ করিলে রাজার মঙ্গল লাভ হয়। গৌ, ১১ অ।

২২। ব্যবহারবিধিতে আস্থাবান্ হইয়া রাজা, সত্য, অর্থ, আপনি,

২১। তস্য ব্যবহারো বেদো ধর্ম্মশাস্ত্রাণ্যঙ্গান্যুপবেদাঃ
পুরাণং দেশজাতিকুলধর্ম্মাশ্চাম্নায়ৈরবিরুদ্ধাঃ প্রমাণং
কৃষি বণিক্‌পাশুপাল্য কুসীদকারবঃ স্বে স্বে বর্গে তেভ্যো।
যথাধিকারমর্থান্ প্রত্যবহৃত্য ধর্ম্মব্যবস্থান্যায়াধিগমে
তর্কোঽভ্যুপায়স্তেনাভ্যূহ্য যথাস্থানং গাময়েদ্বিপ্রতিপত্তৌ
ত্রয়ীবিদ্যাবৃদ্ধেভ্যঃ প্রত্যবহৃত্য নিষ্ঠাং গময়েদথাঽস্য
নিঃশ্রেয়সং ভবতি। গৌ, ১১অ।

২২। সত্যমর্থঞ্চ সম্পশ্যেদাত্মানমথ সাক্ষিণঃ।
দেশং রূপঞ্চ কালঞ্চ ব্যবহারবিধৌ স্থিতঃ॥

সাক্ষিগণ, দেশ, রূপ, কাল এ সমুদায় সম্যক্ বিচার করিবেন। সাধুগণ এবং ধার্ম্মিক ব্রাহ্মণেরা যেরূপ আচরণ করিয়াছেন, তাহা যদি দেশ, কুল ও জাতিধর্ম্মের বিরুদ্ধ না হয়, তবে এই মতই ব্যবস্থা করিবেন। মনু, ৮ অ। ৪৫—৪৬।

রাজা বা রাজপুরুষের লোভবশীভূত হইয়া কোন কার্য্য করা উচিত নয় ;—

২৩। ধনলোভে, লোকমধ্যে বিবাদ জন্মান, কিংবা অপরের প্রাপ্য অর্থে লোভ করা রাজার বা রাজপুরুষের কর্ত্তব্য নয়। মনু, ৮ অ। ৪৩।

বিচারকার্য্য করণ কালে বিচারক লোকের মনোগত ভাব কিরূপে জানিবেন এবং কিরূপে যাথার্থ্য নিরূপণ করিবেন ;—

২৪। রাজা বাহ্য চিহ্ন দ্বারা লোকের মনোগত ভাব জানিতে চেষ্টা করিবেন ; লোকের স্বর, বর্ণ, ইঙ্গিত, আকার, চক্ষু এবং চেষ্টা এ সকলের প্রতি লক্ষ্য রাখিবেন ; যেহেতু আকার, ইঙ্গিত, গতি, চেষ্টা, কথাবার্ত্তা এবং নেত্র ও মুখবিকার দ্বারা লোকের মনোগত ভাব জানিতে পারা যায়। মনু, ৮ অ। ২৫—২৬।

সদ্ভিরাচরিতং যৎস্যাদ্ধার্ম্মিকৈশ্চ দ্বিজাতিভিঃ।
তদ্দেশ কুলজাতীনামবিরুদ্ধং প্রকল্পয়েৎ॥ মনু। ৮অ। ৪৫—৪৬।

২৩। নোৎপাদয়েৎ স্বয়ং কার্য্যং রাজা নাপ্যস্য পুরুষঃ।
ন চ প্রাপিতমন্যেন গ্রসেদর্থং কথঞ্চন॥ মনু, ৮অ। ৪৩।

২৪। বাহ্যৈর্বিভাবয়েল্লিঙ্গৈর্ভাবমন্তর্গতং নৃণাম্।
স্বরবর্ণেঙ্গিতাকারৈশ্চক্ষুষা চেষ্টিতেন চ॥
আকারৈরিঙ্গিতৈর্গত্যা চেষ্টয়া ভাষিতেন চ।
নেত্রবক্ত্র বিকারৈশ্চ গৃহ্যতেঽন্তর্গতং মনঃ॥ মনু, ৮। ২৫—২৬।

২৫। ব্যাধ যেরূপ পলায়িত মৃগের স্থান রুধির চিহ্ন দ্বারা অবগত হয়, তদ্রূপ রাজা অনুমান দ্বারা যথার্থ বিষয় নিশ্চয় করিবেন। মনু, ৮ অ। ৪৪।

পূর্ব্বকালে রাজার প্রাপ্য অগ্রে দিতে হইত না। আরজীর কোর্টফি ও ভিন্ন ভিন্ন বাব ধরিয়া নানা ব্যপদেশে রাজা কোর্টফি লইতেন না, অথচ, বিনা ব্যয়েও বিচার পাওয়া যাইত না। পক্ষদিগের দণ্ডাদি দ্বারা সেই ব্যয় সংগৃহীত হইত।

ফৌজদারী মোকদ্দমায় দরখাস্ত দাখিলের পর, বিচারক এখন যেরূপ বাদীর এজাহার লইয়া থাকেন এবং তৎপরে প্রতিবাদী উপস্থিত হইলে, প্রতিবাদীর সমক্ষে বাদীর জবানবন্দী গ্রহণ করেন, পূর্ব্বেও তাহাই ছিল। বাদীর জবানবন্দীতে ও প্রতি-বাদীর জবাবে এখন যেমন নাম, জাতি ও বাসস্থানাদি ও সন তারিখ লিখিত হইয়া থাকে, তখনও তাহাই হইত ;—

২৬। স্মৃতি ও আচারবিরুদ্ধ পদ্ধতি অনুসারে শত্রুকর্ত্তৃক উৎপীড়িত হইয়া ব্যবহার দর্শকের নিকট উৎপীড়নের বিবরণ নিবেদন করে ত তাহা ব্যবহারের বিষয় হইবে। (উক্ত নিবেদন এবং প্রতিবাদীর সমক্ষে লেখনের নাম—ভাষা, পক্ষ কিংবা প্রতিপ্রজ্ঞা।) যাজ্ঞ, ২ অ। ৫।

২৫। যথা নয়ত্যসৃক্‌পাতৈর্মৃগস্য মৃগয়ুঃপদম্।
নয়েৎ তথানুমানেন ধর্ম্মস্য নৃপতিঃ পদম্॥ মনু, ৮ অ। ৪৪।

২৬। স্মৃত্যাচার ব্যাপতেন মার্গেণাধর্ষিতঃ পরৈঃ।
আবেদয়তি চেদ্রাজ্ঞে ব্যবহারপদং হি তৎ॥ যাজ্ঞ, ২ অ। ৫

২৭। বাদী মোকদ্দমা রুজু করিবার সময়ে যাহা বলিয়াছিল, প্রতিবাদীর সমক্ষে তাহাই লেখা এবং সেই লেখা (যথাযোগ্য) বৎসর, মাস, পক্ষ, তিথি, বারাদি ও বাদী-প্রতিবাদীর নাম, জাত্যাদি উল্লেখিত থাকিবে। যাজ্ঞ, ২ অ। ৬।

মোকদ্দমা রুজু করিলে অবস্থা দৃষ্টে কোন্ কোন্ বিষয় ব্যবহারের বিষয় বলিয়া পরিগণিত হইত না ;—

নিম্নলিখিত স্থল সকল পক্ষ নহে, পক্ষাভাস মাত্র, সুতরাং তাহা ব্যবহারের বিষয় নহে।

(ক) অপ্রসিদ্ধ, যথা,—(আমার আকাশ কুসুম গ্রহণ করিয়াছে ইত্যাদি)।

(খ) নিরাবাধ, যথা,—(আমার ঘরের দীপালোকে ইহারা কার্য্য করে, ইত্যাদি)।

(গ) নিরর্থ, যাহা বোধগম্য হয় না যথা,—(কডগুরচনরিচ ইত্যাদি)।

(ঘ) নিষ্প্রয়োজন, যথা,—(এই ব্যক্তি আমাদের পাড়ায় অধ্যয়ন করে, ইত্যাদি।

(ঙ) অসাধ্য, যথা,—(শ্যাম আমাকে দেখিয়া হাসিয়াছে ইত্যাদি)।

(চ) বিরুদ্ধ, যথা,—(অমুক অমুক আমাকে গালিগালাজ করিয়াছে ইত্যাদি)।

২৮। ভাষার্থ শ্রবণ করিয়া প্রতিবাদী যাহা যাহা বলিবে, তৎসমস্ত বাদীর সমক্ষে লেখাইতে হইবে। অনন্তর বাদী তৎক্ষণাৎ আত্মপক্ষের

২৭। প্রত্যর্থিনোঽগ্রতো লেখ্যং যথা বেদিতমর্থিনা।
সমামাসতদর্দ্ধাহর্নাম জাত্যাদি চিহ্নিতম্॥ যাজ্ঞ, ২অ। ৬।

২৮। শ্রুতার্থস্যোত্তরং লেখ্যং পূর্ব্বাবেদকসন্নিধৌ।
ততোঽর্থী লেখয়েৎ সদ্যঃ প্রতিজ্ঞাতার্থ সাধনম্॥
"তৎসিদ্ধৌ সিদ্ধিমাপ্নোতি বিপরীতমতোঽন্যথা।" যাজ্ঞ, ২অ। ৭—৮।

প্রমাণ লেখাইবে। প্রমাণ ঠিক হইলেই জয়লাভ করিবে, অন্যথা বিপরীত ফল। যাজ্ঞ, ২ অ। ৭—৮।

ঋষিগণ দেওয়ানী মোকদ্দমার কার্য্য চারিভাগে বিভক্ত করিয়াছেন,—অর্থাৎ এখন যেমন অর্থী-প্রত্যর্থীর বর্ণনা গ্রহণের পর প্রমাণ লইয়া মীমাংসা হয়, পূর্ব্বেও তাহাই ছিল ;—

২৯। ঋণাদানাদি বিবাদে নিম্নলিখিত চতুষ্পাদ ব্যবহার প্রদর্শিত হইল।

(ক) অর্থী যাহা নিবেদন করিয়াছে, প্রত্যর্থীর সমক্ষে ঠিক তাহাই লিখিবে।

(খ) এইরূপে প্রথম ভাষাপাদ ভাষার্থ শ্রবণ করিবার পর প্রতিবাদী যাহা বলিবে, বাদীর সমক্ষে তৎ সমস্ত লেখাইতে হইবে।

(গ) বাদী তৎক্ষণাৎ আত্মপক্ষের প্রমাণ লেখাইবে।

(ঘ) এইরূপে তৃতীয় ক্রিয়াপাদ এবং প্রমাণ ঠিক হইলে জয়লাভ, অন্যথা বিপরীত ফল। এইরূপ চতুর্থ সাধ্যসিদ্ধিপাদ উক্ত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ৮।

উল্লিখিত ২৮ ও ২৯ দফার ব্যবস্থা দৃষ্টে সহসা এমত ভ্রম হইতে পারে যে, তবে বুঝি পুরাকালে প্রতিবাদীর সাক্ষী লওয়ার বিধান ছিল না, কিন্তু বাস্তবিক তাহা নহে, কেন না সাক্ষ্যবিষয়ক বিধির ২৭ দফা দেখিলেই বুঝা যাইবে যে, দুই পক্ষেরই সাক্ষী লওয়ার বিধান তৎকালেও প্রচলিত ছিল। বাদীর সাক্ষীর পর প্রতিবাদীর সাক্ষী গ্রহণকে আর এক পাদ ধরিলে ব্যবহারের বিষয়

২৯। "চতুষ্পাদব্যবহারোঽয়ং বিবাদেষু পদর্শিতঃ ।" যাজ্ঞ, ২অ। ৮।

পঞ্চপাদ হয়, কিন্তু প্রতিবাদীর সাক্ষী দেওয়া না দেওয়া প্রতিবাদীর ইচ্ছাধীন (অর্থাৎ ফৌজদারী মোকদ্দমায় প্রতিবাদী বলিতে পারে, আমি সাফাই সাক্ষী দিব না, তেমনি দেওয়ানী মোকদ্দমাতেও প্রতিবাদী বলিতে পারে আমি সাক্ষী দিব না) তাহা হইলেই প্রতিবাদীর সাক্ষী লওয়া ব্যবহারের স্থিরতর পাদ নহে, এই কারণেই বোধ হয়, তাহা ঋষিগণ ব্যবহার পাদ মধ্যে ধরেন নাই।

এখন দেওয়ানী আদালতে বাদী একটা নালিশ করিলে, প্রতিবাদী সেই বাদীর নামে হয়ত, ২টা, ৩টা অথবা যথেচ্ছ-সংখ্যক নালিশ করিয়া বাদীকে বিব্রত করিয়া তুলে, পূর্ব্বকালে সেরূপ হইত না, বাদীর নামে কোন মোকদ্দমা রুজু থাকা কালে, প্রতিবাদী পাল্‌টা নালিশ করিতে পারিত না ;—

৩০। যতদিন নিজের প্রতি আরোপিত দোষের একটা মীমাংসা না হয়, ততদিন এবং উহা মীমাংসা হইলেও অপরে যদি বাদীর নামে কোন অভিযোগ করিয়া থাকে, তাহা হইলে যতদিন ঐ অভিযোগের শেষ না হয়, ততদিন, প্রতিবাদী বাদীর নামে পাল্‌টা অভিযোগ উপস্থিত করিতে পারিবে না। আর প্রতিবাদী ভাষার্থ শ্রবণ করিয়া যে উত্তর দিবে, তাহা যেন পরস্পর বিরুদ্ধ না হয়। যাজ্ঞ, ২ অ। ৯।

ফৌজদারী মোকদ্দমায় পাল্‌টা নালিশের বাধা ছিল না ;—

৩১। নিম্নলিখিত স্থলে পাল্টা অভিযোগও উপস্থিত হইতে পারে।

(ক) বাক্‌পারুষ্য (অর্থাৎ গালি গালাজ)।

৩০। অভিযোগমনিস্তীর্য্য নৈনং প্রত্যভিযোজয়েৎ।
অভিযুক্তঞ্চ মান্যেন নোক্তং বিপ্রকৃতং নয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ৯।

৩১। "কুর্য্যাৎ প্রত্যভিযোগঞ্চ কলহে সাহসেষু চ।" যাজ্ঞ, ২ অ। ১০।

(খ) দণ্ড-পারুষ্য (অর্থাৎ মারামারি)।

(গ) সাহস (অর্থাৎ বিষ-শস্ত্রাদি দ্বারা প্রাণ নাশাদি)। যাজ্ঞ, ২ অ।১০।

এখন যেরূপ খুন, চুরি, ডাকাতি প্রভৃতি মোকদ্দমায় আসামী ধৃত হইলে, অগৌণে জবাব লওয়ার বিধান আছে, পূর্ব্বেও তাহাই ছিল ;—

৩২। সাহস, চৌর্য্য, বাক্‌পারুষ্য, দণ্ডপারুষ্য এবং দোগ্ধ্রী-গো, এই সকল ঘটিত অভিযোগে, পাতকাভিযোগে ও কালবিলম্বে প্রাণনাশ বা ধনক্ষতির সম্ভাবনা হইলে ; কুলস্ত্রীর চরিত্রঘটিত এবং দাসীর স্বত্ব-ঘটিত অভিযোগে যাহাতে প্রতিবাদী ভাষার্থ শ্রবণের পরেই কালবিলম্ব না করিয়া উত্তর দেয়, বিচারক তাহা করিবেন। অন্যস্থলে কাল-বিলম্ব সভ্যাদির ইচ্ছানুসারে, ইহা স্মৃত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ১২।

এখন যেরূপ ফৌজদারী মোকদ্দমার আসামী জবাব দিব না বলিতে পারে, কিন্তু জবাব না দিলে অথবা আসামী ফেরার হইলে, তাহার বিরুদ্ধে অনুমান হইয়া থাকে, পূর্ব্বেও তাহাই ছিল। আর দেওয়ানী মোকদ্দমায় যে বাদীর প্রমাণাদি কিছুই নাই, অথচ ফাজিল বকিয়া মোকদ্দমা জয়লাভ করিবার চেষ্টা পাইতেছে, বিচারক ইহা বুঝিলে সে দণ্ডনীয় হইত ;—

৩৩। যে প্রৌঢ়বাদমাত্র পরায়ণ হইয়া, অধমর্ণের অস্বীকৃত ধন বিনা প্রমাণে সিদ্ধ করিতে চেষ্টা পায়, যে অভিযুক্ত হইয়া পলায়ন করে

৩২। সাহসস্তেয়পারুষ্য গোভিশাপাত্যয়ে স্ত্রিয়াম্।
বিবাদয়েৎ সদ্য এব কালোঽন্যত্রেচ্ছয়া স্মৃতঃ॥ যাজ্ঞ, ২অ। ১২।

৩৩। সন্দিগ্ধার্থং স্বতন্ত্রো যঃ সাধয়েদ্যশ্চ নিষ্পতেৎ।
ন চাহূতো বদেৎ কিঞ্চিদ্ধীনো দণ্ড্যশ্চ স স্মৃতঃ॥ যাজ্ঞ, ২অ। ১৬।

এবং যে অভিযুক্ত ব্যক্তি উত্তর লেখনাদির জন্য বিচারকের আহ্বানে সভায় উপস্থিত হইয়া কোন উত্তর না দেয়, তাহারা বিবাদে হীন এবং দণ্ডনীয় হয়। যাজ্ঞ, ২ অ। ১৬।

পুরাকালে বিচারনিমিত্ত রাজার প্রাপ্য, পরাজিতপক্ষের দণ্ড হইতে আদায় হইত, অতএব পক্ষীয় ব্যক্তিরা সম্পত্তিহীন হইলে, দণ্ডের টাকা আদায় না হইয়া রাজা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এবং ডিক্রীর টাকা যাহাতে সহজে আদায় হয়, সেই কারণে মোকদ্দমা নিষ্পত্তির পূর্ব্বে বিচারক বাদী ও প্রতিবাদী উভয় পক্ষেরই উপযুক্ত জামিন লইতেন ;—

৩৪। মোকদ্দমা নিষ্পত্তির পর জরীমানার টাকা বা ডিক্রীর টাকা যাহাতে সহজে আদায় হয়, সেই জন্য বিচারক সকল বিবাদেই বাদী ও প্রতিবাদী উভয়পক্ষ হইতে উপযুক্ত প্রতিভূ গ্রহণ করিবেন। যাজ্ঞ, ২ অ। ১০।

(বিচার।)

উভয় পক্ষের প্রমাণাদি গ্রহণের পর, প্রাড়্‌বিবাক কিরূপে বিচার করিবেন ;—

৩৫। বিচারক বাদি-প্রতিবাদীর প্রমাণাদি কথিত বিষয় নিরাকরণ পূর্ব্বক ব্যবহার কার্য্যকে উদ্‌ঘাটিত-সত্যের সহিত যোজিত করিবেন ; কারণ প্রকৃত সত্য বিষয়ও অনুপন্যস্ত (অবিন্যস্ত) থাকিলে, ব্যবহারে হীন হইয়া পড়ে। যাজ্ঞ, ২ অ। ১৯।

৩৪। "উভয়োঃ প্রতিভূ [illegible] সমর্থঃ কার্য্যনির্ণয়ে ॥" যাজ্ঞ, ২অ। ১০

৩৫। ছলং নিরস্য ভূ[illegible]বহারান্ নয়েন্নৃপঃ।
ভূতমপ্যনুপন্যস্তং [illegible]য়তে ব্যবহারতঃ ॥ যাজ্ঞ, ২অ। । ১৯।

৩৬। স্মৃতিদ্বয়ের বিরোধ উপস্থিত হইলে, প্রাচীন আচার দৃষ্টে স্থিরীকৃত ন্যায়ই প্রধান (অর্থাৎ যাহা ন্যায় বলিয়া বোধ হইবে, তাহা করিবে) এবং অর্থশাস্ত্র হইতে ধর্ম্মশাস্ত্র বলবান্ (অর্থাৎ এতদ্বয়ের বিরোধে ধর্ম্মশাস্ত্রই গ্রাহ্য) ইহাই নিয়ম। যাজ্ঞ, ২ অ। ২১।

৩৭। যে রাজা মোহবশতঃ অধর্ম্ম দ্বারা ব্যবহার কার্য্যাদি সম্পন্ন করেন, ঐ দুরাত্মাকে শত্রুরা অচিরাৎ নিগ্রহ করে। কামক্রোধ সংযম করিয়া যে রাজা ধর্ম্মতঃ ব্যবহার নিষ্পত্তি করেন, নদী সকল যেমন সমুদ্রের অনুগামী হয়, প্রজারাও তদ্রূপ তাঁহার অনুগামী হয়। মনু, ৮ অ। ১৭৪-১৭৫।

৩৮। যে অর্থী পূর্ব্বে ধর্ম্মাধিকরণে আবেদন করিয়া ভাষাসময়ে অর্থাৎ জবানবন্দী সময়ে কিছু বলে না, তখন বিচারকর্ত্তা, বিষয়ের গুরু-লঘুতা বিবেচনা করিয়া তাড়নাদি প্রাণবধ পর্য্যন্ত তাহাকে দণ্ডবিধান করিবেন এবং ত্রিপক্ষের মধ্যে যদি কিছু না বলে, তবে তাহাকে ধর্ম্মতঃ দোষী করিবেন। মনু, ৮ অ। ৫৮।

অর্থঘটিত বিবাদে উভয়পক্ষ সপ্রমাণ হইলে, উত্তরপক্ষ (প্রতিবাদী) জয়ী হইবে ;—

৩৬। স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ।
অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতিস্থিতিঃ॥ যাজ্ঞ, ২অ। ২১।

৩৭। যস্ত্বধর্ম্মেণ কার্য্যাণি মোহাৎ কুর্য্যান্নরাধিপঃ।
অচিরাৎ তং দুরাত্মানং বশে কুর্ব্বন্তি শত্রবঃ॥
কামক্রোধৌ তু সংযম্য যোহর্থান্ ধর্ম্মেণ পশ্যতি।
প্রজাস্তমনুবর্ত্তন্তে সমুদ্রমিব সিন্ধবঃ॥ মনু, ৮অ। ১৭৪—১৭৫।

৩৮। অভিযোক্তা ন চেদ্‌ব্রূয়াদ্বধ্যো দণ্ড্যশ্চ ধর্ম্মতঃ।
ন চেৎ ত্রিপক্ষাৎ প্রব্রূয়াদ্ধর্ম্মং প্রতিপরাজিতঃ॥ মনু, ৮অ। ৫৮।

৩৯। বাদী প্রতিবাদী উভয়পক্ষ সপ্রমাণ হইলে, অর্থঘটিত সকল বিবাদেই উত্তরপক্ষ জয়ী হইবে। উদাহরণ,—বাদী বলিল "অমুক ব্যক্তি আমার ১০৲ টাকা ঋণ গ্রহণ করিয়াছে" সেই ব্যক্তি বলিল "করিয়াছিলাম বটে, কিন্তু পরিশোধ করিয়াছি" এই স্থলে ঋণগ্রহণ এবং পরিশোধ উভয়-প্রমাণিত হইলে, প্রতিশোধ পক্ষের জয়। যাজ্ঞ, ২ অ। ২৩।

এখন যেমন প্রথম ক্রয়, প্রতিগ্রহ ও বন্ধক গ্রহণাদি, প্রমাণে বলবৎ হয়, পূর্ব্বেও তাহাই ছিল ;—

৪০। আধি (বন্ধক), প্রতিগৃহ এবং ক্রয় স্থলে পূর্ব্বপক্ষই জয়ী হইবে। উদাহরণ ;—রাম নিজের ভূমি এক ব্যক্তির নিকট বন্ধক রাখিয়া, আর একজনের নিকট বন্ধক রাখিল, পরে উক্ত ব্যক্তি বন্ধকী ভূমি খালাস *করিতে না পারায় ঐ ভূমি দখল করিবার জন্য দুই মহাজনই বিবাদে* প্রবৃত্ত হইল ; উভয়পক্ষই সপ্রমাণ হইল ; যে প্রথম বন্ধক রাখিয়াছিল তাহারই জয় হইবে। প্রতিগ্রহ ও ক্রয়সম্বন্ধেও ঐরূপ উদাহরণ বুঝিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩।

যদি বাজি রাখিয়া পরাজিত হয়, তবে ঐ পরাজিত ব্যক্তির বিরুদ্ধেই নিষ্পত্তি হইবে ;—

৪১। যদি পণবন্ধনপূর্ব্বক (অর্থাৎ "আমি যদি পরাজিত হই, তাহা হইলে এত টাকা হারিব") এইরূপ বাজি রাখিয়া, বিবাদ হয়, তাহা হইলে, রাজা পরাজিত ব্যক্তির নিকট হইতে রাজসরকারে উচিত মত অর্থ-

---

৩৯। "সর্ব্বেষ্বর্থ বিবাদেষু বলবত্যুত্তরা ক্রিয়া।" যাজ্ঞ, ২অ। ২৩।

৪০। "আধৌ প্রতিগ্রহে ক্রীতে পূর্ব্বা তু বলবত্তরা।" যাজ্ঞ, ২অ। ২৩।

৪১। সপণশ্চেদ্বিবাদঃ স্যাত্তত্র হীনন্তু দাপয়েৎ।

দণ্ডঞ্চ সপণং রাজ্ঞে ধনিনে ধনমেব চ। যাজ্ঞ, ২অ। ১৮।

দণ্ড ও পণোল্লিখিত অর্থ এবং জেতাকে সাধিত অর্থ দেওয়াইবেন।
যাজ্ঞ, ২ অ। ১৮।

বিচারে কি কারণে মোকদ্দমা অগ্রাহ্য হইতে পারে।

৪২। যে বাদী এমন সাক্ষী ধর্ম্মাধিকরণে উপস্থিত করে, যে ঘটনা ক্ষেত্রে উপস্থিত ছিলনা কিংবা তাহাকে সাক্ষী মানিয়া পশ্চাৎ অস্বীকার করে, অথবা যে বাদী বুঝিতে পারে না যে, তাহার কথা বিশৃঙ্খল ও পূর্ব্বাপর বিরুদ্ধ হইতেছে; কিংবা যে বাদী তাহার মূল বিষয় একবার বর্ণনা করিয়া পরে তাহা হইতে পৃথক্ বলে, অথবা যে তৎকর্ত্তৃক সম্যক্ স্বীকৃত বিষয় জিজ্ঞাসিত হইলে, পশ্চাৎ আর স্বীকার করে না; কিংবা যে অসম্ভাব্য প্রদেশে লইয়া গিয়া সাক্ষিগণের সহিত কথাবার্ত্তা কহিয়াছে, অথবা রীতিমত জিজ্ঞাসা করিলে, যে প্রশ্নের উত্তর দিতে চাহে না; বা ধর্ম্মাধিকরণ হইতে স্থানান্তরে যায় না, অথবা যাহাকে ধর্ম্মাধিকরণে কোন বিষয় বলিতে বলিলে সে কথা কহে না; কিংবা যে আবেদিত বিষয় প্রমাণ দ্বারা সমর্থ করে না, অথবা যে সাধ্যসাধন কিছুই জানে না,

৪২। অদেশ্যং যশ্চ দিশতি নির্দ্দিশ্যাপহ্নুতে চ যঃ।
যশ্চাধরোত্তরানর্থান্ বিগীতান্ নাববুধ্যতে॥
অপদিশ্যাপদেশ্যঞ্চ পুনর্যস্ত্বপধাবতি।
সম্যক্ প্রনিহিতঞ্চার্থং পৃষ্টঃ সন্নাভিনন্দতি॥
অসম্ভাষ্যে সাক্ষিভিশ্চ দেশে সম্ভাষতে মিথঃ।
নিরুচ্যমানং প্রশ্নঞ্চ নেচ্ছেদ্যশ্চাপি নিষ্পতেৎ।
ব্রূহীত্যুক্তশ্চ ন ব্রূয়াদুক্তঞ্চ ন বিভাবয়েৎ।
ন চ পূর্ব্বাপরং বিদ্যাৎ তস্মাদর্থাৎ স হীয়তে॥
সাক্ষিণঃ সন্তি মেত্যুক্ত্বা দিশেত্যুক্তো দিশেন্ন যঃ।
ধর্ম্মস্থঃকারণৈরেতৈর্হীনং তমপি নির্দ্দিশেৎ॥ মনু, ৮অ। ৫৩-৫৭।

এরূপ বাদী, প্রার্থিত বিষয়ে নিরাশ হয় অর্থাৎ তাহার অভিযোগ অগ্রাহ্য হয়। "আমার সাক্ষী আছে" বলিয়া যে ব্যক্তি তাহাদিগকে উপস্থিত করিতে বলায়, ধর্ম্মাধিকরণে উপস্থিত করাইতে পারে না, তাহারও অভিযোগ অগ্রাহ্য হইবে। মনু, ৮ অ। ৫৩—৫৭।

এখন প্রতিবাদী দাবি অস্বীকার জবাব দিলে, বাদী যদি দাবি সাক্ষ্যাদি দ্বারা সপ্রমাণ করে, তবে দাবি ও খরচার ডিক্রী হইয়া তাহা বাদীকে দিতে হয়, পূর্ব্বে ঐরূপ হইলে, বাদীর দাবি দিতে হইত এবং যতই কেন দাবি হউক না তৎপরিমাণ রাজদণ্ড দিতে হইত। আর বাদী সপ্রমাণ করাইতে না পারিলে, দাবির দ্বিগুণ দণ্ড দিতে হইত, এখনকার মত মোকদ্দমা ডিস্‌মিস্ হইয়া কেবল বিবাদীর খরচার দায়ী হইয়া অব্যাহতি পাইত না।

৪৩। (ক) অভিযুক্ত ব্যক্তি অভিযোগ অপলাপ করিলে পর, বাদী যদি সাক্ষী প্রভৃতি দ্বারা অপলাপিত অভিযোগ সপ্রমাণ করাইয়া দেয়, তাহা হইলে উক্ত অভিযুক্ত ব্যক্তি, বাদীর কথিত ধন বাদীকে এবং তত্তুল্য ধন রাজদণ্ড দিবে। আর যদি বাদী উহা সপ্রমাণ করিতে না পারে, তাহা হইলে মিথ্যাভিযোগী বাদী নিজ উল্লিখিত দাবিকৃত ধনের দ্বিগুণ ধন রাজদণ্ড দিবে। যাজ্ঞ, ২ অ। ১১।

(খ) যে প্রতিবাদী অর্থীর যৎসংখ্যক ধন অপহ্নব করিবে, আর অর্থী যৎসংখ্যক ধনে মিথ্যাভিযোগ করিবে, প্রাড়্‌বিবাক ঐ অধার্ম্মিকদ্বয়কে উহার দ্বিগুণ দণ্ড করিবেন। মনু, ৮অ। ৫৯।

৪৩। (ক) নিহ্নবে ভাবিতোদদ্যাদ্ধনং রাজ্ঞে চ তৎসমং।
মিথ্যাভিযোগী দ্বিগুণমভিযোগাদ্ধনং হরেৎ॥ যাজ্ঞ, ২অ। ১১।

(খ) যো যাবন্নিহ্নুবীতার্থং মিথ্যা যাবতি বা বদেৎ।
তৌ নৃপেণ হ্যধর্ম্মজ্ঞৌ দাপ্যৌ তদ্দ্বিগুণং দমম্॥ মনু, ৮ অ। ৫৯।

পুরাকালে মিথ্যা অভিযোগ ও মিথ্যা জবাব বিষয়ে এইরূপ দণ্ডের বিধান প্রচলিত থাকায়,মিথ্যা অভিযোগের ও মিথ্যা জবাবের সংখ্যা ন্যূন ছিল, তাহাতে সন্দেহ নাই। অধুনা দেওয়ানী আদালতে মিথ্যা অভিযোগ ও জবাবের যেমন ছড়াছড়ি দেখিতে পাওয়া যায়, পূর্ব্বে তাহা ছিল না। ফৌজদারী মোকদ্দমায় দণ্ডবিধির ২১১ ধারা এবং ফৌজদারী কার্য্যবিধিতে অভিযুক্ত ব্যক্তির ক্ষতিপূরণ পাইবার বিধি প্রচলিত থাকায় মিথ্যাভিযোগ অনেক পরিমাণে প্রশমিত আছে, কিন্তু দেওয়ানী মোকদ্দমায় মিথ্যা প্রশমন জন্য কোন বিধান নাই।

পূর্ব্বকালে বাদী অনেক দ্রব্যের দাবিতে নালিশ করিলে ও বিবাদী অস্বীকার জবাব দিলে, বাদী যে কোন একটি দ্রব্য প্রমাণ করিতে পারিলেই সমুদায় দ্রব্যই রাজা দেওয়াইতেন ;—

৪৪। যে স্থলে বাদী অনেক বস্তু পাইবার দাবি করে, কিন্তু বিবাদী সকল বস্তুর অপলাপ করে এমত স্থলে যদি অপলাপিত বস্তু সকলের মধ্যে অন্ততঃ একটী বস্তুও প্রতিবাদীর নিকট প্রাপ্য বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে, রাজা বাদীর দাবিকৃত সকল বস্তুই প্রতিবাদীর নিকট হইতে দেওয়াইবেন। যাজ্ঞ, ২ অ। ২০।

এখন যেরূপ দেওয়ানী মোকদ্দমার আরজীতে কিংবা ফৌজদারী মোকদ্দমার প্রথম এজাহারে যে বস্তুর দাবি করে নাই, তাহা পায় না, পুরাকালেও তাহাই ছিল ;—

৪৫। বাদী ভাষাকালে যে বস্তুর উল্লেখ করে নাই, অথচ তৎপরে

৪৪-৪৫। নিহ্নুতে লিখিতং নৈকমেকদেশ বিভাবিতঃ।
দাপ্যঃ সর্ব্বং নৃপেণার্থং ন গ্রাহ্যস্ত্বনিবেদিতঃ॥ যাজ্ঞ, ২অ। ২০।

উল্লেখ করিয়াছে, তাহা আর তাহাকে দেওয়া যাইবে না। যাজ্ঞ, ২ অ। ২০।

প্রাচীনকালে ফৌজদারী মোকদ্দমায় নিম্নলিখিত দণ্ড বিহিত ছিল ;—

৪৬। রাজা অতিশয় যত্ন সহকারে অধার্ম্মিকদিগকে এই তিন প্রকারে নিগ্রহ করিবেন ; যথা,—

প্রথমতঃ—নিরোধ অর্থাৎ কারাগারে প্রবেশন।

দ্বিতীয়তঃ—নিগড়াদি বন্ধন।

তৃতীয়তঃ—চরণাদিচ্ছেদন রূপ নানা প্রকার শারীরিক দণ্ড। মনু, ৮অ। ৩১০।

পূর্ব্বকালে শাসনাদির বিধি-ব্যবস্থা সমুদায় ঋষিগণ নির্দ্ধারণ করিতেন, রাজা তদনুবর্ত্তী হইয়া কার্য্য করিতেন। তৎকালে একই অপরাধে অর্থদণ্ড স্থলে, সাধারণ লোক অপেক্ষা রাজার দণ্ড সহস্রগুণ অধিক বিহিত ছিল ;—

৪৭। যে অপরাধে অন্য প্রাকৃতজনের, একপণ দণ্ড হইবে, রাজা স্বয়ং যদি সেই অপরাধ করেন, তবে তাঁহার সহস্রপণ দণ্ড হইবে, ইহাই ধর্ম্মব্যবস্থা। রাজার দণ্ড জলে নিক্ষেপ করিতে হয়, অথবা ব্রাহ্মণকে দিতে হয়। মনু, ৮অ। ৩৩৬।

প্রাচীনকালে শূদ্রজাতির দাসত্ব কার্য্যই শাস্ত্রানুসারে একান্ত

৪৬। অধর্ম্মিকং ত্রিভির্ন্যায়ৈর্নিগৃহ্নীয়াৎ প্রযত্নতঃ।
নিরোধনেন বন্ধেন বিবিধেন বধেন চ॥ মনু, ৮অ। ৩১০।

৪৭। কার্ষাপণং ভবেদ্দণ্ড্যো যত্রান্যঃ প্রাকৃতো জনঃ।
তত্র রাজা ভবেদ্দণ্ড্যঃ সহস্রমিতি ধারণা॥ মনু, ৮অ। ৩৩৬।

বিহিত ছিল এবং ভার্য্যা, পুত্র ও দাস এই তিনজন অধন বলিয়া কথিত হইত, আর দাস-শূদ্রের ধন, ব্রাহ্মণ প্রভুরই লইবার ব্যবস্থা ছিল ;—

৪৮। শূদ্র স্বামিকর্ত্তৃক বিমুক্ত হইলেও দাসত্ব হইতে বিমুক্ত হয় না। দাসত্ব তাহার স্বাভাবিক, অতএব কে তাহাকে উহা হইতে বিমুক্ত করিতে পারে ? মনু, ৮ অ। ৪১৪।

৪৯। নিম্নলিখিত সাত প্রকার দাস শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, যথা ;—

(১) ধ্বজাহৃত অর্থাৎ যুদ্ধে জয় করিয়া যাহাকে প্রাপ্ত হওয়া যায়।

(২) ভক্তদাস অর্থাৎ ভাতের জন্য যে দাস্য স্বীকার করে।

(৩) গৃহজ অর্থাৎ গৃহস্থিত দাসীপুত্র।

(৪) ক্রীত অর্থাৎ মূল্য দিয়া যাহাকে ক্রয় করা হইয়াছে।

(৫) দত্রিম অর্থাৎ অন্যকর্ত্তৃক দত্ত।

(৬) পৈতৃক অর্থাৎ পিত্রাদি ক্রমাগত।

(৭) দণ্ড-দাস অর্থাৎ রাজকৃত দণ্ড শুদ্ধির জন্য যাহার দাস্য। মনু, ৮ অ। ৪১৫।

৫০। ভার্য্যা, পুত্র, দাস ইহারা তিনজনে অধন বলিয়া শাস্ত্রে কথিত আছে, অর্থাৎ নিজে ইহারা কোন ধন পাইবার যোগ্য নয়, পরন্তু ইহারা যে ধন উপার্জ্জন করিবে, যাহার ইহারা তাহারই সে ধন হইবে। (স্ত্রীধন

৪৮। ন স্বামিনা নিসৃষ্টোঽপি শূদ্রো দাস্যাদ্বিমুচ্যতে।
নিসর্গজং হি তৎ তস্য কস্তস্মাৎ তদপোহতি॥ মনু, ৮অ। ৪১৪।

৪৯। ধ্বজাহৃতো ভক্তদাসো গৃহজঃ ক্রীতদত্রিমৌ।
পৈত্রিকো দণ্ডদাসশ্চ সপ্তৈতে দাসযোনয়ঃ॥ মনু, ৮অ। ৪১৫।

৫০। ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ ত্রয় এবাধনাঃ স্মৃতাঃ।
যৎ তে সমধিগচ্ছন্তি যস্য তে তস্য তদ্ধনম্॥ মনু, ৮অ। ৪১৬।

ও দাস্যের বেতন প্রভৃতির কথা এস্থলে উল্লেখ যোগ্য নহে)। মনু, ৮ অ। ৪১৬।

৫১। ব্রাহ্মণ বিস্রব্ধ-চিত্তে দাস-শূদ্রের ধন আত্মসাৎ করিতে পারেন, যেহেতু তাহার নিজস্ব কিছুই নহে, উহার সমুদায় ধনই ভর্ত্তৃ-হার্য্য। মনু, ৮ অ। ৪১৭।

এখন যেমন চোরামাল উদ্ধার হইলে, বিচারান্তে যাহার মাল সেই তাহা প্রাপ্ত হয়, পূর্ব্বেও তাহাই ছিল; অধিকন্তু যদি চোরামাল উদ্ধার না হইত, তাহা হইলে রাজা নিজ ধনাগার হইতে সেই মালের মূল্য স্বরূপে তাহাকে উপযুক্ত ধন দিতেন;—

৫২। যে বর্ণেরই ধন অপহৃত হউক না কেন, রাজা ঐ অপহৃত ধন চৌরদিগের নিকট প্রাপ্ত হইলে, তৎসমস্তই তাহাকে প্রত্যর্পণ করিবেন। আর যদি চৌরদিগের নিকট উহা প্রাপ্ত না হন, তাহা হইলে আপনার ধনাগার হইতে স্বত্বাধিকারীকে উপযুক্ত ধন দিবেন। বিষ্ণু, ৩ অ। ৪৫-৪৬।

চোরামাল স্বত্বাধিকারীকে না দিলে, রাজার চোরের সমান পাপ শাস্ত্রবিহিত ছিল;—

৫৩। যে কোন বর্ণেরই হউক না কেন, ধন চুরি গেলে পর রাজা চোরের নিকট হইতে ধন আদায় করিয়া যাহার ধন চুরি গিয়াছে,

---

৫১। বিস্রব্ধং ব্রাহ্মণঃ শূদ্রাদ্দ্রব্যোপাদানমাচরেৎ।
ন হি তস্যাস্তি কিঞ্চিৎ স্বং ভর্ত্তৃহার্য্যধনো হি সঃ॥ মনু, ৮ অ। ৪১৭॥

৫২। চৌরহৃতং ধনমবাপ্য সর্ব্বমেব সর্ব্ববর্ণেভ্যো দদ্যাৎ॥
অনবাপ্য চ স্বকোশাদেব দদ্যাৎ॥ বিষ্ণু, ৩ অ। ৪৫—৪৬।

৫৩। (ক) দাতব্যং সর্ব্ববর্ণেভ্যো রাজ্ঞা চৌরৈর্হৃতং ধনম্।
রাজা তদুপযুঞ্জানশ্চৌরস্যাপ্নোতি কিল্বিষং॥ মনু, ৮অ। ৪০।

তাহাকে দিবেন, যদি তাহা না দিয়া আপনি লন, তবে চোরের পাপ প্রাপ্ত হন। মনু, ৮ অ। ৪০। যাজ্ঞ, ২ অ। ৩৭।

অনাথ বালক ও অনাথা স্ত্রীর ধন; এখন যেমন রাজা রক্ষা করিয়া থাকেন; পূর্ব্বকালেও রাজা তদ্রূপ রক্ষা করিতেন; তৎকালে ষোড়শবর্ষ বয়সে সাবালক হওয়ার বিধান ছিল ;—

৫৪। পিতৃমাতৃহীন অনাথ বালকের ধন, রাজা নিজে তাবৎকাল পর্য্যন্ত রক্ষা করিবেন, যাবৎ গুরুকুল হইতে গৃহস্থাশ্রমে সমাবৃত্ত না হয় অথবা যে পর্য্যন্ত সে অতীতশৈশব না হয়। ষোড়শবর্ষবয়স্ক হইলে, বালক অতীতশৈশব হয় ইহা নারদবচন। মনু, ৮ অ। ২৭।

৫৫। অনাথ বালক, এবং স্ত্রীলোকদিগের সম্পত্তি, রাজা রক্ষা করিতে বাধ্য। বিষ্ণু, ৩ অ। ৪৪।

৫৬। বন্ধ্যা-স্ত্রী, যাহার স্বামী দারান্তর পরিগ্রহ করিয়া গ্রাসাচ্ছাদন-নির্ব্বাহোপযোগী ধন দিয়া তাহাকে ক্ষান্ত করিয়াছে, পুত্ররহিত প্রোষিত-ভর্ত্তৃকা, যে স্ত্রীর সপিণ্ডাদি অভিভাবক কেহ নাই এবং সাধ্বী, বিধবা ও রোগিণী-স্ত্রী ;—ইহাদিগের ধন অনাথ বালকের ধনের ন্যায় রাজা রক্ষা

(খ) দেয়ং চৌরহৃতং দ্রব্যং রাজ্ঞা জানপদায় তু।
অদদদ্ধি সমাপ্নোতি কিল্বিষং যস্য তস্য তৎ॥ যাজ্ঞ, ২ অ। ৩৭।

৫৪। বালদায়াদিকং রিক্থং তাবদ্রাজানুপালয়েৎ।
যাবৎ ন স্যাৎ সমাবৃত্তো যাবচ্চাতীতশৈশবঃ॥ মনু, ৮ অ। ২৭।

৫৫। বালানাথস্ত্রীধনানি চ রাজা পরিপালয়েৎ॥ বিষ্ণু, ৩ অ। ৪৪।

৫৬। বশাপুত্রাসু চৈবং স্যাদ্রক্ষণং নিষ্কুলাসু চ।
পতিব্রতাসু চ স্ত্রীষু বিধবাস্বাতুরাসু চ॥
জীবন্তীনান্তু তাসাং যে তদ্ধরেয়ুঃ স্ববান্ধবাঃ।
তাঞ্ছিষ্যাচ্চৌরদণ্ডেন ধার্ম্মিকঃ পৃথিবীপতিঃ॥ মনু, ৮ অ। ২৮—২৯।

করিবেন। যদি তাহারা জীবিতা থাকিতেই সপিণ্ডেরা উক্ত ধন গ্রহণ করে, তবে ধার্ম্মিক নরপতি চৌরদণ্ডে তাহাদিগকে দণ্ডিত করিবেন। মনু, ৮ অ। ২৮—২৯।

অজ্ঞাতস্বামিক (অর্থাৎ নাওয়ারিস) মাল প্রাপ্ত হইলে, এখন যেমন রাজা স্বামীর অনুসন্ধানের জন্য নোটীশ আদি দিয়া, যদি স্বামী উপস্থিত হয়, তবে তাহাকে সেই মাল দিয়া থাকেন, পূর্ব্ব কালেও তদ্রূপ ছিল ;—

৫৭। অজ্ঞাত-স্বামিক ধন পাইলে, রাজা সর্ব্বত্র উহা প্রকাশ্য ঘোষণা করিয়া তিন বৎসর পর্য্যন্ত আত্মকোষে স্থাপিত রাখিবেন। তিন বৎসরের মধ্যে ধনস্বামী আগত হইলে, ঐ ধন সে পাইবে। ঐ সময় অতীত হইলে, রাজা নিজকার্য্যে ধনের নিয়োগ করিবেন। তিন বর্ষের মধ্যে "এই ধন আমার" বলিয়া যে দাবি করিবে, তাহাকে যথাবিধি পরীক্ষা করিতে হইবে, এবং সে যদি দ্রব্যের রূপ, সংখ্যা এবং এতৎ সংক্রান্ত সমুদায় ঘটনা যথাযথ বলিতে পারে, তবে ঐ ধন সেই ব্যক্তি প্রাপ্ত হইবে। যে ব্যক্তি নষ্ট দ্রব্যের স্থান, কাল, শুক্লাদি বর্ণ ও কটক-মুকুটাদি আকার এবং পরিমাণ জানে না, অথচ দ্রব্যের দাবি করে, তাহাকে রাজা দ্রব্যোপযোগী দণ্ড...

৫৭। প্রনষ্ট স্বামিকং রিকথং রাজা ত্র্যব্দং নিধাপয়েৎ।
অর্ব্বাক্ ত্র্যব্দাদ্ধরেৎ স্বামী পরেণ নৃপতির্হরেৎ॥
মমেদমিতি যো ব্রূয়াৎ সোঽনুযোজ্যো যথাবিধি।
সংবাদ্য রূপসংখ্যাদীন্ স্বামী তদ্দ্রব্যমর্হতি॥
আবেদয়ানো নষ্টস্য দেশং কালঞ্চ তত্ত্বতঃ।
বর্ণং রূপং প্রমাণঞ্চ তৎসমং দণ্ডমর্হতি॥
আদদীতার্থ ষড়্ভাগং প্রনষ্টাধিগতান্নৃপঃ।
দশমং দ্বাদশং বাপি সতাং ধর্ম্মমনুস্মরন্॥ মনু, ৮অ। ৩০—৩৩।

দিবেন। প্রনষ্ট দ্রব্য এতাবৎকাল রক্ষা হেতু রাজা সাধুগণের ধর্ম্ম স্মরণ করিয়া ধন স্বামীর নিকট হইতে ঐ ধনের ষড়্ভাগ, দশমভাগ বা দ্বাদশভাগ গ্রহণ করিতে পারেন। মনু, ৮ অ। ৩০—৩৩।

৫৮। নষ্ট দ্রব্য প্রাপ্ত হইলে উহা রাজ সন্নিধানে উপস্থিত করাইবে এবং রাজা উহার রক্ষার্থ উপযুক্ত ব্যক্তির হস্তে সমর্পণ করিবেন। সেই দ্রব্য যদি কেহ চুরি করিয়া লয়, উহাকে মত্ত-হস্তীর দ্বারা বিনাশ করিবেন। যে মনুষ্য ঐ প্রাপ্তধন নিজের বলিয়া প্রমাণ করিবে, রাজা তাহার নিকট হইতে ঐ ধনের ছয়ভাগ বা দ্বাদশভাগ গ্রহণ করিবেন, কিন্তু ঐ ধন সম্বন্ধে মিথ্যা কহিলে, তাহাকে তাহার নিজের ধনের অষ্টমাংশ দণ্ড করিবেন অথবা ঐ নষ্ট ধনের অল্পাংশ পরিমাণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ৩৪—৩৬।

৫৯। রাজা শৌণ্ডিকাদি দ্বারে কাহারও প্রনষ্ট-বস্তু প্রাপ্ত হইলে, যে উক্ত বস্তুর বিশেষ বিশেষ চিহ্ন বিবৃত করিয়া ঐ বস্তুতে নিজের স্বত্ব জানাইবে, তাহাকে তাহা প্রত্যর্পণ করিবেন। আর যে চিহ্ন বলিতে না পারিয়াও আত্মস্বত্ব জানাইবে, তাহার প্রার্থিত বস্তুর মূল্যপরিমিত ধন দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ৩৪।

৫৮। প্রনষ্টাধিগতং দ্রব্যং তিষ্ঠেদ্যুক্তৈরধিষ্ঠিতম্।
যাংস্তত্রচৌরান্‌গৃহ্নীয়াৎ তান্ রাজেভেন ঘাতয়েৎ॥
মমায়মিতি যো ব্রূয়ান্নিধিং সত্যেন মানবঃ।
তস্যাদদীত ষড়্ভাগং রাজা দ্বাদশমেব বা॥
অনৃতন্তু বদন্ দণ্ড্যঃ স্ববিত্তস্যাংশমষ্টমম্।
তস্যৈব বা নিধানস্য সংখ্যায়াল্পীয়সীং কলাম্॥ মনু, ৮অ। ৩৪—৩৬।

৫৯। প্রনষ্টাধিগতং দেয়ং নৃপেণ ধনিনে ধনম্॥
বিভাবয়েন্ন চেল্লিঙ্গৈস্তৎসমং দণ্ডমর্হতি॥ যাজ্ঞ ২ অ। ৩৪।

ভূমির স্বামিত্ব-নিবন্ধন পূর্ব্বকালে রাজা, খনিজ পদার্থাদি নিধির ভাগ গ্রহণ করিতেন এবং না জানাইয়া নিধি গ্রহণ করিলে, রাজা সমস্তই লইতেন এবং দণ্ড দিতেন।

৬০। (ক) সুবর্ণাদি খনির রক্ষণ নিমিত্ত, ভূমির স্বামিত্ব-নিবন্ধন রাজা বিদ্বান্ ব্রাহ্মণ ভিন্ন অন্য-কর্ত্তৃক লব্ধ নিধির অর্দ্ধভাগ লইবেন। মনু, ৮ অ। ৩৯।

(খ) বিদ্বান্ ব্রাহ্মণ ব্যতীত অপরে নিধি প্রাপ্ত হইলে, রাজা ষষ্ঠাংশ গ্রহণ করিয়া অবশিষ্ট ভাগ তাহাকে দিবেন। আর নিধিপ্রাপ্তি সমাচার না জানাইয়া গোপনে সমস্ত লইবার চেষ্টা করিলে, রাজা তাহা জানিতে পারেন ত সমস্ত নিধি গ্রহণ করিবেন এবং উহার শক্ত্যনুরূপ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৩৬।

ভূমিতে পূর্ব্বোপনিহিত ধন ব্রাহ্মণ প্রাপ্ত হইলে, রাজা তাহার কিছুমাত্র লইতেন না, রাজা তদ্রূপ কোন ধন পাইলে, ব্রাহ্মণকে তাহার ভাগ অগ্রে দিয়া, পশ্চাৎ অবশিষ্ট গ্রহণ করিতেন;—

৬১। বিদ্বান্ ব্রাহ্মণ পূর্ব্বোপনিহিত কোন ধন প্রাপ্ত হইলে, তাহা সমগ্রই নিজে গ্রহণ করিবেন—রাজাকে কোন অংশ দিতে হইবে না, কারণ ব্রাহ্মণই সমুদায়ের অধিপতি। মনু, ৮ অ। ৩৭। যাজ্ঞ, ২ অ। ৩৫।

৬০। (ক) নিধীনাস্তু পুরাণানাং ধাতূনামেব চ ক্ষিতৌ।
অর্দ্ধভাগ্ রক্ষণাদ্রাজা ভূমেরধিপতির্হি সঃ॥ মনু, ৮ অ। ৩৯।

(খ) ইতরেণ নিধৌ লব্ধে রাজা ষষ্ঠাংশমাহরেৎ।
অনিবেদিতবিজ্ঞাতো দাপ্যস্তং দণ্ডমেব চ॥ যাজ্ঞ, ২ অ। ৩৬।

৬১। (ক) বিদ্বাংস্তু ব্রাহ্মণো দৃষ্ট্বা পূর্ব্বোপনিহিতং নিধিম্।
অশেষতোঽপ্যাদদীত সর্ব্বস্যাধিপতির্হি সঃ॥ মনু, ৮ অ। ৩৭।

(খ) "বিদ্বানশেষমাদদ্যাৎ স সর্ব্বস্য প্রভুর্যতঃ॥" যাজ্ঞ, ২ অ। ৩৫।

৬২। রাজা যদি পূর্ব্বোপনিহিত কোন নিধি ভূমিমধ্যে প্রাপ্ত হন, তবে তাহা হইতে ব্রাহ্মণকে অর্দ্ধেক দিবেন ও আপনি অর্দ্ধেক লইবেন। মনু, ৮ অ। ৩৮। যাজ্ঞ, ২ অ। ৩৫।

দ্রব্যের ওজন-বিষয়ক যন্ত্রাদি এখন যেরূপ রাজাই স্থির করিয়া দেন ও তাহার সাম্যতা রক্ষার্থে লক্ষ্য রাখেন, পুরাকালেও তাহাই ছিল ;—

৬৩। তৌল করিবার জন্য "তুলামান" এবং ধান্যাদি মাপিবার জন্য প্রস্থ দ্রোণাদি "প্রতিমান" রাজা বিশেষ লক্ষ্য করিয়া স্থির করিবেন এবং ছয় মাস অন্তে তাহাদের পুনরায় পরীক্ষা করিবেন। মনু, ৮ অ। ৪০৩।

এখন পণ্যদ্রব্যের বাজার দর ব্যবসায়ীরা নিজেই স্থির করিয়া লয়, পুরাকালে রাজা বাজার দর ঠিক করিয়া দিতেন ;—

৬৪। কতদূর হইতে দ্রব্য আসিয়াছে, কতদূরে যাইবে, কতকাল রাখিলে কত মূল্য হইবে, তাহাদিগের জন্য কত ব্যয় হইয়াছে, ইত্যাদি সমুদায় বিচার করিয়া রাজা পণ্যদ্রব্যের মূল্য নিরূপণ করাইবেন। মনু ৮ অ। ৪০১।

৬২। (ক) যস্তু পশ্যেন্নিধিং রাজা পুরাণং নিহিতং ক্ষিতৌ।
তস্মাদ্দ্বিজেভ্যো দত্ত্বার্দ্ধমর্দ্ধং কোষে প্রবেশয়েৎ ॥ মনু, ৮ অ। ৩৮।
(খ) "রাজা লব্ধা নিধিং দদ্যাদ্দ্বিজেভ্যোঽর্দ্ধং দ্বিজঃ পুনঃ।" যাজ্ঞ, ২ অ। ৩৫।

৬৩। তুলামানং প্রতিমানং সর্ব্বঞ্চ স্যাৎ সুলক্ষিতম্।
ষট্সু ষট্সু চ মাসেষু পুনরেব পরীক্ষয়েৎ ॥ মনু, ৮ অ। ৪০৩।

৬৪। আগমং নির্গমং স্থানং তথা বৃদ্ধিক্ষয়াবুভৌ।
বিচার্য্য সর্ব্বপণ্যানাং কারয়েৎ ক্রয়বিক্রয়ৌ ॥ মনু, ৮ অ। ৪০১।

৬৫। দ্রব্য বুঝিয়া পাঁচ দিন অন্তে বা পক্ষান্তে, রাজা মূল্যবেত্তাগণের সমক্ষে উহার বাজার দর নির্ণয় করিবেন। মনু, ৮ অ। ৪০২।

নৌশুল্কাদির নির্দ্ধারণাদি এখন যেরূপ রাজাই করিয়া থাকেন, পূর্ব্বেও সেইরূপ ছিল ;—

৬৬। রাজা নদী-পার জন্য নৌ-শুল্ক নিরূপণ ও নৌকায় যাতায়াতের বিধি নির্দ্ধারণ করিয়া দিবেন। যথা ;—

(ক) রিক্ত (খালি) শকটাদি পারের মাশুল একপণ লাগিবে।

(খ) একপুরুষের বহনযোগ্য ভারে অর্দ্ধপণ শুল্ক দিতে হইবে।

(গ) পশু এবং স্ত্রীলোক পারে চতুর্থাংশ পণ দিতে হইবে।

(ঘ) ভারশূন্য মনুষ্য পারে পণের অষ্টমাংশ শুল্ক দিতে হইবে।

৬৫। পঞ্চরাত্রে পঞ্চরাত্রে পক্ষে পক্ষেঽথবা গতে।
কুর্ব্বীত চৈষাং প্রত্যক্ষমর্ঘসংস্থাপনং নৃপঃ॥ মনু, ৮ অ। ৪০২।

৬৬। পণং যানং তরে দাপ্যং পৌরুষোঽর্দ্ধপণং তরে।
পাদং পশুশ্চ যোষিচ্চ পাদার্দ্ধং রিক্তকঃ পুমান্।
ভাণ্ডপূর্ণানি যানানি তার্য্যং দাপ্যানি সারতঃ।
রিক্তভাণ্ডানি যৎকিঞ্চিৎ পুমাংসশ্চাপরিচ্ছদাঃ॥
দীর্ঘাধ্বনি যথাদেশং যথাকালং তরোভবেৎ।
নদীতীরেষু তদ্বিদ্যাৎ সমুদ্রে নাস্তি লক্ষণম্॥
গর্ভিণী তু দ্বিমাসাদিস্তথা প্রব্রজিতো মুনিঃ।
ব্রাহ্মণা লিঙ্গিনশ্চৈব ন দাপ্যাস্তারিকং তরে॥
যন্নাবি কিঞ্চিদ্দাশানাং বিশীর্য্যেতাপরাধতঃ।
তদ্দাশৈরেব দাতব্যং সমাগম্য স্বতোঽংশতঃ॥
এষ নৌযায়িনামুক্তো ব্যবহারস্য নির্ণয়ঃ।
দাশাপরাধতস্তোয়ে দৈবিকে নাস্তি নিগ্রহঃ॥ মনু, ৮ অ। ৪০৪—৪০৯।

(ঙ) দ্রব্যপূর্ণ যানসকল পার করিতে হইলে, দ্রব্যের সারাসার অনুসারে শুল্ক দিতে হইবে।

(চ) দ্রব্যরহিত গুন (চটের বস্তা), ডোল প্রভৃতি খালি ভারের যৎকিঞ্চিৎ শুল্ক গ্রহণ করিবে।

(ছ) পরিচ্ছদবিহীন দরিদ্র পুরুষকে পার হইতে হইলেও যৎকিঞ্চিৎ শুল্ক দিতে হইবে।

(জ) নদীমার্গে দূরাদূর যাতায়াত করিতে হইলে, নদীর প্রবলতা বা স্থিরতা, অধিকন্তু গ্রীষ্মাদি কাল বিবেচনায় তরমূল্য নির্দ্ধারণ করিবেন। *

(ঝ) সমুদ্রে সে নিয়ম চলে না, তাহার পণ্য বুঝিয়া সম্ভবমত গ্রহণ করিবেন।

(ঞ) দ্বিমাস প্রভৃতি গর্ভিণী-স্ত্রী, পরিব্রাজক, ভিক্ষু, বানপ্রস্থ, ব্রহ্মচারী ও ব্রাহ্মণের পারাপারে তরপণ্য গ্রহণ করিবে না।

(ট) নাবিকের দোষে নৌকারূঢ় ব্যক্তির দ্রব্য নষ্ট হইলে, নৌকাস্থ নাবিকেরা মিলিয়া আপন আপন অংশ হইতে ঐ ক্ষতি পূরণ করিয়া দিবে।

(ঠ) নাবিকের ত্রুটীতে নৌ-যাত্রীদিগের চৌর্য্য হইলে, নাবিকের দিতে হইবে, কিন্তু দৈববিপাকে নষ্ট হইলে, নাবিকের নিগ্রহ নাই। মনু ৮ অ। ৪০৪—৪০৯।

ভোগাধিকার বিষয়ে এখন যেমন তামাদি আইন প্রচলিত আছে, প্রাচীনকালেও তাহা ছিল। তবে সময়ে সময়ে ঋষিদিগের পরিবর্ত্তিত ব্যবস্থানুসারে কার্য্য নির্ব্বাহ হইত।

* এখন ভাগীরথী নদীতে যেমন দূরপথ যাতায়াতে জঙ্গীপুর ও স্বরূপগঞ্জ কুৎঘরে টোল মাশুল আদায় হয়, পূর্ব্বেও নদী বিশেষে তদ্রূপ মাশুল আদায়ের নিয়ম ছিল।

৬৭। ধনী আপনার সমক্ষে অন্যকর্ত্তৃক কোন বস্তু দশবৎসর কাল যাবৎ উপভুক্ত হইতেছে দেখিয়া, যদি কিছু না বলেন, তবে সেই বস্তুতে তাঁহার স্বত্ব নাশ হয়। মনু ৮ অ। ১৪৭। বসিষ্ঠ, ১৬ অ।

৬৮। ধনী যদি জড় না হয়, পোগণ্ড অর্থাৎ ষোল বৎসরের ন্যূন না হয়, অথচ দ্রব্যটি যদি তাঁহার দৃষ্টি বিষয়ে থাকিয়া উক্ত দশ বৎসর কাল উপভুক্ত হইয়া থাকে, তবে ব্যবহার মতে উহাতে ধনস্বামীর স্বত্ব নষ্ট হইয়াছে, ঐ দ্রব্যটি ভোক্তার হইবে। মনু, ৮ অ। ১৪৮।

৬৯। দুগ্ধবতী গাভী, উষ্ট্র, আরোহণাদি করিবার জন্য অশ্ব, দম্য-বৃষাদি পশু এবং অপরাপর বস্তু যাহা প্রীতিবশতঃ ভোগ করিতে দেওয়া যায়, দীর্ঘকাল ভোগ করিলেও স্বামীর স্বত্ব ইহাদের উপরে কদাচ হয় না। মনু, ৮ অ। ১৪৬।

৭০। স্বামী আপনার স্থাবর সম্পত্তি, নিঃসম্বন্ধ অপর লোকে ভোগ করিতেছে দেখিতে পাইয়াও যদি নিবারণ না করে, তবে বিংশতি বৎসর পরে ঐ সম্পত্তিতে আর স্বত্ব থাকিবে না। অস্থাবর সম্পত্তি হইলে দশবর্ষ পরে স্বত্ব থাকিবে না। যাজ্ঞ, ২ অ। ২৪।

৬৭ (ক) যৎকিঞ্চিদ্দশবর্ষাণি সন্নিধৌ প্রেক্ষতে ধনী।
ভুজ্যমানং পরৈস্তূষ্ণীং ন স তল্লব্ধুমর্হতি॥ মনু, ৮ অ। ১৪৭।
(খ) তত্র ভুক্তে দশবর্ষমেবোদাহরন্তি॥ বসিষ্ঠ। ১৬।

৬৮। অজড়শ্চেদপোগণ্ডো বিষয়ে চাস্য ভুজ্যতে।
ভগ্নং তদ্ব্যবহারেণ ভোক্তা তদ্দ্রব্যমর্হতি॥ মনু, ৮ অ। ১৪৮।

৬৯। সম্প্রীত্যা ভুজ্যমানানি ন নশ্যন্তি কদাচন।
ধেনুরুষ্ট্রো বহন্নশ্বো যশ্চ দম্যঃ প্রযুজ্যতে॥ মনু, ৮ অ। ১৪৬।

৭০। পশ্যতোঽব্রুবতো ভূমের্হানির্বিংশতিবার্ষিকী।
পরেণ ভুজ্যমানায়া ধনস্য দশবার্ষিকী॥ যাজ্ঞ, ২ অ। ২৪।

৭১। (ক) বন্ধক ক্ষেত্রাদির সীমা, বালকের ধন, নিক্ষেপ অর্থাৎ বসন-স্থিত-মুদ্রিত-অজ্ঞাত গচ্ছিত দ্রব্য, উপনিধি অর্থাৎ জ্ঞাত-গচ্ছিতদ্রব্য, দাসী প্রভৃতি, রাজধন এবং বিদ্বান্ ব্রাহ্মণের ধন—এ সকল বস্তুর স্বত্ব, ভোগে নষ্ট হয় না। মনু, ৮ অ। ১৪৯।

(খ) বন্ধকী দ্রব্য-সীমাস্থান, উপনিক্ষেপ (অর্থাৎ সংখ্যা ও নামাদি কীর্ত্তন পূর্ব্বক গচ্ছিত দ্রব্য), জড় ও বালকের সম্পত্তি, উপনিধি (অর্থাৎ অভ্যন্তরস্থ দ্রব্যের কথা প্রকাশ না করিয়া যে মুদ্রাঙ্কিত পেটিকাদি গচ্ছিত রাখা হয়, তাহার নাম উপনিধি), রাজস্ব, দাস্যাদি স্ত্রী এবং শ্রোত্রিয়ের ধন পরে ভোগ করিতেছে, দেখিতে পাইয়াও নিষেধ না করিলে, ঐ সকল সম্পত্তির স্বামী বিংশতি বৎসর বা দশ বৎসর পরে নিঃস্বত্ব হইবে না। যে ব্যক্তি আধি প্রভৃতি শ্রোত্রিয়ের সম্পত্তি পর্য্যন্ত পূর্ব্বোক্ত দ্রব্য, তত্তৎ স্বামীর বিনানুমতিতে ভোগ করে, বিচারক তাহার নিকট হইতে ঐ সকল বস্তু প্রকৃত স্বামীকে এবং তৎপরিমিত বা তদীয় শক্ত্যনুরূপ অর্থদণ্ড রাজসরকারে দেওয়াইবেন। যাজ্ঞ, ২ অ। ২৫-২৬।

পূর্ব্বকালে কোন্ কোন্ ব্যক্তি মোকদ্দমা উত্থাপন করিতে বারিত ছিল;—

৭১ (ক) আধিঃ সীমা বালধনং নিক্ষেপোপনিধিঃ স্ত্রিয়ঃ।
রাজস্বং শ্রোত্রিয়স্বঞ্চ ন ভোগেন প্রণশ্যতি॥ মনু, ৮ অ। ১৪৯॥

(খ) আধিসীমোপনিক্ষেপ জড়বালধনৈর্ব্বিনা।
তথোপনিধিরাজস্ত্রী শ্রোত্রিয়াণাং ধনৈরপি॥
আধ্যাদীনাং বিহর্ত্তারং ধনিনে দাপয়েদ্ধনম্।
দণ্ডঞ্চ তৎসমং রাজ্ঞে শক্ত্যপেক্ষমথাপি বা॥ যাজ্ঞ, ২ অ। ২৫—২৬।

৭২। মত্ত, উন্মত্ত, ব্যসনাসক্ত, বালক, ভীত, নগরাদিবিরুদ্ধ এবং অনিযুক্ত-সম্বন্ধ-শূন্য ব্যক্তি এই সকল লোকে যে ব্যবহার উত্থাপিত করে, তাহা অসিদ্ধ। যাজ্ঞ, ২ অ। ৩৩।

এখন যেমন এক আদালতে বিচারিত মোকদ্দমা উপরিতন আদালতে আপীল হইয়া পুনর্ব্বিচার হয়, পূর্ব্বকালেও সে নিয়ম ছিল; অধিকন্তু অন্যায় বিচারকারীর দণ্ড হইত;—

৭৩। অমাত্য সকল অথবা প্রাড়্বিবাক যদি কোন অর্থি-প্রত্যর্থীর অভিযোগ অযথা নিষ্পন্ন করিয়া থাকেন, তবে রাজা স্বয়ং ঐ অভিযোগের পুনর্ব্বিচার করিবেন এবং অন্যায় বিচারকারীকে সহস্র পণ দণ্ড করিবেন। মনু, ৯ অ। ২৩৪।

এখন যেমন আপীলের কারণ না থাকিলে, উপরিতন আদালত আপীল গ্রহণ করেন না, পূর্ব্বকালেও সেই নিয়ম ছিল;—

৭৪। ব্যবহারবিষয়ে কোন পক্ষকে সৎ বা অসৎ বলিয়া সভ্যেরা যাহা একবার ধার্য্য করিয়াছেন, অথবা যে দণ্ড ধার্য্য হইয়াছে, তাহা ধর্ম্মতঃই করা হইয়াছে, এই বোধে তদ্বিষয়ের আর পুনর্ব্বিচার করিবেন না। মনু, ৯ অ। ২৩৩।

এখন যেমন নিম্ন আদালতের বিচারিত মোকদ্দমা উচ্চ আদা-

৭২। মত্তোন্মত্তার্ত্তব্যসনি বালভীতাদি যোজিতঃ।
অসম্বন্ধকৃতশ্চৈব ব্যবহারো ন সিধ্যতি॥ যাজ্ঞ, ২ অ। ৩৩।

৭৩। অমাত্যাঃ প্রাড়্বিবাকো বা যৎকুর্য্যুঃ কার্য্যমন্যথা।
তৎস্বয়ং নৃপতিঃ কুর্য্যাৎ তান্ সহস্রঞ্চ দণ্ডয়েৎ॥ মনু, ৯ অ। ২৩৪।

৭৪। তীরিতঞ্চানুশিষ্টঞ্চ যত্র ক্বচন যত্তবেৎ।
কৃতং তদ্ধর্ম্মতো বিদ্যান্ন তদ্ভূয়ো নিবর্ত্তয়েৎ॥ মনু, ৯ অ। ২৩৩।

লতে আপীল হয়, কিন্তু উচ্চ আদালতে নিষ্পন্ন মোকদ্দমা নিম্ন আদালতে বিচার হয় না, পূর্ব্বেও তাহাই ছিল ;—

৭৫। রাজনিযুক্ত গ্রামবাসী বা নগরবাসী সমস্ত লোক, নানা জাতীয় জনসমূহ এবং নিজ নিজ বন্ধু-বান্ধববর্গ ব্যবহারার্থী মনুষ্যদিগের ব্যবহার-কার্য্য এই সকলের মধ্যে পূর্ব্বে উল্লিখিত ব্যক্তি পর পর অপেক্ষা শ্রেষ্ঠ (অর্থাৎ বন্ধুবর্গের দৃষ্ট ব্যবহারের পুনর্দ্দর্শন জন্য নানাজাতীয় জনসমূহের নিকট, তাহার দৃষ্ট ব্যবহারের পুনর্দ্দর্শন জন্য গ্রামবাসী বা নগরবাসী সমস্ত লোকের নিকট যাইতে পারিবে—ইত্যাদি ; কিন্তু রাজনিযুক্ত লোক-দৃষ্ট ব্যবহারের পুনর্দ্দর্শন জন্য গ্রাম বা নগরবাসী জনসমূহের নিকট যাইবে না—ইত্যাদি)। যাজ্ঞ, ২ অ। ৩১। *

অবস্থাবিশেষে রাজা উচ্চ আদালতে নিষ্পন্ন মোকদ্দমা পুনর্বিচার করিতেন ;—

৭৬। বল বা ভয়নিষ্পন্ন, স্ত্রীকৃত, নিশাকালকৃত, গৃহাভ্যন্তরকৃত, গ্রাম-বহির্দ্দেশকৃত এবং শত্রুকৃত ব্যবহার শ্রেষ্ঠ-ব্যক্তিকর্ত্তৃক দৃষ্ট হইলেও রাজা পরিবর্ত্তিত করিবেন। যাজ্ঞ, ২ অ। ৩২।

বিচারকের বিচার কার্য্যে সাধু বা অসাধু ব্যবহার প্রকাশ হইলে, পুরস্কার বা দণ্ড হইত।

৭৫। নৃপেণাধিকৃতাঃ পূগাঃ শ্রেণয়োঽথ কুলানি চ।
পূর্ব্বং পূর্ব্বং গুরুজ্ঞেয়ং ব্যবহারবিধৌ নৃণাম্॥ যাজ্ঞ, ২ অ। ৩১।

৭৬। বলোপধিবিনির্ব্বৃত্তান্ ব্যবহারান্ নিবর্ত্তয়েৎ।
স্ত্রীনক্তমন্তরাগারবহিঃশত্রুকৃতাংস্তথা॥ যাজ্ঞ, ২ অ। ৩২।

---

* এখন যেমন মুন্সেফ হইতে জজ, জজ হইতে হাইকোর্টে আপীল হয়, কিন্তু হাইকোর্ট হইতে জজের নিকট আপীল হয় না, সেইরূপ ভাব ; এই শ্রেষ্ঠ ব্যক্তি-দৃষ্ট ব্যবহার পরিবর্ত্তিত হইবে না।

৭৭। রাজা যাহাদিগকে ব্যবহার কার্য্যে নিযুক্ত করিয়াছেন, (জজ, মাজিষ্ট্রেট ইত্যাদি) গোয়েন্দা দ্বারা তাহাদিগের আচরণ জানিয়া যাহারা সাধু বলিয়া প্রতিপন্ন হইবে, তাহাদিগকে সম্মানিত এবং যাহারা অসাধু বলিয়া প্রতিপন্ন হইবে, তাহাদিগকে অপরাধানুসারে দণ্ডিত করিবেন। উৎকোচজীবী (ঘুষখোর) দিগকে সর্ব্বস্ব হইতে বঞ্চিত করিয়া নির্ব্বাসিত করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৩৮-৩৩৯। মনু, ৯ অ। ২৩১।

ছল বা বল-পূর্ব্বককৃত যে কোন কার্য্য বিচারে অসিদ্ধ হইত ;—

৭৮। যে স্থলে ছলে বন্ধক, বিক্রয়, দান ও প্রতিগ্রহ করে, অথবা নিক্ষেপ প্রভৃতি যে কোন কার্য্য করে, সেই সমুদায় ক্ষেত্রে প্রাড়্বিবাক বিচার নিবর্ত্তিত করিবেন। মনু, ৮ অ। ১৬৫।

৭৯। বলপূর্ব্বক যাহা কিছু দত্ত হয়, বলপূর্ব্বক যাহা কিছু ভুক্ত হয়, বলপূর্ব্বক যাহা কিছু লেখিত হয়, বলপূর্ব্বক যাহা কিছু কৃত হয়, সকলই অকৃত অর্থাৎ অসিদ্ধ ইহা মনু বলিয়াছেন। মনু, ৮ অ। ১৬৮।

৭৭। (ক) যে রাষ্ট্রাধিকৃতাস্তেষাং চারৈর্জ্ঞাত্বা বিচেষ্টিতম্।
সাধূন্ সম্পালয়েদ্রাজা বিপরীতাংস্তু ঘাতয়েৎ॥
"উৎকোচজীবিনো দ্রব্যহীনান্ কৃত্বা প্রবাসয়েৎ।" যাজ্ঞ, ১ অ। ৩৩৮—৩৩৯।

(খ) যে নিযুক্তাস্তু কার্য্যেষু হন্যুঃ কার্য্যাণি কার্য্যিণাম্।
ধনোষ্মণা পচ্যমানাস্তান্ নিঃস্বান্ কারয়েন্নৃপঃ॥ মনু, ৯ অ। ২৩১।

৭৮। যোগাধমনবিক্রীতং যোগদান প্রতিগ্রহম্।
যত্র বাপ্যুপধিং পশ্যেৎ তৎসর্ব্বং বিনিবর্ত্তয়েৎ॥ মনু, ৮অ। ১৬৫।

৭৯। বলাদ্দত্তং বলাদ্ভুক্তং বলাদ্যচ্চাপি লেখিতম্।
সর্ব্বান্ বলকৃতানর্থানকৃতান্ মনুরব্রবীৎ॥ মনু, ৮ অ। ১৬৮।

ষট্‌ত্রিংশ স্তবক।

[ঋণাদান বিষয়ক বিচারবিধি।]

এখন যেমন ঋণের টাকা আদায় জন্য আদালতে আরজী দাখিল এবং দলিল ও সাক্ষী দ্বারা তাহা প্রমাণ করিতে হয়, পূর্ব্বেও তাহাই ছিল ;—

১। (ক) উত্তমর্ণ অর্থাৎ মহাজন, অধমর্ণের নিকট হইতে প্রাপ্য টাকার প্রার্থনা করিয়া যদি আবেদন করে, তবে রাজা সাক্ষী লেখ্যাদি দ্বারা প্রদত্ত ধন প্রমাণ করিয়া অধমর্ণের নিকট হইতে ঐ ধন উত্তমর্ণকে দেওয়াইবেন। মনু, ৮ অ। ৪৭।

(খ) যে অর্থ ঋণ বা কোন অধর্ম্ম উপায়ে গ্রহণ করা হইয়াছে, সেই ধনস্বামী গ্রহীতার নিকট হইতে যে কোনরূপে তাহা আদায় করিতে চেষ্টা করিবে, রাজা নিবারণ করিতে পারিবেন না, পরন্তু সেই অবস্থায় গ্রহীতা যদি রাজার নিকট বিচারার্থ গমন করে, তাহা হইলে রাজা ঐ গ্রহীতার নিকট হইতে গৃহীত ধন আদায় করিয়া দিবেন এবং উহার শক্ত্যানুরূপ অর্থদণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৪১।

১। (ক) অধমর্ণার্থসিদ্ধ্যর্থমুত্তমর্ণেন চোদিতঃ।
দাপয়েদ্ধনিকস্যার্থমধমর্ণাদ্বিভাবিতম্॥ মনু, ৮ অ। ৪৭।

(খ) প্রপন্নং সাধয়ন্নর্থং ন বাচ্যো নৃপতের্ভবেৎ।
সাধ্যমানো নৃপং গচ্ছন্ দণ্ড্যো দাপ্যশ্চ তদ্ধনম্॥ যাজ্ঞ, ২ অ। ৪১।

এখন যেমন নালিশের পর আশামীর জবাব লইয়া বিচার হয়, পূর্ব্বেও তাহাই ছিল ;—

স্বীকার জবাবের যেরূপ বিচার হইত ;—

২। অধমর্ণ "ঋণ দেয় বলিয়া ধর্ম্মাধিকরণ সভাতে স্বীকার করিলে, রাজা অধমর্ণকে একশত পণে পঞ্চ পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ১৩৯। (ঐ দণ্ডের টাকাই রাজার প্রাপ্য ; অবশ্য ঋণের টাকার অতিরিক্ত ঐ দণ্ড দিতে হইত।)

অস্বীকার জবাবের যেরূপ বিচার হইত ;—

৩। "আমি তোমার ধারি না" বলিয়া উত্তমর্ণের ধন অধমর্ণ অপহ্নব (অস্বীকার) করিলে পর, যদি উত্তমর্ণ সাক্ষী লেখ্যাদি দ্বারা ধার প্রমাণ করাইতে পারে, তবে রাজা উত্তমর্ণকে ধন দেওয়াইবেন এবং অধমর্ণকে তাহার শক্তি বুঝিয়া অপহ্নবের দণ্ড করিবেন। মনু, ৮ অ। ৫১।

সেই দণ্ড কি পরিমিত হইত ;—

৪। যদি অধমর্ণ ধর্ম্মাধিকরণ সভায় গিয়া "ঋণ ধারি না" বলিয়া অপলাপ (অস্বীকার) করে এবং পশ্চাৎ উহা প্রমাণিত হয়, তবে রাজা উহাকে শত পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ১৩৯। *

২। "ঋণে দেয়ে প্রতিজ্ঞাতে পঞ্চকং শতমর্হতি।" মনু, ৮ অ। ১৩৯।

৩। অর্থেঽপব্যয়মানন্তু করণেন বিভাবিতম্।
দাপয়েদ্ধনিকস্যার্থং দণ্ডলেশঞ্চ শক্তিতঃ॥ মনু, ৮ অ। ৫১।

৪। "অপহ্নবে তদ্দ্বিগুণং তন্মনোরনুশাসনম্॥" মনু, ৮ অ। ১৩৯।

---

* তাহা হইলেই বুঝা যাইতেছে, রাজার প্রাপ্য, স্বীকার জবাবে শতকরা পাঁচ পণ এবং অস্বীকার জবাবে শতকরা দশ পণ আদায় হইত।

অধমর্ণের নামে নালিশ করিয়া আদায় করিতে হইলে, অধমর্ণের দণ্ড ও উত্তমর্ণের নিকট পুরস্কার উভয় পক্ষ হইতেই রাজার প্রাপ্য আদায় হইত ;—

৫। অধমর্ণের নামে নালিশ করিয়া দ্রব্য আদায় করিতে হইলে, যত দ্রব্য উত্তমর্ণ পাইবে, তাহার শতকরা শতভাগের দশভাগ রাজা অধমর্ণকে দণ্ড করিবেন। আর উত্তমর্ণ দ্রব্য প্রাপ্ত হইয়া সন্তোষ সহকারে রাজাকে শতভাগের পাঁচভাগ দ্রব্য দিবেন। যাজ্ঞ, ২ অ। ৪৩। বিষ্ণু, ৬ অ।২০-২১।

মহাজন কম টাকা দিয়া বেশী টাকার দাবিতে নালিশ করিলে এবং খাতক বেশী টাকা লইয়া কিয়দংশ স্বীকার করিয়া বক্রী অস্বীকার করিলে, উভয় স্থলেই পক্ষীয়েরা দণ্ডনীয় হইত ;—

৬। যে প্রতিবাদী অর্থীর যৎসংখ্যক ধন অপহ্নব করিবে, আর অর্থী যৎসংখ্যক ধনে মিথ্যাভিযোগ করিবে, প্রাড়্‌বিবাক ঐ অধার্ম্মিকদ্বয়কে উহার দ্বিগুণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ৫৯।

খাতক অস্বীকার জবাব দিলে, মহাজনকে যেরূপে প্রমাণ করিতে হইত ;—

৫। (ক) রাজ্ঞাধমর্ণিকো দাপ্যঃ সাধিতাদ্দশকং শতম্‌।
পঞ্চ পঞ্চ শতং দাপ্যঃ প্রাপ্তার্থো হ্যুত্তমর্ণকঃ॥ যাজ্ঞ, ২ অ। ৪৩।

(খ) উত্তমর্ণশ্চেদ্রাজানমিয়াৎ তদ্বিভাবিতোঽধমর্ণো
রাজ্ঞেধনদশভাগসম্মিতং দণ্ডং দদ্যাৎ॥
প্রাপ্তার্থশ্চোত্তমর্ণো বিংশতিতমমংশম্‌॥ বিষ্ণু, ৬ অ। ২০—২১।

৬। যো যাবন্নিহ্নুবীতার্থং মিথ্যা যাবতি বা বদেৎ।
তৌ নৃপেণ হ্যধর্ম্মজ্ঞৌ দাপ্যৌ তদ্দ্বিগুণং দমম॥ মনু, ৮ অ। ৫৯।

৭। ধর্ম্মাধিকরণ সভা "দেনা দাও" বলিলে, যদি অধমর্ণ ঐ দেনা অস্বীকার করে, তবে অভিযোক্তা ঋণকালীন বর্ত্তমান সাক্ষী, লেখ্য বা অন্য প্রমাণাদি সভাতে নির্দ্দেশ করিবেন। মনু, ৮ অ। ৫২।

৮। ধনার্থী উত্তমর্ণ, রাজপুরুষ দ্বারা অধমর্ণকে আনীত করিলে পর, প্রাড়্‌বিবাককর্ত্তৃক জিজ্ঞাসিত হইলেও যদি সে "আমি ধারি না" এমন অস্বীকার করে, তবে উত্তমর্ণকে তিন জনের ন্যূন না হয়, এমত সাক্ষীদ্বারা আত্মবিষয়ক প্রমাণ করিতে হইবে। মনু, ৭ অ। ৬০।

ঋণে সুদের যেরূপ বিধি ছিল ;—

৯। সাধুদিগের আচার স্মরণ করিয়া বন্ধক-রহিত স্থলে, প্রতি মাসে শতকরা দুইপণ সুদ গ্রহণ করিতে পারেন। শতকরা দুইপণ সুদ লইলে, অর্থসম্বন্ধে পাপী হইতে হয় না। মনু, ৮ অ। ১৪১।

১০। উত্তমর্ণ স্বীয় দায়িত্ব বুঝিয়া বর্ণানুপূর্ব্বিক ক্রমে ব্রাহ্মণ অধমর্ণের নিকট শতকরা দুই পণ, ক্ষত্রিয়ের নিকট তিন পণ, বৈশ্যের নিকট চারি পণ এবং শূদ্রের নিকট শতকরা পাঁচ পণ সুদ প্রতি মাসে গ্রহণ করিবেন। মনু, ৮ অ। ১৪২। যাজ্ঞ, ২ অ। ৩৮ (ইহা বন্ধকশূন্য ঋণের সুদ)।

৭। অপহ্নবেঽধমর্ণস্য দেহীত্যুক্তস্য সংসদি।
অভিযোক্তা দিশেদ্দেশ্যং করণং বান্যদুদ্দিশেৎ॥ মনু, ৮ অ। ৫২।

৮। পৃষ্টোপব্যয়মানস্তু কৃতাবস্থো ধনৈষিণা।
ত্র্যবরৈঃ সাক্ষিভির্ভাব্যো নৃপ ব্রাহ্মণসন্নিধৌ॥ মনু, ৮ অ। ৬০।

৯। দ্বিকং শতং বা গৃহ্নীয়াৎ সতাং ধর্ম্মমনুস্মরন্।
দ্বিকং শতং হি গৃহ্নানো ন ভবত্যর্থকিল্বিষী॥ মনু, ৮ অ। ১৪১।

১০ (ক) দ্বিকং ত্রিকং চতুষ্কঞ্চ পঞ্চকঞ্চ শতং সমম্।
মাসস্য বৃদ্ধিং গৃহ্নীয়াদ্বর্ণানামনুপূর্ব্বশঃ॥ মনু, ৮ অ। ১৪২।
(খ) বর্ণাক্রমাচ্ছতং দ্বিত্রিশ্চতুঃপঞ্চকমন্যথা॥ যাজ্ঞ, ২ অ। ৩৮।

১১। শাস্ত্রানুসারে অধিক হারে সুদ লওয়া সিদ্ধ নয়, এরূপ অধিক-হারে সুদ গ্রহণ করাকে পণ্ডিতেরা কুসীদপথ বলিয়া নির্দ্দেশ করেন, উত্তমর্ণ এরূপ সুদ শতকরা পাঁচের ঊর্দ্ধ লইতে পারে না। মনু, ৮ অ।১৫২।

১২। যদি প্রতি মাসে বা দিন দিন সুদ না লইয়া, সুদে আসলে একেবারে লইতে হয়, তবে ঐ সুদ মুলধনের বেশী হইবে না। মনু, ৮ অ। ১৫১।*

১৩। "এক মাস, দুই মাস বা তিন মাস অন্তর একবারে সুদ লইব" এই নিয়মে ঋণ দিয়া সংবৎসর অতিক্রম করিয়া তাহার সুদ একেবারে গ্রহণ করা উত্তমর্ণের উচিত নয়, কিংবা অশাস্ত্রীয় সুদ গ্রহণ করাও উচিত নয়। চক্র-বৃদ্ধি অর্থাৎ সুদের সুদ, কালবৃদ্ধি অর্থাৎ মুলের দ্বিগুণ বৃদ্ধি, কারিতা অর্থাৎ অধমর্ণ আপদে পড়িয়া যে বৃদ্ধি দিতে স্বীকার করে এবং কারিকাবৃদ্ধি অর্থাৎ অতিশয় পীড়নাদি দ্বারা যে বৃদ্ধি, এই চারি প্রকার বৃদ্ধি উত্তমর্ণ পরিত্যাগ করিবে। মনু, ৮ অ। ১৫৩।

১১। কৃতানুসারাদধিকা ব্যতিরিক্তা ন সিধ্যতি।
কুসীদপথমাহুস্তং পঞ্চকং শতমর্হতি॥ মনু, ৮ অ। ১৫২।

১২। "কুসীদবৃদ্ধির্দ্বৈগুণ্যং নাত্যেতি সকৃদাহৃতা।" মনু, ৮ অ। ১৫১।

১৩। নাতি সাংবৎসরীং বৃদ্ধিং ন চাদৃষ্টাং পুনর্হরেৎ।
চক্রবৃদ্ধিঃ কালবৃদ্ধিঃ কারিতা কারিকা চ যা॥ মনু, ৮ অ। ১৫৩।

---

* এখন মহাজনেরা ১০০৲ টাকা ঋণ দিয়া সুদে আসলে হয়ত ৫০০৲ টাকা আদায় করিয়া লন, প্রাচীনকালে তদ্রূপ স্থলে ২০০৲ টাকার অধিক পাইতে পারিত না। সুদে আসলে দ্বিগুণের বেশী সুদ দিতে হইলে অধমর্ণের যে বিশেষ কষ্ট হয়, ইহা বলা বাহুল্য। এই কারণে কলিকাতা হাইকোর্টের ভূতপূর্ব্ব উকীল ৺মোহিনী মোহন রায় কাউন্সেলের মেম্বর থাকা কালে শাস্ত্র-বিহিত সুদে-আসলে দ্বিগুণের বেশী না লইতে পারে, এইরূপ আইন প্রচলন হইবার জন্য বিশেষ প্রয়াস পাইয়াছিলেন।

১৪। যাহারা বাণিজ্যার্থ কান্তারে গমন করে, তাহারা শতকরা শতভাগের দশ ভাগ এবং সমুদ্রগামীরা শতভাগের বিংশতি ভাগ সুদ দিবে অথবা সকল বর্ণ, সকল জাতিকে ঋণগ্রহণ সময়ে নিজ নিজ নির্দ্দিষ্ট বৃদ্ধি দিবে। যাজ্ঞ, ২ অ। ৩৯।

বহুকাল ঋণ থাকিলে, অথচ মধ্যে মধ্যে সুদ গ্রহণ না করিলে, দ্রব্যবিশেষে যতদূর পর্য্যন্ত সুদ বাড়িতে পারে ;—

১৫। স্ত্রী-পশু অর্থাৎ গাভী প্রভৃতি ধার দিলে, তাহার বৎসের মূল্য পর্য্যন্ত সুদ হইলে, আর সুদ বাড়িবে না। রসের (অর্থাৎ তৈল-ঘৃতাদির) সুদ মূলধন অপেক্ষা আটগুণ পর্য্যন্ত বাড়িবে। বস্ত্র, ধান্য এবং সুবর্ণের যথাক্রমে চারিগুণ, তিনগুণ এবং দ্বিগুণ পর্য্যন্ত বৃদ্ধি হইবে। যাজ্ঞ, ২ অ। ৪০। বিষ্ণু, ৬ অ। ১১-১৫।

উদাহরণ।

শ্যামঘোষ রামঘোষের নিকট পঞ্চমবর্ষীয় গাভী ধার করিয়াছে, তদনুরূপ আর একটী গাভী দ্বারা ঐ ঋণ পরিশোধ করিতে হইবে, এই তাহার নিয়ম ছিল। কিন্তু অনেকদিন গত হইল, ঋণ পরিশোধ করিতে পারিতেছে না ; রামঘোষ ভদ্রলোক, সুদ চাহিতে পারে নাই, ক্রমে লইলে, এত সুদ লইতে পারিত যে তদ্দ্বারা আর একটী গাভী ক্রয় করা যায়। তাহার

১৪। কান্তারগাস্তু দশকং সামুদ্রা বিংশকং শতম্।
দদ্যুর্ব্বা স্বকৃতাং বৃদ্ধিং সর্ব্বে সর্ব্বাসু জাতিষু॥ যাজ্ঞ, ২ অ। ৩৯।

১৫ (ক) সন্ততিস্তু পশুস্ত্রীণাং রসস্যাষ্টগুণাপরা।
বস্ত্রধান্যহিরণ্যানাং চতুস্ত্রিদ্বিগুণাঃ স্মৃতাঃ॥ যাজ্ঞ, ২ অ। ৪০।

(খ) হিরণ্যস্য পরা বৃদ্ধির্দ্বিগুণা॥ ধান্যস্য ত্রিগুণা॥ বস্ত্রস্য চতুর্গুণা॥
রসস্যাষ্টগুণা॥ সন্ততিঃ স্ত্রীপশূনাম্॥ বিষ্ণু, ৬ অ। ১১—১৫।

পর যদি শ্যামঘোষ ঐ ঋণ পরিশোধ করে ত একটী বৎস বা বৎসমূল্য মাত্র দিবে, অধিক দিতে হইবে না।

১৬। কিণ্ব (সুরার বীজ বিশেষ) কার্পাস, সূত্র, চর্ম্ম, আয়ুধ, ইষ্টক এবং অঙ্গারের অক্ষয়বৃদ্ধি (অর্থাৎ ইহাদিগের সুদ চিরকাল চলিবে)। আর পূর্ব্বোক্ত বস্তু সকল ভিন্ন অন্যান্য বস্তু যাহার বিষয় কথিত হইল না, তাহার দ্বিগুণ বৃদ্ধি। বিষ্ণু, ৬ অ। ১৬।

১৭। ধান্য, সদ (বৃক্ষফল); উর্ণাদি লোম ও বলীবর্দ্দাদিতে মূলের পাঁচগুণ বৃদ্ধি লইতে পারে। মনু, ৮ অ। ১৫১।

১৮। ঋণ গ্রহণের সময় বৃদ্ধি বিষয়ে কোন কথা না থাকিলেও, এক বৎসর অতীত হইলে, যথাবিহিত অর্থাৎ দুই ভাগ, তিন ভাগ ইত্যাদি অথবা মধ্যস্থ-কল্পিত বৃদ্ধি পাইবে। বিষ্ণু, ৬ অ। ৪।

১৯। যে ব্যক্তি আগামী কল্য সমস্ত সমভাবে প্রদান করিব (অর্থাৎ সুদ দিব না, কেবল যাহা লইতেছি তাহাই দিব) এই বলিয়া ঋণ গ্রহণ করিয়া পশ্চাৎ লোভবশতঃ তাহা পরিশোধ না করে, উত্তমর্ণ পশ্চাৎ তাহার সুদ পাইতে পারিবে। বিষ্ণু, ৬ অ। ৪০।

ঋণ আদায় জন্য উত্তমর্ণ প্রতিভূ (অর্থাৎ জামিন) লইতে পারিত ;—

১৬। কিণ্ কার্পাসসূত্রচর্ম্মায়ুধেষ্টকাঙ্গারাণামক্ষয়া॥ বিষ্ণু, ৬ অ। ১৬।

১৭। "ধান্যেসদেলবেবাহ্যে নাতিক্রমতিপঞ্চতাম।" মনু, ৮ অ। ১৫১।

১৮। অকৃতামপি বৎসরাতিক্রমেণ যথাবিহিতাম্॥ বিষ্ণু, ৬ অ। ৪।

১৯। যো গৃহীত্বা ঋণং সর্ব্বং শ্বো দাস্যামীতি সামকম্।
ন দদ্যাল্লোভতঃ পশ্চাত্তথা বৃদ্ধিমবাপ্নুয়াৎ॥ বিষ্ণু, ৬ অ। ৪০।

২০। ঋণাদানের নিম্ন লিখিত ত্রিবিধ প্রতিভূত্ব (অর্থাৎ জামিন হওয়া) বিহিত ছিল।

(ক) আপনি ইহাকে ছাড়িয়া দিউন, আবশ্যক মতে ইহাকে দেখাইয়া দিব (ইহাকে দর্শন প্রতিভূ বলে)।

(খ) আপনি ইহাকে ঋণ দান করিতে পারেন, আপনাকে ঠকাইবে না, লোকটা বিশ্বাসী (ইহাকে প্রত্যয়-প্রতিভূ বলে)।

(গ) ঐ ব্যক্তি না দিলে আমি দিব, আপনি স্বচ্ছন্দে ইহাকে ঋণ দিউন (ইহাকে দান প্রতিভূ বলে)।

দর্শনের এবং বিশ্বাস করিবার প্রতিভূদিগের কথা ঠিক না হইলে, রাজা উত্তমর্ণের প্রদত্ত অর্থ, তাহাদিগের দ্বারা দেওয়াইবেন; কিন্তু ইতিমধ্যে পরলোক প্রাপ্তি হইলে, তাহাদিগের পুত্র দ্বারা আর দেওয়াইবেন না। দান প্রতিভূ রাখিয়া ঋণগ্রহণ করতঃ গৃহীতা যদি না দেয়, তবে দানের প্রতিভূ, তদভাবে তৎপুত্রগণ দ্বারা উত্তমর্ণের প্রদত্ত ধন দেওয়াইবেন। যাজ্ঞ, ২ অ। ৫৪। বিষ্ণু, ৬ অ। ৪১।

২১। *যে যাহার দর্শন-প্রতিভূ অর্থাৎ হাজির-জামিন থাকিবে, সে* যদি যথাকালে অধমর্ণকে উপস্থিত করিয়া দিতে না পারে, তবে উত্তমর্ণের ঋণ তাহাকে দিতে হইবে। মনু, ৮অ। ১৫৮।

২০। দর্শনে প্রত্যয়ে দানে প্রাতিভাব্যং বিধীয়তে।
আদ্যৌ তু বিতথে দাপ্যাবিতরস্য সুতা অপি॥ যাজ্ঞ, ২ অ। ৫৪; বিষ্ণু, ৬ অ। ৪১।

২১। যো যস্য প্রতিভূস্তিষ্ঠেদ্দর্শনায়েহ মানবঃ।
অদর্শয়ন্ স তং তস্য প্রযচ্ছেৎ স্বধনাদৃণম্॥ মনু, ৮ অ। ১৫৮।

২২। যদি দর্শন প্রতিভূ বা প্রত্যয় প্রতিভূ অধমর্ণের নিকট হইতে ঋণ শোধনের উচিত ধন গ্রহণ করিয়া প্রতিভূ হইয়া যদি মরে, তবে উহাদিগের পুত্র ঐ ধন হইতে উত্তমর্ণের ঋণ অবশ্য দিবে। মনু, ৮ অ। ১৬২।

২৩। দর্শনের এবং বিশ্বাসের প্রতিভূর মৃত্যু হইলে, তৎপুত্রগণ উত্তমর্ণের ঐ ঋণ পরিশোধ না করিলে পাপী হইবে না, কিন্তু দান প্রতিভূর পুত্র ঐ ঋণ পরিশোধ না করিলে পাপী হইবে। যাজ্ঞ, ২ অ। ৫৫।

২৪। যদি অনেক ব্যক্তি অংশ নির্দ্দেশ করিয়া একজনের প্রতিভূ হয়, তাহা হইলে, যে যেরূপ অংশে প্রতিভূ সে সেইরূপ দিবে। আর যদি এক চ্ছায়াশ্রিত (অর্থাৎ বিশেষ অংশ নির্দ্দেশ না করিয়া সকলে মিলিয়া অধমর্ণের সদৃশ হয়, তাহা হইলে প্রতিভূগণ উত্তমর্ণের অভিপ্রায়ানুসারে অর্থ দিতে বাধ্য হইবে। যাজ্ঞ, ২ অ। ৫৬। বিষ্ণু, ৬ অ। ৪২।

২৫। প্রতিভূ সর্ব্বজন সমক্ষে উত্তমর্ণকে যাহা দিবে, অধমর্ণ প্রতিভূকে তাহার দ্বিগুণ অর্পণ করিবে। যাজ্ঞ, ২ অ। ৫৭। বিষ্ণু, ৬ অ। ৪৩।

২২। নিরাদিষ্টধনশ্চেৎ তু প্রতিভূঃ স্যাদলং ধনঃ।
স্বধনাদেব তদ্দদ্যান্নিরাদিষ্ট ইতি স্থিতিঃ॥ মনু, ৮ অ। ১৬২।

২৩। দর্শনপ্রতিভূর্যত্র মৃতঃ প্রাত্যয়িকোঽপি বা।
ন তৎপুত্রা ঋণং দদ্যুর্দ্দদ্যুর্দ্দানায় যে স্থিতাঃ। যাজ্ঞ, ২ অ। ৫৫।

২৪। (ক) বহবঃ স্যুর্যদি স্বাংশৈর্দদ্যুঃ প্রতিভুবো ধনম্।
একচ্ছায়াশ্রিতেষ্বেষু ধনিকস্য যথা রুচিঃ॥ যাজ্ঞ, ২ অ। ৫৬।

(খ) বহবশ্চেৎ প্রতিভুবো দদ্যুস্তেঽর্থং যথাকৃতম্।
অর্থেঽবিশেষিতে ত্বেষু ধনিকচ্ছন্দতঃ ক্রিয়া। বিষ্ণু, ৬ অ। ৪২।

২৫। (ক) প্রতিভূর্দ্দাপিতো যত্তু প্রকাশো ধনিনোধনম্।
দ্বিগুণম্ প্রতিদাতব্যমৃণিকৈস্তস্য তদ্ভবেৎ॥ যাজ্ঞ, ২ অ। ৫৭।

(খ) যমর্থং প্রতিভূর্দ্দদ্যাদ্ধনিকেনোপপীড়িতঃ।
ঋণিকস্তং প্রতিভুবে দ্বিগুণং দাতুমর্হতি॥ বিষ্ণু, ৬ অ। ৪৩।

২৬। পিতা দান প্রতিভূ অর্থাৎ মালজামিন থাকিয়া মরিয়া গেলে, পুত্রাদি দায়াদগণকে ঐ ঋণ দিতে হইবে। মনু, ৮ অ। ১৬০।

কোন্ ব্যক্তি প্রতিভূ হইবার অযোগ্য ;—

২৭। ভ্রাতৃগণ; স্বামি-স্ত্রী, পিতাপুত্র, ইহাদিগের ধন যত দিন অবিভক্ত অবস্থায় থাকে, ততদিন পরস্পর অনুমতি ব্যতীত ইহাদিগের মধ্যে কেহই প্রতিভূ হইতে পারিবে না এবং ঋণদান, ঋণগ্রহণ বা সাক্ষ্য প্রদান করিতেও পারিবে না। যাজ্ঞ, ২ অ। ৫৩।

ঋণ পরিশোধ বিষয়ক বিধি।

পিতৃ-পিতামহ-ঋণ পুত্র-পৌত্রের পরিশোধব্য ;—

২৮। অবিভক্ত ভ্রাতৃগণের ধন হইতে পৈতৃক ঋণ পরিশোধ হইবে। আর ভ্রাতৃগণ বিভক্ত হইলে (উত্তরাধিকারাদিসূত্রে—) স্ব স্ব অধিকৃত পৈতৃক সম্পত্তি অনুসারে অংশ দিয়া ঋণ শোধ করিবে। বিষ্ণু, ৬ অ। ৩৫-৩৬।

২৯। পিতৃ-পিতামহ দূরদেশস্থিত, মৃত কিংবা দুশ্চিকিৎস্য রোগাদি ব্যসনে অভিভূত হইলে, পুত্র- পৌত্রগণ ঋণ পরিশোধ করিবে ; যদি অপ-

২৬। "দানপ্রতিভুবিপ্রেতে দায়াদানপি দাপয়েৎ॥" মনু, ৮ অ। ১৬০।

২৭। ভ্রাতৄণামথ দম্পত্যোঃ পিতুঃ পুত্রস্য চৈব হি।
প্রাতিভাব্যমৃণং সাক্ষ্যমবিভক্তেন তু স্মৃতম্। যাজ্ঞ, ২ অ। ৫৩।

২৮। পৈতৃকমৃণমবিভক্তানাং ভ্রাতৄণাঞ্চ॥ বিভক্তাশ্চ দায়ানুরূপমংশম্॥
বিষ্ণু, ৬ অ। ৩৫—৩৬।

২৯। পিতরি প্রোষিতে প্রেতে ব্যসনাভিপ্লুতেঽথবা।
পুত্রপৌত্রৈর্ঋণং দেয়ং নিহ্নবে সাক্ষিভাবিতম্॥ যাজ্ঞ, ২ অ। ৫১।

লাপ করে, তাহা হইলে উত্তমর্ণগণ সাক্ষীর দ্বারা প্রমাণ করিয়া দিলে, উহা দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ৫১।

নিম্নলিখিত ব্যক্তিরা ঋণ পরিশোধ করিতে বাধ্য ;—

৩০। ১ম। সপুত্রক বা অপুত্রক ব্যক্তির যে ধনাধিকারী (অর্থাৎ যেমন চারিটি পুত্রের মধ্যে উইল সূত্রে একটী অথবা পুত্র না থাকিলে, অন্য ব্যক্তি ধনাধিকারী হয় সেইরূপ) তাহাকেই ঋণ পরিশোধ করিতে হইবে। তদভাবে—

২য়। ভার্য্যাগ্রাহী অর্থাৎ

(ক) বিবাহিতা অথচ অক্ষতা-স্ত্রীকে পূর্ব্বস্বামীর অবর্ত্তমানে অপরে বিবাহ করিলে, সেই বিবাহকর্ত্তা।

(খ) একজনের বিবাহিতা যুবতী-পত্নী বিশেষ বিপৎপাতে যদি অপরকে আত্মসমর্পণ করে, তাহা হইলে, সেই আত্মসমর্পণের পাত্র।

(গ) বহুধন-সম্পন্না বা অপত্যবতী স্ত্রী যে পরপুরুষকে আশ্রয় করে সে। এই ত্রিবিধ ভার্য্যাগ্রাহী তদভাবে—

৩য়। অনন্যাশ্রিতদ্রব্য (অর্থাৎ পৈতৃক ধনে অধিকারী হইবার উপযুক্ত অথচ পিতার ধনাভাব বশতঃই হউক বা অন্য কারণেই হউক, ধনাধিকারে বঞ্চিত) পুত্র ঋণ পরিশোধ করিতে বাধ্য। যাজ্ঞ, ২ অ। ৫২। বিষ্ণু, ৬ অ। ২৯-৩০।

৩০। (ক) ঋক্‌থগ্রাহ ঋণং দাপ্যো যোষিদ্‌গ্রাহস্তথৈব চ।
পুত্রোঽনন্যাশ্রিতদ্রব্যঃ পুত্রহীনস্য ঋক্‌থিনঃ॥ যাজ্ঞ, ২ অ। ৫২।

(খ) সপুত্রস্য বাঽপুত্রস্য বা ঋক্‌থগ্রাহী ঋণং দদ্যাৎ॥
নির্দ্ধনস্য স্ত্রীগ্রাহী। বিষ্ণু, ৬ অ। ২৯—৩০।

৩১। ঋণগ্রাহী পরলোকগত, প্রব্রজিত কিংবা নিরুদ্দেশ হইলে, তাহার পুত্র-পৌত্র দ্বাদশবর্ষ পর্য্যন্ত ঋণ পরিশোধ করিতে বাধ্য ; অতঃপর ইচ্ছা না করিলে, ঋণ পরিশোধ করিতে হইবে না। বিষ্ণু, ৬ অ। ২৭-২৮।

৩২। যদি কোন ব্যক্তি সর্ব্বসাধারণ কুটুম্ব-ভরণার্থ ঋণ করিয়া মরে, তবে অবিভক্ত বা বিভক্ত পরিবার মধ্যে সকলকেই উক্ত ঋণ দিতে হইবে। মনু, ৮ অ। ১৬৬। যাজ্ঞ, ২ অ। ৪৬। বিষ্ণু, ৬ অ। ৩৪।

৩৩। কুটুম্ব ভরণের জন্য দাসও যদি ঋণ করে, তবে, ধনস্বামী দেশেই থাকুন, আর বিদেশেই থাকুন, তাঁহাকে ঐ ঋণ দিতে হইবে। মনু, ৮ অ। ১৬৭।

কোন্ ঋণ পরিশোধ্য নহে ;—

৩৪। দর্শনপ্রতিভূ-হেতু ধন দিতে হইলে, ভণ্ড প্রভৃতিকে পরিহাস নিমিত্ত বৃথাদান, দ্যূতক্রীড়া বা সুরাপান নিমিত্ত দেয়, দণ্ডনিমিত্ত

৩১। ধনগ্রাহিণি প্রেতে প্রব্রজিতে দ্বিদশসমাঃ
প্রবসিতে বা তৎপুত্রপৌত্রৈর্ধনং দেয়ম্॥
নাতঃ পরমনীপ্সুভিঃ॥ বিষ্ণু, ৬ অ। ২৭-২৮।

৩২। (ক) গ্রহীতা যদি নষ্টঃ স্যাৎ কুটুম্বার্থে কৃতো ব্যয়ঃ।
দাতব্যং বান্ধবৈস্তৎস্যাৎ প্রবিভক্তৈরপি স্বতঃ॥ মনু, ৮ অ। ১৬৬।

(খ) অবিভক্তৈঃ কুটুম্বার্থে যদৃণঞ্চ কৃতং ভবেৎ।
দদ্যুস্তদ্‌বৃক্‌থিনঃ প্রেতে প্রোষিতে বা কুটুম্বিনি॥ যাজ্ঞ, ২অ। ৪৬।

(গ) অবিভক্তৈঃ কৃতমৃণং যস্তিষ্ঠেৎ স দদ্যাৎ॥ বিষ্ণু, ৬ অ। ৩৪।

৩৩। কুটুম্বার্থেঽধ্যধীনোঽপি ব্যবহারং যমাচরেৎ।
স্বদেশে বা বিদেশে বা তং জ্যায়ান্ন বিচালয়েৎ॥ মনু, ৮ অ। ১৬৭।

৩৪। প্রাতিভাব্যং বৃথাদানমাক্ষিকং সৌরিকঞ্চ যৎ।
দণ্ডশুল্কাবশেষঞ্চ ন পুত্রো দাতুমর্হতি॥ মনু, ৮ অ। ১৫৯।

দেয় এবং শুল্কের অবশেষ,—পিতৃকৃত এই সকল দেয় পুত্রকে দিতে হইবে না। মনু, ৮ অ। ১৫৯।

৩৫। মদের ঋণ, বেশ্যার জন্য ঋণ, দ্যূতক্রীড়ার্থ কৃত ঋণ, রাজদণ্ড বা শুল্কের অবশিষ্ট ঋণ, এবং বৃথা দানের (অর্থাৎ নটগায়কাদি উদ্দেশে দানের) ঋণ পিতৃপিতামহ কৃত হইলেও পুত্র-পৌত্রকে পরিশোধ করিতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ৪৮।

৩৬। মদাদিতে মত্ত, উন্মাদগ্রস্ত, ব্যাধিপীড়িত ইহাদের কৃতঋণ এবং দাসাদি অধীন, নাবালক, অশীতিবর্ষাদি বৃদ্ধ ইহারা নিযুক্ত না হইয়া আপন ইচ্ছায় যে ঋণ করিবে, তাহা ব্যবহারসিদ্ধ নহে। মনু, ৮ অ। ১৬৩।

৩৭। পতিকৃত ঋণ স্ত্রীকে, পুত্রকৃত ঋণ মাতাপিতাকে এবং স্ত্রীকৃত ঋণ পতিকে পরিশোধ করিতে হইবে না, তবে যদি ঐ ঋণ পরিবার-প্রতিপালনার্থে কৃত হয়, তাহা হইলে দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ৪৭। বিষ্ণু, ৬ অ। ৩১-৩৩।

স্ত্রীলোকের কৃত ঋণ পরিশোধ বিধি ;—

৩৮। গোপ, শৌণ্ডিক (শুঁড়ি) শৈলুষ (ভিল্লজাতি), রজক

৩৫। সুরাকামদ্যূতকৃতং দণ্ড শুল্কাবশিষ্টকম্।
বৃথাদানং তথৈবেহ পুত্রো দদ্যান্ন পৈতৃকম্॥ যাজ্ঞ, ২ অ। ৪৮।

৩৬। মত্তোন্মত্তার্ত্তাধ্যধীনৈর্বালেন স্থবিরেণ বা।
অসম্বদ্ধকৃতশ্চৈব ব্যবহারো ন সিধ্যতি॥ মনু, ৮ অ। ১৬৩।

৩৭। (ক) ন যোষিৎ পতিপুত্রাভ্যাং ন পুত্রেণ কৃতং পিতা।
দদ্যাদৃতে কুটুম্বার্থান্ন পতিঃ স্ত্রীকৃতং তথা॥ যাজ্ঞ, ২ অ। ৪৭।

(খ) ন স্ত্রী পতিপুত্রকৃতম্॥ ন স্ত্রী কৃতং পতিপুত্রৌ॥
ন পিতা পুত্রকৃতম্॥ বিষ্ণু, ৬ অ। ৩১—৩৩।

৩৮। (ক) গোপশৌণ্ডিকশৈলূষরজকব্যাধযোষিতাম্।
ঋণং দদ্যাৎ পতিস্তেষাং যস্মাদ্‌বৃত্তিস্তদাশ্রয়া॥ যাজ্ঞ, ২ অ। ৪৯।

এবং ব্যাধ এই সকল জাতির স্ত্রী যে ঋণ করিবে, উহাদিগের পতিকে ঐ ঋণ পরিশোধ করিতে হইবে, যেহেতু উক্ত জাতীয়দিগের জীবিকা স্ত্রীর উপরেই নির্ভর করিতেছে। যাজ্ঞ, ২ অ। ৪৯। বিষ্ণু, ৬ অ। ৩৭।

৩৯। যে ঋণ পরিশোধে অঙ্গীকারবদ্ধ হইয়াছে তাহা, যে ঋণ স্বামীর সহ একত্রে করিয়াছে তাহা এবং নিজকৃত যে ঋণ তাহাই স্ত্রীলোক পরিশোধ করিতে বাধ্য, তাহাকে অন্য ঋণ পরিশোধ করিতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ৫০।

এখন যেমন তমস্সুক (অর্থাৎ খৎ) পরিবর্ত্ত করিয়া নূতন খৎ লিখিয়া দেয় পূর্ব্বেও সে নিয়ম ছিল ;—

৪০। যে অধমর্ণ ঋণ পরিশোধে অসমর্থ হইয়া পুনর্ব্বার লেখ্যপত্র লিখিতে ইচ্ছা করে, সে দেয় সমুদায় সুদ উত্তমর্ণকে প্রদান করিয়া লেখ্যপত্র করিয়া দিবে। যদি সমুদায় বৃদ্ধি না দিতে পারে, তবে যত বৃদ্ধি অবশিষ্ট থাকে, তাহা এবং মূল একত্র করিয়া যত হইবে, তাহার লেখ্য করিয়া দিবে। মনু, ৮ অ। ১৫৪-১৫৫।

ডিক্রীর টাকা আদায়ের যে বিধান ছিল ;—

অবন্ধক ঋণে এখন যেমন আদালত ডিক্রীর টাকা কিস্তি-

(খ) গোপশৌণ্ডিকশৈলূষরজকব্যাধস্ত্রীণাং পতির্দ্দদ্যাৎ ॥ বিষ্ণু, ৬ অ। ৩৭।

৩৯। প্রতিপন্নং স্ত্রিয়া দেয়ং পত্যা বা সহ যৎকৃতম্ ।
স্বয়ং কৃতং বা যদৃণং নান্যৎ স্ত্রী দাতুমর্হতি ॥ যাজ্ঞ, ২ অ। ৫০।

৪০। ঋণং দাতুমশক্তো যঃ কর্ত্তুমিচ্ছেৎ পুনঃ ক্রিয়াম্ ।
স দত্বা নির্জ্জিতাং বৃদ্ধিং করণং পরিবর্ত্তয়েৎ ॥
অদর্শয়িত্বা তত্রৈব হিরণ্যং পরিবর্ত্তয়েৎ ।
যাবতী সম্ভবেদ্‌বৃদ্ধিস্তাবতীং দাতুমর্হতি ॥ মনু, ৮ অ। ১৫৪—১৫৫

বন্দী মতে আদায়ের আজ্ঞা করিতে পারেন, তদ্রূপ পূর্ব্বেও ঋণের ডিক্রীর টাকার কিস্তিবন্দীর আদেশের বিধান ছিল।

৪১। উৎকৃষ্ট জাতীয় অসমর্থ অধমর্ণের নিকট হইতে উত্তমর্ণ তাহার আয় অনুসারে অল্পে অল্পে ঋণ আদায় করিবে। মনু, ৮ অ। ১৭৭। যাজ্ঞ, ২ অ। ৪৪।

রাজানুমোদিত উপায় ব্যতীত স্বেচ্ছামতে ডিক্রীর টাকা, অথবা বিনাভিযোগে স্বেচ্ছামতে ঋণের টাকা উত্তমর্ণ আদায় করিলে দণ্ডনীয় হইত ;—

৪২। উত্তমর্ণ অধমর্ণ হইতে স্বেচ্ছামতে আত্মধন আদায় করিতেছে, ইহাতে অধমর্ণ যদি উত্তমর্ণের নামে রাজার নিকট নালিশ উত্থাপন করে, তবে রাজা উহাকে ঋণের চতুর্থাংশ দণ্ড করিবেন এবং ঋণও দেওয়াইবেন। মনু, ৮ অ। ১৭৬।

অধমর্ণের সমান জাতীয় অনেক উত্তমর্ণ অভিযোক্তা হইলে, ঋণ কালের অগ্র পশ্চাৎ অনুসারে ক্রমে ক্রমে এক এক উত্তমর্ণ টাকা পাইত এবং জাতীয় বর্ণের উত্তমতাধমতানুসারে টাকা পাইত ;—

৪৩। এক অধমর্ণের সমান জাতীয় অনেক উত্তমর্ণ অভিযোগ

৪১। (ক) "সমোঽবকৃষ্টজাতিস্তু দদ্যাচ্ছে্রয়াংস্তু তচ্ছনৈঃ॥" মনু, ৮ অ। ১৭৭।

(খ) ব্রাহ্মণস্তু পরিক্ষীণঃ শনৈর্দ্দাপ্যো যথোদয়ম্॥ যাজ্ঞ, ২ অ। ৪৪।

৪২। যঃ সাধয়ন্তং ছন্দেন বেদয়েদ্ধনিকং নৃপে।
স রাজ্ঞা তচ্চতুর্ভাগং দাপ্যস্তস্য চ তদ্ধনম্॥ মনু, ৮ অ। ১৭৬।

৪৩। গ্রহীতা তু ক্রমাদ্দাপ্যো ধনিনামধমর্ণিকঃ।
দত্ত্বা তু ব্রাহ্মণায়ৈব নৃপতেস্তদনন্তরম্॥ যাজ্ঞ, ২ অ। ৪২।

উপস্থিত করিলে, রাজা ঐ অধমর্ণ দ্বারা ঋণ গ্রহণের পৌর্ব্বাপৌর্ব্ব্য অনুসারে এক এক জন উত্তমর্ণের ঋণ পরিশোধ করাইবেন। ভিন্ন জাতীয় অনেক উত্তমর্ণ অভিযোগ উপস্থিত করিলে, প্রথমতঃ ব্রাহ্মণ উত্তমর্ণের, দ্বিতীয়তঃ ক্ষত্রিয় উত্তমর্ণের ইত্যাদি ক্রমে পরিশোধ করাইবেন। যাজ্ঞ, ২ অ। ৪২।

৪৪। উত্তমর্ণ যে যে উপায় দ্বারা অধমর্ণ হইতে আপন প্রাপ্ত পাইতে পারেন, রাজা সেই সেই উপায়ের অনুমোদন করিয়া উত্তমর্ণকে তাঁহার প্রাপ্য দেওয়াইবেন। মনু, ৮ অ। ৪৮।

৪৫। ধর্ম্ম অর্থাৎ বান্ধবাদি দ্বারা উপদেশ দিয়া, ব্যবহার অর্থাৎ সাক্ষী, লেখ্য, দিব্য বা শপথাদি দ্বারা প্রমাণ করিয়া দিয়া, উত্তমর্ণ ছল অথবা কৌশল দ্বারা আচরিত অর্থাৎ ঋণীকের গৃহে যাইয়া তাহার স্ত্রী-পুত্র-পশু প্রভৃতি ধরিয়া অথবা তাহার যাতায়াতের পথ অবরোধ করিয়া, এই সকল উপায় দ্বারা আপনার টাকা অধমর্ণের নিকট হইতে আদায় করিতে পারেন এবং পঞ্চমতঃ বল প্রয়োগ অর্থাৎ প্রহারাদিও করিতে পারেন। উত্তমর্ণ পূর্ব্বোক্ত উপায়াদি দ্বারা আপন ধন অধমর্ণের নিকট হইতে স্বয়ং আদায় করিলে, রাজা তাহাকে তজ্জন্য দোষী করিবেন না। মনু, ৮ অ। ৪৯-৫০। (এই বিধানে বুঝিতে হইবে, ঐ সকল উপায় রাজার অনুমোদিত হওয়া আবশ্যক ছিল)।

৪৪। যৈর্যৈরুপায়ৈরর্থং স্বং প্রাপ্নুয়াদুত্তমর্ণিকঃ।
তৈস্তৈরুপায়ৈঃ সংগৃহ্য দাপয়েদধমর্ণিকম্॥ মনু, ৮ অ। ৪৮।

৪৫। ধর্ম্মেণ ব্যবহারেণচ্ছলেনাচরিতেন চ।
প্রযুক্তং সাধয়েদর্থং পঞ্চমেন বলেন চ॥
যঃ স্বয়ং সাধয়েদর্থমুত্তমর্ণোঽধমর্ণিকাৎ।
ন স রাজ্ঞাভিযোক্তব্যঃ স্বকং স সাধয়ন্ ধনম্। মনু, ৮ অ। ৪৯—৫০।

অধমর্ণকে শারীরিক পরিশ্রম করাইয়া ঋণ আদায়ের বিধান ছিল ;—

৪৬। অধমর্ণ যদি উত্তমর্ণের স্বজাতি বা নিকৃষ্ট জাতি হয়, তবে অসমর্থ পক্ষে শারীরিক শ্রম দ্বারাও উত্তমর্ণের ঋণ পরিশোধ করিবে। মনু, ৮ অ। ১৭৭। যাজ্ঞ, ২ অ। ৪৪।

সবন্ধক-ঋণে সুদ ও আধি (অর্থাৎ বন্ধকী দ্রব্যের) ব্যবহার।

৪৭। বৃদ্ধিজীবী উত্তমর্ণ, বন্ধক সহিত ঋণ স্থলে বসিষ্ঠ-বিহিত বৃদ্ধি গ্রহণ করিবেন অর্থাৎ প্রতি মাসে শতকরা অশীতি ভাগের এক ভাগ সুদ গ্রহণ করিবেন। মনু, ৮ অ। ১৪০।

৪৮। যদি ভোগার্থ কোন বস্তু ও দাসদাসী উত্তমর্ণের নিকট বন্ধক রাখিয়া অধমর্ণ টাকা ধার লয়, তাহা হইলে ঐ টাকার আর স্বতন্ত্র সুদ চলিবে না, অথবা বহুকাল গত হইলে পরও উত্তমর্ণ ঐ বন্ধকীয় দ্রব্য স্থানান্তরিত বা বিক্রয় করিতে পারিবে না। মনু, ৮ অ। ১৪৩।

৪৯। অপ্রকাশ্য আধি-ভোগ করিলে এবং প্রয়োজনীয় আধি-ব্যবহরাক্ষম করিয়া দিলে, সুদ পাইবে না। অথবা ব্যবহারাক্ষম হইলে, পূর্ব্ববৎ করিয়া দিবে। আর যদি বিনষ্ট হয়, তাহা হইলে, উক্ত বস্তুর

৪৬। (ক) "কর্ম্মণাপি সমং কুর্য্যাদ্ধনিকায়াধমর্ণিকঃ।" মনু, ৮ অ। ১৭৭।

(খ) "হীনজাতি পরিক্ষীণমৃণার্থং কর্ম্ম কারয়েৎ" যাজ্ঞ, ২ অ। ৪৪।

৪৭। বসিষ্ঠবিহিতাং বৃদ্ধিং সৃজেদ্বিত্তবিবর্দ্ধিনীম্।
অশীতিভাগং গৃহ্লীয়ান্মাসাদ্বার্দ্ধুষিকঃ শতে। মনু, ৮ অ। ১৪০।

৪৮। ন ত্বেবাধৌ সোপকারে কৌসীদীং বৃদ্ধিমাপ্নুয়াৎ।
ন চাধেঃ কালসংরোধান্নিসর্গোঽস্তি ন বিক্রয়ঃ। মনু, ৮ অ। ১৪৩।

৪৯। গোপ্যাধিভোগে নো বৃদ্ধিঃ সোপকারেঽথ হাপিতে।
নষ্টো দেয়ো বিনষ্টশ্চ দৈবরাজকৃতাদৃতে। যাজ্ঞ, ২ অ। ৬০।

মূল্যাদি দিতে হইবে, কিন্তু দৈবকৃত বা রাজকৃত উপদ্রবে বিনষ্ট হইলে, দিতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ৬০।

৫০। দৈবোপদ্রব কি রাজোপদ্রব ব্যতীত অন্য কোন কারণে আধি-নাশ হইলে, উত্তমর্ণ অধমর্ণকে তাহা দিতে বাধ্য। বিষ্ণু, ৬ অ। ৬।

৫১। যদি পরিত্যাগ করিবার কোন কথা না থাকে, তাহা হইলে বৃদ্ধি শেষ প্রবিষ্ট হইলেও স্থাবর আধি পরিত্যাগ করিবে না। অর্থাৎ ক্ষেত্রাদির উৎপন্ন আয়ে উচিত মত সুদ পরিশোধ হইয়া যদি উদ্বৃত্ত থাকে, তথাপি উহা পরিত্যাগ করিবে না। আর যদি এমত কথা থাকে যে, সুদ পরিশোধের অবশিষ্ট অংশ দ্বারা ঋণ পরিশোধ হইতে থাকিবে, তাহা হইলে ক্রমে ঋণ পরিশোধ হওয়ার পর ঐ আধি পরিত্যাগ করিবে। বিষ্ণু ৬ অ। ৭—৯।

৫২। অধমর্ণ ঋণ পরিশোধ করিতে আসিলেও যদি উত্তমর্ণ সুদ-বৃদ্ধি লোভে উহা গ্রহণ না করে এবং অধমর্ণ ঐ ধন মধ্যস্থের নিকট রাখে, তাহা হইলে ঐ সময় হইতে আর সুদ দিতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ৪৫। বিষ্ণু, ৬ অ। ১০। (অবন্ধক ঋণেও ঐ বিধি)।

৫৩। বলপূর্ব্বক আধি (অর্থাৎ বন্ধকীয় দ্রব্য) ভোগ করিবে না।

৫০। দৈবরাজোপঘাতাদৃতে বিনষ্টমাধিমুত্তমর্ণো দদ্যাৎ ॥ বিষ্ণু, ৬ অ। ৬।

৫১। অস্তবৃদ্ধৌ প্রবিষ্টায়ামপি । ন স্থাবরমাধিমৃতে বচনাৎ ॥
গৃহীতধনপ্রবেশার্থমেব যৎ স্থাবরং দত্তং তদগৃহীত
ধনপ্রবেশে দদ্যাৎ ॥ বিষ্ণু, ৬ অ। ৭—৯।

৫২। (ক) দীয়মানং ন গৃহ্ণাতি প্রযুক্তং যঃ স্বকং ধনম্ ।
মধ্যস্থস্থাপিতং তৎস্যাদ্বর্দ্ধতে ন ততঃ পরম্ ॥ যাজ্ঞ, ২ অ। ৪৫।
(খ) দীয়মানং প্রযুক্তমর্থমুত্তমর্ণস্যাগৃহ্নতস্ততঃ পরং ন বর্দ্ধতে ॥ বিষ্ণু, ৬ অ। ১০।

৫৩। ন ভোক্তব্যো বলাদাধির্ভুঞ্জানো বৃদ্ধিমুৎসৃজেৎ ।
মূল্যেন তোষয়েচ্চৈনমাধিস্তেনোঽন্যথা ভবেৎ ॥ মনু, ৮ অ। ১৪৪।

উত্তমর্ণ যদি ঐ দ্রব্য ভোগ করে, তবে ঋণের সুদ ত্যাগ করিতে হইবে, কিংবা ভোগ করা হেতু যদি আধির অন্যথা হয়, তবে প্রকৃত মূল্য দিয়া অধমর্ণকে সন্তুষ্ট করিতে হইবে, যদি তাহা না করে, তবে সে আধি চৌর্য্যের দোষে পতিত হইবে। মনু, ৮ অ। ১৪৪।

৫৪। যে অবিচক্ষণ ব্যক্তি স্বামীর অনুমতি ব্যতিরেকে বন্ধকীয় দ্রব্য ভোগ করে, তাহাকে তজ্জন্য নিয়মিত বৃদ্ধির অর্দ্ধেকবৃদ্ধি ত্যাগ করিতে হইবে। মনু, ৮ অ। ১৫০।

ঋণাদানবিষয়কবিচারবিধি (বন্ধকীসম্পত্তি সম্বন্ধীয়)

৫৫। দ্বিগুণ বৃদ্ধি হইলেও যদি মোচন না করা হয়, তাহা হইলে বন্ধকী দ্রব্য নষ্ট হইবে (অর্থাৎ পূর্ব্ব স্বামীর স্বত্ব বহির্ভূত হইবে)। যে বন্ধক দ্রব্যের মোচন সময় নির্দ্ধারিত করা থাকে, তাহা নির্দ্ধারিত সময় অতীত হইলেই নষ্ট হইবে। আর যে সব বন্ধক বস্তুর ফল ভোগ হয় (অর্থাৎ ক্ষেত্রাদি) তাহা কখনই নষ্ট হইবে না। যাজ্ঞ ২অ। ৫৯।

৫৬। উপভোগেই আধিগ্রহণ সপ্রমাণ হয়। আধি যত্নপূর্ব্বক রক্ষিত হইলেও যদি অসার হইয়া পড়ে (অর্থাৎ সুদ সমেত মূল্যের তুলনায় অল্প বলিয়া বোধ হয়) তাহা হইলে, অন্য আধি রাখিবে অথবা ধনীকে কিছু অর্থ দিবে। যাজ্ঞ, ২ অ। ৬১।

৫৭। অধমর্ণ উত্তমর্ণকে নির্ম্মল-চরিত্র জানিয়া যদি বহুমূল্য দ্রব্য

৫৪। যঃ স্বামিনাননুজ্ঞাতমাধিং ভুঙ্‌ক্তেঽবিচক্ষণঃ ॥
তেনার্দ্ধবৃদ্ধির্মোক্তব্যা তস্য ভোগস্য নিষ্কৃতিঃ ॥ মনু, ৮ অ। ১৫০।

৫৫। আধিঃ প্রণশ্যেদ্দ্বিগুণে ধনে যদি ন মোক্ষ্যতে।
কালকালকৃতং নশ্যেৎ ফলভোগ্যো ন নশ্যতি ॥ যাজ্ঞ, ২ অ। ৫৯।

৫৬। আধেঃ স্বীকরণাৎ সিদ্ধী রক্ষ্যমানোঽপ্যসারতাম্।
যাতশ্চেদন্য আধেয়ো ধনভাগ্ বা ধনী ভবেৎ ॥ যাজ্ঞ, ২ অ। ৬১।

৫৭। চরিত্রবন্ধককৃতং স বৃদ্ধ্যা দাপয়েদ্ধনম্।
সত্যঙ্কারকৃতং দ্রব্যং দ্বিগুণং প্রতিপাদয়েৎ ॥ যাজ্ঞ, ২ অ। ৬২।

বন্ধক রাখিয়া অন্নধন লইয়া আইসে, তাহা হইলে, দ্বিগুণ সুদ সমেত মূল-ধন দিয়া বন্ধক দ্রব্য মোচন করিয়া লইতে পারিবে (নষ্ট হইবে না)। আর যদি এরূপ সত্য করা থাকে যে, "দ্বিগুণ সুদ হইলেও আমি তাহা দিয়া লইব, কিন্তু যেন আধিনাশ না হয়" তাহা হইলেও সত্যমত দ্বিগুণ দিয়া আধি মোচন করিয়া লইবে। যাজ্ঞ, ২ অ। ৬২।

৫৮। অধমর্ণ সুদ সমেত মূলধন লইয়া উপস্থিত হইলে, উত্তমর্ণ তাহার বন্ধক বস্তু ছাড়িয়া দিবে, নতুবা চোরবৎ দণ্ডনীয় হইবে। উত্তমর্ণ উপস্থিত না থাকিলে উত্তমর্ণের বিশ্বস্ত-লোকের নিকট ঐ ধন দিয়া আধি লইয়া আসিবে। যাজ্ঞ ২ অ। ৬৩।

৫৯। উত্তমর্ণ পক্ষে, অধমর্ণ-প্রদত্ত ধন গ্রহণ করিবার উপযুক্ত লোক উপস্থিত না থাকিলে, কিংবা অধমর্ণ আধিবিক্রয় দ্বারা ঋণ পরিশোধ করিতে ইচ্ছা করিয়াছে, কিন্তু উত্তমর্ণ উপস্থিত নাই, এমত সময়ে ঐ আধির যেরূপ মূল্য হইতে পারে, তাহা নির্দ্ধারিত করিয়া যাবৎ উত্তমর্ণ উপস্থিত হইয়া ধন গ্রহণ পূর্ব্বক আধি মোচন না করে বা আধিমূল্য দ্বারা নিজদত্ত ঋণের কিয়দংশ পরিশোধ না হয়, তাবৎ উত্তমর্ণের নিকট যেমন আছে, তেমনি রাখিবে। পরন্তু আর বৃদ্ধি হইবে না। যদি ঋণ গ্রহণ কালে এরূপ সত্য থাকে যে, মূলধন সুদে বৃদ্ধি পাইয়া দ্বিগুণ হইয়া উঠে, তাহা হইলে তৎকালে অধমর্ণ সন্নিহিত না হইলে, উত্তমর্ণ সাক্ষী রাখিয়া আধি বিক্রয় করিতে পারিবে। যাজ্ঞ, ২ অ। ৬৪।

৫৮। উপস্থিতস্য মোক্তব্য আধিস্তেনোঽন্যথা ভবেৎ।
প্রয়োজকেঽসতি ধনং কুলেন্যস্যাধিমাপ্নুয়াৎ॥ যাজ্ঞ, ২ অ। ৬৩।

৫৯। তৎকালকৃতমূল্যো বা তত্র তিষ্ঠেদবৃদ্ধিকঃ।
বিনা ধারণকাদ্বাপি বিক্রীণীত সসাক্ষিকম্॥ যাজ্ঞ, ২ অ : ৬৪।

৬০। যখন বন্ধকী ঋণ বৃদ্ধি পাইয়া দ্বিগুণ হইয়া দাঁড়াইবে, তখন ক্ষেত্রাদি বন্ধক রাখিলে, যদি তদুৎপন্ন দ্রব্য দ্বারা উত্তমর্ণের উক্ত ঋণ পরিশোধিত হয়, তাহা হইলে উত্তমর্ণ ঐ আধি ছাড়িয়া দিবেন। "আধি হইতে অধিক উৎপন্ন হয়, তোমার লাভ; অল্প উৎপন্ন হয়, তোমার ক্ষতি; উত্তমর্ণের অঙ্গীকারমতে অধমর্ণের এরূপ কিছু বলা না থকে এবং দ্বিগুণ ফল উৎপন্ন হয় ত আধি ছাড়িয়া দিবেন, অন্যথা নহে। যাজ্ঞ, ২অ। ৬৫।

সপ্তত্রিংশ স্তবক।

নিক্ষেপ-সম্বন্ধীয় বিচারবিধি।

১। সৎকুলজাত, সদাচার, ধর্ম্মজ্ঞ, সত্যবাদী, বহুপরিবার, ধনবান্ ও সম্ভ্রান্ত ব্যক্তির নিকটে বুদ্ধিমান্ লোক ধন সঞ্চিত রাখিবেন। মনু, ৮ অ। ১৭৯।

২। যে ব্যক্তি যেরূপে যাহার হস্তে যে দ্রব্য নিক্ষেপ (গচ্ছিত) করিবে, লইবার কালে উহাকে ঐ দ্রব্য ঐরূপে দিবে; দায়ও যেরূপ হইবে, গ্রহণও সেইরূপ হওয়া চাই। মনু, ৮অ। ১৮০।

৬০। যদা তু দ্বিগুণীভূতমৃণমাধৌ তদা খলু।
মোচ্য আধিস্তদুৎপন্নে প্রবিষ্টে দ্বিগুণে ধনে॥ যাজ্ঞ, ২ অ। ৬৫।

১। কুলজে বৃত্তসম্পন্নে ধর্ম্মজ্ঞে সত্যবাদিনি।
মহাপক্ষে ধনিন্যার্য্যে নিক্ষেপং নিক্ষিপেদ্বুধঃ॥ মনু, ৮ অ। ১৭৯।

২। যো যথা নিক্ষিপেদ্ধস্তে যমর্থং যস্য মানবঃ।
স তথৈব গ্রহীতব্যো যথা দায়স্তথাগ্রহঃ॥ মনু, ৮ অ। ১৮০।

৩। নিক্ষেপকারী চাহিলে পর গচ্ছিত দ্রব্য যে না দেয়, নিক্ষেপ-কারীর অসাক্ষাতে প্রাড়্‌বিবাক তাহার এইরূপ বিচার করিবেন ;—সাক্ষীর অভাবে বয়স্ক ও রূপবান্‌ চর দ্বারা প্রাড়্‌বিবাক ছল ক্রমে হিরণ্যাদি দ্রব্য ঐ ব্যক্তির নিকট গচ্ছিত করাইবেন। পরে নিক্ষেপকারী চর প্রার্থনা করিলে পর, সে যদি ঐ গচ্ছিত দ্রব্য যেরূপে যে ভাবে দেওয়া হইয়াছিল, সেইরূপে এবং সেই ভাবে প্রত্যর্পণ করে, তবে উহার প্রতি অপরের অভিযোগের কোন কারণ নাই, ইহা বুঝিতে হইবে। যদি ঐ চরদিগের নিক্ষেপ দ্রব্য না দেয়, তবে উহাকে নিগ্রহ করিয়া রাজা উহা হইতে উভয় নিক্ষেপই দেওয়াইবেন। মনু, ৮ অ। ১৮১-১৮৪।

৪। নিক্ষেপ ও উপনিধি গচ্ছিতকারীর বর্ত্তমানে তাহার পুত্র বা ভাবী উত্তরাধিকারীর হস্তে দিতে নাই, কারণ পুত্রাদি যদি নাই-ই দেয়, বা তাহাদের মৃত্যু হয়, তাহা হইলে ত ঐ দ্রব্য নষ্ট হইল। মনু, ৮ অ। ১৮৫।

৩। যো নিক্ষেপং যাচ্যমানো নিক্ষেপ্তুর্ন প্রযচ্ছতি।
স যাচ্যঃ প্রাড়্‌বিবাকেন তন্নিক্ষেপ্তুরসন্নিধৌ॥
সাক্ষ্যভাবে প্রণিধিভির্বয়োরূপসমন্বিতৈঃ।
অপদেশৈশ্চ সন্ন্যস্য হিরণ্যং তস্য তত্ত্বতঃ॥
স যদি প্রতিপদ্যেত যথান্যস্তং যথাকৃতম্।
ন তত্র বিদ্যতে কিঞ্চিদ্যৎ পরৈরভিযুজ্যতে॥
তেষাং ন দদ্যাদ্যদি তু তদ্ধিরণ্যং যথাবিধি।
উভৌ নিগৃহ্য দাপ্যঃ স্যাদিতি ধর্ম্মস্য ধারণা॥ মনু, ৮ অ। ১৮১—১৮৪।

৪। নিক্ষেপোপনিধী নিত্যং ন দেয়ৌ প্রত্যনন্তরে।
নশ্যতো বিনিপাতে তাবনিপাতে ত্বনাশিনৌ॥ মনু, ৮ অ। ১৮৫।

৫। মৃত নিক্ষেপ্তার পুত্রাদি-উত্তরাধিকারীর নিকট যে ব্যক্তি গচ্ছিত ধন স্বয়ং প্রেরিত হইয়া প্রত্যর্পণ করে, রাজা বা নিক্ষেপ্তার বন্ধুবর্গ তাহার নিকট আরও অন্য বস্তু আছে বলিয়া অনুযোগ করিতে পারিবে না, যদি এমত অনুযোগ উপস্থিত হয়, তবে রাজা কপট ব্যবহার পরিত্যাগপূর্ব্বক প্রীতি-সহকারে সেই অর্থ পাইবার চেষ্টা করিবেন এবং গচ্ছিত-রক্ষাকারীর চরিত্র বিচার করতঃ সান্ত্বনা বাক্যে কার্য্য সাধন করিবেন। মনু, ৮ অ। ১৮৬-১৮৭।

৬। মুদ্রাঙ্কিত উপনিধি যদি যথামুদ্রা প্রত্যর্পণ করা যায়, অথচ তাহার ভিতর হইতে কিছু বাহির করিয়া না লওয়া হয়, তবে গচ্ছিত রক্ষাকারীর কোন দোষ হয় না। উহার ভিতর হইতে যদি নিজে কিছু গ্রহণ না করে ত, চোরে চুরি করিলে, জল দ্বারা ধৌত হইলে, অগ্নি দ্বারা দগ্ধ হইলে, গচ্ছিত দ্রব্য দিতে হয় না। মনু, ৮ অ। ১৮৮-১৮৯।

৭। নিক্ষেপের অপহরণকারীকে এবং নিক্ষেপ না করিয়া যে নিক্ষেপের দাবি করে, তাহাকে রাজা বৈদিক শপথাদি দ্বারা এবং সমুদয় উপায়ের দ্বারা বিচার করিবেন। মনু, ৮ অ। ১৯০।

৫। "ন স রাজ্ঞাভিযোক্তব্যো ন নিক্ষেপ্তুশ্চ বন্ধুভিঃ।"
অচ্ছলেনৈব চান্বিচ্ছেৎ তমর্থং প্রীতিপূর্ব্বকম্ ॥
বিচার্য্য তস্য বা বৃত্তং সাম্নৈব পরিসাধয়েৎ ॥ মনু, ৮ অ। ১৮৬—১৮৭।

৬। নিক্ষিপেষ্বেষু সর্ব্বেষু বিধিঃ স্যাৎ পরিসাধনে।
সমুদ্রে নাপ্নুয়াৎ কিঞ্চিদ্ যদি তস্মান্ন সংহরেৎ ॥
চৌরৈর্হৃতং জলেনোঢ়মগ্নিনা দগ্ধমেব বা।
ন দদ্যাদ্‌যদি তস্মাৎ স ন সংহরতি কিঞ্চন ॥ মনু, ৮ অ। ১৮৮—১৮৯।

৭। নিক্ষেপস্যাপহর্ত্তারমনিক্ষেপ্তারমেব চ।
সর্ব্বৈরুপায়ৈরন্বিচ্ছেৎ শপথৈশ্চৈব বৈদিকৈঃ ॥ মনু, ৮ অ। ১৯০।

৮। যে নিক্ষেপ অর্পণ করে না, আর যে নিক্ষেপ না করিয়া প্রার্থনা করে, রাজা ঐ উভয়কে সুবর্ণাদি চোরের ন্যায় শাসন করিবেন। অথবা গচ্ছিত দ্রব্যানুযায়ী অর্থদণ্ড করিবেন। মনু, ৮ অ। ১৯১।

৯। রাজা নিক্ষেপ ও উপনিধি-অপহরণকারী এবং উহার অন্যায়-দাবিকারীকে নির্ব্বিশেষে নিক্ষিপ্তদ্রব্য সমান দণ্ড করিবেন। মনু, ৮ অ। ১৯২।

১০। মহাজন নিকটে যত পরিমাণ সুবর্ণাদি দ্রব্য সাক্ষী করিয়া গচ্ছিত রাখা যায়, সাক্ষী বাক্যে উহার পরিমাণ নির্ণীত হয়। সে অন্যথা বলিলে দণ্ডনীয় হইবে। মনু, ৮ অ। ১৯৪।

১১। নির্জ্জনে গচ্ছিত রাখিয়াছে এবং নির্জ্জনে গচ্ছিত লইয়াছে; এমত স্থলে নির্জ্জনেই গচ্ছিত প্রত্যর্পণ করিবে; যেমন দায় তেমনই গ্রহ। মনু, ৮ অ। ১৯৫।

১২। নিক্ষিপ্ত ও প্রীতিপূর্ব্বক উপনিহিত দ্রব্যের বিনির্ণয় স্থলে রাজা গচ্ছিতকারীকে কিছুমাত্র পীড়া বা ক্ষোভ দিবেন না। মনু, ৮ অ। ১৯৬।

৮। যো নিক্ষেপং নার্পয়তি যশ্চানিক্ষিপ্য যাচ্যতে।
তাবুভৌ চৌরবচ্ছাস্যৌ দাপ্যৌ বা তৎসমং দমম্॥ মনু, ৮ অ। ১৯১

৯। নিক্ষেপস্যাপহর্ত্তারং তৎ সমং দাপয়েদ্দমম্।
তথোপনিধিহর্ত্তারমবিশেষেণ পার্থিবঃ॥ মনু, ৮ অ। ১৯২।

১০। নিক্ষেপো যঃ কৃতো যেন যাবাংশ্চ কুলসন্নিধৌ।
তাবানেব স বিজ্ঞেয়ো বিব্রুবন্ দণ্ডমর্হতি॥ মনু, ৮ অ। ১৯৪।

১১। মিথো দায়ঃ কৃতো যেন গৃহীতো মিথ এব বা।
মিথ এব প্রদাতব্যো যথাদায়স্তথা গ্রহঃ॥ মনু, ৮ অ। ১৯৫॥

১২। নিক্ষিপ্তস্য ধনস্যৈবং প্রীত্যোপনিহিতস্য চ।
রাজা বিনির্ণয়ং কুর্য্যাদক্ষিণ্বন্ ন্যাসধারিণম্॥ মনু, ৮ অ। ১৯৬।

১৩। যে ব্যক্তি গচ্ছিত বস্তু অপহরণ করে, রাজা তাহার দ্বারা গচ্ছিত ধনের অধিকারীকে অর্থ বৃদ্ধি সমেত ঐ ধন দেওয়াইবেন এবং তাহাকে চৌরবৎ শাসন করিবেন। বিষ্ণু, ৫ অ। ১৬৪-১৬৫।

১৪। যে ব্যক্তি অনিক্ষিপ্তকেও নিক্ষিপ্ত বলিবে; (অর্থাৎ প্রকৃত পক্ষে গচ্ছিত না রাখিয়া গচ্ছিত রাখিয়াছে বলিবে,) তাহারও ঐ দণ্ড হইবে। বিষ্ণু, ৫ অ। ১৬৬।

১৫। বিশেষ বিবরণ না বলিয়া যে সকল বস্তু করণ্ড (পেটিকাদির) মধ্যে রাখিয়া অপরের হস্তে ন্যস্ত হয়, তাহার নাম "ঔপনিধিক"। ইহা যাহার নিকট ন্যস্ত করিবে, সে ব্যক্তি ন্যাসকারীকেও তদ্রূপ প্রত্যর্পণ করিবে। যাজ্ঞ, ২ অ। ৬৬।

১৬। ঔপনিধিক রাজা, দৈব বা তস্করের উপদ্রবে বিনষ্ট হইলে, প্রত্যর্পণ করিতে হইবে না। কিন্তু যদি ন্যাসকারী উক্তদ্রব্য প্রার্থনা করিলে না দেয় ও তাহার পরে রাজাদি উপদ্রবে বিনষ্ট হয়, তাহা হইলে, তাহার মূল্য দিতে হইবে এবং রাজা তন্মূল্য পরিমিত অর্থ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৬৭।

১৭। যে ব্যক্তি নিজের ইচ্ছা ক্রমে ঐ দ্রব্য উপভোগ করে বা বাণিজ্য

১৩। নিক্ষেপাপহার্য্যর্থবৃদ্ধিসহিতং ধনং ধনিকস্য দাপ্যঃ।
রাজ্ঞা চৌরবচ্ছাস্যঃ। বিষ্ণু, ৫ অ। ১৬৪—১৬৫।

১৪। যশ্চানিক্ষিপ্তং নিক্ষিপ্তমিতি ব্রূয়াৎ। বিষ্ণু, ৫ অ। ১৬৬।

১৫। বাসনস্থমনাখ্যায় হস্তেঽন্যস্য যদর্পিতম্।
দ্রব্যং তদৌপনিধিকং প্রতিদেয়ং তথৈব তৎ॥ যাজ্ঞ, ২ অ। ৬৬।

১৬। ন দাপ্যোপহৃতং তত্তু রাজদৈবিকতস্করৈঃ।
ভ্রেষশ্চেন্মার্গিতেঽদত্তে দাপ্যো দণ্ডঞ্চ তৎসমম্॥ যাজ্ঞ, ২ অ। ৬৭।

১৭। আজীবন্ স্বেচ্ছয়া দণ্ড্যো দাপ্যস্তঞ্চাপি সোদয়ম্।
যাচিতাং বাহিতন্যাসনিক্ষেপাদিষ্বয়ং বিধিঃ॥ যাজ্ঞ, ২ অ। ৬৮।

দ্বারা বৃদ্ধি করে, তাহার শক্ত্যনুরূপ দণ্ড হইবে। যাচিত (অর্থাৎ বিবাহাদি উৎসবে পরিধান করিবার জন্য অপরের নিকট হইতে যে সকল বস্ত্রালঙ্কারাদি চাহিয়া লওয়া হয়) অন্বাহিত (অর্থাৎ যে দ্রব্য গচ্ছিত অবস্থায় অপরের নিকট গচ্ছিত হয়) ন্যাস (অর্থাৎ প্রথমে কোন বস্তু গৃহস্বামীকে দেখাইয়া গৃহ স্বামীর নিকটে দিবে,—এই বলিয়া সেই পরিবারের অন্তর্ভুক্ত এক ব্যক্তির হস্তে অর্পণ করা) নিক্ষেপ (অর্থাৎ সাক্ষাৎ সম্বন্ধে কোন ব্যক্তির নিকট কোন বস্তু অর্পণ করা) ইত্যাদি বিষয়েরই এই নিয়ম জানিবে। যাজ্ঞ, ২ অ।৬৮।

অষ্টাত্রিংশ স্তবক।

অস্বামি-বিক্রয়-বিষয়কবিচারবিধি।

১। অস্বামিকর্ত্তৃক যে দান বা বিক্রয়, ব্যবহারস্থিতিতে তাহা অসিদ্ধ জানিবে। মনু, ৮ অ। ১৯৯।

২। যথায় ভোগ দেখা যাইতেছে, কিন্তু ক্রয়-প্রতিগ্রহাদির কোন আগম নাই, সে স্থলে উক্ত ভোগ প্রমাণ হইবে না, আগমই প্রমাণ। মনু ৮ অ। ২০০।

১। অস্বামিনা কৃতো যস্তু দায়ো বিক্রয় এব বা।
অকৃতঃ স তু বিজ্ঞেয়ো ব্যবহারে যথা স্থিতিঃ॥ মনু, ৮ অ। ১৯৯।

২। সম্ভোগো দৃশ্যতে যত্র ন দৃশ্যেতাগমঃ ক্বচিৎ।
আগমঃ কারণং তত্র ন সম্ভোগ ইতি স্থিতিঃ॥ মনু, ৮ অ। ২০০।

৩। বিক্রয়যোগ্য দেশে, অনেকের সমক্ষে যথার্থ মূল্যে যে বস্তু ক্রয় করা হইয়াছে, সে ক্রয় বিশুদ্ধ হইবে। মনু, ৮ অ। ২০১।

৪। যদি ক্রেতা বিক্রেতাকে দর্শাইতে না পারে, অথচ প্রকাশ্য ক্রয়হেতু শুদ্ধ বলিয়া প্রমাণ হয়, তবে অস্বামিদ্রব্য ক্রয় নিমিত্ত ক্রেতা দণ্ডনীয় হইবে না, কিন্তু উক্ত দ্রব্য উহার স্বামী প্রাপ্ত হইবে। এস্থলে দ্রব্যস্বামী ক্রেতাকে অর্দ্ধ-মূল্য দিয়া আপনার দ্রব্য লইবেন। মনু ৮ অ। ২০২। বিষ্ণু, ৫ অ। ১৫৯-১৬০।

৫। অন্য-বিক্রীত নিজদ্রব্য দেখিতে পাইলেই, স্বামী উহা গ্রহণ করিবে; সর্ব্বজন সমক্ষে ক্রয় না করিলে, ক্রেতার দোষ হইবে। যে দ্রব্য কোন সতুপায়ে যাহার পাইবার সম্ভব নাই, তাহা সেই ব্যক্তির নিকট ক্রয় করিলে, অতি গোপনে ক্রয় করিলে, অতি অল্প মূল্যে ক্রয় করিলে, অথবা অসময় (অর্থাৎ রাত্র্যাদি কালে) ক্রয় করিলে, ঐ ক্রেতাও তস্করের মধ্যে গণ্য। যাজ্ঞ, ২ অ। ১৭১।

৬। বিনষ্ট বা অপহৃত পরকীয়-দ্রব্য ক্রয়াদি দ্বারা হস্তগত হইলে

৩। বিক্রয়াদ্ যো ধনং কিঞ্চিদ্ গৃহ্নীয়াৎ কুলসন্নিধৌ।
ক্রয়েণ স বিশুদ্ধং হি ন্যায়তো লভতে ধনম্॥ মনু, ৮ অ। ২০১।

৪। (ক) অথ মূলমনাহার্য্যং প্রকাশ ক্রয়শোধিতঃ।
অদণ্ড্যো মুচ্যতে রাজ্ঞা নাষ্টিকো লভতে ধনম্॥ মনু, ৮ অ। ২০২।

(খ) অজানানঃ প্রকাশং যঃ পরদ্রব্য ক্রীণীয়াৎ তত্র তস্যাদোষঃ॥
স্বামী দ্রব্যমাপ্নুয়াৎ॥ বিষ্ণু, ৫ অ। ১৫৯—১৬০।

৫। স্বং লভেতান্যবিক্রীতং ক্রেতুর্দ্দোষোঽপ্রকাশিতে।
হীনাদ্রহো হীনমূল্যে বেলাহীনে চ তস্করঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৭১।

৬। নষ্টাপহৃতমাসাদ্য হর্ত্তারং গ্রাহয়েন্নরম্।
দেশকালাতিপত্তৌ চ গৃহীত্বা স্বয়মর্পয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ১৭২।

ক্রেতা, বিক্রেতাকে ধরাইয়া দিবে। যদি বিক্রেতা কোন অজ্ঞাত দেশে গিয়া থাকে বা মরিয়া থাকে, তবে ক্রেতা স্বয়ং উক্ত ধন লইয়া গিয়া প্রকৃত স্বামীকে দিবে। যাজ্ঞ, ২ অ। ১৭২।

৭। বিক্রেতাকে দেখাইয়া দিলেই অপহৃত-দ্রব্য-ক্রেতা দণ্ড হইতে নিষ্কৃতি পাইবে। আর যে বিক্রেতা, তাহার নিকট হইতে, প্রকৃত স্বামী নিজদ্রব্য এবং ক্রেতা মূল্য প্রাপ্ত হইবে ও রাজা তাহাকে দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ১৭৩।

৮। স্বামী ক্রয় কিংবা উপভোগের প্রমাণ দিয়া নষ্ট বা অপহৃত দ্রব্যকে নিজের বলিয়া সপ্রমাণ করিবে, আর যদি স্বামী ঐ প্রমাণ না দিতে পারে, তাহা হইলে রাজা তাহার উক্ত দ্রব্যের পঞ্চমাংশের একাংশ অর্থ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ১৭৪।

৯। যে ব্যক্তি রাজাকে না জানাইয়া হৃত বা প্রনষ্ট নিজদ্রব্য গ্রহণ করে, তাহার ছিয়ানব্বই পণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ১৭৫।

১০। শুল্কাধিকারী কিংবা স্থানরক্ষী, নষ্ট বা অপহৃত দ্রব্য আহরণ করিয়া রাজার নিকট স্থাপন করিলে, স্বামী তখন হইতে এক বৎসর

৭। বিক্রেতুর্দ্দর্শনাচ্ছুদ্ধিঃ স্বামী দ্রব্যং নৃপো দমম্।
ক্রেতা মূল্যমবাপ্নোতি তস্মাদ্ যস্তস্য বিক্রয়ী॥ যাজ্ঞ, ২ অ। ১৭৩।

৮। আগমেনোপভোগেন নষ্টং ভাব্যমতোঽন্যথা।
পঞ্চবন্ধো দমস্তত্র রাজ্ঞে তেনাবিভাবিতে॥ যাজ্ঞ, ২ অ। ১৭৪।

হৃতং প্রনষ্টং যো দ্রব্যং পরহস্তাদবাপ্নুয়াৎ।
অনিবেদ্য নৃপে দণ্ড্যঃ স তু ষন্নবতিং পণান্॥ যাজ্ঞ, ২অ। ১৭৫।

শৌল্কিকৈঃ স্থানপালৈর্ব্বা নষ্টাপহৃতমাহৃতম্।
অর্ব্বাক্ সংবৎসরাৎ স্বামী হরতে পরতো নৃপঃ॥ যাজ্ঞ, ২অ। ১৭৬।

পর্য্যন্ত ঐ দ্রব্য গ্রহণে অধিকারী থাকে। ইহার পর হইলেই রাজাই গ্রহণ করিবেন। যাজ্ঞ, ২ অ। ১৭৬।

১১। স্বামী প্রনষ্টদ্রব্য প্রাপ্ত হইলে, তাহার রক্ষণের জন্য রাজাকে দ্রব্যবিশেষ বা অর্থবিশেষ দিতে হইবে। যথা—এক-সেফ (অর্থাৎ অশ্বা-দিতে) চারিপণ; মনুষ্যে পাঁচপণ; মহিষ, উষ্ট্র ও গরুতে দুই দুই পণ; ছাগ ও মেষে পণপাদ করিয়া দিবে। যাজ্ঞ, ২ অ। ১৭৭।

১২। যে অস্বামী হইয়া স্বামীর অনুমতি ব্যতিরেকে তাহার দ্রব্য বিক্রয় করে, রাজা তাহার সাক্ষ্য গ্রহণ করিবেন না; সে অচোরমানী কিন্তু চোর বটে। উক্ত অস্বামিবিক্রেতা যদি দ্রব্যস্বামীর বংশস্থ কেহ হয়, তবে রাজা উহাকে ছয় শত পণ দণ্ড করিবেন, কিন্তু যদি দ্রব্যস্বামীর সহিত কোন সম্বন্ধ না থাকে,তবে উহাকে চোর-দণ্ড করিবেন। মনু, ৮ অ। ১৯৭-১৯৮।

১১। পণানেকশফে দদ্যাচ্চতুরঃ পঞ্চ মানুষে।
মহিষোষ্ট্রগবাং দ্বৌ দ্বৌ পাদং পাদমজাবিকে॥ যাজ্ঞ, ২ অ। ১৭৭।

১২। বিক্রীণীতে পরস্য স্বং যোহস্বামী স্বাম্যসম্মতঃ।
ন তং নয়েত সাক্ষ্যন্তু স্তেনমস্তেনমানিনম্॥
অবহার্য্যো ভবেচ্চৈব সান্বয়ঃ ষট্‌শতং দমম্।
নিরন্বয়োহনপসরঃ প্রাপ্তঃ স্যাচ্চৌরকিল্বিষম্। মনু, ৮ অ। ১৯৭—১৯৮।

ঊনচত্বারিংশ স্তবক।

[সম্ভূয়সমুত্থান-বিষয়ক বিচারবিধি।]

১। যজ্ঞে বৃত হইয়া ঋত্বিক্ যদি আরব্ধকর্ম্ম ত্যাগ করেন, তে আরব্ধকর্ম্ম যতদূর করিয়াছেন, সেই অনুসারে তিনি দক্ষিণার অংশ পাই বেন। মনু, ৮ অ। ২০৬।

২। দক্ষিণা পর্য্যন্ত কর্ম্ম সমাপন করিয়া, কোন কারণ বশতঃ যা কেবল শেষ কার্য্য না করেন, তবে তিনি উক্ত সমস্ত যজ্ঞের দক্ষিণা পাই বেন, কিন্তু অবশিষ্ট কার্য্য উঁহাকে অন্য দ্বারা করাইতে হইবে। মনু ৮ অ। ২০৭।

৩। যাঁহারা সম্ভূয়সমুত্থান অর্থাৎ অনেকে মিলিয়া একত্র কার্য করিবেন, তাঁহাদের পরস্পরের যেরূপ অংশ নির্দ্দিষ্ট আছে, তদনুসারে রাজ অংশ নিরূপণ করিবেন। মনু, ৮ অ। ২১১।

৪। যে সকল বণিক্ মিলিত হইয়া, লাভের জন্য ব্যবসায় করে (অর্থাৎ যাহাকে এক্ষণে কোম্পানি বলে) তাহাদিগের, যে যেমন অং

১। ঋত্বিগ্ যদি বৃতো যজ্ঞে স্বকর্ম্ম পরিহাপয়েৎ।
তস্য কর্ম্মানুরূপেণ দেয়োঽংশঃ সহ কর্ত্তৃভিঃ॥ মনু, ৮ অ। ২০৬।

২। দক্ষিণাসু চ দত্তাসু স্বকর্ম্ম পরিহাপয়ন্।
কৃৎস্নমেব লভেতাংশমন্যেনৈব চ কারয়েৎ॥ মনু, ৮ অ। ২০৭।

৩। সম্ভূয় স্বানি কর্ম্মাণি কুর্ব্বদ্ভিরিহ মানবৈঃ।
অনেন বিধিযোগেন কর্ত্তব্যাংশপ্রকল্পনা॥ মনু, ৮ অ। ২১১।

৪। সমবায়েন বণিজাং লাভার্থং কর্ম্ম কুর্ব্বতাম্।
লাভালাভৌ যথাদ্রব্যং যথা বা সংবিদা কৃতৌ॥ যাজ্ঞ ২ অ। ২৬২।

প্রদান করিয়াছে, তদনুসারে কিংবা পরস্পরের যেরূপ স্বীকার করা থাকিবে, তদনুসারে লাভালাভ জানিবে। যাজ্ঞ, ২। ২৬২।

৫। ঐ অংশীদারগণের অন্তর্গত যে ব্যক্তি সাধারণের নিষিদ্ধ-কার্য্য করিয়া দ্রব্য ক্ষতি করে, সাধারণের অনুমতি বিনা কার্য্য করিয়া দ্রব্য ক্ষতি করে, অথবা যে নিজের অসাবধানতায় ক্ষতি করে, সে ক্ষতি পূরণ করিয়া দিবে; আর যে বিপৎকালে পরিত্রাণ করে সে সাধারণ লভ্যাংশের দশ-ভাগের এক ভাগ অধিক লাভ পাইবে। যাজ্ঞ, ২ অ। ২৬৩।

৬। রাজা মূল্য নির্দ্ধারণ করিয়া দেন বলিয়া, পণ্যদ্রব্যের লভ্যাংশ হইতে বিংশতিভাগের একভাগ শুল্ক গ্রহণ করিবেন। রাজা যাহা বিক্রয় করিতে নিষেধ করিয়াছেন, এইরূপ দ্রব্য এবং রাজোচিত উৎকৃষ্ট দ্রব্য বিক্রীত হইতে আসিলে, রাজা তাহা গ্রহণ করিবেন। যাজ্ঞ, ২ অ। ২৬৪।

৭। যে বণিক্ শুল্ক বঞ্চনার্থ পণ্যদ্রব্যের পরিমাণবিষয়ে মিথ্যাকথা কহে, যে শুল্ক গ্রহণ স্থান হইতে পার্শ্বকর্ত্তন করিয়া অপসৃত হয় এবং যে বিবাদি-দ্রব্য ক্রয় বা বিক্রয় করে, তাহাদিগের পণ্যদ্রব্যাপেক্ষা আটগুণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৬৫।

৮। নৌশুল্ক গ্রহণে নিযুক্ত ব্যক্তি, স্থলজ শুল্ক গ্রহণ করিলে দশ পণ

৫। প্রতিষিদ্ধমনাদিষ্টং প্রমাদাদ্‌যচ্চ নাশিতম্।
স তদ্দদ্যাদ্বিপ্লবাচ্চ রক্ষিতাদ্দশমাংশভাক্॥ যাজ্ঞ, ২ অ। ২৬৩।

৬। অর্ঘপ্রক্ষেপণাদ্বিংশং ভাগং শুল্কং নৃপো হরেৎ।
ব্যাসিদ্ধং রাজযোগ্যঞ্চ বিক্রীতং রাজগামি তৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৬৪।

৭। মিথ্যা বদন্ পরীমাণং শুল্কস্থানাদপাসরন্।
দাপ্যস্ত্বষ্টগুণং যশ্চ সব্যাজক্রয়বিক্রয়ী॥ যাজ্ঞ, ২ অ। ২৬৫।

৮। তরিকঃ স্থলজং শুল্কং গৃহ্নন্ দাপ্যঃ পণান্ দশ।
ব্রাহ্মণপ্রতিবেশ্যানামেতদেবানিমন্ত্রণে॥ যাজ্ঞ, ২ অ। ২৬৬।

দণ্ড। প্রতিবেশী ব্রাহ্মণ পরিত্যাগ করিয়া অপর ব্রাহ্মণ নিমন্ত্রণে তাহারও ঐ দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৬৬।

৯। সম্ভূয় বণিকের (অর্থাৎ কোম্পানীর) অন্তর্গত কোন ব্যক্তি দেশান্তরে দেহত্যাগ করিলে, সেই সমবেত বাণিজ্যে, তাহার যে ধন থাকিবে, তাহা তৎপুত্রাদি, মাতুলাদি, বন্ধু, জ্ঞাতি, প্রত্যাগত অপর বণিকগণ (অর্থাৎ কোম্পানীর অন্যান্য অংশীদারগণ) অথবা রাজা গ্রহণ করিবেন। যাজ্ঞ, ২ অ। ২৬৭।

১০। অংশীদারগণের মধ্যে যে বঞ্চক হইবে, তাহাকে লাভরহিত করিয়া বহিষ্কৃত করিবে। এই কোম্পানীর মধ্যে ভারপ্রাপ্ত যে ব্যক্তি, স্বয়ং ভাণ্ড (মূলধন) পর্য্যবেক্ষণ, আয়ব্যয় পরিদর্শন করিতে অশক্ত হইবে, সে অপরের দ্বারা করাইবে। কোম্পানীর পক্ষে যে নিয়ম, ঋত্বিক্, কর্ষক এবং শিল্পোজীবীদিগেরও সেই নিয়ম। যাজ্ঞ, ২ অ। ২৬৮।

———

চত্বারিংশ স্তবক।

দত্তাপ্রদানিক-বিষয়ক বিচারবিধি।

১। যে ব্যক্তি ধর্ম্মকার্য্যের জন্য প্রার্থককে কিঞ্চিৎ ধন দেয় বা দিতে প্রতিশ্রুত হয়, যাচক যদি ধন পাইয়া ঐ কার্য্য না করে, তবে দত্তবস্তু

৯। দেশান্তরগতে প্রেতে দ্রব্যং দায়াদবান্ধবাঃ।
জ্ঞাতয়ো বা হরেয়ুস্তদাগতাস্তৈর্ব্বিনা নৃপঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৬৭।

১০। জিহ্মং ত্যজেয়ুর্নির্লাভমশক্তোঽন্যেন কারয়েৎ।
অনেন বিধিরাখ্যাত ঋত্বিক্‌কর্ষককর্ম্মিণাম্॥ যাজ্ঞ, ২ অ। ২৬৮।

১ ধর্ম্মার্থং যেন দত্তং স্যাৎ কস্মৈচিদ্‌যাচতে ধনম্,
পশ্চাচ্চ ন তথা তৎ স্যান্ন দেয়ং তস্য তদ্ভবেৎ॥ মনু, ৮ অ। ২১২।

পুনরায় উহার নিকট হইতে লইবে বা প্রতিশ্রুত বস্তু দিবে না। মনু, ৮ অ। ২১২।

২। যদি যাচক লোভ বা মোহবশতঃ প্রদত্ত-ধন দাতাকে ফিরিয়া না দেয়, তবে রাজা উহাকে ঐ চৌর্য্যের নিমিত্ত এক সুবর্ণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২১৩।

৩। পরিবার প্রতিপালনের অবিরোধে, আত্মীয়-দ্রব্য দান করিতে পারিবে। আত্মীয় দ্রব্য হইলেও স্ত্রীকে, পুত্রকে দান করিতে পারিবে না। পুত্র-পৌত্রাদি থাকিতে সর্ব্বস্ব দান করিবে না এবং পূর্ব্বে অপরকে যাহা দান করিতে প্রতিশ্রুত হইয়াছে, তাহাও অন্য ব্যক্তিকে দিবে না। যাজ্ঞ, ২ অ। ১৭৮।

৪। প্রতিগ্রহ প্রকাশ্যভাবেই করা উচিত, বিশেষতঃ স্থাবর-প্রতিগ্রহ। যাহা দান করিতে প্রতিশ্রুত হইয়াছে, তাহা দান করিবে। দান করিয়া তাহা পুনর্গ্রহণ করিবে না। যাজ্ঞ, ২ অ। ১৭৯।

২। "রাজ্ঞা দাপ্যঃ সুবর্ণং স্যাৎ তস্য স্তেয়স্য নিষ্কৃতিঃ॥" মনু, ৮ অ। ২১৩।

৩। স্বং কুটুম্বাবিরোধেন দেয়ং দারসুতাদৃতে।
নান্বয়ে সতি সর্ব্বস্বং যচ্চান্যস্মৈ প্রতিশ্রুতম্॥ যাজ্ঞ, ২ অ। ১৭৮।

৪। প্রতিগ্রহঃ প্রকাশঃ স্যাৎ স্থাবরস্য বিশেষতঃ।
দেয়ং প্রতিশ্রুতঞ্চৈব দত্ত্বা নাপহরেৎ পুনঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৭৯।

একচত্বারিংশ স্তবক।

[বেতনাদান-বিষয়ক বিচারবিধি।]

১। যে ভৃত্য সুস্থ অবস্থায় অঙ্গীকৃত কার্য্য দর্প করিয়া না করে, রাজা তাহাকে ৮ কৃষ্ণল সুবর্ণ দণ্ড করিবেন, এবং উহাকে কিঞ্চিৎ মাত্রও বেতন দেওয়াইবেন না। কিন্তু যদি সে যথার্থ পীড়িত হয় এবং পীড়া সারিলে পর অঙ্গীকৃত কার্য্য সমাধা করে, তবে সে অনেক কালের প্রাপ্য বেতনও পাইবে। মনু, ৮ অ। ২১৫—২১৬।

২। আর্ত্তই হউক আর সুস্থই হউক, যদি অঙ্গীকৃত কার্য্য নিজ বা অপরের দ্বারা সমাধা না করে, অথবা যদি সেই কর্ম্মের অল্পও অবশিষ্ট থাকে, তথাপি সে কিছুই বেতন পাইবে না। মনু, ৮ অ। ২১৭।

৩। বেতন গ্রহণ করিয়া অঙ্গীকৃত কর্ম্ম না করিলে, বেতন অপেক্ষা দ্বিগুণ অর্থ স্বামীকে দিতে হইবে, আর বেতন গ্রহণ না করিয়া ঐরূপ করিলে, বেতনের সমপরিমাণ অর্থ দিতে হইবে এবং ভৃত্যগণ উপকরণ দ্রব্য সামগ্রী রক্ষা করিবে। যাজ্ঞ, ২ অ। ১৯৬।

১। ভৃতো নার্ত্তো ন কুর্য্যাদ্ যো দর্পাৎ কর্ম্ম যথোদিতম্।
স দণ্ড্যঃ কৃষ্ণলান্যষ্টৌ ন দেয়ঞ্চাস্য বেতনম্॥
আর্ত্তস্তু কুর্য্যাৎ স্বস্থঃ সন্ যথাভাষিতমাদিতঃ।
স দীর্ঘস্যাপি কালস্য তল্লভেতৈব বেতনম্॥ মনু, ৮ অ। ২১৫—২১৬।

২। যথোক্তমার্ত্তঃ স্বস্থো বা যস্তৎ কর্ম্ম ন কারয়েৎ।
ন তস্য বেতনং দেয়মল্পোনস্যাপি কর্ম্মণঃ॥ মনু, ৮ অ। ২১৭।

৩। গৃহীতবেতনঃ কর্ম্ম ত্যজন্ দ্বিগুণমাবহেৎ।
অগৃহীতে সমং দাপ্যো ভৃত্যৈ রক্ষ্য উপস্করঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৯৬।

৪। যে স্বামী, বেতন নির্দ্ধারিত না করিয়া ভৃত্যদ্বারা কর্ম্ম করায়, রাজা সেই স্বামীর বাণিজ্য, পশু অথবা শস্য হইতে (অর্থাৎ ঐ ভৃত্য যে কার্য্যে নিযুক্ত থাকিবে তাহা হইতে) লভ্য ধনের দশমাংশের একাংশ ভৃত্যকে দেওয়াইবেন। যাজ্ঞ, ২ অ। ১৯৭।

৫। যে ভৃত্য বিক্রয়যোগ্য দেশ-কাল অতিক্রম করে, কিংবা সেই দেশে এবং সেই কালে বিক্রয় করিয়াও ব্যয়-বাহুল্যাদি বশতঃ লভ্যাংশ কমাইয়া ফেলে, সেই ভৃত্যের বেতন দান স্বামীর ইচ্ছাধীন। যদি ভৃত্য অধিক লাভ করাইয়া দেয়, তাহা হইলে বেতন অপেক্ষা কিছু অর্থ তাহাকে অধিক দিবে। যাজ্ঞ, ২ অ। ১৯৮।

৬। কোন একটি কর্ম্ম দুই জনে বা বহুজনে সম্পন্ন করিতে না পারিলে, উহাদিগের মধ্যে যে যত টুকু কার্য্য করিবে, তাহাকে তদনুসারে ন্যায্য বেতন দিবে; সম্পন্ন করিয়া উঠে ত অবধারিত বেতনই দিবে। যাজ্ঞ, ২ অ। ১৯৯।

৭। রাজোপদ্রব এবং দৈবোপদ্রব ব্যতীত বাহিত-ভাণ্ড বিনষ্ট হইলে, বাহক সেই ভাণ্ডের মূল্য দিবে। আর বিবাহার্থ প্রস্থানোপযুক্ত কার্য্য করিতে স্বীকৃত হইয়া, পশ্চাৎ লাভ সময়ে ঐ কার্য্য না

৪। দাপ্যস্তু দশমং ভাগং বাণিজ্যপশুশস্যতঃ।
অনিশ্চিত্য ভৃতিং যস্তু কারয়েৎ স মহীক্ষিতা॥ যাজ্ঞ, ২ অ। ১৯৭।

৫। দেশং কালঞ্চ যোঽতীয়াৎ লাভং কুর্য্যাচ্চ যোঽন্যথা।
তত্র স্যাৎ স্বামিনশ্ছন্দোঽধিকং দেয়ং কৃতেঽধিকে। যাজ্ঞ, ২ অ। ১৯৮।

৬। যো যাবৎ কুরুতে কর্ম্ম তাবত্তস্য তু বেতনম্।
উভয়োরপ্যসাধ্যঞ্চেৎ সাধ্যং কুর্য্যাদ্ যথাশ্রুতম্॥ যাজ্ঞ, ২ অ। ১৯৯।

৭। অরাজদৈবিকং নষ্টং ভাণ্ডং দাপ্যস্তু বাহকঃ।
প্রস্থানবিঘ্নকৃচ্চৈব প্রদাপ্যো দ্বিগুণাং ভৃতিম্॥ যাজ্ঞ, ২ অ। ২০০।

করায়, প্রস্থানের বিঘ্নজনক হইলে, নিজের নির্দ্দিষ্ট বেতনাপেক্ষা দ্বিগুণ অর্থ দিবে। যাজ্ঞ, ২ অ। ২০০।

৮। প্রস্থান করিবার উপক্রমে, অথচ ভৃত্যান্তরপ্রাপ্তির সময় থাকিতে, যে অঙ্গীকৃত কার্য্য পরিত্যাগ করে, সে নিজ বেতনের সপ্তাংশের একাংশ; কিঞ্চিদ্দূর গমন করিয়া যে ঐরূপ কর্ম্ম পরিত্যাগ করে, সে নিজ বেতনের চতুর্থাংশের এক ভাগ, এবং অর্দ্ধ পথে যে কর্ম্ম পরিত্যাগ করে, সে সম্পূর্ণ নিজ বেতন পরিত্যাগ করিতে বাধ্য;—আর ঐ সকল সময়ে যে স্বামী কর্ম্ম পরিত্যাগ করায়, সে সপ্তমাংশের একাংশ ইত্যাদি অর্থ ভৃত্যকে প্রদান করিবে। যাজ্ঞ, ২ অ। ২০১।

৯। ভাড়াটিয়া ভৃত্য, নির্দ্ধারিত কাল পূর্ণ হইবার পূর্ব্বে দাস্য পরিত্যাগ করিলে, সম্পূর্ণ মূল্য স্বামীকে দিবে এবং রাজার নিকট শতপণ অর্থ দিবে। বিষ্ণু, ৫ অ। ১৫২—১৫৩।

১০। ভৃত্যের দোষে দৈবোপদ্রব ব্যতীত যে সকল বস্তু বিনষ্ট হইবে, তাহাও স্বামীকে (গুণকার) দিবে। বিষ্ণু, ৫ অ। ১৫৪।

১১। ভৃত্যের বিনাদোষে স্বামী যদি নির্দ্ধারিত সময় পূর্ণ না হইতে (ঐ ভৃত্যকে) ত্যাগ করে, তাহা হইলে, সেই স্বামী ভৃত্যকে সমস্ত বেতন (অর্থাৎ সম্পূর্ণ কালের নির্দ্ধারিত মূল্য) এবং রাজাকে শতপণ দিতে বাধ্য। বিষ্ণু, ৫ অ। ১৫৫—১৫৬।

৮। প্রক্রান্তে সপ্তমং ভাগং চতুর্থং পথি সন্ত্যজন্।
ভৃতিমর্দ্ধপথে সর্ব্বাং প্রদাপ্যস্ত্যাজকোঽপি চ॥ যাজ্ঞ, ২ অ। ২০১

৯। ভৃতকশ্চাপূর্ণকালে ভৃতিং ত্যজন্ সকলমেব মূল্যং দদ্যাৎ॥
রাজ্ঞে চ পণশতং দদ্যাৎ॥ বিষ্ণু, ৫ অ। ১৫২—১৫৩।

১০। তদ্দোষেণ যদ্বিনশ্যেৎ তৎ স্বামিনে। অন্যত্র দৈবোপঘাতাৎ॥ বিষ্ণু, ৫ অ। ১৫৪।

১১। স্বামী চেদ্ ভৃতকমপূর্ণে কালে জহ্যাৎ তস্য সর্ব্বং মূল্যং দদ্যাৎ॥
পণশতঞ্চ রাজনি। অন্যত্র ভৃতক দোষাৎ। বিষ্ণু, ৫ অ। ১৫৫—১৫৬।

১২। দেশ কালের ব্যবস্থায় যে ব্যক্তি চক্রবৃদ্ধি (অর্থাৎ ভাড়া) লইতে আবদ্ধ, সে যদি যথাদেশে এবং যথাকালে দ্রব্য নিরাপদে পৌছিতে না পারে, তবে সে বৃদ্ধি অর্থাৎ ভাড়া পাইবে না। স্থলপথে বা জলপথে গমন-কুশল, দেশ-কালার্থ-দর্শী বণিকেরা এরূপ স্থলে যে ভাড়া নির্ণয় করিবে, তাহাই গ্রাহ্য হইবে। মনু, ৮ অ। ১৫৬—১৫৭।

দ্বিচত্বারিংশ স্তবক।

[সংবিদ্ব্যতিক্রম-বিষয়ক বিচারবিধি।]

১। যে স্থানে গ্রামবাসী বা দেশবাসী সকলে একত্র হইয়া কোন বিষয়ে শপথপূর্ব্বক প্রতিজ্ঞা করিয়াছে, সে স্থলে যদি কেহ লোভবশতঃ ঐ প্রতিজ্ঞার অতিক্রম করে, তবে রাজা তাহাকে রাজ্য হইতে বহিষ্কৃত করিবেন; কিংবা ঘটনা বুঝিয়া রাজা ঐ প্রতিজ্ঞাভঙ্গকারীকে নিগৃহীত করিয়া ছয় নিষ্ক বা চারি সুবর্ণ ও রাজতশতমান অর্থাৎ তিন শত বিংশতি রতি রজত দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২১৯—২২০।

১২। চক্রবৃদ্ধিং সমারূঢ়ো দেশকাল ব্যবস্থিতঃ।
অতিক্রামন্ দেশকালৌ ন তৎফলমবাপ্নুয়াৎ॥
সমুদ্রযানকুশলা দেশকালার্থদর্শিনঃ।
স্থাপয়ন্তি তু যাং বৃদ্ধিং সা তত্রাধিগমং প্রতি। মনু, ৮ অ। ১৫৬—১৫৭।

১। যো গ্রামদেশসঙ্ঘানাং কৃত্বা সত্যেন সংবিদম্।
বিসংবদেন্নরো লোভাৎ তং রাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ॥
নিগৃহ্য দাপয়েচ্চৈনং সময়ব্যভিচারিণম্।
চতুঃসুবর্ণান্ ষড়্ নিষ্কাংশ্চতমানঞ্চ রাজতম্॥ মনু, ৮ অ। ২১৯—২২০।

২। যাহাকে বলপূর্ব্বক দাসত্ব অবলম্বন করাইয়াছে, রাজা তাহাকে দাস্য হইতে মোচন করিবেন। চৌরগণ অপহরণ করিয়া যাহাকে বিক্রয় করিয়াছে, সেই ক্রীতদাসকে মোচন করা রাজার কর্ত্তব্য। যে স্বামীর প্রাণদান করে, সেই দাস মুক্তি পাইবার যোগ্য; যে দুর্ভিক্ষকালে দাস্যবৃত্তি অবলম্বন করায় পোষিত হইয়াছে, সেই অকালভৃত দাস এবং ভক্ত দাস (অর্থাৎ খাইতে পাইবার জন্যই যে দাস্য অবলম্বন করিয়াছে) দাস্যের প্রথম হইতে স্বামীর যাহা যাহা উপভোগ করিয়াছে, তৎসমস্ত প্রত্যর্পণ করিলে মুক্তি পাইবে। আহিত দাস (অর্থাৎ সুবর্ণাদির ন্যায় পূর্ব্বস্বামী যাহাকে বন্ধক দিয়াছে সেই দাস,) এবং ঋণদাস (অর্থাৎ ঋণ পরিশোধ করিয়াছেন বলিয়া, যে ব্যক্তি তাঁহার দাস্যবৃত্তি অবলম্বন করিয়াছে) সেই অর্থ সুদ সহিত প্রদান করিলে মুক্ত হইবে। যাজ্ঞ, ২ অ। ১৮৫।

৩। প্রব্রজ্যাচ্যুত হইলে আমরণান্ত রাজার দাস হইয়া থাকিবে। অনুলোমবর্ণানুসারেই দাস হইবে, প্রতিলোমবর্ণক্রমে হইবে না। যাজ্ঞ, ২ অ। ১৮৬।

৪। "আমি আয়ুর্ব্বেদাদি শিক্ষার্থ আপনার নিকট এতদিন থাকিব" এইরূপ স্বীকৃত হইলে, নির্দ্দিষ্টকালের পূর্ব্বেই যদি শিক্ষা সমাপ্ত হয়, তথাপি তাবৎকাল গুরুগৃহে বাস করিবে। গুরুর অন্নে প্রতিপালিত

২। বলাদ্দাসীকৃতশ্চৌরৈর্বিক্রীতশ্চাপি মুচ্যতে।
স্বামিপ্রাণপ্রদো ভক্তত্যাগাত্তন্নিষ্ক্রয়াদপি॥ যাজ্ঞ, ২ অ। ১৮৫।

৩। প্রব্রজ্যাবসিতো রাজ্ঞো দাসশ্চামরণান্তিকঃ।
বর্ণানামানুলোম্যেন দাস্যং ন প্রতিলোমতঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৮৬।

৪। কৃতশিল্পোঽপি নিবসেৎ কৃতকালং গুরোর্গৃহে।
অন্তেবাসী গুরুপ্রাপ্ত ভোজনস্তৎফলপ্রদঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৮৭।

অবস্থায় ঐ বিদ্যাদ্বারা যাহা অর্জ্জিত হইবে, তাহা গুরুরই। যাজ্ঞ, ২ অ। ১৮৭।

নবদ্বীপের পণ্ডিতপ্রবর একাক্ষি-হীন রঘুনাথ শিরোমণি ন্যায় শাস্ত্রশিক্ষার্থে মিথিলার অধ্যাপক পক্ষধর মিশ্রের নিকট শিষ্যত্ব স্বীকার করিয়া তদীয় গৃহে অবস্থান করিয়াছিলেন। তাঁহার বুদ্ধিপ্রাখর্য্যে নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বেই সমুদায় ন্যায়শাস্ত্রাভ্যাস করিয়া গুরুর নিকট বিদায় প্রার্থনা করেন, কিন্তু অধ্যাপক ঐ ছাত্রের প্রতি অতি স্নেহবশতঃ তাঁহাকে বিদায় দেন নাই। যোগীশ্বর যাজ্ঞবল্ক্যের ঐ বিধানানুসারে তাঁহাকে রাখিবার অধিকার ছিল বলিয়াই, তাঁহাকে উপাধি দিয়া বিদায় দেন নাই, তাহাতে রঘুনাথ ক্রোধান্ধ হইয়া অসি দ্বারা পক্ষধর মিশ্রকে হত্যা করিবার সঙ্কল্প করিয়াছিলেন, কিন্তু গুরু যখন অলক্ষ্যে স্ত্রী সমীপে রঘুনাথের ভূয়সী প্রশংসা করিতেছিলেন, তাহা শুনিয়া রঘুনাথ রোদন করিতে করিতে গুরুর চরণ ধরিয়া ক্ষমা প্রার্থনা করেন।

৫। যে ব্যক্তি গ্রামাদি জনসমূহের ধন অপহরণ করে, অথবা রাজ্যাস্থত কি সমাজস্থাপিত নিয়ম লঙ্ঘন করে—সর্ব্বস্বহরণ করিয়া তাহাকে দল হইতে নির্ব্বাসিত করিবে। যাজ্ঞ, ২ অ। ১৯০।

৬। যাহারা দলের হিতজনক বাক্য বলে, দলের অন্তর্গত সকলেই

৫। গণদ্রব্যং হরেদ্‌যস্তু সংবিদং লঙ্ঘয়েচ্চ যঃ।
সর্ব্বস্ব হরণং কৃত্বা তং রাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ১৯০।

৬। কর্ত্তব্যং বচনং সর্ব্বৈঃ সমূহহিতবাদিনাম্।
যস্তত্র বিপরীতঃ স্যাৎ স দাপ্যঃ প্রথমং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ১৯১।

তাহাদিগের কথামত কার্য্য করিবে; যে তাহার প্রতিকূলাচারী হইবে, তাহার প্রথম সাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ১৯১।

৭। রাজা সাধারণের কার্য্য সাধনোদ্দেশে সমাগত ব্যক্তিগণের কার্য্য সাধন করিয়া দিয়া পশ্চাৎ দান, মান এবং বহুবিধ সৎকারে আপ্যায়িত করিয়া বিদায় দিবেন। যাজ্ঞ, ২ অ। ১৯২।

৮। সাধারণের কার্য্যার্থ প্রেরিত ব্যক্তি যাহা প্রাপ্ত হইবে, তৎসমস্তই সাধারণের প্রতি অর্পণ করিবে, আর যদি এই ব্যক্তি স্বয়ং তাহা অর্পণ না করে, তবে রাজা উহার নিকট তদপেক্ষা একাদশগুণ অর্থ আদায় করিয়া দিবেন। যাজ্ঞ, ২ অ। ১৯৩।

৯। ধর্ম্মজ্ঞ, শুচি, অলোভী ব্যক্তিগণ সাধারণের কার্য্য বিচার করিবেন, সেই সকল সাধারণের হিতবাদিগণ যাহা বলিবেন, তদনুসারে সকলেরই কার্য্য করা উচিত। যাজ্ঞ, ২ অ। ১৯৪।

১০। শ্রেণী (অর্থাৎ একপণ্যশিল্পোপজীবী) নৈগম (অর্থাৎ পাশুপতাদি) পাষণ্ডী (অর্থাৎ সৌগতাদি) এবং সৈন্য প্রভৃতি এক কার্য্যোপজীবীদিগের পক্ষেও এই নিয়ম; রাজা ইহাদিগের ধর্ম্ম ব্যবস্থা রক্ষা করিবেন এবং পূর্ব্বানুবৃত্তি যাহাতে বজায় থাকে, তাহা করিবেন। যাজ্ঞ, ২ অ। ১৯৫।

৭। সমূহকার্য্য আয়াতান্ কৃতকার্য্যান্ বিসর্জ্জয়েৎ।
স দানমানসৎকারৈঃ পূজয়িত্বা মহীপতিঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৯২।

৮। সমূহকার্য্যপ্রহিতো যল্লভেত তদর্পয়েৎ।
একাদশগুণং দাপ্যো যদ্যসৌ নার্পয়েৎ স্বয়ম্॥ যাজ্ঞ, ২ অ। ১৯৩।

৯। ধর্ম্মজ্ঞাঃ শুচয়োঽলুব্ধা ভবেয়ুঃ কার্য্যচিন্তকাঃ।
কর্ত্তব্যং বচনং তেষাং সমূহহিতবাদিনাম্॥ যাজ্ঞ, ২ অ ১৯৪।

১০। শ্রেণিনৈগমপাষণ্ডিগণানামপ্যয়ং বিধিঃ।
ভেদঞ্চৈষাং নৃপো রক্ষেৎ পূর্ব্ববৃত্তিঞ্চ পালয়েৎ। যাজ্ঞ, ২ অ। ১৯৫।

ত্রিচত্বারিংশ স্তবক।

ক্রয়-বিক্রয়ানুশয়-বিষয়ক বিচারবিধি।

১। ক্রয় বা বিক্রয় করিয়া যে পশ্চাৎ অনুতাপ করে, সে সেই দ্রব্য দশদিনের মধ্যে ফিরিয়া দিতে বা ফিরিয়া লইতে পারে। কিন্তু দশদিন পরে ফিরিয়া দিতে বা লইতে পারিবে না। যদি বলপূর্ব্বক ফিরিয়া দেয় বা লয়, তবে রাজা তাহাকে ছয়শত পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২২২—২২৩।

২। দোষবিশিষ্টা কন্যার দোষ উল্লেখ না করিয়া, যদি উহাকে সম্প্রদান করে, তবে রাজা আপনি উহাকে ছেয়ানব্বই পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২২৪।

৩। যে ব্যক্তি দ্বেষপ্রযুক্ত কন্যা ক্ষতযোনি, কুমারী নহে, এই বলিয়া দোষ দেয়, এবং পরে তাহা প্রমাণ করিতে না পারে, রাজা তাহাকে একশত পণ দণ্ড করিবেন। মনু, ৮। ২২৫।

১। ক্রীত্বা বিক্রীয় বা কিঞ্চিদ্‌যস্যেহানুশয়োভবেৎ।
সোঽন্তর্দ্দশাহাৎ তদ্দ্রব্যং দদ্যাচ্চৈবাদদীত বা॥
পরে ন তু দশাহস্য ন দদ্যান্নাপি দাপয়েৎ।
আদদানো দদচ্চৈব রাজ্ঞা দণ্ড্যঃ শতানি ষট্॥ মনু, ৮ অ। ২২২—২২৩॥

২। যস্তু দোষবতীং কন্যামনাখ্যায় প্রযচ্ছতি।
তস্য কুর্য্যান্নৃপো দণ্ডং স্বয়ং ষণ্ণবতিং পণান্॥ মনু, ৮ অ। ২২৪।

৩। অকন্যেতি তু যঃ কন্যাং ব্রূয়াদ্দ্বেষেণ মানবঃ।
স শতং প্রাপ্নুয়াদ্দণ্ডং তস্যা দোষমদর্শয়ন্॥ মনু, ৮ অ। ২২৫।

৪। বিবাহবিষয়ে যে সকল মন্ত্র আছে, উহা কেবল কন্যার প্রতিই প্রযুক্ত হইয়া থাকে, কুত্রাপি অকন্যা অর্থাৎ ক্ষতযোনি স্ত্রীলোকের প্রতি বিহিত নহে, কারণ তাহারা ধর্ম্মক্রিয়ার বহির্ভূত। মনু, ৮ অ। ২২৬।

৫। বৈবাহিক মন্ত্র সকলই ভার্য্যাত্বের নিশ্চয় কারণ এবং ঐ সকল মন্ত্র দ্বারা কন্যার সপ্তপদী গমন হইলে, ভার্য্যাত্বের সমাপ্তি হয় বলিয়া পণ্ডিতেরা জানেন। মনু, ৮ অ। ২২৭।

৬। যদি কেহ কন্যাপণ ব্যবস্থাকালে উত্তমা কন্যা দর্শাইয়া বিবাহ সময়ে অন্য এক নিকৃষ্টা কন্যা বরকে প্রদান করে, তবে বর এই শুল্কে উভয় কন্যাকে বিবাহ করিতে পারে, মনু বলিয়াছেন। মনু, ৮ অ। ২০৪।

৭। উন্মত্তা, কুষ্ঠাদি-রোগ-গ্রস্তা এবং ইহার সহিত পুরুষ সম্পর্ক হইয়াছে,এ সকল দোষ বিবাহের পূর্ব্বে না বলিয়া যে কন্যা সম্প্রদান করে, সে দণ্ডনীয় হইবে। মনু, ৮ অ। ২০৫।

৮। এক দ্রব্য অন্য দ্রব্যে মিশাইয়া বিক্রয় করিবে না, অসার দ্রব্যকে সার বলিয়া বিক্রয় করিবে না, যাহা দিবে বলিয়া স্বীকার করিয়াছে,

৪। পাণিগ্রহণিকা মন্ত্রাঃ কন্যাস্বেব প্রতিষ্ঠিতাঃ।
না কন্যাসু কচিন্নৃণাং লুপ্তধর্ম্মক্রিয়া হি তাঃ॥ মনু, ৮ অ। ২২৬।

৫। পাণিগ্রহণিকা মন্ত্রা নিয়তং দারলক্ষণম্।
তেষাং নিষ্ঠা তু বিজ্ঞেয়া বিদ্বদ্ভিঃ সপ্তমে পদে॥ মনু, ৮ অ। ২২৭।

৬। অন্যাং চেদ্দর্শয়িত্বান্যা বোঢ়ুঃ কন্যা প্রদীয়তে।
উভে তে এক শুল্কেন বহেদিত্যব্রবীন্মনুঃ॥ মনু, ৮ অ।২০৪।

৭। নোন্মত্তয়া ন কুষ্ঠিন্যা ন চ যা স্পৃষ্টমৈথুনা।
পূর্ব্বং দোষানভিখ্যাপ্য প্রদাতা দণ্ডমর্হতি॥ মনু, ৮ অ। ২০৫।

৮। নান্যদন্যেন সংসৃষ্টরূপং বিক্রয়মর্হতি।
ন চাসারং ন চ ন্যূনং ন দূরে ন তিরোহিতম্॥ মনু, ৮ অ। ২০৩।

তাহার ন্যূন দিবে না, দূরে বা লুক্কায়িত রাখিয়া কোন দ্রব্য বিক্রয় করিবে না। মনু, ৮ অ। ২০৮।

৯। যে যে কার্য্য কৃত হইলে পশ্চাত্তাপ হয় অর্থাৎ তাহা অকৃত করিতে চেষ্টা হয়, রাজা এই সকল বিধি অনুসারে সেই সকল কার্য্যে ধর্ম্ম নিয়ম ব্যবস্থা করিবেন। মনু, ৮ অ। ২২৮।

১০। ক্রয় করিয়া অনুতাপ হইলে, নিম্নলিখিত বস্তু সমুদায় পরীক্ষা-কাল-সাপেক্ষে নিম্নলিখিত সময় মধ্যে ফিরিয়া দিতে পারিবে। যথা;—

(ক) ধান্যাদি বীজ … ১০ দিন মধ্যে।
(খ) লৌহ … … ১ দিন মধ্যে।
(গ) বলীবর্দ্দাদি বাহ্য … ৫ দিন মধ্যে।
(ঘ) মুক্তাপ্রবালাদি রত্ন … ৭ দিন মধ্যে।
(ঙ) দাসী … … ১ মাস মধ্যে।
(চ) গাভী প্রভৃতি দোহ্য … ৩ দিন মধ্যে।
(ছ) দাস … … ১ পক্ষ মধ্যে। যাজ্ঞ, ২ অ। ১৮০।

১১। সুবর্ণ অগ্নিতে গলাইলে কিছুমাত্র ক্ষয় হয় না। রজতের শতপলে দুই পল, ত্রপু (রাঙ্) এবং সীসের আট পল, তাম্রের পঞ্চ পল, এবং লৌহের দশপল ক্ষয় হয়। যাজ্ঞ, ২ অ। ১৮১।

৯। যস্মিন্ যস্মিন্ কৃতে কার্য্যে যস্যেহানুশয়ো ভবেৎ।
তমনেন বিধানেন ধর্ম্ম্যে পথি নিবেশয়েৎ॥ মনু, ৮ অ। ২২৮॥

১০। দশৈক পঞ্চ সপ্তাহমাসত্র্যহার্দ্ধমাসিকম্।
বীজায়ো বাহ্যরত্নস্ত্রীদোহ্যপুংসাং পরীক্ষণম্॥ যাজ্ঞ, ২ অ। ১৮০।

১১। অগ্নৌ সুবর্ণমক্ষীণং রজতে দ্বিপলং শতে।
অষ্টৌ ত্রপুণি সীসে চ তাম্রে পঞ্চদশায়সি॥ যাজ্ঞ, ২ অ। ১৮১।

১২। স্থূল ঊর্ণাসূত্র নির্ম্মিত কম্বলাদি এবং স্থূল-কার্পাস-সূত্র-নির্ম্মিত বস্ত্র প্রতি শতপলে ঊর্ণা এবং সূত্রাপেক্ষা দশ পল, নাতি-সূক্ষ্ম ঊর্ণাদিনির্ম্মিত কম্বলাদি ও বস্ত্রাদিতে পাঁচ পল এবং সূক্ষ্ম নির্ম্মিত হইলে, তিন পল মাত্র বৃদ্ধি হইবে। যাজ্ঞ, ২ অ। ১৮২।

১৩। বিচিত্র বস্ত্রাদি ও কৃত্রিম রোমভূষিত বস্ত্রাদিতে উপাদান সূত্রাদির পরিমাণাপেক্ষা ত্রিংশদ্ভাগের একভাগ ক্ষয় হইবে। কৌষেয় বস্ত্র এবং বল্কলে উপাদান অপেক্ষা ক্ষয়ও নাই, বৃদ্ধিও নাই। যাজ্ঞ, ২ অ। ১৮৩। (এই সকলের তাৎপর্য্য এই যে, কথিত সুবর্ণাদি-বস্তু-ভূষণাদি নির্ম্মাণার্থ শিল্পীর হস্তে অর্পণ করিলে, পরে নির্ম্মিত বস্তু ওজন করিয়া লইবে, ইহা অপেক্ষা অধিক ক্ষয় বা বৃদ্ধি হইলে শিল্পীর দণ্ড হইবে।)

১৪। শাণ-ক্ষৌমাদি (অর্থাৎ শণসূত্র নির্ম্মিত বস্ত্র ও কৌষেয় বস্ত্র) ক্ষীণ হইলে, দেশ, কাল, উপভোগ এবং দ্রব্যের সারাসারতা নির্ণয় করিয়া কুশল-ব্যক্তিগণ যেরূপ বলিয়া দিবেন, শিল্পিগণ নিশ্চয়ই সেইরূপ অর্থ দিতে বাধ্য। যাজ্ঞ, ২ অ। ১৮৪।

১৫। রজক শোধনার্থ-সমর্পিত পরকীয়বস্ত্র পরিধান করিলে, তিন পণ আর বিক্রয় করিলে, ভাড়া দিলে, বন্ধক রাখিলে অথবা যাচিত হইয়া

১২। শতে দশপলা বৃদ্ধিরৌর্ণে কার্পাস সৌত্রিকে।
মধ্যে পঞ্চপলা সূত্রে সূক্ষ্মে তু ত্রিপলা মতা॥ যাজ্ঞ, ২ অ। ১৮২।

১৩। কার্ম্মিকে রোমবদ্ধে চ ত্রিংশদ্ভাগক্ষয়োমতঃ।
ন ক্ষয়ো ন চ বৃদ্ধিঃ স্যাৎ কৌষেয়ে বল্কলেষু চ॥ যাজ্ঞ, ২ অ। ১৮৩।

১৪। দেশং কালঞ্চ ভোগঞ্চ জ্ঞাত্বা নষ্টে বলাবলম্।
দ্রব্যাণাং কুশলা ব্রূয়ুর্যত্তদ্দাপ্যমসংশয়ম্॥ যাজ্ঞ, ২ অ। ১৮৪।

১৫। বসানস্ত্রীন্ পণান্ দণ্ড্যো নেজকস্তু পরাংশুকম্।
বিক্রয়াবক্রয়াধানযাচিতেষু পণান্ দশ॥ যাজ্ঞ, ২ অ। ২৪১।

উৎসবাদি দর্শনার্থ বন্ধু বান্ধবদিগকে পরিধান করিতে দিলে, দশপণ দণ্ডে দণ্ডিত হইবে। যাজ্ঞ, ২ অ। ২৪১।

১৬। যে তুলাদণ্ড, শাসনপত্র, দ্রোণপ্রস্থ (আঢ়ক) প্রভৃতি মান এবং নাণক অর্থাৎ মুদ্রাচিহ্নিত নিষ্কাদি, এই সকল বস্তু কূট করে (অর্থাৎ অসদুপায়ে প্রস্তুত বা ন্যূনাধিক করে) তাহার এবং যে কৃতকূট এই সকল বস্তু ব্যবহার করে, তাহার উত্তম সাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৪৩।

১৭। যে নাণক-পরীক্ষক প্রকৃত অকূটকে কূট বলে অথবা কূটকে অকূট বলে, তাহার উত্তম সাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৪৪।

১৮। আয়ুর্ব্বেদ না জানিয়া কেবল জীবিকা-নির্ব্বাহার্থ কোন পশু-পক্ষীকে মিথ্যা চিকিৎসা করিলে, চিকিৎসকের প্রথম সাহস দণ্ড; সাধারণ মনুষ্যকে ঐরূপ করিলে মধ্যম সাহস, রাজপুরুষকে উহা করিলে উত্তম সাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৪৫।

১৯। যে ব্যক্তি মান ও তুলাদ্বারা তোলন করিতে করিতে কোন কৌশলে ধান্যাদি পণ্য বস্তুর অষ্টম ভাগের এক ভাগ হরণ করে, তাহার দ্বিশত পণ দণ্ড। অপহৃত বস্তুর হ্রাস-বৃদ্ধিতে দণ্ডেরও হ্রাস বৃদ্ধি হইবে। যাজ্ঞ, ২ অ। ২৪৭।

১৬। তুলাশাসনমানানাং কূটকৃন্নাণকস্য চ।
এভিশ্চ ব্যবহর্ত্তা যঃ স দাপ্যো দণ্ডমুত্তমম্॥ যাজ্ঞ, ৮ অ। ২৪৩।

১৭। অকূটং কূটকং ব্রূতে কূটং যশ্চাপ্যকূটকম্।
স নাণকপরীক্ষী তু দাপ্য উত্তমসাহসম্॥ যাজ্ঞ, ২ অ। ২৪৪।

১৮। ভিষঙ্মিথ্যা চরন্ দাপ্যস্তির্য্যক্ষু প্রথমং দমম্।
মানুষে মধ্যমং রাজমানুষেষূত্তমং দমম্। যাজ্ঞ, ২ অ। ২৪৫।

১৯। মানেন তুলয়া বাপি যোঽংশমষ্টমকং হরেৎ।
দণ্ডং স দাপ্যো দ্বিশতং বৃদ্ধৌ হানৌ চ কল্পিতম্। যাজ্ঞ, ২ অ। ২৪৭।

২০। ঔষধ, ঘৃত-তৈলাদি স্নেহ দ্রব্য, লবণ, কুঙ্কুমাদি গন্ধদ্রব্য, ধান্য, গুড় প্রভৃতি পণ্যদ্রব্যে অপকৃষ্ট-বস্তু প্রক্ষেপ করিলে (অর্থাৎ ভেজাল মিশ্রিত করিলে) ষোড়শ পণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৪৮।

২১। অপকৃষ্ট সুতরাং হীনমূল্য মৃত্তিকা, চর্ম্ম, স্ফটিকাদি মণি, লৌহ, বল্কল, এবং বস্ত্রের বহুমূল্যতার জন্য কৃত্রিম উৎকর্ষ সম্পাদন করিলে, বিক্রেয় দ্রব্যের মূল্য অপেক্ষা আটগুণ অর্থ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৪৯।

২২। পরিবর্ত্তিত-মুদ্রিত-পেটিকা (অর্থাৎ মনে কর একটি মুক্তাপূর্ণ পেটিকা আছে, আর একটি কাচপূর্ণ পেটিকা আছে, তন্মধ্যে মুক্তাপূর্ণ পেটিকা দেখাইয়া মূল্যাদি নির্দ্ধারণ করিয়া, দিবার সময় কৌশলে কাচ পেটিকা) প্রদান করিলে কিংবা কৃত্রিম প্রস্তুত কস্তুরিকাদি সারভাণ্ড বন্ধক রাখিলে বা বিক্রয় করিলে নিম্নলিখিত রীতিক্রমে দণ্ড নির্ণয় জানিবে, যথা,—

(ক) এক পণের ন্যূন মূল্যে বিক্রয়াদি করিলে, পঞ্চাশৎ পণ দণ্ড।

(খ) এক পণ মূল্যে উহা করিলে, শত পণ দণ্ড।

(গ) দুই পণ মূল্যে উহা করিলে, দ্বিশত পণ দণ্ড।

২০। ভেষজস্নেহলবণ গন্ধধান্য গুড়াদিষু।
পণ্যেষু প্রক্ষিপন্ হীনং পণান্ দাপ্যস্তুষোড়শ॥ যাজ্ঞ, ২ অ। ২৪৮।

২১। মৃচ্চর্ম্মমণি সূত্রায়ঃ কাষ্ঠ বল্কলবাসসাম্।
অজাতৌ জাতিকরণে বিক্রেয়াষ্টগুণোদমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৪৯।

২২। সমুদ্গ পরিবর্ত্তঞ্চ সারভাণ্ডঞ্চ কৃত্রিমম্।
আধানং বিক্রয়ং বাপি নয়তো দণ্ডকল্পনা॥
ভিন্নে পণেতু পঞ্চাশৎ পণে তু শতমুচ্যতে।
দ্বিপণে দ্বিশতো দণ্ডো মূল্যবৃদ্ধৌ চ বৃদ্ধিমান্॥ যাজ্ঞ, ২ অ। ২৫০—২৫১।

(ঘ) ইহার অতিরিক্ত মূল্যে বিক্রয়াদি করিলে, উক্ত রীত্যনুসারে দণ্ডেরও বৃদ্ধি হইবে। যাজ্ঞ, ২ অ। ২৫০—২৫১।

২৩। যে সকল বালকবৃন্দ রাজ-নিরূপিত মূল্যের হ্রাস-বৃদ্ধি জানিয়াও জোট বাঁধিয়া, কারু এবং শিল্পীদিগের কষ্টকর মূল্য বৃদ্ধি করে, তাহাদের উত্তম সাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৫২।

২৪। যে সকল বণিক্ জোট বাঁধিয়া দেশান্তরাগত পণ্য, হীনমূল্যে লইবার জন্য অবরুদ্ধ করে, অথবা দেশান্তরাগত পণ্য, এক মূল্যে গ্রহণ করিয়া তদপেক্ষা বহুমূল্যে বিক্রয় করে, তাহাদের প্রত্যেকের উত্তম সাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৫৩।

২৫। রাজা বিশেষ পরিদর্শনপূর্ব্বক যেরূপ মূল্য নির্দ্ধারিত করিয়া দিবেন; প্রত্যহ তদনুসারে ক্রয়-বিক্রয় হইবে, সেই মূল্য হইতে অবশিষ্ট ভাগই লভ্যাংশ বলিয়া স্মৃত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ২৫৪।

২৬। যে বণিক্ ক্রয় করিয়া সত্বই বিক্রয় করে, সে স্বদেশজাত পণ্য-দ্রব্য হইতে প্রতি শত পণে পাঁচ পণ লাভ করিবে, আর পরদেশীয় পণ্যে দশ পণ গ্রহণ করিবে। যাজ্ঞ, ২ অ। ২৫৫।

২৩। সম্ভূয়কুর্ব্বতামর্ঘ্যং সবাধং কারুশিল্পিনাম্।
অর্ঘ্যস্য হ্রাসং বৃদ্ধিং বা জানতাং দম উত্তমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৫২।

২৪। সম্ভূয়বণিজাং পণ্যমনর্ঘ্যেণোপরুন্ধতাম্।
বিক্রীণতাং বা বিহিতো দণ্ড উত্তমসাহসঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৫৩।

২৫। রাজনি স্থাপ্যতে যোঽর্ঘ্যঃ প্রত্যহং তেন বিক্রয়ঃ।
ক্রয়ো বা নিঃস্রবস্তস্মাদ্বণিজাং লাভকৃৎ স্মৃতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৫৪।

২৬। স্বদেশপণ্যে তু শতং বণিগ্ গৃহ্ণীত পঞ্চকম্।
দশকং পারদেশ্যে তু যঃ সদ্যঃ ক্রয়বিক্রয়ী॥ যাজ্ঞ, ২ অ। ২৫৫।

২৭। রাজা পণ্যের প্রকৃত মূল্য এবং আনয়নাদির ব্যয় হিসাব করিয়া এইরূপ মূল্য নির্দ্ধারিত করিয়া দিবেন, যাহাতে ক্রেতা ও বিক্রেতা উভয়েরই ক্ষতি না হয়। যাজ্ঞ, ২ অ। ২৫৬।

২৮। যে বণিক্ মূল্য গ্রহণ করিয়া, ক্রেতা গ্রহণ করিতে ইচ্ছা প্রকাশ করিলেও, তাহাকে বিক্রীত দ্রব্য অর্পণ না করে, সে পরে ক্রেতাকে তাহা বৃদ্ধি সমেত প্রদান করিতে বাধ্য অর্থাৎ বিক্রয়াদির দ্বারা যাহা লাভ হইবে, তৎসমেত কিংবা সুদ সমেত ক্রেতার ইচ্ছানুসারে দিতে হইবে; স্বদেশীয় ক্রেতার পক্ষে এই নিয়ম; আর দেশান্তর-সমাগত ক্রেতাকে তদ্দেশে বিক্রয় করিলে যে লাভ হয়, তৎসমেত দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২৫৭—২৫৮।

২৯। বিক্রেতা প্রদান করিতে চাহিলেও, ক্রেতা যদি ক্রীত পণদ্রব্য গ্রহণ না করে, অথচ দৈবোপদ্রব কি রাজোপদ্রবে তাহা বিনষ্ট হয়, তাহা হইলে, সে হানি ক্রেতারই হইবে। যাজ্ঞ, ২ অ। ২৫৯। বিষ্ণু, ৫ অ। ১২৮।

২৭। পণ্যস্যোপরি সংস্থাপ্য ব্যয়ং পণ্যসমুদ্ভবম্।
অর্ঘোঽনুগ্রহকৃৎ কার্য্যঃ ক্রেতুর্ব্বিক্রেতুরেব চ॥ যাজ্ঞ, ২ অ। ২৫৬।

২৮। গৃহীতমূল্যং যঃ পণ্যং ক্রেতুর্নৈব প্রযচ্ছতি।
সোদয়ং তস্য দাপ্যোঽসৌ দিগ্‌লাভাং বা দিগাগতে॥
বিক্রীতমপি বিক্রেয়ং পূর্ব্বক্রেতর্য্যগৃহ্নতি।
হানিশ্চেৎ ক্রেতৃদোষেণ ক্রেতুরেব হি সা ভবেৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৫৭—২৫৮।

২৯ (ক) রাজদৈবোপঘাতেন পণ্যে দোষমুপাগতে।
হানির্ব্বিক্রেতুরেবাসৌ যাচিতস্যাপ্রযচ্ছতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৫৯।

(খ) ক্রীতমক্রীণতো যা হানিঃ সা ক্রেতুরেব স্যাৎ॥ বিষ্ণু, ৫ অ। ১২৮।

৩০। অন্যের নিকট বিক্রীত-দ্রব্য অপরের নিকট বিক্রয় করিলে, কিংবা সদোষ-দ্রব্য নির্দ্দোষ বলিয়া বিক্রয় করিলে, বিক্রীত দ্রব্যের মূল্য-অপেক্ষা দ্বিগুণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৬০।

৩১। ক্রেতা দ্রব্য বিক্রয়ের পর তাহার মূল্য অধিক হইয়াছে কি না, না জানিয়া এবং বিক্রেতা দ্রব্য বিক্রয়ের পর তাহার মূল্য অল্প হইয়াছে কি না, ইহা না জানিয়া, ক্রয়-বিক্রয় নিবন্ধন অনুতাপ করিতে পারিবে না। যদি করে, তাহা হইলে, যথাসম্ভব ক্রীত-বিক্রীত দ্রব্য-মূল্যের ষষ্ঠাংশের একাংশ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৬১।

৩২। রাজনিষিদ্ধ দ্রব্য বিক্রয় করিতে বসিলে, তাহার নিকট হইতে ঐ দ্রব্য কাড়িয়া লইতে হইবে। বিষ্ণু, ৫ অ। ১২৯।

৩৩। তন্তুবায় বস্ত্রবয়ন জন্য দশ পণ পরিমিত সূত্র গৃহস্থের নিকট হইতে লইলে, পিষ্টভক্তাদি অনুপ্রবেশ হেতু গৃহস্থকে একাদশ পণ পরিমিত বস্ত্র দিবে, যদি ইহার ন্যূন দেয়, তবে দ্বাদশ পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৯৭।

৩৪। যে সকল বিক্রেয় দ্রব্য রাজার নিজের বলিয়া প্রখ্যাত অথবা

৩০। অন্যহস্তে চ বিক্রীতং দুষ্টং বা দুষ্টবদ্‌যদি।
বিক্রীণীতে দমস্তত্র মূল্যাৎ তু দ্বিগুণো ভবেৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৬০।

৩১। ক্ষয়ং বৃদ্ধিঞ্চ বণিজা পণ্যানামবিজানতা।
ক্রীত্বা নানুশয়ঃ কার্য্যঃ কুর্ব্বন্ ষড়্‌ভাগ দণ্ডভাক্॥ যাজ্ঞ, ২ অ। ২৬১।

৩২। রাজবিনিষিদ্ধং বিক্রীণতস্তদপহারঃ॥ বিষ্ণু, ৫ অ। ১২৯।

৩৩। তন্তুবায়ো দশপলং দদ্যাদেকপলাধিকম্।
অতোঽন্যথা বর্ত্তমানো দাপ্যোদ্বাদশকং দমম্॥ মনু, ৮ অ। ৩৯৭।

৩৪। রাজ্ঞঃ প্রখ্যাত ভাণ্ডানি প্রতিষিদ্ধানি যানি চ।
তানি নির্হরতো লোভাৎ সর্ব্বহারং হরেন্নৃপঃ॥ মনু, ৮ অ। ৩৯৯।

যে সকল দ্রব্য দেশান্তরে লইয়া যাইতে রাজা নিষেধ করিয়াছেন, যে বাণিজ্যকারী লোভবশতঃ ঐ সকল দ্রব্য বিক্রয় বা দেশান্তরে লইয়া যায়, রাজা তাহার সর্ব্বস্ব হরণ করিবেন। মনু, ৮ অ। ৩৯৯।

৩৫। শুল্ক পরিহার জন্য যে লোক উৎপথে গমন করে, অথবা রাত্র্যাদি সময়ে ক্রয়-বিক্রয় করে, কিংবা বিক্রয়দ্রব্যের সংখ্যা মিথ্যা করিয়া বলে, রাজা উহাদিগকে অপলাপিত রাজদেয়ের অষ্টগুণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ৪০০।

৩৬। যে স্বর্ণকারাদি ভাল স্বর্ণ বলিয়া কৃত্রিম স্বর্ণ বিক্রয়াদি করে, এবং যে কুক্কুরাদি-সম্বন্ধ কুৎসিৎ মাংস বিক্রয় করে, রাজা তাহাদিগের তিন অঙ্গচ্ছেদ করিয়া দিবেন এবং উত্তমসাহস দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৩০০।

৩৭। যে ব্যক্তি সমমূল্যদাতাদিগের সহিত উৎকৃষ্ট অপকৃষ্ট দ্রব্যদ্বারা বিষম ব্যবহার করে, অথবা সমমূল্যের দ্রব্য একজনকে বহুমূল্যে ও আর একজনকে অল্পমূল্যে দেয়, রাজা উহাকে প্রথম বা মধ্যম সাহস দণ্ড করিবেন। মনু, ৯ অ। ২৮৭।

৩৮। যে অবীজকে বীজ বলিয়া বিক্রয় করে, অথবা অপকৃষ্ট বীজকে

৩৫। শুল্কস্থানং পরিহরন্নকালে ক্রয়বিক্রয়ী।
মিথ্যাবাদী চ সঙ্খ্যানে দাপ্যোঽষ্টগুণমত্যয়ম্॥ মনু, ৮ অ। ৪০০।

৩৬। কূটস্বর্ণব্যবহারী বিমাংসস্য চ বিক্রয়ী।
ত্র্যঙ্গহীনস্তু কর্ত্তব্যো দাপ্যশ্চোত্তমসাহসম্॥ যাজ্ঞ, ২ অ। ৩০০।

৩৭। সমৈর্হি বিষমং যস্তু চরেদ্বৈ মূল্যতোঽপি বা।
স প্রাপ্নুয়াদ্দমং পূর্ব্বং নরোমধ্যমমেব বা॥ মনু, ৯ অ। ২৮৭।

৩৮। অবীজবিক্রয়ী চৈব বীজোৎক্রষ্টা তথৈব চ।
মর্য্যাদা ভেদকশ্চৈব বিকৃতং প্রাপ্নুয়াদ্বধম্॥ মনু, ৯ অ। ২৯১।

উৎকৃষ্ট বীজ বলিয়া বিক্রয় করে, এবং গ্রামাদির সীমা যে নষ্ট করে, রাজা তাহাকে নাসাচরণাদি কর্ত্তন দ্বারা দণ্ড দিবেন। মনু, ৯ অ। ২৯১।

চতুশ্চত্বারিংশ স্তবক।

[স্বামিপাল-বিবাদবিষয়ক বিচারবিধি।]

১। দিবাকালে রক্ষণাবেক্ষণ করিবার জন্য কোন পশু পালকের হস্তে সমর্পিত হইলে, যদি তাহার কোন দোষ উপস্থিত হয়, তবে পালক তাহার দায়ী হইবে। আর রাত্রিতে স্বামীর গৃহে অর্পিত পশুর মরণাদি দোষ হইলে, তাহাতে স্বামীর দোষ হইবে এবং যদি দিবারাত্রি রক্ষা করিবার ভার পালকের উপর থাকে, তবে পালকও রাত্রির দোষভাগী হইবে। মনু, ৮ অ। ২৩০।

২। যে গোপ ভক্তাচ্ছাদনার্থী নহে, বেতনের পরিবর্ত্তে দুগ্ধ লয়, সে গোস্বামীর অনুমতি লইয়া, দশটি গাভীর মধ্যে যেটি শ্রেষ্ঠ হইবে, তাহার দুগ্ধ দোহন করিয়া লইতে পারে, অন্যপ্রকার বেতন নির্দ্দিষ্ট না থাকিলে, গোপালকের এইরূপ বেতনই ধার্য্য। মনু, ৮ অ। ২৩১।

৩। পালকের অযত্নে যদি কোন গবাদি পশু দৃষ্টিপথাতীত, অথবা

১। দিবা বক্তব্যতা পালে রাত্রৌ স্বামিনি তদ্গৃহে।
যোগক্ষেমেঽন্যথা চেত্তু পালো বক্তব্যতামিয়াৎ॥ মনু, ৮ অ। ২৩০।

২। গোপঃ ক্ষীরভৃতো যস্তু দুহ্যাদ্দশতোবরাম্।
গোস্বাম্যনুমতে ভৃত্যঃ সাস্যাৎপালে ভৃতেভৃতিঃ॥ মনু, ৮ অ। ২৩১।

৩। নষ্টং বিনষ্টং কৃমিভিঃ শ্বহতং বিষমে মৃতম্।
হীনং পুরুষকারেণ প্রদদ্যাৎ পাল এব তু॥ মনু, ৮ অ। ২৩২।

সরীসৃপাদি কর্ত্তৃক বিনষ্ট, কুক্কুরাদিকর্ত্তৃক ভক্ষিত এবং বিষম স্থানে পতিত হইয়া মৃত হয়, তবে সেই পলায়িত বা মৃত পশুর জন্য পালককে স্বামীর নিকট দায়ী হইতে হইবে। মনু, ৮ অ। ২৩২।

৪। যদি চোরেরা মিলিয়া পটহাদি বাদ্যাড়ম্বরপূর্ব্বক পালকের নিকট হইতে পশু হরণ করে এবং পালক উক্ত সংবাদ নিকটস্থ স্বামীকে যথা-কালে দেয়, তবে ঐ হৃত-পশুর জন্য পালককে দায়ী হইতে হইবে না। মনু, ৮ অ। ২৩৩।

৫। যদি পশু আপনা আপনি মরিয়া যায়, তবে পশুপালক উহার কর্ণদ্বয়, চর্ম্ম, বালাঞ্চি, বস্তি (তলপেট), স্নায়ু ও রোচনা এবং উহার যে অঙ্গ দেখাইলে স্বয়ং মৃত বলিয়া স্বামীর প্রত্যয় হয়, সে সকল অঙ্গ স্বামীকে দেখাইবে। মনু, ৮ অ। ২৩৪।

৬। পালকের অনুপস্থিতিতে বৃক আসিয়া মেষ বা ছাগপাল অবরোধ পূর্ব্বক যে পশুটিকে হনন করিবে, পালককে সেই পশুর ক্ষতিপূরণ করিয়া দিতে হইবে। কিন্তু যদি তাহারা একত্র হইয়া বনে চরিতেছে, এমন সময়ে পালকের সমক্ষেই বৃক লম্ফ-প্রদানপূর্ব্বক পশু-হনন করে, তবে সে মেষপালকের কোন অপরাধ হইবে না। মনু, ৮ অ। ২৩৫—২৩৬।

৪। বিঘুষ্য তু হৃতং চৌরৈর্ন পালো দাতুমর্হতি।
যদি দেশে চ কালে চ স্বামিনঃ স্বস্য শংসতি। মনু, ৮ অ। ২৩৩।

৫। কর্ণৌ চর্ম্ম চ বালাংশ্চ বস্তিং স্নায়ুঞ্চ রোচনাম্।
পশুষু স্বামিনাং দদ্যান্মৃতেষঙ্গানি দর্শয়েৎ॥ মনু, ৮ অ। ২৩৪।

৬। অজাবিকে তু সংরুদ্ধে বৃকৈঃ পালে ত্বনায়তি।
যাং প্রসহ্য বৃকো হন্যাৎ পালে তৎ কিল্বিষং ভবেৎ॥
তাসাং চেদবরুদ্ধানাং চরন্তীনাং মিথোবনে।
যামুৎপ্লুত্য বৃকো হন্যান্ন পালস্তত্র কিল্বিষী॥ মনু, ৮ অ। ২৩৫—২৩৬।

৭। গ্রামের চতুর্দ্দিকে চারিশত হস্ত পরিমাণ অথবা বৃহৎ যষ্টিত্রয় পাতের পরিমিত স্থান গোচারণার্থ রাখিবে। নগরে ইহার তিনগুণ স্থান গোচারণার্থ রাখিবে। মনু, ৮ অ। ২৩৭।

৮। ঐ পরীহার স্থানে বেড়া না দিয়া তৎসমীপে যদি কেহ শস্য বপন করে, আর গবাদি পশু, ঐ শস্য ভক্ষণাদি দ্বারা নষ্ট করে, তজ্জন্য নৃপতি পশুরক্ষককে দণ্ড করিবেন না। মনু, ৮ অ। ২৩৮।

৯। সেই পরীহার স্থানে এমন উচ্চ বৃতি অর্থাৎ বেড়া দেওয়া উচিত, যাহার ভিতর উষ্ট্র না দেখিতে পায় এবং সেই বেড়া এমন ঘন হওয়া উচিত যে, কুক্কুর বা শূকর তাহার ভিতরে মুখ প্রবেশ না করাইতে পারে। এমন বেড়া দেওয়া থাকিলে, শস্যনাশে পালকের দোষ হইবে। মনু, ৮ অ। ২৩৯।

১০। পথের ধার, গ্রামান্ত বা পরীহারস্থ ক্ষেত্র পরিবৃত থাকিলে, যদি স-পাল পশু আসিয়া শস্যসমূহ নষ্ট করে, তবে রাজা ঐ পশুপালককে শত পণ দণ্ড করিবেন। পালকরহিত পশুদিগকে ক্ষেত্রস্বামী নিবারণ করিবেন। মনু, ৮ অ। ২৪০।

৭। ধনুঃ শতং পরীহারো গ্রামস্য স্যাৎ সমন্ততঃ।
শম্যাপাতাস্ত্রয়ো বাপি ত্রিগুণো নগরস্য তু॥ মনু, ৮ অ। ২৩৭।

৮। তত্রাপরিবৃতং ধান্যং বিহিংস্যুঃ পশবো যদি।
ন তত্র প্রণয়েদ্দণ্ডং নৃপতিঃ পশুরক্ষিণাম্॥ মনু, ৮ অ। ২৩৮।

৯। বৃতিং তত্র প্রকুর্ব্বীত যামুষ্ট্রো ন বিলোকয়েৎ।
ছিদ্রঞ্চ বারয়েৎ সর্ব্বং শ্বশূকরমুখানুগম্॥ মনু, ৮ অ। ২৩৯।

১০। পথি ক্ষেত্রে পরিবৃতে গ্রামান্তীয়েঽথ বা পুনঃ।
সপালঃ শতদণ্ডার্হো বিপালাংশ্চারয়েৎ পশূন্॥ মনু, ৮ অ। ২৪০।

১১। পথ, গ্রামান্ত ও পরীহার ব্যতিরিক্ত ক্ষেত্রের শস্য এইরূপে নষ্ট হইলে, পশুপালের বা পশুস্বামীর এক পণ পাঁচ গণ্ডা দণ্ড হইবে। কিন্তু সর্ব্বত্রই শস্যের ক্ষতিপূরণ জন্য ক্ষেত্রস্বামীকে অর্থ দিতে হইবে। মনু, ৮ অ। ২৪১।

১২। যে গাভী নূতন প্রসব করিয়াছে, অর্থাৎ যাহার প্রসবের পর দশ দিবস অতীত হয় নাই এবং চক্র-শূলাঙ্কিত উৎসৃষ্ট বৃষ ও দেবতোদ্দেশে ত্যক্ত পশু যদি স-পাল বা পালক-রহিত অবস্থায় উক্ত প্রকারে শস্য ভক্ষণ করে, তবে তাহাতে দণ্ড নাই, ইহা মনু কহিয়াছেন। মনু, ৮ অ। ২৪২।

১৩। যদি কর্ষকের দোষে ক্ষেত্রের শস্যহানি হয়, তবে যত শস্য রাজার প্রাপ্য তাহার দশ গুণ রাজা সেই কর্ষককে দণ্ড করিবেন এবং যদি কর্ষকের অজ্ঞাতসারে তাহার ভৃত্যের দ্বারা উক্ত অপরাধ হইয়া থাকে, তবে উক্ত কর্ষকের পাঁচগুণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৪৩।

১৪। স্বামী এবং পশুপালের পরস্পর রক্ষণ-ব্যতিক্রমে এবং পশু কর্ত্তৃক শস্যভক্ষণে ধার্ম্মিক রাজা ঐ প্রকারে ব্যবস্থা করিবেন। মনু, ৮ অ। ২৪৪।

১১। ক্ষেত্রেষন্যেষু তু পশুঃ সপাদং পণমর্হতি।
সর্ব্বত্র তু সদা দেয়ঃ ক্ষেত্রিকস্যেতি ধারণা॥ মনু, ৮ অ। ২৪১।

১২। অনির্দ্দশাহাং গাং সূতাং বৃষান্ দেবপশূংস্তথা।
সপালান্ বা বিপালান্ বা ন দণ্ড্যান্ মনুরব্রবীৎ॥ মনু, ৮ অ। ২৪২।

১৩। ক্ষেত্রিকস্যাত্যয়ে দণ্ডো ভাগাদ্দশগুণো ভবেৎ।
ততোঽর্দ্ধদণ্ডো ভৃত্যানামজ্ঞানাৎ ক্ষেত্রিকস্য তু॥ মনু, ৮ অ। ২৪৩।

১৪। এতদ্বিধানমাতিষ্ঠেদ্ধার্ম্মিকঃ পৃথিবীপতিঃ।
স্বামিনাঞ্চ পশূনাঞ্চ পালানাঞ্চ ব্যতিক্রমে॥ মনু, ৮ অ। ২৪৪।

১৫। মহিষী অপরের শস্য নষ্ট করিলে আট মাষা অর্থদণ্ড হইবে। গো শস্য বিনাশ করিলে তদৰ্দ্ধ; ছাগ বা মেষ শস্য বিনাশ করিলে তদৰ্দ্ধ অর্থাৎ দুই মাষা অর্থদণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ১৬২। বিষ্ণু, ৫ অ।১৩৯। ১৪২—১৪৩।

১৬। যদি মহিষ্যাদি পশু শস্য ভক্ষণ করিয়া উপবিষ্ট থাকে অর্থাৎ ইচ্ছামত শস্যভক্ষণ করিয়া স্বয়ং তাহা হইতে বিরত হয়, তাহা হইলে উক্ত দণ্ড অপেক্ষা দ্বিগুণ দণ্ড হইবে। বিবীত অর্থাৎ প্রচুর-তৃণ-কাষ্ঠময় রক্ষিত ভূভাগ বিনষ্ট করিলে আট মাষা প্রভৃতি পূর্ব্বোক্ত দণ্ড হইবে। গর্দ্দভ এবং উষ্ট্রের পক্ষেও মহিষীর তুল্য দণ্ড। যাজ্ঞ, ২ অ। ১৬৩। বিষ্ণু, ৫ অ। ১৪৪। ১৪১।

১৭। ক্ষেত্রস্বামীর যাবৎ শস্য বিনষ্ট হইবে, তদনুরূপ ফল দিতে হইবে, এই দণ্ড এবং পূর্ব্বোক্ত রাজদণ্ড পশুস্বামীকেই বহন করিতে হইবে,

১৫। (ক) মাষানষ্টৌ তু মহিষী শস্যঘাতস্য কারিণী।
দণ্ডনীয়া তদৰ্দ্ধন্তু গৌস্তদৰ্দ্ধমজাবিকম্॥ যাজ্ঞ, ২ অ। ১৬২।
(খ) মহিষী চেচ্ছস্যনাশং কুর্য্যাৎ তৎপালকস্বষ্টৌ মাষকান্ দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫অ।১৩৯।
গৌশ্চেৎ তদৰ্দ্ধং॥ তদৰ্দ্ধমজাবিকম্॥ বিষ্ণু, ৫ অ। ১৪২—১৪৩।

১৬। (ক) ভক্ষয়িত্বোপবিষ্টানাং যথোক্তাদ্দ্বিগুণো দমঃ।
সমমেষাং বিবীতেঽপি খরোষ্ট্রং মহিষীসমম্॥ যাজ্ঞ, ২ অ। ১৬৩।
(খ) ভক্ষয়িত্বোপবিষ্টেষু দ্বিগুণম্॥ বিষ্ণু, ৫ অ ১৪৪।
অশ্বস্তূষ্ট্রো গর্দ্দভো বা॥ বিষ্ণু, ৫ অ। ১৪১।

১৭। (ক) যাবচ্ছস্যং বিনশ্যেত্তু তাবৎ স্যাৎ ক্ষেত্রিণঃ ফলম্।
গোপস্তাড্যস্তু গোমী তু পূর্ব্বোক্তং দণ্ডমর্হতি॥ যাজ্ঞ, ২ অ। ১৬৪।
(খ) সর্ব্বত্র স্বামিনে বিনষ্টশস্যমূল্যঞ্চ॥ বিষ্ণু, ৫ অ। ১৪৫।
অপালায়াঃ স্বামী॥ বিষ্ণু, ৫ অ। ১৪০।

আর যদি পালকের দোষে এইরূপ হয়, তাহা হইলে পালককে তাড়না করিবে এবং পূর্ব্বোক্ত রাজদণ্ড বহন করিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ১৬৪। বিষ্ণু, ৫ অ। ১৪৫। ১৪০।

১৮। পথ ও গ্রামের সমীপবর্ত্তী এবং গ্রাম ও বিবীতের (অর্থাৎ রক্ষিত গোচর ভূমির) সমীপবর্ত্তী ক্ষেত্রে পালক বা স্বামীর অনিচ্ছাসত্ত্বে যদি শস্যাদি বিনষ্ট করে ত দোষ হইবে না, কিন্তু ইচ্ছাপূর্ব্বক বিচরণ করাইলে চোরের ন্যায় দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ১৬৫। বিষ্ণু, ৫ অ। ১৪৬—১৪৭।

১৯। মহাবলীবর্দ্দ (অর্থাৎ যাহাকে আবদ্ধ করিয়া রাখা অতীব দুঃসাধ্য এবংবিধ বৃষ) উৎসৃষ্ট পশু, সূতিকা (অর্থাৎ যাহার প্রসবের পর দশ দিন অতিক্রান্ত হয় নাই) আগন্তুক (অর্থাৎ যূথ পরিভ্রষ্ট হইয়া দেশান্তরাগত এবং অন্ধ-খঞ্জাদি) এই সকল পশুকে, আর যে সকল পশুর পালক আছে, কিন্তু দৈবোপদ্রব ও রাজোপদ্রবে উৎপীড়িত হইয়া আসিয়াছে, তাহাদিগকে মোচন করা উচিত। যাজ্ঞ, ২ অ। ১৬৬। বিষ্ণু, ৫ অ। ১৪৯।

২০। প্রত্যহ প্রাতঃকালে স্বামী যেরূপ গণনাদি করিয়া অর্পণ করে,

১৮। (ক) পথিগ্রাম বিবীতান্তে ক্ষেত্রে দোষো ন বিদ্যতে।
আকামতঃ কামচারে চৌরবদ্দণ্ডমর্হতি॥ যাজ্ঞ, ২ অ। ১৬৫।
(খ) পথিগ্রামে বিবীতান্তে ন দোষঃ॥ অনাবৃতে চ॥ বিষ্ণু, ৫ অ। ১৪৬—১৪৭।

১৯। (ক) মহোক্ষোৎসৃষ্টপশবঃ সূতিকাগন্তুকাদয়ঃ।
পালো যেষান্তু তে মোচ্যা দৈবরাজপরিপ্লুতাঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৬৬।
(খ) উৎসৃষ্টবৃষভসূতিকানাঞ্চ॥ বিষ্ণু, ৫ অ। ১৪৯।

২০। যথার্পিতান্ পশূন্ গোপঃ সায়ং প্রত্যর্পয়েৎ তথা।
প্রমাদমৃতনষ্টাংশ্চ প্রদাপ্যঃ কৃতবেতনঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৬৭।

পালকও ঠিক সেইরূপভাবে সায়ংকালে পশুদিগকে প্রত্যর্পণ করিবে; পালকের অনবধানতাক্রমে মৃত বা বিনষ্ট হইলে, যথানিয়মে কৃত-বেতন ঐ পালকই ঐ পশু বা ঐ পশুর মূল্য দিবে। যাজ্ঞ, ২ অ। ১৬৭।

২১। পালকের দোষে পশু বিনষ্ট হইলে, পালকের সার্দ্ধত্রয়োদশ পণ দণ্ড হইবে এবং স্বামীর দ্রব্য অর্থাৎ বিনষ্ট পশুর মূল্য দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ১৬৮।

২২। গ্রামস্থ লোকের আগ্রহে ভূমির অল্পাধিক্য এবং রাজার ইচ্ছা-নুসারে "গোপ্রচার" করিবে (অর্থাৎ গোচারণার্থ খানিকটা ভূভাগ অকৃষ্ট অবস্থায় রাখিবে)। দ্বিজাতি,—তৃণ, কাষ্ঠ এবং পুষ্প সকলস্থান হইতে নিজ দ্রব্যের ন্যায় আহরণ করিবেন। যাজ্ঞ ২ অ। ১৬৯।

২৩। গ্রাম এবং ক্ষেত্রের মধ্যে চারিদিকে শত ধনু. বহুকণ্টকাকীর্ণ গ্রাম ও ক্ষেত্রের মধ্যে দ্বিশত ধনু, নগর ও ক্ষেত্রের মধ্যে চতুঃশত ধনু পরিমিত স্থান ব্যবধান রাখিবে। যাজ্ঞ, ২ অ। ১৭০।

২১। পালদোষবিনাশে চ পালে দণ্ডো বিধীয়তে।
অর্দ্ধত্রয়োদশপণঃ স্বামিনো দ্রব্যমেব চ॥ যাজ্ঞ, ২ অ। ১৬৮।

২২। গ্রামেচ্ছয়া গোপ্রচারো ভূমিরাজবশেন বা।
দ্বিজস্তৃণৈধপুষ্পাণি সর্ব্বতঃ স্ববদাহরেৎ॥ যাজ্ঞ, ২ অ। ১৬৯।

২৩। ধনুঃ শতং পরীণাহো গ্রামক্ষেত্রান্তরং ভবেৎ।
দ্বে শতে কর্ব্বটস্য স্যান্নগরস্য চতুঃশতম্॥ যাজ্ঞ ২ অ। ১৭০।

পঞ্চচত্বারিংশ স্তবক।

সীমাবিবাদ-বিষয়ক বিচারবিধি।

১। দুই গ্রামের সীমা লইয়া যদি বিবাদ উপস্থিত হয়, তবে রাজা জ্যৈষ্ঠ মাসে সূর্য্যের কিরণ প্রখর থাকায়, সীমাচিহ্ন স্পষ্ট দেখিতে পাওয়া যায় বলিয়া ঐ সময়ে সীমা নির্ণয় করিবেন। মনু, ৮ অ। ২৪৫।

২। বট, অশ্বত্থ, কিংশুক, শাল্মলী, শাল, তাল, উড়ুম্বর, অথবা যে সকল বৃক্ষ ক্ষীরশালী ও দীর্ঘকাল স্থায়ী, এমত বৃক্ষসকল সীমার চিহ্ন-স্বরূপ রোপণ করা উচিত। মনু, ৮ অ। ২৪৬।

৩। গুল্ম, বাঁশ, নানাবিধ শমী বৃক্ষ, বল্লী (লতা), মাটির ঢিপি শর; কুব্জক (গুল্ম অর্থাৎ শাখোটক (সেওড়া গাছ) প্রভৃতি বৃক্ষকে) সীমাচিহ্ন করিলে কদাচ নষ্ট হয় না। মনু, ৮ অ। ২৪৭।

৪। সীমাদ্বয়ের মধ্যস্থলে তড়াগ, কূপ, জলপ্রণালী, দেবতাস্থান, এই সকল চিহ্ন করিলে বহুজনের সমাগমে চিরকাল সীমা ঠিক থাকে। মনু, ৮ অ। ২৪৮।

১। সীমাং প্রতি সমুৎপন্নে বিবাদে গ্রাময়োর্দ্বয়োঃ।
জ্যৈষ্ঠে মাসি নয়েৎ সীমাং সুপ্রকাশেষু সেতুষু॥ মনু, ৮ অ। ২৪৫।

২। সীমাবৃক্ষাংশ্চ কুর্ব্বীত ন্যগ্রোধাশ্বত্থকিংশুকান্।
শাল্মলীশালতালাংশ্চ ক্ষীরিণশ্চৈব পাদপান্॥ মনু, ৮ অ। ২৪৬।

৩। গুল্মান্ বেণূংশ্চ বিবিধান্ শমীবল্লীস্থলানি চ।
শরান্ কুব্জকগুল্মাংশ্চ তথা সীমা ন নশ্যতি॥ মনু, ৮ অ। ২৪৭।

৪। তড়াগান্যুদপানানি বাপ্যঃ প্রস্রবণানি চ।
সীমাসন্ধিষু কার্য্যাণি দেবতায়তনানি চ॥ মনু, ৮ অ। ২৪৮।

৫। এতদ্ভিন্ন আরও অনেকগুলি অপ্রকাশ্য-চিহ্ন রাখা কর্ত্তব্য, কেন না সীমা লইয়া লোকের প্রায়ই বিরোধ উপস্থিত হয়। মনু, ৮ অ। ২৪৯।

৬। পাষাণ, অস্থি, গরুর বালাঞ্চি, তুষ, ছাই, খাপরা, ঘুঁটে, ইষ্টক, অঙ্গার, খোলা, বালুকা এবং অন্য প্রকার বস্তু, যাহা কালে শীঘ্র নষ্ট হয় না, তাহা অপ্রকাশভাবে সীমা সন্নিধানে রাখিবে। মনু, ৮। ২৫০—২৫১।

৭। প্রকাশ্য ও অপ্রকাশ্য এই সকল চিহ্ন দ্বারা, নদী-প্রবাহের দ্বারা এবং দীর্ঘভোগদ্বারা রাজা বিবদমানদিগের সীমা নির্ণয় করিবেন। মনু, ৮ অ। ২৫২।

৮। এই সকল চিহ্ন দেখিয়াও যদি সন্দেহ ভঞ্জন না হয়, তবে রাজা সাক্ষীপ্রত্যয় দ্বারা সীমাবাদ নিশ্চয় করিবেন। মনু, ৮ অ। ২৫৩।

৯। রাজা গ্রামস্থ লোকদিগের সাক্ষাতে এবং বাদি-প্রতিবাদীর সমক্ষে সীমাচিহ্ন সকল সাক্ষীদিগকে জিজ্ঞাসা করিবেন। মনু, ৮ অ। ২৫৪।

৫। উপচ্ছন্নানি চান্যানি সীমালিঙ্গানি কারয়েৎ।
সীমাজ্ঞানে নৃণাং বীক্ষ্য নিত্যং লোকে বিপর্য্যয়ম্॥ মনু, ৮ অ। ২৪৯।

৬। অশ্মনোঽস্থীনি গোবালাংস্তুষান্ ভস্মকপালিকাঃ।
করীষমিষ্টকাঙ্গারাঞ্ছর্করাবালুকাস্তথা॥
যানি চৈবং প্রকারাণি কালাদ্ভূমির্ন ভক্ষয়েৎ।
তানি সন্ধিষু সীমায়ামপ্রকাশানি কারয়েৎ॥ মনু, ৮ অ। ২৫০—২৫১।

৭। এতৈর্লিঙ্গৈর্নয়েৎ সীমাং রাজা বিবদমানয়োঃ।
পূর্ব্বভুক্ত্যা চ সততমুদকস্যাগমেন চ॥ মনু, ৮ অ। ২৫২।

৮। যদি সংশয় এব স্যাল্লিঙ্গানামপি দর্শনে।
সাক্ষিপ্রত্যয় এব স্যাৎ সীমাবাদবিনির্ণয়ঃ॥ মনু, ৮ অ। ২৫৩।

৯। গ্রামীয়ককুলানাঞ্চ সমক্ষং সীম্নি সাক্ষিণঃ।
প্রষ্টব্যাঃ সীমলিঙ্গানি তয়োশ্চৈব বিবাদিনোঃ॥ মনু, ৮ অ। ২৫৪।

১০। সাক্ষীরা এইরূপে জিজ্ঞাসিত হইয়া সীমা-নিশ্চয়সম্বন্ধে যাহা বলিবে; তাহা এবং সাক্ষীদিগের নাম, রাজা সীমাপত্রে লিখিয়া রাখিবেন। মনু, ৮ অ। ২৫৫।

১১। সাক্ষীরা রক্তবস্ত্র পরিধান করিয়া, রক্তমাল্য ধারণ করতঃ মস্তকোপরি মৃত্তিকা স্পর্শ করিয়া তাহাদিগের স্ব স্ব সুকৃতিদ্বারা সীমানির্ণয় সম্বন্ধে শপথ করিবে,। মনু, ৮ অ। ২৫৬।

১২। সত্য সাক্ষীরা যথা-কথা কহিয়া নিষ্পাপ হইবে; কিন্তু যাহারা মিথ্যাকথা কহিবে, রাজা তাহাদের প্রত্যেককে দুই শতপণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৫৭।

১৩। সাক্ষীর অভাবে গ্রামের সীমান্ত-বাসী অর্থাৎ চতুর্দ্দিকস্থ চারি জন লোক প্রযতভাবে রাজসমক্ষে সীমানির্ণয় করিবে। মনু, ৮ অ। ২৫৮।

১৪। রাজা, সামন্তের অভাবে গ্রামবাসী মৌল (অর্থাৎ অনেক পুরুষ ধরিয়া যাহাদের বাস) এমন লোক দ্বারা সামানির্ণয় করিবেন এবং তদভাবে নিম্নলিখিত বনচারী পুরুষদিগের সাক্ষ্য লইবেন। মনু, ৮ অ। ২৫৯।

১০। তে পৃষ্টাস্তু যথা ব্রূয়ুঃ সমস্তাঃ সীম্নি নিশ্চয়ম্।
নিবধ্নীয়াত্তথা সীমাং সর্ব্বাংস্তাংশ্চৈব নামতঃ॥ মনু. ৮ অ। ২৫৫।

১১। শিরোভির্স্তেগৃহীত্বোর্ব্বীং স্রগ্বিণো রক্তবাসসঃ।
সুকৃতৈঃ শাপিতাঃ স্বৈঃ স্বৈর্নয়েয়ুস্তে সমঞ্জসম্॥ মনু. ৮ অ। ২৫৬।

১২। যথোক্তেন নয়ন্তস্তে পূয়ন্তে সত্যসাক্ষিণঃ।
বিপরীতং নয়ন্তস্তু দাপ্যাঃ স্যুর্দ্বিশতং দমম্॥ মনু, ৮ অ। ২৫৭।

১৩। সাক্ষ্যভাবে তু চত্বারো গ্রামাঃ সামন্তবাসিনঃ।
সীমাবিনির্ণয়ং কুর্য্যুঃ প্রযতা রাজসন্নিধৌ॥ মনু, ৮ অ। ২৫৮।

১৪। সামন্তানামভাবে তু মৌলানাং সীম্নিসাক্ষিণাম্।
ইমানপ্যনুযুঞ্জীত পুরুষান্ বনগোচরান্॥ মনু, ৮ অ। ২৫৯।

১৫। ব্যাধ, শাকুনিক, গোপ, জেলে, বনমধ্যে ওষধি-খননকারী, সাপুঁড়ে, উঞ্ছবৃত্তিশীল এবং ফল, পুষ্প ও কাষ্ঠাদি আহরণ জন্য যাহারা সর্ব্বদা বনে যাতায়াত করে, রাজা উহাদিগকে সীমার কথা জিজ্ঞাসা করিবেন। তাহারা জিজ্ঞাসিত হইয়া সীমাসন্ধি সম্বন্ধে যেরূপ বলিবে, রাজা গ্রামদ্বয়ের তদ্রূপই সীমা নিবদ্ধ করিয়া দিবেন। মনু; ৮ অ। ২৬০—২৬১।

১৬। ক্ষেত্র, কূপ, তড়াগ, উদ্যান অথবা গৃহ, এ সকলের সীমা, প্রতিবেশী সাক্ষী দ্বারা জানিবে। মনু, ৮ অ। ২৬২।

১৭। ঐ সামন্ত সাক্ষীরা যদি মিথ্যা কহে, তবে রাজা পৃথক্ পৃথক্ সকলকেই মধ্যমসাহস অর্থাৎ পাঁচশত পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৬৩।

১৮। ভয় দেখাইয়া যদি কেহ পরের গৃহ, তড়াগ, আরাম (বাগান) বা ক্ষেত্র হরণ করে, তবে উহাকে পাঁচশত পণ দণ্ড করিবে ; যদি অজ্ঞানে হরণ করে, তবে দুই শত পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৬৪।

১৫। ব্যাধাঞ্ছাকুনিকান্ গোপান্ কৈবর্ত্তান্মূলখানকান্।
ব্যালগ্রাহানুঞ্ছবৃত্তীনন্যাংশ্চ বনচারিণঃ॥
তে পৃষ্টাস্তু যথা ব্রূয়ুঃ সীমাসন্ধিষু লক্ষণম্।
তৎ তথা স্থাপয়েদ্রাজা ধর্ম্মেণ গ্রামযোর্দ্বয়োঃ॥ মনু, ৮ অ। ২৬০—১৬১

১৬। ক্ষেত্রকূপতড়াগানামারামস্য গৃহস্য চ।
সামন্তপ্রত্যয়ো জ্ঞেয়ঃ সীমাসেতুবিনির্ণয়ঃ॥ মনু, ৮ অ। ২৬২।

১৭। সামন্তাশ্চেন্মৃষা ব্রূয়ুঃ সেতৌ বিবদতাং নৃণাম্।
সর্ব্বে পৃথক্ পৃথগ্ দণ্ড্যা রাজ্ঞা মধ্যমসাহসম্॥ মনু, ৮অ। ২৬৩।

১৮। গৃহং তড়াগমারামং ক্ষেত্রং বা ভীষয়া হরন্।
শতানি পঞ্চ দণ্ড্যঃ স্যাদজ্ঞানাদ্দ্বিশতো দমঃ॥ মনু, ৮ অ। ২৬৪।

১৯। যদি অন্য উপায়ে সীমানির্দ্দেশ না হয়, তবে ধর্ম্মবিৎ রাজা স্বয়ংই যেরূপ সীমা নির্দ্দেশে, অধিক উপকারের সম্ভাবনা, ঐরূপ সীমা নির্দ্দেশ করিবেন ; ইহাই ব্যবস্থা। মনু, ৮ অ। ২৬৫।

২০। ক্ষেত্রের সীমা-বিবাদ উপস্থিত হইলে চতুষ্পার্শ্বের গ্রামস্থ ব্যক্তি, বৃদ্ধ, মৌল, গোচারক, নিকটবর্ত্তী ক্ষেত্রকর্ষক এবং সকল প্রকার বনচারী মনুষ্য ইহারা উন্নত ভূমি, অঙ্গার, তুষ, ন্যগ্রোধাদি বৃক্ষ, সেতু, বল্মীকস্তূপ, তড়াগাদি, অস্থি এবং চৈত্য (পূজনীয় বৃক্ষ) প্রভৃতি দ্বারা চিহ্নিত দেখিয়া সীমা নিশ্চয় করিয়া লইবে। যাজ্ঞ, ২ অ। ১৫৩—১৫৪।

২১। পূর্ব্বোক্ত কোন চিহ্ন না পাইলে সাক্ষীর দ্বারা সীমা নিশ্চয় করিবে ; অভাবে পার্শ্ববর্ত্তী সমসংখ্যক গ্রামের (অর্থাৎ দুইখানি গ্রাম কি চারি গ্রামের ইত্যাদি) চারিজন, আটজন, কিংবা দশজন লোক রক্তমাল্য, রক্তবস্ত্র এবং মস্তকে মৃত্তিকাধারণ করিয়া সীমা নিশ্চয় করিয়া দিবে। যাজ্ঞ, ২ অ। ১৫৫।

২২। উক্ত সীমা-নির্ণয় কোনরূপে মিথ্যা বলিয়া প্রমাণ হইলে,

১৯। সীমায়ামবিষহ্যায়াং স্বয়ং রাজৈব ধর্ম্মবিৎ।
প্রদিশেদ্ভূমিমেতেষামুপকারাদিতি স্থিতিঃ॥ মনু, ৮ অ। ২৬৫।

২০। সীম্নো বিবাদে ক্ষেত্রস্য সামন্তাঃ স্থবিরাদয়ঃ।
গোপাঃ সীমাকৃষাণা যে সর্ব্বে চ বনগোচরাঃ॥
নয়েয়ুরেতে সীমানং স্থূলাঙ্গারতুষদ্রুমৈঃ।
সেতুবল্মীকনিম্নাস্থিচৈত্যাদ্যৈরুপলক্ষিতাম্॥ যাজ্ঞ, ২ অ। ১৫৩—১৫৪।

২১। সামন্তা বা সমগ্রামাশ্চত্বারোঽষ্টৌ দশাপি বা।
রক্তস্রগ্বসনাঃ সীমাং নয়েয়ুঃ ক্ষিতিধারিণঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৫৫।

২২। অনৃতে চ পৃথগ্দণ্ড্যা রাজ্ঞা মধ্যমসাহসম্।
অভাবে জ্ঞাতৃচিহ্নানাং রাজা সীম্নঃ প্রবর্ত্তিতা॥ যাজ্ঞ, ২ অ। ১৫৬।

রাজা সাক্ষীগণকে বা সামন্তগণের প্রত্যেক ব্যক্তির মধ্যমসাহস দণ্ড করিবেন। পূর্ব্বোক্ত চিহ্ন এবং অন্যান্য সাক্ষী ও সামন্তাদি জ্ঞাতা লোক না থাকিলে, রাজাই সীমা-প্রবর্ত্তক হইবেন। যাজ্ঞ, ২ অ। ১৫৬।

২৩। আরাম (ফলপুষ্পহেতু ভূখণ্ড), আয়তন (অর্থাৎ খামার প্রভৃতি) গ্রাম, বাপী-কূপাদি পানীয় স্থান, উদ্যান (ক্রীড়াবন), গৃহ এবং নালা-নর্দ্দমা প্রভৃতির বিবাদেও ঐ বিধি জানিবে। যাজ্ঞ, ২ অ। ১৫৭।

২৪। মর্য্যাদাপ্রভেদে (অর্থাৎ আল ভাঙ্গিয়া দিলে), সীমা অতিক্রম করিয়া কর্ষণ করিলে এবং ভয়াদি-প্রদর্শনপূর্ব্বক ক্ষেত্রাদি অপহরণ করিলে, যথাক্রমে অধমসাহস, মধ্যমসাহস, এবং উত্তমসাহস দণ্ড ভোগ করিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ১৫৮।

২৫। কোন ব্যক্তি পরকীয় ভূমিতে সেতু বা কূপাদি জলাশয় করিয়া দিতে চাহিলে, উক্ত ভূস্বামীর যৎকিঞ্চিৎ ভূমি বিনষ্ট হইলেও তাহা নিষেধ করিবে না; কারণ কূপাদি জলাশয় স্বল্পস্থানব্যাপী; সুতরাং বিশেষ অপকার করে না, প্রত্যুত বহুজলপূর্ণ বলিয়া অনেক মঙ্গলসাধন করিয়া থাকে। এইরূপ সেতুতেও কাহারও বিশেষ অপকার হয় না, অথচ প্রভূত মঙ্গল সাধিত হয়। যাজ্ঞ, ২ অ। ১৫৯।

২৬। যে ব্যক্তি ক্ষেত্রস্বামীকে, তদভাবে রাজাকে না জানাইয়া

২৩। আরামায়তনগ্রামনিপানোদ্যানবেশ্মসু।
এষএব বিধির্জ্জ্ঞেয়ো বর্ষাম্বুপ্রবহাদিষু॥ যাজ্ঞ, ২ অ। ১৫৭।

২৪। মর্য্যাদায়াঃ প্রভেদে তু সীমাতিক্রমণে তথা।
ক্ষেত্রস্য হরণে দণ্ডা অধমোত্তমমধ্যমাঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৫৮।

২৫। ন নিষেধ্যোঽল্পবাধস্তু সেতুঃ কল্যাণকারকঃ।
পরভূমিং হরন্ কূপঃ স্বল্পক্ষেত্রো বহূদকঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৫৯।

২৬। স্বামিনে যোঽনিবেদ্যৈব ক্ষেত্রে সেতুং প্রবর্ত্তয়েৎ।
উৎপন্নে স্বামিনো ভোগস্তদভাবে মহীপতেঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৬০।

পরকীয় ক্ষেত্রে সেতু নির্ম্মাণ করে, সেতুনির্ম্মাণসম্ভূত অদৃষ্টে তাহার অধিকার হয় না, কিন্তু ক্ষেত্রস্বামীর এবং তদভাবে রাজার অধিকার হয়। যাজ্ঞ, ২ অ। ১৬০।

২৭। যে ক্ষেত্রকর্ষণে স্বীকৃত হইয়া পশ্চাৎ সেই ক্ষেত্র নিজেও কর্ষণ না করে, বা অপরের দ্বারাও কর্ষণ না করায়, অথচ ক্ষেত্র লাঙ্গলদ্বারা ঈষন্মাত্র বিদারিত হইয়া থাকে, অর্থাৎ বীজ বপনের উপযুক্ত না হয়, উহা কর্ষণ করিলে যে পরিমাণে শস্য উৎপন্ন হইত, ঐ ব্যক্তি তাহা প্রদান করিতে বাধ্য এবং স্বামী তাহার নিকট হইতে ক্ষেত্র আচ্ছিন্ন করিয়া অন্য দ্বারা কর্ষণ করাইবে। যাজ্ঞ, ২ অ। ১৬১।

২৮। যে ব্যক্তি সীমাভেদ করে, অর্থাৎ সীমাচিহ্ন বিলুপ্ত করে, রাজা তাহাকে উত্তমসাহস দণ্ডে দণ্ডিত করিয়া পুনর্ব্বার তদ্দ্বারা সীমাকে চিহ্নযুক্ত করিয়া লইবেন। বিষ্ণু, ৫ অ। ১৬৭।

২৭। ফলাহৃতমপি ক্ষেত্রং যো ন কুর্য্যান্নকারয়েৎ।
তং প্রদাপ্যঃ কৃষ্টফলং ক্ষেত্রমন্যেন কারয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ১৬১।

২৮। সীমাভেত্তারমুত্তমসাহসং দণ্ডয়িত্বা পুনঃসীমাং লিঙ্গান্বিতাং কারয়েৎ॥
বিষ্ণু, ৫ অ। ১৬৭।

ষট্‌চত্বারিংশ স্তবক।

[বাক্‌পারুষ্য-বিষয়ক বিচারবিধি।]

১। ব্রাহ্মণকে গালাগালি দিলে ক্ষত্রিয়ের একশত পণ দণ্ড হইবে, বৈশ্যের দেড়শত বা দুইশত পণ দণ্ড হইবে; শূদ্রের তাড়নাদি শারীরিক দণ্ড হইবে। মনু ৮ অ। ২৬৭।

২। ক্ষত্রিয়কে গালি দিলে ব্রাহ্মণের পঞ্চাশ পণ দণ্ড হইবে; বৈশ্যকে গালি দিলে পঁচিশ পণ, আর শূদ্রকে গালি দিলে দ্বাদশ পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৬৮।

৩। দ্বিজাতিদিগের মধ্যে সমবর্ণে পরস্পর অপভাষণ হইলে, দ্বাদশপণ দণ্ড হইবে; আর যদি অকথ্য গালিগালাজ হয়, তবে পূর্ব্বোক্ত দণ্ডের দ্বিগুণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৬৯।

৪। একজাতি অর্থাৎ শূদ্র যদি দ্বিজাতিদিগের প্রতি কঠিন বাক্য

১। শতং ব্রাহ্মণমাক্রুশ্য ক্ষত্রিয়ো দণ্ডমর্হতি।
বৈশ্যোঽপ্যর্দ্ধশতং দ্বে বা শূদ্রস্তু বধমর্হতি॥ মনু, ৮ অ। ২৬৭।

২। পঞ্চাশদ্‌ব্রাহ্মণো দণ্ড্যঃ ক্ষত্রিয়স্যাভিশংসনে।
বৈশ্যে স্যাদর্দ্ধপঞ্চাশচ্ছূদ্রে দ্বাদশকো দমঃ॥ মনু, ৮ অ। ২৬৮।

৩। সমবর্ণে দ্বিজাতীনাং দ্বাদশৈব ব্যতিক্রমে।
বাদেষ্ববচনীয়েষু তদেব দ্বিগুণং ভবেৎ॥ মনু, ৮ অ। ২৬৯।

৪। (ক) একজাতি দ্বিজাতীংস্তু বাচা দারুণয়া ক্ষিপন্‌।
জিহ্বায়াঃ প্রাপ্নুয়াচ্ছেদং জঘন্যপ্রভবো হি সঃ॥ মনু, ৮ অ। ২৭০।

(খ) আক্রোশয়িতা চ বিজিহ্বঃ॥ বিষ্ণু, ৫ অ। ২৩।

প্রয়োগ করে, তবে ঐ শূদ্র জিহ্বাচ্ছেদরূপ দণ্ড প্রাপ্ত হইবে ; কারণ ইহার জন্ম জঘন্য স্থান হইতে হইয়াছে। মনু, ৮ অ। ২৭০। বিষ্ণু, ৫ অ। ২৩।

৫। নাম এবং জাতি তুলিয়া শূদ্র, দ্বিজাতির উপর আক্রোশ করে, তবে একগাছা জ্বলন্ত দশাঙ্গুল লৌহময় শঙ্কু (শল্য) উহার মুখে নিক্ষেপ করা কর্ত্তব্য। মনু, ৮ অ। ২৭১। বিষ্ণু, ৫ অ। ২৫।

৬। দর্পিত ভাবে শূদ্র যদি ব্রাহ্মণকে ধর্ম্মোপদেশ করে, তবে রাজা উহার মুখে ও কর্ণে তপ্ত তৈল নিক্ষেপ করাইবেন। মনু, ৮ অ। ২৭২। বিষ্ণু ৫ অ। ২৪।

৭। আর একজনের বিদ্যা, দেশ, জাতি ও সংস্কার কর্ম্মসম্বন্ধে যদি একজন দর্প করিয়া অন্যথা বলে, তবে সে দুইশত পণ দণ্ডনীয়। মনু, ৮ অ। ২৭৩। বিষ্ণু, ৫ অ। ২৬।

৮। সত্য সত্য সেইরূপ হইলেও যদি কেহ কাহাকেও কাণা, খঞ্জ বা কুব্জ প্রভৃতি শব্দে আহ্বান করে, তবে রাজা তাহাকে এক কার্ষা-

৫। (ক) নামজাতিগ্রহন্ত্বেষামভিদ্রোহেণ কুর্ব্বতঃ।
নিক্ষেপ্যোঽয়োময়ঃ শঙ্কুর্জ্বলন্নাস্যেদশাঙ্গুলঃ॥ মনু, ৮ অ। ২৭১।
(খ) দ্রোহেণ চ নামজাতিগ্রহণে দশাঙ্গুলোঽস্যাশঙ্কুর্নিখেয়ঃ॥ বিষ্ণু ৫ অ।২৫।

৬। (ক) ধর্ম্মোপদেশং দর্পেণ বিপ্রাণামস্য কুর্ব্বতঃ।
তপ্তমাসেচয়েৎ তৈলং বক্ত্রে শ্রোত্রে চ পার্থিবঃ॥ মনু, ৮ অ। ২৭২।
(খ) দর্পেণ ধর্ম্মোপদেশকারিণো রাজা তপ্তমাসেচয়েৎতৈলমাস্যে। বিষ্ণু,৫অ। ২৪।

৭। (ক) শ্রুতং দেশঞ্চ জাতিঞ্চ কর্ম্ম শরীরমেব চ।
বিতথেন ব্রুবন্ দর্পাদ্দাপ্যঃ স্যাদ্দ্বিশতং দমম্॥ মনু, ৮অ॥ ২৭৩॥
(খ) শ্রুতদেশজাতিকর্ম্মণামন্যথাবাদী কার্ষাপণশতদ্বয়ং দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫ অ।২৬।

৮। কাণং বাপ্যথবা খঞ্জমন্যং বাপি তথাবিধম্।
তথ্যেনাপি ব্রুবন্ দাপ্যো দণ্ডং কার্ষাপণাবরম্॥ মনু,। ৮ অ। ২৭৪।

পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৭৪। (বিষ্ণু, ৫ অধ্যায়ে ২৭ শ্লোকে দুই কার্ষাপণ ব্যবস্থা)।

৯। মাতা, পিতা, পত্নী, ভ্রাতা, পুত্র অথবা গুরু ইহাদিগকে যে গালি দেয় ও গুরুকে যে পথ ছাড়িয়া না দেয়, ইহাদের এক শত পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৭৫। বিষ্ণু, ৫ অ। ২৮।

১০। ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ইহাদের মধ্যে পরস্পর গালাগালি হইলে, রাজা ব্রাহ্মণের প্রথম-সাহস ও ক্ষত্রিয়ের মধ্যমসাহস দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৭৬।

১১। বৈশ্য ও শূদ্রের পরস্পর আক্রোশ হইলে, বৈশ্যের এইরূপ প্রথম সাহস ও শূদ্রের মধ্যমসাহস দণ্ড হইবে, জিহ্বাচ্ছেদ হইবে না। মনু, ৮ অ। ২৭৭।

১২। সত্য ভাবেই হউক বা অসত্য ভাবেই হউক, আর শ্লেষভাবেই হউক, সবর্ণ ও সমগুণের প্রতি ন্যূনাঙ্গ (অর্থাৎ হস্তাদি রহিত), ন্যূনেন্দ্রিয় (অর্থাৎ নেত্রাদি রহিত) এবং রোগী এই সকল বলিয়া গালি দিলে, সার্দ্ধ-ত্রয়োদশ পণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২০৭।

৯। (ক) মাতরং পিতরং জায়াং ভ্রাতারং তনয়ং গুরুন্।
অক্ষারয়ঞ্ছতং দাপ্যঃ পন্থানঞ্চাদদদ্‌গুরোঃ ॥ মনু, ৮ অ। ২৭৫।
(খ) গুরূণাক্ষিপন্ কার্যাপণশতম্ ॥ বিষ্ণু, ৫ অ। ২৮।

১০। ব্রাহ্মণক্ষত্রিয়াভ্যাস্তু দণ্ডঃ কার্য্যো বিজানতা।
ব্রাহ্মণে সাহসঃ পূর্ব্বঃ ক্ষত্রিয়ে ত্বেব মধ্যমঃ ॥ মনু, ৮ অ। ২৭৬।

১১। বিট্‌শূদ্রয়োরেবমেব স্বজাতিং প্রতি তত্ত্বতঃ।
ছেদবর্জ্জং প্রণয়নং দণ্ডস্যেতি বিনিশ্চয়ঃ ॥ মনু, ৮ অ। ২৭৭।

১২। সত্যাসত্যান্যথাস্তোত্রৈর্ন্যূনাঙ্গেন্দ্রিয় রোগিণাম্।
ক্ষেপং করোতি চেদ্দণ্ড্যঃ পণানর্দ্ধত্রয়োদশ ॥ যাজ্ঞ, ২ অ। ২০৭।

১৩। মাতৃ-উচ্চারণ বা ভগিনী উচ্চারণ পূর্ব্বক গালি দিলে, রাজা তাহার পঞ্চবিংশতি পণ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ২০৮। (বিষ্ণু, ৫ অধ্যায়ে ৩৪ শ্লোকে উত্তমসাহস দণ্ড ব্যবস্থা)।

১৪। স্বাপেক্ষা নিকৃষ্ট ব্যক্তির প্রতি পূর্ব্বোক্ত গালিগালাজ করিলে, উক্ত দণ্ডের অর্দ্ধ দণ্ড হইবে। পরস্ত্রী এবং স্বাপেক্ষা উৎকৃষ্ট ব্যক্তিকে ঐরূপ করিলে দ্বিগুণ দণ্ড হইবে। পরস্পর বিবাদে ব্রাহ্মণাদি বর্ণ এবং মূর্দ্ধাভিষিক্তাদি * জাতি ইহাদিগের উচ্চতা-নীচতা-অনুসারে দণ্ড কল্পনা করিয়া লইবেন, উচ্চবর্ণের প্রতি গালিগালাজ করিলে, দ্বিগুণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২০৯।

১৫। ব্রাহ্মণের প্রতি ক্ষত্রিয় গালিগালাজ করিলে, তাহার স্বাপেক্ষা উৎকৃষ্ট বলিয়া দ্বিগুণ এবং উচ্চবর্ণ বলিয়া তাহার দ্বিগুণ এই চতুর্গুণ দণ্ড অর্থাৎ পঞ্চবিংশতি পণ স্থলে শত পণ; বৈশ্য ঐরূপ করিলে, বৈশ্যের স্বাপেক্ষা উৎকৃষ্ট বলিয়া দ্বিগুণ এবং উচ্চবর্ণ বলিয়া তাহার ত্রিগুণ দণ্ড। নীচবর্ণের প্রতি গালিগালাজ করিলে, অর্দ্ধার্দ্ধ হানিক্রমে দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২১০।

১৩। অভিগন্তাস্মি ভগিনীং মাতরং বা তবেতি চ।
শপন্তং দাপয়েদ্রাজা পঞ্চবিংশতিকং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ২০৮

১৪। অর্দ্ধোঽধমেষু দ্বিগুণঃ পরস্ত্রীষূত্তমেষু চ।
দণ্ডপ্রণয়নং কার্য্যং বর্ণজাত্যুত্তরাধরৈঃ॥ যাজ্ঞ, ২ অ। ২০৯।

১৫। প্রাতিলোম্যাপবাদেষু দ্বিগুণাস্ত্রিগুণা দমাঃ।
বর্ণানামানুলোম্যেন তস্মাদর্দ্ধার্দ্ধহানিতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২১০।

* বিপ্র হইতে ক্ষত্রিয়-স্ত্রীতে উৎপন্ন পুত্রের নাম মূর্দ্ধাভিষিক্ত।

১৬। সমর্থ ব্যক্তি বাক্য দ্বারা সমর্থ ব্যক্তির বাহু, গ্রীবা, নেত্র কিংবা সক্‌থির (উরুর) বিনাশ করিলে (অর্থাৎ "তোর বাহু ছেদন করি" ইত্যাদি বলিলে) তাহার শতপণ দণ্ড; পাদ, নাসা, কর্ণ বা কর প্রভৃতির ঐরূপ বিনাশ করিলে, তদৰ্দ্ধ অর্থাৎ পঞ্চাশ পণ দণ্ড। কার্য্যে পরিণত করিতে অশক্ত ব্যক্তি, উক্তরূপ বলিলে, তাহার দশপণ দণ্ড এবং সমর্থ-ব্যক্তি অসমর্থ ব্যক্তিকে ঐরূপ বলিলে শতপণ অর্থ দণ্ড অর্পণ করিয়া, (যদুদ্দেশে ঐ বাক্য বলা হইয়াছে) তাহার মঙ্গলের জন্য একজনকে প্রতিভু (অর্থাৎ জামিন) দিবে। যাজ্ঞ, ২ অ। ২১১—২২২।

পুরাকালে যেরূপ জামিন লইবার বিধান ছিল, এখনও ফৌজদারী কার্য্যবিধিতে ঐরূপ সদাচারের জামিন লইবার বিধান আছে।

১৭। সুরাপায়ী ইত্যাদি পাতিত্যসূচক গালি দিলে মধ্যমসাহস, শূদ্র-যাজী ইত্যাদি উপপাতকসূচক গালি দিলে প্রথমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২১৩। বিষ্ণু, ৫ অ। ২৯—৩০।

১৬। বাহুগ্রীবানেত্রসক্‌থিবিনাশে বাচিকে দমঃ।
শক্তস্তদৰ্দ্ধিকঃ পাদনাসাকর্ণ করাদিষু॥
অশক্তস্তু বদন্নেবং দণ্ডনীয়ঃ পণান্ দশ।
তথাশক্তঃ প্রতিভুবং দাপ্যঃ ক্ষেমায় তস্য তু॥ যাজ্ঞ, ২ অ। ২১১—২১২।

১৭। (ক) পতনীয়ে কৃতে ক্ষেপে দণ্ডো মধ্যমসাহসঃ।
উপপাতকযুক্তে তু দাপ্যঃ প্রথমসাহসম্॥ যাজ্ঞ, ২ অ। ২১৩।
(খ) পরস্য পতনীয়াক্ষেপে কৃতে তূত্তমসাহসম্॥ উপপাতকযুক্তে মধ্যমম্॥
বিষ্ণু, ৫ অ। ২৯—৩০।

১৮। বেদত্রয়-বেত্তা, রাজা এবং দেবতাকে গালি দিলে উত্তমসাহস দণ্ড; জাতিসমূহের প্রতি গালি দিলে মধ্যমসাহস দণ্ড; গ্রাম ও দেশের উল্লেখপূর্ব্বক গালি দিলে প্রথমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২১৪। বিষ্ণু, ৫ অ। ৩১—৩২।

১৯। অশ্লীল বলিয়া গালি দিলে, বা নিন্দা করিলে শতকার্ষাপণ, হীনবর্ণকে গালি দিলে ছয়পণ দণ্ড। বিষ্ণু, ৫ অ। ৩৩—৩৬।

২০। যথাকালে (অর্থাৎ গালাগালি দিবার কারণ সত্ত্বে) উত্তম বর্ণ বা সবর্ণকে গালাগালি দিলে ছয় পণ দণ্ড অথবা তিন কার্ষাপণ দণ্ড (যে গালাগালি দিবে তাহার গুণ-অগুণ-ভেদে ঐ দ্বিবিধ দণ্ডের প্রয়োগ হইত)। শুষ্ক বাক্য বলিলে (অর্থাৎ শ্লেষ সহকারে গালাগালি দিলেও) ঐরূপ দণ্ড বিহিত ছিল। বিষ্ণু, ৫ অ। ৩৭—৩৯।

১৮। (ক) ত্রৈবিদ্যনৃপদেবানাং ক্ষেপ উত্তম সাহসঃ।
মধ্যমো জাতিপূগানাং প্রথমো গ্রামদেশয়োঃ॥ যাজ্ঞ, ২ অ। ২১৪।
(খ) ত্রৈবিদ্যবৃদ্ধানাং ক্ষেপে জাতিপূগানাঞ্চ॥ গ্রামদেশয়োঃ প্রথমসাহসম্॥
বিষ্ণু, ৫ অ। ৩১—৩২।

১৯। ন্যঙ্গতাযুক্তাক্ষেপে কার্ষাপণশতম্॥ বিষ্ণু, ৫ অ। ৩৩।
হীনবর্ণাক্রোশনে ষড়্দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫ অ। ৩৬।

২০। যথাকালমুত্তমসবর্ণাক্ষেপে তৎপ্রমাণোদণ্ডঃ॥ ত্রয়ো বা কার্ষাপণাঃ॥
শুষ্কবাক্যাভিধানে ত্বেবমেব॥ বিষ্ণু, ৫ অ। ৩৭—৩৯।

সপ্তচত্বারিংশ স্তবক।

[দণ্ডপারুষ্য-বিষয়ক বিচারবিধি।]

১। অন্ত্যজ অর্থাৎ শূদ্র যে কোন অঙ্গের দ্বারা শ্রেষ্ঠ জাতিকে মারিবে, রাজা তাহার সেই অঙ্গ ছেদন করিয়া দিবেন—ইহা মনুর অনুশাসন। মনু, ৮ অ। ২৭৯। যাজ্ঞ, ২ অ। ২১৮। বিষ্ণু, ৫ অ। ১৯।

২। শূদ্র যদি শ্রেষ্ঠ জাতিকে মারিবার জন্য হস্ত বা দণ্ড তোলে, তবে রাজা তাহার হস্তচ্ছেদ করিবেন; আর পাদদ্বারা প্রহার করিলে, পাদচ্ছেদ হইবে। মনু, ৮ অ। ২৮০।

৩। শূদ্র যদি দর্পবশতঃ ব্রাহ্মণের সহিত একাসনে উপবেশন করে, তবে রাজা উহার কটিদেশ লৌহময় তপ্তশলাকায় অঙ্কিত করিয়া উহাকে দেশ হইতে নির্ব্বাসিত করিবেন অথবা যেন না মরে, এইরূপে তাহার পাছা কাটিয়া দিবেন। মনু, ৮ অ। ২৮১। বিষ্ণু, ৫ অ। ২০।

১। (ক) যেন কেনচিদঙ্গেন হিংস্যাচ্চেচ্ছ্রেষ্ঠমন্ত্যজঃ।
ছেত্তব্যং তত্তদেবাস্য তন্মনোরনুশাসনম্॥ মনু, ৮ অ। ২৭৯।
(খ) "বিপ্রপীড়াকরং ছেদ্যমঙ্গমব্রাহ্মণস্য তু।" যাজ্ঞ, ২ অ। ২১৮।
(গ) হীনবর্ণোঽধিকবর্ণস্য যেনাঙ্গেনাপরাধং কুর্য্যাৎ তদেবাস্য পাতয়েৎ॥
বিষ্ণু, ৫ অ। ১৯।

২। পাণিমুদ্যম্য দণ্ডং বা পাণিচ্ছেদনমর্হতি।
পাদেন প্রহরন্ কোপাৎ পাদচ্ছেদনমর্হতি॥ মনু, ৮ অ। ২৮০।

৩। (ক) সহাসনমভিপ্রেপ্সুরুৎকৃষ্টস্যাপকৃষ্টজঃ।
কট্যাং কৃতাঙ্কো নির্ব্বাস্যঃ স্ফিচং বাস্যাবকর্ত্তয়েৎ॥ মনু, ৮ অ। ২৮১।
(খ) একাসনোপবেশী কট্যাং কৃতাঙ্কো নির্ব্বাস্যঃ॥ বিষ্ণু, ৫ অ। ২০।

৪। দর্প করিয়া যদি শূদ্র, ব্রাহ্মণের গাত্রে নিষ্ঠীবন (অর্থাৎ থুতু) নিক্ষেপ করে, তাহা হইলে রাজা তাহার ওষ্ঠাধর ছেদন করিবেন। প্রস্রাব করিয়া দিলে লিঙ্গচ্ছেদন করিবেন, এবং অধোবায়ু ত্যাগ করিয়া দিলে, গুহ্যদেশ ছেদন করিয়া দিবেন। মনু, ৮ অ। ২৮২। বিষ্ণু, ৫ অ। ২১-২২।

৫। শূদ্র অহঙ্কারপূর্ব্বক যদি হস্তদ্বারা ব্রাহ্মণের কেশ ধারণ করে বা হিংসা জন্য তাঁহার পাদদ্বয়, দাড়িকা, গলা কিংবা অণ্ডকোষ গ্রহণ করে, তবে রাজা বিচার না করিয়া উহার হস্তদ্বয় ছেদন করিবেন। মনু, ৮ অ। ২৮৩।

৬। সমান জাতিমধ্যে যদি কেহ কাহারও চর্ম্ম ভেদ করে, অথবা রক্ত দর্শন করে, তবে তাহার একশত পণ দণ্ড হইবে, মাংসভেদকারীর ছয় নিষ্ক দণ্ড হইবে। আর অস্থিভেদে দেশনির্ব্বাসন দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৮৪।

৭। বৃক্ষাদির হানি করিলে, পত্র-পুষ্প ফলাদি ও উত্তমাধম বিবেচনায় রাজা ক্ষতিকারীর দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৮৫।

৪। (ক) অবনিষ্ঠীবতো দর্পাদ্দ্বাবোষ্ঠৌ চ্ছেদয়েন্নৃপঃ।
অবমূত্রয়তো মেঢ্রমবশর্দ্ধয়তো গুদম্॥ মনু, ৮ অ। ২৮২।
(খ) নিষ্ঠীব্যোষ্ঠদ্বয় বিহীনঃ কার্য্যঃ॥ অবশর্দ্ধয়িতা চ গুদম্॥
বিষ্ণু, ৫ অ। ২১—২২।

৫। কেশেষু গৃহ্ণতো হস্তৌ চ্ছেদয়েদবিচারয়ন্।
পাদয়োর্দাঢ়িকায়াঞ্চ গ্রীবায়াং বৃষণেষু চ॥ মনু, ৮ অ। ২৮৩।

৬। ত্বগ্‌ভেদকঃ শতং দণ্ড্যো লোহিতস্য চ দর্শকঃ।
মাংসভেত্তা তু ষন্নিষ্কান্ প্রবাস্যস্ত্বস্থিভেদকঃ। মনু, ৮ অ। ২৮৪।

৭। বনস্পতীনাং সর্ব্বেষামুপভোগো যথা যথা।
তথা তথা দমঃ কার্য্যো হিংসায়ামিতি ধারণা॥ মনু, ৮ অ। ২৮৫।

৮। মনুষ্য কিংবা পশুদিগকে প্রহারদ্বারা পীড়া দিলে, ক্লেশানুসারে রাজা প্রহারকারীকে দণ্ড দিবেন। মনু, ৮ অ। ২৮৬।

৯। অঙ্গভেদ, ক্ষত বা রক্তপাত করিলে প্রহারকারীকে আঘাত-প্রাপ্ত ব্যক্তির সুস্থ হইবার জন্য ঔষধ-পথ্যাদির ব্যয় দিতে হইবে; না দিলে রাজা ঐ ব্যয় এবং ঐ ব্যয়ের পরিমাণ উহাকে দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৮৭।

১০। জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ যে যাহার দ্রব্য নষ্ট করিবে, সে দ্রব্যান্তর দিয়া স্বামীর সন্তোষ করিবে এবং রাজাকেও তৎসম দণ্ড দিবে। মনু, ৮ অ। ২৮৮।

১১। চর্ম্ম ও চর্ম্মের পাত্র, কাষ্ঠময় ও মৃন্ময় ভাণ্ড এবং পুষ্প, মূল, ফল যদি কেহ ঈর্ষাপূর্ব্বক নষ্ট করে, তবে তাহাকে ঐ দ্রব্যের যে মূল্য হইবে, তাহার পঞ্চগুণ দণ্ড রাজাকে দিতে হইবে এবং দ্রব্যস্বামীর সন্তোষ জন্মাইতে হইবে। মনু, ৮ অ। ২৮৯।

১২। নিম্নলিখিত কারণবশতঃ যদি কোন যান দ্বারা কোন জীব-

৮। মনুষ্যাণাং পশূনাঞ্চ দুঃখায় প্রহৃতে সতি।
যথা যথা মহদ্দুঃখং দণ্ডং কুর্য্যাৎ তথা তথা॥ মনু, ৮ অ। ২৮৬।

৯। অঙ্গাবপীড়নায়াঞ্চ ব্রণশোণিতয়োস্তথা।
সমুত্থানব্যয়ং দাপ্যঃ সর্ব্বদণ্ডমথাপি বা॥ মনু, ৮ অ। ২৮৭।

১০। দ্রব্যাণি হিংস্যাদ্‌যো যস্য জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা।
স তস্যোৎপাদয়েত্তুষ্টিং রাজ্ঞো দদ্যাচ্চ তৎসমম্॥ মনু, ৮ অ। ২৮৮।

১১। চর্ম্মচার্ম্মিকভাণ্ডেষু কাষ্ঠলোষ্ট্রময়েষু চ।
মূল্যাৎ পঞ্চগুণো দণ্ডঃ পুষ্পমূলফলেষু চ॥ মনু, ৮ অ। ২৮৯।

১২। (ক) ছিন্ননাস্যে ভগ্নযুগে তির্য্যক্‌প্রতিমুখাগতে।
অক্ষভঙ্গে চ যানস্য চক্রভঙ্গে তথৈব চ॥
ছেদনে চৈব যন্ত্রাণাং যোক্ত্ররশ্ম্যোস্তথৈব চ।
আক্রন্দে চাপ্যপেহীতি ন দণ্ডং মনুরব্রবীৎ॥ মনু, ৮ অ। ২৯১—২৯২।

হত্যাদি দোষ ঘটে, তবে তাহাতে যান-সারথি এবং যানস্বামী দণ্ডনীয় হন না, যথা ;—

(ক) বলীবর্দ্দাদির নাসালগ্ন রজ্জু ছিঁড়িয়া গেলে।

(খ) রথাদির যুগকাষ্ঠ ভাঙ্গিয়া গেলে।

(গ) ভূমির উচ্চ-নীচতায় চক্রের মধ্যস্থ কাষ্ঠ বা চক্র ভগ্ন হইলে।

(ঘ) যানের চর্ম্মবন্ধন, পশুদিগের মুখবন্ধনরজ্জু ও বল্‌গা (লাগাম) ছিন্ন হইলে।

(ঙ) উচ্চৈঃস্বরে বারংবার সাবধান করিয়া দিলেও। মনু, ৮ অ। ২৯১—২৯২। যাজ্ঞ, ২ অ। ৩০১—৩০২।

১৩। যে স্থলে সারথির দোষে রথ অপবর্ত্তিত হইয়া প্রাণিহিংসা জন্মায়, সেস্থলে অশিক্ষিত-সারথি-নিয়োগ জন্য, রাজা যানস্বামীকে দুই শত পণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ২৯৩।

১৪। সারথি যদি নিপুণ হয়, কিন্তু অসাবধান থাকে, তবে সারথিরই দণ্ড হইবে ; আর সারথি যদি একেবারে অনিপুণ হয়, তবে যানমধ্যস্থ

(খ) চতুষ্পাদ কৃতো দোষো নাপেহীতি প্রজল্পতঃ।
কাষ্ঠলোষ্ট্রেষু পাষাণ বাহুযুগ্যকৃতস্তথা॥
ছিন্ননস্যেন যানেন তথা ভগ্নযুগাদিনা।
পশ্চাচ্চৈবাপসরতা হিংসনে স্বাম্যদোষভাক্॥ যাজ্ঞ, ২ অ। ৩০১—৩০২।

১৩। যত্রাপবর্ত্ততে যুগ্যং বৈগুণ্যাৎ প্রাজকস্য তু।
তত্র স্বামী ভবেদ্দণ্ড্যো হিংসায়াং দ্বিশতং দমম্॥ মনু, ৮ অ। ২৯৩।

১৪। প্রাজকশ্চেদ্ভবেদাপ্তঃ প্রাজকো দণ্ডমর্হতি।
যুগ্যস্থাঃ প্রাজকেঽনাপ্তে সর্ব্বে দণ্ড্যাঃ শতং শতম্॥
স চেত্তু পথি সংরুদ্ধঃ পশুভির্বা রথেন বা।
প্রমাপয়েৎ প্রাণভৃতস্তত্র দণ্ডোঽবিচারিতঃ॥ মনু, ৮ অ। ২৯৪—২৯৫।

প্রত্যেক ব্যক্তির একশত পণ করিয়া দণ্ড হইবে। কিন্তু যদি সে পথিমধ্যে পশু দ্বারা বা অন্য যান দ্বারা সংরুদ্ধ হইয়াও রথ চালায় এবং তাহাতে প্রাণিহত্যা ঘটে, তাহা হইলে রাজা কিছু বিচার না করিয়া উহাকেই দণ্ড দিবেন। মনু, ৮ অ। ২৯৪—২৯৫। (উহার দণ্ডবিধি নিম্নে লিখিত হইল।)

১৫। মনুষ্য-মারণে তৎক্ষণাৎ তাহাকে চোরসম দণ্ড করিবেন এবং গো, গজ, উষ্ট্র ও অশ্বাদি বড় বড় পশু নষ্ট হইলে, উহার অর্দ্ধেক দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৯৬।

১৬। শাবকপশু বিনষ্ট হইলে, দুইশত পণ দণ্ড হইবে এবং রুরু (মহাকৃষ্ণসার) পৃষত (মৃগবিশেষ), শুকসারিকাদি, ভাল ভাল পশুপক্ষীর বিনাশে পঞ্চাশ পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৯৭।

১৭। গর্দ্দভ, ছাগ, মেষ প্রভৃতি মারিলে, পাঁচ মাষা রূপা দণ্ড হইবে এবং শূকর ও কুক্কুর বিনষ্ট হইলে, এক মাষা রূপা দণ্ড হইবে। মনু, ৮ অ। ২৯৮।

পুরাকালেও বেত্রাঘাত দণ্ড প্রচলিত ছিল ;—

১৮। স্ত্রী, পুত্র, দাস, শিষ্য এবং সহোদর কনিষ্ঠ ভ্রাতা অপরাধ

১৫। মনুষ্যমারণে ক্ষিপ্রং চৌরবৎ কিল্বিষং ভবেৎ।
প্রাণভৃৎসু মহৎস্বর্দ্ধং গোগজোষ্ট্রহয়াদিষু॥ মনু, ৮ অ। ২৯৬।

১৬। ক্ষুদ্রকাণাং পশূনাঞ্চ হিংসায়াং দ্বিশতো দমঃ।
পঞ্চাশত্তু ভবেদ্দণ্ডঃ শুভেষু মৃগপক্ষিষু॥ মনু, ৮ অ। ২৯৭।

১৭। গর্দ্দভাজাবিকানাস্তু দণ্ডঃ স্যাৎ পঞ্চমাষিকঃ।
মাষকস্তু ভবেদ্দণ্ডঃ শ্বশূকর নিপাতনে॥ মনু, ৮ অ। ২৯৮।

১৮। ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ শিষ্যো ভ্রাতা চ সোদরঃ।
প্রাপ্তাপরাধাস্তাড্যাঃ স্যুরজ্জ্বা বেণুদলেন বা॥ মনু, ৮ অ। ২৯৯।

করিলে সূক্ষ্ম-রজ্জু দ্বারা অথবা বেণুদল দ্বারা শাসনার্থ তাহাদিগকে তাড়না করিবে। মনু, ৮ অ। ২৯৯।

এখন যেমন পাছার কাপড় খুলিয়া পাছায় বেত মারে পুরাকালে তাহা ছিল না ;—

১৯। রজ্জ্বাদি দ্বারা শরীরের পৃষ্ঠদেশে আঘাত করিবে ; কদাপি উত্তমাঙ্গে (মস্তকে) আঘাত করিবে না। অন্যত্র প্রহার করিলে প্রহর্ত্তা চোরের ন্যায় অপরাধী হইবে। মনু, ৮ অ। ৩০০।

২০। আঘাতচিহ্ন ও প্রয়োজনাদি পর্য্যালোচনা এবং জনপ্রবাদের উপর নির্ভর করিয়া সাবধান ভাবে সাক্ষিরহিত মারপিটের মোকদ্দমার বিচার করিতে হইবে। কৃত্রিম-চিহ্ন করিয়া মারপিটের মিথ্যা মোকদ্দমাও সাজাইতে পারে, বিচারক এই আশঙ্কা রাখিবেন। যাজ্ঞ, ২ অ। ২১৫।

২১। গাত্রে ভস্ম, পঙ্ক কিংবা ধুলি প্রদান করিলে দশপণ দণ্ড। অপবিত্র বস্তু, পাদস্পর্শ, বা নিষ্ঠীবনজল স্পর্শ করাইলে পূর্ব্বোক্ত দণ্ড অপেক্ষা দ্বিগুণ দণ্ড (অর্থাৎ বিংশতি পণ দণ্ড) স্মৃত হইয়াছে। সম ব্যক্তির প্রতি এই নিয়ম ; কিন্তু উৎকৃষ্ট ব্যক্তি এবং পরস্ত্রীর প্রতি ঐরূপ করিলে দ্বিগুণ দণ্ড, হীন ব্যক্তির প্রতি ঐরূপ করিলে অর্দ্ধ দণ্ড হইবে।

১৯। পৃষ্ঠতস্তু শরীরস্য নোত্তমাঙ্গে কথঞ্চন।
অতোঽন্যথা তু প্রহরন্ প্রাপ্তঃ স্যাচ্চৌরকিল্বিষম্॥ মনু, ৮ অ। ৩০০।

২০। অসাক্ষিকহতে চিহ্নৈর্যুক্তিভিশ্চাগমেন চ।
দ্রষ্টব্যো ব্যবহারস্তু কূটচিহ্নকৃতো ভয়াৎ॥ যাজ্ঞ, ২ অ। ২১৫।

২১। ভস্মপঙ্করজঃস্পর্শে দণ্ডো দশপণঃ স্মৃতঃ।
অমেধ্যপার্ষ্ণিনিষ্ঠ্যূতস্পর্শনে দ্বিগুণস্ততঃ॥
সমেষ্বেবং পরস্ত্রীষু দ্বিগুণস্তূত্তমেষু চ।
হীনেষ্বর্দ্ধদমো মোহমদাদিভিরদণ্ডনম্॥ যাজ্ঞ, ২ অ। ২১৬—২১৭

চিত্ত-বৈকল্য বা মত্ততাদি বশতঃ উহা করিলে দণ্ড হইবে না। যাজ্ঞ, ২ অ। ২১৬—২১৭।

২২। হীনবর্ণ যে অঙ্গদ্বারা উচ্চবর্ণের পীড়া দিবে, সেই অঙ্গচ্ছেদনই তাহার দণ্ড। আঘাত করিবার নিমিত্ত শস্ত্রাদি উদ্যত করিলে প্রথম-সাহস দণ্ড (শূদ্রের হস্তচ্ছেদন); আর উদ্যত করিবার নিমিত্ত শস্ত্রাদি স্পর্শ করিলে, প্রথমসাহসের অর্দ্ধ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২১৮।

২৩। সজাতিকে প্রহার করিলে দশপণ বা তদুদ্দেশে পাদ উত্তোলিত করিলে বিংশতি পণ দণ্ড হইবে। পরস্পর হননার্থে শস্ত্র উদ্যত করিলে, সকলেরই মধ্যমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২১৯।

২৪। পাদ, কেশ, বস্ত্র কিংবা হস্ত গ্রহণ করিয়া আকর্ষণ করিলে, দশপণ দণ্ড; আর বস্ত্র দ্বারা বন্ধন, গাঢ়মর্দ্দন এবং আকর্ষণপূর্ব্বক পাদ প্রহার করিলে,শতপণ দণ্ড হইবে। যাজ্ঞ,২ অ। ২২0। বিষ্ণু, ৫ অ। ৬৫।

২৫। কাষ্ঠাদি প্রহারে আহত ব্যক্তির রক্তপাত না হইলে, ঐ প্রহর্ত্তা ব্যক্তির দ্বাত্রিংশৎ পণ আর রক্তপাত হইলে তাহার দ্বিগুণ অর্থ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২২১। বিষ্ণু, ৫ অ। ৬৬—৬৭।

২২। বিপ্রপীড়াকরং ছেদ্যমঙ্গমব্রাহ্মণস্য তু।
উদ্‌গূর্ণে প্রথমো দণ্ডঃ সংস্পর্শে তু তদর্দ্ধিকঃ॥ যাজ্ঞ, ২ অ। ২১৮।

২৩। উদ্‌গূর্ণে হস্তপাদে চ দশবিংশতিকৌ দমৌ।
পরস্পরন্তু সর্ব্বেষাং শস্ত্রে মধ্যম সাহসম্॥ যাজ্ঞ, ২ অ। ২১৯।

২৪। (ক) পাদকেশাংশুককরোল্লুঞ্চনেষু পণান্ দশ।
পীড়াকর্ষাংশুকাবেষ্টপাদাধ্যাসে শতং দমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২০।
(খ) পাদকেশাংশুককরলুণ্ঠনে দশ পণান্ দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫ অ। ৬৫।

২৫। (ক) শোণিতেন বিনা দুঃখং কুর্ব্বন্ কাষ্ঠাদিভির্নরঃ।
দ্বাত্রিংশতং পণান্ দাপ্যো দ্বিগুণং দর্শনেঽসৃজঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২১।
(খ) শোণিতেন বিনা দুঃখমুৎপাদয়িতা দ্বাত্রিংশৎপণান্॥
সহ শোণিতেন চতুঃষষ্টিম্॥ বিষ্ণু, ৫ অ। ৬৬—৬৭।

২৬। হস্ত, পাদ কিংবা দন্ত ভাঙ্গিয়া দিলে, কর্ণ কি নাসা ছেদন করিলে, পূর্ব্ব ব্রণ অধিক বাড়াইয়া দিলে, আর যাহাতে মানুষ মৃতকল্প হয়, সেইরূপ তাড়না করিলে, মধ্যমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২২২। বিষ্ণু, ৫ অ। ৬৮।

২৭। গমন, ভোজন ও কথাকহা বন্ধ করিলে, চক্ষু, জিহ্বা ফুঁড়িয়া দিলে, এবং গ্রীবা, বাহু কিংবা উরু ভাঙ্গিয়া দিলে, মধ্যমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২২৩। বিষ্ণু, ৫ অ। ৬৯—৭০।

২৮। যে অপরাধে এক জনের যে দণ্ড হইয়াছে, বহুলোকে মিলিয়া একজনকে প্রহার করিলে, সেই অপরাধে তদপেক্ষা দ্বিগুণ দণ্ড ভোগ করিতে হইবে। কলহকালে যাহার যাহা অপহরণ করিবে, তাহাকে তাহা প্রত্যর্পণ করিতে হইবে এবং তজ্জন্য অপহর্ত্তা, অপহৃত বস্তুর মূল্যা-পেক্ষা দ্বিগুণ অর্থদণ্ড বহন করিতে বাধ্য। যাজ্ঞ, ২ অ। ২২৪। বিষ্ণু, ৫ অ। ৭৩।

২৬। (ক) করপাদদতো ভঙ্গে ছেদনে কর্ণনাসয়োঃ।
মধ্যো দণ্ডো ব্রণোদ্ভেদে মৃতকল্পহতে তথা॥ যাজ্ঞ, ২ অ। ২২২।
(খ) করপাদদন্তভঙ্গে কর্ণনাসাবিকর্ত্তনে মধ্যমম্॥ বিষ্ণু, ৫ অ। ৬৮।

২৭। (ক) চেষ্টাভোজন বাগ্রোধে নেত্রাদি প্রতিভেদনে।
কন্ধরা বাহুসক্থাঞ্চ ভঙ্গে মধ্যম সাহসঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২৩।
(খ) চেষ্টাভোজন বাগ্রোধে প্রহারদানে চ॥
নেত্রকন্ধরাবাহুসক্থাংসভঙ্গে চোত্তমম্॥ বিষ্ণু, ৫ অ। ৬৯—৭০।

২৮। (ক) একং ঘ্নতাং বহূনাঞ্চ যথোক্তাদ্দ্বিগুণো দমঃ।
কলহাপহৃতং দেয়ং দণ্ডশ্চ দ্বিগুণঃ স্মৃতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২৪।
(খ) একং বহূনাং নিঘ্নতাং প্রত্যেকমুক্তাদ্দণ্ডাদ্দ্বিগুণঃ॥ বিষ্ণু, ৫ অ। ৭৩।

২৯। যে ব্যক্তি মনুষ্যের দুঃখ উৎপাদন করিবে, সে তাহার ব্রণা-রোগ্যাদির ব্যয় দিবে এবং যাদৃশ কলহে যে দণ্ড উদাহৃত, তাহা দিবে। যাজ্ঞ, ২ অ। ২২৫। বিষ্ণু, ৫ অ। ৭৫।

৩০। পরের ভিত্তি মুদগরাদি দ্বারা অভিহত করিলে পাঁচপণ; বিদারিত করিলে দশপণ; দ্বিধাকৃত করিলে বিংশতি পণ এবং ভূমিশায়িত করিলে পঞ্চত্রিংশৎ পণ দণ্ড হইবে (এবং গৃহস্বামীকে পুনঃসংস্কারোপযুক্ত ধন দিবে)। যাজ্ঞ, ২ অ। ২২৬। বিষ্ণু, ৫ অ। ১০৭—১০৮।

৩১। যে ব্যক্তি পরকীয় গৃহে দুঃখজনক কণ্টকাদি দ্রব্য নিক্ষেপ করে, তাহার ষোড়শ পণ; এবং যে পরকীয় গৃহে বিষ-সর্পাদি প্রাণহর দ্রব্য নিক্ষেপ করে, তাহার মধ্যমসাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২২৭। (বিষ্ণু ৫ম অধ্যায় ১০৯ শ্লোকে শতপণ ব্যবস্থা।)

৩২। ছাগাদি ক্ষুদ্র পশুর তাড়না করিলে দুইপণ; রক্তপাত করিলে

২৯। (ক) দুঃখমুৎপাদয়েদ্‌যস্তু স সমুত্থানজং ব্যয়ম্।
দাপ্যো দণ্ডশ্চ যো যস্মিন্ কলহে সমুদাহৃতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২৫।
(খ) সর্ব্বে চ পুরুষপীড়াকরাস্তদুত্থানব্যয়ং দদ্যুঃ॥ বিষ্ণু, ৫ অ। ৭৫।

৩০। (ক) অভিঘাতে তথাচ্ছেদে ভেদে কুড্যাবপাতনে।
পণান্ দাপ্যঃ পঞ্চদশ বিংশতিস্তদ্দ্বয়ং তথা॥ যাজ্ঞ, ২ অ। ২২৬।
(খ) গৃহভূকুড্যাদ্যুপভেত্তা মধ্যমসাহসং দণ্ড্যঃ॥ তচ্চ যোজয়েৎ॥
বিষ্ণু, ৫ অ। ১০৭—১০৮।

৩১। (ক) দুঃখোৎপাদি গৃহে দ্রব্যং ক্ষিপন্ প্রাণহরং তথা।
ষোড়শাদ্যঃ পণান্ দাপ্যো দ্বিতীয়ো মধ্যমং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ২২৭।
(খ) গৃহেপীড়াকরং দ্রব্যং প্রক্ষিপন্ পণশতম্॥ বিষ্ণু, ৫ অ। ১০৯।

৩২। দুঃখে চ শোণিতোৎপাদে শাখাঙ্গচ্ছেদনে তথা।
দণ্ডঃ ক্ষুদ্রপশূনাঞ্চ দ্বিপণ প্রভৃতি ক্রমাৎ॥ যাজ্ঞ, ২ অ। ২২৮।

চারিপণ; শৃঙ্গাদিচ্ছেদন করিলে ছয়পণ; করচরণাদি অঙ্গচ্ছেদ করিলে অষ্টপণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২২৮।

৩৩। উহাদিগের লিঙ্গচ্ছেদন কিংবা হত্যা করিলে, মধ্যমসাহস দণ্ড হইবে এবং স্বামীকে পশু মূল্য দিতে হইবে। গবাদি মহাপশুর ঐ সকল করিলে যথাযথ উক্ত দণ্ডের দ্বিগুণ দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২২৯।

৩৪। প্ররোহশাখী অর্থাৎ বটাদি বৃক্ষ এবং আম্রপনসাদি উপজীব্য বৃক্ষের শাখাচ্ছেদন করিলে বিংশতি পণ; স্কন্ধচ্ছেদন করিলে চত্বারিংশৎ পণ; এবং সমূলচ্ছেদন করিলে অশীতি পণ দণ্ড দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩০।

৩৫। চৈত্যসমীপে, শ্মশান, সীমা, পুণ্যস্থান ও সুরালয় সন্নিধানে সম্ভূত বৃক্ষ এবং পিপ্পল-পলাশাদি বিখ্যাত বৃক্ষের শাখাদি ছেদন করিলে, যথোক্ত দণ্ডের দ্বিগুণ দণ্ড দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩১।

৩৬। পূর্ব্বোক্ত স্থানোৎপন্ন মালতী প্রভৃতি গুল্ম, কুরণ্টকাদি গুচ্ছ, করবীরাদি ক্ষুপ (ক্ষুদ্র শাখাবৃত ক্ষুদ্রবৃক্ষ), মাধবী প্রভৃতি লতা, সারিবা (অনন্তমূল) আদি প্রতান (লতার তন্তু), শালি (ধান্য) প্রভৃতি ওষধি এবং গুড়চী প্রভৃতি বীরুধ (লতা), ছেদনে উক্ত দণ্ডের অর্দ্ধ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩২।

৩৩। লিঙ্গস্যচ্ছেদনে মৃত্যৌ মধ্যমো মূল্যমেব চ।
মহাপশূনামেতেষু স্থানেষু দ্বিগুণো দমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২২৯।

৩৪। প্ররোহিশাখিনাং শাখাস্কন্ধসর্ব্ববিদারণে।
উপজীব্য দ্রুমাণাঞ্চ বিংশতির্দ্বিগুণো দমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৩০।

৩৫। চৈত্যশ্মশানসীমাসু পুণ্যস্থানে সুরালয়ে।
জাতদ্রুমাণাং দ্বিগুণো দমো বৃক্ষেঽথ বিশ্রুতে॥ যাজ্ঞ, ২ অ। ২৩১।

৩৬। গুল্মগুচ্ছক্ষুপলতা প্রতানৌষধিবীরুধাম্।
পূর্ব্বস্মৃতাদর্দ্ধদণ্ডঃ স্থানেযুক্তেষু কর্ত্তনে॥ যাজ্ঞ, ২ অ। ২৩২।

৩৭। ফলোপপম (অর্থাৎ আম্রপনসাদি) বৃক্ষচ্ছেদন করিলে, উত্তম-সাহস দণ্ড। পুষ্পোপপম (অর্থাৎ চম্পকাদি) বৃক্ষচ্ছেদন করিলে, মধ্যম-সাহস দণ্ড। বল্লী (গুড়ূচী প্রভৃতি বীরুধ), মালতী প্রভৃতি গুল্ম, মাধবী প্রভৃতি লতা ছেদনে শত কার্ষাপণ দণ্ড, তৃণচ্ছেদ করিলে এক কার্ষাপণ দণ্ড। (অর্থাৎ আম্রপনসাদি বৃক্ষচ্ছেদী হইতে তৃণচ্ছেদী পর্য্যন্ত) সকলেই তত্তদ্বস্তুর অধিকারীকে তাহার উৎপত্তি (অর্থাৎ উপস্বত্ব কিংবা আর একটা প্রস্তুত করিতে যে ব্যয় হয় তাহা) প্রদান করিবে। বিষ্ণু, ৫ অ। ৫৫-৫৬—৫৮-৫৯।

৩৮। প্রহারার্থ হস্ত উদ্যত করিলে দশকার্ষাপণ, চরণ উদ্যত করিলে বিংশতি কার্ষাপণ, দণ্ডকাষ্ঠ উদ্যত করিলে প্রথমসাহস, প্রস্তর উদ্যত করিলে মধ্যমসাহস এবং শস্ত্র উদ্যত করিলে উত্তমসাহস দণ্ড। বিষ্ণু, ৫ অ। ৬০—৬৪।

৩৯। স্বামী সমর্থ হইয়াও যদি অনুপযুক্ত চালক-পরিচালিত গজ-বৃষাদির উপদ্রব হইতে মুক্ত না করে, তাহা হইলে (অনুপযুক্ত চালক নিয়োজনাপরাধে) প্রথমসাহস দণ্ডভাগী হইবে। আর রক্ষার্থ আহূত হইয়াও রক্ষা না করিলে, তাহার দ্বিগুণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ৩০৩।

৩৭। ফলোপগমদ্রুমচ্ছেদী তূত্তমসাহসম্।
পুষ্পোপগমদ্রুমচ্ছেদী মধ্যমম্॥ বল্লীগুল্মলতাচ্ছেদী কার্ষাপণশতম্॥
বিষ্ণু ৫ অ। ৫৫—৫৬।
তৃণচ্ছেদ্যেকম্॥ সর্ব্বে চ তৎস্বামিনাং তদুৎপত্তিম্॥ বিষ্ণু, ৫ অ। ৫৮—৫৯।

৩৮। হস্তেনাবগোরয়িতা দশ কার্ষাপণান্॥ পাদেন বিংশতিম্॥
কাষ্ঠেন প্রথম সাহসম্॥ পাষাণেন মধ্যমম্॥ শস্ত্রেণোত্তমম্॥
বিষ্ণু, ৫ অ। ৬০—৬৪।

৩৯। শক্তো হ্যমোক্ষয়ন্ স্বামী দংষ্ট্রিণাং শৃঙ্গিণাং তথা।
প্রথমং সাহসং দদ্যাদ্বিক্রুষ্টে দ্বিগুণং ততঃ॥ যাজ্ঞ, ২ অ। ৩০৩।

৪০। সংক্রম অর্থাৎ সোপান, ধ্বজ (পতাকা) যষ্টি (ধ্বজদণ্ড) এবং প্রতিমা ভেদককে রাজা পাঁচশত পণ দণ্ড করিবেন এবং ঐ সকল বস্তু নূতন করাইয়া লইবেন। মনু, ৯ অ। ২৮৫।

অষ্টচত্বারিংশ স্তবক।

[স্তেয়-বিষয়ক বিচারবিধি।]

১। রাজা চোরের নিগ্রহবিষয়ে বিশেষ যত্ন করিবেন, চোরের নিগ্রহে রাজার যশঃ ও রাজ্য বৃদ্ধি হয়। মনু, ৮ অ। ৩০২।

২। চোরের নিগ্রহ করিয়া যিনি প্রজাগণকে অভয় দান করেন, তিনি সকলের পূজনীয়, নিত্যই তাঁহার অভয়-দক্ষিণারূপ যাগ বৃদ্ধি প্রাপ্ত হয়। মনু, ৮ অ। ৩০৩।

৩। সুবর্ণচোর মুক্তকেশে ধাবমান হইয়া "আমি অমুক কর্ম্ম করি-

৪০। সংক্রমধ্বজযষ্টীনাং প্রতিমানাঞ্চভেদকঃ।
প্রতিকুর্য্যাচ্চ তৎসর্ব্বং পঞ্চ দদ্যাচ্ছতানি চ॥ মনু, ৯ অ। ২৮৫।

১। পরমং যত্নমাতিষ্ঠেৎ স্তেনানাং নিগ্রহে নৃপঃ।
স্তেনানাং নিগ্রহাদস্য যশো রাষ্ট্রঞ্চ বর্দ্ধতে॥ মনু, ৮ অ। ৩০২।

২। অভয়স্য হি যো দাতা সম্পূজ্যঃ সততং নৃপঃ।
সত্রং হি বর্দ্ধতে তস্য সদৈবাভয়দক্ষিণম্॥ মনু, ৮ অ। ৩০৩।

৩। রাজা স্তেনেন গন্তব্যো মুক্তকেশেন ধাবতা।
আচক্ষাণেন তৎ স্তেয়মেবং কর্ম্মাস্মি শাধি মাম্॥
স্কন্ধেনাদায় মুষলং লগুড়ং বাপি খাদিরম্।
শক্তিঞ্চোভয়তস্তীক্ষ্ণামায়সং দণ্ডমেব বা॥
শাসনাদ্বা বিমোক্ষাদ্বা স্তেনঃ স্তেয়াদ্বিমুচ্যতে।
অশাসিত্বা তু তং রাজা স্তেনস্যাপ্নোতি কিল্বিষম্॥ মনু, ৮ অ। ৩১৪—৩১৬।

য়াছি, আমাকে ইহা দ্বারা শাসন করুন” এই বলিয়া আপনার চৌর্য্য কর্ম্ম খ্যাপন করিতে করিতে, সে মূষল, খরিদ কাষ্ঠের লগুড়, দুই দিকে তীক্ষ্ণ শক্তি অথবা লৌহময় দণ্ড আপনি স্কন্ধে করিয়া রাজার নিকট যাইবে। রাজা তাহাকে তদ্দ্বারা আঘাত করিবেন, আঘাতে মৃত্যুই হউক, আর মৃতকল্প হইয়া জীবিতই থাকুক, ইহাতে চোর চৌর্য্যপাপ হইতে নিষ্কৃতি লাভ করিবে, কিন্তু রাজা চোরকে শাসন না করিলে, স্বয়ং চৌর্য্যপাপে পতিত হইবেন। মনু, ৮ অ। ৩১৪—৩১৬।

৪। যে ব্রহ্মহত্যা বা ভ্রূণহত্যাকারীর অন্ন ভক্ষণ করে, উহাতে ঐ পাপ সংক্রামিত হয়, ব্যভিচারিণী স্ত্রীর পাপ স্বামীতে সংক্রমণ করে; গুরুতে শিষ্যের ও যাজ্যের পাপ সংক্রামিত হয় এবং চৌর্য্যের পাপ রাজাতে পতিত হয়। মনু ৮ অ। ৩১৭।

৫। যে ব্যক্তি কূপের নিকটস্থ রজ্জু বা জলপাত্র অপহরণ করে অথবা পানাধার ভঙ্গ করে, তাহার একমাষা সুবর্ণ দণ্ড হইবে ও তাহাকে সেই পাত্র বা রজ্জু ফিরাইয়া দিতে হইবে। মনু, ৮ অ। ৩১৯।

৬। যে দশ-কুম্ভেরও অধিক ধান্য চুরি করিবে, তাহার শারীরিক দণ্ড হইবে; ইহার কম ধান্য চুরি করিলে, একাদশ গুণ দণ্ড হইবে এবং ধান্য ফিরাইয়া দিতে হইবে। মনু, ৮ অ। ৩২০। বিষ্ণু, ৫ অ। ৭৯।

৪। অন্নাদেভ্রূণহামাষ্টি পত্যৌ ভার্য্যাপচারিণী।
গুরৌশিষ্যশ্চ যাজ্যশ্চ স্তেনোরাজনি কিল্বিষম্। মনু, ৮অ। ৩১৭।

৫। যস্তু রজ্জুং ঘটং কূপাদ্ধরেচ্ছিন্দ্যাচ্চ যঃ প্রপাম্।
স দণ্ডং প্রাপ্নুয়াম্মাষং তচ্চ তস্মিন্ সমাহরেৎ। মনু, ৮ অ। ৩১৯।

৬। (ক) ধান্যং দশভ্যঃ কুম্ভেভ্যো হরতোঽভ্যধিকং বধঃ।
শেষেঽপ্যেকাদশগুণং দাপ্যস্তস্য চ তদ্ধনম্॥ মনু, ৮ অ। ৩২০।
(খ) ধান্যাপহার্য্যেকাদশগুণং দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫ অ। ৭৯।

৭। তুলা পরিমাণের যোগ্য সুবর্ণ-রজতাদি ও বহুমূল্য উত্তম-বস্ত্রের একশত পণের অধিক হরণ করিলে, শারীরিক দণ্ড হইবে। মনু, ৮ অ।৩২১।

৮। পঞ্চাশের অধিক শত পল পর্য্যন্ত ঐ সকল দ্রব্য অপহরণে হস্ত-চ্ছেদ-দণ্ড হইবে। এক হইতে পঞ্চাশৎ পল পর্য্যন্ত অপহরণে দ্রব্যের মূল্যের একাদশ গুণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩২২। বিষ্ণু, ৫ অ। ৮১—৮২।

৯। কুলীন পুরুষের, বিশেষতঃ মহাকুল-প্রসূত স্ত্রীলোকের এবং হীরক, প্রবাল প্রভৃতি শ্রেষ্ঠরত্নের অপহরণে বধার্হ হইবে। মনু,৮ অ।৩২৩।

১০। হস্তী, অশ্ব প্রভৃতি মহাপশু হরণে, খড়্গ প্রভৃতি শস্ত্র এবং রোগের ঔষধ হরণে, কার্য্য ও কাল বিবেচনা করিয়া রাজা উচিত মত দণ্ড দিবেন। মনু, ৮ অ। ৩২৪।

১১। ব্রাহ্মণের গরু চুরি করিয়া বাহনার্থ তাহার নাসাচ্ছেদ করিলে,

---

৭। তথাধরিমমেয়ানাং শতাদভ্যধিকে বধঃ।
সুবর্ণরজতাদীনামুত্তমানাঞ্চ বাসসাম্॥ মনু, ৮ অ। ৩২১।

৮। (ক) পঞ্চাশতস্ত্বভ্যধিকে হস্তচ্ছেদনমিষ্যতে।
শেষে ত্বেকাদশগুণং মূল্যাদ্দণ্ডং প্রকল্পয়েৎ॥ মনু, ৮ অ। ৩২২।
(খ) সুবর্ণরজতবস্ত্রাণাং পঞ্চাশতস্ত্বভ্যধিকমপহরন্ বিকরঃ॥
তদূনমেকাদশগুণং দণ্ড্যঃ॥ বিষ্ণু, ৫ অ। ৮১—৮২।

৯। পুরুষাণাং কুলীনানাং নারীণাঞ্চ বিশেষতঃ।
মুখ্যানাঞ্চৈব রত্নানাং হরণে বধমর্হতি॥ মনু, ৮ অ। ৩২৩।

১০। মহাপশূনাং হরণে শস্ত্রাণামৌষধস্য চ।
কালমাসাদ্য কার্য্যঞ্চ দণ্ডং রাজা প্রকল্পয়েৎ॥ মনু, ৮ অ। ৩২৪।

১১। গোষু ব্রাহ্মণ সংস্থাসু ছুরিকায়াশ্চ ভেদনে।
পশূনাং হরণে চৈব সদ্যঃ কার্য্যোঽর্দ্ধপাদিকঃ॥ মনু, ৮ অ। ৩২৫।

কিংবা ছাগাদি পশু হরণ করিলে, অপহর্ত্তার অর্দ্ধ পাদচ্ছেদ হইবে। মনু, ৮ অ। ৩২৫।

১২। ঊর্ণাদি সূত্র, কার্পাস, যে যে দ্রব্যে সুরা প্রস্তুত হয়, গোময়, গুড়, দধি, দুগ্ধ, তক্র, পানীয়, তৃণ, বংশ, বংশখণ্ড-নির্ম্মিত পাত্র, লবণ, মৃন্ময়-পাত্র, মৃত্তিকা, ভস্ম, মৎস্য, পক্ষী, তৈল, ঘৃত, মাংস, মধু, যাহা কিছু পশুসম্ভব—যথা চর্ম্ম, শৃঙ্গ, গজদন্ত প্রভৃতি এবং অন্যান্য অল্প মূল্যের দ্রব্য নানা প্রকার মদ্য, অন্ন ও বিবিধ পকান্ন এই সকল দ্রব্য চুরি করিলে, দ্রব্য-মূল্যের দ্বিগুণ * দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩২৬—৩২৯। বিষ্ণু, ৫ অ। ৮৩—৮৪।

১২। (ক) সূত্রকার্পাস কিণ্বানাং গোময়স্য গুড়স্য চ।
দধ্নঃ ক্ষীরস্য তক্রস্য পানীয়স্য তৃণস্য চ।
বেণু বৈদলভাণ্ডানাং লবণানাং তথৈব চ।
মৃন্ময়ানাঞ্চ হরণে মৃদো ভস্মন এব চ॥
মৎস্যানাং পক্ষিণাঞ্চৈব তৈলস্য চ ঘৃতস্য চ।
মাংসস্য মধুনশ্চৈব যচ্চান্যৎ পশুসম্ভবম্॥
অন্যেষাঞ্চৈবমাদীনাং মদ্যানামোদনস্য চ।
পকান্নানাঞ্চ সর্ব্বেষাং তন্মূল্যাদ্দ্বিগুণোদমঃ॥ মনু, ৮ অ। ৩২৬—৩২৯।

(খ) সূত্রকার্পাসগোময়গুড়দধিক্ষীরতক্রতৃণলবণ-
মৃদ্ভস্মপক্ষিমৎস্যঘৃততৈলমাংসমধুবৈদল-
বেণু মৃন্ময়লৌহদণ্ডানামপহর্ত্তা মূল্যাৎ ত্রিগুণং দণ্ড্যঃ॥ পকান্নানাঞ্চ॥
বিষ্ণু, ৫ অ। ৮৩—৮৪।

* বিষ্ণুসংহিতায় ত্রিগুণ দণ্ড বিহিত।

১৩। পুষ্প, ক্ষেত্রস্থ ধান্য, গুল্ম, বৃক্ষ আর যে সকল শস্যের আগড়া নিঃসরণ হয়, ইহাদের অপহরণে পঞ্চকৃষ্ণল, রূপা দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৩০। বিষ্ণু, ৫ অ। ৮৫।

১৪। পরিপূত অর্থাৎ আগড়াদি-নিঃসরণে পরিষ্কৃত ধান্য এবং শাক-মূলাদি অপহরণ করিলে, অপহর্ত্তা যদি দ্রব্যস্বামীর সম্পর্কীয় কোন ব্যক্তি হয়, তবে উহার পঞ্চাশৎ পণ দণ্ড হইবে; নিঃসম্পর্কীয় হইলে, একশত পণ দণ্ড হইবে। মনু ৮ অ। ৩৩১।

১৫। দ্রব্যস্বামীর, সমক্ষে বলপূর্ব্বক "যে অপহরণ," তাহাকে "সাহস" বলে; অসমক্ষে গোপনভাবে বলপূর্ব্বক অপহরণের নাম "চুরি" এবং কেহ কাহারও নিকট দ্রব্য লইয়া যদি তাহার অপহ্নব অর্থাৎ অস্বীকার করে, তাহাকেও "চুরি" বলা যায়। মনু ৮ অ। ৩৩২।

১৬। পূর্ব্বোক্ত সূত্রাদি দ্রব্য যদি দ্রব্যস্বামী আপনার ভোগার্থ প্রস্তুত করিয়া থাকে, তবে অপহর্ত্তার প্রথমসাহস দণ্ড হইবে এবং যে, সাগ্নিকের অগ্নি চুরি করিবে, তাহারও ঐ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৩৩।

১৩। (ক) পুষ্পেষু হরিতে ধান্যে গুল্মবল্লীনগেষু চ।
অন্যেষপরিপূরিপূতেষু দণ্ডঃ স্যাৎ পঞ্চকৃষ্ণলঃ॥ মনু, ৮ অ। ৩৩০।
(খ) পুষ্পহরিতগুল্মবল্লীলতাপর্ণানামপহরণে পঞ্চকৃষ্ণলান্॥ বিষ্ণু, ৫ অ। ৮৫।

১৪। পরিপূতেষু ধান্যেষু শাকমূলফলেষু চ।
নিরন্বয়ে শতং দণ্ডঃ সান্বয়েঽর্দ্ধশতং দমঃ॥ মনু, ৮ অ। ৩৩১।

১৫। স্যাৎ সাহসন্বন্বয়বৎ প্রসভং কর্ম্ম যৎ কৃতম্।
নিরন্বয়ং ভবেৎ স্তেয়ং হৃত্বাপহ্নূয়তে চ যৎ॥ মনু, ৮ অ। ৩৩২।

১৬। যস্ত্বেতান্যুপকৢপ্তানি দ্রব্যাণি স্তেনয়েন্নরঃ।
তমাদ্যং দণ্ডয়েদ্রাজা যশ্চাগ্নিং চোরয়েদ্গৃহাৎ॥ মনু, ৮ অ। ৩৩৩।

১৭। চোর যে যে অঙ্গ দ্বারা পরধন হরণ করিবে, "পুনর্ব্বার এমন কার্য্য না করে" এজন্য রাজা উহার সেই সেই অঙ্গ ছেদন করিবেন। মনু, ৮ অ। ৩৩৪।

১৮। চৌর্য্যের গুণদোষজ্ঞ শূদ্র চুরি করিলে, সে বিহিত দণ্ডের অষ্টগুণ দণ্ডনীয়; তাদৃশ বৈশ্য চোর ষোড়শগুণ দণ্ডনীয় এবং ঐরূপ ক্ষত্রিয় চোরের বত্রিশগুণ দণ্ড হইবে। মনু ৮ অ। ৩৩৭।

১৯। চৌর্য্যের গুণ-দোষজ্ঞ ব্রাহ্মণ চোরের, বিহিত দণ্ডাপেক্ষা চৌষট্টিগুণ দণ্ড হইবে, তদপেক্ষা গুণবান্ ব্রাহ্মণ চোরের একশত আটাইশ গুণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৩৮।

২০। অপরিবৃত বৃক্ষের ফল-মূল, হোমীয় অগ্নির কাষ্ঠ এবং গোগ্রাসার্থ তৃণের আহরণকে অপহরণ বলে না—ইহা মনু বলিয়াছেন। মনু, ৮ অ। ৩৩৯।

২১। ব্রাহ্মণ যদি যাজন ও অধ্যাপনের দক্ষিণা-স্বরূপ ধনও অদত্তাদায়ী চোরের হস্ত হইতে গ্রহণ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তিনিও চোরের ন্যায় গণ্য হইবেন। মনু, ৮ অ। ৩৪০।

১৭। যেন যেন যথাঙ্গেন স্তেনো নৃষু বিচেষ্টতে।
তত্তদেব হরেৎ তস্য প্রত্যাদেশায় পার্থিবঃ॥ মনু, ৮ অ। ৩৩৪।

১৮। অষ্টাপাদ্যন্তু শূদ্রস্য স্তেয়ে ভবতি কিল্বিষম্।
ষোড়শৈব তু বৈশ্যস্য দ্বাত্রিংশৎ ক্ষত্রিয়স্য চ॥ মনু, ৮ অ। ৩৩৭।

১৯। ব্রাহ্মণস্য চতুঃষষ্টিঃ পূর্ণং বাপি শতং ভবেৎ।
দ্বিগুণা বা চতুঃষষ্টিস্তদ্দোষ গুণবিদ্ধি সঃ॥ মনু, ৮ অ। ৩৩৮।

২০। বানস্পত্যং মূলফলং দার্ব্বগ্ন্যর্থং তথৈব চ।
তৃণঞ্চ গোভ্যো গ্রাসার্থমস্তেয়ং মনুরব্রবীৎ॥ মনু, ৮ অ। ৩৩৯।

২১। যোঽদত্তাদায়িনো হস্তাল্লিপ্সেত ব্রাহ্মণো ধনম্।
যাজনাধ্যাপনেনাপি যথা স্তেনস্তথৈব সঃ॥ মনু, ৮ অ। ৩৪০।

২২। পাথেয়রহিত দ্বিজাতি পথিক, ক্ষুধাকাতর হইয়া যদি ক্ষেত্র-স্বামীর অগোচরে ক্ষেত্র হইতে দুইটি ইক্ষুদণ্ড ও দুইটি মূল গ্রহণ করেন, তাহা হইলে, তজ্জন্য তাঁহার দণ্ড হইবে না। মনু, ৮ অ। ৩৪১।

২৩। পরকীয় অবদ্ধপশুর বন্ধনকারী ও পরকীয় বদ্ধ পশুর মোচনকারী এবং দাস, অশ্ব ও রথের অপহর্ত্তা—ইহারা চৌরের ন্যায় দণ্ডনীয়। মনু, ৮ অ। ৩৪২।

২৪। এইরূপে যে রাজা চোরের নিগ্রহ করেন, তিনি ইহলোকে যশঃ ও পরলোকে অনুত্তম সুখলাভ করেন। মনু, ৮ অ। ৩৪৩।

২৫। রাজপুরুষগণ, কোন এক স্থানে চৌর্য্য হইলে, যাহার নিকট অপহৃত বস্তু পাওয়া যাইবে, যাহার বিশেষ কোন চৌর্য্য চিহ্ন থাকিবে, পূর্ব্বে অন্ততঃ একবার যাহার চৌর্য্যাপরাধ প্রমাণ হইয়া গিয়াছে, অথবা যাহার অবস্থিতি, সাধারণের জ্ঞাত নহে; তাহাদিগকে চোর বলিয়া ধরিতে পারিবে। যাজ্ঞ, ২ অ। ২৬৯।

২৬। সন্দেহ হইলে, উল্লিখিত ব্যক্তি ভিন্ন আরও কতকগুলি ব্যক্তিকে ধরিতে পারিবে। যথা ;—

২২। দ্বিজোঽধ্বগঃ ক্ষীণবৃত্তির্দ্বাবিক্ষূ দ্বে চ মূলকে।
আদদানঃ পরক্ষেত্রান্ন দণ্ডং দাতুমর্হতি॥ মনু, ৮ অ। ৩৪১।

২৩। অসন্দিতানাং সন্দাতা সন্দিতানাঞ্চ মোক্ষকঃ।
দাসাশ্বরথহর্ত্তা চ প্রাপ্তঃ স্যাচ্চৌর কিল্বিষম্॥ মনু, ৮ অ। ৩৪২।

২৪। অনেন বিধিনা রাজা কুর্ব্বাণঃ স্তেননিগ্রহম্।
যশোঽস্মিন্ প্রাপ্নুয়াল্লোকে প্রেত্যচানুত্তমম্ সুখম্। মনু, ৮ অ। ৩৪৩।

২৫। গ্রাহকৈর্গৃহ্যতে চৌরো লোপ্ত্রেণাথ পদেন বা।
পূর্ব্বকর্ম্মাপরাধী চ তথা চাশুদ্ধবাসকঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৬৯।

২৬। অন্যেঽপি শঙ্কয়া গ্রাহ্যা জাতিনামাদিনিহ্নবৈঃ।
দ্যূতস্ত্রীপানসক্তাশ্চ শুষ্কভিন্নমুখস্বরাঃ॥
পরদ্রব্যগৃহাণাঞ্চ প্রচ্ছকাগূঢ়চারিণঃ।
নিরায়া ব্যয়বন্তশ্চ বিনষ্টদ্রব্যবিক্রয়াঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৭০—২৭১।

(ক) যাহারা জাতি, নাম, বংশাদির অপলাপ করে।

(খ) যাহারা দ্যূত, বারাঙ্গনা, মদ্যপানাদি ব্যসনে অত্যাসক্ত।

(গ) রক্ষিগণ জিজ্ঞাসা করিলে যাহাদের মুখ শুষ্ক হয়, বা স্বর পরিবর্ত্ত হয়।

(ঘ) যাহারা বিনা কারণে পরধন এবং পরগৃহের বিবরণ জিজ্ঞাসা করে।

(ঙ) যাহারা প্রচ্ছন্নভাবে বিচরণ করে।

(চ) যাহাদিগের আয় নাই, ব্যয় আছে।

(ছ) যাহারা প্রায়শঃ ভগ্ন, ভিন্ন, স্ফূটিত দ্রব্য বিক্রয় করে। যাজ্ঞ, ২ অ। ২৭০—২৭১।

২৭। চৌর্য্যাশঙ্কায় ধৃত ব্যক্তি আত্মবিশুদ্ধির প্রমাণ দিতে না পারিলে, বিচারক তাহার নিকট হইতে স্বামীকে অপহৃত দ্রব্য দেওয়াইবেন এবং তাহাকে চৌর দণ্ডে দণ্ডিত করিবেন। যাজ্ঞ, ২ অ। ২৭২।

২৮। চৌরের দণ্ড এই যথা—অপহৃত বস্তু চোরের নিকট হইতে স্বামীকে দেওয়াইয়া শূলারোহণাদি বিবিধ উপায়ে তাহার বধ দণ্ড করিবেন। (দশ কুম্ভাধিক ধান, শত পলাধিক স্বুবর্ণাদি হরণেও ঐ দণ্ড)। আর ব্রাহ্মণ চোরের ললাটে চিহ্ন দিয়া রাজ্য হইতে নির্ব্বাসন দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ২৭৩।

২৯। গ্রামমধ্যে নরহত্যা বা দ্রব্যাপহরণ হইলে, সে দোষ গ্রাম-

২৭। গৃহীতঃ শঙ্কয়া চৌর্য্যে নাত্মানং চেদ্বিশোধয়েৎ।
দাপয়িত্বা হৃতং দ্রব্যং চৌরদণ্ডেন দণ্ডয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৭২।

২৮। চৌরং প্রদাপ্যাপহৃতং ঘাতয়েদ্বিবিধৈর্ব্বধৈঃ।
সচিহ্নং ব্রাহ্মণং কৃত্বা স্বরাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৭৩।

২৯। ঘাতিতেঽপহৃতে দোষো গ্রামভর্ত্তুরনির্গতে।
বিবীতভর্ত্তুস্তু পথি চৌরোদ্ধর্ত্তুরবীতকে॥ যাজ্ঞ, ২ অ। ২৭৪।

রক্ষকের, অতএব চোর ধরিতে না পারিলে, হৃতধন ধনীকে অর্পণ করিয়া সেই দোষ পরিহার করা কর্ত্তব্য ; কিন্তু চোর চুরি করিয়া সেই গ্রাম হইতে চলিয়া গিয়াছে, ইহার নিদর্শনস্বরূপে চোরের নির্গমন চিহ্ন দেখাইতে না পারিলেই উক্ত নিয়ম জানিবে। বিবীত (গোচারণভূমি) স্থলে অপহরণাদি হইলে সে দোষ বিবীতপালকের ; পথ বা বিবীত ভিন্ন অপর কোন ক্ষেত্রাদিতে অপহরণাদি হইলে, সে দোষ রক্ষীদিগের (দোষ পরিহার পূর্ব্বোক্তরূপে করিতে হইবে)। যাজ্ঞ, ২ অ। ২৭৪।

৩০। গ্রামসীমান্তভাগে অপহরণাদি হইলে, গ্রামবাসীদিগকেই চোর ধরিয়া দিতে হইবে অথবা ধনীকে অপহৃত বস্তু দিতে হইবে। নির্গমন-পদ-চিহ্ন গ্রামান্তরে প্রবিষ্ট হইলে, সেই গ্রামপালক প্রভৃতিকেই উহা করিতে হইবে। বহুগ্রামের মধ্যস্থলে এক ক্রোশ তফাতে অপহরণাদি হইলে, পঞ্চগ্রামের লোক বা দশ গ্রামের লোক উহার উক্তরূপে প্রতি-বিধান করিবে। (কোনরূপে কোন উপায় না হইলে, রাজা নিজ কোষাগার হইতে, ধনীকে অপহৃত ধন দিবেন)। যাজ্ঞ, ২ অ। ২৭৫।

৩১। রাজা বন্দিগ্রাহী (সিংদেল চোর) গজাপহারী এবং বলপূর্ব্বক হত্যাকারী, এই সকল লোককে, শূলে আরোপিত করিবেন। যাজ্ঞ, ২ অ। ২৭৬।

৩২। উৎক্ষেপক (অর্থাৎ ছিঁচকে চোর), গ্রন্থিভেদক (অর্থাৎ

৩০। স্বসীম্নি দদ্যাদ্গ্রামস্তু পদং বা যত্র গচ্ছতি।
পঞ্চগ্রামী বহিঃ ক্রোশাদ্দশগ্রাম্যথবা পুনঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৭৫।

৩১। বন্দিগ্রাহাংস্তথা বাজিকুঞ্জরাণাঞ্চহারিণঃ।
প্রসহ্যঘাতিনশ্চৈব শূলমারোপয়েন্নরান্॥ যাজ্ঞ, ২ অ। ২৭৬।

৩২। উৎক্ষেপকগ্রন্থিভেদৌ করসন্দংশহীনকৌ।
কার্য্যৌ দ্বিতীয়াপরাধে করপাদৈকহীনকৌ॥ যাজ্ঞ, ২ অ। ২৭৭।

(গাঁইট কাটা) ইহাদিগের যথাক্রমে করচ্ছেদ ও অঙ্গুষ্ঠ-তর্জ্জনীচ্ছেদ কর্ত্তব্য। ইহারা দ্বিতীয়বার এই অপরাধ করিলে, এক এক হস্ত ও পাদ ছেদন করিবে। যাজ্ঞ, ২ অ। ২৭৭।

৩৩। ক্ষুদ্র দ্রব্য, মধ্যম দ্রব্য এবং মহাদ্রব্য হরণে অপহৃত দ্রব্যের মূল্যানুসারে দণ্ড কল্পনা করিয়া লইবে এবং এইকল্পনা করিবার পূর্ব্বে দেশ কাল, বয়ঃ, শক্তি, জাতি প্রভৃতিও চিন্তা করিয়া দেখিবে। যাজ্ঞ, ২ অ। ২৭৮।

৩৪। যে ব্যক্তি জানিয়া শুনিয়া, চৌরকে অথবা হত্যাকারীকে আহার, থাকিবার স্থান, শীতাপনোদনাদির জন্য অগ্নি, তৃষ্ণায় জল, অকার্য্যে মন্ত্রণা, তাহার উপকরণ ও সেই কার্য্যের ব্যয় প্রদান করে, তাহার উত্তম সাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৭৯।

৩৫। ধার্ম্মিক রাজা হোঢ় (অর্থাৎ বমাল) না থাকায় চৌর নিশ্চয় না হইলে উহাকে বিনষ্ট করিবেন না ; কিন্তু চৌরের উপকরণ ও হৃতদ্রব্য সমেত চৌর নিশ্চিত হইলে, কিছুমাত্র বিচার না করিয়াই উহাকে বধ করিবেন। মনু, ৯ অ। ২৭০।

৩৬। গ্রামের মধ্যে যদি কেহ জানিয়া শুনিয়াও চোরকে খাইতে

৩৩। ক্ষুদ্রমধ্যমহাদ্রব্যহরণে সারতো দমঃ।
দেশকালবয়ঃশক্তীঃ সঞ্চিন্ত্য দণ্ডকর্ম্মণি ॥ যাজ্ঞ, ২ অ। ২৭৮।

৩৪। ভক্তাবকাশাগ্ন্যুদক মন্ত্রোপকরণ ব্যয়ান্।
দত্ত্বা চৌরস্য হন্তুর্ব্বা জানতো দম উত্তমঃ ॥ যাজ্ঞ, ২ অ। ২৭৯।

৩৫। ন হোঢ়েন বিনা চৌরং ঘাতয়েদ্ধার্ম্মিকোনৃপঃ।
সহোঢ়ং সোপকরণং ঘাতয়েদবিচারয়ন্ ॥ মনু, ৯ অ। ২৭০।

৩৬। গ্রামেষপি চ যে কেচিচ্চৌরাণাং ভক্তদায়কাঃ।
ভাণ্ডাবকাশদাশ্চৈব সর্ব্বাংস্তানপি ঘাতয়েৎ ॥ মনু, ৯ অ। ২৭১।

দেয়, অথবা ভাণ্ড কিংবা অবকাশ স্থানও দেয়, তবে রাজা উহাদিগকেও বধ করিবেন। মনু, ৯ অ। ২৭১।

৩৭। যাহারা রাজ্যমধ্যে রক্ষাকার্য্যে নিযুক্ত এবং যাহারা সীমানদার, ইহারা যদি চৌর্য্যকার্য্যের উপদেশে মধ্যস্থ করে, তবে রাজা চোরের ন্যায় উহাদিগকেও ক্ষিপ্র শাসন করিবেন। মনু, ৯ অ। ২৭২।

৩৮। গ্রাম লুণ্ঠন হইতেছে, হিতা অর্থাৎ সেতুভঙ্গ করিতেছে, অথবা পথে চোরে চুরি করিয়া লইয়া যাইতেছে, ইহা দেখিয়া শুনিয়াও যাহারা উহাদিগকে ধরিবার জন্য ধাবিত না হয়, রাজা তাহাদিগকে সপরিচ্ছদ দেশ হইতে দূর করিয়া দিবেন। মনু, ৯ অ। ২৭৪।

৩৯। যে সকল চোরেরা সন্ধিচ্ছেদ করিয়া রাত্রিকালে চুরি করে; রাজা তাহাদের হস্তচ্ছেদ করিয়া তীক্ষ্ণশূলে আরোপিত করিবেন। মনু, ৯ অ। ২৭৬।

৪০। যাহারা গ্রন্থিভেদ করিয়া (অর্থাৎ গাঁইট কাটিয়া) চুরি করে; তাহাদিগকে প্রথম বারে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীচ্ছেদ দণ্ড, দ্বিতীয়বারে হস্তপদচ্ছেদ ও তৃতীয়বারে বধ-দণ্ড দিবেন। মনু, ৯ অ। ২৭৭।

৩৭। রাষ্ট্রেষু রক্ষাধিকৃতান্ সামন্তাংশ্চৈব চোদিতান্।
অভ্যাঘাতেষু মধ্যস্থাঞ্ছিষ্যাচ্চৌরানিব দ্রুতম্॥ মনু, ৯ অ। ২৭২।

৩৮। গ্রামঘাতে হিতাভঙ্গে পথি মোষাভিদর্শনে।
শক্তিতো নাভিধাবন্তো নির্ব্বাস্যাঃ সপরিচ্ছদাঃ॥ মনু, ৯ অ। ২৭৪।

৩৯। সন্ধিং ছিত্বা তু যে চৌর্য্যং রাত্রৌ কুর্ব্বন্তি তস্করাঃ।
তেষাং ছিত্বা নৃপোহস্তৌ তীক্ষ্ণশূলেনিবেশয়েৎ॥ মনু, ৯ অ। ২৭৬।

৪০। অঙ্গুলী গ্রন্থিভেদস্য ছেদয়েৎ প্রথমে গ্রহে।
দ্বিতীয়ে হস্তচরণৌ তৃতীয়ে বধমর্হতি॥ মনু, ৯ অ। ২৭৭।

৪১। সিঁদ-কাটা, অথবা গাঁটকাটা প্রভৃতি চোরকে যে ব্যক্তি জানিয়া শুনিয়াও অগ্নি দেয় বা ভাত দেয়, অথবা শস্ত্র বা আশ্রয়স্থান দেয়, অথবা তাহাদের হৃত দ্রব্যাদি রাখে, রাজা তাহাদিগকে চৌরের ন্যায় দণ্ড দিবেন। মনু ৯ অ। ২৭৮।

৪২। যত কণ্টক পাপী আছে, তন্মধ্যে সুবর্ণকার মহাপাপিষ্ঠ; একারণ সুবর্ণচৌর্য্যাদি অন্যায়ে প্রবৃত্ত দেখিলে, রাজা উহাকে ক্ষুরের দ্বারা খণ্ড খণ্ড করিয়া ছেদন করিতে আদেশ দিবেন। মনু, ৯ অ। ২৯২।

৪৩। হাল-কুদালাদি কৃষিসম্বন্ধীয় দ্রব্য হরণে, শস্ত্র কিংবা ঔষধি হরণে রাজা কাল এবং প্রয়োজন বুঝিয়া দণ্ড দিবেন। মনু, ৯ অ। ২৯৩।

৪৪। রত্নাপহারীর উত্তমসাহস দণ্ড। যে সকল দ্রব্যের নাম উল্লেখ হইল না, তাহা হরণ করিলে হৃত বস্তুর মূল্যসম অর্থ দণ্ড। যাহাতে চোরেরা অপহৃত বস্তু ধনাধিকারীকে দেয়, রাজা তাহা করিবেন। অনন্তর উক্ত দণ্ড প্রযুক্ত হইবে। বিষ্ণু, ৫ অ। ৮৭—৯০।

৪১। অগ্নিদান্ ভক্তদাংশ্চৈব তথা শস্ত্রাবকাশদান্।
সন্নিধাতৄংশ্চ মোষস্য হন্যাচ্চোরমিবেশ্বরঃ॥ মনু, ৯ অ। ২৭৮।

৪২। সর্ব্বকণ্টকপাপিষ্ঠং হেমকারন্তু পার্থিবঃ।
প্রবর্ত্তমানমন্যায়ে চ্ছেদয়েল্লবশঃ ক্ষুরৈঃ॥ মনু, ৯ অ। ২৯২।

৪৩। সীতাদ্রব্যাপহরণে শস্ত্রাণামৌষধস্য চ।
কালমাসাদ্য কার্য্যঞ্চ রাজা দণ্ডং প্রকল্পয়েৎ॥ মনু. ৯ অ। ২৯৩।

৪৪। রত্নাপহার্য্যুত্তমসাহসম্॥ অনুক্তদ্রব্যাণামপহর্ত্তা মূল্যসমম্॥
স্তেনাঃ সর্ব্বমপহৃতং ধনিকস্য দাপ্যাঃ॥ ততস্তেষামভিহিতদণ্ডপ্রয়োগঃ॥
বিষ্ণু, ৫ অ। ৮৭—৯০।

ঊনপঞ্চাশত্তম স্তবক।

[সাহস-বিষয়ক বিচারবিধি।]

বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্মকে সাহস বলে। "মনুষ্যমারণং স্তেয়ং পরদারাভিমর্ষণং পারুষ্যমনৃতঞ্চৈব সাহসং পঞ্চধা স্মৃতম্" ইহাই সাহস শব্দের আভিধানিক অর্থ।

১। যিনি ইন্দ্রত্ব পাইতে ইচ্ছা করেন, যিনি অক্ষয় অব্যয় যশঃ চাহেন, ক্ষণকালের জন্যও সেই রাজার সাহসিক নরকে উপেক্ষা করা কর্ত্তব্য নহে। (যাহারা গৃহদাহ, ডাকাইতি ইত্যাদি সাহসিক কার্য্য করে, তাহাদিগকে সাহসিক বলে)। মনু, ৮ অ। ৩৪৪।

২। বাক্‌পারুষ্যকারী, দণ্ডপারুষ্যকারী ও তস্কর অপেক্ষা সাহসিককে অত্যন্ত পাপকারী বলিয়া জানিবে। মনু ৮ অ। ৩৪৫।

৩। যে রাজা, সাহসিক ব্যক্তিকে দণ্ড না করিয়া উপেক্ষা করেন, তিনিই শীঘ্রই বিনাশ প্রাপ্ত হন ও লোকের বিদ্বেষভাজন হইয়া থাকেন। মনু, ৮ অ। ৩৪৬।

১। ঐন্দ্রং স্থানমভিপ্রেপ্সু র্যশশ্চাক্ষয়মব্যয়ম্।
নোপেক্ষেত ক্ষণমপি রাজা সাহসিকং নরম্॥ মনু, ৮ অ। ৩৪৪।

২। বাগ্‌দুষ্টাৎ তস্করাচ্চৈব দণ্ডেনৈব চ হিংসতঃ।
সাহসস্য নরঃ কর্ত্তা বিজ্ঞেয়ঃ পাপকৃত্তমঃ॥ মনু, ৮ অ। ৩৪৫।

৩। সাহসে বর্ত্তমানন্তু যো মর্ষয়তি পার্থিবঃ।
স বিনাশং ব্রজত্যাশু বিদ্বেষঞ্চাধিগচ্ছতি॥ মনু, ৮ অ। ৩৪৬।

৪। মিত্রত্বের কারণ অথবা বিপুল ধনাগমের লোভে সর্ব্বভূতভয়াবহ সাহসিককে কদাচ ত্যাগ করা উচিত নয়। মনু, ৮ অ। ৩৪৭।

৫। যখন বল দ্বারা ধর্ম্ম উপরুদ্ধ হয়, যখন কালকৃত বর্ণবিপ্লব উপস্থিত হয়, এমন সময়ে দ্বিজাতিগণ ধর্ম্মরক্ষার্থে শস্ত্র ধারণ করিতে পারেন। মনু, ৮ অ। ৩৪৮।

৬। সাধারণের দ্রব্য অথবা পরকীয় দ্রব্যের বলপূর্ব্বক হরণের নাম সাহস (দস্যুতা প্রভৃতি)। যে সাহস করে, তাহার হৃতদ্রব্যের মূল্যাপেক্ষা দ্বিগুণ দণ্ড, আর যে সাহস করিয়া অপলাপ করে, "কৈ আমি ত এমন কার্য্য করি নাই এইরূপ বলে" তাহার চতুর্গুণ অর্থ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩৩।

৭। যে সাহসকার্য্য করিতে আদেশ করে, তাহার দ্বিগুণ দণ্ড, আর যে "আমি ধন দিব" এইরূপ অর্থের লোভ দেখাইয়া অন্যকে সাহসকর্ম্মে প্রবৃত্ত করে, তাহার চতুর্গুণ দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৩৪।

৮। যে পূজনীয় লোককে গালি দেয় এবং তাঁহাদিগের আজ্ঞা লঙ্ঘন

৪। ন মিত্র কারণাদ্রাজা বিপুলাদ্বা ধনাগমাৎ।
সমুৎসৃজেৎ সাহসিকান্ সর্ব্বভূতভয়াবহান্॥ মনু, ৮ অ। ৩৪৭।

৫। শস্ত্রং দ্বিজাতিভির্গ্রাহ্যং ধর্ম্মো যত্রোপরুধ্যতে।
দ্বিজাতীনাঞ্চ বর্ণানাং বিপ্লবে কালকারিতে॥ মনু, ৮ অ। ৩৪৮।

৬। সামান্যদ্রব্যপ্রসভহরণাৎ সাহসং স্মৃতম্।
তন্মূল্যাদ্দ্বিগুণো দণ্ডো নিহ্নবে তু চতুর্গুণঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৩৩।

৭। যঃ সাহসং কারয়তি স দাপ্যো দ্বিগুণং দমম্।
যশ্চৈবমুক্ত্বাহং দাতা কারয়েৎ স চতুর্গুণম্॥ যাজ্ঞ, ২অ। ২৩৪।

৮। অর্ঘ্যাক্রোশাতিক্রমকৃদ্ ভ্রাতৃভার্য্যাপ্রহারদঃ।
সন্দিষ্টস্যাপ্রদাতা চ সমুদ্রগৃহভেদকৃৎ॥
সামন্তকুলিকাদীনামপকারস্য কারকঃ।
পঞ্চাশৎপণিকো দণ্ড এষামিতি বিনিশ্চয়ঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৩৫—২৩৬।

করে, যে ভ্রাতৃভার্য্যাকে প্রহার করে, যে দানে প্রতিশ্রুত হইয়া দান না করে, যে মুদ্রিত গৃহ (গৃহ স্বামীর বিনানুমতিতে) উদ্ঘাটিত করে এবং যে নিজ ক্ষেত্রাদি-সন্নিহিত-ক্ষেত্রাদিস্বামী, স্ববংশোদ্ভব এবং গ্রামবাসীর প্রতি অপকার করে, তাহাদিগের পঞ্চাশৎ পণ দণ্ড হইবে, ইহা স্থির সিদ্ধান্ত। যাজ্ঞ, ২ অ। ২৩৫—২৩৬।

৯। যে বিনানিয়োগে নিজের ইচ্ছামত বিধবা স্ত্রীতে উপগত হয়, যে বিক্রুষ্ট (অর্থাৎ চৌরাদি ভীত ব্যক্তিকর্ত্তৃক পরিত্রাণার্থ আহূত) হইয়া সামর্থ্য থাকিতেও তদর্থ যত্ন না করে, যে বিনা কারণে আর্ত্তনাদ করে, যে চণ্ডাল হইয়া উত্তমবর্ণকে স্পর্শ করে, যে শূদ্র প্রব্রজিত দিগম্বরদিগকে দৈব-পিত্র্য কার্য্যে ভোজন করায়, যে অযুক্ত শপথ করে, যে অযোগ্য হইয়া যোগ্যোপযুক্ত কর্ম্ম করে (যথা—শূদ্রের বেদাধ্যয়ন), যে বৃষ এবং ছাগাদি ক্ষুদ্র পশুর পুংস্ত্ব বিনষ্ট করে, যে সাধারণ বস্তুর অপলাপ করে, যে দাসীর গর্ভ বিনষ্ট করে, এবং যে ত্যাগের উপযুক্ত কারণ ব্যতীত পিতা, পুত্র, ভগিনী, ভ্রাতা, স্বামী, স্ত্রী, আচার্য্য, শিষ্য ইহাদিগের পরস্পরের মধ্যে কাহাকেও পরিত্যাগ করিয়াছে, তাহার শত পণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৩৭—২৪০।

৯। স্বচ্ছন্দং বিধবাগামী বিক্রুষ্টে নাভিধাবকঃ।
অকারণে চ বিক্রোষ্টা চণ্ডালশ্চোত্তমান্ স্পৃশন্॥
শূদ্রঃ প্রব্রজিতানাঞ্চ দৈবে পিত্রে চ ভোজকঃ।
অযুক্তং শপথং কুর্ব্বন্নযোগ্যোঽযোগ্য কর্ম্মকৃৎ॥
বৃষ ক্ষুদ্রপশূনাঞ্চ পুংস্ত্বস্য প্রাতিঘাত কৃৎ।
সাধারণস্যাপলাপী দাসী গর্ভবিনাশকৃৎ।
পিতৃপুত্রস্বসৃভ্রাতৃদম্পত্যাচার্য্যশিষ্যকাঃ।
এষামপতিতান্যোন্যত্যাগী চ শতদণ্ডভাক্॥ যাজ্ঞ, ২ অ। ২৩৭—২৪০।

১০। পরগাত্রে শস্ত্রাঘাত করিলে কিংবা দাসী ও ব্রাহ্মণী ভিন্ন অপরের গর্ত্ত পাতিত করিলে উত্তম সাহস দণ্ড। পুরুষ বা স্ত্রী হত্যা করিলে, হত ও ঘাতকের গুণাদি অনুসারে উত্তমসাহস ও মধ্যমসাহস দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৮০।

১১। অতিশয় দোষান্বিতা স্বগর্ভপাতিনী, পুরুষহন্ত্রী, এবং সেতু-ভঙ্গকারিণী স্ত্রীকে গলায় প্রস্তর বাঁধিয়া জলে নিমজ্জিত করিবে, (যদি তৎকালে তাহার গর্ভ না থাকে)। যাজ্ঞ, ২ অ। ২৮১।

১২। যে পরবধার্থ বিষ প্রয়োগ করে, যে দাহার্থ গৃহাদিতে অগ্নি প্রদান করে এবং যে স্বামী, গুরুজন অথবা নিজ কন্যা-পুত্র হত্যা করে, তাহাকে কর্ণ, নাসা, হস্ত ও ওষ্ঠচ্ছেদন পূর্ব্বক বলীবর্দ্দ দ্বারা মারিয়া ফেলিবে। যাজ্ঞ, ২ অ। ২৮২।

গুপ্ত নরহত্যার তদন্তের বিধি।

১৩। (নিজালয়ে) কাহারও গুপ্ত হত্যা হইলে, রাজনিযুক্ত রক্ষিগণ হতব্যক্তির পুত্র এবং অপরাপর বন্ধু বান্ধবগণকে নিম্নলিখিতরূপে জিজ্ঞাসাবাদ দ্বারা তাহার অনুসন্ধান করিবেন।

১০। শস্ত্রাবপাতে গর্ভস্য পাতনে চোত্তমো দমঃ॥
উত্তমো বাধমো বাপি পুরুষস্ত্রী প্রমাপণে। যাজ্ঞ, ২ অ। ২৮০।

১১। বিপ্রদুষ্টাং স্ত্রিয়ঞ্চৈব পুরুষঘ্নীমগর্ভিণীম্।
সেতুভেদকরীঞ্চাপ্সু শিলাং বদ্ধা প্রবেশয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৮১।

১২। বিষাগ্নিদাং পতিগুরুনিজাপত্যপ্রমাপিণীম্।
বিকর্ণকরনাসৌষ্ঠীং কৃত্বা গোভিঃ প্রমাপয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ২৮২।

১৩। অবিজ্ঞাতহতস্যাশু কলহং সুতবান্ধবাঃ।
প্রষ্টব্যা যোষিতশ্চাস্য পরপুংসি রতাঃ পৃথক্॥
স্ত্রীদ্রব্যবৃত্তিকামো বা কেন বায়ং গতঃ সহ।
মৃত্যুদেশ সমাসন্নং পৃচ্ছেদ্বাপি জনং শনৈঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৮৩—২৮৪।

(ক) ইহার সহিত কাহারও কলহ ছিল কি না?

(খ) এ ব্যক্তির কোন স্ত্রী ব্যভিচারিণী ছিল কি না?

(গ) এ ব্যক্তি পরস্ত্রীতে আসক্ত ছিল কি না?

(ঘ) এ ব্যক্তি পরদ্রব্যে অভিলাষী ছিল কি না?

(ঙ) এব্যক্তি কোন্ বৃত্তি অবলম্বন করিতে ইচ্ছুক ছিল?

(চ) (স্থানান্তরে গুপ্ত হত্যা হইলে) কাহার সহিত গিয়াছিল?

(ছ) যে স্থানে হত্যা হইবে, তাহার নিকটবর্ত্তী স্থানের লোককে তাহাদিগের বিশ্বাসী হইয়া, সুশান্তভাবে নানা প্রশ্ন জিজ্ঞাসা করিবে। যাজ্ঞ, ২ অ। ২৮৩—২৮৪।

১৪। যাহারা পক্কশস্য-পূর্ণক্ষেত্র, গৃহ, বন, গ্রাম, বিবীত (গোচারণ স্থান) অথবা খল (খামার) দগ্ধ করে এবং রাজ-ভার্য্যায় উপগত হয়, তাহাকে বীরণবহ্নি (বেণাতৃণাগ্নি) দ্বারা দগ্ধ করিয়া ফেলিবে। যাজ্ঞ, ২ অ। ২৮৫।

অধুনা যেমন দণ্ডবিধিতে আততায়ীকে বধ করিলে অপরাধ হয় না ও আত্মরক্ষাদি কার্য্যে হত্যাকরণে বর্জ্জিত বিধি আছে, পুরাকালেও তাহা ছিল;—

১৫। নখী, দংষ্ট্রী, শৃঙ্গী, আততায়ী ও এতদ্ভিন্ন হস্তী, অশ্ব ইহাদিগকে হিংসার্থে উদ্যত দেখিলে অথচ উপায়ান্তর না থাকিলে, বধ করা যাইতে পারে। বিষ্ণু, ৫ অ। ১৮৪।

১৪। ক্ষেত্রবেশ্মবনগ্রাম বিবীতখলদাহকাঃ।
রাজপত্ন্যভিগামী চ দগ্ধব্যাস্তু কটাগ্নিনা॥ যাজ্ঞ, ২ অ। ২৮৫।

১৫। নখিনাং দংষ্ট্রিণাঞ্চৈব শৃঙ্গিণামাততায়িনাম্।
হস্ত্যশ্বানাং তথান্যেষাং বধে হন্তা ন দোষভাক্॥ বিষ্ণু, ৫ অ। ১৮৪

১৬। গুরু, বালক, বৃদ্ধ কিংবা বহু শাস্ত্রবেত্তা ব্রাহ্মণ (যেই কেন হউক না) আততায়ী হইয়া আসিলে তাহাকে বিচার না করিয়াই হত্যা- করিবে। বিষ্ণু, ৫ অ। ১৮৫। মনু, ৮অ। ৩৫০।

১৭। গোপন ভাবেই হউক আর প্রকাশ্য ভাবেই হউক, আততায়ী বধে হন্তার কোন দোষ হয় না, কেন না আততায়ীর দুষ্কার্য্যই হত্যাকারীর ক্রোধোদ্দীপক। বিষ্ণু, ৫ অ। ১৮৬। মনু, ৮অ। ৩৫১।

১৮। আত্মরক্ষার্থে, ন্যায়যুদ্ধে, স্ত্রীলোক ও ব্রাহ্মণের রক্ষাকারণ, ধর্ম্মতঃ লোক হিংসা করিলে দোষভাগী হইতে হয় না। মনু, ৮ অ। ৩৪৯।

পুরাকালে নিম্নলিখিত দশ প্রকার কার্য্যকারী, আততায়ী বলিয়া পরিগণিত হইত।

১৯। আততায়ী দশ প্রকার, যথা ;—

(১) খড়্গাঘাত করিতে উদ্যত। (২) বিষপ্রয়োগে উদ্যত।

১৬। গুরুং বা বালবৃদ্ধৌ বা ব্রাহ্মণং বা বহুশ্রুতম্।
আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্॥ বিষ্ণু, ৫ অ। ১৮৫। মনু, ৮ অ। ৩৫০।

১৭। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন।
প্রকাশং বাপ্রকাশং বা মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি॥ বিষ্ণু, ৫ অ। ১৮৬। মনু, ৮ অ। ৩৫১॥

১৮। আত্মনশ্চ পরিত্রাণে দক্ষিণানাঞ্চ সঙ্গরে।
স্ত্রীবিপ্রাভ্যুপপত্তৌ চ ধর্ম্মেণ ঘ্নন্ ন দুষ্যতি॥ মনু, ৮ অ। ৩৪৯।

১৯। উদ্যতাসিবিষাগ্নিঞ্চ শাপোদ্যতকরং তথা।
আথর্ব্বণেন হন্তারং পিশুনঞ্চৈব রাজসু॥
ভার্য্যাতিক্রমিণঞ্চৈব বিদ্যাৎ সপ্তাততায়িনঃ।
যশোবিত্তহরানন্যানাহুর্ধর্ম্মার্থহারকান্॥ বিষ্ণু, ৫ অ। ১৮৭—১৮৮।

(৩) অগ্নিদানে (অর্থাৎ গৃহাদি দাহে) উদ্যত। (৪) শাপদানার্থে উদ্যত-হস্ত। (৫) আথর্ব্বণিক কার্য্য (অর্থাৎ অভিচার) দ্বারা মারিতে উদ্যত। (৬) রাজসকাশে কুৎসাকারী (অর্থাৎ যে অপরাধে বধদণ্ড হয়, মিছামিছি রাজার নিকট সেই অপরাধ-ঘটিত নিন্দাকারী)। (৭) ভার্য্যাপহারী। (৮) কীর্ত্তিহারক (অর্থাৎ যে ব্যক্তি বিশিষ্ট অপবাদ দিয়া কীর্ত্তি নষ্ট করে)। (৯) ধনাপহারী। (১০) ধর্ম্মকার্য্য-বিনাশী। বিষ্ণু, ৫ অ। ১৮৭—১৮৮।

২০। যে রাজশাসন ন্যূনাধিক করিয়া লেখে এবং যে পরদারগামী অথবা যে চোরকে গ্রহণ করিয়া মোচন করে, তাহাদিগের উত্তমসাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ১৯৮।

২১। যে ব্রাহ্মণকে ভক্ষ্যদ্রব্যাদি ব্যপদেশে তাঁহার অজ্ঞাতসারে মূত্র-পুরীষাদি ভোজন করায় তাহার উত্তমসাহস দণ্ড। ক্ষত্রিয়কে ঐরূপ করিলে মধ্যমসাহস, বৈশ্যকে উহা করিলে প্রথমসাহস এবং শূদ্রকে ঐরূপ করিলে তাহার অর্দ্ধভাগ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৯৯।

২২। অভক্ষ্য দ্বারা ব্রাহ্মণকে দূষিত করিলে ষোড়শ সুবর্ণ দণ্ড।

২০। উনং বাপ্যধিকং বাপি লিখেদ্যো রাজশাসনম্।
পারদারিকচৌরং বা মুঞ্চতো দণ্ড উত্তমঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৯৮।

২১। অভক্ষ্যেণ দ্বিজং দুষ্যন্ দণ্ড্য উত্তমসাহসম্।
ক্ষত্রিয়ং মধ্যমং বৈশ্যং প্রথমং শূদ্রমর্দ্ধকম্॥ যাজ্ঞ, ২ অ। ২৯৯।

২২। অভক্ষ্যেণ ব্রাহ্মণ দূষয়িত্বা ষোড়শ সুবর্ণান্॥
জাত্যপহারিণা শতম্॥ সুরয়া বধ্যঃ॥ ক্ষত্রিয়ং দূষয়িতুস্তদর্দ্ধম্॥
বৈশ্যং দূষয়িতুস্তদর্দ্ধমপি॥ শূদ্রং দূষয়িতুঃ প্রথম সাহসম্॥
বিষ্ণু, ৫ অ। ৯৭—১০২।

(অর্থাৎ ভোক্তা ব্রাহ্মণের অজ্ঞাতসারে তাহাকে সামান্য অভক্ষ্য ভোজন করাইলে উক্ত দণ্ড)। জাতিনাশক অভক্ষ্য গোমাংসাদি দ্বারা দূষিত করিলে শত সুবর্ণ অর্থ দণ্ড। আর সুরাদি দ্বারা দূষিত করিলে বধ দণ্ড। ক্ষত্রিয়কে দূষিত করিলে ঐ ঐ দণ্ডের অর্দ্ধ দণ্ড। বৈশ্যকে দূষিত করিলে ক্ষত্রিয়ের অর্দ্ধ দণ্ড। শূদ্রকে দূষিত করিলে প্রথমসাহস দণ্ড। বিষ্ণু, ৫ অ। ৯৭—১০২।

২৩। নিজকুলকলঙ্ক ভয়ে পরদারগামীকে চৌর বলিয়া ধরাইয়া দিলে, পঞ্চ শত পণ দণ্ড। আর পরদারগামীর নিকট উৎকোচ রূপে ধন গ্রহণ করিয়া তাহাকে ছাড়িয়া দিলে, গৃহীত ধনের আটগুণ অর্থ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ৩০৪।

২৪। যে বারংবার রাজার অনিষ্ট বিষয় বর্ণন করে, যে রাজনিন্দক এবং যে রাজার গুপ্তমন্ত্রণা শত্রুর নিকট ব্যক্ত করে, তাহাদিগকে জিহ্বাচ্ছেদন করিয়া নির্ব্বাসিত করিবে। যাজ্ঞ, ২ অ। ৩০৫।

২৫। যে মৃতশরীরসম্বন্ধ বস্তু বিক্রয় করে, যে গুরুকে তাড়না করে এবং যে রাজার যান বা আসনে আরোহণ করে, তাহাদিগের উত্তমসাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ৩০৬।

২৩। জারং চৌরেত্যভিবদন্ দাপ্যঃ পঞ্চশতং দমম্।
উপজীব্যধনং মুঞ্চংস্তদেবাষ্টগুণাকৃতম্॥ যাজ্ঞ,, ২ অ। ৩০৪।

২৪। রাজ্ঞোঽনিষ্টপ্রবক্তারং তস্যৈবাক্রোশকারিণম্।
তন্মন্ত্রস্য চ ভেত্তারং জিহ্বাং ছিত্বা প্রবাসয়েৎ॥ যাজ্ঞ, ২ অ। ৩০৫।

২৫। মৃতাঙ্গলগ্নবিক্রেতুর্গুরোস্তাড়য়িতুস্তথা।
রাজযানাসনারোঢ়ুর্দণ্ড উত্তমসাহসঃ॥ যাজ্ঞ, ২ অ। ৩০৬।

২৬। যে কাহারও দুই চক্ষু বিনষ্ট করিয়াছে, যে রাজার দ্বিষ্ট বিষয় আদেশ করে এবং যে প্রকৃত শূদ্র হইয়াও ভোজনাদির জন্য যজ্ঞোপবীতাদি ব্রাহ্মণচিহ্ন প্রদর্শন করে, তাহাদিগের অষ্টশত পণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ৩০৭।

২৭। রাজা কুদৃষ্ট-ব্যবহারে সম্পূর্ণরূপে বিচার করিয়া সেই বিবাদে পরাজিতের যে দণ্ড হইয়াছে, বিচারক, সভ্যগণ ও জেতা ইহাদিগের প্রত্যেক ব্যক্তির দ্বিগুণ দণ্ড করিবেন। যাজ্ঞ ২ অ। ৩০৮।

২৮। যে ন্যায্য বিচারে পরাজিত হইয়াও ঔদ্ধত্যাদি ক্রমে "পরাজিত হই নাই" বিবেচনা করিয়া পুনর্ব্বিচারার্থ উপস্থিত হয়, সেই ব্যক্তিকে ধর্ম্মানুসারে পুনর্ব্বার পরাজিত করিয়া, তাহার দ্বিগুণ দণ্ড করিবেন। যাজ্ঞ, ২ অ। ৩০৯।

২৯। রাজা লোভের বশবর্ত্তী হইয়া অন্যায়ক্রমে যে অর্থদণ্ড করেন, তাহা ত্রিংশদ্‌গুণ করিয়া "বরুণায় ইদং" এইরূপ সঙ্কল্পপূর্ব্বক নিবেদনান্তে ব্রাহ্মণদিগকে দান করিবেন। আর অন্যায়পূর্ব্বক যাহার নিকট দণ্ডরূপে গ্রহণ করিয়াছেন, তাহাকে তৎসমস্ত প্রত্যর্পণ করিবেন। যাজ্ঞ, ২ অ। ৩১০

২৬। দ্বিনেত্রভেদিনো রাজদ্বিষ্টাদেশকৃতস্তথা।
বিপ্রত্বেন চ শূদ্রস্য জীবতোঽষ্টশতোদমঃ॥ যাজ্ঞ, ২ অ। ৩০৭।

২৭। দুর্দ্দৃষ্টাংস্তু পুনর্দ্দৃষ্ট্বা ব্যবহারান্ নৃপেণতু।
সভ্যাঃ সজয়িনো দণ্ড্যা বিবাদাদ্দ্বিগুণং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ৩০৮।

২৮। যো মন্যেতাজিতোঽস্মীতি ন্যায়েনাপি পরাজিতঃ।
তমায়ান্তং পুনর্জিত্বা দাপয়েদ্দ্বিগুণম্ দমম্॥ যাজ্ঞ, ২ অ। ৩০৯।

২৯। রাজ্ঞান্যায়েন যো দণ্ডো গৃহীতো বরুণায় তম্।
নিবেদ্য দদ্যাদ্বিপ্রেভ্যঃ স্বয়ং ত্রিংশদ্গুণীকৃতম্॥ যাজ্ঞ, ২ অ। ৩১০।

৩০। প্রাড়্‌বিবাকাদি রাজনিযুক্ত পুরুষেরা ধনলোভে বিকৃত হইয়া উৎকোচ গ্রহণপূর্ব্বক যদি অর্থি-প্রত্যর্থীর কার্য্য নষ্ট করে, তবে রাজা উহাদিগকে একবারে সর্ব্বস্বান্ত করিবেন। মনু, ৯ অ। ২৩১।

৩১। মিথ্যা রাজাজ্ঞা-লেখক, প্রকৃতিবর্গের ভেদকারক, স্ত্রী-বালক ও ব্রাহ্মণহন্তা এবং শত্রুসেবীকে রাজা বধ করিবেন। মনু, ৯ অ। ২৩২।

৩২। ব্রাহ্মণঘাতী, সুরাপায়ী দ্বিজাতি, সুবর্ণহারী এবং গুরু-পত্নীগামী ইহাদিগের প্রত্যেককে মহাপাতকী বলিয়া জানিবে। এই চারিপ্রকার মহাপাতকী যদি যথাশাস্ত্র প্রায়শ্চিত্ত না করে, তবে রাজা গুরুপত্নীগমনে গন্তার ললাটে ভগাকার চিহ্ন, সুরাপানে সুরাপাত্র চিহ্ন, সুবর্ণাপহরণে কুকুরের পদচিহ্ন এবং ব্রাহ্মণঘাতীর ললাটে একটা কবন্ধ-পুরুষ তপ্তলৌহ

৩০। যে নিযুক্তাস্তু কার্য্যেষু হন্যুঃ কার্য্যাণি কার্য্যিণাম্।
ধনোষ্মণাপচ্যমানাস্তান্ নিঃস্বান্ কারয়েন্নৃপঃ॥ মনু, ৯ অ। ২৩১।

৩১। কূটশাসন কর্ত্তৃংশ্চ প্রকৃতীনাঞ্চ দূষকান্।
স্ত্রীবালব্রাহ্মণঘ্নাংশ্চ হন্যাদ্দ্বিট্‌সেবিনস্তথা॥ মনু, ৯ অ। ২৩২।

৩২ (ক) মহাপাতকিনো ব্রাহ্মণবর্জ্জং সর্ব্বে বধ্যাঃ॥ ন শারীরো ব্রাহ্মণস্য দণ্ডঃ।
স্বদেশাদ্ ব্রাহ্মণং কৃতাঙ্কং বিবাসয়েৎ॥
তস্য চ ব্রহ্মহত্যায়ামশিরস্কং পুরুষং ললাটে কুর্য্যাৎ॥
সুরাধ্বজং সুরাপানে॥ শ্বপদং স্তেয়ে॥ ভগং গুরুতল্পগমনে॥ বিষ্ণু, ৫। ১—৭।

(খ) ব্রহ্মহা চ সুরাপশ্চ স্তেয়ী চ গুরুতল্পগঃ।
এতে সর্ব্বে পৃথগ্ জ্ঞেয়া মহাপাতকিনো নরাঃ॥
চতুর্ণামপি চৈতেষাং প্রায়শ্চিত্তমকুর্ব্বতাম্।
শারীরং ধনসংযুক্তং দণ্ডং ধর্ম্ম্যং প্রকল্পয়েৎ॥
গুরুতল্পে ভগঃ কার্য্যঃ সুরাপানে সুরাধ্বজঃ।
স্তেয়ে চ শ্বপদং কার্য্যং ব্রহ্মহণ্যশিরাঃ পুমান্॥ মনু, ৯ অ। ২৩৫—২৩৭।

দ্বারা চিরকালের জন্য আঁকিয়া দিবেন। বিষ্ণু, ৫ অ।১—৭। মনু, ৯ অ। ২৩৫—২৩৭।

৩৩। ঐরূপ চিহ্নিত মহাপাতকীরা ভোজনীয় নয়, অধ্যাপনীয় নয়, ইহাদের সহিত কন্যাদান-সম্বন্ধ রাখাও উচিত নয়। উহারা সর্ব্বধর্ম্ম-বহিষ্কৃত হইয়া দীনভাবে পৃথিবীতে বিচরণ করিয়া বেড়াইবে। কৃতচিহ্ন-এই সকল মহাপাতকীকে জ্ঞাতি ও অপরাপর সম্পর্কীয়েরা একেবারে ত্যাগ করিবে, উহাদিগকে কিছুমাত্র দয়া করিবে না, উহাদিগকে নমস্কার

৩৩। অসম্ভোজ্যা হ্যসংযোজ্যা অসংপাঠ্যাবিবাহিনঃ।
চরেয়ুঃ পৃথিবীং দীনাঃ সর্ব্বধর্ম্ম বহিষ্কৃতাঃ॥
জ্ঞাতি সম্বন্ধিভিস্ত্বেতে ত্যক্তব্যাঃ কৃতলক্ষণাঃ॥
নির্দ্দয়া নির্নমস্কারাস্তন্মনোরনুশাসনম্॥
প্রায়শ্চিত্তন্তু কুর্ব্বাণাঃ সর্ব্বে বর্ণা যথোদিতম্।
নাঙ্ক্যা রাজ্ঞা ললাটে স্যুর্দাপ্যাস্তূত্তম সাহসম্॥
আগঃসু ব্রাহ্মণস্যৈব কার্য্যো মধ্যমসাহসঃ।
বিবাস্যো বা ভবেদ্রাষ্ট্রাৎ সদ্রব্যঃ সপরিচ্ছদঃ॥
ইতরে কৃতবন্তস্তু পাপান্যেতান্যকামতঃ।
সর্ব্বস্বহারমর্হন্তি কামতস্তু প্রবাসনম্॥
নাদদীত নৃপঃ সাধুর্মহাপাতকিনো ধনম্।
অদদানস্তু তল্লোভাৎ তেন দোষেণ লিপ্যতে॥
অপ্সু প্রবেশ্য তং দণ্ডং বরুণায়োপপাদয়েৎ।
শ্রুতবৃত্তোপপন্নে বা ব্রাহ্মণে প্রতিপাদয়েৎ॥
ঈশো দণ্ডস্য বরুণো রাজ্ঞাং দণ্ডধরো হি সঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতো ব্রাহ্মণো বেদপারগঃ॥
যত্র বর্জ্জয়তে রাজা পাপকৃদ্ভ্যো ধনাগমম্।
তত্র কালেন জায়ন্তে মানবা দীর্ঘজীবিনঃ॥
নিষ্পদ্যন্তে চ শস্যানি যথোপ্তানি বিশাং পৃথক্।
বালাশ্চ ন প্রমীয়ন্তে বিকৃতং ন চ জায়তে॥ মনু, ৯ অ। ২৩৮—২৪৭।

পর্য্যন্তও করিবে না, ইহাই মনুর অনুশাসন। ঐ সকল মহাপাতকীরা যদি স্ব স্ব বর্ণোচিত যথাশাস্ত্র প্রায়শ্চিত্ত করে, তবে উহাদিগের ললাটে ঐরূপ চিহ্ন অঙ্কিত করিতে হইবে না, পরন্তু রাজা উহাদিগকে উত্তমসাহস দণ্ড করিবেন। ব্রাহ্মণ অকাম-কৃত এই সকল মহাপাতক করিলে, রাজা তাহাকে মধ্যমসাহস দণ্ড দিবেন এবং কামকৃত হইলে সদ্রব্য-সপরিচ্ছদ রাজ্য হইতে নির্ব্বাসন করিবেন। ক্ষত্রিয়াদি অকামতঃ এই সকল মহা-পাতক করিলে উহাদের সর্ব্বস্বহরণ দণ্ড হইবে এবং কামতঃ করিলে উহাদেরও নির্ব্বাসন হইবে। সাধু রাজা মহাপাতকীর ধন কদাচ গ্রহণ করিবেন না; লোভবশতঃ ঐরূপ করিলে ঐ মহাপাতকসংযুক্ত হইতে হয়। মহাপাতকীর দণ্ড করিয়া যে ধন হইবে, তাহা বরুণের উদ্দেশে জলে নিক্ষেপ করিবেন অথবা বৃত্ত-স্বাধ্যায়-সম্পন্ন ব্রাহ্মণে অর্পণ করিবেন, যেহেতু বরুণদেব রাজাদিগেরও শাস্তা, সেই জন্য তিনি ঐ দণ্ডধন-গ্রহণে সমর্থ এবং বেদপারগ ব্রাহ্মণ সমস্ত জগতের প্রভু বলিয়া তিনি ঐ ধন গ্রহণে সমর্থ। যে দেশে রাজা পাপকারীর ধন গ্রহণ করেন না তথায় মানবেরা যথাকলে জন্মগ্রহণ করে, এবং দীর্ঘজীবী হয়, তথায় বৈশ্যেরা যেরূপে শস্যাদি বপন করে, শস্য সকলও সেইরূপ নিষ্পন্ন হয়; বালক অবস্থায় কেহ মরে না অথবা বিকৃত পুরুষসকলও জন্মগ্রহণ করে না। মনু, ৯ অ। ২৩৮—২৪৭।

৩৪।[1] শূদ্রবর্গ যদি কামতঃ ব্রাহ্মণকে শারীরিক বা আর্থিক পীড়া দেয়, তবে রাজা উদ্বেগকর নাসিকা-কর্ণচ্ছেদাদি বিবিধ বধোপায় দ্বারা তাহাকে বধ করিবেন। মনু, ৯ অ। ২৪৮।

৩৪। ব্রাহ্মণান্ বাধমানন্তু কামাদবরবর্ণজম্।
হন্যাচ্চিত্রৈর্বধোপায়ৈরুদ্বেজনকরৈর্নৃপঃ॥ মনু, ৯ অ। ২৪৮।

৩৫। রাজকোষের অপহর্ত্তা, রাজার প্রতিকূলাচারী এবং রাজার সহিত শত্রুর বৈরীবৃদ্ধিকারীদিগকে নানাবিধ দণ্ড দিয়া রাজা বধ করিবেন। মনু, ৯ অ। ২৭৫।

৩৬। তড়াগ-ভেদকারী ব্যক্তিকে জলে ডুবাইয়া মারিবে, অথবা শুদ্ধ বধ করিবে, কিন্তু সে যদি তড়াগভেদ করিয়া আবার পূর্ব্বমত সংস্কার করিয়া দেয়, তবে উহাকে উত্তমসাহস দণ্ড দিবেন। মনু, ৯ অ।২৭৯।

৩৭। রাজসম্বন্ধীয় ধান্যাদিগৃহ, ধনাগার, অস্ত্রশস্ত্রাদি গৃহ এবং দেব-প্রতিমাগৃহ যে ব্যক্তি বিনষ্ট করে, অথবা রাজার হস্ত্যশ্বের অপহরণ করে, কোন বিচার না করিয়া, রাজা তাহাকে বধ করিবেন। মনু ৯ অ।২৮০।

৩৮। যে ব্যক্তি, সাধারণের জন্য কৃত তড়াগের উদক একেবারে নষ্ট করে, অথবা সেতু দ্বারা জলপথ বন্ধ করে, রাজা উহাকে প্রথমসাহস দণ্ড করিবেন। মনু ৯ অ। ২৮১।

৩৯। যে ব্যক্তি অনাপৎকালে রাজমার্গে বিষ্ঠোৎসর্গ করে, রাজা

৩৫। রাজ্ঞঃ কোশাপহর্ত্তৄংশ্চ প্রতিকূলেষু চ স্থিতান্।
ঘাতয়েদ্বিবিধৈর্দণ্ডৈররীণাঞ্চোপজাপকান্॥ মনু, ৯ অ। ২৭৫।

৩৬। তড়াগভেদকং হন্যাদপ্সু শুদ্ধবধেন বা।
তদ্বাপি প্রতিসংস্কুর্য্যাদ্দাপ্যস্তূত্তমসাহসম্॥ মনু, ৯ অ। ২৭৯।

৩৭। কোষ্ঠাগারায়ুধাগার দেবতাগার ভেদকান্।
হস্ত্যশ্বরথহর্ত্তৄংশ্চ হন্যাদেবাবিচারয়ন্। মনু, ৯ অ। ২৮০।

৩৮। যস্তুপূর্ব্বনিবিষ্টস্য তড়াগস্যোদকং হরেৎ।
আগমং বাপ্যপাং ভিন্দ্যাৎ স দাপ্যঃ পূর্ব্বসাহসম্। মনু, ৯ অ। ২৮১।

৩৯ (ক) সমুৎসৃজেদ্রাজমার্গে যস্ত্বমেধ্যমনাপদি।
স দ্বৌ কার্ষাপণৌ দদ্যাদমেধ্যঞ্চাশুশোধয়েৎ।
আপদ্গতোঽথবা বৃদ্ধো গর্ভিণী বাল এব বা।
পরিভাষণমর্হন্তি তচ্চ শোধ্যমিতি স্থিতিঃ॥ মনু, ৯ অ। ২৮২—২৮৩।

উহাকে কার্ষাপণদ্বয় দণ্ড করিবেন, আর ঐ বিষ্ঠা উহার দ্বারা পরিষ্কার করাইয়া লইবেন। যদি আপদ্গত বৃদ্ধ, গর্ব্বিণী বা বালক ঐরূপ করে, তবে উহাদিগকে ভৎসনা করিবে এবং উহাদিগের দ্বারা বিষ্ঠা পরিষ্কার করাইবে। মনু ৯ অ। ২৮২—২৮৩। বিষ্ণু ৫ অ। ১০৫—১০৬।*

৪০। গৃহ বা পুরাদি প্রাকারের ভেদকারক, পরিখার পূরক বা পরিখার দ্বারভঙ্গকারী, এ সকল ব্যক্তিকে রাজা তৎক্ষণাৎ প্রবাসিত করিবেন। মনু, ৯ অ। ২৮৯।

৪১। অন্যকে মারিবার জন্য সকল প্রকার আভিচারিক কার্য্যে, বশীকরণে এবং বিবিধ উচ্চাটনাদি কার্য্যে দ্বিশত পণ দণ্ড। মনু ৯ অ।২৯০।

৪২। চিকিৎসকেরা যদি মিথ্যা চিকিৎসা করে, তবে গবাদি পশু-চিকিৎসা সম্বন্ধে প্রথমসাহস দণ্ড, এবং মানুষ চিকিৎসা সম্বন্ধে মধ্যমসাহস দণ্ড হইবে। রাজপুরুষকে ঐরূপ করিলে উত্তমসাহস দণ্ড হইবে। মনু, ৯ অ। ২৮৪।

৪৩। অদূষিত দ্রব্যের দূষণে বা ভেদনে অথবা অভেদ্য মণি ভেদনে,

(খ) পথ্যুদ্যানোদকসমীপেঽশুচিকারী পণশতম্॥ তচ্চাপাস্যাৎ॥
বিষ্ণু, ৫ অ। ১০৫—১০৬।

৪০। প্রাকারস্য চ ভেত্তারং পরিখাণাঞ্চ পূরকম্।
দ্বারাণাঞ্চৈব ভঙ্ক্তারং ক্ষিপ্রমেব প্রবাসয়েৎ॥ মনু, ৯ অ। ২৮৯।

৪১। অভিচারেষু সর্ব্বেষু কর্ত্তব্যো দ্বিশতো দমঃ।
অমূলকর্ম্মণি চানাপ্তেঃ কৃত্যাসু বিবিধাসু চ॥ মনু, ৯ অ। ২৯০।

৪২। চিকিৎসকানাং সর্ব্বেষাং মিথ্যাপ্রচরতাং দমঃ।
অমানুষেষু প্রথমো মানুষেষু তু মধ্যমঃ॥ মনু, ৯ অ। ২৮৪।

৪৩। অদূষিতানাং দ্রব্যাণাং দূষণে ভেদনে তথা।
মণীনামপবেধে চ দণ্ডঃ প্রথমসাহসঃ॥ মনু, ৯ অ। ২৮৬।

---

* বিষ্ণু এই অপরাধে শতপণ দণ্ড ব্যবস্থা করিয়াছেন।

বা মুক্তাপ্রবালাদির অযথাস্থানে ভেদনে ভেত্তার প্রথমসাহস দণ্ড হইবে। মনু, ৯ অ। ২৮৬।

৪৪। যে ব্যক্তি মিথ্যাপ্রতারণাদি দ্বারা পরধন হরণ করে, রাজা তাহাকে এবং তাহার ঐ কার্য্যে সাহায্যকারীদিগকে বিবিধ উপায়ে শাস্তি দিবেন, অথবা বধ করিবেন। মনু, ৮ অ। ১৯৩।

৪৫। যাহারা কূটশাসন (অর্থাৎ জানিয়া শুনিয়া লোভাদিবশতঃ অবশাসন) করে, অথবা (রাজদত্ত তাম্রশাসনাদি জাল করার নাম কূট-শাসন, যাহারা তাহা করে) যাহারা জাল দলিল প্রস্তুত করে, যাহারা বিষপান করিতে দেয়, গৃহে অগ্নি লাগাইয়া দেয়, দস্যুবৃত্তি করে, স্ত্রীহত্যা, বালকহত্যা বা পুরুষ হত্যা করে, দশ কুম্ভাধিক ধান্য অপহরণ করে, যাহারা শত পলাধিক তুলা পরিচ্ছেদ্য সুবর্ণরজতাদি হরণ করে, যাহারা রাজবংশে উৎপন্ন না হইয়াও রাজ্য আকাঙ্ক্ষা করে, যাহারা সেতু ভাঙ্গিয়া দেয়, যাহারা অসামর্থ্য ব্যতীত দস্যুদিগের স্থান ও আহার প্রদান করে (রাজা যদি দস্যু নিবারণে অসমর্থ হন, তাহা হইলে যাহারা অন্য দস্যুর নিবারণার্থ কোন দস্যুকে বশীভূত করিতে স্থান ও আহার দান করে তাহারা এস্থানে গ্রাহ্য নহে); যে স্ত্রী স্বামীর বাধ্য নহে এবং যে স্ত্রী ব্যভিচারিণী, রাজা তাহাদিগকে বধ করিবেন। বিষ্ণু, ৫ অ। ৯—১৮।

৪৪। উপাধাভিশ্চ যঃ কশ্চিৎ পরদ্রব্যং হরেন্নরঃ।
সসহায়ঃ স হন্তব্যঃ প্রকাশং বিবিধৈর্ব্বধৈঃ॥ মনু, ৮ অ। ১৯৩।

৪৫। কূটশাসন কর্ত্তৃংশ্চ রাজা হন্যাৎ ॥ কূটলেখ্যকারাংশ্চ ॥
গরদাগ্নিদপ্রসহ্যতস্করান্ স্ত্রীবালপুরুষঘাতিনশ্চ ॥
যে চ ধান্যং দশভ্যঃ কুম্ভেভ্যোঽধিকমপহরেয়ুঃ ॥ ধরিমমেয়ানাং শতাদভ্যধিকম্ ॥
যে চাকুলীনা রাজ্যমভিকাময়েয়ুঃ ॥ সেতুভেদকাংশ্চ ॥
প্রসহ্য তস্করাণাঞ্চাবকাশভক্তপ্রদাংশ্চ ॥ অন্যত্র রাজাশক্তেঃ ॥
স্ত্রিয়মশক্তভর্ত্তৃকাং তদতিক্রমণীঞ্চ। বিষ্ণু, ৫ অ। ৯—১৮।

৪৬। অস্পৃশ্যজাতি (অর্থাৎ চণ্ডালাদি) জ্ঞানতঃ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যকে স্পর্শ করিলে বধ্য হইবে। রজঃস্বলা ঐরূপ করিলে, তাহাকে শিফা (বৃক্ষশাখা) দ্বারা তাড়না করিবে। বিষ্ণু, ৫ অ। ১০৩—১০৪।

৪৭। যে পরকীয় গৃহে পীড়াকর দ্রব্য নিক্ষেপ করে, যে সাধারণ বস্তু অপলাপ করে, যে ব্যক্তি প্রেরিত বস্তু প্রদান না করে (অর্থাৎ যে ব্যক্তি অপরের জন্য প্রেরিত বস্তু আত্মসাৎ করে,) তাহার শতপণ দণ্ড। বিষ্ণু, ৫ অ। ১০৯—১১০।

৪৮। যাহাদিগকে পথ দেওয়া উচিত তাহাদিগকে পথ না দিলে পঞ্চবিংশতি কার্ষাপণ দণ্ড। যাহাকে আসন দেওয়া উচিত তাহাকে আসন না দিলে ও পূজার্হ ব্যক্তিকে পূজা না করিলে, প্রতিবেশী ব্রাহ্মণকে অতিক্রম করিয়া অপরকে নিমন্ত্রণ করিলে এবং নিমন্ত্রণ করিয়া ভোজন না করাইলেও ঐরূপ দণ্ড। বিষ্ণু, ৫ অ। ৯১—৯৫।

৪৯। যে ব্যক্তি নিমন্ত্রিত হইয়া "আচ্ছা" বলে (অর্থাৎ স্বীকার করে) অথচ ভোজন করে না, সে সুবর্ণমাষক অর্থ দণ্ড এবং নিমন্ত্রয়িতাকে দ্বিগুণ অন্ন দিবে। (অর্থাৎ নিমন্ত্রণ স্বীকার করিয়া তথায় আহার না করিলে উক্ত দণ্ড হইবে)। বিষ্ণু, ৫ অ। ৯৬।

৪৬। কামকারেণাস্পৃশ্যস্ত্রৈবর্ণিকং সংস্পৃশন্ বধ্যঃ ॥
রজস্বলাং শিফাভিস্তাড়য়েৎ ॥ বিষ্ণু, ৫ অ। ১০৩—১০৪।

৪৭। গৃহে পীড়াকরং দ্রব্যং প্রক্ষিপন্ পণশতম্। সাধারণ্যাপলাপী চ ॥
বিষ্ণু, ৫ অ। ১০৯—১১০।

৪৮। যেষাং দেয়ঃ পন্থাস্তেষামপথদায়ী কার্ষাপণানাং পঞ্চবিংশতিং দণ্ড্যঃ ॥
আসনার্হস্যাসনমদদচ্চ ॥ পূজার্হমপূজয়ংশ্চ ॥ প্রাতিবেশ্যব্রাহ্মণে নিমন্ত্রণাতিক্রমে চ ॥
নিমন্ত্রয়িত্বা ভোজনাদায়িনশ্চ ॥ বিষ্ণু, ৫ অ। ৯১—৯৫।

৪৯। নিমন্ত্রিতস্তথেত্যুক্তবানভুঞ্জানঃ সুবর্ণমাষকং নিমন্ত্রয়িতুশ্চ দ্বিগুণমন্নম্ ॥
বিষ্ণু, ৫ অ। ৯৬।

৫০। কর্ম্মক্ষম ঋত্বিক্‌কে যে যজমান অকারণ ত্যাগ করে, এবং দোষ-রহিত যজমানকে যে ঋত্বিক্ অকারণ ত্যাগ করে, এই উভয়ের একশতপণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৮৮।

৫১। কোন মঙ্গলকার্য্যে বিংশতি-সংখ্যক ব্রাহ্মণ ভোজন করাইতে হইলে যদি গৃহস্থ প্রতিবেশী অথবা তদনন্তরবর্ত্তী অনুবেশী ভোজনার্হ ব্রাহ্মণকে অতিক্রম করিয়া অন্য ব্রাহ্মণকে ভোজন করায়, তবে তাহার একমাষা রূপা দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৯২।

৫২। নিজে শ্রোত্রীয় হইয়া প্রতিবেশী বা অনুবেশী শ্রোত্রীয় সাধুকে যদি কেহ বিবাহাদি ভূতিকার্য্যে ভোজন না করান, তবে তাঁহাকে ভোজনের দ্বিগুণ ভোজ্য দ্রব্য দিতে হইবে এবং তাহার এক সুবর্ণ-মাষা দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৯৩।

৫৩। ব্রাহ্মণ যদি প্রভুত্ব বা লোভবশতঃ অনিচ্ছুক ব্রাহ্মণকে স্বীয় পাদপ্রক্ষালনাদিরূপ দাস্য কর্ম্মে নিযুক্ত করেন, তবে রাজা তাঁহাকে ছয়শত পণ দণ্ড করিবেন। পরন্তু ক্রীত বা অক্রীত হউক, শূদ্র দ্বারা তিনি দাস্য-কর্ম্ম করাইয়া লইবেন, যেহেতু বিধাতা দাস্যকর্ম্ম-নির্ব্বাহার্থে উহাকে সৃষ্টি করিয়াছেন। মনু ৮ অ। ৪১২—৪১৩।

৫০। ঋত্বিজং যস্ত্যজেদ্‌যাজ্যো যাজ্যঞ্চর্ত্বিক্‌ত্যজেদ্ যদি।
শক্তং কর্ম্মণ্যদুষ্টঞ্চ তয়োর্দণ্ডঃ শতং শতম্॥ মনু, ৮ অ। ৩৮৮।

৫১। প্রাতিবেশ্যানুবেশ্যৌ চ কল্যাণে বিংশতিদ্বিজে।
অর্হাবভোজয়ন্ বিপ্রো দণ্ডমর্হতি মাষকম্॥ মনু, ৮ অ। ৩৯২।

৫২। শ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়ং সাধুং ভূতিকৃত্যেষভোজয়ন্।
তদন্নং দ্বিগুণং দাপ্যো হিরণ্যঞ্চৈব মাষকম্॥ মনু, ৮ অ। ৩৯৩।

৫৩। দাস্যন্তু কারয়ন্ লোভাদ্‌ব্রাহ্মণঃ সংস্কৃতান্ দ্বিজান্।
অনিচ্ছতঃ প্রাভবত্যাদ্রাজ্ঞা দণ্ড্যঃ শতানি ষট্॥
শূদ্রন্তু কারয়েদ্দাস্যং ক্রীতমক্রীতমেব বা।
দাস্যায়ৈব হি সৃষ্টোঽসৌ ব্রাহ্মণস্য স্বয়ম্ভুবা॥ মনু, ৮ অ। ৪১২—৪১৩।

৫৪। মাতা, পিতা, স্ত্রী, পুত্র ইঁহারা ত্যাগার্হ নহেন, ইঁহাদের পাতিত্য না থাকিলে যে ব্যক্তি ইঁহাদিগকে ত্যাগ করে, রাজা তাহাকে ছয়শতপণ দণ্ড করিবেন। মনু, ৮ অ। ৩৮৯।

পঞ্চাশত্তম স্তবক।

[স্ত্রী-সংগ্রহণ-বিষয়ক বিচারবিধি।]

১। পরদারসম্ভোগে প্রবৃত্ত মনুষ্যদিগকে রাজা নানাবিধ উদ্বেগজনক নাসাকর্ণচ্ছেদাদি দণ্ড দ্বারা চিহ্নিত করিয়া দেশ হইতে বহিষ্কৃত করিবেন। মনু, ৮ অ। ৩৫২।

২। পরদার-সম্ভোগে লোকমধ্যে বর্ণসঙ্কর উপস্থিত হয় এবং তাহা হইতে অধর্ম্ম ও তাহা হইতে সর্ব্বনাশ ঘটে। মনু, ৮ অ। ৩৫৩।

৩। যে পূর্ব্ব হইতে পরদারদোষে দোষী বলিয়া বিদিত, সেই পুরুষ নির্জ্জনে যদি কোন পরস্ত্রীর সহিত সম্ভাষণ করে, তবে তাহার উত্তমসাহস দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৫৪।

৫৪। ন মাতা ন পিতা ন স্ত্রী ন পুত্রস্ত্যাগমর্হতি।
ত্যজন্নপতিতানেতান্ রাজ্ঞা দণ্ড্যঃ শতানি ষট্॥ মনু, ৮ অ। ৩৮৯।

১। পরদারাভিমর্ষেষু প্রবৃত্তান্ নৄন্ মহীপতিঃ।
উদ্বেজনকরৈর্দণ্ডৈশ্চিহ্নয়িত্বা প্রবাসয়েৎ॥ মনু, ৮ অ। ৩৫২।

২। তৎসমুত্থো হি লোকস্য জায়তে বর্ণসঙ্করঃ।
যেন মূলহরোঽধর্ম্মঃ সর্ব্বনাশায় কল্পতে॥ মনু, ৮ অ। ৩৫৩।

৩। পরস্য পত্ন্যা পুরুষঃ সম্ভাষাং যোজয়ন্ রহঃ।
পূর্ব্বমাক্ষারিতো দোষৈঃ প্রাপ্নুয়াৎ পূর্ব্বসাহসম্॥ মনু, ৮ অ। ৩৫৪।

৪। যে পূর্ব্ব হইতে নির্দ্দোষী বলিয়া বিদিত, সে যদি কোন কারণ-বশতঃ নির্জ্জনে পরস্ত্রীর সহিত সম্ভাষণ করে, তবে তাহার কোন দণ্ড হইবে না, কারণ তাহার অপরাধ নাই। মনু, ৮ অ। ৩৫৫।

৫। তীর্থে (ঘাটে), অরণ্যে, নির্জ্জনবনে বা নদীসঙ্গমস্থলে, যে, পরস্ত্রীর সহিত কথোপকথন করে, তাহার সে দোষ স্ত্রী-সংগ্রহণরূপে গণ্য হইবে। মনু, ৮ অ। ৩৫৬।

৬। সুগন্ধি মাল্যাদি প্রেরণ, পরিহাস ও আলিঙ্গন, অলঙ্কারস্পর্শ বা বস্ত্রধারণ, এক শয্যায় শয়ন এবং একত্র ভোজন—পরস্ত্রীর সহিত এ সকল ব্যবহার করিলে, স্ত্রীসংগ্রহণরূপে গণ্য হইবে। মনু, ৮ অ। ৩৫৭।

৭। শূদ্র যদি অকামা ব্রাহ্মণীতে উক্ত প্রকার সংগ্রহণ করে, তবে উহার প্রাণান্ত দণ্ড হইবে; চারিবর্ণেরই সদাসর্ব্বদা সর্ব্বাপেক্ষা ভার্য্যা অত্যন্ত রক্ষণীয়া। মনু, ৮ অ। ৩৫৯।

৮। ভিক্ষাজীবী, বন্দী (বন্দনাকারী), ঋত্বিক্ এবং সূপকারাদি কারুকর,—ইহারা পরস্ত্রীর সহিত অনিবারিতভাবে কথা কহিতে পারে। মনু, ৮ অ। ৩৬০।

৪। যস্ত্বনাক্ষারিতঃ পূর্ব্বমভিভাষেত কারণাৎ।
ন দোষং প্রাপ্নুয়াৎ কিঞ্চিন্নহি তস্য ব্যতিক্রমঃ॥ মনু, ৮ অ। ৩৫৫

৫। পরস্ত্রিয়ং যোঽভিবদেৎ তীর্থেঽরণ্যে বনেঽপি বা।
নদীনাং বাপি সম্ভেদে স সংগ্রহণমাপ্নুয়াৎ॥ মনু, ৮ অ। ৩৫৬।

৬। উপচারক্রিয়াকেলিঃ স্পর্শো ভূষণবাসসাম্।
সহ খট্বাসনঞ্চৈব সর্ব্বং সংগ্রহণং স্মৃতম্॥ মনু, ৮ অ। ৩৫৭।

৭। অব্রাহ্মণঃ সংগ্রহণে প্রাণান্তং দণ্ডমর্হতি।
চতুর্ণামপি বর্ণানাং দারা রক্ষ্যতমাঃ সদা॥ মনু, ৮ অ। ৩৫৯।

৮। ভিক্ষুকা বন্দিনশ্চৈব দীক্ষিতাঃ কারবস্তথা।
সম্ভাষণং সহ স্ত্রীভিঃ কুর্য্যুরপ্রতিবারিতাঃ॥ মনু, ৮ অ। ৩৬০।

৯। স্বামি-কর্ত্তৃক নিষিদ্ধ হইলে, তাহার স্ত্রীর সহিত সম্ভাষণ করিবে না; নিষিদ্ধ হইয়াও যে এরূপ কথা কহে, তাহার এক সুবর্ণ দণ্ড হয়। মনু, ৮ অ। ৩৬১।

১০। পরস্ত্রীসম্বন্ধে পূর্ব্বে যে সকল বিধি উক্ত হইল, উহা নট, নর্ত্তক কিংবা ভার্য্যোপজীবী নীচ লোকদিগের স্ত্রী-সম্বন্ধে খাটিবে না, কারণ তাহারা স্বয়ংই ধনলোভে স্ব স্ব স্ত্রীকে অপরের সহিত সঙ্গত করিয়া দেয়, অথবা লুক্কায়িতভাবে অপরকে স্বগৃহে স্ত্রীর সহিত আমোদ করিতে দেখে। তথাপি যদি ঐ সকল লোকের স্ত্রীর সহিত, দাসীর সহিত, অথবা কপটব্রহ্মচারিণীর সহিত গোপনে ব্যভিচার করে, তবে ব্যভিচার কর্ত্তার কিঞ্চিৎ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৬২—৩৬৩।

১১। অকামা কন্যাগমন করিলে সদ্যঃশারীরিক দণ্ড হইবে, সমান জাতীয়া সকামা কন্যাগমনে শারীরিক দণ্ড নাই। মনু, ৮ অ। ৩৬৪।

১২। অপকৃষ্ট জাতীয় স্ত্রীলোক যদি আপন অপেক্ষা উৎকৃষ্ট জাতীয় পুরুষকে সম্ভোগার্থ ভজনা করে, তবে ঐ স্ত্রীলোকের কিছুই দণ্ড হইবে

৯। ন সম্ভাষাং পরস্ত্রীভিঃ প্রতিষিদ্ধঃ সমাচরেৎ।
নিষিদ্ধোভাষমাণস্তু সুবর্ণং দণ্ডমর্হতি॥ মনু, ৮ অ। ৩৬১

১০। নৈষ চারণদারেষু বিধির্নাত্মোপজীবিষু।
সজ্জয়ন্তি হি তে নারীর্নিগূঢ়াশ্চারয়ন্তি চ॥
কিঞ্চিদেব তু দাপ্যঃ স্যাৎ সম্ভাষাং তাভিরাচরন্।
প্রৈষ্যাসু চৈকভক্তাসু রহঃ প্রব্রজিতাসু চ॥ মনু, ৮ অ। ৩৬২—৩৬৩।

১১। যোঽকামাং দূষয়েৎ কন্যাং সদ্যো বধমর্হতি।
সকামাং দূষয়ংস্তুল্যো ন বধং প্রাপ্নুয়ান্নরঃ। মনু, ৮ অ। ৩৬৪।

১২। কন্যাং ভজন্তীমুৎকৃষ্টং ন কিঞ্চিদপি দাপয়েৎ।
জঘন্যং সেবমানাস্তু সংযতাং বাসয়েদ্‌গৃহে॥ মনু, ৮ অ। ৩৬৫।

না; আর যদি অপকৃষ্ট জাতিকে সেবা করে, তবে যাবৎ সে বৃত্তকামা (অতীতকামা) না হয়, তাবৎ তাহাকে গৃহে নিরুদ্ধা করিয়া রাখিবে। মনু, ৮ অ। ৩৬৫।

১৩। অধম জাতীয় পুরুষ যদি উত্তমজাতীয়া কন্যাকে ভজনা করে, তবে পুরুষের লিঙ্গচ্ছেদাদি শারীরিক দণ্ড হইবে এবং সমানজাতীয়া সকামা কন্যাকে ভজনা করিলে শারীরিক দণ্ড হইবে না; পরন্তু তাহার পিতা যদি ইচ্ছা করে, তবে কন্যাকে শুল্ক দিতে হইবে। মনু, ৮ অ। ৩৬৬।

১৪। "আমি ধনী লোকের কন্যা" এই দর্পে অথবা আপনার সৌন্দর্য্যদর্পে, যে স্ত্রীলোক নিজপতি পরিত্যাগ করিয়া পরপুরুষ গমন করে, তাহাকে বহু-লোকসমাজে লইয়া কুকুর দিয়া খাওয়াইবে; আর সেই পাপকারী জারপুরুষকে তপ্তলৌহময় শয়নে শয়ান করাইয়া দাহ করিবে—যাবৎ না পাপিষ্ঠ ভস্মসাৎ হয়, তাবৎ অগ্নিতে কাষ্ঠ নিক্ষেপ করিবে। মনু, ৮ অ। ৩৭১—৩৭২।

১৫। একবার দণ্ডিত হইয়া পুনর্ব্বার বৎসরাতীতে যদি পরস্ত্রীগমন-রূপ দোষে দোষী হয়, তবে সেই দুষ্টের দ্বিগুণ দণ্ড হইবে; ব্রাত্যজাত স্ত্রী ও চাণ্ডালী স্ত্রীগমনেও ঐ দণ্ড। মনু, ৮ অ। ৩৭৩।

১৩। উত্তমাং সেবমানস্তু জঘন্যো বধমর্হতি।
শুল্কং দদ্যাৎ সেবমানঃ সমামিচ্ছেৎ পিতা যদি॥ মনু, ৮ অ। ৩৬৬।

১৪। ভর্ত্তারং লঙ্ঘয়েদ্‌যা তু স্ত্রী জ্ঞাতিগুণদর্পিতা।
তাং শ্বভিঃ খাদয়েদ্রাজা সংস্থানে বহুসংস্থিতে॥
পুমাংসং দাহয়েৎ পাপং শয়নে তপ্ত আয়সে।
অভ্যাদধ্যুশ্চ কাষ্ঠানি তত্র দহ্যেত পাপকৃৎ॥ মনু, ৮ অ। ৩৭১—৩৭২॥

১৫। সংবৎসরাভিশস্তস্য দুষ্টস্য দ্বিগুণো দমঃ।
ব্রাত্যয়া সহ সংবাসে চাণ্ডাল্যা তাবদেব তু॥ মনু, ৮ অ। ৩৭৩।

১৬। যত্নরক্ষাযুক্তাই হউক, বা অরক্ষিতাই হউক, শূদ্র দ্বিজাতি-স্ত্রীগমন করিলে, অরক্ষিতাগমনে শূদ্রের লিঙ্গচ্ছেদ ও সর্ব্বস্বহরণ দণ্ড এবং ভর্ত্তাদিকর্ত্তৃক রক্ষিতা স্ত্রীগমনে বধ ও সর্ব্বস্বহরণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৭৪।

১৭। বৈশ্য যদি যত্নরক্ষিতা ব্রাহ্মণীগমন করে, তবে উহার এক বৎসর কারারোধ ও সর্ব্বস্বহরণ দণ্ড হইবে, এবং ক্ষত্রিয় যদি ঐরূপ ব্রাহ্মণী গমন করে, তবে উহার সহস্রপণ দণ্ড ও গর্দ্দভমূত্রদ্বারা মস্তকমুণ্ডন হইবে। মনু, ৮ অ। ৩৭৫।

১৮। বৈশ্য ও ক্ষত্রিয় যদি রক্ষারহিতা ব্রাহ্মণীগমন করে, তবে বৈশ্যের পাঁচশত পণ দণ্ড ও ক্ষত্রিয়ের সহস্র পণ দণ্ড হইবে। মনু, ৮ অ।৩৭৬।

১৯। বৈশ্য বা ক্ষত্রিয় যদি গুণবতী রক্ষণযুক্তা ব্রাহ্মণীগমন করে, তাহা হইলে উহারা শূদ্রবৎ দণ্ডনীয় হইবে; অথবা দর্ভ বা শরদ্বারা উহাদিগকে আচ্ছাদিত করিয়া দগ্ধ করাইবে। মনু, ৮ অ। ৩৭৭।

২০। ব্রাহ্মণ যদি রক্ষাযুক্তা ব্রাহ্মণীতে বলপূর্ব্বক গমন করে, তবে ব্রাহ্মণের সহস্রপণ দণ্ড হইবে, আর সকামাব্রাহ্মণীগমনে উহার পাঁচশত পণ দণ্ড হইবে। মনু, ৮ অ। ৩৭৮।

১৬। শূদ্রো গুপ্তমগুপ্তং বা দ্বৈজাতং বর্ণমাবসন্।
অগুপ্তমঙ্গসর্ব্বস্বৈর্গুপ্তং সর্ব্বেণ হীয়তে॥ মনু, ৮ অ। ৩৭৪।

১৭। বৈশ্যঃ সর্ব্বস্বদণ্ডঃ স্যাৎ সংবৎসর নিরোধতঃ।
সহস্রং ক্ষত্রিয়ো দণ্ড্যো মৌণ্ড্যং মূত্রেণ চার্হতি॥ মনু, ৮ অ। ৩৭৫।

১৮। ব্রাহ্মণীং যদ্যগুপ্তাস্তু গচ্ছেতাং বৈশ্যপার্থিবৌ।
বৈশ্যং পঞ্চশতং কুর্য্যাৎ ক্ষত্রিয়ন্তু সহস্রিণম্॥ মনু, ৮ অ। ৩৭৬।

১৯। উভাবপি তু তাবেব ব্রাহ্মণ্যা গুপ্তয়া সহ।
বিপ্লুতৌ শূদ্রবদ্দণ্ড্যৌ দগ্ধব্যৌ বা কটাগ্নিনা॥ মনু, ৮ অ। ৩৭৭।

২০। সহস্রং ব্রাহ্মণো দণ্ড্যো গুপ্তাং বিপ্রাং বলাদ্‌ব্রজন্।
শতানি পঞ্চ দণ্ড্যঃ স্যাদিচ্ছন্ত্যা সহ সঙ্গতঃ॥ মনু, ৮ অ। ৩৭৮।

২১। বৈশ্য যদি রক্ষাযুক্তা ক্ষত্রিয়া স্ত্রীতে গমন করে এবং ক্ষত্রিয়ও যদি ঐরূপ বৈশ্যাতে গমন করে, তাহা হইলে অরক্ষিতা ব্রাহ্মণীগমনে যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে, উহাদের উভয়েরই সেই দণ্ড হইবে। মনু, অ। ৩৮২।

২২। ব্রাহ্মণ যদি রক্ষাযুক্তা ক্ষত্রিয়া বা বৈশ্যা স্ত্রীতে গমন করে, তবে ব্রাহ্মণের সহস্র পণ দণ্ড হইবে, আর ক্ষত্রিয় ও বৈশ্য যদি ঐরূপ—রক্ষাযুক্তা শূদ্রাস্ত্রীতে গমন করে, তবে উহাদেরও সহস্র পণ দণ্ড হইবে। মনু ৮ অ। ৩৮৩।

২৩। বৈশ্য যদি রক্ষারহিতা ক্ষত্রিয়া গমন করে, তবে বৈশ্যের পাঁচশত পণ দণ্ড; ক্ষত্রিয় যদি ঐরূপ গমন করে, তবে গর্দ্দভমূত্রদ্বারা মস্তকমুণ্ডন অথবা পাঁচশত পণ দণ্ড প্রাপ্ত হইবে। মনু, ৮ অ। ৩৮৪।

২৪। অরক্ষিতা ক্ষত্রিয়া ও বৈশ্যাগমনে ব্রাহ্মণের সহস্রপণ দণ্ড হইবে; চাণ্ডালাদি স্ত্রীগমনেও ব্রাহ্মণের ঐ দণ্ড। মনু, ৮ অ। ৩৮৫।

২৫। পরস্ত্রীর সহ কেশগ্রহণপূর্ব্বক ক্রীড়া বা পরস্পরের দেহে অভিনব নখক্ষতাদি চিহ্ন দর্শন করিলে অথবা ঐ স্ত্রী, ঐ পুরুষ যদি নিজে

২১। বৈশ্যশ্চেৎ ক্ষত্রিয়াং গুপ্তাং বৈশ্যাং বা ক্ষত্রিয়োব্রজেৎ।
যে ব্রাহ্মণ্যামগুপ্তায়াং তাবুভৌ দণ্ডমর্হতঃ॥ মনু, ৮ অ। ৩৮২।

২২। সহস্রং ব্রাহ্মণো দণ্ডং দাপ্যো গুপ্তে তু তে ব্রজন্।
শূদ্রায়াং ক্ষত্রিয়বিশোঃ সাহস্রো বৈ ভবেদ্দমঃ॥ মনু, ৮ অ। ৩৮৩।

২৩। ক্ষত্রিয়ায়ামগুপ্তায়াং বৈশ্যে পঞ্চশতং দমঃ।
মূত্রেণ মৌণ্ড্যমিচ্ছেত্তু ক্ষত্রিয়ো দণ্ডমেব বা॥ মনু, ৮ অ। ৩৮৪।

২৪। অগুপ্তে ক্ষত্রিয়াবৈশ্যে শূদ্রাং বা ব্রাহ্মণো ব্রজন্।
শতানি পঞ্চ দণ্ড্যঃ স্যাৎ সহস্রন্ত্বন্ত্যজস্ত্রিয়ম্॥ মনু, ৮ অ। ৩৮৫।

২৫। পুমান্ সংগ্রহণে গ্রাহ্যঃ কেশাকেশি পরস্ত্রিয়াঃ।
সদ্যো বা কামজৈশ্চিহ্নৈঃ প্রতিপত্তৌ দ্বয়োস্তথা॥ যাজ্ঞ, ২ অ। ২৮৬।

স্বীকার করে, তাহা হইলে পুরুষকে পরস্ত্রীগমনে প্রবৃত্ত বলিয়া গ্রহণ করিবে। যাজ্ঞ, ২ অ। ২৮৬।

২৬। সানুরাগা পরস্ত্রীর নীবিস্তনাবরণ বস্ত্র, এবং কেশাদি স্পর্শ, নির্জ্জনাদি প্রদেশে ও নিশীথাদি কালে পরস্ত্রীর সহিত সম্ভাষণ এবং উহার সহিত একাসনোপবেশন ইত্যাদি লক্ষণে তৎকর্ত্তা পুরুষকে পরস্ত্রীগমন-প্রবৃত্ত বলিয়া জানিবে। যাজ্ঞ, ২ অ। ২৮৭।

২৭। যাহার সহিত সম্ভাষণ করিতে পতি-পুত্রগণের নিষেধ থাকে, তাহার সহিত স্ত্রীলোক, নিষিদ্ধ কার্য্য করিলে শতপণ দণ্ড দিবে; নিষিদ্ধ পুরুষ এইরূপ করিলে দ্বিশত পণ দণ্ড দিবে, উভয়েই নিজ নিজ বন্ধুকর্ত্তৃক নিষিদ্ধ হইয়া ঐরূপ কার্য্য করিলে সংগ্রহণে (অর্থাৎ পরস্ত্রী-গমনে) যে দণ্ড, সেই দণ্ডভোগ করিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ২৮৮।

২৮। পুরুষ সবর্ণাস্ত্রীতে উপগত হইলে উত্তমসাহস দণ্ড, হীনবর্ণা স্ত্রীতে উপগত হইলে মধ্যমসাহস দণ্ড এবং উৎকৃষ্টবর্ণা স্ত্রীতে গমন করিলে বধ দণ্ড। স্ত্রীলোক সবর্ণ ও উৎকৃষ্ট পুরুষে রত হইলে, যথাসম্ভব কর্ণাদি-চ্ছেদন এবং হীনবর্ণে রত হইলে বধ দণ্ড বিহিত। যাজ্ঞ, ২ অ। ২৮৯।

২৯। বিবাহাভিমুখীভূতা অলঙ্কৃতা কন্যা হরণ করিলে উত্তমসাহস দণ্ড। সামান্যতঃ কন্যাহরণে প্রথমসাহস দণ্ড। কন্যা সবর্ণা হইলেই

২৬। নীবীস্তনপ্রাবরণসক্থিকেশাভিমর্শনম্।
অদেশকালসম্ভাষং সহৈকস্থানমেব চ॥ যাজ্ঞ, ২ অ। ২৮৭।

২৭। স্ত্রীনিষেধে শতং দদ্যাদ্দ্বিশতন্তু দমং পুমান্।
প্রতিষেধে দ্বয়োর্দ্দণ্ডো যথা সংগ্রহণে তথা॥ যাজ্ঞ, ২ অ। ২৮৮।

২৮। স্বজাতাবুত্তমো দণ্ড আনুলোম্যে তু মধ্যমঃ।
প্রাতিলোম্যে বধঃ পুংসঃ স্ত্রীণাং নাসাদিকর্ত্তনম্॥ যাজ্ঞ, ২ অ। ২৮৯।

২৯। অলঙ্কৃতাং হরন্ কন্যামুত্তমন্ত্বন্যথাধমম্।
দণ্ডং দদ্যাৎ সবর্ণাসু প্রাতিলোম্যে বধঃ স্মৃতঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৯০।

ঐরূপ দণ্ড দিবে ; উচ্চবর্ণা কন্যা হরণ করিলে বধ দণ্ড স্মৃত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ২৯০।

৩০। স্বাপেক্ষা নিকৃষ্ট বর্ণের কন্যা যদি সকামা হয়, তাহা হইলে তাহাকে হরণ করিলে দোষ নাই ; সকামা না হইলে প্রথমসাহস দণ্ড হইবে। অকামা কন্যাকে নখক্ষতাদি দ্বারা দূষিত করিলে, করচ্ছেদন দণ্ড হইবে ; আর যদি ঐ কন্যা উত্তমজাতীয়া হয়, তাহা হইলে বধদণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৯১।

৩১। কুমারীর অপ্রকাশিত যথার্থ দোষ প্রকাশ করিলে শতপণ দণ্ড দিবে ; আর মিথ্যা দোষ রটনা করিলে দুইশত পণ দণ্ড দিবে। পশু গমন করিলে শতপণ দণ্ড ; হীনাস্ত্রী (অর্থাৎ নিকৃষ্টবর্ণীয়া স্ত্রী) এবং গো-গমন করিলে, মধ্যমসাহস দণ্ড। যাজ্ঞ, ২ অ। ২৯২। বিষ্ণু ৫ অ।

৩২। অবরুদ্ধা (অর্থাৎ স্বামীর নিকট হইতে স্থানান্তর গমনের অনুমতি না পাওয়ায় পুরুষোপভোগে বঞ্চিতা) এবং ভুজিষ্যা (অর্থাৎ নিয়মিত কোন পুরুষের পরিগৃহীতা) দাসী ও ভুজিষ্যা স্বৈরিণী প্রভৃতি নারী সাধারণী বলিয়া গম্যা হইলেও, তাহাতে গমন করিলে সেই পুরুষের পঞ্চাশৎপণ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ। ২৯৩।

৩৩। অভুজিষ্যা এবং অনবরুদ্ধা দাসী প্রভৃতিতে বলপূর্ব্বক উপগত

৩০। সকামাস্বনুলোমাসু ন দোষস্ত্বন্যথা দমঃ।
দূষণে তু করচ্ছেদ উত্তমায়াং বধস্তথা॥ যাজ্ঞ, ২ অ। ২৯১।

৩১। শতং স্ত্রীদূষণে দদ্যাদ্দ্বে তু মিথ্যাভিশংসনে।
পশূন্ গচ্ছঞ্ছতং দাপ্যো হীনাং স্ত্রীং গাঞ্চ মধ্যমম্॥ যাজ্ঞ, ২ অ। ২৯২।

৩২। অবরুদ্ধাসু দাসীষু ভুজিষ্যাসু তথৈব চ।
গম্যাস্বপিপুমান্দাপ্যঃ পঞ্চাশৎপণিকং দমম্॥ যাজ্ঞ, ২ অ। ২৯৩।

৩৩। প্রসহ্য দাস্যভিগমে দণ্ডো দশপণঃ স্মৃতঃ।
বহূনাং যদ্যকামাসৌ চতুর্ব্বিংশতিকঃ পৃথক্॥ যাজ্ঞ, ২ অ। ২৯৪।

হইলে, দশ পণ দণ্ড হইবে। ইহাদিগের অনিচ্ছা সত্ত্বেও বহুলোক গমন করিলে, প্রত্যেকের চতুর্ব্বিংশতি পণ করিয়া দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ।২৯৪।

৩৪। বেশ্যা শুল্ক গ্রহণ করিয়া পশ্চাৎ সহবাসে অনিচ্ছা প্রকাশ করিলে, শুল্কদাতা পুরুষকে গৃহীত শুল্কের দ্বিগুণ ধন প্রত্যর্পণ করিবে, আর শুল্ক গ্রহণ না করিয়া বাচিক অঙ্গীকার করিলে, শুল্ক-সম অর্থ প্রদান করিতে হইবে। পুরুষকেও এইরূপ দণ্ড ভোগ করিতে হইবে (অর্থাৎ পুরুষ শুল্ক প্রদান করিয়া সহবাসে অনিচ্ছা প্রকাশ করিলে, সে শুল্ক আর ফিরিয়া পাইবে না)। যাজ্ঞ, ২ অ। ১৯৫।

৩৫। চাণ্ডালাদি স্ত্রী গমন করিলে, তাহাকে সহস্র পণ দণ্ড ও ভগাকার চিহ্নে অঙ্কিত করিয়া দেশ হইতে নির্ব্বাসিত করিবে। শূদ্র-চাণ্ডালাদি অন্ত্যাস্ত্রীগমনে তজ্জাতিত্ব প্রাপ্তি হয়, আর চাণ্ডালাদি নিকৃষ্ট জাতির শ্রেষ্ঠ-জাতীয়স্ত্রী গমনে বধ দণ্ড হইবে। যাজ্ঞ, ২ অ।২৯৭। *

৩৪। গৃহীতবেতনাবেশ্যা নেচ্ছন্তী দ্বিগুণং বহেৎ।
অগৃহীতে সমং দাপ্যঃ পুমানপ্যেবমেব চ॥ যাজ্ঞ, ২ অ। ২৯৫।

৩৫। অন্ত্যাভিগমনে ত্বঙ্ক্য কুবন্ধেন প্রবাসয়েৎ।
শূদ্রস্তথান্ত্য এব স্যাদন্ত্যস্যার্য্যাগমে বধঃ॥ যাজ্ঞ, ২ অ। ২৯৭।

* বিষ্ণু সংহিতায় চাণ্ডালাদি অন্ত্যাস্ত্রী গমনে বধ দণ্ড ব্যবস্থা। যথা—অন্ত্যাগমনে বধ্যঃ। বিষ্ণু, ৫ অ। ৪৩।

একপঞ্চাশত্তম স্তবক।

[স্ত্রীপুরুষ-ধর্ম্মবিভাগ-বিষয়ক বিচারবিধি।]

১। ভর্ত্তা প্রভৃতি স্বজনেরা দিবারাত্রি মধ্যে কদাপি স্ত্রীজাতিকে স্বাধীনাবস্থায় অবস্থান করিতে দিবেন না; বরং সদা অনিষিদ্ধ-রূপ-রসাদি বিষয়ে প্রসক্ত করতঃ তাহাদিগকে নিয়ত স্ববশে সংস্থাপন করিবেন। মনু, ৯ অ। ২।

২। স্ত্রীজাতি, কৌমারাবস্থায় পিতাকর্ত্তৃক, যৌবনে ভর্ত্তাকর্ত্তৃক এবং স্থবিরাবস্থায় পুত্রকর্ত্তৃক রক্ষণীয়া, ইহারা কদাপি স্বাধীনাবস্থায় অবস্থানের যোগ্য নহে। মনু, ৯ অ। ৩।

৩। উদ্বাহ-যোগ্যকালে অর্থাৎ কন্যাকাল মধ্যে কন্যা যদি পাত্রস্থ না হয়, তবে পিতা লোকসমাজে নিন্দনীয় হন; এবং ঋতুকালে পতি যদি পত্নীসঙ্গত না হন, তবে তিনও নিন্দাভাজন হইয়া থাকেন। আর ভর্ত্তার লোকান্তর হইলে, তত্তনয়েরা যদি নিজ জননীর রক্ষণাবেক্ষণ না করে, তবে তাহারাও লোকনিন্দার পাত্র হয়। মনু, ৯ অ। ৪।

৪। স্ত্রীজাতি অতি সামান্য দুঃসঙ্গ হইতেও যত্নতঃ রক্ষণীয়া, কারণ

১। অস্বতন্ত্রাঃ স্ত্রিয়ঃ কার্য্যাঃ পুরুষৈঃ স্বৈর্দ্দিবানিশম্।
বিষয়েষু সজ্জন্তঃ সংস্থাপ্যা আত্মনো বশে॥ মনু, ৯ অ। ২।

২। পিতা রক্ষতি কৌমারে ভর্ত্তা রক্ষতি যৌবনে।
রক্ষন্তি স্থবিরে পুত্রা ন স্ত্রী স্বাতন্ত্র্যমর্হতি॥ মনু, ৯ অ। ৩।

৩। কালেঽদাতা পিতা বাচ্যো বাচ্যশ্চানুপয়ন্ পতিঃ।
মৃতে ভর্ত্তরি পুত্রস্তু বাচ্যো মাতুররক্ষিতা॥ মনু, ৯ অ। ৪।

৪। সূক্ষ্মেভ্যোঽপি প্রসঙ্গেভ্যঃ স্ত্রিয়ো রক্ষ্যা বিশেষতঃ।
দ্বয়োর্হি কুলয়োঃ শোকমাবহেয়ুররক্ষিতা॥ মনু, ৯ অ। ৫।

তদ্বিষয়ে কিঞ্চিন্মাত্র অবহেলা ঘটিলে, সেই স্ত্রী পিতৃ-ভর্ত্তৃ-উভয় কুলেরই সন্তাপের কারণ হয়। মনু, ৯ অ। ৫।

৫। ভার্য্যারক্ষণ-ধর্ম্ম সর্ব্বধর্ম্মাপেক্ষা শ্রেষ্ঠ, ইহা অবগত হইয়া বর্ণ মাত্রেরই কর্ত্তব্য যে, কি দুর্ব্বল, কি সবল, কি অন্ধ, কি খঞ্জ, সকলেই নিজ নিজ ভার্য্যার সুরক্ষা বিধানে যত্নবান্ হন। মনু, ৯ অ। ৬।

৬। ভার্য্যার সুরক্ষা বিধানে যে ব্যক্তি সবিশেষ যত্নবান্ হয়, সে তদ্দ্বারা নিজ বংশপরম্পরা, আত্মচরিত্র এবং ধর্ম্ম এ সমস্তই রক্ষা করে। মনু, ৯ অ। ৭।

৭। পতি, ভার্য্যায় প্রবিষ্ট হইয়া তদ্‌গর্ভ হইতে পুত্ররূপে জন্মগ্রহণ করে; জায়া হইতে পুনর্জ্জন্ম হয় বলিয়াই জায়ার "জায়াত্ব।" মনু, ৯ অ ৮।

৮। ইহা স্থির সিদ্ধান্ত যে, পত্নী যাদৃশ ভর্ত্তাকে ভজনা করে, ঠিক তাদৃশ পুত্রই সমুৎপাদন করিয়া থাকে, একারণ সৎপুত্র লাভার্থ ভার্য্যা প্রযত্নে রক্ষণীয়া। মনু, ৯ অ। ৯।

৯। কেহ কখন বলপূর্ব্বক কোন স্ত্রীকে সৎপথে রক্ষা করিতে সমর্থ হয় না, তবে নিম্নলিখিত উপায় দ্বারা তাহারা সহজ রক্ষণীয়া যথা;—

৫। ইমং হি সর্ব্ববর্ণানাং পশ্যন্তো ধর্ম্মমুত্তমম্।
যতন্তে রক্ষিতুং ভার্য্যাং ভর্ত্তারো দুর্ব্বলা অপি॥ মনু, ৯ অ। ৬।

৬। স্বাং প্রসূতিং চরিত্রঞ্চ কুলমাত্মানমেব চ।
স্বঞ্চ ধর্ম্মং প্রযত্নেন জায়াং রক্ষন্ হি রক্ষতি॥ মনু, ৯ অ। ৭।

৭। পতির্ভার্য্যাং সম্প্রবিশ্য গর্ভো ভূত্বেহ জায়তে।
জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ॥ মনু, ৯।৮।

৮। যাদৃশং ভজতে হি স্ত্রী সুতং সূতে তথাবিধম্।
তস্মাৎ প্রজাবিশুদ্ধ্যর্থং স্ত্রিয়ং রক্ষেৎ প্রযত্নতঃ॥ মনু, ৯ অ। ৯।

৯। ন কশ্চিদ্‌যোষিতঃ শক্তঃ প্রসহ্য পরিরক্ষিতুম্।
এতৈরুপায়যোগৈস্তু শক্যাস্তাঃ পরিরক্ষিতুম্॥
অর্থস্য সংগ্রহে চৈনাং ব্যয়ে চৈব নিযোজয়েৎ।
শৌচে ধর্ম্মেঽন্নপক্ত্যাঞ্চ পারিণাহ্যস্য বেক্ষণে॥ মনু, ৯ অ ১০—১১।

(ক) অর্থের সংগ্রহ ও ব্যয় সাধনে ;

(খ) নিজ শরীর ও গৃহদ্রব্যাদি শুদ্ধি বিধানে ;

(গ) অন্নপাক করণে ও গৃহোপকরণের পর্য্যবেক্ষণে ;

স্ত্রীজাতিকে সর্ব্বদা নিযুক্ত রাখা কর্ত্তব্য। মনু, ৯ অ। ১০—১২।

১০। যে কামিনী দুঃশীলতাহেতু স্বয়ং আত্মরক্ষায় যত্নবতী না হয়, তাহাকে আপ্তপুরুষেরা গৃহাবরুদ্ধা রাখিয়াও রক্ষা করিতে সমর্থ হন না, কিন্তু যাহারা সতত আত্মরক্ষায় তৎপর, কেহ তাহাদের রক্ষা না করিলেও সুরক্ষিতা হইয়া থাকে। মনু, ৯ অ। ১২।

১১। মদ্যপান, অসৎপুরুষ-সংসর্গ, ভর্ত্তৃ-বিরহ, ইতস্ততঃ ভ্রমণ, অকালনিদ্রা এবং পরগৃহ বাস—ব্যভিচার দোষের এই ষড়্‌বিধ কারণ। মনু, ৯ অ। ১৩।

১২। কামিনীরা সৌন্দর্য্যের কিছুমাত্র বিচার করে না, বয়োবিশেষেও ইহাদের আস্থা নাই, সুরূপই হউক, আর কুরূপই হউক, পুরুষ পাইলেই তাহার সহিত সম্ভোগ করিয়া থাকে। মনু, ৯ অ। ১৪।

১৩। পুরুষ সন্দর্শন মাত্রে তদ্ভোগাভিলাষশীলতা হেতু, স্বভাবতঃ চিত্তচাঞ্চল্য এবং স্নেহশূন্যতাবশতঃ পতিকর্ত্তৃক সুরক্ষিতা হইলেও স্ত্রীজাতি ভর্ত্তৃবিরুদ্ধে ব্যভিচার করিয়া থাকে। মনু, ৯ অ। ১৫।

১০। অরক্ষিতা গৃহে রুদ্ধাঃ পুরুষৈরাপ্তকারিভিঃ।
আত্মানমাত্মনা যাস্তু রক্ষেয়ুস্তাঃ সুরক্ষিতাঃ॥ মনু, ৯ অ। ১২।

১১। পানং দুর্জ্জনসংসর্গঃ পত্যা চ বিরহোঽটনম্।
স্বপ্নোঽন্যগেহবাসশ্চ নারীসংদূষণানি ষট্। মনু, ৯ অ। ১৩।

১২। নৈতারূপং পরীক্ষন্তে নাসাং বয়সি সংস্থিতিঃ।
সুরূপং বা বিরূপং বা পুমানিত্যেব ভুঞ্জতে॥ মনু, ৯ অ। ১৪।

১৩। পৌংশ্চল্যাচ্চলচিত্তাচ্চ নৈস্নেহ্যাচ্চ স্বভাবতঃ।
রক্ষিতা যত্নতোঽপীহ ভর্ত্তৃষেতা বিকুর্ব্বতে॥ মনু, ৯ অ। ১৫।

১৪। বিধাতাকর্ত্তৃক স্ত্রীজাতি সৃষ্টি স্বভাবতঃ এইরূপ, ইহা বিশেষ অবগত হইয়া সতত তদ্রক্ষা-বিধানে সবিশেষ যত্নবান্ হওয়া পুরুষের কর্ত্তব্য। মনু, ৯ অ। ১৬।

১৫। মহর্ষি মনু বলিয়াছেন যে, স্ত্রীজাতি হইতেই শয়নাসন-ভূষণ-শীলতা, কাম, ক্রোধ, পরহিংসা, কৌটিল্য এবং কুৎসিতাচার এ সমস্তই সমুদ্ভূত হইয়া থাকে। মনু, ৯ অ। ১৭।

১৬। শাস্ত্রোক্ত বিধি অনুসারে স্ত্রীজাতির জাতকর্ম্মাদি মন্ত্রদ্বারা সম্পন্ন হয় না; স্মৃতি, বেদাদি ও ধর্ম্মশাস্ত্রে ইহাদের অধিকার নাই এবং কোন মন্ত্রেও ইহাদের অধিকার নাই, এজন্য ইহারা নিতান্ত হীন ও অপদার্থ। মনু, ৯ অ। ১৮।

১৭। নদী যেমন অর্ণবসহযোগে লবণাম্বু হইয়া থাকে, তদ্রূপ স্ত্রীলোক যাদৃক্ সাধু বা অসাধু পুরুষের সহিত বিবাহসূত্রে সম্মিলিত হয়, তাদৃক্ গুণবিশিষ্টা হইয়া থাকে। নিকৃষ্ট-কুল-সম্ভূতা অক্ষমালা এবং পক্ষিণী

১৪। এবং স্বভাবং জ্ঞাত্বাসাং প্রজাপতি-নিসর্গজম্।
পরমং যত্নমাতিষ্ঠেৎ পুরুষো রক্ষণং প্রতি॥ মনু, ৯ অ। ১৬।

১৫। শয্যাসনমলঙ্কারং কামং ক্রোধমনার্জ্জবম্।
দ্রোহভাবং কুচর্য্যাঞ্চ স্ত্রীভ্যো মনুরকল্পয়ৎ॥ মনু, ৯ অ। ১৭।

১৬। নাস্তি স্ত্রীণাং ক্রিয়া মন্ত্রৈরিতিধর্ম্মব্যবস্থিতিঃ।
নিরিন্দ্রিয়া হ্যমন্ত্রাশ্চ স্ত্রিয়োঽনৃতমিতি স্থিতিঃ॥ মনু, ৯ অ। ১৮।

১৭। যাদৃগ্‌ গুণেন ভর্ত্রা স্ত্রী সংযুজ্যেত যথাবিধি।
তাদৃগ্‌ গুণা সা ভবতি সমুদ্রেণেব নিম্নগা॥
অক্ষমালা বসিষ্ঠেন সংযুক্তাধমযোনিজা।
শারঙ্গী মন্দপালেন জগামাভ্যর্হণীয়তাম্॥
এতাশ্চান্যাশ্চ লোকেঽস্মিন্নপকৃষ্ট প্রসূতয়ঃ।
উৎকর্ষং যোষিতঃ প্রাপ্তাঃ স্বৈঃ স্বৈর্ভর্ত্তৃগুণৈঃ শুভৈঃ॥ মনু, ৯ অ। ২২—২৪।

শারঙ্গী ক্রমান্বয়ে বশিষ্ট ও মন্দপালের সহিত উদ্বাহসূত্রে মিলিত হইয়া পরম মান্যা হইয়াছিলেন। উক্ত রমণীদ্বয় এবং সত্যবতী প্রভৃতি আরও কতকগুলি রমণী অপকৃষ্ট যোনিজা হইলেও ভর্ত্তৃগুণে সবিশেষ উৎকর্ষ লাভ করিয়াছিলেন। মনু, ৯ অ। ২২—২৪।

১৮। গৃহালঙ্কারভূতা কামিনীগণ মহাকল্যাণকর, প্রজা উৎপাদনার্থ বহুকল্যাণভাজন এবং মানার্হ হইয়া থাকে, একারণ গৃহমধ্যে শ্রী ও স্ত্রী এতদুভয়ের কিছুমাত্র বিশেষ লক্ষিত হয় না। মনু, ৯ অ। ২৬।

১৯। অপত্যোৎপাদন, সঞ্জাততনয়ের পরিপালন এবং লোকযাত্রা নির্ব্বাহার্থে, অতিথি সৎকারাদি সাংসারিককার্য্য নির্ব্বাহ ইত্যাদি বিষয়ে ভার্য্যাই প্রধান সাধন। মনু, ৯ অ। ২৭।

২০। ধর্ম্মকার্য্যানুষ্ঠান, অপত্যলাভ, শুশ্রূষা, উৎকৃষ্টা-রতি এবং পিতৃলোকের ও আপনার স্বর্গপ্রাপ্তি এই সমস্ত ব্যাপার একান্ত ভার্য্যায়ত্ত। মনু, ৯ অ ২৮।

২১। যে কামিনী কদাপি কায়মনোবাক্যেও পতির ব্যভিচার করে না, সে ইহলোকে সাধুবাদ এবং পরলোকে স্বামীর সহিত স্বর্গলাভ করিয়া থাকে। মনু, ৯ অ। ২৯।

১৮। প্রজনার্থং মহাভাগাঃ পূজার্হা গৃহদীপ্তয়ঃ।
স্ত্রিয়ঃ শ্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন॥ মনু, ৯ অ। ২৬।

১৯। উৎপাদনমপত্যস্য জাতস্য পরিপালনম্।
প্রত্যহং লোকযাত্রায়াঃ প্রত্যক্ষং স্ত্রীনিবন্ধনম্॥ মনু, ৯ অ। ২৭।

২০। অপত্যং ধর্ম্মকার্য্যাণি শুশ্রূষা রতিরুত্তমা।
দারাধীনস্তথা স্বর্গঃ পিতৃণামাত্মনশ্চ হি॥ মনু, ৯ অ। ২৮।

২১। পতিং যা নাভিচরতি মনো বাগ্দেহসংযতা।
সা ভর্ত্তৃলোকানাপ্নোতি সদ্ভিঃ সাধ্বীতি চোচ্যতে॥ মনু, ৯ অ। ২৯।

২২। ব্যভিচারকারিণী পত্নী ইহলোকে নিন্দা এবং জন্মান্তরে শৃগাল-যোনি প্রাপ্ত হয়, আর ক্ষয়রোগাদি দ্বারা প্রপীড়িত হইয়া থাকে। মনু, ৯ অ। ৩০।

২৩। পতির সহিত পত্নীর যে সম্বন্ধ, তাহা কদাপি দান, বিক্রয় বা ত্যাগদ্বারা বিনষ্ট হইতে পারে না, এ নিয়ম পুরাকাল হইতে বিধাতৃকর্ত্তৃক নির্ণীত হইয়াছে, ইহা আমরা অবগত আছি। (শ্রীভগবান্ মনু ইহা বলিয়াছেন)। মনু, ৯ অ। ৪৬।

২৪। সজ্জনকর্ত্তৃক পৈতৃকসম্পত্তি একবার বিভক্ত হইলে, সজ্জন-কর্ত্তৃক কন্যা একবার পাত্রস্থ হইলে এবং সজ্জনকর্ত্তৃক কোন দান একবার কৃত হইলে, কোন কালেই তাহার অন্যথা হইবার সম্ভাবনা নাই। মনু, ৯ অ। ৪৭।

২৫। বিবাহের যে সকল মন্ত্র আছে, তাহাতে এমন প্রকাশ নাই যে,

২২। ব্যভিচারাত্তু ভর্ত্তুঃ স্ত্রী লোকে প্রাপ্নোতি নিন্দ্যতাম্।
শৃগালযোনিঞ্চাপ্নোতি পাপরোগৈশ্চ পীড্যতে॥ মনু, ৯ অ। ৩০।

২৩। ন নিষ্ক্রয়বিসর্গাভ্যাং ভর্ত্তুর্ভার্য্যা বিমুচ্যতে।
এবং ধর্ম্মং বিজানীমঃ প্রাক্প্রজাপতিনির্ম্মিতম্॥ মনু, ৯ অ। ৪৬।

২৪। সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে।
সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সতাং সকৃৎ॥ মনু, ৯ অ। ৪৭।

২৫। নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতে ক্বচিৎ।
ন বিবাহবিধাবুক্তং বিধবাবেদনং পুনঃ॥
অয়ং দ্বিজৈর্হি বিদ্বদ্ভিঃ পশুধর্ম্মো বিগর্হিতঃ।
মনুষ্যাণামপি প্রোক্তো বেণে রাজ্যং প্রশাসতি॥
স মহীমখিলাং ভুঞ্জন্ রাজর্ষিপ্রবরঃ পুরা।
বর্ণানাং সঙ্করং চক্রে কামোপহতচেতনঃ॥
ততঃ প্রভৃতি যো মোহাৎ প্রমীতপতিকাং স্ত্রিয়ম্।
নিযোজয়ত্যপত্যার্থং তং বিগর্হন্তি সাধবঃ॥ মনু, ৯ অ। ৬৫—৬৮।

"একের স্ত্রীতে অন্যের নিয়োগ আছে" এবং বিবাহসম্বন্ধীয় শাস্ত্রে এমন বিধি নাই যে, "বিধবাগণের পুনর্ব্বিবাহ হইতে পারে"। ইহা পশুধর্ম্ম বলিয়া সুশিক্ষিত শাস্ত্রাভিজ্ঞ দ্বিজগণ কর্তৃক নিন্দিত হইয়াছে। পূর্ব্বে বেণ রাজার শাসনকালে এই রীতি মানবগণ মধ্যে প্রচলিত হয় বলিয়া উক্ত হইয়াছে। তিনি স্বীয় ভুজবলে সমগ্র ধরণীর অধীশ্বর ও রাজর্ষিগণাগ্রগণ্য হইয়া পাপাসক্ত ও কামাদি রিপুর বশীভূত হইয়াই নিজ শাসনকালে এই বিধি অর্থাৎ (দেবরাদি দ্বারা ক্ষেত্রজ সন্তানোৎপাদন বিধি) প্রচলন করিয়া বর্ণসঙ্কর সৃষ্টি করেন। তদবধি মৃত-ভর্তৃকা স্ত্রীতে সন্তানোৎপাদনের কারণ যে ব্যক্তি মোহবশতঃ পরপুরুষ নিয়োগ করে, সাধুরা তাহার অশেষবিধ নিন্দা করেন। মনু, ৯ অ। ৬৫—৬৮।

২৬। এক জনকে বাগ্দান করিয়া জ্ঞানী ব্যক্তি আপন (বাগ্দত্তা) কন্যাকে অপর পাত্রে সমর্পণ করিবেন না। যিনি একবার একের উদ্দেশ্যে আপন কন্যাদান স্বীকার করিয়া অপর পাত্রে তাহাকে পুনরর্পণ করেন, তিনি সমগ্র মানবজাতিকে প্রতারিত করার পাপে পাপী হন। মনু, ৯ অ। ৭১।

২৭। স্ত্রী অলক্ষণাদি দোষাক্রান্তা, উৎকট-ব্যাধিগ্রস্তা, ক্ষতযোনি বা প্রতারণাপূর্ব্বক প্রদত্তা হইলে, বর যথাবিধি বাক্প্রতিগ্রহ করিয়াও তাহাকে ত্যাগ করিতে পারে। মনু, ৯ অ। ৭২।

২৮। দোষাশ্রিতা কন্যার দোষ প্রকাশ না করিয়া সম্প্রদান করিলে,

২৬। ন দত্বা কস্যচিৎ কন্যাং পুনর্দদ্যাদ্বিচক্ষণঃ।
দত্বা পুনঃ প্রযচ্ছন্ হি প্রাপ্নোতি পুরুষানৃতম্॥ মনু, ৯ অ। ৭১।

২৭। বিধিবৎ প্রতিগৃহ্যাপি ত্যজেৎ কন্যাং বিগর্হিতাম্।
ব্যাধিতাং বিপ্রদুষ্টাং বা ছদ্মনা চোপপাদিতাম্॥ মনু, ৯ অ। ৭২।

২৮। যস্তু দোষবতীং কন্যামনাখ্যায়োপপাদয়েৎ।
তস্য তদ্বিতথং কুর্য্যাৎ কন্যাদাতুর্দুরাত্মনঃ॥ মনু, ৯ অ। ৭৩।

বর উক্ত কন্যা গ্রহণ না করিয়া, সেই মন্দমতি কন্যা-কর্ত্তার দান ব্যর্থ করিবে। মনু, ৯ অ। ৭৩।

২৯। প্রয়োজন বশতঃ বিদেশে সুদীর্ঘকাল যাপন করিবার আবশ্যক হইলে, পত্নীর ভরণপোষণানুযায়ী বৃত্তির ব্যবস্থা করিয়া স্বামীর বিদেশ গমন করা উচিত। কারণ, জীবিকা নির্ব্বাহের নিমিত্ত অনন্যোপায় হইয়া সচ্চরিত্রা ধর্ম্মনিষ্ঠা স্ত্রীও কুপথগামিনী হইতে পারে। মনু, ৯ অ। ৭৪।

৩০। ভরণপোষণানুযায়ী বৃত্তি সংস্থাপনপূর্ব্বক পতি বিদেশে বাস করিলে স্ত্রী দৃঢ়রূপে ধর্ম্মাশ্রয় করিয়া কালযাপন করিবে। এরূপ বৃত্তির অভাবে সূত্রকর্ত্তন বা অন্য বিশুদ্ধশিল্পকার্য্য দ্বারা দিনপাত করিবে। মনু, ৯ অ। ৭৫।

৩১। পতি ধর্ম্ম কার্য্যার্থ বিদেশ গমন করিলে, আট বৎসর পর্য্যন্ত পতির প্রতীক্ষা করিবে; বিদ্যার্জ্জন বা যশোলাভের জন্য গমন করিলে, ছয় এবং কোন প্রকার ইন্দ্রিয় উপভোগার্থ গমন করিলে তিন বৎসর কাল তাহার প্রতীক্ষা করিবে; তদনন্তর ভরণপোষণার্থ সৎসন্নিধানে গমন করিবে। মনু, ৯ অ। ৭৬।

৩২। নিজ দ্বেষ্ট্রী-স্ত্রীর স্বামী এক বৎসর কাল প্রতীক্ষা করিবে;

২৯। বিধায় বৃত্তিং ভার্য্যায়াঃ প্রবসেৎ কার্য্যবান্ নরঃ।
অবৃত্তিকর্ষিতা হি স্ত্রী প্রদুষ্যেৎ স্থিতিমত্যপি॥ মনু, ৯ অ। ৭৪।

৩০। বিধায় প্রোষিতে বৃত্তিং জীবেন্নিয়মমাস্থিতা।
প্রোষিতে ত্ববিধায়ৈব জীবেচ্ছিল্পৈরগর্হিতৈঃ॥ মনু, ৯ অ। ৭৫।

৩১। প্রোষিতো ধর্ম্ম কার্য্যার্থং প্রতীক্ষ্যোঽষ্টৌ নরঃ সমাঃ।
বিদ্যার্থং ষড়্ যশোঽর্থং বা কামার্থং ত্রীংস্তুবৎসরান্॥ মনু, ৯ অ। ৭৬।

৩২। সংবৎসরং প্রতিক্ষেত দ্বিষন্তীং যোষিতং পতিঃ।
উর্দ্ধং সংবৎসরাৎ ত্বেনাং দায়ং হৃত্বা ন সংবসেৎ॥ মনু, ৯ অ। ৭৭।

তাহার দ্বেষভাব বিগত না হইলে, তাহাকে অলঙ্কারাদি সম্পত্তি হইতে বঞ্চিত করিয়া তৎসহবাস ত্যাগ করিবে। মনু, ৯ অ। ৭৭।

৩৩। যে স্ত্রী দ্যূতক্রীড়াপরতন্ত্র, মত্ত ও ব্যাধিগ্রস্ত বলিয়া স্বামীর শুশ্রূষা না করিয়া অবজ্ঞা করে, তাহাকে বস্ত্রালঙ্কারাদি পরিচ্ছদে বঞ্চিত করিয়া মাসত্রয়ের নিমিত্ত তাহার সহবাস ত্যাগ করিবে। মনু, ৯ অ। ৭৮।

৩৪। উন্মত্ত ও ব্রহ্মহত্যাদি দোষে পতিত, ক্লীব এবং কুষ্ঠাদি রোগ-গ্রস্ত পতিকে যে শুশ্রূষা না করে, সে পরিত্যক্ত ও অলঙ্কারাদি হইতে বঞ্চিত হইতে পারে না। মনু, ৯ অ। ৭৯।

৩৫। (ক) মদ্যপানাসক্তা, দুশ্চরিত্রা, পতিবিদ্বেষিণী, অসাধ্য-ব্যাধি-গ্রস্তা, অপকার-সাধনক্ষমা ও ধনক্ষয়কারিণী, অপব্যয়িনী স্ত্রীসত্ত্বে স্বামী অধিবেদন অর্থাৎ দ্বিতীয় বিবাহ করিবে। মনু, ৯ অ। ৮০।

(খ) পূর্ব্বপরিণীতা ভার্য্যা সুরাপায়িনী, দীর্ঘরোগগ্রস্তা, ধূর্ত্তা, বন্ধ্যা, অর্থনাশনী, অপ্রিয়ভাষিণী, স্ত্রীপ্রসবিনী (মেয়েবিউনী) অথবা পুরুষ-দ্বেষিণী হইলে অর্থাৎ এই অষ্টবিধ স্ত্রীলোকের মধ্যে একবিধ হইলেই দ্বিতীয়বার দারপরিগ্রহ করিবে। যাজ্ঞ. ১ অ। ৭৩।

৩৩। অতিক্রামেৎ প্রমত্তং যা মত্তং রোগার্ত্তমেব বা।
সা ত্রীন্ মাসান্ পরিত্যাজ্যা বিভূষণপরিচ্ছদা॥ মনু, ৯ অ। ৭৮।

৩৪। উন্মত্তং পতিতং ক্লীবমবীজং পাপরোগিণম্।
ন ত্যাগোঽস্তি দ্বিষন্ত্যাশ্চ ন চ দায়াপবর্ত্তনম্॥ মনু, ৯ অ। ৭৯।

৩৫। (ক) মদ্যপাসাধুবৃত্তা চ প্রতিকূলা চ যা ভবেৎ।
ব্যাধিতা বাধিবেত্তব্যা হিংস্রার্থঘ্নী চ সর্ব্বদা॥ মনু ৯ অ। ৮০।

(খ) সুরাপী ব্যাধিতা ধূর্ত্তা বন্ধ্যার্থঘ্ন্যপ্রিয়ংবদা।
স্ত্রী প্রসূশ্চাধিবেত্তব্যা পুরুষদ্বেষিণী তথা॥ যাজ্ঞ, ১ অ। ৭৩।

৩৬। স্ত্রী বন্ধ্যা হইলে আদ্য ঋতু হইতে অষ্টমবর্ষে, মৃতবৎসা হইলে দশমবর্ষে ও কেবল কন্যা উৎপাদন করিলে একাদশ বর্ষে অধিবেদন করিবে, কিন্তু অপ্রিয়ভাষিণী হইলে, কালক্ষয় না করিয়া তৎক্ষণাৎ দ্বিতীয় বিবাহ করিবে। মনু, ৯ অ। ৮১।

৩৭। পীড়াগ্রস্তা অথচ পতিব্রতা এবং সুশীলা স্ত্রীর অনুমতি লইয়া পতি অন্য বিবাহ করিবে, কদাচ তাহার অবমাননা করিবে না। মনু, ৯ অ। ৮২।

৩৮। স্ত্রী যদি রোষপরতন্ত্রা হইয়া গৃহ পরিত্যাগের উদ্যম করে, তাহা হইলে, তাহাকে অবিলম্বে অবরুদ্ধ করিবে কিংবা আত্মীয়-স্বজন প্রভৃতি সমগ্র পরিবারবর্গ সমক্ষে বর্জ্জন করিবে। মনু, ৯ অ। ৮৩।

৩৯। যে ক্ষত্রিয়াদি স্ত্রী, পতিকর্ত্তৃক নিবারিতা হইয়াও উৎসবাদি কালে মদ্যপান বা নাট্যাভিনয়-মন্দিরে জনতা-মধ্যে গমন করে, রাজা তাহাকে ছয় কৃষ্ণল পরিমিত স্বর্ণ দণ্ড করিবেন। মনু, ৯ অ। ৮৪।

৪০। সর্ব্বাঙ্গসুন্দর ও কুলে শীলে উৎকৃষ্ট, রূপবান্ বর পাইলে, কন্যা

৩৬। বন্ধ্যাষ্টমেঽধিবেদ্যাব্দে দশমে তু মৃতপ্রজা।
একাদশে স্ত্রী জননী সদ্যস্ত্বপ্রিয়বাদিনী॥ মনু, ৯ অ। ৮১।

৩৭। যা রোগিণী স্যাৎ তু হিতসম্পন্না চৈব শীলতঃ।
সানুজ্ঞাপ্যাধিবেত্তব্যা নাবমান্যা চ কর্হিচিৎ॥ মনু, ৯। ৮২।

৩৮। অধিবিন্না তু যা নারী নির্গচ্ছেদ্রুষিতা গৃহাৎ।
সা সদ্যঃ সন্নিরোদ্ধব্যা ত্যাজ্যা বা কুলসন্নিধৌ॥ মনু, ৯ অ। ৮৩।

৩৯। প্রতিষিদ্ধাপি চেদ্ যা তু মদ্যমভ্যুদয়েষ্বপি।
প্রেক্ষাসমাজং গচ্ছেদ্বা সা দণ্ড্যা কৃষ্ণলানি ষট্॥ মনু, ৯ অ। ৮৪।

৪০। উৎকৃষ্টায়াভিরূপায় বরায় সদৃশায় চ।
অপ্রাপ্তামপি তাং তস্মৈ কন্যাং দদ্যাদ্‌যথাবিধি। মনু, ৯ অ। ৮৮।

বিবাহযোগ্যা না হইলেও তাহাকে যথাবিধানে সম্প্রদান করিবে। মনু, ৯ অ। ৮৮।

৪১। ঋতুমতী হইয়াও কন্যা বরং যাবজ্জীবন গৃহে থাকিবে ইহাও শ্রেয়ঃ, তথাপি নির্গুণপাত্রে কন্যা সমর্পণ করিবে না। মনু, ৯ অ। ৮৯।

৪২। ঋতুমতী হইলেও কুমারী তিনবৎসর কাল অপেক্ষা করিয়া তদনন্তর আপন উপযুক্ত পতি নির্ব্বাচন করিয়া লইবে। মনু, অ। ৯০।

৪৩। পিত্রাদিকর্ত্তৃক অদীয়মানা কন্যা যদি যথাকালে স্বয়ং কোন পুরুষকে পতিরূপে বরণ করে, তবে তাহাতে তাহার কিছুমাত্র পাপ হয় না। ঐরূপ স্বয়ংবরা কন্যা তাহার পিতৃমাতৃ বা ভ্রাতৃ-দত্ত ভূষণাদি গ্রহণ করিতে পারিবে না। ওরূপ করিলে তাহা চৌর্য্যবৃত্তিরূপে পরিগণিত হইবে। মনু, ৯ অ। ৯১—৯২।

৪৪। যে, ঋতুমতী কুমারীর পাণিগ্রহণ করে, কন্যার পিতাকে তাহার শুল্ক দিতে হইবে না, কারণ ঋতুরোধে অপত্যরোধ করতঃ উক্ত পিতা আপন কন্যার উপর আধিপত্য রহিত হইয়াছেন। মনু, ৯ অ। ৯৩।

৪১। কামমামরণাৎ তিষ্ঠেদ্ গৃহে কন্যর্ত্তুমত্যপি।
ন চৈবৈনাং প্রযচ্ছেৎ তু গুণহীনায় কর্হিচিৎ॥ মনু, ৮ অ। ৮৯।

৪২। ত্রীণি বর্ষাণ্যুদীক্ষেত কুমার্য্যৃতুমতী সতী।
উর্দ্ধন্তু কালাদেতস্মাদ্বিন্দেত সদৃশং পতিম্॥ মনু, ৯ অ। ৯০।

৪৩। অদীয়মানা ভর্ত্তারমধিগচ্ছেদ্‌যদি স্বয়ম্।
নৈনঃ কিঞ্চিদবাপ্নোতি ন চ যং সাধিগচ্ছতি॥
অলঙ্কারং নাদদীত পিত্র্যং কন্যা স্বয়ংবরা।
মাতৃকং ভ্রাতৃদত্তং বা স্তেনা স্যাদ্‌যদি তং হরেৎ॥ মনু, ৯ অ। ৯১—৯২।

৪৪। পিত্রে ন দদ্যাচ্ছুল্কন্তু কন্যামৃতুমতীং হরন্।
স হি স্বাম্যাদতিক্রামেদৃতূনাং প্রতিরোধনাৎ॥ মনু, ৯ অ। ৯৩।

৪৫। ত্রিশ-বর্ষীয় যুবক মনোমত দ্বাদশবর্ষীয়া কন্যাকে পত্নীরূপে গ্রহণ করিবে। চতুর্ব্বিংশতি-বর্ষীয় যুবক, অষ্টম-বর্ষীয়া কন্যাকে বিবাহ করিবে, * কিন্তু যদি ধর্ম্মহানির আশঙ্কা থাকে, তবে সত্বরও বিবাহ করিতে পারে। মনু, ৯ অ। ৯৪।

৪৬। পতি আপন ইচ্ছায় ভার্য্যালাভ করিতে পারে না, পরন্তু দেব-নির্দ্দিষ্টা ভার্য্যাই লাভ করিয়া থাকে, অতএব যদি পত্নী সাধ্বী হয়, তবে দেবপ্রীতি কামনা করিয়া তাহাকে নিত্য ভরণ করিবে। মনু, ৯ অ। ৯৫।

৪৭। গর্ভধারণার্থ স্ত্রী এবং গর্ভাধান জন্য পুরুষের সৃষ্টি হইয়াছে, স্বামী গর্ভোৎপাদনের ন্যায় সকল ধর্ম্মকর্ম্মই সম্পন্ন করিবে, বেদে এরূপ উক্ত হইয়াছে। মনু, ৯ অ। ৯৬।

৪৮। বিবাহার্থ যদি কেহ কোন কন্যাকে শুল্ক দিয়া বিবাহের পূর্ব্বে

৪৫। ত্রিংশদ্বর্ষোদ্বহেৎ কন্যাং হৃদ্যাং দ্বাদশবার্ষিকীম্।
ত্র্যষ্টবর্ষোঽষ্টবর্ষাং বা ধর্ম্মে সীদতি সত্বরঃ॥ মনু, ৯ অ। ৯৪।

৪৬। দেবদত্তাং পতির্ভার্য্যাং বিন্দতে নেচ্ছয়াত্মনঃ।
তাং সাধ্বীং বিভৃয়ান্নিত্যং দেবানাং প্রিয়মাচরন্॥ মনু, ৯ অ। ৯৫।

৪৭। প্রজনার্থং স্ত্রিয়ঃ সৃষ্টাঃ সন্তানার্থঞ্চ মানবাঃ।
তস্মাৎ সাধারণো ধর্ম্মঃ শ্রুতৌ পত্ন্যা সহোদিতঃ॥ মনু, ৯ অ। ৯৬।

৪৮। কন্যায়াং দত্তশুল্কায়াং ম্রিয়েত যদি শুল্কদঃ।
দেবরায় প্রদাতব্যা যদি কন্যানুমন্যতে॥
আদদীত ন শূদ্রোঽপি শুল্কং দুহিতরং দদৎ।
শুল্কং হি গৃহ্নন্ কুরুতেচ্ছন্নং দুহিতৃবিক্রয়ম্॥ মনু, ৯ অ। ৯৭—৯৮।

---

* কন্যার এই বয়ঃক্রম নির্দ্ধারণ বিধির তাৎপর্য্য এই যে, বরের বয়ঃক্রমের তিন ভাগের একভাগ কন্যার বয়ঃক্রম হওয়াই নিয়ম। দ্বাদশবার্ষিকী শব্দে দ্বাদশবর্ষ প্রবৃত্তা। "দ্বাদশ শব্দে" গর্ভদ্বাদশ অর্থাৎ দশবৎসর দুইমাসমাত্রবয়স্কাই দ্বাদশবর্ষিকী শব্দের অর্থ, ইহাই কন্যা-বিবাহের চরমকাল বলিয়া জানিবে।

গতাসু হয়, তবে কন্যা সম্মত হইলে উক্ত শুল্কদাতার কনিষ্ঠের সহিত ঐ কন্যার বিবাহ দিবে। কিন্তু (তাহা বলিয়া) শূদ্রজাতিরও কখন স্বীয় কন্যা বিবাহ উপলক্ষে শুল্ক গ্রহণ করা বিধেয় নহে; কন্যার যে পিতা উক্তরূপ শুল্ক গ্রহণ করেন, তাঁহার অপ্রকাশ্যভাবে কন্যা বিক্রয় করা হয়। মনু, ৯ অ। ৯৭—৯৮।

৪৯। কি প্রাচীন, কি আধুনিক, একজনকে বাগ্দান দিয়া কেহ কথনই অন্যপাত্রে আপন কন্যা সম্প্রদান করেন নাই। পূর্ব্বকল্পেও শুল্ক নাম করিয়া গোপন ভাবে স্বীয় কন্যা বিক্রয় করার কথা শুনা যায় নাই। মনু, ৯ অ। ৯৯—১০০।

৫০। সংক্ষেপতঃ মরণাবধি পরস্পর অব্যভিচারাবস্থায় অবস্থান করাই স্ত্রীপুরুষের পরমধর্ম্ম। বিবাহিত স্ত্রী ও পুরুষ পরস্পর কোনমতে বিযুক্ত না হইয়া যাহাতে কোনরূপে ব্যভিচার না করেন, তদ্বিষয়ে সতত সাবধান থাকা আবশ্যক। * মনু, ৯ অ। ১০১—১০২।

৪৯। এতৎ তু ন পরে চক্রুর্নাপরে জাতু সাধবঃ।
যদন্যস্য প্রতিজ্ঞায় পুনরন্যস্য দীয়তে॥
নানুশুশ্রুম জাত্বেতৎ পূর্ব্বেষ্বপি হি জন্মসু।
শুল্কসংজ্ঞেন মূল্যেন চ্ছন্নং দুহিতৃবিক্রয়ম্॥ মনু, ৯ অ। ৯৯—১০০।

৫০। অন্যোন্যস্যাব্যভীচারো ভবেদামরণান্তিকঃ।
এষ ধর্ম্মঃ সমাসেন জ্ঞেয়ঃ স্ত্রীপুংসয়োঃ পরঃ॥
তথা নিত্যং যতেয়াতাং স্ত্রীপুংসৌ তু কৃত ক্রিয়ে।
যথা নাভিচরেতাং তৌ বিযুক্তাবিতরেতরম্॥ মনু; ৯ অ। ১০১—১০২।

---

* স্ত্রী ও পুরুষ উভয়েরই ব্যভিচার বিষয়ে সাবধান হওয়া আবশ্যক, ইহাই শাস্ত্রকারদিগের অভিমত। অধুনা ব্যভিচারাসক্ত পুরুষেরা স্ত্রীর ব্যভিচারই দোষাবহ, কিন্তু পুরুষের ব্যভিচারে কোন দোষ নাই এইরূপ মনে করিয়া পরস্ত্রী ও বেশ্যাসক্ত হইয়া থাকেন এবং সেই লাম্পট্যপ্রভাবে স্বপত্নীর অশেষবিধ কষ্টের কারণ হন, তাহা যে সম্পূর্ণ অধর্ম্মাত্মক, তাহা জানিয়া সকলেরই তদ্দোষ বর্জ্জন করা বিধেয়।

অতঃপর দায়-বিষয়ক বিচার-বিধিতে পুত্রকেই সর্ব্বপ্রথম উত্তরাধিকারী বলিয়া ঋষিগণ নির্দ্দেশ করিয়াছেন। সেই পুত্র প্রধানতঃ বিবাহিতা-পত্নী-সম্ভূত, তদভাবে দত্তকাদি অন্যবিধ পুত্র ইহা শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। অতএব শাস্ত্রবিহিত বিবাহ কত প্রকার তাহা জানা আবশ্যক; তাহা নিম্নে লিখিত হইল।

৫১। বিবাহ আট প্রকার যথা,—

১ম। ব্রাহ্মবিবাহ;—কন্যাকে সবিশেষ বস্ত্রদ্বারা আচ্ছাদান করিয়া এবং অলঙ্কারাদিদ্বারা সম্মানিত করিয়া, বিদ্যা ও সদাচার-সম্পন্ন বরকে স্বয়ং আমন্ত্রণ করিয়া, যে কন্যা দান, তাহাকে ব্রাহ্ম বিবাহ বলে। মনু, ৩ অ। ২৭। যাজ্ঞ, ১ অ। ৫৮। বিষ্ণু, ২৪ অ। ১৯।

২য়।— দৈব বিবাহ;—জ্যোতিষ্টোমাদি যজ্ঞ আরম্ভ হইলে পর সেই যজ্ঞে কর্ম্মকর্ত্তা পুরোহিতকে অলঙ্কৃতা কন্যা দান, দৈববিবাহ পদবাচ্য। দৈবকার্য্য-সিদ্ধির কামনায় এই বিবাহ সম্পাদন হয় বলিয়া, ইহাকে দৈব বিবাহ বলে। মনু, ৩ অ। ২৮। যাজ্ঞ, ১ অ। ৫৯। বিষ্ণু, ২৪ অ। ২০।

৫১। ১ম (ক) আচ্ছাদ্য চার্চ্চয়িত্বা চ শ্রুতশীলবতে স্বয়ম্।
আহূয় দানং কন্যায়া ব্রাহ্মো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ॥ মনু, ৩ অ। ২৭।

(খ) ব্রাহ্মো বিবাহ আহূয় দীয়তে শক্ত্যলঙ্কৃতা।
তজ্জঃ পুনাত্যুভয়তঃ পুরুষানেক বিংশতিম্॥ যাজ্ঞ, ১ অ। ৫৮।

(গ) আহূয় গুণবতে কন্যাদানং ব্রাহ্মঃ॥ বিষ্ণু, ২৪ অ। ১৯।

২য়। (ক) যজ্ঞে তু বিততে সম্যগৃত্বিজে কর্ম্ম কুর্ব্বতে।
অলঙ্কৃত্য সুতাদানং দৈবং ধর্ম্মং প্রচক্ষতে॥ মনু, ৩ অ। ২৮।

(খ) যজ্ঞস্থায়র্ত্বিজে দৈব আদায়ার্ষস্তু গোদ্বয়ম্।
চতুর্দ্দশ প্রথমজঃ পুনাত্যুত্তরজশ্চ ষট্॥ যাজ্ঞ, ১ অ ৫৯।

(গ) যজ্ঞস্থায়র্ত্বিজে দৈবঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২০।

৩য়। আর্ষ বিবাহ;—যাগাদি অবশ্যকর্ত্তব্য ধর্ম্মের নিমিত্ত বরের নিকট হইতে গোবলীবর্দ্দ একযুগ (জোড়া) বা দুই যুগই হউক, গ্রহণ করিয়া তাঁহাকে যে বিধিবৎ কন্যাদান, তাহাকে আর্ষ বিবাহ বলে। মনু, ৩ অ। ২৯। যাজ্ঞ, ১ অ। ৫৯। বিষ্ণু, ২৪ অ। ২১।

৪র্থ। প্রাজাপত্য বিবাহ;—"তোমরা উভয়ে গার্হস্থ্য ধর্ম্মের আচরণ করিবে" এই অনুরোধ করিয়া যথাবিধি অলঙ্কারাদি দ্বারা অর্চ্চনা-পূর্ব্বক প্রার্থি-বরকে যে কন্যাদান, তাহাকে প্রাজাপত্য বিবাহ বলে। গার্হস্থ্যধর্ম্ম নিয়মে আবদ্ধ করাতে এই বিবাহ দৈবাদি হইতে হীন। মনু, ৩ অ। ৩০। যাজ্ঞ, ১ অ। ৬০। বিষ্ণু, ২৪ অ। ২২।

৫ম। আসুর বিবাহ;—শাস্ত্রমতে নয়, পরন্তু স্বেচ্ছামতে কন্যার

৩য়। (ক) একং গোমিথুনং দ্বে বা বরাদাদায় ধর্ম্মতঃ।
কন্যাপ্রদানং বিধিবদার্ষো ধর্ম্মঃ স উচ্যতে॥ মনু, ৩ অ। ২৯।

(খ) উল্লিখিত॥ যাজ্ঞ, ১।। ৫৯।

(গ) গোমিথুন গ্রহণেনার্ষঃ॥ বিষ্ণু, ২৪। ২১।

৪র্থ। (ক) সহোভৌ চরতাং ধর্ম্মমিতি বাচানুভাষ্য চ।
কন্যাপ্রদানমভ্যর্চ্চ্য প্রাজাপত্যো বিধিঃ স্মৃতঃ॥ মনু, ৩ অ। ৩০।

(খ) ইত্যুক্ত্বা চরতাং ধর্ম্মং সহ যা দীয়তেঽর্থিনে।
স কায়ঃ পাবয়েত্তজ্জঃ ষট্ষড়্‌ বংশ্যান্ সহাত্মনা॥ যাজ্ঞ, ১ অ। ৬০।

(গ) প্রার্থিত প্রদানেন প্রাজাপত্যঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২২।

৫ম। (ক) জ্ঞাতিভ্যো দ্রবিণং দত্বা কন্যায়ৈ চৈবশক্তিতঃ।
কন্যাপ্রদানং স্বাচ্ছন্দ্যাদাসুরো ধর্ম্ম উচ্যতে॥ মনু, ৩ অ। ৩১।

(খ) আসুরো দ্রবিণাদানাদ্গান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ।
রাক্ষসোযুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যকাচ্ছলাৎ॥ যাজ্ঞ, ১ অ,। ৬১।

(গ) ক্রয়েণাসুরঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২৪।

পিত্রাদিকে এবং কন্যাকে ধন দিয়া যে কন্যা গ্রহণ, তাহাকে আসুর বিবাহ বলে। মনু, ৩ অ। ৩১। যাজ্ঞ, ১ অ। ৬১। বিষ্ণু, ৪ অ। ২৪।

৬ষ্ঠ। গান্ধর্ব্ব বিবাহ;—কন্যা এবং বর উভয়ের পরস্পর অনুরাগ বশতঃ যে মিলন হয় তাহাকে গান্ধর্ব্ব বিবাহ বলে। যথা;—(দুষ্মন্ত ও শকুন্তলার বিবাহ গান্ধর্ব্ব)। ইহা কামমূলক ও মৈথুনেচ্ছায় সুসম্পন্ন। পরন্তু হোমাদি দ্বারা পশ্চাৎ উহার বিবাহত্ব সিদ্ধ হয়। মনু, ৩ অ। ৩২। যাজ্ঞ, ১ অ। ৬১। বিষ্ণু, ২৪ অ। ২৩।

৭ম। রাক্ষস বিবাহ;—কন্যাপক্ষীয় লোকদিগকে হনন করিয়া, ছেদন করিয়া, তাহাদিগের গৃহভেদ করিয়া "হা হতোস্মি বলিয়া রোরুদ্যমানা" কন্যা বলপূর্ব্বক হরণ করিয়া যে বিবাহ করা, তাহাকে রাক্ষস-বিবাহ বলে। (বিচিত্রবীর্য্য ও অম্বিকার বিবাহ রাক্ষস বিবাহ)। মনু ৩ অ। ৩৩। যাজ্ঞ ১ অ। ৬১। বিষ্ণু ২৪ অ। ২৫।

৮ম। পৈশাচ বিবাহ;—নিদ্রায় অভিভূত, মদ্যপানে বিহ্বল

৬ষ্ঠ। (ক) ইচ্ছায়ান্যোন্যসংযোগঃ কন্যায়াশ্চ বরস্য চ।
গান্ধর্ব্বঃ স তু বিজ্ঞেয়ো মৈথুন্যঃ কামসম্ভবঃ॥ মনু, ৩ অ। ৩২।

(খ) উল্লিখিত যাজ্ঞ, ১ অ। ৬১।

(গ) সকাময়োর্ম্মাতাপিতৃরহিতো যোগো গান্ধর্ব্বঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২৩।

৭ম। (ক) হত্বা ছিত্ত্বা চ ভিত্ত্বা ক্রোশন্তীং রুদতীং গৃহাৎ।
প্রসহ্য কন্যাহরণং রাক্ষসো বিধিরুচ্যতে॥ মনু, ৩ অ। ৩৩।

(খ) উল্লিখিত—যাজ্ঞ, ১ অ। ৬১।

(গ) যুদ্ধহরণেন রাক্ষসঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২৫।

৮ম। (ক) সুপ্তাং মত্তাং প্রমত্তাং বা রহো যত্রোপগচ্ছতি।
স পাপিষ্ঠোবিবাহানাং পৈশাচশ্চাষ্টমোঽধম॥ মনু, ৩ অ। ৩৪।

(খ) উল্লিখিত—যাজ্ঞ, ১ অ। ৬১।

(গ) সুপ্তপ্রমত্তাভিগমনাৎ পৈশাচঃ॥ বিষ্ণু, ২৪ অ। ২৬।

অথবা উন্মত্ত-স্ত্রীলোককে যে নির্জ্জনে গমন করা, তাহাকে পৈশাচ বিবাহ বলে। আট প্রকার বিবাহের মধ্যে এই বিবাহ অতিশয় পাপজনক ও অধম। মনু, ৩ অ। ৩৪। যাজ্ঞ, ১ অ। ৬১। বিষ্ণু, ২৪ অ। ২৬।

৫২। এই সকল বিবাহ মধ্যে প্রথমোক্ত চারিটি বিবাহ ধর্ম্ম্য। গান্ধর্ব্বও ক্ষত্রিয়দিগের ধর্ম্ম্য। বিষ্ণু, ২৪ অ। ২৭—২৮।

৫৩। উদক-দান-পূর্ব্বক কন্যাদানই ব্রাহ্মণগণের পক্ষে প্রশস্ত, পরন্তু ক্ষত্রিয়াদি অপরাপর বর্ণের পক্ষে পরস্পরের ইচ্ছানুসারে কেবল কথাতেও কন্যাদান হইবে। মনু, ৩ অ। ৩৫।

৫৪। সবর্ণ-বিবাহে পাণিগ্রহণ করাই কর্ত্তব্য। আর উৎকৃষ্ট বর্ণের সহিত হীন বর্ণের বিবাহ স্থলে, ক্ষত্রিয়া ব্রাহ্মণের হস্তে ধৃত শর গ্রহণ করিবে, বৈশ্যা বরহস্তস্থ প্রতোদ (গোতাড়ন যষ্টির) এক দেশ গ্রহণ করিবে। শূদ্রকে

৫২। এতেষাদ্যাশ্চত্বারো ধর্ম্ম্যাঃ ॥ গান্ধর্ব্বোঽপি রাজন্যানাম্ ॥

বিষ্ণু, ২৪। ২৭—২৮।

৫৩। অদ্ভিরেব দ্বিজাগ্র্যাণাং কন্যাদানং বিশিষ্যতে।
ইতরেষান্তু বর্ণানামিতরেতর কাম্যয়া ॥ মনু, ৩ অ। ৩৫।

৫৪। (ক) পাণিগ্রাহ্যঃ সবর্ণাসু গৃহ্নীয়াৎ ক্ষত্রিয়া শরম্।
বৈশ্যা প্রতোদমাদদ্যাদ্বেদনে ত্বগ্রজন্মনঃ ॥ যাজ্ঞ, ১ অ। ৬২।

(খ) পাণিগ্রহণ সংস্কারঃ সবর্ণাসূপদিশ্যতে।
অসবর্ণা স্বয়ং জ্ঞেয়ো বিধিরুদ্বাহকর্ম্মণি ॥
শরঃ ক্ষত্রিয়য়া গ্রাহ্যঃ প্রতোদো বৈশ্যকন্যয়া।
বসনস্য দশা গ্রাহ্যা শূদ্রয়োৎকৃষ্টবেদনে ॥ মনু, ৩ অ। ৪৩ ৪৪।

(গ) তাসাং সবর্ণাবেদনে পাণিগ্রাহ্যঃ ॥ অসবর্ণাবেদনে শরঃ ক্ষত্রিয়কন্যয়া ॥
প্রতোদো বৈশ্যকন্যয়া ॥ বসনদশান্তঃ শূদ্রকন্যয়া ॥

বিষ্ণু, ২৪ অ। ৫—৮।

বিবাহ করিলে, শূদ্রা ব্রাহ্মণাদি-পরিহিত বস্ত্রের দশা গ্রহণ করিবে। যাজ্ঞ, ১ অ। ৬২। মনু, ৩ অ। ৪৩—৪৪। বিষ্ণু, ২৪। ৫—৮।

৫৫। পিতা, পিতামহ, ভ্রাতা, সকুল্য এবং জননী * ক্রমোপন্যস্ত এই কয় ব্যক্তির মধ্যে পূর্ব্বপূর্ব্বের অভাব হইলে, উন্মাদাদি দোষ রহিত পর পর ব্যক্তি কন্যাদানে অধিকারী; অর্থাৎ পিতার অভাবে পিতামহ, তদভাবে ভ্রাতা ইত্যাদি। যাজ্ঞ, ১ অ। ৬৩। বিষ্ণু ২৪ অ। ৩৮।

দ্বিপঞ্চাশত্তম স্তবক।

[দায়ভাগ।]

দায় শব্দের অর্থ ধন, ঐ ধন বিভাগের নাম দায়ভাগ। মনু-সংহিতায় অষ্টাদশ-পদ ব্যবহারের মধ্যে ষোড়শ-পদ ব্যবহার "স্ত্রীপুরুষ-ধর্ম্মবিভাগ" নির্দ্দেশ করিয়াছেন এবং দায়ভাগও তদন্তর্গত উল্লেখ করিয়াছেন। কিন্তু যাজ্ঞবল্ক্য সংহিতায় দায়ভাগ ব্যবহারটি একটি স্বতন্ত্র প্রকরণেই বর্ণিত হইয়াছে! বাস্তবিক সম্পত্তি-বিভাগ-ব্যবহার, "দায়ভাগ" এই আখ্যায় চিরপ্রথিত।

৫৫। (ক) পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো জননী তথা।
কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ॥ যাজ্ঞ, ১ অ। ৬৩।

(খ) পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো মাতামহো
মাতা চেতি কন্যাপ্রদাঃ॥ বিষ্ণু, ২৪ অ। ৩৮।

---

* বিষ্ণু জননীর পূর্ব্বেই মাতামহ ব্যবস্থা করিয়াছেন; কিন্তু যাজ্ঞবল্ক্যে মাতামহ ব্যবস্থা নাই।

একারণ উক্ত স্ত্রীপুরুষ-ধর্ম্মবিভাগ বিচার-বিষয়ক স্তবক হইতে পৃথক করিয়া স্বতন্ত্ররূপে দায়ভাগ ব্যবহার এই স্তবকে লিখিত হইল।

প্রাচীন হিন্দুশাস্ত্রোক্ত বিচার পদ ব্যবহার-সম্বন্ধে, অধুনা ইংরেজ-শাসনকালে, বিভিন্ন আইন প্রচলিত হইলেও "স্ত্রীপুরুষ-ধর্ম্মবিভাগ" অর্থাৎ বিবাহ, যৌতুক, পতি-পত্নীসম্বন্ধ-বিচ্ছেদ, দত্তকগ্রহণ, দায়ক্রম ও দায়-বিভাগ-সম্বন্ধীয় হিন্দুধর্ম্মের সনাতন *ব্যবহারের প্রতি হস্তক্ষেপ না করিতে ইংরেজরাজ প্রতিশ্রুত থাকায় এখনও ঐ সকল ব্যবহার প্রচলিত রাখিয়া স্বীয় সত্য-*পরায়ণতার প্রমাণ করিয়া আসিতেছেন।

শাস্ত্রকারেরা পৈতৃক-সম্পত্তির উত্তরাধিকারী প্রথমতঃ পুত্র-কেই নির্দ্দেশ করিয়াছেন, অতএব পুত্র কি? এবং পুত্র-পৌত্রাদির আবশ্যকতাই বা কি? তাহা জানা আবশ্যক।

পতিই আত্মরূপে পত্নিগর্ভে জন্মগ্রহণ করেন;—

১। পতি ভার্য্যায় প্রবিষ্ট হইয়া, তদ্‌গর্ভ হইতে পুত্ররূপে জন্মগ্রহণ করে। জায়া হইতে পুনর্জ্জন্ম হয় বলিয়াই জায়ার জায়াত্ব। মনু, ৯ অ।৮।

২। পুত্র পিতাকে পুন্নাম নরক হইতে পরিত্রাণ করে, এই হেতু ব্রহ্মা স্বয়ং "পুত্র" এই নাম রাখিয়াছেন। মনু, ৯ অ। ১৩৮।

১। পতির্ভার্য্যাং সম্প্রবিশ্য গর্ভো ভূত্বেহ জায়তে।
জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ॥ মনু, ৯।৮।

২। পুন্নাম্নো নরকাদ্‌যস্মাৎ ত্রায়তে পিতরং সুতঃ।
তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা॥ মনু, ৯ অ। ১৩৮।

৩। মনুষ্য পুত্রের দ্বারা লোকসকল লাভ করিয়া থাকে, পৌত্র দ্বারা অনন্তত্ব লাভ এবং প্রপৌত্র দ্বারা সূর্য্যালোক লাভ করে। মনু, ৯ অ। ১৩৭।

(উত্তরাধিকারী নির্ণয়।)

ধনীর স্বর্গলাভ হইলে, তদীয় পুত্রগণই তাহার সম্পত্তির উত্তরাধিকারী হয়। পুরাকালে পুত্র দ্বাদশ প্রকার ছিল।

৪। পুত্র দ্বাদশ প্রকার যথা,—

(১) ঔরসপুত্র,—ধর্ম্মপত্নীর গর্ভ-সম্ভব পুত্র। ইহাই শ্রেষ্ঠ। (পুত্রিকাপুত্র তৎসদৃশ)।

(২) ক্ষেত্রজপুত্র,—স্বগোত্র বা তদিতর (অর্থাৎ সবর্ণ এবং দেবর-কর্ত্তৃক স্বক্ষেত্রে উৎপাদিত) পুত্র।

৩। (ক) পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণানন্ত্যমশ্নুতে।
অথ পুত্রস্য পৌত্রেণ ব্রধ্নস্যাপ্নোতি বিষ্টপম্॥ মনু, ৯ অ। ১৩৭।

৪। (ক) ঔরসো ধর্ম্মপত্নীজস্তৎসমঃ পুত্রিকাসুতঃ।
ক্ষেত্রজঃ ক্ষেত্রজাতস্তু সগোত্রেণেতরেণ বা॥
গৃহে প্রচ্ছন্ন উৎপন্নো গূঢ়জস্তু সুতোমতঃ।
কানীনঃ কন্যকাজাতো মাতামহসুতোমতঃ॥
অক্ষতায়াং ক্ষতায়াং বা জাতঃ পৌনর্ভবস্তথা।
দদ্যান্মাতা পিতা বা যং স পুত্রোদত্তকোভবেৎ॥
ক্রীতস্তু তাভ্যাং বিক্রীতঃ কৃত্রিমঃস্যাৎ স্বয়ংকৃতঃ।
দত্তাত্মা তু স্বয়ং দত্তো গর্ভে বিন্নঃ সহোঢ়জঃ॥
উৎসৃষ্টো গৃহ্যতে যস্তু সোঽপবিদ্ধোভবেৎসুতঃ।
পিণ্ডদোঽংশহরশ্চৈষাং পূর্ব্বাভাবে পরঃ পরঃ॥
সজাতীয়েষয়ং প্রোক্তস্তনয়েষু ময়া বিধিঃ।
জাতোঽপি দাস্যাং শূদ্রেণ কামতোঽংশহরোভবেৎ॥
যাজ্ঞ, ২ অ। ১৩১—১৩৬।

(৩) গূঢ়জপুত্র,—ভর্ত্তৃগৃহে প্রচ্ছন্নভাবে: পরপুরুষ-সংসর্গে উৎপাদিত পুত্র।

(৪) কানীনপুত্র,—কন্যাবস্থায় উৎপন্ন পুত্র (ইহাকে মাতামহের পুত্র বলিয়া জানিবে)।

(৫) পৌনর্ভবপুত্র,—অক্ষতা বা ক্ষতা পুনর্ভূ নারীর গর্ভে উৎপন্ন পুত্র। (অর্থাৎ পতিকর্ত্তৃক পরিত্যক্তা অথবা মৃতপতিকা বিধবা স্বেচ্ছাতঃ *পুনর্ব্বার অন্যের ভার্য্যা হইয়া যে পুত্র উৎপাদন করে, ঐ পুত্রকে পৌনর্ভব* বলে)।

(৬) দত্তকপুত্র,—পিতামাতা যে পুত্র অপরকে প্রদান করেন, সে দত্তকপুত্র (এ পুত্র গৃহীতার উত্তরাধিকারী)।

(৭) ক্রীতপুত্র,—পিতৃমাতৃ-বিক্রীতপুত্র (এ পুত্র ক্রেতার উত্তরাধিকারী)।

(৮) কৃত্রিমপুত্র,—নিজকৃত (অর্থাৎ পুত্র বলিয়া সম্ভাবিত এবং পালিত)।

(খ) স্বেক্ষেত্রে সংস্কৃতায়ান্তু স্বয়মুৎপাদয়েদ্ধি যম্।
তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্রথম কল্পিতম্॥
যস্তল্পজঃ প্রমীতস্য ক্লীবস্য ব্যাধিতস্য বা।
স্বধর্ম্মেণ নিযুক্তায়াং স পুত্রঃ ক্ষেত্রজঃ স্মৃতঃ॥
মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভিঃ পুত্রমাপদি।
সদৃশং প্রীতিসংযুক্তং স জ্ঞেয়ো দত্রিমঃ সুতঃ॥
সদৃশন্তু প্রকুর্য্যাদ্ যং গুণদোষবিচক্ষণম্।
পুত্রং পুত্রগুণৈর্যুক্তং সবিজ্ঞেয়শ্চ কৃত্রিমঃ॥
উৎপদ্যতে গৃহে যস্য ন চ জায়েত কস্য সঃ।
স গৃহে গূঢ়উৎপন্নস্তস্য স্যাদ্ যস্য তল্পজঃ॥

(৯) স্বয়ংদত্তপুত্র,—যে পিতৃমাতৃহীন শিশু স্বয়ং আত্মসমর্পণ করে।

(১০) সহোঢ়জপুত্র,—জননীর পরিণয়াবস্থার গর্ভস্থ পুত্র।

(১১) অপবিদ্ধপুত্র,—যে শিশু পিতৃমাতৃ পরিত্যক্ত অবস্থায় অপরের গৃহীত হয়, সে অপবিদ্ধ পুত্র।

ঐ একাদশ প্রকার পুত্রের মধ্যে প্রথম হইতে উল্লিখিত এক এক জনের অভাব হইলে, পর পর উল্লিখিত পুত্র, পুরাকালে পিণ্ডদ ও ধনাধিকারী হইত।

(১২) শৌদ্রপুত্র,—শূদ্র দাসীতে যে পুত্র উৎপাদিত করে, তাহাকে শৌদ্রপুত্র বলে। ঐ পুত্র উৎপাদকের ইচ্ছা থাকিলে অংশ পাইতে পারিত। যাজ্ঞ, ২ অ। ১৩১—১৩৬। মনু, ১৬৬—১৭৯।

কলিকালের প্রারম্ভ হইতেই কেবলমাত্র ঔরস ও দত্তক এই দ্বিবিধ পুত্র ব্যবহারে পরিগণিত হইয়া আসিতেছে। তৎপূর্ব্বে ঐ দ্বাদশবিধ পুত্র ব্যবহারে প্রচলিত ছিল। অধুনা ঐ দ্বিবিধ পুত্রই কেবল পিণ্ডদ ও ধনাধিকারী হইয়া থাকে।

মাতা পি[illegible]ভ্যামুৎসৃষ্টং তয়োরন্যতরেণ বা।
যং পুত্রং পরিগৃহ্নীয়াদপবিদ্ধঃ স উচ্যতে॥
পিতৃবেশ্মনি কন্যা তু যং পুত্রং জনয়েদ্রহঃ।
তং কানীনং বদেন্নাম্না বোঢ়ুঃ কন্যাসমুদ্ভবম্॥
যা গর্ভিনী সংস্ক্রিয়তে জ্ঞাতা জ্ঞাতাপি বা সতী।
বোঢ়ঃ সগর্ভো ভবতি সহোঢ় ইতি চোচ্যতে॥
ক্রীণীয়াদ্‌যস্ত্বপত্যার্থং মাতাপিত্রোর্যমন্তিকাৎ।
স ক্রীতকঃ সুতস্তস্য সদৃশোঽসদৃশোঽপি বা॥
যা পত্যা বা পরিত্যক্তা বিধবা বা স্বয়েচ্ছয়া।
উৎপাদয়েৎ পুনর্ভূত্বা স পৌনর্ভব উচ্যতে॥

পুত্রিকাপুত্র কাহাকে বলে ?

৫। "এই কন্যাতে যে পুত্র জন্মিবে, সে আমার শ্রাদ্ধাধিকারী হইবে" অপুত্রক এই ব্যবস্থা করিয়া যে কন্যা সম্প্রদান করেন, সেই কন্যাকে পুত্রিকা বলা যায়। মনু, ৯ অ। ১২৭।

৬। পুত্র আত্ম-সদৃশ, এ কন্যাও তদ্বৎ, সুতরাং পুত্রিকা কন্যাসত্ত্বে অন্যে ধনভাগী হইতে পারে না। মনু, ৯ অ। ১৩০।

৭। কৃত-পুত্রিকা বা অকৃত-পুত্রিকা কন্যার গর্ভ হইতে সমান জাতীয়

সা চেদক্ষতযোনিঃ স্যাদ্গতপ্রত্যাগতাপি বা।
পৌনর্ভবেন ভর্ত্রা সা পুনঃ সংস্কারমর্হতি॥
মাতাপিতৃবিহীনো যস্ত্যক্তো বা স্যাদকারণাৎ।
আত্মানং স্পর্শয়েদ্ যস্মৈ স্বয়ং দত্তস্তু স স্মৃতঃ॥
যং ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎপাদয়েৎ সুতম্।
স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ। *
দাস্যাং বা দাসদাস্যাং বা যঃ শূদ্রস্য সুতো ভবেৎ।
সোঽনুজ্ঞাতো হরেদংশমিতি ধর্ম্মো ব্যবস্থিতঃ॥ মনু, ৯ অ। ১৬৬—১৭৯।

৫। অপুত্রোঽনেন বিধিনা সুতাং কুর্ব্বীত পুত্রিকাম্।
যদপত্যং ভবেদস্যাং তন্মম স্যাৎ স্বধাকরম্॥ মনু, ৯ অ। ১২৭।

৬। যথৈবাত্মা তথা পুত্রঃ পুত্রেণ দুহিতা সমা।
তস্যামাত্মনি তিষ্ঠন্ত্যাং কথমন্যো ধনং হরেৎ॥ মনু, ৯অ। ১৩০।

৭। অকৃতা বা কৃতা বাপি যং বিন্দেৎ সদৃশাৎ সুতম্।
পৌত্রীমাতামহস্তেন দদ্যাৎ পিণ্ডং হরেদ্ধনম্॥ মনু, ৯ অ। ১৩৬।

---

* ব্রাহ্মণ কাম বশতঃ স্বপরিণীতা শূদ্রাতে যে পুত্র উৎপাদন করেন, ঐ পুত্রকে পারশব বলে। পার অর্থাৎ শ্রাদ্ধাদিতে পারগ হইলেও তথাপি শব অর্থাৎ মৃতের ন্যায় অনধিকারী একারণ পারশব। এই পারশব পুত্রকে যাজ্ঞবল্ক্য শৌদ্রপুত্র মধ্যেই ধরিয়াছেন।

ভর্ত্তৃকর্ত্তৃক সমুৎপাদিত তনয়দ্বারা মাতামহ পৌত্র-বিশিষ্ট হইবেন এবং ঐ দৌহিত্রই পিণ্ডদান করতঃ মাতামহের ধন হরণ করিবেন। মনু, অ।১৩৬।

৮। অপুত্রক মাতামহের ধন পুত্রিকাপুত্র গ্রহণ করিবে এবং দৌহিত্র—মাতামহ ও পিতা এ উভয়ের পিণ্ডদান করিবে। মনু, ৯। ১৩২।

৯। লোকে পৌত্র ও দৌহিত্রে ধর্ম্মতঃ কিছুমাত্র ইতরবিশেষ নাই, কারণ একজন হইতে পুত্র ও কন্যা উভয়ই উৎপন্ন হইয়াছে। মনু, ৯ অ। ১৩৩।

১০। পুত্রিকা গ্রহণান্তে যদি কোন ব্যক্তির পুত্র জন্মে, তাহা হইলে পুত্র ও পুত্রিকা-পুত্র—উভয়ে সমাংশভাগী হইবে, যেহেতু স্ত্রীজাতির জ্যেষ্ঠত্ব নাই। মনু, ৯ অ। ১৩৪।

১১। পুত্রিকা অপুত্রিকাবস্থায় পরলোক গমন করিলে, তৎপ্রাপ্য সমস্তসম্পত্তি তৎপতি প্রাপ্ত হইবেন। মনু, ৯ অ। ১৩৫।

১২। পিতামাতা দুর্ভিক্ষাদি আপৎকালে অথবা প্রতিগৃহীতার পুত্রাভাবাদি আপদে যে সমানজাতীয় পুত্রকে, প্রীতিপূর্ব্বক জলগ্রহণ করিয়া

৮। দৌহিত্রো হ্যখিলং রিক্থমপুত্রস্য পিতুর্হরেৎ।
স এব দদ্যাদ্দ্বৌ পিণ্ডৌ পিত্রে মাতামহায় চ॥ মনু, ৯ অ। ১৩২।

৯। পৌত্রদৌহিত্রয়োর্লোকে ন বিশেষোঽস্তি ধর্ম্মতঃ।
তয়োর্হি মাতাপিতরৌ সম্ভূতৌ তস্য দেহতঃ॥ মনু, ৯ অ। ১৩৩।

১০। পুত্রিকায়াং কৃতায়ান্তু যদি পুত্রোঽনুজায়তে।
সমস্তত্র বিভাগঃ স্যাজ্জ্যেষ্ঠতা নাস্তি হি স্ত্রিয়াঃ॥ মনু, ৯ অ। ১৩৪।

১১। অপুত্রায়াং মৃতায়ান্তু পুত্রিকায়াং কথঞ্চন।
ধনং তৎপুত্রিকাভর্ত্তা হরেতৈবাবিচারয়ন্॥ মনু, ৯ অ। ১৩৫।

১২। মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভিঃ পুত্রমাপদি।
সদৃশং প্রীতিসংযুক্তং স জ্ঞেয়ো দত্রিমঃ সুতঃ॥ মনু, ৯ অ। ১৬৮।

প্রতিগৃহীতাকে দান করেন, ঐ পুত্রকে দত্ত্রিম বা দত্তকপুত্র বলে। মনু, ৯ অ। ১৬৮।

১৩। দত্তকপুত্র গ্রহণান্তর যদি ঔরসপুত্র জন্মে এবং ঐ দত্তকপুত্র যদি সর্ব্বগুণালঙ্কৃত হয়, তাহা হইলে সে ঐ ঔরসপুত্রের ষষ্ঠাংশভাগী হইয়া থাকে। মনু, ৯ অ। ১৪১।

১৪। দত্তকপুত্র জন্মদাতার গোত্র বা ধন লাভ করিতে পারে না। যে যাহার পিণ্ডদানে সমর্থ, সেই তাহার গোত্র ও ধনাধিকারী হইয়া থাকে। দত্তকপুত্র, দাতার শ্রাদ্ধাদি কার্য্যে অধিকারী হইতে পারে না। মনু, ৯ অ। ১৪২।

১৫। একজাত ভ্রাতাদিগের মধ্যে যদি একজন পুত্রবান্ হন, তবে সেই এক পুত্র হইতেই সকল ভ্রাতা পুত্রবান্ জানিবে। ইহা মনু বলিয়াছেন। মনু, ৯ অ। ১৮২।

১৬। যে সকল স্ত্রীর এক পতি, ঐ সকল স্ত্রীর মধ্যে কোন স্ত্রী যদি পুত্রবতী হয়, তবে ঐ পুত্র হইতেই সকল স্ত্রী পুত্রবতী জানিবে। ইহা মনু বলিয়াছেন। মনু, ৯ অ। ১৮৩।

১৩। উপপন্নোগুণৈঃ সর্ব্বৈঃ পুত্রো যস্ত তু দত্ত্রিমঃ।
স হরেতৈব তদ্রিক্থং সম্প্রাপ্তোঽপ্যন্যগোত্রতঃ॥ মনু, ৯ অ। ১৪১।

১৪। গোত্ররিক্থে জনয়িতুর্ন হরেদ্দত্ত্রিমঃ কচিৎ।
গোত্ররিক্থানুগঃ পিণ্ডো ব্যপৈতিদদতঃ স্বধা॥ মনু, ৯ অ। ১৪২।

১৫। ভ্রাতৃণামেকজাতানামেকশ্চেৎ পুত্রবান্ ভবেৎ।
সর্ব্বাংস্তাংস্তেন পুত্রেণ পুত্রিণো মনুরব্রবীৎ॥ মনু, ৯ অ। ১৮২।

১৬। সর্ব্বাসামেকপত্নীনামেকা চেৎ পুত্রিণী ভবেৎ।
সর্ব্বাস্তাস্তেন পুত্রেণ প্রাহ পুত্রবতীর্মনুঃ॥ মনু, ৯ অ। ১৮৩।

স্বর্গগত ধনীর পুত্রাভাবে পৌত্র, তদভাবে প্রপৌত্র ধনাধিকারী হইয়া থাকে।

ধনী পরলোকগত হইলে যদি তাহার পুত্র, পৌত্র, প্রপৌত্র কেহই না থাকে, তাহা হইলে পত্নী উত্তরাধিকারিণী হইবে, পত্ন্যভাবে দুহিতা, তদভাবে দৌহিত্র, তদভাবে পিতা, তদভাবে মাতা, পিতামাতার অভাবে ভ্রাতা, তদভাবে ভ্রাতৃপুত্র; তদভাবে গোত্রজ, তদভাবে বন্ধু, তদভাবে আচার্য্য, তদভাবে শিষ্য তদভাবে সব্রহ্মচারী ধনাধিকারী হইবে।

১৭। অপুত্র (অর্থাৎ পুত্র, পৌত্র, প্রপৌত্র রহিত) ধনী স্বর্গলাভ করিলে পত্নী, দুহিতা, দৌহিত্র, পিতা, মাতা, ভ্রাতা, ভ্রাতৃপুত্র, গোত্রজ, বন্ধু, শিষ্য, সব্রহ্মচারী ইহাদিগের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব উল্লিখিত ব্যক্তির অভাবে উত্তরোত্তর উল্লিখিতব্যক্তি উত্তরাধিকারী হইবে, সকল বর্ণেরই এই নিয়ম। যাজ্ঞ, ২ অ। ১৩৮—১৩৯।

যদি অনেক পত্নী থাকে, তবে সকলেই অংশ পাইবে। বৃদ্ধ মনু কহিয়াছেন, বিবাহিতা স্ত্রী-সকল ধন পাইবে। বিধবা পুত্রহীনা স্ত্রী ব্রহ্মচর্য্য-ব্রত ধারণ করিয়া পতির শয়ন পালন করিবে অর্থাৎ ব্যভিচারিণী না হইলে, সেই স্ত্রীই পতির পিণ্ডদান করিবে ও পতির সমস্তধনে অধিকারিণী হইবে।

১৭। পত্নীদুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা।
তৎসুতো গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণঃ॥
এষামভাবে পূর্ব্বস্য ধনভাগুত্তরোত্তরঃ।
স্বর্যাতস্যহ্যপুত্রস্য সর্ব্ববর্ণেষ্বয়ং বিধিঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৩৮—১৩৯।

পত্নীর অভাবে দুহিতা ধনাধিকারিণী হইয়া থাকে। দুহিতার অভাবে দৌহিত্রই ধনাধিকারী হয় ইহা জানিবে।

ভ্রাতা দ্বিবিধ—সহোদর ও বৈমাত্রেয়। বৈমাত্রেয় অপেক্ষা সহোদরের সন্নিকর্ষ অধিক। অতএব পিতামাতার অভাবে সহোদর ভ্রাতা, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতা উত্তরাধিকারী হইবে।

ভ্রাতার অভাবে ভ্রাতৃপুত্রগণ পিতার ক্রমানুসারে ধন প্রাপ্ত হইবে। অর্থাৎ ভ্রাতৃধন বিভাগের পূর্ব্বে যদি কোন ভ্রাতা পরলোক গমন করে, তবে তাহার পুত্রগণ পিতৃক্রমে অধিকার প্রাপ্ত হইলে, সেই স্থলে ভ্রাতৃগণের ভ্রাতৃপুত্রের বিভাগ, পিতৃক্রমেই একদা ভাগ কল্পনা যুক্তিসিদ্ধ।

ভ্রাতুষ্পুত্রগণের অভাবে গোত্রজাত ব্যক্তিরা ধনভাগী হয়। "গোত্র জাত ব্যক্তি" বলায় পিতামহী, সপিণ্ড ও সমানোদক ব্যক্তিরা ধনাধিকারী হইবে, ইহাই বুঝিতে হইবে। তন্মধ্যে প্রথমেই পিতামহী ধনভাগিনী। পিতামহের সন্তান অভাবে প্রপিতামহী, প্রপিতামহ, তৎপুত্র ও তৎপুত্র ইত্যাদি ঊর্দ্ধতন সপ্তমপুরুষ পর্য্যন্ত সমান গোত্র ও সপিণ্ডগণের ধনাধিকার জানিতে হইবে। তাহাদিগের অভাবে সমানোদকের ধনাধিকার জানিতে হইবে, সপিণ্ডগণের ঊর্দ্ধতন সপ্তমপুরুষ পর্য্যন্ত সমানোদক জানিবে, তাহার পরেই সগোত্র বলিতে হইবে।

সগোত্রের অভাবে বন্ধুরা ধন গ্রহণ করে। বন্ধু তিন প্রকার,—১ম আত্মবন্ধু, ২য় পিতৃবন্ধু, ৩য় মাতৃবন্ধু। আপনার পিতৃষসার পুত্র, আপনার মাতৃষসার পুত্র, আপনার মাতুলপুত্র এই তিনটি আত্মবন্ধু, পিতার পিতৃষসার পুত্র, পিতার মাতৃষসার পুত্র ও পিতার মাতুলপুত্র ইহারা পিতৃবন্ধু এবং মাতার পিতৃষসার পুত্র, মাতার মাতৃষসার পুত্র ও মাতার মাতুলপুত্র ইহারা মাতৃবন্ধু হয়। তন্মধ্যে নিকট সম্বন্ধ-প্রযুক্ত

প্রথমে আত্মবন্ধুরা, তাহার অভাবে পিতৃবন্ধুরা. তাহার অভাবে মাতৃবন্ধুরা ধনাধিকারী হইবে, এইরূপ ক্রম জানিবে।

বন্ধুগণের অভাবে আচার্য্য, আচার্য্যের অভাবে শিষ্যগণ ধন পাইবে। কিন্তু যাজ্ঞবল্ক্যবচনে বন্ধুর অভাবে শিষ্যের ধনাধিকার ব্যবস্থা আছে। আচার্য্যের উল্লেখ নাই। পরন্তু মনু ও আপস্তম্বে স্মরণ আছে, আচার্য্যের পর শিষ্য ধনাধিকারী হইবে। বাস্তবিক তাহাই সঙ্গত ও পণ্ডিত-গ্রাহ্য।

শিষ্যাভাবে সব্রহ্মচারী ধনাধিকারী। যাহার সহিত এক আচার্য্যের নিকটে উপনয়ন, বেদাধ্যয়ন ও বেদার্থ জ্ঞান প্রাপ্তি হয়, তাহাকে সব্রহ্মচারী বলে।

তাহার অভাবে ব্রাহ্মণের ধন শ্রোত্রিয়-ব্রাহ্মণ গ্রহণ করিবেন। ক্ষত্রিয়ের ধনাধিকারীর অভাবে রাজা ধন গ্রহণ করিবেন, এইরূপ সনাতন মর্য্যাদা আছে। নারদও কহিয়াছেন, ব্রাহ্মণের কেহ ধনাধিকারী না থাকিলে, তাহার পরলোকান্তে তাহার ধন ব্রাহ্মণকেই রাজা দিবেন। (যাজ্ঞবল্ক্য টীকা)।

১৮। বানপ্রস্থ, যতি এবং নৈষ্ঠিক ব্রহ্মচারীদিগের পুস্তক, বস্ত্র প্রভৃতি যাহা কিছু দ্রব্য থাকিবে, তাহাতে আচার্য্য সৎশিষ্য, ধর্ম্মভ্রাতা এবং একাশ্রমী ইহারা যথাক্রমে (অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব উল্লিখিতের অভাবে পর পর উল্লিখিত ব্যক্তি) অধিকারী হইবেন। যাজ্ঞ, ২ অ। ১৪০।

১৯। বিভক্ত নিজধন—পিতা, ভ্রাতা বা পিতৃব্যধনের সহিত মিশ্রিত

১৮। বানপ্রস্থযতিব্রহ্মচারিণামৃক্থভাগিনঃ।
ক্রমেণাচার্য্যসচ্ছিষ্যধর্ম্মভ্রাত্রেকতীর্থিনঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৪০।

১৯। সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী সোদরস্য তু সোদরঃ।
দদ্যাচ্চোপহরেদংশং জাতস্য চ মৃতস্য চ॥ যাজ্ঞ, ২ অ। ১৪১।

করিয়া অবিভক্তবৎ ব্যবহার করিলে, উহাদিগকে সংসৃষ্টি বলা যায়। সংসৃষ্টি হইবার পূর্ব্বে যখন ধন বিভাগ করিয়া লয়, তখন পত্নীর অবিজ্ঞাত গর্ভ থাকিলে ও পশ্চাৎ সংসৃষ্টি হইয়া পরলোক প্রাপ্ত হইলে, ঐ গর্ভোদ্ভব পুত্রকে, যাহার সহিত সংসৃষ্টি হইয়াছিল, সেই সংসৃষ্টি অংশ দিতে বাধ্য। আর যদি অপুত্রক অবস্থায় মৃত্যু হয়, তবে সংসৃষ্টি তাহার ধনাধিকারী হইবে। সহোদর ভ্রাতা, বৈমাত্রেয় ভ্রাতা, পিতৃব্য ইত্যাদি পাঁচজনে মিলিয়া সংসৃষ্টি হইলে, ঐরূপ পুত্রকে সহোদর সংসৃষ্টিই অংশ দিবে; আর অপুত্রক অবস্থায় মৃত্যু হইলে, সহোদর-সংসৃষ্টিই উত্তরাধিকারী হইবে। যাজ্ঞ, ২ অ। ১৪১।

২০। পুত্রাদি-রহিত পরলোকগত বৈমাত্রেয় ভ্রাতার ধনে সংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতা অধিকারী হইবে, কিন্তু অসংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতার ধনে সংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতা অধিকারী হইবে, অসংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতা হইবে না। সংসৃষ্টি অর্থাৎ সহোদর, অসংসৃষ্টি হইলেও সহোদরের ধনে অধিকারী, আর সংসৃষ্টি বলিয়াঃ একমাত্র বৈমাত্রেয় ভ্রাতাই যে, ধনাধিকারী হইবে, তাহা নহে; পরন্তু সংসৃষ্টি বৈমাত্রেয় ভ্রাতা এবং অসংসৃষ্টি সহোদর উভয়ে সেই ধনে অধিকারী। যাজ্ঞ, ২ অ। ১৪২।

উত্তরাধিকারিত্বে অনধিকারী নির্ণয়।

২১। ক্লীব, পতিত, পতিত-পুত্র, জন্মাবধি পঙ্গু, উন্মত্ত, বেদ-গ্রহণে অসমর্থ, জন্মান্ধ, যক্ষ্মাদি অচিকিৎসনীয় রোগাক্রান্ত এবং পিতৃদ্বেষী প্রভৃতি

২০। অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী নান্যোদার্য্যো ধনং হরেৎ।
অসংসৃষ্ট্যপি চাদদ্যাৎ সংসৃষ্টো নান্যমাতৃজঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৪২।

২১। (ক) ক্লীবোঽথ পতিতস্তজ্জঃ পঙ্গুরুন্মত্তকোজড়ঃ।
অন্ধোঽচিকিৎস্যরোগাদ্যাভর্ত্তব্যাস্যুর্নিরংশকাঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৪৩।

ব্যক্তিগণকে ধনাধিকারিগণ ভরণপোষণ করিবে, কিন্তু অংশ দিবে না। যাজ্ঞ, ২ অ। ১৪৩। মনু, ৯ অ। ২০১—২০২।

২২। ইহাদিগের পুত্রগণ পিতৃবৎ দোষাক্রান্ত না হইলে, পিতা নির্দ্দোষ হইলে যে প্রকার ভাগ পাইতে পারিত, তদনুসারে ভাগ পাইবে। এবং পূর্ব্বোক্ত ক্লীবাদির কন্যাগণ যতদিন না বিবাহিত হইবে, ততদিন ইহাদিগের ভরণপোষণ করিতে হইবে, পরে বিবাহ দিতে হইবে। যাজ্ঞ, ২ অ। ১৪৪।

২৩। এই সকল ক্লীবাদির পুত্রহীন পত্নী সচ্চরিত্রা হইলে, দায়াদগণ তাহাদিগকে ভরণপোষণ করিতে বাধ্য; কিন্তু যদি ব্যভিচারিণী হয়, তাহা হইলে ভরণ করিবে না, প্রত্যুত নির্ব্বাসিত করিবে। আর প্রতিকূলা হইলে, ভরণ-পোষণ করিবে বটে, কিন্তু স্থানান্তরিত করিয়া দিবে। যাজ্ঞ, ২ অ। ১৪৫।

২৪। কুকর্ম্মাসক্ত ভ্রাতারা ধন পাইবার যোগ্য নয়। কনিষ্ঠদিগকে ভাগ না দিয়া জ্যেষ্ঠ আপনার জন্য সাধারণ ধন হইতে সঞ্চয় করিবে না। মনু, ৯ অ। ২১৪।

(খ) অনংশৌ ক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা।
উন্মত্তজড়মূকাশ্চ যে চ কেচিন্নিরিন্দ্রিয়াঃ॥
সর্ব্বেষামপি তু ন্যায্যং দাতুং শক্ত্যা মনীষিণা।
গ্রাসাচ্ছাদনমত্যন্তং পতিতো হ্যদদদ্ভবেৎ॥ মনু, ৯ অ। ২০১—২০২।

২২। ঔরসাঃ ক্ষেত্রজাস্তেষাং নির্দ্দোষা ভাগহারিণঃ।
সুতাশ্চৈষাং প্রভর্ত্তব্যা যাবদ্বৈ ভর্ত্তৃসাৎকৃতাঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৪৪।

২৩। অপুত্রা যোষিতশ্চৈষাং ভর্ত্তব্যাঃ সাধুবৃত্তয়ঃ।
নির্ব্বাস্যা ব্যভিচারিণ্যঃ প্রতিকূলাস্তথৈব চ॥ যাজ্ঞ, ২ অ। ১৪৫।

২৪। সর্ব্ব এব বিকর্ম্মস্থা নার্হন্তি ভ্রাতরো ধনম্।
ন চাদত্ত্বা কনিষ্ঠেভ্যো জ্যেষ্ঠঃ কুর্ব্বীত যৌতকম্॥ মনু, ৯ অ। ২১৪।

[বিভাজ্য ধন।]

ধনবিভাগের পূর্ব্বে কোন্ ধন বিভাজ্য এবং কোন্ ধন অবিভাজ্য, তাহা জানা আবশ্যক ;—

২৫। পিতৃধনাভাবে যদি সকল ভ্রাতায় চেষ্টা করিয়া গার্হস্থ্য নির্ব্বাহ করে, তবে ভাগকালীন উহারা সকলেই সমান ভাগ পাইবে। উপার্জ্জনের ন্যূনাধিক্য অনুসারে কাহারও ন্যূন বা কাহারও অধিক হইবে না এবং কেহ উদ্ধার পাইবে না। মনু ৯ অ। ২০৫।

২৬। ভ্রাতারা যদি পূর্ব্বে বিভক্ত হইয়া পশ্চাৎ আবার সকলে একত্র হইয়া বাস করে, তবে পুনর্ব্বার ভাগ করিবার সময়ে সকলে সমান ভাগ-পাইবে, জ্যৈষ্ঠ উদ্ধার পাইবে না। মনু, ৯ অ। ২১০।

২৭। বিভাগকালে ভ্রাতাদিগের মধ্যে জ্যেষ্ঠ বা কনিষ্ঠ যে ভ্রাতা প্রব্রজ্যাদি দ্বারা অথবা মরণাদিতে স্বীয় অংশ হইতে হীন হইবে, উহার অংশ লুপ্ত হইবে না। সহোদর ভ্রাতারা একত্র হইয়া ঐ অংশ ভাগ করিয়া লইবে। সংসৃষ্ট ভ্রাতারা এবং সোদর্য্যা ভগিনীরাও ঐ অংশ হইতে সমান ভাগ পাইবে। মনু, ৯ অ। ২১১—২১২।

২৫। অবিদ্যানাস্তু সর্ব্বেষামীহাতশ্চেদ্ধনং ভবেৎ।
সমস্তত্র বিভাগঃ স্যাদপিত্র্য ইতি ধারণা। মনু, ৯ অ।২০৫।

২৬। বিভক্তাঃ সহজীবন্তো বিভজেরন্ পুনর্যদি।
সমস্তত্র বিভাগঃ স্যাজ্জ্যৈষ্ঠ্যং তত্র ন বিদ্যতে॥ মনু, ৯ অ। ২১০।

২৭। যেষাং জ্যেষ্ঠঃ কনিষ্ঠো বা হীয়েতাংশপ্রদানতঃ।
ম্রিয়েতান্যতরো বাপি তস্য ভাগো ন লুপ্যতে॥
সোদর্য্যা বিভজেরংস্তং সমেত্য সহিতাঃ সমম্।
ভ্রাতরো যে চ সংসৃষ্টা ভগিন্যশ্চ সনাভয়ঃ॥ মনু ৯ অ। ২১১-২১২।

২৮। মাতা মরিয়া গেলে, মাতার ধন সহোদর ভ্রাতা ও অবিবাহিতা সোদর্য্যা ভগিনী সকলে সমান ভাগ করিয়া লইবে। বিবাহিতা কন্যা থাকিলে উহাকে আপন অংশ হইতে চতুর্থ ভাগ দিবে। মনু, ৯ অ। ১৯২।

২৯। যদি ঐ সকল কন্যার আবার কন্যা থাকে অর্থাৎ অবিবাহিতা দৌহিত্রী থাকে, তবে সম্মানার্থ উহাদিগকে মাতামহী ধন হইতে প্রীতি-পূর্ব্বক কিঞ্চিৎ দান করিবে। মনু, ৯ অ। ১৯৩।

৩০। কৃষি বাণিজ্যাদি দ্বারা সাধারণ ধন বর্দ্ধিত করিলে সকল অংশী-দারই সমভাগী। যাজ্ঞ, ২ অ। ১২৩।

৩১। বিভাগের পূর্ব্বে কোন অংশীদার সাধারণ ধন হইতে কিছু অপহরণ করিলে, তাহা যদি বিভাগের পর দৃষ্টিগোচর হয়, তাহা হইলে, সেই দ্রব্য সকল অংশীদার সমভাগ করিয়া লইবেন। ইহাই নিয়ম। যাজ্ঞ, ২ অ। ১২৯।

৩২। যথাশাস্ত্র সমুদায় ঋণ ও ধন ভাগ করিয়া লওয়ার পর, যদি পৈতৃক অজ্ঞাত কোন সাধারণ ঋণ বা ধন দৃষ্ট হয়, তাহা হইলে, তাহা সকলে পূর্ব্বের মত সমান ভাগ করিয়া লইবে। মনু, ৯ অ। ২১৮।

২৮। জনন্যাং সংস্থিতায়ান্তু সমং সর্ব্বে সহোদরাঃ।
ভজেরন্ মাতৃকং রিকৃথং ভগিন্যশ্চ সনাভয়ঃ॥ মনু, ৯ অ। ১৯২।

২৯। যাস্তাসাং স্যুর্দুহিতরস্তাসামপি যথার্হতঃ।
মাতামহ্যা ধনাৎ কিঞ্চিৎ প্রদেয়ং প্রীতিপূর্ব্বকম্॥ মনু, ৯ অ। ১৯৩।

৩০। "সামান্যার্থসমুত্থানে বিভাগস্তু সমঃ স্মৃতঃ।" যাজ্ঞ, ২ অ। ১২৩।

৩১। অন্যোন্যাপহৃতং দ্রব্যং বিভক্তে তত্তু দৃশ্যতে।
তৎ পুনস্তে সমৈরংশৈর্বিভজেরন্নিতি স্থিতিঃ॥ যাজ্ঞ, ২ অ। ১২৯।

৩২। ঋণে ধনে চ সর্ব্বস্মিন্ প্রবিভক্তে যথাবিধি।
পশ্চাদ্দৃশ্যেত যৎ কিঞ্চিৎ তৎ সর্ব্বং সমতাং নয়েৎ॥ মনু, ৯ অ। ২১৮।

৩৩। পিতার মরণোত্তর ভ্রাতাদিগের সহিত অবিভক্ত জ্যেষ্ঠ, আপনার ক্ষমতায় যে ধন উপার্জ্জন করিবে, উহাতে বিদ্যাভ্যাসকারী কনিষ্ঠের অংশ হইবে। মনু, ৯ অ। ২০৪।

৩৪। বিদ্যাশিক্ষার্থ গুরুকুলে গমন করিলে, ভ্রাতারা যদি তাহার পোষণ করে, কি ভ্রাতার কুটুম্বকর্ত্তৃক পোষিত হয়, তবে তাহার বিদ্যালব্ধ ধনের অংশ অপর ভ্রাতারা মূর্খ হইলেও পাইতে পারে। কাত্যায়নঃ।

৩৫। পিতা, পিতামহ কি ভ্রাতা হইতে শস্ত্র কি শাস্ত্র শিক্ষা করিলে, তদ্দ্বারা লব্ধ ধনের ভাগ অন্য ভ্রাতাদিগকে দিতে হইবে। অপর দুই ভাই সমান বা ন্যূনাতিরেক বিদ্বান্ হইলে, পরস্পর ধনভাগ দিবে, কিন্তু মূর্খ ভ্রাতাকে ধনের ভাগ দিবে না। বৃহস্পতিঃ।

[অবিভাজ্য ধন।]

৩৬। পিতৃধন নষ্ট না করিয়া শ্রম দ্বারা যে ব্যক্তি ধন উপার্জ্জন করে, সে যদি ইচ্ছা না করে, তবে ঐ শ্রমার্জ্জিত ধনের অংশ অন্যকে দিবে না। মনু, ৯ অ। ২০৮। যাজ্ঞ, ২ অ। ১২০।

৩৩। যৎ কিঞ্চিৎ পিতরি প্রেতে ধনং জ্যেষ্ঠোঽধিগচ্ছতি।
ভাগো যবীয়সাং তত্র যদি বিদ্যানুপালিনঃ। মনু, ৯ অ। ২০৪।

৩৪। নাবিদ্যানান্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ।
সমবিদ্যাধিকানান্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনম্। কাত্যায়নঃ।

৩৫। কুলে বিনীত বিদ্যানাং ভ্রাতৃতঃ পিতৃতোঽপি বা।
শৌর্য্যপ্রাপ্তন্ত যদ্বিত্তং তদ্বিভাজ্যং বৃহস্পতিঃ। বৃহস্পতিঃ।

৩৬। (ক) অনুপঘ্নন্ পিতৃদ্রব্যং শ্রমেণ যদুপার্জ্জয়েৎ।
স্বয়মীহিত লব্ধং তন্নাকামো দাতুমর্হতি। মনু, ৯ অ। ২০৮।

(খ) পিতৃদ্রব্যাবিরোধেন যদন্যৎ স্বয়মর্জ্জিতম্।
মৈত্রমৌদ্বাহিকঞ্চৈব দায়াদানাং ন তদ্ভবেৎ। যাজ্ঞ, ২ অ। ১২০।

৩৭। বিদ্যালব্ধ * যে ধন, উহা, আর যাগে আর্ত্বিজ্যলব্ধ যে ধন, তাহা, বিদ্যা যাহার তাহারই। মিত্র-লব্ধ ধন, বিবাহকালে শ্বশুরাদি হইতে প্রাপ্ত ধন, দায়াদকর্ত্তৃক বিভক্ত হইতে পারে না। মনু, ৯ অ। ২০৬। যাজ্ঞ, ২ অ। ১২০—১২১।

৩৮। পৈতৃক সম্পত্তি, পিতার অসামর্থ্য-প্রযুক্ত যদি হস্তান্তরিত হইয়া থাকে এবং কোন পুত্র আপন শক্তি দ্বারা যদি তাহার উদ্ধার করে, তবে ঐ ধন স্বোপার্জ্জিত। ইচ্ছা না থাকিলে, অপরাপর পুত্রকে উহার ভাগ দিতে হইবে না। মনু, ৯ অ। ২০৯।

৩৭। (ক) বিদ্যাধনন্তু যদ্ যস্য তৎ তস্যৈব ধনং ভবেৎ।
মৈত্র্যমৌদ্বাহিকঞ্চৈব মাধুপর্কিকমেব চ॥ মনু, ৯ অ। ২০৬।

(খ) উল্লিখিত—যাজ্ঞ, ২ অ। ১২০। এবং
ক্রমাদভ্যাগতং দ্রব্যং হৃতমভ্যুদ্ধরেৎতু যঃ।
দায়াদেভ্যো ন তদ্দদ্যাদ্ বিদ্যয়া লব্ধমেব চ॥ যাজ্ঞ ২ অ। ১২১।

৩৮। (ক) পৈতৃকন্তু পিতা দ্রব্যমনবাপ্তং যদাপ্নুয়াৎ।
ন তৎ পুত্রৈর্ভজেৎ সার্দ্ধমকামঃ স্বয়মর্জ্জিতম্। মনু, ৯ অ। ২০৯।

---

* বিদ্যালব্ধ ধন কাহাকে বলে? তুমি যদি আমার শুভ করিতে পার তবে, তোমাকে কিঞ্চিৎ দিব, এই পণে পরের শুভকরণ জন্য যে লাভ হয়; অধ্যাপনার অধ্যাপকত্ব পুরস্কারের যে লাভ; যজমান হইতে দক্ষিণা গ্রহণে যে লাভ; অপর পণ ব্যতীত বিদ্যাপ্রশ্ন পূরণে যে লাভ; শাস্ত্রীয় বিচারে অন্যের চিত্তস্থ সংশয় ছেদনে যে লাভ, আগত বাদি-প্রতিবাদীর ন্যায় করণার্থে সন্দেহ নিরস্ত করিবা যে লাভ; বিনা শাস্ত্রাদিতে নৈপুণ্য বিধায় প্রতিগ্রহ জন্য যে লাভ; যে স্থলে এক দ্রব্য লাভার্থে অনেকের সমাগম হয়, যদি তাহার মধ্যে কোন ব্যক্তির, প্রকৃষ্টরূপে অধ্যয়নের উৎকর্ষ প্রযুক্ত যাহা লাভ হয়; শিল্পবিদ্যাদ্বারা মূল্যের অধিক যাহা লাভ হয়; এবং দ্যূতক্রীড়া দ্বারা পরকে জয় করিয়া যাহা লাভ হয়; সেই সকলের নাম বিদ্যালব্ধ ধন; ইহার ভাগ নাই। বৃহস্পতিঃ।

৩৯। যে ব্যক্তি স্বয়ং উপার্জ্জনক্ষম বলিয়া সাধারণের ধনের বাঞ্ছা করেন না, তাঁহাকে পিতৃধনের অংশ হইতে উপজীবন স্বরূপে কিছু দিয়া পৃথক্ করিয়া দিবে। মনু, ৯ অ। ২০৭। যাজ্ঞ, ২ অ। ১১৮।

৪০। বস্ত্র, বাহন, অলঙ্কার, তণ্ডুল, জল, দাস্যাদি, স্ত্রী, পুরোহিত এবং গবাদিচারণার্থ স্থানের বিভাগ হইবে না। মনু, ৯ অ। ২১৯।

৪১। পিতামাতা পুত্রগণকে যে সকল বস্ত্রালঙ্কারাদি প্রীতিপূর্ব্বক দান করিবেন, তাহা তাহারই ধন। যাজ্ঞ, ২ অ। ১২৩।

[পিতা বর্ত্তমানে পিতৃকৃত বিভাগ।]

৪২। যদি পিতা বিভাগ করিয়া দেন, তাহা হইলে পুত্রদিগকে (স্বোপার্জ্জিত ধন) ইচ্ছামত অংশ করিয়া দিতে পারিবেন। অথবা জ্যেষ্ঠ-পুত্রকে (সকল ধনেরই) প্রধান ভাগী কিংবা সকলকেই সমভাগী করিবেন। যদি সমভাগ করেন, তাহা হইলে ভর্ত্তা বা শ্বশুর যাহাদিগকে স্ত্রীধন প্রদান করেন নাই, সেই সকল পত্নীদিগকেও পুত্রদিগের সমান অংশ দিবেন। যাজ্ঞ, ২ অ। ১১৬—১১৭।

৩৯। (ক) ভ্রাতৃণাং যস্তু নেহেত ধনং শক্তঃ স্বকর্ম্মণা।
ন নির্ভাজ্যঃ স্বকাদংশাৎ কিঞ্চিদ্দত্ত্বোপজীবনম্॥ মনু, ৯ অ। ২০৭।

(খ) "শক্তস্যানীহমানস্য কিঞ্চিদ্দত্ত্বা পৃথক্ ক্রিয়া।" যাজ্ঞ, ২ অ। ১১৮।

৪০। বস্ত্রং পত্রমলঙ্কারং কৃতান্নমুদকং স্ত্রিয়ঃ।
যোগক্ষেমং প্রচারঞ্চ ন বিভাজ্যং প্রচক্ষতে॥ মনু, ৯ অ। ২১৯।

৪১। "পিতৃভ্যাং যস্য যদ্দত্তং তত্তস্যৈব ধনং ভবেৎ।" যাজ্ঞ, ২ অ। ১২৩।

৪২। বিভাগঞ্চেৎ পিতা কুর্য্যাৎ স্বেচ্ছয়া বিভজেৎ সুতান্।
জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠভাগেন সর্ব্বে বা স্যুঃ সমাংশিনঃ।
যদি কুর্য্যাৎ সমানংশান্ পত্ন্যঃ কার্য্যাঃ সমাংশিকাঃ।
ন দত্তং স্ত্রীধনং যাসাং ভর্ত্রা বা শ্বশুরেণ বা॥ যাজ্ঞ, ২ অ। ১১৬-১১৭।

৪৩। ন্যূনাধিকবিভক্ত পুত্রগণের পিতৃকৃত ভাগ (অর্থাৎ ন্যূনাধিক ভাগ), ধর্ম্ম্য (অর্থাৎ শাস্ত্রোক্ত), (যেমন পূর্ব্বকালে জ্যেষ্ঠের বিংশতিতম ভাগ অধিক ছিল সেইরূপ) অপরিবর্ত্তিত থাকিবে, (নচেৎ পৈতৃকধনের ইচ্ছামত ভাগ করিলে, পরিবর্ত্তিত হইতে পারিবে), ইহা স্মৃত হইয়াছে। যাজ্ঞ, ২ অ। ১১৮।

৪৪। অবিভক্ত ভ্রাতৃগণ যদি একত্র থাকিয়া সকলেই ধনোপার্জ্জন করে, তবে বিভাগ কালে পিতা তাহাদের মধ্যে কাহাকেও বিষম ভাগ দিবেন না। মনু, ৯ অ। ২১৫।

৪৫। পিতা পুত্রদিগকে বিভক্ত করিয়া দিলে, তৎপরে যদি সবর্ণা-গর্ভে পুত্র উৎপন্ন হয়, তাহা হইলে ঐ বিভাগের পরজাত-পুত্রই পিতার অংশের অধিকারী হইবে। যাজ্ঞ, ২ অ। ১২৫।

[স্বর্গীয়-পিতৃমাতৃ-ধনে ভ্রাতৃবিভাগ।]

৪৬। পিতামাতার লোকান্তর হইলে, ভ্রাতৃবর্গ সকলে একত্র হইয়া ঐ পিতৃমাতৃধন সমভাগে বিভাগ করিয়া লইতে পারেন, কিন্তু যদি পিতা ইচ্ছাপূর্ব্বক স্বয়ং বিভাগ করিয়া না দেন, তাহা হইলে পিতামাতা বর্ত্তমানে পুত্রদের সে ধনে কোন অধিকারই নাই। মনু, ৯ অ। ১০৪।

৪৩। "ন্যূনাধিকবিভক্তানাং ধর্ম্ম্যঃ পিতৃকৃতঃ স্মৃতঃ॥" যাজ্ঞ, ২ অ। ১১৮।

৪৪। ভ্রাতৃণামবিভক্তানাং যদ্যুত্থানং ভবেৎ সহ।
ন পুত্রভাগং বিষমং পিতা দদ্যাৎ কথঞ্চন॥ মনু, ৯ অ। ২১৫।

৪৫। বিভক্তেষু সুতো জাতঃ সবর্ণায়াং বিভাগভাক্।
পশ্চাদ্বা তদ্বিভাগঃ স্যাদায়ব্যয়বিশোধিতাৎ॥ যাজ্ঞ, ২ অ। ১২৫।

৪৬। ঊর্দ্ধং পিতুশ্চ মাতুশ্চ সমেত্য ভ্রাতরঃ সমম্।
ভজেরন্ পৈতৃকং রিকথমনীশাস্তে হি জীবতোঃ॥ মনু, ৯ অ। ১০৪।

ঐ বিভাগে জ্যেষ্ঠপুত্রের শ্রেষ্ঠত্ব।

৪৭। জ্যেষ্ঠভ্রাতা সমুদায় পৈতৃক সম্পত্তির সম্পূর্ণ অধিকারী হইতে পারেন, যদি অপরাপর ভ্রাতৃবর্গ ভক্তাচ্ছাদনার্থ ঐ জ্যেষ্ঠভ্রাতার উপর পিতৃবৎ নির্ভর করিয়া তদধীনে বাস করে। মনু, ৯ অ। ১০৫।

৪৮। জ্যেষ্ঠপুত্র ভূমিষ্ঠ হইবামাত্র মনুষ্য পুত্রবান্ এবং পিতৃলোক-দিগের নিকট অঋণী হইয়া থাকেন, একারণ জ্যেষ্ঠ সর্ব্বস্ব পাইবার যোগ্য। মনু, ৯ অ। ১০৬।

৪৯। যে জ্যেষ্ঠ পুত্র সমুৎপত্তিমাত্র পিতা পিতৃঋণ হইতে মুক্ত হন, স্বয়ং অনন্তত্ব লাভ করেন, সেই জ্যেষ্ঠপুত্র ধর্ম্মোৎপন্ন পুত্র, অপর সন্তানেরা কামজমাত্র। মনু, ৯ অ। ১০৭।

৫০। জ্যেষ্ঠ ভ্রাত্রানুযায়িক কুলের উন্নতিও হইতে পারে, অবনতিও হইতে পারে। লোকে পূজ্য এবং সজ্জনসমাজে অনিন্দনীয় জ্যেষ্ঠোচিত কর্ত্তব্যানুষ্ঠানকারী জ্যেষ্ঠ ভ্রাতা পিতৃমাতৃবৎ পূজ্য, কিন্তু যদি অন্যথাচরণ করেন, তবে বন্ধুবৎ হইয়া থাকেন। মনু, ৯ অ। ১০৯—১১০।

৪৭। জ্যেষ্ঠ এব তু গৃহ্ণীয়াৎ পিত্র্যং ধনমশেষতঃ।
শেষাস্তমুপজীবেয়ুর্যথৈব পিতরং তথা॥ মনু, ৯ অ। ১০৫।

৪৮। জ্যেষ্ঠেন জাতমাত্রেণ পুত্রী ভবতি মানবঃ।
পিতৃণামনৃণশ্চৈব স তস্মাৎ সর্ব্বমর্হতি॥ মনু, ৯ অ। ১০৬।

৪৯। যস্মিন্নৃণং সন্নয়তি যেন চানন্ত্যমশ্নুতে।
স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ॥ মনু, ৯ অ। ১০৭।

৫০। জ্যেষ্ঠ কুলং বর্দ্ধয়তি বিনাশয়তি বা পুনঃ।
জ্যেষ্ঠঃ পূজ্যতমো লোকে জ্যেষ্ঠঃ সদ্ভিরগর্হিতঃ॥
যো জ্যেষ্ঠো জ্যেষ্ঠবৃত্তিঃ স্যান্মাতেব স পিতেব সঃ।
অজ্যেষ্ঠবৃত্তির্যস্তু স্যাৎ স সম্পূজ্যস্তু বন্ধুবৎ॥ মনু, ৯ অ। ১০৯-১১০।

৫১। জ্যেষ্ঠ ভ্রাতা কনিষ্ঠ ভ্রাতৃবর্গকে পুত্রবৎ প্রতিপালন করিবেন এবং কনিষ্ঠ ভ্রাতৃগণ ধর্ম্মতঃ জ্যেষ্ঠ ভ্রাতাকে পিতৃবৎ ভক্তি করিবে। মনু, ৯ অ। ১০৮।

৫২। ভ্রাতৃগণ পূর্ব্বোক্তরূপে অবিভক্তভাবে একত্রে বাস করিবেন অথবা ধর্ম্মাকাঙ্ক্ষী হইয়া পৃথক্ পৃথক্ বাস করিবেন, পার্থক্যে ধর্ম্মবৃদ্ধি; অতএব পার্থক্য ধর্ম্মসঙ্গত। মনু, ৯ অ। ১১১।

অতি প্রাচীনকালে, বিভাগ-সময়ে, জ্যেষ্ঠপুত্রের সম্মানার্থ বিংশভাগ সম্পত্তি উদ্ধার (অর্থাৎ উপর তোলা) রূপে পাইত; মধ্যম ও কনিষ্ঠেরও উদ্ধারাংশ ছিল। ঐ উদ্ধারাংশ গ্রহণের পর অবশিষ্ট সম্পত্তি সমাংশে বিভক্ত হইত।

৫৩। পৈতৃকসম্পত্তি বিভাগকালে দ্রব্যজাত মধ্যে বিংশভাগ ও সর্ব্বোৎকৃষ্ট দ্রব্য জ্যেষ্ঠের প্রাপ্য, মধ্যমের চত্বারিংশ ভাগ এবং কনিষ্ঠের অশীতিতম অংশ প্রাপ্য। এতদবশিষ্টাংশ ধন সকলের সমভাগে প্রাপ্য। মনু, ৯ অ। ১১২।

৫৪। জ্যেষ্ঠ-কনিষ্ঠের অংশ পূর্ব্বোল্লিখিত মত, এতদুভয়ের মধ্যগত অপর ভ্রাতারা সকলেই চত্বারিংশ ভাগের অধিকারী। মনু, ৯ অ। ১১৩।

৫১। পিতেব পালয়েৎ পুত্রান্ জ্যেষ্ঠো ভ্রাতৄন্ যবীয়সঃ।
পুত্রবচ্চাপি বর্ত্তেরন্ জ্যেষ্ঠে ভ্রাতরি ধর্ম্মতঃ॥ মনু, ৯ অ। ১০৮।

৫২। এবং সহ বসেয়ুর্বা পৃথগ্ বা ধর্ম্মকাম্যয়া।
পৃথগ্ বিবর্দ্ধতে ধর্ম্মস্তস্মাদ্ধর্ম্ম্যা পৃথক্ ক্রিয়া॥ মনু, ৯ অ। ১১১।

৫৩ জ্যেষ্ঠস্য বিংশ উদ্ধারঃ সর্ব্বদ্রব্যাচ্চ যদ্বরম্।
ততোঽর্দ্ধং মধ্যমস্য স্যাৎ তুরীয়স্তু যবীয়সঃ॥ মনু, ৯ অ। ১১২।

৫৪। জ্যেষ্ঠশ্চৈব কনিষ্ঠশ্চ সংহরেতাং যথোদিতম্।
যেঽন্যে জ্যেষ্ঠকনিষ্ঠাভ্যাং তেষাং স্যান্মধ্যমং ধনম্॥ মনু, ৯ অ। ১১৩।

৫৫। জ্যেষ্ঠ যদি গুণবান্ হন, আর অপর ভ্রাতারা নির্গুণ হন, তবে যাবতীয় দ্রব্য-সামগ্রীর মধ্যে উৎকৃষ্ট বস্তুসকল এবং দশটি গাভীর মধ্যে শ্রেষ্ঠ গাভীটি তাঁহার প্রাপ্য। মনু, ৯ অ। ১১৪।

৫৬। সকল ভ্রাতা সমগুণ-সম্পন্ন হইলে, পূর্ব্ববৎ জ্যেষ্ঠ দশটি বস্তুর মধ্যে একটি উদ্ধার পাইতে পারেন না, তবে জ্যেষ্ঠের সম্মানরক্ষার্থে যৎকিঞ্চিৎ উদ্ধার দেওয়া কর্ত্তব্য। মনু, ৯ অ। ১১৫।

৫৭। জ্যোতিষ্টোম যাগে সুব্রহ্মণ্যাখ্য মন্ত্রদ্বারা ইন্দ্রাহ্বান জন্মতঃ জ্যেষ্ঠেরই কর্ত্তব্য। যমজ সন্তানদ্বয়ের মধ্যে প্রথম ভূমিষ্ঠ সন্তানই জ্যেষ্ঠ বলিয়া গণ্য হইয়া থাকে। মনু, ৯ অ। ১২৬।

৫৮। যে জ্যেষ্ঠ লোভবশতঃ কনিষ্ঠ ভ্রাতাদিগকে বঞ্চনা করে; সে জ্যেষ্ঠোচিত মান্যার্হ নহে—জ্যেষ্ঠার্হ উদ্ধারাংশের যোগ্য নয়, পরন্তু রাজগণকর্ত্তৃক সে দণ্ডনীয়। মনু, ৯ অ। ২১৩।

৫৯। অজ, মেষ ও অশ্বাদি পশুগণ, বৈষম্য-নিবন্ধন সমভাগে বিভক্ত হইবার অযোগ্য হইলে, অতিরিক্ত পশুটি জ্যেষ্ঠের প্রাপ্য। মনু, ৯ অ। ১১৯।

৫৫। সর্ব্বেষাং ধনজাতানামাদদীতাগ্র্যমগ্রজঃ।
যচ্চ সাতিশয়ং কিঞ্চিদ্দশতশ্চাপ্নুয়াদ্বরম্॥ মনু, ৯ অ। ১১৪।

৫৬। উদ্ধারো ন দশস্বস্তি সম্পন্নানাং স্বকর্ম্মসু।
যৎ কিঞ্চিদেব দেয়ন্তু জ্যায়সে মানবর্দ্ধনম্॥ মনু, ৯ অ। ১১৫।

৫৭। জন্মজ্যেষ্ঠেন চাহ্বানং সুব্রহ্মণ্যাস্বপি স্মৃতম্।
যময়োশ্চৈবগর্ভেষু জন্মতো জ্যেষ্ঠতা স্মৃতা॥ মনু, ৯ অ। ১২৬।

৫৮। যো জ্যেষ্ঠো বিনিকুর্ব্বীত লোভাদ্ ভ্রাতৄন্ যবীয়সঃ।
সোঽজ্যেষ্ঠঃ স্যাদভাগশ্চনিয়ন্তব্যশ্চ রাজভিঃ॥ মনু, ৯ অ। ২১৩।

৫৯। আজাবিকং সৈকশফং ন জাতু বিষমং ভজেৎ।
আজাবিকন্তু বিষমং জ্যেষ্ঠস্যৈব বিধীয়তে॥ মনু, ৯ অ। ১১৯।

৬০। পৈতৃকধন পূর্ব্বোক্ত প্রকারে বিভক্ত হইলে, অবশিষ্ট ধন ভ্রাতৃগণ সমভাগে বিভক্ত করিয়া লইবেন; তাহা না হইলে নিম্নলিখিত নিয়মানুসারেও বিভক্ত হইতে পারে। মনু, ৯ অ। ১১৬।

৬১। পৈতৃকধন বিভাগ কালে জ্যেষ্ঠের দ্বিগুণ, মধ্যমের দেড়গুণ, তদ্ভিন্ন সকলের এক এক অংশ প্রাপ্য হইয়া থাকে। মনু, ৯ অ। ১১৭।

৬২। অনূঢ়া ভগিনীদিগের বিবাহসংস্কারার্থে প্রত্যেক ভ্রাতার নিজ অংশ হইতে চতুর্থ ভাগ অবশ্য দেয়, যিনি তাহাতে অনিচ্ছা প্রকাশ করিবেন, তিনি ধর্ম্মতঃ পতিত হইবেন। মনু, ৯ অ। ১১৮। যাজ্ঞ, ২ অ। ১২৭।

পুরাকালে পত্নী-জ্যেষ্ঠতানুসারে কনিষ্ঠপুত্রও জ্যেষ্ঠের সমান উদ্ধার পাইত;—

৬৩। প্রথম বিবাহিতা পত্নীতে যদি কনিষ্ঠ-সন্তান জন্মে, আর পশ্চাৎ পরিণীতা স্ত্রীতে জ্যেষ্ঠ-সন্তান উৎপন্ন হয়, তাহা হইলে পত্নী-জ্যেষ্ঠতা

৬০। এবং সমুদ্ধৃতোদ্ধারে সমানংশান্ প্রকল্পয়েৎ।
উদ্ধারেঽনুদ্ধৃতে তেষামিয়ং স্যাদংশকল্পনা॥ মনু, ৯ অ। ১১৬।

৬১। একাধিকং হরেজ্জ্যেষ্ঠঃ পুত্রোঽধ্যর্দ্ধং ততোঽনুজঃ।
অংশমংশং যবীয়াংস ইতি ধর্ম্মো ব্যবস্থিতঃ॥ মনু, ৯ অ। ১১৭।

৬২। (ক) স্বেভ্যোঽংশেভ্যস্তু কন্যাভ্যঃ প্রদদ্যুর্ভ্রাতরঃ পৃথক্।
স্বাৎ স্বাদংশাচ্চতুর্ভাগং পতিতাঃ স্যুরদিৎসবঃ॥ মনু, ৯ অ। ১১৮।

(খ) "ভগিন্যশ্চ নিজাদংশাদ্দত্ত্বাংশন্তু তুরীয়কম্॥" যাজ্ঞ, ২ অ। ১২৭।

৬৩। পুত্রঃ কনিষ্ঠো জ্যেষ্ঠায়াং কনিষ্ঠায়াঞ্চ পূর্ব্বজঃ॥
কথং তত্র বিভাগঃ স্যাদিতি চেৎ সংশয়ো ভবেৎ॥
একং বৃষভমুদ্ধারং সংহরেত স পূর্ব্বজঃ।
ততোঽপরেঽজ্যেষ্ঠবৃষাস্তদূনানাং স্বমাতৃতঃ॥ মনু, ৯ অ। ১২২-১২৩।

বা পুত্র-জ্যেষ্ঠতা দায়ভাগ স্থলে কোন্‌টি বিবেচ্য, এতদ্বিষয়ে সন্দেহ হইতে পারে। প্রথমস্ত্রীর গর্ভজ সন্তান কনিষ্ঠ হইলেও সে এক শ্রেষ্ঠ বৃষভ উদ্ধাররূপে প্রাপ্ত হইবে এবং তৎপরে অপর পত্নী-গর্ভজ-তনয়েরা জ্যেষ্ঠ হইলেও তাহাদের নিজ নিজ মাতৃকনিষ্ঠ-বশতঃ এক এক অপকৃষ্ট বৃষ প্রাপ্ত হইবে। মনু, ৯ অ। ১২২—১২৩।

৬৪। প্রথম পরিণীতা পত্নীতে জ্যেষ্ঠ সন্তান উৎপন্ন হইলে, সে ১৫টি গাভী ও একটি বৃষভ প্রাপ্ত হইবে এবং অপর সন্তানদিগের নিজ নিজ মাতৃজ্যেষ্ঠতানুসারে অবশিষ্ট গো সকল বিভক্ত হইবে। মনু, ৯ অ। ১২৪।

৬৫। সবর্ণস্ত্রীজাত ভ্রাতৃবর্গের মাতৃজ্যেষ্ঠত্ব না ধরিয়া বয়োজ্যেষ্ঠতানুসারে বিভাগ হইয়া থাকে। মনু, ৯ অ। ১২৫।

৬৬। পিতামাতার মৃত্যুর পর পুত্রগণ পরস্পর সমবেত হইয়া পৈতৃক ধন ও ঋণ সমভাগে বিভক্ত করিয়া লইবে এবং কন্যাগণ মাতার ঋণ পরিশোধার্থে স্ত্রীধন ভাগ করিয়া লইবে। কন্যা না থাকিলে পুত্রগণই উহা গ্রহণ করিবে। যাজ্ঞ, ২ অ। ১১৯।

৬৭। পিতার পরলোক প্রাপ্তির পর ভ্রাতৃগণ বিভাগ করিলে,

৬৪। জেষ্ঠস্তু জাতো জ্যেষ্ঠায়াং হরেদ্বৃষভষোড়শাঃ।
তত্তঃ স্বমাতৃতঃ শেষা ভজেরন্নিতি ধারণা॥ মনু, ৯ অ। ১২৪।

৬৫। সদৃশস্ত্রীষু জাতানাং পুত্রাণামবিশেষতঃ।
ন মাতৃতো জ্যৈষ্ঠমস্তি জন্মতো জ্যৈষ্ঠমুচ্যতে॥ মনু, ৯ অ। ১২৫।

৬৬। বিভজেরন্ সুতাঃ পিত্রোরূর্দ্ধমৃক্থমৃণং সমম্।
মাতুর্দুহিতরঃ শেষমৃণাত্তাভ্য ঋতেঽন্বয়ঃ॥ যাজ্ঞ, ২ অ। ১১৯।

৬৭। বিভক্তেষু সুতো জাতঃ সবর্ণায়াং বিভাগভাক্।
পশ্চাদ্বা তদ্বিভাগঃ স্যাদায়ব্যয়বিশোধিতাৎ॥ যাজ্ঞ, ২ অ। ১২৫।

তৎকালের মাতৃগর্ভস্থ বালক যথাকালে ভ্রাতৃগণ যে ধন গ্রহণ করিয়াছে, তাহা হইতে আয়ের ও ব্যয়ের অবধারণপূর্ব্বক উপযুক্ত অংশ গ্রহণ করিবে। যাজ্ঞ, ২ অ। ১২৫।

৬৮। পিতার পরলোক প্রাপ্তির পর বিভাগ করিলে, স্ত্রীধন-রহিত মাতাও পুত্রদিগের সমান অংশ পাইবেন। তৎকালে অসংস্কৃত ভ্রাতা থাকিলে, পূর্ব্ব-সস্কৃত ভ্রাতৃগণ, সাধারণ ব্যয়ে তাহার সংস্কার কার্য্য সম্পন্ন করিয়া দিবেন। যাজ্ঞ, ২ অ। ১২৬—১২৭।

৬৯। শৌদ্রপুত্রের পিতার মৃত্যুর পর উহার ভ্রাতৃগণ (অর্থাৎ শূদ্রের পরিণীতা পত্নীর গর্ভজাত পুত্রগণ) উক্ত দাসী-পুত্রকে, সবর্ণ ভ্রাতা থাকিলে তাহাকে যে অংশ দিতে হইত, তাহার অর্দ্ধাংশ দিবে। ঐ সকল ভ্রাতা উৎপাদকের দুহিতা বা দৌহিত্র না থাকিলে সকল অংশই গ্রহণ করিতে পারিবে। যাজ্ঞ, ২ অ। ১৩৭।

(পিতামহধন-বিভাগ।)

৭০। বিভিন্ন-পিতৃক পৌত্রগণের পিতা হইতে অংশ কল্পনা হইবে। যাজ্ঞ, ২ অ। ১২৩।

উদাহরণ।

মূলধনীর চারিটি পুত্র। ঐ পুত্রগণের মধ্যে একজন একপুত্র, আর একজন দুই পুত্র রাখিয়া পরলোকগত হয়। মূলধনীর মৃত্যুকালে দুই

৬৮। "পিতুরূর্দ্ধং বিভজতাং মাতাপ্যংশং সমং হরেৎ॥"
অসংস্কৃতাস্তু সংস্কার্য্যা ভ্রাতরঃ পূর্ব্ব সংস্কৃতৈঃ।
ভাগিন্যশ্চ নিজাদংশাদ্দত্বাংশন্তু তুরীয়কম্॥ যাজ্ঞ, ২ অ। ১২৬-১২৭।

৬৯। মৃতে পিতরি কুর্য্যুস্তং ভ্রাতরস্ত্বর্দ্ধভাগিনম্।
অভ্রাতৃকো হরেৎ সর্ব্বং দুহিতৄণাম্ সুতাদৃতে। যাজ্ঞ, ২ অ। ১৩৭।

৭০। "অনেকপিতৃকাণান্তু পিতৃতোভাগ কল্পনা॥" যাজ্ঞ, ২ অ। ১২৩।

পুত্র এবং তিনটি মৃতপিতৃক পৌত্র বর্ত্তমান থাকে, এমত অবস্থায় ঐ ধন পাঁচ অংশ না হইয়া চারি অংশ হইবে। দুই অংশ পুত্রদ্বয়, এক অংশ এক পৌত্র এবং এক অংশ দুই পৌত্র গ্রহণ করিবে। তবেই হইল, পৌত্রগণের অংশ পুত্রগণের ন্যায় নহে, তাহাদিগের পিতা হইতে ভাগ। পুত্রগণের ন্যায় হইলে, কথিত স্থলে চারিভাগ না হইয়া পাঁচ ভাগ হইত এবং সকলেই সমভাগী হইত।

৭১। যাহা পিতামহের ভূমি, নিবন্ধ, বা দ্রব্য হইবে, তাহাতে আপনার এবং পিতার তুল্য স্বত্ব। যাজ্ঞ, ২ অ। ১২৪।

(স্ত্রীধন-বিচার ও বিভাগ।)

৭২। নিম্নলিখিত ছয় প্রকার ধন স্ত্রীধন বলিয়া কীর্ত্তিত হইয়াছে, যথা ;—

(১) পিতা, মাতা, পতি, এবং ভ্রাতা যাহা প্রদান করেন তাহা।

(২) বিবাহ সময়ে যাহা লব্ধ হয় তাহা। (ইহাকে অধ্যগ্নি বলে)।

৩) আধিবেদনিক,—অর্থাৎ স্বামী দ্বিতীয়বার দারপরিগ্রহ করিবার সময় পূর্ব্ব-পত্নীর সান্তোষার্থ যাহা প্রদান করেন, তাহার নাম আধি-বেদনিক।

৭১। ভূর্যা পিতামহোপাত্তা নিবন্ধো দ্রব্যমেব বা।
তত্র স্যাৎ সদৃশং স্বাম্যং পিতুঃ পুত্রস্য চোভয়োঃ ॥ যাজ্ঞ, ২ অ। ১২৪।

৭২। (ক) পিতৃমাতৃপতিভ্রাতৃদত্তমধ্যগ্ন্যুপাগতম্।
আধিবেদনিকাদ্যঞ্চ স্ত্রীধনং পরিকীর্ত্তিতম্ ॥
"বন্ধুদত্তং তথা শুল্কমন্বাধেয়কমেব বা।" যাজ্ঞ, ২ অ। ১৪৬—১৪৭।

(খ) অধ্যগ্ন্যধ্যাবাহনিকং দত্তঞ্চ প্রীতি কর্ম্মণি।
ভ্রাতৃমাতৃপিতৃপ্রাপ্তং ষড়্‌বিধং স্ত্রীধনং স্মৃতম্ ॥ মনু, ৯ অ। ১৯৪।

(৪) মাতৃবন্ধু-দত্ত এবং পিতৃবন্ধু-দত্ত ধন।

(৫) শুল্ক, অর্থাৎ যাহা গ্রহণ করিয়া কন্যার আসুর বিবাহ দেয় তাহা।

(৬) অন্বাধেয়ক অর্থাৎ বিবাহের পর লব্ধ ধন। যাজ্ঞ, ২ অ। ১৪৬—১৪৭। মনু, ৮ অ। ১৯৪।

৭৩। স্ত্রীলোকে স্বীয় শিল্পনৈপুণ্যে যে কিঞ্চিৎ বিত্তলাভ করে এবং পিতৃমাতৃভর্ত্তৃকুল ভিন্ন অন্য হইতে যদি কিছু লাভ হয়, তাহাতে তাহার প্রভুতা নাই, সে ধনে তাহার স্বামীর অধিকার। তদ্ভিন্ন বস্তু স্ত্রীধন হয়। কাত্যায়নঃ।

৭৪। সৌদায়িক ধন অর্থাৎ বিবাহিতা কন্যা পিতৃগৃহে কি ভর্ত্তৃগৃহে থাকিয়া পিতৃদত্ত কি ভর্ত্তৃদত্ত যে কিঞ্চিৎ বস্তু পায়, তাহার নাম সৌদায়িক ধন, ইহাতে স্ত্রীদিগের স্বাতন্ত্র্য আছে, স্থাবর হইলেও বিক্রয় এবং দান করিতে পারে, কিন্তু ভর্ত্তৃদত্ত স্থাবর বস্তু দান বিক্রয় করিতে পারে না, ভর্ত্তা কি পুত্রাদিকে দিতে পারে। কাত্যায়নঃ।

৭৫। বাগ্‌দত্তা কন্যাকে বস্ত্রালঙ্কারাদি অর্পণ করিয়া পুনর্গ্রহণ

৭৩। প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ।
ভর্ত্তুঃ স্বাম্যং ভবেত্তত্র শেষন্তু স্ত্রীধনং স্মৃতম্‌॥ কাত্যায়নঃ।

৭৪। সৌদায়িকং ধনং প্রাপ্য স্ত্রীণাং স্বাতন্ত্র্যমিষ্যতে।
যস্মাত্তদা নৃশংস্যার্থং তৈর্দ্দত্তং তৎপ্রজীবনম্‌॥
সৌদায়িকপদং স্ত্রীণাং স্বাতন্ত্র্যং পরিকীর্ত্তিতম্‌।
বিক্রয়ে চৈব দানে চ যথেষ্টং স্থাবরেষ্বপি॥
উঢ়য়া কন্যয়া বাপি পত্যুঃ পিতৃগৃহেঽথবা।
ভর্ত্তুঃ সকাশাৎ পিত্রোর্ব্বা লব্ধং সৌদায়িকং স্মৃতম্‌॥ কাত্যায়নঃ।

৭৫। দত্ত্বা কন্যাং হরন্‌ দণ্ড্যোঽব্যয়ং দদ্যাচ্চ সোদয়ম্‌।
মৃতায়াং দত্তমাদদ্যাৎ পরিশোধ্যোভয় ব্যয়ম্‌॥ যাজ্ঞ, ২ অ। ১৪৯।

করিলে, উহার শক্ত্যনুরূপ দণ্ড হইবে এবং ঐ কন্যাকে অভিযোগ ব্যয় ও প্রথমদত্ত দ্রব্য সবৃদ্ধিক দিতে হইবে। আর কন্যা বাগদত্তা-অবস্থায় মৃত্যু হইলে স্বপক্ষ ও কন্যাপক্ষের উপচারার্থ বর যাহা ব্যয় করিয়াছিল, তাহা পরিশোধ করিয়া স্বপ্রদত্ত অলঙ্কারাদি গ্রহণ করিতে পারিবে। যাজ্ঞ, ২ অ। ১৪৯।

৭৬। দুর্ভিক্ষ সময়ে পরিবার-প্রতিপালনার্থ, অবশ্য-কর্ত্তব্য ধর্ম্মানুষ্ঠান জন্য, ব্যাধিকালে চিকিৎসাদির নিমিত্ত এবং বন্ধনাদি মোচনার্থ ভর্ত্তা স্ত্রীধন গ্রহণ করিলে, আর প্রত্যর্পণ করিতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ১৫০।

৭৭। দ্বিতীয়বার বিবাহে যাবৎ পরিমাণ অর্থ ব্যয়িত হইবে, অধিবিন্না স্ত্রীকে তাবৎ পরিমাণ আধিবেদনিক অর্থ দিবে, পূর্ব্বে যাহাকে স্ত্রীধন দেওয়া হয় নাই, তাহার পক্ষেই এই নিয়ম ; স্ত্রীধন প্রদত্ত হইয়া থাকিলে, পূর্ব্বোক্তের অর্দ্ধাংশ প্রদান করা বিহিত। যাজ্ঞ, ২ অ। ১৫১।

৭৮। বহুপরিবারের মধ্যে থাকিয়া কোন স্ত্রী সাধারণ হইতে অলঙ্কারার্থ ধন-সঞ্চয় করিতে পারিবে না, এবং ভর্ত্তার অনুমতি ব্যতিরেকে ভর্ত্তার ধনও লইতে পারিবে না। মনু, ৯ অ। ১৯৯।

৭৬। দুর্ভিক্ষে ধর্ম্মকার্য্যে চ ব্যাধৌ সম্প্রতিরোধকে।
গৃহীতং স্ত্রীধনং ভর্ত্তা ন স্ত্রিয়ৈ দাতুমর্হতি ॥ যাজ্ঞ, ২ অ। ১৫০।

৭৭। অধিবিন্নস্ত্রিয়ৈ দদ্যাদাধিবেদনিকং সমম্।
ন দত্তং স্ত্রীধনং যস্যৈ দত্তে ত্বর্দ্ধং প্রকীর্ত্তিতম্ ॥ যাজ্ঞ, ২ অ। ১৫১।

৭৮। ন নির্হারং স্ত্রিয়ঃ কুর্য্যুঃ কুটুম্বাদ্বহুমধ্যগাৎ।
স্বকাদপি চ বিত্তাদ্ধি স্বস্য ভর্ত্তুরনাজ্ঞয়া ॥ মনু, ৯ অ। ১৯৯।

৭৯। ভর্ত্তার জীবদ্দশায় স্ত্রীলোক যে অলঙ্কার ধারণ করে, ভর্ত্তার মরণোত্তর পুত্রাদি দায়াদেরা স্ত্রীলোক জীবিত থাকিতে তাহা ভাগ করিতে পারিবে না, যদি করে তবে পাপী হয়। মনু, ৯ অ। ২০০।

(স্ত্রীধনের উত্তরাধিকারী নির্ণয়।)

৮০। মাতৃমরণানন্তর মাতার স্ত্রীধনে পুত্রের এবং অবিবাহিতা কন্যার একাকালে অধিকার হয়। ইহার একের অভাবে একের অধিকার, উভয়ের অভাবে পুত্রবতী কন্যার অধিকার হয়, সকলের অভাবে পতির অধিকার। পতিমতী অথবা অপ্রজাবতীর স্ত্রীধনে পতির অধিকার, পতির অভাবে মাতা, তদভাবে ভ্রাতা, তদভাবে পিতার অধিকার হয়। দেবলঃ।

৮১। পুত্র কন্যার অভাবে পৌত্র, পৌত্রাভাবে দৌহিত্রের অধিকার; তদভাবে প্রপৌত্র, তদভাবে বন্ধ্যা বিধবা কন্যার অধিকার, বিধবা কন্যার অভাবে পতি। যখন পতির অভাব হইবে তখন মাতা, পিতা, ভ্রাতার অধিকার হইবে; বিশেষমাত্র এই আছে যে, পিতৃমাতৃদত্ত স্ত্রীধনে, বন্ধ্যা-বিধবা কন্যার অভাবে পতি স্বত্বাধিকারী না হইয়া ভ্রাতা অধিকারী হইবে। বৃদ্ধকাত্যায়নঃ।

৭৯। পত্যৌ জীবতি যঃ স্ত্রীভিরলঙ্কারো ধৃতো ভবেৎ।
ন তং ভজেরন্ দায়াদা ভজমানাঃ পতন্তি তে ॥ মনু, ৯ অ। ২০০।

৮০। সামান্যং পুত্রকন্যায়াং মৃতায়াং স্ত্রীধনং বিদুঃ।
অপ্রজায়াং হরেদ্ভর্ত্তা মাতা ভ্রাতা পিতাপি বা ॥ দেবলঃ।

৮১। (দৌহিত্রোপি হ্যমুত্রৈনং সন্তারয়তি পৌত্রবৎ)
তদ্ভাগা পিণ্ডদাতৃত্বেন যুক্তমিতি)—
অপ্রজায়ামতীতায়াং ভ্রাতৃগামী তু সর্ব্বদা।
পিতৃভ্যাঞ্চৈব যদ্দত্তং দুহিতুঃ স্থাবরং ধনং ॥ বৃদ্ধকাত্যায়নঃ।

৮২। ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য এই চারিপ্রকার বিবাহে বিবাহিত-স্ত্রী নিঃসন্তান হইয়া মরিলে, তাহার ধনে ভর্ত্তা অধিকারী, তদভাবে আপেক্ষিক নিকট-সম্বন্ধী সপিণ্ডাদি অধিকারী হয়। আর গান্ধর্ব্ব, আসুর, রাক্ষস, পৈশাচ এই চারি বিবাহে বিবাহিতা স্ত্রীর ধনে মাতা, তদভাবে পিতা অধিকারী হন। যাজ্ঞ, ২ অ। ১৪৮। মনু, ৯ অ। ১৯৬—১৯৭।

৮৩। উল্লিখিত ৭২ দফার লিখিত ষড়্‌বিধ স্ত্রীধন, মাতা পুত্র-কন্যা না রাখিয়া মরিলে, বান্ধবগণ তাহা প্রাপ্ত হইবে। যাজ্ঞ, ২ অ। ১৪৭।

বিভাগ অস্বীকার করিলে, কিরূপে তাহা নির্ণয় করিতে হইবে।

৮৪। বিভাগের পর অপলাপ করিলে, জ্ঞাতি, বন্ধু, সাক্ষী এবং পৃথক্‌কৃত গৃহ-ক্ষেত্রাদি দ্বারা বিভাগের নির্ণয় করিবে। যাজ্ঞ, ২ অ। ১৫২।

৮২ (ক) অপ্রজঃ স্ত্রীধনং ভর্ত্তুর্ব্রাহ্মাদিষু চতুর্ষ্বপি।
দুহিতৄণাং প্রসূতা চেৎ শেষেষু পিতৃগামি তৎ॥ যাজ্ঞ, ২ অ। ১৪৮।

(খ) ব্রাহ্ম দৈবার্ষগান্ধর্ব্ব প্রাজাপত্যেষু যদ্বসু।
অপ্রজায়ামতীতায়াং ভর্ত্তুরেব তদিষ্যতে॥
যৎ ত্বস্যাঃ স্যাদ্ধনং দত্তং বিবাহেষ্বাসুরাদিষু।
অপ্রজায়ামতীতায়াং মাতাপিত্রোস্তদিষ্যতে॥ মনু, ৯ অ। ১৯৬—১৯৭।

৮৩। "অতীতায়ামপ্রজসি বান্ধবাস্তদবাপ্নুয়ুঃ।" যাজ্ঞ, ২ অ। ১৪৭।

৮৪। বিভাগনিহ্নবে জ্ঞাতিবন্ধুসাক্ষ্যভিলেখিতৈঃ।
বিভাগভাবনা জ্ঞেয়া গৃহক্ষেত্রৈশ্চ যৌতুকৈঃ॥ যাজ্ঞ, ২ অ। ১৫২।

ত্রিপঞ্চাশত্তম স্তবক।

[দ্যূত ও সমাহ্বয় বিষয়ক বিচারবিধি।]

১। অক্ষশলাকাদি অপ্রাণীদ্বারা ক্রীড়াকরাকে দ্যূত বলে এবং মেষ-কুক্কুটাদি প্রাণীদ্বারা পণপূর্ব্বক যে ক্রীড়া, তাহাকে সমাহ্বয় বলে। মনু, ৯ অ। ২২৩।

২। রাজা রাজ্য হইতে দ্যূতক্রীড়া এবং সমাহ্বয় নিবারণ করিবেন; ঐ দুই দোষ রাজাদিগের রাজ্যনাশক। মনু, ৯ অ। ২২১।

৩। দ্যূত-সমাহ্বয় প্রকাশ্য চৌর্য্য মাত্র; এজন্য ইহাদের নিবারণে রাজা নিত্য যত্নবান্ থাকিবেন। মনু, ৯ অ। ২২২।

৪। যে ব্যক্তি দ্যূতক্রীড়া ও সমাহ্বয় নিজে করে বা অপরের দ্বারা করায়, রাজা উহাদিগের সকলকেই অপরাধানুসারে হস্তচ্ছেদাদি প্রাণবধ পর্য্যন্ত দণ্ড করিবেন এবং দ্বিজচিহ্নধারী শূদ্রকেও ঐরূপ দণ্ড করিবেন। মনু, ৯ অ। ২২৪।

১। অপ্রাণিভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূতমুচ্যতে।
প্রাণিভিঃ ক্রিয়তে যস্তু স বিজ্ঞেয়ঃ সমাহ্বয়ঃ। মনু, ৯ অ। ২২৩।

২। দ্যূতং সমাহ্বয়ঞ্চৈব রাজা রাষ্ট্রান্নিবারয়েৎ।
রাজ্যান্তকরণাবেতৌ দ্বৌ দোষৌ পৃথিবীক্ষিতাম্॥ মনু, ৯ অ। ২২১।

৩। প্রকাশমেতৎ তাস্কর্য্যং যদ্দেবন সমাহ্বয়ৌ।
তয়োর্নিত্যং প্রতীঘাতে নৃপতির্যত্নবান্ ভবেৎ॥ মনু, ৯ অ। ২২২।

৪। দ্যূতং সমাহ্বয়ঞ্চৈব যঃ কুর্য্যাৎ কারয়েত বা।
তান্ সর্ব্বান্ ঘাতয়েদ্রাজা শূদ্রাংশ্চ দ্বিজলিঙ্গিনঃ॥ মনু, ৯ অ। ২২৪।

৫। দ্যূত যে মহৎ বৈরকর—ইহা পুরাণ-কথাতেও দৃষ্ট হইয়া থাকে, এইজন্য বুদ্ধিমান্ জন পরিহাসচ্ছলেও দ্যূত সেবা করিবেন না। মনু, ৯ অ। ২২৭।

৬। প্রচ্ছন্ন ভাবে বা প্রকাশ্যরূপে যে ব্যক্তি দ্যূতক্রীড়া করে, রাজা তাহার প্রতি যথেচ্ছ দণ্ড ব্যবস্থা করিবেন। মনু, ৯ অ। ২২৮।

৭। যে ধূর্ত্তকিতব, প্রতিবারে শতপণের ন্যূন পণ রাখে না, সভিক,* তাহার জয়লব্ধ দ্রব্যের প্রতি শতে বিংশতি ভাগের একভাগ দ্রব্য গ্রহণ করিবে এবং অপর ধূর্ত্ত-কিতবের জয়লব্ধ-দ্রব্য হইতে প্রতি শতে দশ ভাগের একভাগ গ্রহণ করিবে। যাজ্ঞ, ২ অ। ২০২।

৮। রাজা সেই সভিককে, ধূর্ত্তকিতবের হস্ত হইতে সম্পূর্ণরূপে পরিত্রাণ করিবেন; সভিকও রাজাকে অঙ্গীকৃত অংশ প্রদান করিবে;

৫। দ্যূতমেতৎ পুরাকল্পে দৃষ্টং বৈরকরং মহৎ।
তস্মাদ্দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্ ॥ মনু, ৯ অ। ২২৭।

৬। প্রচ্ছন্নং বা প্রকাশং বা তন্নিষেবেত যো নরঃ।
তস্য দণ্ডবিকল্প স্যাদ্যথেষ্টং নৃপতেস্তথা ॥ মনু, ৯ অ। ২২৮।

৭। গ্লহে শতিকবৃদ্ধেস্তু সভিকঃ পঞ্চকং শতম্।
গৃহ্নীয়াদ্ধূর্ত্তকিতবাদিতরাদ্দশকং শতম্ ॥ যাজ্ঞ, ২ অ। ২০২।

৮। স সম্যক্ পালিতো দদ্যাদ্রাজ্ঞে ভাগং যথা কৃতম্।
জিতমুদ্গ্রাহয়েজ্জেত্রে দদ্যাৎ সত্যং বচঃ ক্ষমী। যাজ্ঞ, ২ অ। ২০৩।

* দ্যূতকর সভাকে সভিক বলে। পুরাকালে রাজা একজন সভিককে দ্যূত সভার অধ্যক্ষ করিয়া রাখিতেন। এবং তাহার নিকট নির্দ্দিষ্টরূপ অর্থ গ্রহণ করিতেন। সভিকও দ্যূতসভার কার্য্য পর্য্যবেক্ষণ করিতেন এবং ক্রীড়াকারীদিগের নিকট জয়লব্ধ হইতে অংশ লইতেন। তাহা হইলেই বুঝা যাইতেছে যে, রাজা অর্থ গ্রহণ করিয়া দ্যূতক্রীড়ায় সম্মতি দিতেন।

দ্যূতকরদিগের জয়লব্ধ-বস্তু জিতের নিকট আদায় করিয়া দিবে এবং ক্ষমাবান্ হইয়া সত্য কথা কহিবে। যাজ্ঞ, ২ অ। ২০৩।

৯। যেখানে রাজা নির্দ্দিষ্ট অংশ পাইয়া থাকেন, সেই সভিকযুক্ত প্রসিদ্ধ ধূর্ত্তসমাজে রাজা পরাজিতদ্রব্য জেতাকে দেওয়াইবেন; এই ধূর্ত্ত সমাজ না হইলে, রাজার দেওয়াইতে হইবে না। যাজ্ঞ, ২ অ। ২০৪।

১০। রাজা কতকগুলি কিতবকেই দ্যূতক্রীড়ার জয়পরাজয় নির্ণেতা সভ্যরূপে এবং ঐরূপ কতকগুলিকে সাক্ষিরূপে নিযুক্ত করিবেন। যাহারা কাপট্য অবলম্বন কিংবা বঞ্চনা করিবার অভিপ্রায়ে মন্ত্রৌষধাদির সাহায্যে দ্যূতক্রীড়া করে, তাহাদিগকে শ্বপদাদি চিহ্নে চিহ্নিত করিয়া, রাজা রাজ্য হইতে নির্ব্বাসিত করিয়া দিবেন। যাজ্ঞ, ২ অ। ২০৫।

১১। চোরের সন্ধান লওয়া বিশেষ আবশ্যক (অথচ চোর প্রভৃতি বদমাইস লোকেরই জুয়ার আড্ডায় গতিবিধি) এই জন্য রাজা এক ব্যক্তিকে দ্যূত সভার অধ্যক্ষ করিবেন। সমাহ্বয় নামক প্রাণি-দ্যূতে (অর্থাৎ উভয় পক্ষের মেষাদি প্রাণিদ্বারা যুদ্ধাদি প্রদর্শনে) ঐ বিধিই উক্ত হইয়াছে। যাজ্ঞ ২ অ। ২০৬।

১২। দ্যূতক্রীড়ায় যাহারা কূটাক্ষদেবী (এমন পাশা নির্ম্মাণ করা যায় যাহাতে দান পড়িবেই। সাধারণ ক্রীড়া স্থলে হস্ত-লাঘবে ক্রীড়োপ-

৯। প্রাপ্তে নৃপতিনা ভাগে প্রসিদ্ধে ধূর্ত্তমণ্ডলে।
জিতং সসভিকে স্থানে দাপয়েদন্যথা ন তু॥ যাজ্ঞ, ২ অ। ২০৪।

১০। দ্রষ্টারো ব্যবহারাণাং সাক্ষিণশ্চ ত এব হি।
রাজ্ঞা সচিহ্নং নির্ব্বাস্যাঃ কূটাক্ষোপধিদেবিনঃ॥ যাজ্ঞ, ২ অ। ২০৫।

১১। দ্যূতমেকমুখং কার্য্যং তস্কর জ্ঞান কারণাৎ।
এষ এব বিধির্জ্ঞেয়ঃ প্রাণিদ্যূতে সমাহ্বয়ে॥ যাজ্ঞ, ২ অ। ২০৬।

১২। দ্যূতে কূটাক্ষ দেবিনাং করচ্ছেদঃ। বিষ্ণু, ৫ অ। ১৩৩।

করণ পাশার পরিবর্ত্তে ঐ পাশাতে দান—পাড়াইয়া ক্রীড়া করিলে তাহা দিগকে কুটাক্ষদেবী বলা যায়) তাহাদের করচ্ছেদ দণ্ড। বিষ্ণু ৫অ। ১৩৩।

১৩। যাহারা মন্ত্রৌষধাদির সাহায্যে অক্ষক্রীড়া করে (অর্থাৎ ঐ সকল বস্তুর প্রভাবে অপরের চক্ষুতে ধূলি প্রদান করিয়া অক্ষক্রীড়া করে) তর্জ্জনী ও অঙ্গুষ্ঠচ্ছেদ তাহাদিগের দণ্ড। বিষ্ণু, ৫ অ। ১৩৪।

চতুঃপঞ্চাশত্তম স্তবক।

[যুদ্ধ নীতি।]

(যুদ্ধের আবশ্যকতা।)

যুদ্ধ রাজনীতির একটী প্রধান অঙ্গ এবং তাহা শত্রু-চিন্তনেরই অন্তর্ভূত। যুদ্ধকার্য্য প্রাণি-হিংসাত্মক গর্হিত কার্য্য তাহাতে সন্দেহ নাই। সমরাঙ্গনে রণোন্মত্ত বীর-পুরুষেরা যুদ্ধ করিতে করিতে গতাসু হইয়া ধরাশায়ী হইতেছে; কেহ কেহ বা হস্ত-পদ-চ্ছিন্ন বা ভগ্ন হইয়া যাতনায় ছটফট্ ও রোদন করিতেছে,কেহ বা গুরুতররূপে আহত হইয়া রক্তবমন করত জীবন বিসর্জ্জন করিতেছে, হস্ত্যশ্বাদি প্রাণিগণ আহত ও ভূপতিত হইয়া রুধির-স্রাব করতঃ যন্ত্রণায় ধড়্ফড়্ করিয়া অবশেষে প্রাণত্যাগ করিতেছে,—শতসহস্র গতাসু হস্ত্যশ্ব ও নরদেহ সমর-ক্ষেত্রে গড়াগড়ি যাইতেছে ধরণী দেবী রুধিরধারায় সমাপ্লুত হইয়া ভীষণ মূর্ত্তি ধারণ করিতেছেন, যুদ্ধক্ষেত্রের এই সকল শোচনীয় ঘটনা

১৩। উপধিদেবিনাং সন্দংশচ্ছেদঃ॥ বিষ্ণু,৫ অ। ১৩৪।

চিন্তা করিলেও নিরতিশয় মর্ম্মবেদনা উপস্থিত হয়, এমন কি মন এককালে উদাস হইয়া যায় এবং তখন মনে হয়, লোকে কেন এই ঘোর হিংসাত্মক যুদ্ধকার্য্যে নিযুক্ত হয়?

বীরের মন যুদ্ধে প্রমত্ত ও উৎফুল্ল হয় বটে, কিন্তু সহৃদয় মহাপুরুষের মন সেরূপ নহে, এই কারণেই বৃহস্পতি বলিয়াছেন,

"ধীমান্ রাজ্যকামী নরপতি যুদ্ধে প্রবৃত্ত হইয়া, সন্ধি প্রভৃতি অপর ত্রিবিধ উপায় দ্বারা অর্থ সংগ্রহ করিবেন।" "পণ্ডিত নরপতি সাম, দান এবং ভেদ এই ত্রিবিধ উপায় দ্বারা যে অর্থ লাভ করিতে পারেন তাহাতেই সন্তুষ্ট হইবেন।" ম, শা, ৬৯ অ। ২৩—২৪। *

যদিও শাস্ত্রকারদিগের হিংসাত্মক যুদ্ধকার্য্যে নিবৃত্তিসূচক ঐরূপ মত, তথাপি যুদ্ধ না করিলে রাজ্য রক্ষা হয় না, রাজ্য বিস্তার হয় না, শত্রু শাসন হয় না, পৃথিবীতে ঘোর অরাজক হইয়া উঠে,সেই সকল কারণে শাস্ত্রে যুদ্ধের কর্ত্তব্যতা প্রতিপাদিত হইয়াছে এবং যুদ্ধে প্রাণ বিসর্জ্জন দিলে স্বর্গ-প্রাপ্তিরূপ ফল কথিত হওয়ায় যুদ্ধ-প্রবৃত্তি-মার্গ উন্মোচিত হইয়াছে।

পরাশর সংহিতায় যুদ্ধে প্রবৃত্তি-সূচক এইরূপ বিধি লিখিত আছে,—

"যোগীপরিব্রাজক এবং সম্মুখযুদ্ধে হত এই দ্বিবিধ ব্যক্তিই সূর্য্যমণ্ডল ভেদ করিয়া ঊর্দ্ধলোক গামী হন। বীর পুরুষ শত্রু-পরিবেষ্টিত হইয়া

* বর্জ্জনীয়ং সদা যুদ্ধং রাজ্যকামেন ধীমতা।
উপায়ৈস্ত্রিভিরাদানমর্থস্যাহ বৃহস্পতিঃ॥
সান্ত্বেন তু প্রদানেন ভেদেন চ নরাধিপ।
যমর্থং শক্নুয়াৎ প্রাপ্তুং তেন তুষ্যেত পণ্ডিতঃ॥ ম, শা, ৬৯ অ। ২৩—২৪।

যেথানেই হত হউন, মৃত্যুকালে তিনি যদি কাতরোক্তি প্রকাশ না করেন, তবে তাঁহার অক্ষয় পুণ্যলোক লাভ হয়। যুদ্ধে জয় লাভ করিলে যোদ্ধার লক্ষ্মীলাভ এবং হত হইলে সুরলোকে সুরাঙ্গনা লাভ হয়। এই দেহ ক্ষণ-বিধ্বংসী, অতএব ইহার জন্য আর রণে মরণে চিন্তা কি? সংগ্রাম-স্থলে সেনাদল ছিন্নভিন্ন হইয়া পলায়নপর হইলে, যিনি তৎকালে তাঁহাদের রক্ষা করেন, তিনি যজ্ঞফল প্রাপ্ত হইয়া থাকেন। সংগ্রামে শক্তি, ঋষ্টি, মুদ্গর দ্বারা যাহার গাত্র ক্ষতবিক্ষত হয়, দেবকন্যারা তাঁহার যশোগান করেন এবং তাঁহাতে রত হন। রণক্ষেত্রে বীর পুরুষ হত হইলে, বর-কামিনী এবং নাগকন্যারা, "ইনি আমার স্বামী হউন" এই বলিয়া ধাবমান্ হইতে থাকেন। শত্রু-শায়কপরিতপ্ত বীর-পুরুষের ললাট-নিঃসৃত রুধিরধারা মুখবিবরে প্রবৃষ্ট হইলে, তাহা সংগ্রামযজ্ঞে তাঁহার সোমরস পানের তুল্য, ইহা যথাবিধি দৃষ্ট হইয়াছে। যজ্ঞ, তপ ও বিদ্যা দ্বারা স্বর্গ-প্রার্থী ব্রাহ্মণেরা যে লোকে গমন করেন, ধর্ম্মযুদ্ধে প্রাণত্যাগ করিয়া বীর-পুরুষেরও সেই লোক প্রাপ্তি হইয়া থাকে।" পরা, ৩অ। ৩৭—৪৪। *

* দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদকৌ।
পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ ॥
যত্র যত্র হতঃ শূরঃ শত্রুভিঃ পরিবেষ্টিতঃ।
অক্ষয়ান্ লভতে লোকান্ যদি ক্লীবং ন ভাষতে ॥
জিতেন লভতে লক্ষ্মীং মৃতেনাপি সুরাঙ্গনাঃ।
ক্ষণবিধ্বংসিকেঽমুস্মিন্ কা চিন্তা মরণে রণে ॥
যস্তু ভগ্নেষু সৈন্যেষু বিদ্রবৎসু সমন্ততঃ।
পরিত্রাতা সদা গচ্ছেৎ স চ ক্রতুফলং লভেৎ ॥
যস্যচ্ছেদক্ষতং গাত্রং শরশক্ত্যৃষ্টিমুদ্গরৈঃ।
দেবকন্যাস্তু তং বীরং গায়ন্তি রময়ন্তি চ ॥

কুরুক্ষেত্র যুদ্ধে ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি এইরূপ যুদ্ধ-প্রবর্ত্তনা বাক্য বলিয়াছিলেন যথা ,—

"সকল দেহেতেই নিত্য ও অবধ্য আত্মা অবস্থিতি করিয়া থাকেন, অতএব হে ভারত! কোন প্রাণীরই দেহ-নাশে তোমার শোক প্রকাশ কর্ত্তব্য নহে। তুমি স্বধর্ম্মের দিকে দৃষ্টিপাত করিলেও তোমার কম্পিত হওয়া কর্ত্তব্য নহে। কেন না, ধর্ম্মযুদ্ধ ব্যতীত ক্ষত্রিয়গণের অধিক শ্রেয়োজনক আর কিছুই নাই। হে পার্থ! অনায়াসপ্রাপ্ত ও প্রতিবন্ধক-রহিত, স্বর্গসাধনস্বরূপ ঈদৃশ যুদ্ধ যে ক্ষত্রিয় রাজগণ প্রাপ্ত হয়েন, তাঁহারা সুখলাভই করিয়া থাকেন। যদি তুমি এই ধর্ম্মযুদ্ধ না কর, তাহা হইলে স্বধর্ম্ম ও কীর্ত্তি পরিত্যাগ হেতু, তুমি পাপভাগী হইবে। সকলেই তোমার চিরদিন অকীর্ত্তি ঘোষণা করিবে। আর সেই অকীর্ত্তি গুণবান্ পুরুষের পক্ষে মরণাপেক্ষাও অধিক। যে সকল মহারথী তোমার বহু-মাননা করিয়া থাকেন, তাঁহারাও তোমাকে যুদ্ধে পরাঙ্মুখ দেখিয়া,তোমাকে লঘুজ্ঞান করিবেন। দুর্য্যোধনাদি শত্রুগণও তোমার সামর্থ্যের নিন্দা করিয়া কত অকথ্য কুকথা বলিবে, অতএব এতদপেক্ষা অধিক দুঃখ আর কি আছে? হে কৌন্তেয়! যদি এই যুদ্ধে তোমার মৃত্যু হয়, তবে স্বর্গবাসী হইবে এবং যদি বিজয় লাভ করিতে পার, তবে সসাগরা পৃথিবীর

বরাঙ্গনাসহস্রাণি শূরমায়োধনে হতম্।
নাগকন্যাশ্চ ধাবন্তি মম ভর্ত্তা ভবেদিতি॥
ললাটদেশাদ্রুধিরং হি যস্য, তপ্তস্য জন্তোঃ প্রবিশেচ্চ বক্ত্রে।
তং সোমপানে ন হি তস্য তুল্যং, সংগ্রামযজ্ঞে বিধিবচ্চ দৃষ্টম্॥
যং যজ্ঞসঙ্ঘৈস্তপসা চ বিদ্যয়া, স্বর্গৈষিণো বাত্র যথৈব বিপ্রাঃ।
তথৈব যান্ত্যেব হি তত্র বীরাঃ, প্রাণান্ সুযুদ্ধেন পরিত্যজন্তঃ॥

পরা, ৩ অ। ৩৭—৪৪।

প্রভুত্ব ভোগ করিতে পারিবে, অতএব যুদ্ধে স্থিরনিশ্চয় হইয়া গাত্রোত্থান কর। সুখ-দুঃখ, লাভ-অলাভ ও জয়-পরাজয় তুল্য জ্ঞান করিয়া যুদ্ধার্থে প্রস্তুত হও, তাহাতে তুমি পাপভাগী হইবে না। ইত্যাদি—শ্রী, ভ, গীতা, ২ অ, ৩০—৩৮। *

(শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীভগবান্-কর্ত্তৃক যুদ্ধ-প্রবর্ত্তনাসূচক এইরূপ বহুতর উপদেশ অর্জ্জুনের প্রতি উক্ত হইয়াছিল।)

মানাপমান জ্ঞান এবং ক্রোধ, জিগীষা, অর্থ-লালসা ও প্রতি-

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি॥
স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥
যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্॥
অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি॥
অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে॥
ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্॥
অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্॥
হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥
সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি॥ শ্রী, ভ, গীতা ২ অ। ৩০—

বিধিৎসাদি কতকগুলি নিকৃষ্ট-বৃত্তি মানব শরীরে নিত্য বিরাজ করিতেছে, তাহারা উদ্রিক্ত হইলেই, প্রভঞ্জন-সহায় বহ্নিদেবের ন্যায় অনর্থকর হইয়া উঠে। সচরাচর দেখিতে পাওয়া যায়, প্রধানতঃ চারিটী কারণে রাজাদিগের মধ্যে যুদ্ধ সংঘটিত হইয়া থাকে। (প্রথমতঃ) কোন সম্মানিত নরপতির সম্মাননা, অন্য নরপতি-কর্ত্তৃক বিঘাতিত হইলে, সেই অপমান-জনিত ক্রোধ-বশে সেই নরপতি প্রতিশোধকল্পে যুদ্ধ করিয়া থাকেন। (দ্বিতীয়তঃ) কোন রাজ্য-লোলুপ নরপতি স্বার্থানুরোধে অপর রাজার রাজ্য স্বরাজ্যভুক্ত করিবার নিমিত্ত যুদ্ধ করিয়া থাকেন। (তৃতীয়তঃ) অপর রাজাকর্ত্তৃক আক্রান্ত হইলে, সেই আক্রান্ত-ভূপতিকে স্বরাজ্য-রক্ষার্থে যুদ্ধ করিতে হয়। (চতুর্থতঃ) কোন ভূপতি অন্য ভূপতির রাজ্য অধিকার করিলে, সেই পরাজিত ভূপতি সময়ান্তরে বল-সংগ্রহ করিতে পারিলে, স্বীয় রাজ্য পুন-রুদ্ধার জন্য যুদ্ধ করিয়া থাকেন। ফলতঃ যে কারণেই হউক পৃথিবীতে রাজন্যবর্গের মধ্যে সমর-সংঘটনা প্রায়ই হইয়া থাকে, তাহা এককালে পরিহার্য্য নহে। এই কারণে প্রাচীন শাস্ত্রকারগণ যুদ্ধবিষয়ক নীতি সমুদায় শাস্ত্রে নির্দ্দেশ করিয়া গিয়াছেন।

প্রাচীনকালের যুদ্ধ-প্রণালী হইতে আধুনিক যুদ্ধ-প্রণালী ও অস্ত্র-শস্ত্রাদি সম্যক্ বিভিন্ন, বিশেষতঃ অধুনা ভারত-ভূমি বীরশূন্য এবং প্রবল-পরাক্রান্ত যুদ্ধবিদ্যাবিশারদ ইংরেজরাজের শান্তিময় ক্রোড়ে অবস্থিত ও পালিত, সুতরাং এক্ষণে যুদ্ধনীতির আলো-চনাই নিতান্ত অনাবশ্যক, তথাপি যুদ্ধ, রাজনীতির একটী প্রধান

অঙ্গ বলিয়া প্রাচীনকালের যুদ্ধনীতি সংকলিত না হইলে, এই গ্রন্থের একাংশ ক্ষুণ্ণই থাকিয়া যায়, এই কারণে পুরাকালের যুদ্ধনীতি কিরূপ ছিল, পাঠকবর্গের অবগতি জন্য তাহার আভাসমাত্র এস্থলে সংকলিত করা গেল।

১। ক্রূরমতি পাপাত্মা মনুষ্য বিধি-বৈগুণ্য প্রযুক্ত বলাশ্রয় করিয়া যখন পরের সম্পত্তিতে লোভ করিতে পারে, সেই নিমিত্তই রাজন্যগণ মধ্যে এই যুদ্ধব্যাপারের সৃষ্টি হইয়াছে এবং যুদ্ধের নিমিত্তই বর্ম্ম, শস্ত্র ও ধনুকের উৎপত্তি হইয়াছে। ম, উ, ২৯ অ। ২৯।

২। সুরেশ্বর পুরন্দর দস্যু সংহারার্থে সমরের ও তৎসাধনভূত বর্ম্ম, শস্ত্র ও শরাসনের সৃষ্টি করিয়াছেন; সুতরাং যুদ্ধে দস্যুবধ দ্বারা কেবল পুণ্যই লব্ধ হইয়া থাকে। ম, উ, ২৮ অ। ৩০-৩১।

৩। যুদ্ধে প্রবৃত্ত হইলে কি অপ্রাজ্ঞ, কি ধর্ম্মজ্ঞ, উভয় প্রকার লোকেই ঐশ্বর্য্য লাভ করিতে পারে এবং প্রজ্ঞাবান্ ধর্ম্মজ্ঞ পুরুষ কি অধর্ম্মজ্ঞ অজ্ঞ ব্যক্তি কামনা নিরোধ হেতুক যুদ্ধে নিবৃত্ত থাকিয়া ঐশ্বর্য্য হইতে ভ্রষ্ট হইতেও পারে ইহা যথার্থই বটে। ম, উ, ২৭ অ। ২১।

৪। প্রজাপালক রাজা সমবল, হীনবল অথবা অধিকবল বিপক্ষ-

১। যদা গৃধ্যেৎ পরভূতৌ নৃশংসো, বিধি প্রকোপাদ্বলমাদদানঃ।
ততো রাজ্ঞামভবদ্‌যুদ্ধমেত তত্র জাতং বর্ম্ম শস্ত্রং ধনুশ্চ॥ ম. উ, ২৯ অ। ২৯।

২। "ইন্দ্রেণৈতদ্দস্যুবধায় কর্ম্ম, উৎপাদিতং বর্ম্ম শস্ত্রং ধনুশ্চ॥"
"তত্র পুণ্যং দস্যুবধেন লভ্যতে," ম, উ, ২৯ অ। ৩০—৩১।

৩। অপ্রাজ্ঞো বা পাণ্ডব যুধ্যমানো, ধর্ম্মজ্ঞো বা ভূতমথোঽভ্যুপৈতি।
প্রজ্ঞাবান্ বা বুধ্যমানোঽপি ধর্ম্মং, সংরম্ভাদ্বা সোঽপি ভূতেরপৈতি॥
ম, উ, ২৭ অ। ২১।

৪। সমোত্তমাধমৈ রাজা ত্বাহুতঃ পালয়ন্ প্রজাঃ।
ন নিবর্ত্তেত সংগ্রামাৎ ক্ষাত্রং ধর্ম্মমনুস্মরন্॥ মনু, ৭ অ। ৮৭।

নরপতি কর্ত্তৃক যুদ্ধার্থ আহূত হইয়া "যুদ্ধই ক্ষত্রিয়ের ধর্ম্ম" এই বাক্য স্মরণ করতঃ যুদ্ধ হইতে কদাপি নিবৃত্ত হইবে না। মনু, ৭ অ। ৮৭।

৫। ব্রাহ্মণগণের শুশ্রূষা-সাধন, সম্যক্ প্রজাপালন এবং কদাপি যুদ্ধ হইতে নিবৃত্ত না হওয়া এই কয়েকটী ধর্ম্ম প্রতিপালন নরপতিগণের অবশ্য কর্ত্তব্য ও পরম শ্রেয়স্কর। মনু, ৭ অ। ৮৮।

৬। যুদ্ধস্থলে পরস্পর জিঘাংসু মহা পরাক্রান্ত অপরাঙ্মুখ ভাবে যুদ্ধ-নিরত নরপতিগণ দেহান্তে নির্ব্বিঘ্নে স্বর্গলাভ করিয়া থাকেন। মনু, ৭ অ ৮৯।

৭। যেরূপ সর্প বিল-বাসী মূষিক প্রভৃতিকে গ্রাস করে, তদ্রূপ ভূমি অবিরোধী নৃপতিকে এবং যিনি বেদাধ্যয়নের নিমিত্ত দেশান্তরে গমন করেন নাই, তাদৃশ ব্রাহ্মণ বা যতিকে গ্রাস করিয়া থাকে, অর্থাৎ তাদৃশ নৃপতি এবং ব্রাহ্মণ অচিরকাল মধ্যেই বিনষ্ট হন। ম, শা, ৫৭ অ। ৩।

৮। ক্ষত্রিয় ও রাজাদিগের ধর্ম্মশাস্ত্র, অর্থশাস্ত্র, নীতিশাস্ত্র এবং সংগ্রামে নৈপুণ্য লাভ করা উচিত। বিশেষতঃ রণে জয় লাভ করাই তাঁহাদের প্রার্থনীয়। বা, সু, ৪৮ স। ১৪।

৫। সংগ্রামেষ্বনিবর্ত্তিত্বং প্রজানাঞ্চৈব পালনম্।
শুশ্রূষা ব্রাহ্মণানাঞ্চ রাজ্ঞাং শ্রেয়স্করং পরম্॥ মনু, ৭। ৮৮।

৬। আহবেষু মিথোঽন্যোন্যং জিঘাংসন্তোমহীক্ষিতঃ।
যুদ্ধমানাঃ পরং শক্ত্যা স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ॥ মনু, ৭ অ। ৮৯।

৭। দ্বাবিমৌ গ্রসতে ভূমিঃ সর্পো বিলশয়ানিব।
রাজানং চাবিরোদ্ধারং ব্রাহ্মণং চাপ্রবাসিনম্॥ ম, শা, ৫৭ অ। ৩।

৮। নানাশাস্ত্রেষু সংগ্রামে বৈশারদ্যমরিন্দম।
অবশ্যমেব বোদ্ধব্যং কাম্যশ্চ বিজয়ো রণে। বা, সু, ৪৮ স। ১৪।

(যুদ্ধবিষয়ে রাজার কর্ত্তব্য ও জ্ঞাতব্য।)

৯। *যুদ্ধের প্রাকৃতিক ধর্ম্ম এই যে, বারংবার সমান ভাবে কখনই বিজয় লাভ করিতে পারা যায় না। বা, ল, ৪৬ স।৩১।

১০। শাসনাতিবর্ত্তী কোন কামাত্মা ব্যক্তি একাকী বহুপ্রকার সাংগ্রামিক ব্যাপারে স্বেচ্ছাপূর্ব্বক অনুশাসন করিতে না পারে, রাজা তৎপ্রতি বিশেষ লক্ষ্য রাখিবেন। ম, স, ৫ অ। ৫১।

১১। রাজা অগ্রে স্বরাজ্য বিলক্ষণরূপে রক্ষিত করিয়া পরে রিপু-দিগকে বশ করিতে বল-বিক্রম প্রকাশ করিবেন এবং জয় করিয়া পরা-জিত শত্রুকে রক্ষা করিবেন। ম, স, ৫ অ। ৬২।

১২। নৃপতি বিনা যুদ্ধেই বিজয় বর্দ্ধন করিবেন; যুদ্ধ দ্বারা যে বিজয় হয়, পণ্ডিতেরা তাহা জঘন্য বলিয়া থাকেন। ম, শা, ৯৪ অ। ১।

১৩। সাধুসকলের সহিত ধর্ম্ম যুদ্ধ করাই কর্ত্তব্য, সাধুদিগের

৯। "এবং প্রায়াণি যুদ্ধানি বিজয়ো নাস্তি নৈষ্ঠিকঃ।" বা, ল, ৪৬ স। ৩১।

১০। কচ্চিন্নৈকো বহূনর্থান্ সর্ব্বশঃ সাম্পরায়িকান্।
অনুশাস্তি যথাকামং কামাত্মা শাসনাতিগঃ॥ ম, স, ৫ অ। ৫১।

১১। কচ্চিন্মূলং দৃঢ়ং কৃত্বা পরান্ যাসি বিশাম্পতে।
তাংশ্চ বিক্রমসে জেতুং জিত্বা চ পরিরক্ষসি॥ ম, স, ৫ স। ৬২।

১২। অযুদ্ধেনৈব বিজয়ং বর্দ্ধয়েদ্বসুধাধিপঃ।
জঘন্যমাহুর্বিজয়ং যুদ্ধেন চ নরাধিপ॥ ম, শা, ৯৪ অ। ১।

১৩। সৎসু নিত্যঃ সতাং ধর্ম্মস্তমাস্থায় ন নাশয়েৎ।
যো বৈ জয়ত্যধর্ম্মেণ ক্ষত্রিয়ো ধর্ম্মসঙ্করঃ॥
আত্মানমাত্মনা হন্তি পাপো নিকৃতিজীবনঃ।
কর্ম্ম চৈতদসাধূনামসাধুং সাধুনা জয়েৎ॥
ধর্ম্মেণ নিধনং শ্রেয়ো ন জয়ঃ পাপকর্ম্মণা।
নাধর্ম্মশ্চরিতো রাজন্ সদ্যঃ ফলতি গৌরিব॥ ম, শা, ৯৫ অ। ১৫—১৭।

সনাতন ধর্ম্ম অবলম্বন করা উচিত, কদাচ তাহা নষ্ট করা কর্ত্তব্য নহে। যে ধর্ম্মসঙ্কর ক্ষত্রিয় নরপতি অধর্ম্মাচরণ দ্বারা যুদ্ধে জয় লাভ করে, সেই শঠজীবী পাপাত্মা নরপতিই স্বয়ং বিনষ্ট হইয়া থাকে। সাধু পুরুষেরা সাধু ব্যবহার দ্বারাই সাধুদিগকে জয় করিয়া থাকেন; কেন না ধর্ম্মদ্বারা নিধন হইলেও তাহা শ্রেয়স্কর হয়, পরন্তু পাপ কর্ম্ম দ্বারা জয় হইলেও তাহা শ্রেয়স্কর হয় না। অধর্ম্ম আচরণ কর্ত্তব্য নহে, যেহেতু তাহা বজ্রপাতের ন্যায় তৎক্ষণাৎ ফল প্রদান করে। ম, শা, ৯৫ অ। ১৫-১৭।

১৪। ধর্ম্মবিদ্ ব্যক্তিগণ এইরূপ কহিয়া থাকেন যে, ক্ষত্রিয় সকল শরাঘাতে সন্তপ্ত হইয়া যে সমস্ত দুঃখ সহ্য করেন, সেই সেই দুঃখ ভোগ দ্বারাই তাঁহাদিগের প্রচুর তপস্যা হইয়া থাকে। ম, শা, ৯৭ অ। ১৪।

১৫। ক্ষত্রধর্ম্ম, মরণ-নিশ্চয়, শিষ্টাচার এবং রাজভয়-প্রদর্শন জন্য প্রবৃত্তি, এই চতুর্ব্বিধ কারণে যুদ্ধধর্ম্ম স্থিরতর হইয়া থাকে। ম, শা, ১০০ অ। ২।

১৬। নৃপতিগণ ঋজু ও বক্র উভয় প্রজ্ঞাই বিদিত হইবেন, কিন্তু কুটিল প্রজ্ঞা অবগত হইয়া তাহার সেবা করিবেন না, কেন না কুটিল প্রজ্ঞা আগত বিষয়ের বাধা করিয়া থাকে। ম, শা, ১০০ অ। ৫।

১৪। যানি দুঃখানি সহতে ক্ষত্রিয়ো যুধি তাপিতঃ।
তেন তেন তপো ভূয় ইতি ধর্ম্মবিদো বিদুঃ॥ ম, শা, ৯৭ অ। ১৪।

১৫। সত্যেন হি স্থিতো ধর্ম্ম উপপত্ত্যা তথাপরে।
সাধ্বাচারতয়া কেচিত্তথৈবৌপয়িকাদপি॥ ম, শা, ১০০ অ। ২।

১৬। উভে প্রজ্ঞে বেদিতব্যে ঋজ্বী বক্রা চ ভারত।
জানন্ বক্রাং ন সেবেত প্রতিবাধেত চাগতম্॥ ম, শা, ১০০ অ। ৫।

১৭। প্রধান সৈন্যদিগকে একত্র করিয়া তাহাদিগকে এইরূপ বলিতে হইবে যে "তোমরা শপথপূর্ব্বক আমার নিকট এইরূপ স্বীকার কর যে, আমরা সকলে সমবেত হইয়া বিজয়ার্থ সংগ্রামে প্রবৃত্ত হইব; পরস্পর কেহ কাহাকেও পরিত্যাগ করিয়া পলায়ন করিব না। যাহারা রণ-সঙ্কুল করিয়া প্রধান যোদ্ধাকে শত্রুদ্বারা ঘাতিত করিবে এবং যাহারা ভীরু, তাহারা এই সময়েই আপন হইতে নিবৃত্ত হউক।" যাঁহারা শপথ-পূর্ব্বক এইরূপ কার্য্যে স্বীকৃত হইবেন, তাঁহারা সমরে সেনাসন্নিপাতে রণভঙ্গ বা স্বপক্ষীয় প্রধান সৈন্য বধ করিবেন না, প্রত্যুত তাঁহারা আপনাকে এবং স্বপক্ষ সৈন্যগণকে রক্ষা করিয়া শত্রু-পক্ষ সৈন্যকে নিহত করিবেন। ম, শা, ১০০ অ। ৩২-৩৪।

১৮। জয়ের নিশ্চয় না হইলে যুদ্ধ করা কর্ত্তব্য নহে, সুতরাং রাজা শত্রুদিগের বিশ্বস্ত এবং প্রিয় হইয়া তাহাদিগকে বশীভূত করতঃ অর্থ-সাধনে প্রবৃত্ত হইবেন। ম, শা, ১০৩ অ। ১৩।

১৯। আভ্যন্তর ভয়কে সযত্নে রক্ষা করিয়া অসার বাহ্য ভয়কে

১৭। যথামুখ্যান্ সন্নিপাত্য বক্তব্যাঃ সংশয়ামহে।
বিজয়ার্থং হি সংগ্রামে ন ত্যক্ষ্যামঃ পরস্পরম্॥
ইহৈব তে নিবর্ত্তন্তাং যে চ কেচন ভীরবঃ।
যে ঘাতয়েয়ুঃ প্রবরং কুর্ব্বাণাস্তুমুলং প্রতি॥
ন সন্নিপাতে প্রবরং বধং বা কুর্য্যুরীদৃশাঃ।
আত্মানঞ্চ স্বপক্ষঞ্চ পালয়ন্ হন্তি সংযুগে॥ ম, শা, ১০০ অ। ৩২—৩৪।

১৮। ন সন্নিপাতঃ কর্ত্তব্যঃ সামান্যে বিজয়ে সতি।
বিশ্বাস্যেবোপসন্নার্থো বশে কৃত্বা রিপুঃ প্রভো॥ ম, শা, ১০৩ অ। ১৩।

১৯। "আভ্যন্তরং ভয়ং রক্ষ্যমসারং বাহ্যতো ভয়ম্॥"
"আভ্যন্তরং ভয়ং রাজন্ সদ্যো মূলানি কৃন্ততি।" ম, শা, ১০৭ অ। ২৮—২৯।

ত্যাগ করা কর্ত্তব্য, যেহেতু আভ্যন্তর ভয়ই সদ্যঃ মূলোচ্ছেদন করিয়া থাকে। ম, শা, ১০৭ অ। ২৮-২৯।

২০। নৃপতি স্বপক্ষের প্রতি বিশুদ্ধ ব্যবহার করিবেন এবং বিপক্ষদিগের ভূমিজাত শস্যাদি, অশ্বাদি গমন দ্বারা বিনষ্ট করাইবেন। সসহায় হইয়া যুদ্ধযাত্রা করিবেন এবং আত্মবৈকল্য অবলোকনে অবহিত রহিবেন। কাননে পুষ্পচয়নের ন্যায় অর্থ আহরণ করতঃ শত্রুর দোষ সকল বিস্তার করিবেন এবং মৃগয়াদিচ্ছলে পর রাজ্যে গমন করতঃ পর পক্ষ সমুদায়কে বিবাসিত করিতে থাকিবেন। পর দুর্গাধিপতির সহিত সন্ধি করিয়া দেবতা-দর্শনাদিচ্ছলে অকস্মাৎ পর দুর্গে প্রবেশপূর্ব্বক অচলোপম স্ফীত ও উন্নত প্রতিকূল নৃপতিগণের বিনাশ সাধন করিবেন; অতএব অবিজ্ঞাত ছায়া আশ্রয় করতঃ গুপ্তভাবে রণকার্য্য নির্ব্বাহ করিবেন। ম, শা।১২০ অ। ১০-১২।

২১। মহীপতি স্থূলপক্ষ অর্থাৎ সৈন্যদলের পক্ষ স্থানীয় শিবির-

২০। মৃজাবান্ স্যাৎ স্বযূথ্যেষু ভৌমানি চরণৈঃ ক্ষিপেৎ।
জাতপক্ষঃপরিস্পন্দেৎ প্রেক্ষেদ্বৈকল্যমাত্মনঃ॥
দোষান্ বিবৃণুয়াচ্ছত্রোঃ পরপক্ষান্ বিধূনয়েৎ।
কাননেষ্বিব পুষ্পাণি বহিরর্থান্ সমাচরন্॥
উচ্ছ্রিতান্নাশয়েৎ স্ফীতান্নরেন্দ্রানচলোপমান্॥
শ্রয়েচ্ছায়ামবিজ্ঞাতাং গুপ্তং রণমুপাশ্রয়েৎ॥ ম, শা, ১২০ অ। ১০—১২।

২১। নাশয়েদ্বলবর্হাণি সন্নিবাসান্নিবাসয়েৎ।
সদা বর্হিনিভঃ কামং প্রশস্তং কৃতমাচরেৎ।
সর্ব্বতশ্চাদদেৎ প্রজ্ঞাং পতঙ্গং গহনেষ্বিব॥
এবং ময়ূরবদ্রাজা স্বরাজ্যং পরিপালয়েৎ
আত্মবৃদ্ধিকরীং নীতিং বিদধীত বিচক্ষণঃ॥ ম, শা, ১২০ অ। ১৬—১৭।

সম্বন্ধীয় বারবনিতা ও নট-নর্ত্তক প্রভৃতিকে বিনাশিত অর্থাৎ ময়ূরের ন্যায় দূরীকৃত করিবেন। দৃঢ়-মূল অমাত্য ও শূর সকলকে সংস্থাপিত করিবেন। সতত ময়ূরের ন্যায় যদৃচ্ছাক্রমে প্রশস্ত কার্য্য আচরণ করিবেন। শলভসমূহ যেমন গহন বনে পতিত হইয়া কাননকে নিষ্পত্র করে, তদ্রূপ নৃপতি সৈন্যসামন্তসহ সম্মিলিত হইয়া শত্রুরাজ্য আক্রমণ করিতে প্রবৃত্ত হইবেন। এইরূপে বিচক্ষণ নরপাল শূরবৎ স্বরাজ্য পালন করিবেন এবং আত্মবৃদ্ধিকারী নীতি বিধান করিতে থাকিবেন। ম, শা, ১২০ অ। ১৬-১৭।

২২। মনুষ্যহত্যা, পথরোধ এবং গৃহবিনাশ দ্বারা শত্রুরাষ্ট্র নষ্ট করিবে। গৃধ্রের ন্যায় দূরদর্শী, বকের ন্যায় নিশ্চল, কুক্কুরের ন্যায় জাগরূক, সিংহের ন্যায় বিক্রম-শালী ও কাকের ন্যায় পরের ইঙ্গিতজ্ঞ হইয়া নিরুদ্বেগে ভুজঙ্গের ন্যায় সহসা বিপক্ষের দুর্গে প্রবেশ করিবে। বীরের নিকট অঞ্জলি বন্ধন, ভীরুকে ভয়প্রদর্শন এবং লুব্ধ ব্যক্তিকে অর্থ দানদ্বারা আয়ত্ত করিবে, আর তুল্য ব্যক্তির সহিত বিগ্রহ করাই বিধেয়॥ ম, শা, ১৪০ অ। ৬১-৬৩।

২৩। সর্ব্বদা সৈন্যগণকে সুশিক্ষা প্রদান, সদা পুরুষত্ব প্রদর্শন,

---

২২। বধেন চ মনুষ্যাণাং মার্গাণাং দূষণেন চ।
অগারাণাং বিনাশৈশ্চ পররাষ্ট্রং বিনাশয়েৎ॥
গৃধ্রদৃষ্টির্ব্বকালীনঃ শ্বচেষ্টঃ সিংহবিক্রমঃ।
অনুদ্বিগ্নঃ কাকশঙ্কী ভুজঙ্গচরিতং চরেৎ॥
শূরমঞ্জলিপাতেন ভীরুং ভেদেন ভেদয়েৎ।
লুব্ধমর্থ প্রদানেন সমং তুল্যেন বিগ্রহঃ॥ ম, শা, ১৪০ অ। ৬১—৬৩।

২৩। নিত্যমুদ্যতদণ্ডঃ স্যান্নিত্যং বিবৃতপৌরুষঃ।
নিত্যং সংবৃতসংবার্য্যো নিত্যং ছিদ্রানুসার্য্যরেঃ॥ মনু, ৭ অ। ১০২।

মন্ত্রণা ও চারচেষ্টা সদা সংগোপন এবং সর্ব্বদা শত্রুর ছিদ্রান্বেষণ করা রাজার একান্ত কর্ত্তব্য। মনু, ৭ অ। ১০২।

২৪। নিজ অমাত্যের সহিত সদা অকপট ব্যবহার করা রাজার কর্ত্তব্য; অন্যথা তিনি সকলের অবিশ্বাস পাত্র হইবেন এবং যত্নতঃ স্বপক্ষ-রক্ষা ও শত্রু-কৃত প্রতি-ভেদাদি চারদ্বারা গোপনে অবগত হওয়াও তাঁহার কর্ত্তব্য। মনু, ৭ অ। ১০৪।

২৫। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ এবং আশ্রয় এই ষড়্‌গুণের দ্বারা যাহাতে পরাপকার এবং নিজ সুবিধা হয়, রাজার তদ্বিষয়ে সতত স্থিরভাবে চিন্তা করা উচিত। উক্ত ষড়্‌গুণের মধ্যে যে যেটি সুবিধাকর বা অসুবিধাজনক হইবে, বিশেষ বিবেচনা পূর্ব্বক রাজা উপযুক্ত স্থলে তাহা অবলম্বন করিবেন। মনু, ৭ অ। ১৬০-১৬১।

২৬। সন্ধি, যুদ্ধ, যুদ্ধযাত্রা, যুদ্ধ অপেক্ষা করিয়া অবস্থিতি, প্রবল রাজার আশ্রয় গ্রহণ এবং দ্বৈধীভাব অর্থাৎ প্রবল রাজার আশ্রয়ে থাকিয়া শত্রুর সহিত সন্ধি বা যুদ্ধ করা এই ষড়্‌বিধ উপায়ের অন্যতম যে কোন একটী সময়ানুসারে রাজা অবলম্বন করিবেন। বিষ্ণু ৩ অ।২৪।

২৪। অমাত্যৈব বর্ত্তেত ন কথঞ্চন মায়য়া।
বুধ্যেতারিপ্রযুক্তাঞ্চ মায়াং নিত্যস্বসংবৃতঃ॥ মনু, ৭ অ। ১০৪।

২৫। সন্ধিঞ্চ বিগ্রহঞ্চৈব যানমাসনমেব চ।
দ্বৈধীভাবং সংশ্রয়ঞ্চ ষড়্‌গুণাংশ্চিন্তয়েৎ সদা॥
আসনঞ্চৈব যানঞ্চ সন্ধিং বিগ্রহমেব চ।
কার্য্যং বীক্ষ্য প্রযুঞ্জীত দ্বৈধং সংশ্রয়মেব চ॥ মনু, ৭ অ। ১৬০—১৬১।

২৬। সন্ধিবিগ্রহযানাসনসংশ্রয়দ্বৈধীভাবাংশ্চ যথাকালমাশ্রয়েৎ॥ বিষ্ণু, ৩ অ। ২৪।

২৭। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ এবং আশ্রয় এই ষড়্‌গুণের প্রত্যেকেই অবস্থাভেদে দ্বিবিধ বলিয়া রাজার জানা আবশ্যক। সন্ধি দ্বিবিধ;—বর্ত্তমান বা ভাবী ফল লাভ প্রত্যাশায় মিত্র রাজার সহিত মিলিত হইয়া শত্রু রাজার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিবার নিমিত্ত মিত্র রাজার যে সন্ধি, তাহা প্রথম এবং পরস্পর ভিন্ন ভাবে যুদ্ধযাত্রা করিবার নিমিত্ত মিত্ররাজার সহিত যে সন্ধি স্থাপিত হয় তাহা দ্বিতীয়। বিগ্রহ দ্বিবিধ;—প্রকৃত কালে বা অকালেই হউক; শত্রুরাজার সহিত নিজ অহিত শান্তির নিমিত্ত সংঘটিত যে বিগ্রহ তাহা প্রথম এবং মিত্র রাজার অহিত-শান্তির নিমিত্ত যে বিগ্রহ উপস্থিত হয়, তাহা দ্বিতীয়। যানও দ্বিবিধ;—শত্রুর কোন ছিদ্র পাইলে তদ্বিরুদ্ধে রাজা নিজ শক্তি বুঝিয়া একাকী যে যুদ্ধ-যাত্রা করেন, তাহা প্রথম এবং নিজের অশক্ততা বশতঃ অপর রাজার সহিত মিলিত হইয়া যে যুদ্ধযাত্রা করেন, তাহা দ্বিতীয়। আসনও দ্বিবিধ;—

২৭। সন্ধিন্তু দ্বিবিধং বিদ্যাদ্রাজা বিগ্রহমেব চ।
উভে যানাসনে চৈব দ্বিবিধঃ সংশ্রয়ঃ স্মৃতঃ॥
সমানযানকর্ম্মা চ বিপরীতস্তথৈব চ।
তদা ত্বায়তিসংযুক্তঃ সন্ধির্জ্ঞেয়ো দ্বিলক্ষণঃ॥
স্বয়ং কৃতশ্চ কার্য্যার্থমকালে কাল এব বা।
মিত্রস্য চৈবাপকৃতে দ্বিবিধো বিগ্রহঃ স্মৃতঃ॥
একাকিনশ্চাত্যয়িকে কার্য্যে প্রাপ্তে যদৃচ্ছয়া।
সংহতস্য চ মিত্রেণ দ্বিবিধং যানমুচ্যতে॥
ক্ষীণস্য চৈব ক্রমশো দৈবাৎ পূর্ব্বকৃতেন বা।
মিত্রস্য চানুরোধেন দ্বিবিধং স্মৃতমাসনম্॥
বলস্য স্বামিনশ্চৈব স্থিতিঃ কার্য্যার্থ সিদ্ধয়ে।
দ্বিবিধং কীর্ত্ত্যতে দ্বৈধং ষাড়্‌গুণ্যগুণবেদিভিঃ॥
অর্থসম্পাদনার্থঞ্চ পীড্যমানস্য শত্রুভিঃ।
সাধুষু ব্যপদেশার্থং দ্বিবিধঃ সংশ্রয়ঃ স্মৃতঃ॥ মনু, ৭ অ। ১৬২—১৬৮।

দৈবদুর্ব্বিপাকবশতঃ অথবা পূর্ব্বজন্মবিহিত দুষ্কৃতহেতু সর্ব্বস্বান্ত হওয়ায় রাজার যে আসন, তাহা প্রথম এবং মিত্র রাজার প্রতি অনুকম্পা প্রদর্শনার্থ রাজার যে আসন, তাহা দ্বিতীয়। কোন বিশেষ প্রয়োজন সিদ্ধির নিমিত্ত সৈন্য সকল দুইভাগে বিভাজিত হইয়া একদল প্রধান সেনাপতি কর্ত্তৃক পরিচালিত হইয়া একস্থলে অবস্থান করে এবং রাজা স্বয়ং অপর দলের অধিনায়ক হইয়া স্থানান্তরে অবস্থান করেন, এজন্য ষড়্‌গুণবেত্তারা দ্বৈধা ভাবকেও দ্বিবিধ বলিয়া বর্ণন করেন। সংশ্রয়ও দ্বিবিধ ;— শত্রুকর্ত্তৃক উৎপীড়িত হইয়া তৎপীড়া প্রতীকারার্থ রাজা যে রাজান্তরের আশ্রয় গ্রহণ করেন, তাহা প্রথম এবং ভাবী পরাভবাশঙ্কায় প্রবলাশ্রয় ঘোষণার নিমিত্ত যে রাজান্তরের আশ্রয় গ্রহণ তাহা দ্বিতীয়। মনু, ৭ অ। ১৬২—১৬৮।

২৮। যখন রাজা দেখিবেন, তাঁহার প্রকৃতিবর্গ দৃঢ়ভক্তি-সম্পন্ন এবং নিজেও শক্তি-ত্রয়-সম্পন্ন তখনই তাঁহার যুদ্ধ করা উচিত। যখন রাজা বিশেষরূপে অবগত হইবেন যে, তাঁহার সৈন্য সকল সম্পূর্ণ প্রফুল্ল ও তাহাদের কোন বিষয়ে কিছুমাত্র অভাব নাই, অথচ শত্রুসৈন্যের অবস্থা তাহার ঠিক বিপরীত, তখন আগ্রহ সহকারে তাঁহার যুদ্ধযাত্রা করা কর্ত্তব্য কিন্তু যখন রাজা দেখিবেন যে, তাঁহার ভারবাহী পশুসংখ্যা ও সৈন্যসংখ্যা নিতান্ত অল্প, তখন সতর্কতার সহিত ক্রমশঃ শত্রুকে সাম, দানাদি দ্বারা সান্ত্বনা করিয়া স্বয়ং আসন পরিগ্রহ করিবেন। মনু, ৭ অ। ১৭০—১৭২।

২৮। যদা প্রহৃষ্টা মন্যেত সর্ব্বাস্তু প্রকৃতীর্ভৃশম্।
অত্যুচ্ছ্রিতং তথাত্মানং তদা কুর্ব্বীত বিগ্রহম্॥
যদা মন্যেত ভাবেন হৃষ্টংপুষ্টং বলং স্বকম্।
পরস্য বিপরীতঞ্চ তদা যায়াদ্রিপুং প্রতি॥
যদা তু স্যাৎ পরিক্ষীণো বাহনেন বলেন চ।
তদাসীত প্রযত্নেন শনকৈঃ সান্ত্বয়ন্নরীন্॥ মনু, ৭ অ। ১৭০—১৭২।

২৯। যখন রাজা দেখিবেন যে শক্র রাজা সর্ব্বথা বলবত্তর, তখন শক্রকে কার্য্যাসক্ত রাখিবার নিমিত্ত তথায় একদল সৈন্য রাখিয়া, স্বয়ং নিরাপদ্ হইবার নিমিত্ত অপর দল সৈন্য লইয়া এক দুর্গম স্থলে অবস্থান করিবেন। মনু, ৭ অ। ১৭৩।

৩০। যখন রাজা দেখিবেন যে, তিনি যেখানেই থাকুন, সর্ব্বত্রই শক্রসৈন্য দ্বারা আক্রান্ত হইবার সম্ভাবনা তখন অতি ত্বরায় ধার্ম্মিক অথচ প্রবল পরাক্রম একজন রাজার আশ্রয় লওয়া তাঁহার কর্ত্তব্য। যাহাদিগের ভয়ে আশ্রয় গ্রহণ করা হইতেছে, সেই তদীয় দুষ্ট প্রকৃতিবর্গের ও শক্রর বিগ্রহ করিতে যে রাজা সমর্থ, গুরুর ন্যায় তাঁহারই সেবা কর্ত্তব্য; অর্থাৎ আশ্রয় গ্রহণ করা উচিত। কিন্তু যদি তিনি এই অবস্থাতেও সেই আশ্রয়কেই অমঙ্গলের হেতু বলিয়া বুঝিতে পারেন, তখন নির্ব্বিশঙ্ক ভাবে তাঁহার যুদ্ধই অবলম্বনীয়। এই সকল বিষয় পর্য্যালোচনা পূর্ব্বক নীতি-কুশল নরপতির সর্ব্বথা যত্নসহকারে এরূপ কার্য্য করা কর্ত্তব্য যাহাতে কি মিত্র, কি উদাসীন, কি শক্র-রাজা কেহই প্রবল হইতে না পারে। মনু, ৭ অ। ১৭৪—১৭৭।

২৯। মন্যেতারিং যদা রাজা সর্ব্বথা বলবত্তরম্।
তদা দ্বিধা বলং কৃত্বা সাধয়েৎ কার্য্যমাত্মনঃ॥ মনু, ৭ অ। ১৭৩।

৩০। যদা পরবলানান্তু গমনীয়তমো ভবেৎ।
তদা তু সংশ্রয়েৎ ক্ষিপ্রং ধার্ম্মিকং বলিনং নৃপম্॥
নিগ্রহং প্রকৃতীনাঞ্চ কুর্য্যাদ্যোঽরিবলস্য চ।
উপসেবেত তং নিত্যং সর্ব্বযত্নৈর্গুরুং যথা॥
যদি তত্রাপি সম্পশ্যেদ্দোষং সংশ্রয়কারিতম্।
সুযুদ্ধমেব তত্রাপি নির্ব্বিশঙ্কঃ সমাচরেৎ॥
সর্ব্বোপায়ৈস্তথা কুর্য্যান্নীতিজ্ঞঃ পৃথিবীপতিঃ।
যথাস্যাভ্যধিকা ন স্যুর্মিত্রোদাসীন শত্রবঃ॥ মনু, ৭ অ। ১৭৪—১৭৭।

৩১। নৃপতি শত্রুকে ও শত্রুরাজ্যকে সৈন্য দ্বারা অবরোধ করিয়া উৎপীড়ন করিবেন এবং বিপক্ষের অন্নোদক-তৃণেন্ধনাদি দ্রব্যসকল অপদ্রব্য মিশ্রণে দূষিত করিবেন। তড়াগ ও পুষ্করিণীর জল বিনষ্ট করণ, দুর্গ-প্রাকারভেদ এবং পরিখার জলশূন্যতা-সাধন ইত্যাদি উপায়ে বিপক্ষকে ব্যতিব্যস্ত ও রাত্রিকালে বাদ্যোদ্যমাদি দ্বারা সন্ত্রস্ত করিবেন। রাজ্যার্থী অতএব ভেদার্হ, বিপক্ষ-বংশ-সম্ভূত-রাজপুরুষ ও ক্ষুব্ধ অমাত্যবর্গকে স্বপক্ষ সাধন করিয়া এবং তাহাদের দ্বারা সমস্ত শত্রু-চেষ্টিত অবগত হইয়া শুভ-গ্রহে, শুভক্ষণে নির্ভীক মনে যুদ্ধ করিবেন। প্রথমতঃ কদাপি বিগ্রহ চেষ্টা না করিয়া সাম, দান, ভেদ এই উপায়ত্রয়ের যে কোন একটী প্রয়োগে বা এককালে সমস্ত প্রয়োগ দ্বারা রাজা বিপক্ষ বিজয়ে যত্নবান্ হইবেন। কি অল্পবল, কি বহুবল—যুধ্যমান উভয় পক্ষের মধ্যে কাহার জয় কাহার পরাজয় হইবে, অগ্রে যখন ইহা কেহই স্থির করিতে পারে না এবং যখন ইহার নিত্যতাও নাই তখন অগ্রে বিগ্রহ যত্নতঃ পরিত্যাগপূর্ব্বক অন্য উপায় অবলম্বন করাই রাজার কর্ত্তব্য। যখন রাজা দেখিবেন যে, সাম, দান, ভেদ এই উপায়ত্রয় প্রয়োগেও কোনরূপ জয়লাভের সম্ভাবনা নাই, তখন তিনি সম্পূর্ণ প্রস্তুত হইয়া প্রাণপণে যুদ্ধ করিবেন, যাহাতে তাঁহার বিপক্ষ এককালে সম্পূর্ণ পরাভূত হয়। মনু, ৭ অ। ১৯৫—২০০।

৩১। উপরুধ্যারিমাসীত রাষ্ট্রঞ্চাস্যোপপীড়য়েৎ।
দূষয়েচ্চাস্য সততং যবসান্নোদকেন্ধনম্॥
ভিন্দ্যাচ্চৈব তড়াগানি প্রাকারপরিখাস্তথা।
সমবস্কন্দয়েচ্চৈনং রাত্রৌ বিত্রাসয়েৎ তথা॥
উপজপ্যানুপজপেদ্‌বুধ্যেতৈব চ তৎকৃতম্।
যুক্তে চ দৈবে যুধ্যেত জয়প্রেপ্সুরপেতভীঃ॥

৩২। যুদ্ধযাত্রা কালে বিজিগীষু রাজার,—রাজন্যমণ্ডলীর মধ্যে গ্রাহ ও আক্রন্দ এই উভয় রাজার দিকেই সমভাবে সবিশেষ লক্ষ্য আবশ্যক; কারণ এতদুভয়ের মিত্রতা বা অমিত্রতা হইতেই তাঁহার যাত্রা-ফললাভের সম্ভাবনা। মনু, ৭ অ। ২০৭।

৩৩। যে ব্যক্তি স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ এব এই সপ্তাঙ্গ রাজ্যের অথবা ইহার কোন অঙ্গের প্রতিকূল আচরণ ক সে মিত্র অথবা গুরু হইলেও নৃপতি তাহাকে বিনাশ করিবেন। ম ৫৭ অ। ৫।

৩৪। নৃপতি নিজ বুদ্ধি দ্বারা ষাড়্গুণ্য অর্থাৎ বলশালীর সহিত ঃ তুল্যবলের সহিত বিগ্রহ, দুর্ব্বলের দুর্গাদি আক্রমণ এবং স্বয়ং দুর্ব্বল হ নিজ দুর্গে আশ্রয়-গ্রহণ ইত্যাদি রাজনীতি সকলের পরিণামফলভূত ও পরাজয়রূপ গুণ-দোষ বিবেচনা করিবেন। ম. শা. ৫৭ অ।

সাম্না দানেন ভেদেন সমস্তৈরথবা পৃথক্।
বিজেতুং প্রযতেতারীন্ ন যুদ্ধেন কদাচন॥
অনিত্যো বিজয়ো যস্মাদ্ দৃশ্যতে যুধ্যমানয়োঃ।
পরাজয়শ্চ সংগ্রামে তস্মাদ্‌যুদ্ধং বিবর্জ্জয়েৎ॥
ত্রয়াণামপ্যুপায়ানাং পূর্ব্বোক্তানামসম্ভবে।
তথা যুধ্যেত সংযত্তো বিজয়েত রিপূন্ যথা॥ মনু, ৭ অ। ১৯৮—২০০।

৩২। পার্ষ্ণিগ্রাহঞ্চ সম্প্রেক্ষ্য তথাক্রন্দঞ্চ মণ্ডলে।
মিত্রাদথাপ্যমিত্রাদ্বা যাত্রাফলমবাপ্নুয়াৎ॥ মনু, ৭ অ। ২০৭।

৩৩। সপ্তাঙ্গস্য চ রাজ্যস্য বিপরীতং য আচরেৎ।
গুরুর্ব্বা যদি বা মিত্রং প্রতিহন্তব্য এব সঃ॥ ম, শা, ৫৭ অ। ৫।

৩৪। "ষাড়্গুণ্যগুণদোষাংশ্চ নিত্যং বুদ্ধ্যাবলোকয়েৎ॥" ম. শা. ৫৭ অ। ১৬।

(রাজার আত্মচ্ছিদ্র গোপন ও পরচ্ছিদ্র অনুসন্ধান করা কর্ত্তব্য।)

৩৫। রাজা রণস্থলে সাবধান হইয়া নিজ ছিদ্র গোপন করিয়া শত্রুর ছিদ্র অনুসন্ধান করিবেন। বা, ল, ৫৯ স। ৪৭।*

৩৬। আত্মচ্ছিদ্র যত্নতঃ সংগোপন এবং পরচ্ছিদ্র পর দ্বারা অবগত হওয়া রাজার কর্ত্তব্য এবং কূর্ম্ম যেমন নিজ অঙ্গ গোপন করে, তদ্রূপ রাজারও অমাত্যাদি অঙ্গসকল দান-মানাদি দ্বারা আত্মসাৎ করা এবং দৈবসংঘটিত প্রকৃতি ভেদাদির আশু শান্তি বিধান করা কর্ত্তব্য। মনু, ৭ অ। ১০৫।

৩৭। যে ভূপতি আপন ছিদ্র গোপন রাখিয়া শত্রুগণের ছিদ্র সকল অবলোকন করেন; যিনি ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের যথার্থ তত্ত্ব অবগত হইয়াছেন এবং যিনি যথাস্থানে চারনিয়োগ ও শত্রুপক্ষীয় অমাত্যগণকে উৎকোচাদি প্রদান করিয়া তাহাদের মধ্যে ভেদ জন্মাইতে পারেন, তিনিই সকলের নিকট প্রশংসা লাভ করেন। ম, শা, ৫৭ অ। ১৭।

৩৫। "গচ্ছ যত্নপরশ্চাপি ভব লক্ষ্মণ সংযুগে॥" বা, ল, ৫৯ স। ৪৭।

৩৬। নাস্যচ্ছিদ্রং পরোবিদ্যাৎ বিদ্যাচ্ছিদ্রং পরস্য তু।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ॥ মনু, ৭ অ। ১০৫।

৩৭। দ্বিট্‌ছিদ্রদর্শী নৃপতির্নিত্যমেব প্রশস্যতে।
ত্রিবর্গে বিদিতার্থশ্চ যুক্তাচারোপধিশ্চ যঃ॥ ম, শা, ৫৭ অ। ১৭।

* লক্ষ্মণ রাবণের সহিত যুদ্ধার্থ অনুমতি চাহিলে, রামচন্দ্র বলিয়াছিলেন;—"যাও, কিন্তু রণস্থলে বিশেষ সাবধান হইবে। সাবধানে নিজ ছিদ্র সকল গোপন করিয়া শত্রুর ছিদ্র অন্বেষণ করিবে।

(সাম, দান ও ভেদোৎপাদন ব্যবহার।)

৩৮। অন্যবিধ উপায় স্বত্বে কোন প্রকারে যুদ্ধ অভিলাষ করিবে না, কেন না সাম, ভেদ ও দান এই সকলের পর যুদ্ধ বিহিত হইয়া থাকে। ম, শা, ১০২ অ। ২২।

৩৯। রাজা শত্রুদিগের প্রতি যুদ্ধযাত্রা করিবার পূর্ব্বে সুন্দররূপে অনুষ্ঠিত সাম, দান, ভেদ ও দণ্ড এই উপায় চতুষ্টয় বিধিবৎ প্রয়োগ করিবেন। ম, স, ৫ অ। ৬১।

৪০। রাজা পরস্পর ভেদোৎপাদনের নিমিত্ত পররাষ্ট্রে প্রধান প্রধান সৈন্যদিগকে শত্রুর অলক্ষিত উৎকৃষ্ট দ্রব্যজাত যোগ্যতানুসারে পুরস্কার স্বরূপ প্রদান করিবেন। ম, স, ৫ অ। ৫৯।

৪১। রিপুগণ প্রধানের ভেদ করিতে পারিলেই, গণভেদ করিতে পারে, অতএব পণ্ডিতেরা গণসংঘাতকে পরম আশ্রয় কহিয়া থাকেন। ম, শা, ১০৭ অ। ৩১-৩২।

৩৮। সন্নিপাতো ন মন্তব্যঃ শক্যে সতি কথঞ্চন।
সান্ত্বভেদপ্রদানানাং যুদ্ধমুত্তরমুচ্যতে। ম, শা, ১০২ অ। ২২।

৩৯। কচ্চিৎ তে যান্ততঃ শত্রূন্ পূর্ব্বং যান্তি স্বনুষ্ঠিতাঃ।
সামদানঞ্চ ভেদশ্চ দণ্ডশ্চ বিধিবদ্গুণাঃ॥ ম, স, ৫ অ। ৬১।

৪০। কচ্চিচ্চ বলমুখ্যেভ্যঃ পররাষ্ট্রে পরন্তপ।
উপচ্ছন্নানি রত্নানি প্রযচ্ছসি যথার্হতঃ॥ ম, স, ৫ অ। ৫৯।

৪১। "ভেদাচ্চৈব প্রদানাচ্চ ভিদ্যন্তে রিপুভির্গণাঃ॥
তস্মাৎ সঙ্ঘাতমেবাহুর্গণানাং শরণং মহৎ॥ ম, শা, ১০৭ অ। ৩১—৩২।

৪২। বকের ন্যায় অর্থ চিন্তা করিবে, ব্যাঘ্রের ন্যায় শিকার করিবে, সিংহের ন্যায় পরাক্রম প্রদর্শন করিবে এবং দুর্ব্বল হইলে শশকের ন্যায় পলায়ন করিবে, এইরূপে রাজা সম্পূর্ণ প্রস্তুত হইয়া জয়লাভার্থ প্রবৃত্ত হইলে, যাহারা বিরুদ্ধাচরণ করিবে সাম, দান, ভেদ, দণ্ড এই চতুর্ব্বিধ উপায় দ্বারা তাহাদিগকে স্ববলে আনয়ন করা রাজার কর্ত্তব্য। যদি প্রথমোক্ত ত্রিবিধ উপায় দ্বারা শত্রু বশীভূত না হয়, তবে বল প্রকাশ ও যুদ্ধদ্বারা রাজা ক্রমে তাহাদিগকে স্ববশে আনয়ন করিবেন। সাম, দান, ভেদ, দণ্ড—এই চতুর্ব্বিধ উপায়ের মধ্যে ধনক্ষয়াভাবহেতু সামের এবং ধনক্ষয় সত্ত্বেও কার্য্য সিদ্ধ্যাতিশয্যে পণ্ডিতেরা দণ্ডের প্রশংসা করিয়া থাকেন। মনু, ৭ অ। ১০৬-১০৯।

৪৩। রাক্ষসের প্রতি সান্ত্ববাদ প্রয়োগ করিলে কোন ফল হয় না, ধনবানের প্রতি দান-উপায়-প্রয়োগ যুক্তিসঙ্গত হয় না, বল-গর্ব্বিত ব্যক্তি-দিগকে ভেদ দ্বারা, আয়ত্ত করিতে পারা যায় না। অতএব পরাক্রমই তাঁহাদের প্রতি প্রযোজ্য। বা, সু, ৪১ স। ৩।

৪২। বকবচ্চিন্তয়েদর্থান্ সিংহবচ্চ পরাক্রমেৎ।
বৃকবচ্চাবলুম্পেত শশবচ্চ বিনিষ্পতেৎ॥
এবং বিজয়মানস্য যেঽস্য স্যুঃ পরিপন্থিনঃ।
তানানয়েদ্বশং সর্ব্বান্ সামাদিভিরুপক্রমৈঃ॥
যদি তে তু ন তিষ্ঠেয়ুরুপায়ৈঃ প্রথমৈস্ত্রিভিঃ।
দণ্ডেনৈব প্রসহ্যৈতাঞ্ছনকৈর্ব্বশমানয়েৎ॥
সামাদীনামুপায়ানাং চতুর্ণামপি পণ্ডিতাঃ।
সমদণ্ডৌ প্রশংসন্তি নিত্যং রাষ্ট্রাভিবৃদ্ধয়ে॥ মনু, ৭ অ। ১০৬—১০৯।

৪৩। "ন সাম রক্ষঃসু গুণায় কল্পতে, ন দানমর্থোপচিতেষু যুজ্যতে।
ন ভেদসাধ্যা বলদর্পিতা জনাঃ, পরাক্রমস্ত্বেষ মমেহ রোচতে॥" বা, সু, ৪১স।৩।

(সকল বিষয় বিবেচনা পূর্ব্বক রাজার আজ্ঞা প্রচার করা কর্ত্তব্য।)

৪৪। নৃপতি মৃগয়া-অক্ষক্রীড়াদি দশবিধ কামজ দোষ, জলদুর্গ-গিরিদুর্গাদি পঞ্চবিধদুর্গ, সাম-দানাদি চতুর্ব্বর্গ, রাজা-অমাত্যাদি সপ্তাঙ্গ-রাজ্য, পৈশুন্য-সাহসাদি ক্রোধজাত অষ্টবর্গ, ধর্ম্মার্থকাম ত্রিবর্গ, বেদ-বিদ্যাদি ত্রিবিধ বিদ্যা এবং ইন্দ্রিয়গণের জয়ের উপায় যোগাভ্যাস প্রভৃতি যথার্থরূপে জানিয়া ও সন্ধিবিগ্রহাদি ষাড়্গুণ্য, অগ্নি-জলাদি পঞ্চবিধ দৈববিপৎ, রাজকার্য্যে নিযুক্ত ব্যক্তি ও তস্করাদি হইতে ভয়জনিত পঞ্চবিধ মানুষ উৎপাত, চতুর্ব্বিধ রাজকৃত্য আর বালক-বৃদ্ধাদি বিংশতি বর্গ আর অমাত্য, রাষ্ট্র, দুর্গ, কোষ, দণ্ড এই পঞ্চপ্রকৃতি; অরি-মিত্র প্রভৃতি দ্বাদশ রাজমণ্ডল; পঞ্চবিধ রণযাত্রা, ব্যূহ রচনা, ভেদরূপ দণ্ড-বিধান, সন্ধি-বিগ্রহাদি ষড়্বিধ গুণের মধ্যে দ্বৈধীভাব, সমাশ্রয়ের কারণ সন্ধি এবং যান ও আসনের কারণ বিগ্রহ এই সকলের মধ্যে ত্যজ্য ও গ্রাহ্য অংশ সকল যথাবৎ বিজ্ঞাত হইয়া অনুজ্ঞা প্রচার করিবেন। বা, অ, ১০০ স। ৬৮-৭০।

৪৪। দশপঞ্চচতুর্ব্বর্গান্ সপ্তবর্গঞ্চ তত্ত্বতঃ।
অষ্টবর্গং ত্রিবর্গঞ্চ বিদ্যাস্তিস্রশ্চ রাঘব॥
ইন্দ্রিয়াণাং জয়ং বুদ্ধা ষাড়্গুণ্যং দৈবমানুষম্।
কৃত্যং বিংশতিবর্গশ্চ তথা প্রকৃতিমণ্ডলম্॥
যাত্রাদণ্ডবিধানঞ্চ দ্বিযোনী সন্ধিবিগ্রহৌ।
কচ্চিদেতান্ মহাপ্রাজ্ঞ যথাবদনুমন্যসে॥ বা, অ, ১০০ স। ৬৮—৭০।

(যুদ্ধকালে রাজার আত্মরক্ষার বিধান করা কর্ত্তব্য।)

৪৫। যখন যুদ্ধে জয়ের স্থিরতা নাই, তখন জয়াভিলাষী নীতিজ্ঞ ব্যক্তির যত্নপূর্ব্বক সংগ্রামে আত্মরক্ষা করা কর্ত্তব্য। বা, সু, ৪৬ স। ১৬।

৪৬। যিনি দর্শনমাত্রে লোকের প্রকৃতি বুঝিতে সমর্থ, যিনি মহাবল পরাক্রান্ত, অতি সাধু ও দয়ালু এবং বিলক্ষণ দাতা এতাদৃশ উদাসীন রাজা, বিজিগীষুর আশ্রয়ণীয়। মনু, ৭ অ। ২১১।

৪৭। নীরোগীতা হেতু কল্যাণকারী, নিত্য বহুশস্যপ্রসবিনী, তৃণ-বাহুল্য প্রযুক্ত গবাদি পশু বৃদ্ধিকরী ভূমিও কিছুমাত্র অনুশোচনা না করিয়া আত্মরক্ষার্থ রাজা পরিত্যাগ করিবেন। আপৎপ্রতিকারার্থ ধন সঞ্চয় করিবে, ধন পরিত্যাগে ধর্ম্মপত্নী রক্ষা করিবে এবং এতদুভয় পরিত্যাগেও সতত আত্মরক্ষার্থ যত্নবান্ হওয়া আবশ্যক। মনু, ৭ অ। ২১২-২১৩।

(যুদ্ধে দুর্গ ব্যবহার।)

নৃপতি কিরূপ দুর্গাদি প্রস্তুত করিবেন, তাহা রাজপুর বিষয়ক সপ্তবিংশ স্তবকে লিখিত হইয়াছে। যুদ্ধকালে নৃপতির দুর্গ ব্যবহার কি তাহা এস্থলে সঙ্কলিত হইল।

৪৫। "আত্মারক্ষ্যঃ প্রযত্নেন যুদ্ধসিদ্ধির্হি চঞ্চলা॥" বা, সু, ৪৬ স। ১৬।

৪৬। আর্য্যতা পুরুষজ্ঞানং শৌর্য্যং করুণবেদিতা।
স্থৌললক্ষ্যঞ্চ সততমুদাসীনগুণোদয়ঃ॥ মনু, ৭ অ। ২১১।

৪৭। ক্ষেম্যাং শস্যপ্রদাং নিত্যং পশুবৃদ্ধিকরীমপি।
পরিত্যজেন্নৃপো ভূমিমাত্মার্থমবিচারয়ন্॥
আপদর্থং ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি॥ মনু ৭ অ। ২১২—২১৩।

৪৮। নৃপতি দুর্গ সকল—ধন, ধান্য, অস্ত্র, শস্ত্র, জল, যন্ত্র-সমূহ, শিল্পী ও ধনুর্দ্ধর সমূহে পরিপূর্ণ রাখিবেন। বা, অ, ১০০ স। ৫৩। ম, স, ৫ অ। ৩৬।

৪৯। ধনাগার ও আধিপত্যযুক্ত,—অমাত্য ও মন্ত্রীর সহিত বর্ত্তমান মণ্ডলাধিপ রাজা দুর্গস্থ হইয়া রাজ্য চিন্তা করিবেন। কাম, ৮ স। ১।

৫০। তুষ্ণীম্ভাব, যুদ্ধ, জনত্রাণ, মিত্রামিত্র পরিগ্রহ, সামন্ত ও আটবিকের বাধানিরোধ ইহাদিগকে দুর্গ কহে। দুর্গস্থ রাজা স্বপক্ষ ও পরপক্ষ উভয় পক্ষ হইতেই পূজালাভ করেন, দুর্গব্যসন হইলে এ সমস্তই বিনষ্ট হয়। কাম, ১৩ স। ২৯-৩০।

(সৈন্যবল সংগ্রহ।)

৫১। প্রথমতঃ হিতাহিত বিবেচনা করিয়া বল সংগ্রহ করা কর্ত্তব্য। যাহাদের অধিক গুণ আছে, তাহাদিগকে সংগ্রহ এবং দোষভাগ অধিক হইলে তাহাদিগকে পরিত্যাগ করা কর্ত্তব্য। বা, ল, ১৭ স। ৪১।

৪৮। কচ্চিদ্দুর্গাণি সর্ব্বাণি ধনধান্যায়ুধোদকৈঃ।
যন্ত্রৈশ্চ প্রতিপূর্ণানি তথা শিল্পিধনুর্দ্ধরৈঃ॥
বা, অ, ১০০ স। ৫৩। ম, স, ৫ অ। ৩৬।

৪৯। উপেতঃ কোষদণ্ডাভ্যাং সামাত্যঃ সহ মন্ত্রিভিঃ।
দুর্গস্থশ্চিন্তয়েৎ সাধু মণ্ডলং মণ্ডলাধিপঃ॥ কাম, ৮ স। ১।

৫০। তুষ্ণীং যুদ্ধং জনত্রাণং মিত্রামিত্র পরিগ্রহঃ।
সামন্তাটবিকাবাধানিরোধো দুর্গমুচ্যতে॥
স্বপক্ষৈঃ পরপক্ষৈশ্চ দুর্গস্থঃ পূজ্যতে নৃপঃ॥
এতদ্ধি দুর্গব্যসনাৎ সর্ব্বমেব ন বিদ্যতে॥ কাম, ১৩ স। ২৯—৩০।

৫১। অর্থানর্থৌ বিনিশ্চিত্য ব্যবসায়ং ভজেদিহ।
গুণতঃ সংগ্রহং কুর্য্যাদ্দোষতস্তু বিসর্জ্জয়েৎ॥ বা, ল, ১৭ স। ৪১।

৫২। পণ্ডিতেরা কহিয়াছেন, যুদ্ধের সময় স্বকীয়, মিত্রপ্রেরিত ও কার্য্যকালে ভৃতি দ্বারা সংগৃহীত এই ত্রিবিধ বল গ্রহণ করিবে, কিন্তু শত্রু সৈন্যকে কখনই গ্রহণ করিবে না। বা, ল, ১৭ স। ২৪।

৫৩। যুদ্ধারম্ভের পূর্ব্বে স্বপক্ষের বলবর্দ্ধনার্থে মিত্রগণের নিকট দূত প্রেরণ করা কর্ত্তব্য, যাহাতে তাঁহারা সাহায্যার্থে সৈন্য সমুদ্যোগ করেন। ম, উ, ৪ অ। ৭।

৫৪। সজ্জনগণের স্বভাব এই যে, অগ্রে যে পক্ষ তাঁহাদিগের নিকট গিয়া সাহায্য প্রার্থনা করেন, তাঁহারা সেই পক্ষই অবলম্বন করিয়া থাকেন (অতএব বিজয়ার্থী নৃপতি পূর্ব্বেই নরেন্দ্রগণ সমীপে সাহায্য প্রার্থনা করিতে সত্বর হইবেন।) ম, উ, ৭ অ। ১৪।

৫৫। অমাত্য সকল পরস্পর বিভিন্ন এবং যোধগণ বিমুখ হইলে, তাহাদিগকে পুনরায় একযোগ করাই রাজার কর্ত্তব্য। ম, উ, ৬অ।১০-১১।

(শত্রুর সৈন্যসংখ্যাদির বিবরণ অগ্রে জানা কর্ত্তব্য।)

৫৬। বিজগীষু নৃপতি প্রথমতঃ শত্রু সৈন্যের সংখ্যা কত, তাহাদের বীর্য্য, তাহাদের মধ্যে যেগুলি প্রধান, শত্রু পক্ষের মন্ত্রী ও সহচর, যাহারা

৫২। মিত্রাদপি বলঞ্চৈব মৌলং ভৃত্যবলং তথা।
সর্ব্বমেতদ্বলং গ্রাহ্যং বর্জ্জয়িত্বা দ্বিষদ্বলম্॥ বা, ল, ১৭ স। ২৪।

৫৩। "প্রস্থাপয়াম মিত্রেভ্যো বলান্যুদ্যোজয়ন্তু নঃ॥ ম, উ, ৪ অ। ৭।

৫৪। "পূর্ব্বঞ্চাভিগতং সন্তো ভজন্তে পূর্ব্বসারিণঃ।" ম, উ, ৭ অ। ১৪।

৫৫। "অমাত্যেষু চ ভিন্নেষু যোধেষু বিমুখেষু চ॥"
"পুনরৈকাগ্র্যকরণং কর্ম্ম তেষাং ভবিষ্যতি।" ম, উ, ৬ অ। ১০—১১।

৫৬। "অবগুপ্তাপি সংখ্যেয়ং তত্ত্বয়া বানরং বলম্॥"
ভবন্তৌ বানরং সৈন্যং প্রবিশ্যানুপলক্ষিতৌ।

সৈন্যের অগ্রগামী, সৈন্যের মধ্যে বীর কত, সৈন্য কিরূপে সন্নিবেশিত হইয়াছে, সেনাপতিই বা কে, শত্রুর কার্য্যপ্রণালী, বীর্য্য-অস্ত্রাদির বিষয় যথার্থরূপে জ্ঞাত হইয়া তৎপরে যুদ্ধে প্রবৃত্ত হইবেন। বা, ল, ২৫স।৩-৮।*

৫৭। বিজিগীষু নৃপতির অগ্রে শত্রুর সংখ্যা করা ও তাহাদের বলাবল জানা অবশ্য কর্ত্তব্য। বা, ল, ৩০ স। ১৮।

(যুদ্ধে সেনাপতি ব্যবহার।)

৫৮। নৃপতি যে ব্যক্তি ধর্ম্মশাস্ত্রের যথাবৎ অর্থ, সন্ধিবিগ্রহ বিশেষরূপে অবগত হইয়াছেন এবং যিনি মতিমান্, ধৈর্য্যশালী, লজ্জাশীল, রহস্য-বিষয়-গোপনকারী, কুলীন, ও সত্ত্ব-সম্পন্ন এবং ব্যূহ-যন্ত্র ও আয়ুধ সকলের

পরিমাণঞ্চ বীর্য্যঞ্চ যে চ মুখ্যাঃ প্লবঙ্গমাঃ ॥
মন্ত্রিণো যে চ রামস্য সুগ্রীবস্য চ সঙ্গতাঃ।
যে পূর্ব্বমভিবর্ত্তন্তে যে চ শূরাঃ প্লবঙ্গমাঃ ॥
স চ সেতুর্যথা বদ্ধঃ সাগরে সলিলার্ণবে।
নিবেশঞ্চ যথা তেষাং বানরাণাং মহাত্মনাম্ ॥
রামস্য ব্যবসায়ঞ্চ বীর্য্যং প্রহরণানি চ।
লক্ষ্মণস্য চ বীরস্য তত্ত্বতো জ্ঞাতুমর্হথঃ ॥
কশ্চ সেনাপতিস্তেষাং বানরাণাং মহৌজসাম্।
তচ্চ জ্ঞাত্বা যথাতত্ত্বং শীঘ্রমাগন্তুমর্হথঃ ॥ বা, ল, ২৫ স। ৩—৮।

৫৭। "অবশ্যং বল সংখ্যানং কর্ত্তব্যং যুদ্ধমিচ্ছতা ॥" বা, ল, ৩০স। ১৮।

৫৮। ধর্ম্মশাস্ত্রার্থতত্ত্বজ্ঞঃ সন্ধিবিগ্রহিকো ভবেৎ।
মতিমান্ ধৃতিমান্ হ্রীমান্ রহস্যবিনিগূহিতা ॥

* রামচন্দ্র বানর সৈন্য লইয়া লঙ্কায় উপস্থিত হইলে, তাঁহার বলাবল জানিবার জন্য রাবণ মন্ত্রীর প্রতি যে আদেশ করেন, তদনুসারে এই কর্ত্তব্য লিখিত হইল।

তত্ত্বজ্ঞ, বিক্রম-সম্পন্ন, বর্ষা-শীত-উষ্ণ-বাত-সহিষ্ণু, এবং পরতন্ত্রবিৎ এইরূপ ব্যক্তিকে সেনাপতি করিবেন। ম, শা, ৮৫ অ। ৩০-৩২।

৫৯। নৃপতি বিপক্ষ যোদ্ধাদিগকে পরাভব করিতে সমর্থ, প্রগল্‌ভ, বিপৎকালে ধৈর্য্যশালী, বুদ্ধিমান, সৎকুলজাত, শুদ্ধাচার, অনুরক্ত ব্যক্তিকে সেনাপতি করিবেন। বা, অ, ১০০ স। ৩০। ম, স, ৫ অ। ৪৬।

৬০। সেনাপতিগণ এবং প্রধান সৈনাধ্যক্ষকে সতত যুদ্ধক্ষেত্রের সর্ব্বত্র পর্য্যবেক্ষণ জন্য নিয়োজিত রাখা এবং যেদিক হইতে আক্রমণ সম্ভাবনা তদভিমুখীন হইয়া অগ্রসর হওয়া রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ। ১৮৯।

(যুদ্ধে সৈনিক ব্যবহার।)

৬১। নৃপতির রাজ্যধারণের সহায়স্বরূপ, সুপুরুষ, গুণগণ-পরিবৃত যোদ্ধাদিগকেও অন্বেষণ করিয়া লইতে হয়। যে নৃপতি সমৃদ্ধি কামনা করেন, তাঁহার যোদ্ধাদিগকে অবমাননা করা উচিত নহে। যে নৃপতির

কুলীনঃ সত্ত্বসম্পন্নঃ শুক্লোঽমাত্যঃ প্রশস্যতে।
এতৈরেব গুণৈর্যুক্তস্তথা সেনাপতির্ভবেৎ॥
ব্যূহযন্ত্রায়ুধানাঞ্চ তত্ত্বজ্ঞো বিক্রমান্বিতঃ।
বর্ষশীতোষ্ণবাতানাং সহিষ্ণুঃ পররন্ধ্রবিৎ॥ ম, শা, ৮৫ অ। ৩০—৩২।

৫৯। কচ্চিদ্ধৃষ্টশ্চ শূরশ্চ ধৃতিমান্ মতিমান্ শুচিঃ।
কুলীনশ্চানুরক্তশ্চ দক্ষঃ সেনাপতিঃ কৃতঃ॥
বা, অ, ১০০ স। ৩০। ম, স, ৫ অ। ৪৬।

৬০। সেনাপতি-বলাধ্যক্ষৌ সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ।
যতশ্চ ভয়মাশঙ্কেৎ প্রাচীং তাং কল্পয়েদ্দিশম্॥ মনু, ৭ অ। ১৮৯।

৬১। "যোধাশ্চৈব মনুষ্যেন্দ্র সর্ব্বে গুণগণৈর্বৃতাঃ॥"
অন্বেষ্টব্যাঃ সুপুরুষাঃ সহায়া রাজ্যধারণৈঃ।
ন বিমানয়িতব্যাস্তে রাজ্ঞা বৃদ্ধিমভীপ্সিতা॥

সমর-শৌণ্ডীর, কৃতজ্ঞ, শাস্ত্রকোবিদ, ধর্ম্মশাস্ত্ররত, পদাতি-জন-সংবৃত, নির্ভয়, গজারোহী, রথচারী, আশুগ-অস্ত্রকুশল যোধগণ বশীভূত থাকে, এই ভূমণ্ডল তাঁহারই করতলে বিলাস করে। যে নৃপতি সমস্ত বস্তু সংগ্রহকারী, আগ্রহবিশিষ্ট, যিনি উত্থানশীল ও মিত্রসম্পন্ন সেই রাজাই রাজসত্তম। সংগৃহীত মনুষ্য ও সহস্র অশ্বারোহী বীর দ্বারা সমস্ত বসুন্ধরা জয় করিতে পারা যায়। ম, শা, ১১৮ অ। ২৩-২৮।

(প্রাচীন ভারতের নানাদেশীয় বীরপুরুষ গ।)

সৈনিকগণের বলবীর্য্য ও সমরকুশলতাই যুদ্ধে জয়লাভের কারণ। প্রাচীন ভারতে কোন্ দেশীয় সৈনিকপুরুষ কিরূপ বীর্য্য-সম্পন্ন ও সমরকুশল ছিলেন, তাহা এস্থলে সঙ্কলিত হইল।

৬২। গান্ধার, সিন্ধু ও সৌবীর দেশীয় বীরগণ নখর এবং প্রাস দ্বারা যুদ্ধ করিতেন, তাঁহারা সমরে অভীরু এবং অতিশয় বলশালী, তাঁহাদিগের বল সকল সর্ব্বযুদ্ধেই পারগ ছিল। উশীনর দেশীয় শূরগণ সর্ব্বশস্ত্রকুশল

যোধাঃ সমরশৌটীরাঃ কৃতজ্ঞাঃ শস্ত্রকোবিদাঃ।
ধর্ম্মশাস্ত্র সমাযুক্তাঃ পদাতিজনসংবৃতাঃ॥
অভয়া গজপৃষ্ঠস্থা রথচর্য্যাবিশারদাঃ।
ইষস্ত্রকুশলা যস্য তস্যেয়ং নৃপতের্ম্মহী॥
সর্ব্বসংগ্রহণে যুক্তো নৃপো ভবতি যঃ সদা।
উত্থানশীলো মিত্রাঢ্যঃ স রাজা রাজসত্তমঃ॥
শক্যা চাশ্বসহস্রেণ বীরারোহেণ ভারত।
সংগৃহীতমনুষ্যেণ কৃৎস্না জেতুং বসুন্ধরা॥ ম, শা, ১১৮ অ। ২৩—২৮।

৬২। গান্ধারাঃ সিন্ধুসৌবীরা নখর-প্রাসযোধিনঃ।
অভীরবঃ সুবলিনস্তদ্বলং সর্ব্বপারগম্॥

এবং বলবান্। প্রাগ্‌দেশীয় যোধগণ মাতঙ্গ-যুদ্ধে কুশল এবং কূটযোধী। কাম্বোজ, যবন এবং মথুরাবাসী শূরগণ প্রাগ্‌দেশীয় যোধদিগের ন্যায় যুদ্ধ করিতেন। দাক্ষিণাত্যেরা অসিপাণি এবং বাহুযুদ্ধে অতিশয় নিপুণ ছিলেন।

তাঁহাদের আকৃতি প্রকৃতি কিরূপ ছিল?—তাঁহারা সকলেই প্রাণি-পীড়ক, তাঁহাদের বচন, গমন এবং দর্শন সিংহ ও শার্দ্দূলের ন্যায়, নয়ন কুলিঙ্গ ও পারাবত পক্ষীর নয়নের ন্যায়। স্বর মৃগধ্বনির ন্যায়, নেত্র হস্তী এবং ঋষভনেত্রের ন্যায়; তাঁহারা সকলেই প্রমত্ত, মূঢ়, ক্রোধী, ক্রোধমুখ, করভাকার, কিঙ্কিণী এবং মেঘের ন্যায় শব্দকারী, দূরগামী ও দূরপাতী। তাঁহাদের নাসিকা, জিহ্ম, জিহ্বা নাসাগ্রস্পর্শী, দেহ বিড়ালের ন্যায় কুব্জ, কেশ ও ত্বক্ অতিশয় সূক্ষ্ম এবং বৃত্তি চপল ও দীর্ঘ হইয়া থাকে। তাঁহাদের মধ্যে কেহ কেহ গোধার ন্যায় নিমীলিত, মৃদুস্বভাব,

সর্ব্বশস্ত্রেষু কুশলাঃ সত্ত্ববন্তো হ্যুশীনরাঃ।
প্রাচ্যা মাতঙ্গযুদ্ধেষু কুশলাঃ কূটযোধিনঃ॥
তথা যবন কাম্বোজা মথুরামভিতশ্চ যে।
এতে নিযুদ্ধকুশলা দাক্ষিণাত্যাসিপাণয়ঃ॥
সর্ব্বত্র শূরা জায়ন্তে মহাসত্ত্বা মহাবলাঃ।
প্রায় এব সমুদ্দিষ্টা লক্ষণানি তু মে শৃণু॥
সিংহশার্দ্দূলবাঙ্‌নেত্রাঃ সিংহশার্দ্দূলগামিনঃ।
পারাবত-কুলিঙ্গাক্ষাঃ সর্ব্বে শূরাঃ প্রমাথিনঃ॥
মৃগস্বরা দ্বীপিনেত্রা ঋষভাক্ষাস্তরস্বিনঃ।
প্রমাদিনশ্চ মন্দাশ্চ ক্রোধনাঃ কিঙ্কিণীস্বনাঃ॥
মেঘস্বনাঃ ক্রোধমুখাঃ কেচিৎ করভসন্নিভাঃ।
জিহ্মনাসাগ্রজিহ্বাশ্চ দূরগা দূরপাতিনঃ॥

তুরগের ন্যায় গমন ও শব্দকারী এবং সর্ব্বযুদ্ধে পারদর্শী। অপিচ তাঁহাদের মধ্যে যাঁহারা সুসংহত, সুশরীরসম্পন্ন, সুসংস্থিত অবয়বশালী এবং বিপুল-বক্ষঃ, তাঁহারা প্রবাদসময়ে কুপিত এবং কলহকালে হর্ষিত হইতেন। গম্ভীর লোচন-নিঃসৃত-নয়ন, পিঙ্গাক্ষ, ভ্রুকুটীমুখ, নকুলনেত্র, সমরে শরীর-পরিহারী, কুটিলদর্শন, পৃথুললাটশালী, নির্ম্মাংসহনুসমন্বিত, বজ্রের ন্যায় বাহু অঙ্গুলীচক্রসম্পন্ন, কৃশ, শিরাল এবং দুরাসদ এই শূরগণ সংগ্রাম উপস্থিত হইলে মাতঙ্গের ন্যায় মত্ত হইয়া বেগে তাহাতে প্রবিষ্ট হইত। যাহাদের কেশান্ত দীপ্ত ও স্ফুটিত, পার্শ্বদেশ স্থূল; মুখ হনুবিশিষ্ট, অংস সকল উন্নত, গ্রীবাদেশ পৃথু, আকার বিকট, স্থূল ও পিণ্ডাকার, স্বভাব বাসুদেব ও গরুড়ের ন্যায় উন্নত, মস্তক বর্ত্তুলাকার, মুখ মার্জ্জারের ন্যায় বিস্তৃত ও স্বর উগ্র, সেই উগ্রস্বর-সমন্বিত মন্যুমন্ত, সমরে শব্দানুসারে শর-নিক্ষেপকারী,

বিড়ালকুজ্জতনবস্তনুকেশাস্তনুত্বচঃ।
শীঘ্রাশ্চপলবৃত্তাশ্চ তে ভবন্তি দুরাসদাঃ॥
গোধানিমীলিতাঃ কেচিন্মৃদু প্রকৃতয়স্তথা।
তুরঙ্গগতিনির্ঘোষাস্তে নরাঃ পারয়িষ্ণবঃ॥
সুসংহতাঃ সুতনবো ব্যূঢ়োরস্কাঃ সুসংস্থিতাঃ॥
প্রবাদিতেষু কুপ্যন্তি হৃষ্যন্তি কলহেষু চ॥
গম্ভীরাক্ষা নিঃসৃতাক্ষাঃ পিঙ্গাক্ষা ভ্রূকুটীমুখাঃ।
নকুলাক্ষাস্তথা চৈব সর্ব্বে শূরাস্তনুত্যজঃ॥
জিহ্মাক্ষাঃ প্রললাটাশ্চ নির্ম্মাংসহনবোঽপি চ।
বজ্রবাহ্বঙ্গুলীচক্রাঃ কৃশা ধমনি সন্ততাঃ॥
প্রবিশন্তি চ বেগেন সাম্পরায়ে হ্যুপস্থিতে।
বারণা ইব সম্মত্তাস্তে ভবন্তি দুরাসদাঃ॥
দীপ্তস্ফুটিতকেশান্তাঃ স্থূলপার্শ্বহনুমুখাঃ।
উন্নতাংসাঃ পৃথুগ্রীবা বিকটাঃ স্থূলপিণ্ডিকাঃ॥

অধার্ম্মিক, গর্ব্বিত, ভয়ঙ্কর, রৌদ্রদর্শন, সমরে শরীর পরিহারী, অপরাঙ্মুখ অন্ত্যজ জাতীয় যোধগণ সর্ব্বদা সেনামুখে অবস্থান করিত। ম, শা, ১০১ অ। ৩-১৯।

৬৩। যে রাজার চতুর্ব্বিধ সৈন্যই সুশিক্ষা প্রাপ্ত হয়, ও যুদ্ধার্থ সদা প্রস্তুত থাকে, সমস্ত জগৎ তাঁহার ভয়ে উদ্বিগ্ন হইয়া থাকে। দণ্ড দ্বারাই সকল প্রাণীকে বশীভূত করা কর্ত্তব্য। মনু, ৭ অ। ১০৩।

৬৪। রাজা সৈনিকদিগের মধ্যে সর্ব্বযুদ্ধ-বিশারদ, প্রগল্‌ভ, বিশুদ্ধ-চিত্ত, বিক্রমান্বিত, প্রধান প্রধান লোকদিগকে সৎকার পূর্ব্বক সম্মান করিবেন, ও সৈন্যদিগের অহরহঃ প্রদেয় উচিত মত অন্ন ও বেতন যথাকালে প্রদান করিবেন, যেন কালাতিক্রম করিয়া তাহাদিগকে পীড়া দেওয়া না হয়, কেননা যথাকালে তাহাদিগকে অন্ন ও বেতন না দিলে তাহারা দুর্গতি বশতঃ প্রভুর প্রতি অত্যাচার করিতে পারে ও সেই অনর্থটিকে পণ্ডিতেরা বিষম অনর্থ বলেন। ম, স, ৫ অ। ৪৭—৪৯। বা, অ, ১০০স। ৩১-৩৩।

উদ্ধতা ইব সুগ্রীবা বিনতা বিহগা ইব।
পিণ্ডশীর্ষাঽতিবক্ত্রাশ্চ বৃষদংশমুখাস্তথা॥
উগ্রস্বরা মন্যুমন্তো যুদ্ধেষ্বারাবসারিণঃ।
অধর্ম্মজ্ঞাঽবলিপ্তাশ্চ ঘোরা রৌদ্রপ্রদর্শনাঃ॥
ত্যক্তাত্মানঃ সর্ব্ব এতে অন্ত্যজা হ্যনিবর্ত্তিনঃ।
পুরস্কার্য্যা সদা সৈন্যে হন্যন্তে ঘ্নন্তি চাপি যে। ম, শা, ১০১ অ। ৩—১৯।

৬৩। নিত্যমুদ্যতদণ্ডস্য কৃৎস্নমুদ্বিজতে জগৎ।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি দণ্ডেনৈব প্রসাধয়েৎ॥ মনু ৭ অ। ১০৩।

৬৪। কচ্চিদ্বলস্য তে মুখ্যাঃ সর্ব্বযুদ্ধবিশারদাঃ।
ধৃষ্টাবদাতা বিক্রান্তাস্ত্বয়া সৎকৃত্য মানিতাঃ॥

৬৫। রাজা সৈনিকদিগকে সদ্ব্যবহারে এমন সন্তুষ্ট রাখিবেন যে সদ্বংশ ও অনুরক্ত প্রধান প্রধান লোকসকল রাজার হিতের নিমিত্ত সর্ব্বদা প্রফুল্লমনে যুদ্ধে প্রাণ পরিত্যাগ করিতেও যেন প্রস্তুত হয়। স, স, ৫ অ। ৫০। বা, অ, ১০০স। ৩৪।

৬৬। যাহার সেনা সকল সুসন্তুষ্ট, সান্ত্বিত এবং পর বঞ্চনায় নিষ্ঠান্বিত, সেই পার্থিবই অল্প সৈন্য দ্বারা পৃথিবী জয় করিতে পারেন। ম, শা, ৯৪ অ। ৪।

৬৭। সৈন্য সামান্য হইলেও যদি তাহারা অনুরক্ত, অভিপ্রেত ও হর্ষান্বিত হয়, তবে জগৎপতি পৃথ্বীপাল তদ্দ্বারাই মহীমণ্ডল জয় করিতে পারেন। ম, শা, ১৩১ অ। ১১।

কচ্চিদ্বলস্য ভক্তঞ্চ বেতনঞ্চ যথোচিতম্।
সংপ্রাপ্ত কালে দাতব্যং দদাসি ন বিকর্ষসি॥
কালাতিক্রমণাদেতে ভক্ত বেতনয়োর্ভৃতাঃ।
ভর্ত্তুঃ কুর্ব্বন্তি দৌর্গত্যাৎ সোঽনর্থঃ সুমহান্ স্মৃতঃ॥

ম, স, ৫ অ। ৪৭—৪৯। বা, অ ১০০ স। ৩১—৩৩।

৬৫। কচ্চিৎ সর্ব্বেঽনুরক্তাস্তাং কুলপুত্রাঃ প্রধানতঃ।
কচ্চিৎ প্রাণাংস্তবার্থেষু সংত্যজন্তি সদা যুধি॥

ম, স, ৫ অ। ৫০। বা, অ, ১০০ স। ৩৪।

৬৬। যস্য যোধাঃ সুসন্তুষ্টাঃ সান্ত্বিতাঃ সুপধাস্থিতাঃ।
অল্পেনাপি স দণ্ডেন মহীং জয়তি পার্থিবঃ॥ ম, শা, ৯৪ অ। ৪।

৬৭। অনুরক্তেন চেষ্টেন হৃষ্টেন জগতীপতিঃ।
অল্পেনাপি হি সৈন্যেন মহীং জয়তি ভূমিপঃ॥ ম, শা, ১৩১ অ। ১১।

৬৮। যাঁহার লোক-রঞ্জক কোন গুণ নাই, যিনি যুদ্ধে বৃথা লোকক্ষয় করিয়া থাকেন, তাদৃশ নরপতিকে সেনাগণ ভয়ে পরিত্যাগ করিয়া থাকে। রা, ল, ১২৪ স। ৯।

৬৯। যে সকল সৈন্য অবস্থান-যুদ্ধ ও আক্রমণ-যুদ্ধে কুশল, যাহারা নির্ভীক এবং কদাপি রণস্থান পরিত্যাগ করে না, এই প্রকার কৃতসংজ্ঞ, আপ্ত সৈন্যগুল্মকে রাজা যুদ্ধক্ষেত্রের চতুর্দ্দিকে সন্নিবেশিত রাখিবেন। মনু, ৭ অ। ১৯০।

৭০। যাহারা পরকীয় সৈন্য ভেদ করিয়া স্বায় সৈন্য সংস্থাপন করিবে, নৃপতি তাহাদিগকে আপনার সমান পান-ভোজন প্রদান করিবেন এবং তাঁহাদিগের দ্বিগুণ বেতন করিয়া দিবেন। যাঁহারা দশাধিপতি তাঁহাদিকে শতাধিপতি এবং শতাধিপতিকে সহস্রাধিপতি করিয়া অতন্দ্রিত ভাবে রক্ষা করিবেন। ম, শা, ১০০ অ। ৩০-৩১।

(যুদ্ধে দূত ব্যবহার।)

৭১। বিদ্বান্, সরলচিত্ত, প্রত্যুৎপন্নমতি, যথোক্তবাদী, বিচক্ষণ,

---

৬৮। হীনং রতিগুণৈঃ সর্ব্বৈরভিহন্তারমাহবে।
সেনা ত্যজন্তি সংবিগ্না নৃপতিং তং নরেশ্বর॥ রা, ল, ১২৪। ৯।

৬৯। গুল্মাংশ্চ স্থাপয়েদাপ্তান্ কৃতসংজ্ঞান্ সমন্ততঃ।
স্থানে যুদ্ধে চ কুশলানভীরূনবিকারিণঃ॥ মনু ৭ অ। ১৯০।

৭০। অনীকং যে বিভিন্দন্তি ভিন্নং সংস্থাপয়ন্তি চ।
সমানাশনপানাস্তে কার্য্যা দ্বিগুণবেতনাঃ॥
দশাধিপতয়ঃ কার্য্যাঃ শতাধিপতয়স্তথা।
ততঃ সহস্রাধিপতিং কুর্য্যাচ্ছূরমতন্দ্রিতম্॥ ম, শা, ১০০ অ। ৩০—৩১।

৭১। কচ্চিজ্জানপদোবিদ্বান্ দক্ষিণঃ প্রতিভানিভান্।
যথোক্তবাদী দূতস্তে কৃতো ভরত পণ্ডিতঃ॥ মা, অ, ১০০ স। ৩৫।

জনপদবাসী কোন ব্যক্তিকে দৌত্যকার্য্যে নিযুক্ত করা রাজার কর্ত্তব্য। বা, অ, ১০০ স। ৩৫।

৭২। যে ব্যক্তি কুলীন, কুল-সম্পন্ন, বাগ্মী, দক্ষ, প্রিয়ংবদ, যথোক্তবাদী ও স্মৃতিমান্ সেই ব্যক্তিই দূত হইবে এবং তাহাতে এই সাতটী গুণ বিদ্যমান্ থাকিবে। প্রতীহার অর্থাৎ দ্বারপাল এবং শিরোরক্ষক অর্থাৎ দুর্গ ও নগররক্ষকেরও ঐ সাতটী গুণ থাকিবে। ম, শা, ৮৫ অ। ২৮-২৯।

৭৩। যিনি মুখরাগাদি বাহ্যচিহ্ন-দর্শনে মনের ভাব বুঝিতে সমর্থ, যিনি সদ্বংশজাত, ইঙ্গিতজ্ঞ, সর্ব্বশাস্ত্রবিশারদ এবং যাঁহার হস্ত বা অন্তঃকরণ কদাচিৎ পরপ্রদত্ত উৎকোচ বা অসৎ পরামর্শে দূষিত না হয়, রাজার এইরূপ দূত নিযুক্ত করা আবশ্যক। মনু, ৭ অ। ৬৩।

৭৪। সর্ব্বজনপ্রিয়, কার্য্য-সুচতুর, দেশকালাভিজ্ঞ, বিশুদ্ধ-স্বভাব, সুশ্রী, বিগতভয়, বাগ্মী এবং সুতীক্ষ্ণ-স্মরণশক্তি-বিশিষ্ট এরূপ রাজদূত প্রশংসা-পাত্র হইয়া থাকেন। মনু, ৭ অ। ৬৪।

৭২ কুলীনঃ কুলসম্পন্নো বাগ্মী দক্ষঃ প্রিয়ম্বদঃ।
যথোক্তবাদী স্মৃতিমান্ দূতঃ স্যাৎ সপ্তভির্গুণৈঃ॥
এতৈরেব গুণৈর্যুক্তঃ প্রতীহারোঽস্য রক্ষিতা।
শিরোরক্ষশ্চ ভবতি গুণৈরেতৈঃ সমন্বিতঃ॥ ম, শা, ৮৫ অ। ২৮—২৯।

৭৩। দূতঞ্চৈব প্রকুর্ব্বীত সর্ব্বশাস্ত্রবিশারদম্।
ইঙ্গিতাকারচেষ্টজ্ঞং শুচিং দক্ষং কুলোদ্গতম্॥ মনু ৭ অ। ৬৩।

৭৪। অনুরক্তঃ শুচির্দক্ষঃ স্মৃতিমান্ দেশকালবিৎ।
বপুষ্মান্ বীতভীর্ব্বাগ্মী দূতো রাজ্ঞঃ প্রশস্যতে॥ মনু ৭ অ। ৬৪।

৭৫। দূতই কেবল মিত্র ভাবাপন্ন নৃপতিদ্বয়ের মধ্যে ভেদ সংঘটন এবং শত্রুভাবাপন্ন রাজাদের মধ্যে সন্ধি স্থাপনে সমর্থ; কারণ দূতই পর রাজ্যে উপস্থিত হইয়া এরূপ কার্য্যানুষ্ঠান করে, যদ্দ্বারা উভয় রাজ্যের ভেদ বা মিলন সংসাধিত হয়। শত্রু রাজার আকার ইঙ্গিত দ্বারা অভিপ্রায় বুঝিবে এবং ক্ষুব্ধ, লুব্ধ বা অপমানিত ভৃত্যবর্গের উপরই বা তাঁহার অভিপ্রায় কিরূপ তাহাও দূতের বিশেষরূপে অবগত হওয়া উচিত। মনু, ৭ অ। ৬৬-৬৭।

৭৬। সন্ধি-বিগ্রহ ব্যাপার দূতায়ত্ত হওয়া উচিত। মনু ৭ অ। ৬৫।

৭৭। শত্রুরাজার মনোগত অভিপ্রায় সকল নিজ উপযুক্ত দূতদ্বারা তত্ত্বতঃ অবগত হইয়া, রাজা এত অধিক সতর্কতার সহিত অবস্থান করিবেন. যাহাতে কোনক্রমে কোন উৎপাত তাঁহার উপরে আপতিত না হয়। মনু, ৭ অ। ৬৮।

৭৮। যে সকল কার্য্য শীঘ্রই সুসিদ্ধ হইবে, তাহাও অবিমৃষ্যকারী দূত কর্ত্তৃক অনুচিত দেশ ও অনুচিত কালে প্রয়োজিত হইয়া সূর্য্যসমাগমে

৭৫। দূত এব হি সন্ধত্তে ভিনত্ত্যেব চ সংহতান্।
দূতস্তৎ কুরুতে কর্ম্ম ভিদ্যন্তে যেন মানবাঃ॥
স বিদ্যাদস্য কৃত্যেষু নিগূঢ়েঙ্গিত চেষ্টিতৈঃ।
আকারমিঙ্গিতং চেষ্টাং ভৃত্যেষু চ চিকীর্ষিতম্॥ মনু ৭ অ। ৬৬—৬৭।

৭৬। "দূতে সন্ধিবিপর্য্যয়ৌ॥" মনু, ৭ অ। ৬৫।

৭৭। বুদ্ধা চ সর্ব্বং তত্ত্বেন পররাজচিকীর্ষিতম্।
তথা প্রযত্নমাতিষ্ঠেদ্যথাত্মানং ন পীড়য়েৎ॥ মনু ৭ অ। ৬৮।

৭৮। বিক্লবং দূতমাসাদ্য তমঃ সূর্য্যোদয়ে যথা॥"
অর্থানর্থান্তরে বুদ্ধির্নিশ্চিতাপি ন শোভতে।
ঘাতয়ন্তি হি কার্য্যাণি দূতাঃ পণ্ডিতমানিঃ॥ বা, সু. ৩০ স। ৩৭—৩৮

অন্ধকারের ন্যায় বিনষ্ট হয়। এমন কি রাজা মন্ত্রীর সহিত বিবেচনা করিয়া কর্ত্তব্যাকর্ত্তব্যের অবধারণপূর্ব্বক যাহা মন্ত্রণা করেন, তাহাও অবিমৃষ্যকারী দূতের নিকট নিষ্ফল হয়, কারণ বাস্তবিক অবিজ্ঞ অথচ পণ্ডিতাভিমানী দূতগণ এমন সকল স্থলে কার্য্যই নষ্ট করিয়া থাকে। বা, সু, ৩০ স। ৩৭—৩৮।

৭৯। যাঁহারা কার্য্যের উৎকর্ষ বা অপকর্ষের বিষয় অবগত আছেন, সেই সাধু-স্বভাব বসুধাধিপতিগণ কখন দূতকে বিনষ্ট করেন না। বা, সু, ৫২স। ৫।

৮০। "দূত বধ্য" সাধুগণ এ কথা কখনই বলেন না; বরং দূতের বহুবিধ দণ্ডই দৃষ্ট হইয়া থাকে। অঙ্গ-বিরূপ, মস্তকমুণ্ডন, কশাঘাত অথবা চিহ্ন-অর্পণ, দূতের প্রতি এই সকল দণ্ডই বিধান হইয়া থাকে। পরন্তু, দূতের বধদর্শন করা দূরে থাকুক, আমরা এমন কথা কখন শুনিও নাই। বা, সু, ৫২ স। ১৪-১৫।

৮১। দূত সর্ব্ব সময়েই অবধ্য, এই কথা সাধুগণ সর্ব্বত্র সংকীর্ত্তন করিয়া থাকেন। বা, সু, ৫২ স। ১৩।

৮২। দূত সাধু হউক আর অসাধুই হউক, কিন্তু পরের আদেশে

৭৯। "বধং ন কুর্ব্বন্তি পরাবরজ্ঞাঃ, দূতং সন্তো বসুধাধিপেন্দ্রাঃ॥" বা, সু, ৫২স। ৫।

৮০। "ন দূতবধ্যাং প্রবদন্তি সন্তো, দূতস্য দৃষ্টা বহবো হি দণ্ডাঃ॥"
বৈরূপ্যমঙ্গেষু কশাভিঘাতো, মৌণ্ড্যং তথা লক্ষণসন্নিপাতঃ।
এতান্ হি দূতে প্রবদন্তি দণ্ডান্, বধস্তু দূতস্য ন নঃ শ্রুতোঽস্তি॥
বা, সু, ৫২ স। ১৪—১৫।

৮১। "দূতা ন বধ্যাঃ সময়েষু রাজন্, সর্ব্বেষু সর্ব্বত্র বদন্তি সন্তঃ॥"
বা, সু, ৫২ স। ১৩।

৮২। সাধুর্বা যদি বাসাধুঃ পরৈরেষঃ সমর্পিতঃ।
ব্রুবন্ পরার্থং পরবান্ ন দূতো বধমর্হতি॥ বা, সু, ৫২ স। ১৯।

আসিয়া পরেরই কথা কহে, দূত পরাধীন সুতরাং দূত কখন বধভাগী হইতে পারে না। বা, সু, ৫২ স। ১৯।

৮৩। নৃপতি কোন আপদেই দূতকে কদাচ বধ করিবেন না, কেন না, দূতহন্তা নরপতি সচিবগণের সহিত নিরয়গামী হইয়া থাকেন। ক্ষত্রধর্ম্মনিরত যে নরপতি যথোক্তবাদী দূতকে বধ করেন, তাঁহার পিতৃলোক ভ্রূণহত্যার পাপভাগী হইয়া থাকেন। ম, শা, ৮৫ অ। ২৬-২৭।

(যুদ্ধে সারথ্য কার্য্য।)

৮৪। দেশ, কাল, রথীর লক্ষণ, ইঙ্গিত, দৈন্য, হর্ষ, খেদ, বল ও দৌর্ব্বল্য ; স্থান সকলের সমতা, বন্ধুরতা ও নিম্নতাদি ; যুদ্ধের অবসর এবং শত্রুর ছিদ্র-দর্শন সারথির অবশ্য কর্ত্তব্য। অপিচ কোন্ সময় রথ শত্রুর অভিমুখে সঞ্চালন করিতে হয়, কখন্ পরিবর্ত্তিত করিয়া পলায়ন করিতে হয়, কখন্ বা শত্রুর সম্মুখে থাকিতে হয়, কখন্ বা পার্শ্ব দিয়া রথ সঞ্চালন করিতে হয়, এই সমস্ত বিষয় সারথির বিশেষ করিয়া জানা উচিত। বা, ল, ১০৫ স। ১৮-২০।

৮৩। ন তু হন্যান্নৃপো জাতু দূতং কস্যাঞ্চিদাপদি।
দূতস্য হন্তা নিরয়মাবিশেৎ সচিবৈঃ সহ ॥
যথোক্তবাদিনং দূতং ক্ষত্রধর্ম্মরতো নৃপঃ।
যো হন্যাৎ পিতরস্তস্য ভ্রূণহত্যামবাপ্নুয়ুঃ ॥ ম, শা, ৮৫ অ। ২৬—২৭।

৮৪। দেশকালৌ চ বিজ্ঞেয়ৌ লক্ষণানীঙ্গিতানি চ।
দৈন্যং হর্ষশ্চ খেদশ্চ রথিনশ্চ বলাবলম্ ॥
স্থলনিম্নানি ভূমেশ্চ সমানি বিষমাণি চ।
যুদ্ধকালশ্চ বিজ্ঞেয়ঃ পরস্যান্তরদর্শনম্ ॥ বা, ল, ১০৫ স। ১৮—২০।

৮৫। সেনাপতির সারথি, অনুচর অথবা সহচর যে কোন ব্যক্তিকে বশীভূত করিয়া তাহাকর্ত্তৃক উক্ত-ক্রোধোদ্দীপক-বাক্য দ্বারা যুদ্ধকালে যাহাতে সেনাপতির ক্রোধোৎপত্তি হইয়া মতিভ্রম ও নষ্ট-তেজ হয়, নৃপতির তদ্বিষয়ে বিশেষ চেষ্টা করা উচিত। ম, উ, ৮অ (শল্যরাজ্যের মন্ত্রণা দেখ)।*

(যোদ্ধার বীরধর্ম্ম ও ব্যবহার।)

৮৬। শৌর্য্য-সম্পন্ন বীরেরা স্ব স্ব বীর্য্য স্মরণ করতঃ শত্রুগণের যুদ্ধ-বিষয়ক আহ্বানধ্বনি শ্রবণ করিয়া তাহা সহ্য করিতে পারে না ; বিশেষতঃ মহিলাগণের সমক্ষে তাহা কখনই সহ্য হয় না। বা, কি, ১৪ স। ১৯।

৮৭। যাঁহারা কখন শত্রু-কর্ত্তৃক ধর্ষিত বা যুদ্ধে নিবৃত্ত হন নাই, তাদৃশ শূরগণের শত্রুকৃত ধর্ষণা সহ্য করা মৃত্যু হইতেও সমধিক ক্লেশকর হয়। বা, কি, ১৬ স। ৩।

৮৮। রণস্থলে মহাপ্রভাবগণ কখনই নির্ল্লজ্জভাবে গর্জ্জনপূর্ব্বক স্বীয় দন্তরাজি বাহির করিয়া আত্মশ্লাঘা করেন না। বা, ল, ৫৯ স। ৯৫। †

৮৫। মহাভারত উদ্যোগ পর্ব্বের ৮ম অধ্যায়ে শল্যরাজের মন্ত্রণা ও ব্যবহার দেখ।

৮৬। রিপূণাং ধর্ষিতং শ্রুত্বা মর্ষয়ন্তি ন সংযুগে।
জানন্তস্তু স্বকং বীর্য্যং স্ত্রীসমক্ষং বিশেষতঃ॥ বা, কি, ১৪ স। ১৯।

৮৭। অধর্ষিতানাং শূরাণাং সমরেষ্বনিবর্ত্তিনাম্।
ধর্ষণামর্ষণং ভীরু মরণাদতিরিচ্যতে॥ বা, কি, ১৬ স। ৩।

৮৮। তমাহ সৌমিত্রিরবিস্ময়ানো, গর্জ্জন্তমুদ্বৃত্তশিতাগ্রদংষ্ট্রম্।
রাজন্ন গর্জ্জন্তি মহাপ্রভাবা, বিকত্থসে পাপকৃতাং বরিষ্ঠ॥ বা, ল, ৫৯ স। ৯৫।

* কুরুক্ষেত্র-যুদ্ধে কর্ণের সারথি শল্যরাজ এই উপায় প্রয়োগ করিয়াছিলেন।

† রাবণের সহিত যুদ্ধকালে লক্ষ্মণ রাবণকে বলিয়াছিলেন।

৮৯। ভীরুগণ বীরগণ কর্ত্তৃক ধিক্‌কৃত হইয়া জীবন ধারণ করে। অতএব ভয়পরিত্যাগপূর্ব্বক সৎপুরুষ-সেবিত রণমার্গের অনুসরণ করাই বীরগণের কর্ত্তব্য। বা, ল, ৬৬ স। ২৩।

৯০। একজনের সহিত যুদ্ধ করিতে করিতে পলায়ন করা কর্ত্তব্য নহে। বা, ল, ৫৯ স। ৭২।

৯১। যেমন প্রাণিগণ পর্জ্জন্য হইতে পয়ঃ প্রার্থনা করিয়া থাকে, তদ্রূপ ভয়শীল-ধার্ম্মিক-পুরুষ সকল সমরে শূরদিগের পশ্চাদ্‌ভাগে থাকিয়া শূরগণ হইতে স্বীয় শরীর-রক্ষার ইচ্ছা করেন। যদি শূরগণ ক্ষেমকালের ন্যায় ভয়কালে সেই পৃষ্ঠদেশস্থিত ভীরু-মানবগণকে রক্ষা করিয়া তাহাদিগকে কোনরূপে যুদ্ধাভিমুখ হইতে না দেন, তাহা হইলে তাঁহাদের সেই পুণ্য বিদ্যমান থাকে। আর যদি ভীরু-মানবেরা সমরে শূরগণকর্ত্তৃক রক্ষিত হইয়া সর্ব্বদা তাঁহাদিগকে নমস্কার করেন, তাহা হইলে, তাঁহাদের ন্যায্য কার্য্য করা হয়, নতুবা তাঁহাদের সেই ভয় বিদ্যমান থাকে। ম, শা, ৯৭অ। ১৫—১৭।

৮৯। ভীরোঃ প্রবাদাঃ শ্রূয়ন্তে যস্ত জীবতি ধিক্‌কৃতঃ।
মার্গঃ সৎপুরুষৈর্জ্জুষ্টঃ সেব্যতাং ত্যজ্যতাং ভয়ম্‌॥ বা, ল, ৬৬ স। ২৩।

৯০। "অন্যেন যুদ্ধমানস্য ন যুক্তমভিধাবনম্‌॥" বা, ল, ৫৯ স। ৭২।

৯১। পৃষ্ঠতো ভীরবঃ সংখ্যে বর্ত্তন্তে ধর্ম্মপুরুষাঃ।
শূরাচ্ছরণমিচ্ছন্তঃ পর্জ্জন্যাদিব জীবনম্‌॥
যদি শূরস্তথা ক্ষেমং প্রতিরক্ষেদ্‌যথাহভয়ে।
প্রতিরূপং জনং কুর্য্যান্ন চেত্তদ্বর্ত্ততে তথা॥
যদি তে কৃতমাজ্ঞায় নমস্কুর্য্যুঃ সদৈব তম্‌।
যুক্তং ন্যায্যং চ কুর্য্যুস্তে ন চ তদ্বর্ত্ততে তথা॥ ম, শা, ৯৭ অ। ১৫—১৭।

৯২। শূরবর ক্ষত্রিয় শয্যাগত হইয়া শ্লেষ ও মূত্র-পরিত্যাগপূর্ব্বক কৃপণ ভাবে রোদন করতঃ মৃত হইলে তাঁহার অধর্ম্ম হয়। যে ক্ষত্রিয় অবিক্ষত-শরীরে নিধন প্রাপ্ত হয়, পুরাবিৎ পণ্ডিতেরা তাহার সেই কার্য্যকে প্রশংসা করেন না। অতএব ক্ষত্রিয়দিগের গৃহমরণ প্রশস্ত নহে, যেহেতু শূরত্বাভিমানী পুরুষের শূরত্ব বিনষ্ট হইলে, তাহা অত্যন্ত অধর্ম্মকর ও নিন্দাকর হইয়া থাকে। আর "আমার এই দুঃখ হইয়াছে" "আমি অতিশয় কষ্ট পাইতেছি" "আমি পাপাত্মা" এই কথা লোকের নিকটে প্রকাশ করতঃ প্রতিহত-মুখ ও পূতিগন্ধ-যুক্ত হইয়া পুত্র প্রভৃতি অমাত্য-গণের শোচনীয় হইয়া থাকে। ম, শা, ৯৭ অ। ২৩-২৬।

৯৩। শূরত্ব-বিহীন ক্ষত্রিয়ই রোগাক্রান্ত হইয়া আরোগ্য-স্পৃহা করে এবং আরোগ্য না হইলে মুহুর্ম্মুহুঃ মৃত্যু ইচ্ছা করিয়া থাকে। পরন্তু বল-দর্পিত শূরত্বাভিমানী বীরবর ক্ষত্রিয় এতাদৃশ মৃত্যু আকাঙ্ক্ষা করেন না;

৯২। অধর্ম্মঃ ক্ষত্রিয়স্যৈষ যচ্ছয্যামরণং ভবেৎ।
বিসৃজন্ শ্লেষ্মমূত্রাণি কৃপণং পরিদেবয়ন্॥
অবিক্ষতেন দেহেন প্রলয়ং যোঽধিগচ্ছতি।
ক্ষত্রিয়ো নাস্য তৎকর্ম্ম প্রশংসন্তি পুরাবিদঃ॥
ন গৃহে মরণং তাত ক্ষত্রিয়াণাং প্রশস্যতে।
শৌটীরাণামশৌটীর্য্যমধর্ম্মং কৃপণঞ্চ তৎ॥
ইদং দুঃখং মহৎ কষ্টং পাপীয় ইতি নিষ্টনন্।
প্রতিধ্বস্তমুখঃ পূতিরমাত্যানমুশোচয়ন্॥ ম, শা, ৯৭ অ। ২৩—২৬।

৯৩। অরোগাণাং স্পৃহয়তে মুহুর্ম্মৃত্যুমপীচ্ছতি।
বীরো দৃপ্তোঽভিমানী চ নেদৃশং মৃত্যুমর্হতি॥
রণেষু কদনং কৃত্বা জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
তীক্ষ্ণৈঃ শস্ত্রৈরভিক্লিষ্টঃ ক্ষত্রিয়ো মৃত্যুমর্হতি॥

প্রত্যুত তাঁহারা পরিবারবর্গে পরিবৃত হইয়া সমরে সংগ্রাম করতঃ শাণিত অস্ত্র দ্বারা আহত হইয়া মৃত্যুলাভ করিয়া থাকেন। শূরপুরুষ কাম ও ক্রোধাবিষ্ট হইয়া অতিশয় যুদ্ধ করতঃ শত্রু-শর-দ্বারা গাত্র সকল আহত হইলেও তাহা আহত বলিয়া বোধ করেন না। সেই শূর ক্ষত্রিয় সমরে স্বধর্ম্মার্জ্জিত-বিপুল-লোক পূজিত প্রশস্ত নিধন লাভ করিয়া শক্রের সলোকতা প্রাপ্ত হন। যে শূর ত্যক্ত-জীবিত হইয়া সর্ব্বপ্রকার উপায়সহকারে রণমুখে অবস্থান করতঃ পৃষ্ঠ প্রদর্শন না করেন অর্থাৎ পরাঙ্মুখ না হন, তিনি ইন্দ্রের সালোক্য লাভ করিয়া থাকেন। ফলতঃ শূরবর ক্ষত্রিয় শত্রু-দ্বারা পরিবারিত ও হত হইয়া যদি দীনভাবাপন্ন না হন, তাহা হইলে তিনি অক্ষয় লোক লাভ করেন। ম, শা। ৯৭ অ। ২৭-৩২।

৯৪। জয়কেই ধর্ম্ম ও সকল প্রকার সুখের মূল বলিয়া জানিবে, যে হেতু জয়লাভ না হইলে, শূরগণও ভীরুদিগের ন্যায় পরম গ্লানি প্রাপ্ত

শূরো হি কামমন্যুভ্যামাবিষ্টো যুধ্যতে ভৃশম্।
হন্যমানানি গাত্রাণি পরৈর্নৈবাববুধ্যতে॥
স সংখ্যে নিধনং প্রাপ্য প্রশস্তং লোকপূজিতম্।
স্বধর্ম্মং বিপুলং প্রাপ্য শক্রস্যৈতি সলোকতাম্॥
সর্ব্বোপায়ৈ রণমুখমাতিষ্ঠংস্ত্যক্তজীবিতঃ।
প্রাপ্নোতীন্দ্রস্য সালোক্যং শূরঃ পৃষ্ঠমদর্শয়ন্॥
যত্র যত্র হতঃ শূরঃ শত্রুভিঃ পরিবারিতঃ।
অক্ষয়ান্ লভতে লোকান্ যদি দৈন্যং ন সেবতে॥ ম, শা, ৯৭ অ। ২৭—৩২।

৯৪। জয়ং জানীত ধর্ম্মস্য মূলং সর্ব্বসুখস্য চ।
যা ভীরূণাং পরা গ্লানিঃ শূরস্তামধিগচ্ছতি॥
তে বয়ং স্বর্গমিচ্ছন্তঃ সংগ্রামে ত্যক্তজীবিতাঃ।
জয়ন্তো বধ্যমানা বা প্রাপ্নুয়াম চ সদ্গতিম্॥
এবং সংশপ্তশপথাঃ সমভিত্যক্তজীবিতাঃ।
অমিত্রবাহিনীং বীরাঃ প্রতিগাহন্ত্যভীরবঃ॥ ম, শা, ১০০ অ। ৪০—৪২।

হইয়া থাকেন। "আমরা স্বর্গকামনায় সমরে জীবিতাশা-পরিত্যাগপূর্ব্বক জয়ী বা বধ্যমান হইয়া মহৎ গতি লাভ করিব" এই প্রকার শপথকরতঃ যে বীরগণ জীবিতাশা পরিত্যাগপূর্ব্বক সমরে শক্রসৈন্য সংহার করে, তাহারাই অভীরু বলিয়া বিখ্যাত হইয়া থাকেন। ম, শা, ১০০ অ। ৪০-৪২।

৯৫। পরস্পর-পরিচিত, হৃষ্ট, ত্যক্ত-জীবিত, সুনিশ্চিত, পঞ্চাশৎ শূরপুরুষ সমরে বহুসংখ্যক শক্র-সৈন্য বিমর্দ্দিত করিতে সমর্থ হয়। এমন কি সমরে কৃতনিশ্চয়, সৎকুল-সমুদ্ভূত, সম্মানিত পঞ্চ, যটু বা সপ্ত জন শূর-পুরুষ একত্র হইয়া যুদ্ধ করিলে অনায়াসে বহুল শক্র-সৈন্য জয় করিতে পারে। ম, শা, ১০২ অ। ২০—২১।

৯৬। রাজকুল ও গণ অর্থাৎ শূরকুল, এই উভয় কুল বৈর-সন্দীপক এবং লোভ ও অমর্ষের বশতাপন্ন। রাজা লোভ-প্রার্থনা করিলে, শূরগণ অমর্ষ-প্রার্থনা করে, সুতরাং উভয়কুল ক্ষয় ও ব্যয়-সংযুক্ত হইয়া পরস্পর

৯৫। পরস্পরজ্ঞাঃ সংহৃষ্টাস্ত্যক্তপ্রাণাঃ সুনিশ্চিতাঃ।
অপি পঞ্চাশতং শূরা নিঘ্নন্তি পরবাহিনীম্॥
অপি বা পঞ্চষট্ সপ্ত সংহতাঃ কৃতনিশ্চয়াঃ।
কুলীনাঃ পূজিতাঃ সম্যগ্বিজয়ন্তীহ শাত্রবান্॥ ম, শা, ১০২ অ। ২০—২১।

৯৬। গণানাঞ্চ কুলানাঞ্চ রাজ্ঞাং ভরতসত্তম।
বৈরসন্দীপনাবেতৌ লোভামর্ষৌ নরাধিপ॥
লোভমেকো হি বৃণুতে ততোঽমর্ষমনন্তরম্।
তৌ ক্ষয়ব্যয়সংযুক্তাবন্যোন্যং চ বিনাশিনৌ।
চারমন্ত্রবলাদানৈঃ সামদানবিভেদনৈঃ।
ক্ষয়ব্যয়ভয়োপায়ৈঃ প্রকর্ষন্তীতরেতরম্॥
তত্রাদানেন ভিদ্যন্তে গণাঃ সঙ্ঘাত বৃত্তয়ঃ।
ভিন্না বিমনসঃ সর্ব্বে গচ্ছন্ত্যরিবশং ভয়াৎ॥

পরস্পরের বিনাশক হয়। তাহারা চার, মন্ত্র, বল, আদান, সাম, দান, ভেদ, ক্ষয়, ব্যয় এবং ভয় প্রভৃতি এই সকল উপায় দ্বারা পরস্পর পরস্পরকে আকর্ষণ করিয়া থাকে। তন্মধ্যে এক মতানুসারী শূরগণের আদান-দ্বারা ভেদ হয়, তাহারা ভিন্ন হইলেই পরস্পর চিত্তের অনৈক্য-বশতঃ সকলে ভীত হইয়া অরিকুলের বশবর্ত্তী হইয়া থাকে। যখন শূরগণ বিভিন্ন হইলেই বিনষ্ট এবং শত্রুগণ কর্ত্তৃক পরাজিত হয়, তখন তাহাদের সর্ব্বদা এক মতে থাকিতে সম্পূর্ণরূপে যত্ন করা কর্ত্তব্য। শূরগণের বল এবং পৌরুষ একযোগে থাকিলে, তাহারা অর্থলাভে সমর্থ হইতে পারে, এমন কি, তাহাদের বৃত্তি একরূপ হইলে, ভিন্ন মতাবলম্বী শূরগণও তাহাদের সহিত মৈত্রী-বন্ধন করে। যে শূরগণ পরস্পর শুশ্রূষা করে, জ্ঞানবৃদ্ধ মনীষিগণ তাহাদিগকেই প্রশংসা করিয়া থাকেন ; কেননা, তাহাদিগের অভিসন্ধি পৃথক্ না হইলেই তাহারা সম্পূর্ণরূপে সুখভোগ করিতে পারে। যে শূরগণ ধর্ম্ম-ব্যবহারসকল শাস্ত্রানুসারে সংস্থাপন করতঃ

ভেদে গণা বিনশ্যুর্হি ভিন্নাস্তু সুজয়াঃ পরৈঃ।
তস্মাৎ সঙ্ঘাত যোগেন প্রযতেরন্ গণাঃ সদা॥
অর্থাশ্চৈবাধিগম্যন্তে সঙ্ঘাতবলপৌরুষৈঃ।
বাহ্যাশ্চ মৈত্রীং কুর্ব্বন্তি তেষু সঙ্ঘাতবৃত্তিষু॥
জ্ঞানবৃদ্ধাঃ প্রশংসন্তি শুশ্রূষন্তঃ পরস্পরম্।
বিনিবৃত্তাভিসন্ধানাঃ সুখমেধন্তি সর্ব্বশঃ॥
ধর্ম্মিষ্ঠান্ ব্যবহারাংশ্চ স্থাপয়ন্তশ্চ শাস্ত্রতঃ।
যথাবৎ প্রতিপশ্যন্তো বিবর্দ্ধন্তে গণোত্তমাঃ॥
পুত্রান্ ভ্রাতৄন্নিগৃহ্নন্তো বিনয়ন্তশ্চ তান্ সদা।
বিনীতাংশ্চ প্রগৃহ্নন্তো বিবর্দ্ধন্তে গণোত্তমাঃ॥
চারমন্ত্র বিধানেষু কোশসন্নিচয়েষু চ।
নিত্যযুক্তা মহাবাহো বর্দ্ধন্তে সর্ব্বতো গণাঃ॥

তাহার প্রতি যথাবৎ দৃষ্টি রাখে তাহারা গণমধ্যে উৎকৃষ্ট হইয়া বৰ্দ্ধিত হইতে থাকে। শূরগণ পুত্র ও ভ্রাতাদিগকে সৰ্ব্বদা যুদ্ধকাৰ্য্যে বিশেষ-রূপে শিক্ষা দিয়া সেই শিক্ষিত পুত্র এবং ভ্রাতৃগণকে গ্রহণ করিলে, তাহারা সৰ্ব্বগুণে বৰ্দ্ধিত হইয়া থাকে। যে সকল শূর চার, মন্ত্রবিধান এবং কোষসমূহে নিত্য নিরত থাকে, তাহারাই সৰ্ব্বতোভাবে বৰ্দ্ধিত হয়। যে সমস্ত শূর প্রাজ্ঞ, মহান্ উৎসাহ-সম্পন্ন এবং কৰ্ম্মে স্থিরপৌরুষ শূর-গণকে সম্মানিত করে, তাহারা বৰ্দ্ধিত হইয়া থাকে। যে সমস্ত শূর দ্রব্যবান্, শাস্ত্রজ্ঞ ও শস্ত্র-পারগ তাহারা কষ্টকর-ঘোরতর আপদে বিমো-হিত মানবগণকে পরিত্রাণ করিয়া থাকে। ক্রোধ, ভেদ, ভয়, দণ্ড, কর্ষণ, নিগ্রহ এবং বধ এই সমস্ত শূরগণকে সদ্যঃ শত্রুর বশতাপন্ন করিয়া থাকে। অতএব গণমুখ্য প্রধান শূরগণকে বিশেষ করিয়া সম্মাননা করা কৰ্ত্তব্য। কেননা সমুদায় লোকযাত্রাই সেই শূরগণের সম্যক্‌রূপে আয়ত্ত হইয়া থাকে। ম, শা, ১০৭ অ। ১০—২৩।

৯৭। যাহারা গণমধ্যে প্রধান, তাহারা সকলের সহিত মিলিত হইয়া গোপনে গণের হিত করিয়া থাকে; পরন্তু গণ পৃথক্, ভিন্ন ও

প্রাজ্ঞান্ শূরান্ মহোৎসাহান্ কৰ্ম্মসু স্থিরপৌরুষান্।
মানয়ন্তঃ সদা যুক্তা বিবৰ্দ্ধন্তে গণা নৃপ॥
দ্রব্যবন্তশ্চ শূরাশ্চ শস্ত্রজ্ঞাঃ শাস্ত্রপারগাঃ।
কৃচ্ছ্রাস্বাপৎসু সম্মূঢ়ান্ গণাঃ সন্তারয়ন্তি তে॥
ক্রোধো ভেদো ভয়ং দণ্ডঃ কর্ষণং নিগ্রহো বধঃ।
নয়ত্যরিবশং সদ্যো গণান্ ভরতসত্তম॥
তস্মান্মানয়িতব্যাস্তে গণমুখ্যাঃ প্রধানতঃ।
লোকযাত্রা সমায়ত্তা ভূয়সী তেষু পার্থিব॥ ম, শা, ১০৭ অ। ১০—২৩।

৯৭। গণমুখ্যৈস্তু সম্ভূয় কাৰ্য্যং গণহিতং মিথঃ।
পৃথগ্‌গণস্য ভিন্নস্য বিততস্য ততোঽন্যথা॥

বিতত হইলে তাহার বিপরীত হয়। এমন কি, স্বীয় শক্তির অনুষ্ঠান-কারিগণের ভেদ হইলে অর্থ সকল অবসন্ন এবং অনর্থ প্রাদুর্ভূত হইয়া থাকে। অতএব কুল-বৃদ্ধ পণ্ডিতগণ প্রধানগণের নিকট হইতে নিকৃষ্ট গণকে সত্বর দূরীভূত করিবেন,তাহারা উপেক্ষিত হইলে নিয়ত কুলে কলহ করে এবং গণ-ভেদের হেতুভূত হইয়া গোত্রনাশ করিয়া থাকে। ম, শা, ১০৭ অ। ২৫—২৮।

৯৮। মহীপতি শত্রুকর্ত্তৃক হত হইয়া, হয় স্বর্গে গমন করেন, অথবা শত্রুকে নিহত করিয়া ধরাতলে বাস করিতে পারেন। যিনি যুদ্ধে প্রাণ পরিত্যাগ করেন, তিনি ইন্দ্রলোক প্রাপ্ত হন। ম, শা, ১৩১অ। ১২।

৯৯। শূরগণের বাহুতে এই লোক সর্ব্বদা পুত্রের ন্যায় অবলম্বিত থাকে, সুতরাং সকল অবস্থাতেই শূরগণ সম্মানভাজন হইয়া থাকেন। ত্রিলোকমধ্যে শৌর্য্যাপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই; যেহেতু শূরপুরুষ সকলকেই পালন করিয়া থাকেন এবং শূরপুরুষেই সকল প্রতিষ্ঠিত আছে। ম, শা, ৯৯ অ। ১৭—১৮।

অর্থাঃ প্রত্যবসীদন্তি তথাঽনর্থা ভবন্তি চ।
তেষামন্যোন্যভিন্নানাং স্বশক্তিমনুতিষ্ঠতাম্॥
নিগ্রহঃ পণ্ডিতৈঃ কার্য্যঃ ক্ষিপ্রমেব প্রধানতঃ।
কুলেষু কলহাজাতাঃ কুলবৃদ্ধৈরুপেক্ষিতাঃ॥
"গোত্রস্য নাশং কুর্ব্বন্তি গণভেদস্য কারকম্।" ম, শা, ১০৭ অ॥ ২৫—২৮।

৯৮। হতো বা দিবমারোহেদ্ধত্বা বা ক্ষিতিমাবসেৎ।
যুদ্ধে হি সন্ত্যজন্ প্রাণান্ শক্রস্যৈতি সলোকতাম্॥ ম, শা, ১৩১ অ। ১২।

৯৯। শূরবাহুষু লোকোঽয়ং লম্বতে পুত্রবৎ সদা।
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু শূরঃ সম্মানমর্হতি।
ন হি শৌর্য্যাৎ পরং কিঞ্চিত্রিষু লোকেষু বিদ্যতে।
শূরঃ সর্ব্বং পালয়তি সর্ব্বং শূরে প্রতিষ্ঠিতম্॥ ম, শা, ৯৯ অ। ১৭—১৮।

(যুদ্ধে ভীরুর ব্যবহার ও কর্ম্মফল।)

১০০। ভীরুগণ সমানপৃষ্ঠ, সমানোদর, সমানপাণি ও সমানপাদ হইলেও পরাভব প্রাপ্ত হইয়া থাকে; অতএব ভয়ার্ত্তপুরুষ সকল প্রণিপাতপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া শূরগণের উপাসনা করিবে। ম, শা, ৯৯অ।১৬।

১০১। সমরে তুল্যবল পুরুষদিগেরও মহৎ অন্তর দেখিতে পাওয়া যায়, যেহেতু সেনা সকলের সংঘটনকালে যে পুরুষ উৎকট হইয়া উঠে, তাহার অভিমুখে কেহই গমন করিতে সক্ষম হয় না। সেই বিষম সমরে শূরপুরুষই স্বর্গীয়পথ অবলম্বনপূর্ব্বক শত্রু সকলের অভিমুখীন হইয়া স্বীয় শরীর পরিত্যাগ করিয়া থাকেন; পরন্তু ভীরুমানব তৎকালে সহায় সকলকেও পরিত্যাগপূর্ব্বক পলায়ন করিয়া থাকে। যাহারা সমরে সহায় সকলকে পরিত্যাগ করিয়া আপন মঙ্গল লাভ করতঃ গৃহে পলায়ন

১০০। সমানপৃষ্ঠোদরপাণিপাদাঃ, পরাভবং ভীরবো বৈ ব্রজন্তি।
অতো ভয়ার্ত্তাঃ প্রণিপত্যভূয়ঃ, কৃত্বাঞ্জলীমুপতিষ্ঠন্তি শূরান্॥
ম, শা, ৯৯ অ। ১৬।

১০১। পুরুষাণাং সমানানাং দৃশ্যতে মহদন্তরম্।
সংগ্রামেঽনীকবেলায়ামুৎকৃষ্টেঽভিপতন্ত্যত॥
পতত্যভিমুখঃ শূরঃ পরান্ ভীরুঃ পলায়তে।
আস্থায় স্বর্গ্যমধ্বানং সহায়ান্ বিষমে ত্যজেৎ॥
মাস্ম তাংস্তাদৃশাংস্তাত জনিষ্ঠাঃ পুরুষাধমান্।
যে সহায়ান্ রণে হিত্বা স্বস্তিমন্তো গৃহান্ যযুঃ॥
অস্বস্তি তেভ্যঃ কুর্ব্বন্তি দেবা ইন্দ্রপুরোগমাঃ।
ত্যাগেন যঃ সহায়ানাং স্বান্ প্রাণাংস্ত্রাতুমিচ্ছতি॥
তং হন্যুঃকাষ্ঠলোষ্ট্রৈর্ব্বাদহেয়ুর্ব্বাকটাগ্নিনা।
পশুবন্মারয়েয়ুর্ব্বা ক্ষত্রিয়া যে স্যুরীদৃশাঃ॥ ম, শা, ৯৭ অ। ১৮—২২।

করে, তুমি তাদৃশ পুরুষাধম মানবদিগকে উৎপাদন করিও না। যাহারা সহায় পরিত্যাগ করিয়া স্বীয় প্রাণরক্ষার অভিলাষ করে, ইন্দ্রাদি দেবগণ তাহাদের অমঙ্গল করিয়া থাকেন। অতএব শূরবর ক্ষত্রিয়গণ তাদৃশ পুরুষাধমকে কাষ্ঠ বা লোষ্ট্র দ্বারা নিহত করিবেন, অথবা কটাগ্নি (শ্মশানাগ্নি অথবা তৃণময়টাটী বদ্ধ) দ্বারা দগ্ধ করিবেন, কিংবা পশুমারণের ন্যায় মারিয়া ফেলিবেন। ম, শা, ৯৭ অ। ১৮—২২।

১০২। যে পুরুষ সংগ্রাম হইতে পলায়ন করে, তাহার অর্থনাশ, বধ ও অকীর্ত্তি হয় এবং সে লোক নিকটে অমনোজ্ঞ ও অসুখকর বাক্য শ্রবণ করিয়া থাকে। ম, শা, ১০০ অ। ৩৫।

১০৩। যে সকল পুরুষ সমরে পরাঙ্মুখ হয়, তাহারা অপকৃষ্ট মনুষ্য মধ্যে পরিগণিত হইয়া থাকে, প্রত্যুত তাদৃশ পুরুষেরা রাশি-বর্দ্ধন মাত্র, ইহলোকে বা পরলোকে তাহারা সুখভাগী হয় না। ম, শা, ১০০ অ। ৩৭।

১০৪। পলায়মানা মহতী চমূ জলবেগ এবং মহামৃগের ন্যায় দুর্নিবার্য্য। রুরু-জঙ্ঘা-সদৃশ-উদার সার-সমন্বিত ভগ্নশীলা-মহতী-চমূ বিদুষী হইলেও

১০২। অর্থনাশো বধোঽকীর্ত্তিরযশশ্চ পলায়নে।
অমনোজ্ঞাঽসুখাবাচঃ পুরুষস্য পলায়নে॥ ম, শা, ১০০ অ। ৩৫।

১০৩। মনুষ্যাপসদা হ্যেতে যে ভবন্তি পরাঙ্মুখাঃ।
রাশিবর্দ্ধনমাত্রাস্তে নৈব তে প্রেত্য নো ইহ॥ ম, শা, ১০০ অ। ৩৭।

১০৪। অপামিবমহাবেগস্ত্রস্তা ইব মহামৃগাঃ।
দুর্নিবার্য্যতমা চৈব প্রভগ্না মহতী চমূঃ॥
ভগ্না ইত্যেব ভজ্যন্তে বিদ্বাংসোঽপি ন কারণম্।
উদারসারা মহতী রুরুজঙ্ঘোপমা চমূঃ॥ ম, শা, ১০২ অ। ১৮—১৯।

রণভঙ্গ করিয়া থাকে। বিদ্যা থাকিলেই যে রণভঙ্গ করে না, এমন কোন কারণ নির্দ্দিষ্ট নাই। ম, শা, ১০২ অ। ১৮—১৯।

১০৫। রণভয়ে ভীত এবং যুদ্ধে ভঙ্গ দিয়া পলায়নোদ্যত যোদ্ধা শত্রু-হস্তে নিহত হইলে, পোষণকর্ত্তার সমস্ত পাপরাশি তাহার স্কন্ধে নিপতিত হয়। যে যোদ্ধা রণে ভঙ্গ দিয়া পলায়ন করতঃ শত্রুহস্তেনিহত হয়, তাহার অধিনায়ক পরকালে লভ্য তৎসঞ্চিত যাবৎ পুণ্যফলের অধিকারী হইয়া থাকেন। মনু, ৭ অ। ৯৪—৯৫।

(যুদ্ধোপকরণ ও অস্ত্রশস্ত্র-সংগ্রহ।)

১০৬। নৃপতি গজ সকলের গাত্রাবরণ জঙ্ঘ, গো, বৃষ ও অজগরের চর্ম্ম; শল্য, কণ্টক, লৌহ, তনুত্র, চামর, শাণিত ও পীতশস্ত্র; পীত ও লোহিত সন্নাহ, নানারাগরঞ্জিত কেতু ও পতাকা, নিশিত ঋষ্টি, তোমর, খড়্গ, পরশ্বধ ও এক-ফলক-চর্ম্ম এই সকল সামগ্রী যুদ্ধার্থ আহরণ করিবেন। শস্ত্র সকল শাণিত এবং যোধগণকে কৃত-নিশ্চয় করিতে হইবে। ম, শা, ১০০ অ। ৭—১০।

১০৫। যস্তু ভীতঃ পরাবৃত্তঃ সংগ্রামে হন্যতে পরৈঃ।
ভর্ত্তুর্যদ্দুষ্কৃতং কিঞ্চিৎ তৎসর্ব্বং প্রতিপদ্যতে॥
যচ্চাস্য সুকৃতং কিঞ্চিদমুত্রার্থমুপার্জ্জিতম্।
ভর্ত্তাতৎসর্ব্বমাদত্তে পরাবৃত্তহতস্য তু॥ মনু, ৭ অ। ৯৪—৯৫।

১০৬। গজানাং পার্থ বর্ম্মাণি গোবৃষাজগরাণি চ।
শল্যকণ্টকলোহানি তনুত্রচমরাণি চ॥
সিতপীতানি শস্ত্রাণি সন্নাহাঃ পীতলোহিতাঃ।
নানারঞ্জনরক্তাঃ স্যুঃ পতাকাঃ কেতবশ্চ হ॥
ঋষ্টয়স্তোমরাঃ খড়্গানিশিতাশ্চ পরশ্বধাঃ।
ফলকান্যথ চর্ম্মাণি প্রতিকল্প্যান্যনেকশঃ॥
"অভিনীতানি শস্ত্রাণি যোধাশ্চ কৃতনিশ্চয়াঃ।" ম, শা, ১০০ অ। ৭—১০।

(পূর্ব্বে রাজপুর বিষয়ক সপ্তবিংশ স্তবকে দুর্গমধ্যে যে সকল দ্রব্যাদি সংগ্রহের বিধান লিখিত হইয়াছে, তাহা সমুদয়ই যুদ্ধোপকরণ জানিতে হইবে।)

(আর্য্য-জাতির যুদ্ধাস্ত্র।)

যুদ্ধের নিমিত্ত অস্ত্র-শস্ত্রই প্রধান আয়োজনীয় দ্রব্য। ধনুর্ব্বেদ, শুক্রনীতি, বৈশম্পায়ন-নীতি; অগ্নিপুরাণ প্রভৃতি প্রাচীন রাজনৈতিক গ্রন্থ আলোচনা করিলে, পুরাকালে বিবিধ যুদ্ধাস্ত্রের ব্যবহার প্রচলন থাকা জানা যায়। কিন্তু উহার সকল প্রকার অস্ত্রের আকার-প্রকার ও ব্যবহার প্রণালী এক্ষণে সম্যক্‌রূপে জানা যায় না। ফলতঃ শাস্ত্রানুশীনে ইহা স্পষ্টই বুঝা যায় যে, প্রাচীন আর্য্যজাতি কেবল যাগ-যজ্ঞ-জপ-তপঃ-হোমাদি পারলৌকিক কার্য্যেই নিযুক্ত থাকিতেন তাহা নহে, সংগ্রাম উপস্থিত হইলে অঙ্গে লৌহময় কবচ ধারণ করিয়া অস্ত্র-শস্ত্রাদি গ্রহণপূর্ব্বক শত্রু জয়ার্থ বহির্গত হইতেন, এবং তাঁহারা এককালে যুদ্ধ-বিদ্যায় পরম-উৎকর্ষলাভ করিয়াছিলেন, ইহাও অনুমিত হয়। রামায়ণ ও মহাভারতাদির সময়ে এই বিদ্যার সমধিক উন্নতি হইয়াছিল। কালবশে ভারত বীরশূন্য হইয়াছে এবং প্রাচীন অস্ত্র-শস্ত্রাদিও বিলুপ্ত হইয়াছে। আর্য্য-শাস্ত্র পাঠে এক্ষণে যে কতিপয় মাত্র যুদ্ধাস্ত্রের কথঞ্চিৎ স্বরূপ অবগত হওয়া যায় তদ্বিষয়ে স্বর্গীয় ডাক্তার রামদাস সেন মহাশয় তাঁহার ভারত-রহস্য নামক গ্রন্থে যেরূপ লিখিয়াছেন, তাহা সংকলিত হইল।

ধনু (ইহা অস্ত্র নহে, অস্ত্রক্ষেপক যন্ত্র, বংশ ও লৌহাদি দ্বারা গঠিত হইত); ইষু (ইহা একটী ধনুঃক্ষেপ্য অস্ত্রের সাধারণ নাম, যাহা তীর বলিয়া প্রসিদ্ধ তাহাই ইষু); ভিন্দিপাল (ইহা একপ্রকার হস্তক্ষেপ্য-অস্ত্র); শক্তি (ইহা অনধিক দুই হাত লম্বা, সিংহের ন্যায় মুখ, জিহ্বা

আছে তাহা অতি তীক্ষ্ণ, নখর আছে তাহাও অতি তীক্ষ্ণ, ধরিবার মুট বা স্থানটী বৃহৎ, দেখিতে অতি ভীষণ, ঘণ্টানাদের দ্বারা ভয়জনক, শক্ররক্তে রঞ্জিতাঙ্গ, অস্ত্র জালে বিজড়িত, গাঢ় নীলবর্ণ, অত্যন্ত দূর-গামিনী, তীর্য্যক্গতিযুক্ত এবং পর্ব্বতেন্দ্র হিমগিরিকেও বিদীর্ণ করিতে সক্ষম, যুদ্ধে জয়দায়িনী, এতদ্রূপিণী শক্তিকে দুই হস্তে উঠাইয়া প্রেরণ করিতে হয়); দ্রুঘণ (লৌহ-মুদ্গর বা পরশু অর্থাৎ টাঙ্গী); তোমর (ধনুঃক্ষেপ্য তীরবিশেষ); লঘুনালিক (আধুনিক বন্দুক সংজ্ঞক আগ্নেয়াস্ত্র-বিশেষ); * বৃহন্নালিক (আধুনিক তোপ বা কামান সংজ্ঞক

* পঞ্চবিতস্তি পরিমাণ (অর্থাৎ ২৷৹ আড়াই হাত লম্বা) একটী লৌহনির্ম্মিত নাল বা নল, তাহার মূলে তির্য্যক্ দিকে (আড় ভাবে) একটী ছিদ্র, মূল হইতে উর্দ্ধ পর্য্যন্ত অন্তঃ-সুষির (গর্ত্ত), মূলে ও অগ্রভাগে লক্ষ্য ঠিক্ করিবার উপযুক্ত তিল বিন্দু (মাছি), যন্ত্রের আঘাত পাইবা মাত্র অগ্নি নির্গত হয় এরূপ প্রস্তরখণ্ডযুক্ত, সেই স্থানে অগ্নিচূর্ণের (বারূদের) আধারস্বরূপ একটী কর্ণ, উত্তম কাঠের উপাঙ্গ ও বুধ্ন অর্থাৎ ধরিবার মুঠ, এতদ্রূপ নালাস্ত্রের মধ্যগর্ত্তের পরিমাণ মধ্যমাঙ্গুলিটী প্রবেশ করিতে পারে এরূপ গর্ত্ত, তাহার ক্রোড়ে অগ্নিচূর্ণ প্রোথিত করণের দৃঢ় শলাকা এইরূপ নালাস্ত্রের নাম লঘুনালিক। এই লঘুনালিক পদাতি ও অশ্বারোহী সৈন্যেরাই ব্যবহার করিবে। যথা, শুক্রনীতিসারে.—

তির্য্যগূর্দ্ধচ্ছিদ্রমূলং নালং পঞ্চবিতস্তিকম্।
মূলাগ্রয়োর্লক্ষ্যভেদি তিলবিন্দুযুতম্ সদা॥
যন্ত্রাঘাতাগ্নিকৃদ্গ্রাবচূর্ণধৃক্কর্ণমূলকম্।
সুকাষ্ঠোপাঙ্গবুধ্নঞ্চ মধ্যাঙ্গুলবিলান্তরম্॥
স্বান্তেঽগ্নিচূর্ণসন্ধাতৃ শলাকাসংযুতং দৃঢ়ম্।
লঘুনালিকমপ্যেতৎ প্রধার্য্যং পত্তিসাদিভিঃ॥ শুক্র, ৪অ—৭ প্র। ১৩৬—১৩৮।

আগ্নেয়াস্ত্র বিশেষ); * লগুড় (ইহার পাদদেশ সরু, মস্তক স্থূল, স্কন্ধ মোটা, অগ্রভাগটী লৌহের দ্বারা আবদ্ধ, অধিক লম্বা নহে পরন্তু মোটা, ইহার সর্ব্বাঙ্গ লোহার দণ্ড ও অত্যন্ত দৃঢ়, ইহা লম্বে দুই হস্ত পরিমিত হইয়া থাকে, দৃঢ় শরীর পদাতি সৈন্যেরাই ইহার দ্বারা যুদ্ধ করিয়া থাকে); পাশ (লম্বায় দশ হাত গুণ-রজ্জু, কার্পাস-রজ্জু, মুঞ্জ-রজ্জু, পশুবিশেষের স্নায়ু বা আকন্দত্বকের সূত্র ও চর্ম্ম বিশেষের দ্বারা প্রস্তুত হইয়া থাকে, সূক্ষ্ম ৩০ গাছি তন্তু একত্রিত সুবর্ত্তিত করিয়া অর্থাৎ উত্তমরূপে পাক দিয়া প্রস্তুত করিতে হয়, এই পাশ কক্ষ-প্রদেশে রাখা হয়, প্রয়োগের সময় কুণ্ডলাকৃতি করিয়া মস্তকের উপর একবার ঘুরাইয়া প্রক্ষেপ করিতে হয়, ইহা দ্বারা শত্রুকে ইচ্ছানুরূপ বন্ধনপূর্ব্বক স্বকাশে

* উক্ত নালিকাস্ত্রের ত্বক্ যত কঠিন হইবে, উহার আয়তন যত বড় হইবে, তাহার গর্ত্ত যত স্থূল (মোটা) হইবে, তাহার গোলা যত বড় হইবে, সে ততই দূরভেদী হইবে, তাহার মূলদেশে কীলক এবং কাষ্ঠবুধ্ন অর্থাৎ কাষ্ঠনির্ম্মিত ধরিবার মুঠ নাই বহুভার হেতু শকট ও উষ্ট্র প্রভৃতি পশু দ্বারা তাহা বাহিত হয়। ইহা উপযুক্তরূপে স্থাপিত হইলে যুদ্ধে জয়প্রদ হয়। ইহার নাম বৃহন্নালিক। যথা, শুক্রনীতিসারে,—

যথা যথা তু ত্বক্সারং যথা স্থূলবিলান্তরম্।
যথা দীর্ঘং বৃহদ্গোলং দূরভেদী তথা তথা॥
মূলকীলভ্রমাল্লক্ষ্যসমসন্ধানভাজি যৎ।
বৃহন্নালিকসংজ্ঞং তৎ কাষ্ঠবুধ্নবিনির্ম্মিতম্।
প্রবাহ্যং শকটাদ্যৈস্তু সুযুক্তং বিজয়প্রদম্॥ শুক্র, ৪ অ—৭ প্র। ১৯৯—২০০।

উল্লিখিত বৃহন্নালিক ও প্রাগুক্ত লঘুনালিক আগ্নেয়াস্ত্র আর্য্যজাতির যুদ্ধাস্ত্র ছিল বটে, কিন্তু তাহা যুদ্ধকালে ব্যবহার করা আর্য্যজাতি অধর্ম্মজনক বলিয়া অতি ঘৃণ্য জ্ঞান করিতেন। আর্য্যজাতি শারীর বলদ্বারা পরিচালিত অস্ত্রদ্বারাই যুদ্ধকে প্রশংসনীয় বলিয়া জানিতেন।

আকর্ষণ করিয়া পশ্চাৎ কৃপাণ দ্বারা বধ করিতে হয়); চক্র (এই অস্ত্র কুণ্ডলাকার অর্থাৎ গোল, প্রান্তভাগ উত্তম কোণযুক্ত ও ধারাল, নীল জলের ন্যায় বর্ণ এবং মণ্ডল পরিমাণে দুই প্রাদেশ, চক্রের কার্য্য ছেদন, ভেদকরণ, নিপাতন, ভ্রামণ ও শায়িত করা); দন্তকণ্টক (ইহার কায়া বা শরীর দণ্ডাকার, তাহার সর্ব্বাঙ্গে লৌহের কাঁটা, আগা মোটা ও গোড়া সরু, বাহু পরিমাণ লম্বা, ধরিবার মুষ্টি অতি সুন্দর এবং বর্ণ অঙ্গার তুল্য কৃষ্ণবর্ণ, ইহার নিক্ষেপ ও গ্রন্থন অর্থাৎ গাঁথিয়া ফেলা এই দুই কার্য্য আছে); ভুসুণ্ডী (ইহা বাহুত্রয় পরিমাণ লম্বা, বড় বড় গ্রন্থি অর্থাৎ গাঁট আছে, স্থূলকায়, মুষ্টিদেশ উত্তম এবং ইহার বর্ণ কৃষ্ণসর্পের ন্যায় উগ্র-দর্শন, পাতন ও ঘূর্ণন এই গতিদ্বয় ইহার অনুগত); পরশু (ইহা একটী যষ্টির মস্তকে অর্দ্ধচন্দ্রাকার লৌহফলক, তাহার আস্য বিস্তৃত, সম্মুখে মুখ, মুখ চক্‌চকে, মূলদেশ সরু অর্থাৎ মুঠ আছে এবং মস্তকে শিখা আছে, ইহা বাহু পরিমিত লম্বা, ইহার কার্য্য পাতন ও ছেদন); গোশীর্ষ (গোমস্তক তুল্য গোশীর্ষ নামক অস্ত্রের দুইটী পদ আছে, তাহার নীচে কাষ্ঠ নির্ম্মিত যন্ত্র সংলগ্ন থাকে এবং তাহার উর্দ্ধকায় লৌহফলকে আবদ্ধ থাকে, মধ্যাঙ্গ তে-শিরে এবং তাহার ধারণের মুঠ অতি সুন্দর, ইহার বর্ণ কৃষ্ণরক্ত ও উচ্চতা ১৬ অঙ্গুল অর্থাৎ কিঞ্চিদূন এক হস্ত, মুঠ ধরা ও পরিক্ষেপ ইহার ব্যবহার এবং বিদ্ধকরণ ও ছেদন করা ইহার কার্য্য); অসি (এই অস্ত্রটী অতি পুরাতন, অতি পূর্ব্বকালে ইহা অসি, বিশসন, খড়্গ, তীক্ষ্ণবর্ম্মা, দুরাসদ, শ্রীগর্ভ, বিজয়, ধর্ম্মপাল বা ধর্ম্মমাল, নিস্ত্রিংশ, চন্দ্রহাস, ঋষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করপাল, করবাল, তরবার ও তরবারি এই সকল নামে অভিহিত হইত, বিশেষ বিশেষ লৌহে ইহা বিশেষ বিশেষ পাইন্ দ্বারা প্রস্তুত হইয়া সুদৃঢ় ও ধারাল হইত, শিল্পিবিশেষে এমত সুতীক্ষ্ণ অসি পূর্ব্বকালে প্রস্তুত করিত যে অসির আঘাতে প্রস্তর

স্তম্ভও কর্ত্তিত হইত, পাথরে আঘাত করিলেও ধার থাকে, ভাঙ্গিয়া যায় না, এরূপ অসি এখন আর দেখা যায় না, ৺রামদাস সেন মহাশয় তাঁহার ভারত-রহস্য গ্রন্থে বহুবিধ নামধেয় অসি প্রস্তুতের লৌহের উৎপত্তিস্থান, লৌহের নাম, পায়ন অর্থাৎ পান্ দিবার বিধি বিশেষ বর্ণনা করিয়াছেন, কৌতুহলী পাঠক ইচ্ছা করিলে তাহা দেখিতে পারেন, বাহুল্যভয়ে এস্থলে তাহা উদ্ধৃত করা হইল না) ; কুন্ত (এই অস্ত্রের সর্ব্বাঙ্গ লৌহময়, শৃঙ্গ অর্থাৎ অগ্রভাগ অত্যন্ত তীক্ষ্ণ, ষড়শ্রি অর্থাৎ ছয় পলে, ৫ হাত লম্বা এবং পদদেশ বৃত্ত অর্থাৎ গোল এবং দেখিতে ভাষণ, উড্ডীন, অবডীন, নিডীন, ভূমিলীন, তির্য্যক্‌লীন ও নিখাত অর্থাৎ খনন এই ছয় প্রকার ক্রিয়া ইহার আশ্রিত, উড্ডীন, নিডীন প্রভৃতি সঞ্চরণ বিশেষের নাম, এই অস্ত্রের দ্বারা যুদ্ধ করিতে হইলে বিবিধ পক্ষিজাতির ন্যায় গতি অবলম্বন করিতে হয়, কুন্ত বড়শার সমান অস্ত্র বিশেষ) ; লগিত্র (ইহার কায়াটী ভুগ্ন অর্থাৎ বক্র (কোলকুঁজো) পৃষ্ঠভাগ স্থূল ও গুরুভারযুক্ত, সম্মুখভাগ তীক্ষ্ণ অর্থাৎ ধারাল, ইহার ব্যাস ৫ আঙ্গুল এবং বর্ণ কাল, ইহার মুঠ অতি বৃহৎ এবং ইহার দ্বারা মহিষ প্রভৃতি কর্ত্তন করা যায়, দুই হাতে উঠান ও প্রহার এই দুই ক্রিয়া ভিন্ন ইহার তৃতীয় ক্রিয়া নাই) ; স্থূণ (রক্তবর্ণ, ঘনগ্রন্থিল, পুরুষপ্রমাণ লম্বা ও ঋজু অর্থাৎ সোজা লৌহবাণের নাম স্থূণ, ইহার ভ্রামণ ও নিপাতন এই দুইটি মাত্র ক্রিয়া) ; প্রাস (লম্বে সাত হাত এক গাছ বাঁশ, তাহার মস্তকে লোহার তীক্ষ্ণ ফলা—মূলে সূক্ষ্ম ও তীক্ষ্ণ লৌহশলাকা, ফলের নীচে ও মূলে রেশম স্তবকে সুশোভিত, এই প্রাস অস্ত্রের চারি প্রকার ক্রিয়া—আকর্ষণ, বিকর্ষণ, ধূনন অর্থাৎ ইতস্ততঃ পরিচালন, পশ্চাৎ বিদ্ধকরণ) ; পিণাক (ইহা শূলাস্ত্রের নামান্তর মাত্র, যাহাকে আমরা ত্রিশূল বলি তাহাই পিণাক) ; গদা (ইহার মুষ্টিস্থান স্থূল অবয়ব অষ্টাশ্র অর্থাৎ আট পলে এবং হৃদয় পরিমাণ লম্বা) ; বৈশম্পায়নোক্ত গদা

(এই লৌহময়ী গদা শিকার দ্বারা বাহিত হয়, ইহার শীর্ষদেশ স্থূল ও গাত্র শতার অর্থাৎ শতপলবিশিষ্ট, ক্ষুদ্র ক্ষুদ্র লৌহ কণ্টকে ইহার সর্ব্বাঙ্গ আচিত, লম্বে চারি হাত এবং স্থূলতায় রথচক্রের নাভির তুল্য, দেখিতে ভয়ঙ্কর, মস্তকে কিরীট অর্থাৎ পাগড়ির ন্যায় বেড় থাকে এবং ইহা স্বর্ণ শৃঙ্খলে রক্ষিত বা গ্রথিত, ইহা গজ ও পর্ব্বত চূর্ণ-বিচূর্ণ করিতে সক্ষম, ইহা দ্বারা যুদ্ধ করিতে হইলে বিবিধ গতি শিক্ষা করিতে হয়, সে সকল গতির অর্থাৎ সঞ্চরণ ও গদার পরিচালন শাস্ত্রে বিংশতি প্রকার লিখিত হইয়াছে, মহাভারতোক্ত ভীমের গদা আর এই বৈশম্পায়নোক্ত গদা তুল্য বলিয়া অনুমিত হয়); মুদ্গার (মুদ্গরের মূলদেশ কৃশ, স্কন্ধদেশ স্থূল, মস্তকে শীর্ষক থাকে না, লম্বে তিন হাত, গুরুত্বে অষ্টভার, * তাহা ৎসরু অর্থাৎ মুঠযুক্ত, আকার বর্ত্তুল বা গোল, পরিধি এক হস্ত পরিমিত, ঘূর্ণন ও নিপাতন এই দুই মাত্র ইহার ক্রিয়া); সীর বা লাঙ্গল (ইহা দ্বিবক্র অর্থাৎ দুইস্থানে বাঁকা ও শিখাশূন্য, মূলদেশ ও মুখ লৌহবদ্ধ, সার্দ্ধত্রিহস্ত পরিমিত দীর্ঘ ও স্নিগ্ধ, আকর্ষণ ও নিপাতন এই ক্রিয়াদ্বয় ইহাতে প্রযুক্ত হইয়া থাকে); মুসল (মুসলের চক্ষু, মস্তক, পদ কিছুই নাই অর্থাৎ সর্ব্বাঙ্গ সমান এবং ইহার নিপাতন ও পোথন এই দুইটী মাত্র ক্রিয়া); পট্টিশ (ইহা একপ্রকার তরবারিবিশেষ, পট্টিশ নামক অস্ত্রটী খড়্গের সহোদর অর্থাৎ প্রায় খড়্গাকার, ইহা পুরুষ-প্রমাণ লম্বা দুই দিকেই সমান ধার, অগ্রভাগ অতি তীক্ষ্ণ, ইহার মুষ্টি অর্থাৎ মুঠ হস্তত্রাণ যুক্ত); পরিঘ (ইহা বর্ত্তুল অর্থাৎ সুগোল, লম্বে পুরুষপ্রমাণ অর্থাৎ সার্দ্ধত্রিহস্ত, ইহা

* ৮০০ তোলায় একভার—তাহার ৮ গুণে ২০ কুড়ি মণ। ২০ কুড়ি মণ লোহার মুদ্গর পরিচালনা করিয়া প্রাচীনকালে যোদ্ধাগণ অনায়াসেই যুদ্ধ করিতেন, তাঁহাদের শারীরশক্তি কিরূপ ছিল, একথা মনে করিতেও ভয় হয়।

কেবল বলপূর্ব্বক নিক্ষেপ করিতে হয়); ময়ূখী (ইহা পুরুষপ্রমাণ এক দীর্ঘ যষ্টি, তদগ্রে কিঙ্কিনীজাল্ এবং ইহার মুষ্টি আছে, আঘাত, প্রতি-ঘাত এবং বিঘাত, পরিমোচন, অভিদ্রবণ এই পাঁচ কার্য্য ইহার আশ্রিত); শতঘ্নী (ইহা কণ্টকাচিত লৌহসার নির্ম্মিত, মুদ্গরকল্প, সুদৃঢ় ও বর্ত্তুল, ইহার প্রমাণ চারি হাত এবং তাহার ৎসরু অর্থাৎ মুঠ আছে, গদা যুদ্ধের বল্‌গন অর্থাৎ প্রয়োগ কালীন আস্ফালন যেরূপ ইহার বল্‌গন ও সেইরূপ, * মহাভারতের বচনানুসারে টীকাকার নীলকণ্ঠ ভট্ট এই শতঘ্নীকে আগ্নেয়-দ্রব্যবল প্রযোজ্য অর্থাৎ "আধুনিক কামান্ সদৃশ অস্ত্র" বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। †

এতদ্ভিন্ন দণ্ড, দণ্ডচক্র, ধর্ম্মচক্র, কালচক্র, ঐন্দ্রচক্র, শূল, ব্রহ্মশির, মোদকী, বরুণপাশ, বায়ু অস্ত্র, ক্রৌঞ্চাস্ত্র, হয়শির, বিদ্যা, অবিদ্যা, গান্ধর্ব্ব, নন্দন, বর্ষণ, শোষণ, প্রস্বাপন, প্রশমন, সন্তাপন, বিলাপন, নাগাস্ত্র, গাড়ুড়াস্ত্র, নারাচ, জম্ভণ প্রভৃতি শত শত অস্ত্রের নাম শুনা যায়, কিন্তু তত্তাবতের আকার প্রকার ও ব্যবহার প্রণালী কিছুই জানা যায় না।

[যুদ্ধে ধ্বজা ব্যবহার।]

পুরাকালে যুদ্ধ সময়ে সেনাপতিগণ রথারূঢ় হইয়া যুদ্ধ করিতেন। রথের শোভার্থে সজ্জাস্বরূপে রথোপরি ধ্বজা বাদ্ধর

---

* "শতঘ্নী কণ্টকযুতা কালায়সময়ী দৃঢ়া।
যুদ্গরাভা চতুর্হস্তা বর্ত্তুলা ৎসরুণাযুতা।
গদাবল্গিতবত্তোষা ময়েন কথিতা তুভি॥" বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ, অধ্যায়।

† "মুদ্গরৈঃ কূটপাশৈশ্চ শূলোলূখপর্ব্বতৈঃ।
শতঘ্নীভিশ্চ দীপ্তাভির্দণ্ডৈরপি সুদারুণৈঃ॥"

ইত্যাদি কয়েকটী মাত্র অস্ত্রের মূল শাস্ত্রোক্ত শ্লোক উদ্ধৃত করা গেল। ডাক্তার ৺রামদাস সেন মহাশয় পূর্ব্বোক্ত অস্ত্র সকলেরই শাস্ত্রোক্ত শ্লোক তাঁহার 'ভারত রহস্য' গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন; কিন্তু বাহুল্য হেতু এই পুস্তকে তাহা উদ্ধৃত করা হইল না।

হইত। ধ্বজা যে কেবল রথের শোভাব্যঞ্জক হইত তাহাই নহে, ক্ষত্রিয় বীর সেনাপতির উৎসাহবর্দ্ধক এবং স্পর্দ্ধা ও দম্ভ প্রকাশকরূপে রথোপরি ধ্বজা উড্ডীয়মান হইত। ক্ষত্রিয় বীর-পুরুষ শত্রুসমীপে প্রচ্ছন্ন থাকিয়া যুদ্ধ করিতে কখনই ইচ্ছুক হইতেন না। স্বকীয় সৈন্যগণ, বিশেষতঃ শত্রুরা যুদ্ধস্থলে সেনাপতির অবস্থান অনায়াসে বুঝিতে পারে, এই কারণে ক্ষত্রিয়-সেনাপতির রথোপরি ধ্বজা ব্যবহারের রীতি তৎকালে প্রচলিত ছিল। সেনাপতিগণের মধ্যে আবার কোন্ সেনাপতি কোন্ স্থানে যুদ্ধ করিতেছেন তাহা জানিবার জন্য, রথোপরি পৃথক্ পৃথক্ চিহ্ন-বিশিষ্ট-ধ্বজা ব্যবহৃত হইত। দৃষ্টান্তস্বরূপে সংক্ষেপে কুরুক্ষেত্রযুদ্ধের কতিপয় রথীর রথের ধ্বজ-চিহ্ন নিম্নে লিখিত হইল।

রথীর নাম	... ধ্বজচিহ্ন।
ভীষ্ম	... স্বর্ণবিভূষিত তালধ্বজ।
দ্রোণাচার্য্য	... কমণ্ডলু ও ধনুকের আকৃতিবিভূষিত স্বর্ণময়বেদী।
অশ্বত্থামা	... সিংহলাঙ্গুল।
কৃপাচার্য্য	... বৃষভ।
দুর্য্যোধন	... মণিময় নাগ।
জয়দ্রথ	... বরাহচিহ্নিত রজতময়ধ্বজ।
অর্জুন	... কপিধ্বজ।
ভীমসেন	... স্বর্ণময় সিংহধ্বজ।
অভিমন্যু	... কর্ণিকার ধ্বজ।

(যুদ্ধে বাদ্য ব্যবহার।)

যুদ্ধ কালে সৈন্যগণের উৎসাহবর্দ্ধনার্থে, এখন যেমন নানাবিধ যন্ত্রসংযোগে রণবাদ্য বাদিত হয়, পৃথগ্বিধ সঙ্কেতার্থে এবং সৈন্যদিগের উৎফুল্লতা সাধনার্থে বিগল্-ধ্বনি হইয়া থাকে; প্রাচীন কালেও সংগ্রামসময়ে তদ্রূপ শঙ্খ, ভেরী (ঢাক) পণব (মৃদঙ্গ) আনক (নাগরা) ও গোমুখাদি (রণশিঙ্গাদি) বিবিধ যন্ত্রদ্বারা রণবাদ্য বাদিত হইত। তৎকালে প্রধান প্রধান সেনাপতিদিগের পৃথক্ পৃথক্ নামধেয় শঙ্খ পৃথক্ পৃথক্ রবে রাবিত হইয়া সৈন্যদিগের উৎসাহবর্দ্ধন, সঙ্কেত ও শত্রুর ত্রাসোৎপাদনাদি কার্য্য নির্ব্বাহ করিত। কুরুক্ষেত্র যুদ্ধে যোদ্ধাদিগের মধ্যে কতিপয় যোদ্ধার তুমুলনিনাদী শঙ্খের নাম এস্থলে লিখিত হইল।

১০৭। যোদ্ধার নাম — শঙ্খের নাম।

যোদ্ধার নাম		শঙ্খের নাম।
শ্রীকৃষ্ণ	...	পাঞ্চজন্য।
অর্জ্জুন	...	দেবদত্ত।
ভীম	...	পৌণ্ড্র।
যুধিষ্ঠির	...	অনন্তবিজয়।
নকুল	...	সুঘোষ।
সহদেব	...	মণিপুষ্পক। ম, ভী, ২৫ অ। ১৫-১৬।

(শ্রী, ভ, গীতা ১ অ। ১৫-১৬)

১০৭। পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ শ্রী, ভ, গীতা ১ অ ১৫—১৬।

(যুদ্ধে জয়পরাজয়ের শুভাশুভ লক্ষণ।)

১০৮। যে সেনামধ্যে যোধগণ এবং বাহন সকল সতত সোৎসাহ-চিত্তে অবস্থান করে, সেই সেনার নিশ্চয়ই উৎকৃষ্ট জয়লাভ হইয়া থাকে। যখন বায়ু, ইন্দ্রধনু, মেঘ এবং সূর্য্যরশ্মি সকল সেনাগণের অনুগামী হয় এবং গোমায়ু ও গৃধ্রগণ অনুকূল হইয়া তাহাদিগকে অর্চ্চনা করে, তখনই তাহারা অনুপম সিদ্ধিলাভ করিয়া থাকে। পাবক প্রসন্ন-কিরণ, ঊর্দ্ধরশ্মি, দক্ষিণাবর্ত্তশিখা-সমন্বিত ও বিধূম হইলে এবং আহুতির পুণ্যগন্ধ প্রবাহিত হইলে, পণ্ডিতেরা তাহাকে ভাবী জয়ের লক্ষণ বলিয়া থাকেন। গম্ভীর-রব-ভেরী ও মহাস্বন-শঙ্খ সকল নিনাদিত এবং যুযুৎসুগণ অনুকূল হইলেই পণ্ডিতেরা তাহা ভাবী জয়ের রূপ বলিয়া থাকেন। মৃগগণ সমর-প্রস্থিত পুরুষের পশ্চাদ্ভাগে থাকিবে, যিনি সংগ্রামে গমন করিবেন, তাঁহার বাম-ভাগে থাকিলে, এবং জিঘাংসু ব্যক্তির দক্ষিণভাগে থাকিলে, উক্ত কার্য্য সকল ইষ্টসিদ্ধি-সূচক হয়, আর অগ্রভাগে থাকিলে পূর্ব্বোক্ত কার্য্যসমূহ প্রতিষেধ করিয়া থাকে। শকুন, হংস, ক্রৌঞ্চ, সারস ও স্বর্ণচাতক

১০৮। উদীর্ণমনসো যোধা বাহনানি চ ভারত।
যস্যাং ভবন্তি সেনায়াং ধ্রুবং তস্যাং পরোজয়ঃ॥
অন্বেতান্ বায়বো যান্তি তথৈবেন্দ্রধনূংষি চ।
অনুপ্লবন্তো মেঘাশ্চ তথাহদিত্যাস্য রশ্ময়ঃ॥
গোমায়বশ্চানুকূলা বলগৃধ্রাশ্চ সর্ব্বশঃ।
অর্হয়েয়ুর্যদা সেনাং তদা সিদ্ধিরনুত্তমা॥
প্রসন্নভাঃ পাবকশ্চোর্দ্ধরশ্মিঃ, প্রদক্ষিণাবর্ত্তশিখো বিধূমঃ।
পুণ্যা গন্ধাশ্চাহুতীনাং ভবন্তি, জয়স্যৈতদ্ভাবিনো রূপমাহুঃ॥
গম্ভীরশব্দাশ্চ মহাস্বনাশ্চ, শঙ্খাশ্চ ভের্য্যশ্চ নদন্তি যত্র।
যুযুৎসবশ্চাপ্রতীপা ভবন্তি, জয়স্যৈতদ্ভাবিনো রূপমাহুঃ॥

প্রভৃতি পক্ষিকুল মাঙ্গল্য শব্দ করিলে এবং বলবন্ত যোধগণ হৃষ্ট হইলে, পণ্ডিতেরা তাহা ভাবী জয়ের লক্ষণ বলিয়া থাকেন। যাঁহাদের চমূসমূহ শস্ত্র, যন্ত্র, কবচ, কেতু এবং মুখমণ্ডলের সমুজ্জ্বল কিরণ দ্বারা দেদীপ্যমান হইয়া শত্রু সকলের দুর্দ্দর্শনীয় হয়, তাঁহারাই অমিত্রগণকে অভিভব করিতে পারেন। যোধগণ স্বামিশুশ্রূষা-পরায়ণ, অভিমান-বিহীন, পরস্পর সৌহৃদ্য-বন্ত এবং শৌচাচারী হইলে, মনীষিগণ তাহা ভাবী জয়ের লক্ষণ বলিয়া থাকেন। মনঃপ্রিয় শব্দ, স্পর্শ ও গন্ধ প্রবাহিত হইলে এবং যোধগণ ধৈর্য্যশালী হইলে, সুধী সকল তাহা বিজয়ের মুখ বলিয়া থাকেন। কাক সংগ্রামপ্রবিষ্ট পুরুষের বামভাগে থাকিলে এবং যিনি সমরে প্রবেশ করিবেন তাঁহার দক্ষিণ ভাগে থাকিলে, ইষ্টসাধন করে, আর পশ্চাদ্ভাগে থাকিলে, অর্থবাধ এবং অগ্রে থাকিলে প্রতিষেধ করে। ম, শা, ১০২ অ। ৫-১৫।

ইষ্টামৃগাঃ পৃষ্ঠতো বামতশ্চ সম্প্রস্থিতানাঞ্চ গমিষ্যতাঞ্চ।
জিঘাংসতাং দক্ষিণাঃ সিদ্ধিমাহুর্য্যে ত্বগ্রতস্তে প্রতিষেধয়ন্তি॥
মাঙ্গল্যশব্দান্ শকুনা বদন্তি, হংসাঃ ক্রৌঞ্চাঃ শতপত্রাশ্চ চাষাঃ।
হৃষ্টা যোধাঃ সত্ত্ববন্তোভবন্তি, জয়স্যৈতদ্ভাবিনো রূপমাহুঃ॥
শস্ত্রৈর্যন্ত্রৈঃ কবচৈঃ কেতুভিশ্চ, সুভানুভির্মুখবর্ণৈশ্চ যূনাম্।
ভ্রাজিষ্মতী দুষ্প্রতিবীক্ষণীয়া, যেষাং চমূস্তেঽভিভবন্তিশত্রূন্॥
শুশ্রূষবশ্চানভিমানিনশ্চ, পরস্পরং সৌহৃদমাস্থিতাশ্চ।
যেষাং যোধাঃ শৌচমনুষ্ঠিতাশ্চ, জয়স্যৈতদ্ভাবিনো রূপমাহুঃ॥
শব্দাস্পর্শাস্তথাগন্ধা বিচরন্তি মনঃপ্রিয়াঃ।
ধৈর্য্যং চাবিশতে যোধান্ বিজয়স্য মুখঞ্চ তৎ॥
ইষ্টোবামঃ প্রবিষ্টস্য দক্ষিণঃ প্রবিবিক্ষতঃ।
পশ্চাৎ সংসাধয়ত্যর্থং পুরস্তাচ্চ নিষেধতি॥ ম, শা, ১০২ অ। ৫--১৫।

বাণ সকল ধূমাচ্ছন্ন ও যুদ্ধের জন্য প্রফুল্ল হইয়া তূণমধ্যে বিচেষ্টিত হইলে, শরাসন সকল বিচলিত হইলে, বনচারী পক্ষীরা কলরব করিলে, বুঝিতে হইবে শীঘ্রই তুমুল যুদ্ধ হইবে। বা, অর, ২৪ স। ৪-৭। *

১১৩। যে যুদ্ধে যোদ্ধা পরাজিত হইবে, তাহার যুদ্ধ যাত্রাকালে সূর্য্যদেব নিষ্প্রভ ও দিক্ সকল ঘোর অন্ধকারে আচ্ছন্ন হয়, ঘোরমূর্ত্তি বিহঙ্গম ও শৃগালগণ অমঙ্গলধ্বনি করিতে থাকে, মেদিনী কাঁপিতে থাকে, অশ্বগণের গতি স্খলিত হয়, আকাশ হইতে রক্তবৃষ্টি হইতে থাকে, যোদ্ধার ধ্বজাগ্রে শকুনি নিপতিত হয় এবং তাহার কণ্ঠস্বর বিকৃত,

যাদৃশা ইহ কূজন্তি পক্ষিণো বনচারিণঃ।
অগ্রতো ন ভয়ং প্রাপ্তং সংশয়ো জীবিতস্য চ॥
"সম্প্রহারস্তু সুমহান্ ভবিষ্যতি ন সংশয়ঃ।" বা, অর, ২৪স। ৪—৭।

১১৩। ততো নষ্টপ্রভঃ সূর্য্যো দিশশ্চ তিমিরাবৃতাঃ।
দ্বিজা বিনেদুর্ঘোরাশ্চ সঞ্চচাল চ মেদিনী॥
ববর্ষ রুধিরং দেবশ্চস্খলুশ্চ তুরঙ্গমাঃ।
ধ্বজাগ্রে ন্যপতেদ্গৃধ্রো বিনেদুশ্চাশিবংশিবাঃ॥
নয়নঞ্চাস্ফুরদ্বামং বামো বাহুরকম্পত।
বিবর্ণবদনশ্চাসীৎ কিঞ্চিদভ্রশ্যত স্বনঃ॥
ততো নিষ্পততো যুদ্ধে দশগ্রীবস্য রক্ষসঃ।
রণে নিধনশংসীনি রূপাণ্যেতানি জজ্ঞিরে॥
অন্তরীক্ষাৎ পপাতোল্কা নির্ঘাতসমনিস্বনা।
বিনেদুরশিবা গৃধ্রা বায়সৈরভিমিশ্রিতাঃ॥
এতানচিন্তয়ন্ ঘোরানুৎপাতান্ সমবস্থিতান্।
নির্যযৌ রাবণো মোহাদ্বধার্থং কালচোদিতঃ॥ বা, ল, ৯৬ স। ৪৩—৪৮।

---

* খররাক্ষস রামচন্দ্রের আশ্রমে যুদ্ধার্থ আগমন কালে এই সকল লক্ষণ হইয়াছিল।

বদন বিবর্ণ, বাম নয়ন ও বাম বাহু স্পন্দিত হইতে থাকে। উল্কা সকল নির্ঘাতের ন্যায় শব্দ করতঃ আকাশ হইতে পতিত হয়, কাকের সহিত মিলিত হইয়া হইয়া শকুনিগণ অমঙ্গলধ্বনি করিতে থাকে। বা, ল, ৯৬স। ৪৬-৪৮। *

(যুদ্ধের উপযুক্ত কাল ও যুদ্ধযাত্রা।)

১১৭। রাজা চৈত্র মাসে বা অগ্রহায়ণ মাসে যুদ্ধযাত্রা করিবেন, অথবা যে সময় শত্রুর বিবাদ উপস্থিত হইবে, সেই সময় যাত্রা করিবেন। বিষ্ণু, ৫ অ। ২৫।

১১৮। মহীপতি শুভ অগ্রহায়ণ মাসে অথবা ফাল্গুন বা চৈত্র মাসে যুদ্ধ যাত্রা করিবেন। এমন কি অন্য ঋতুতেও যখন রাজা বুঝিবেন যে, জয়লাভের সম্পূর্ণ প্রত্যাশা আছে, অথবা শত্রু কোন না কোন বিপদ্‌গ্রস্ত, তখন বহুসংখ্যক সৈন্য সমভিব্যাহারে তাঁহার যুদ্ধযাত্রা করা কর্ত্তব্য। নিজরাজ্যে সম্পাদ্যকার্য্য সকলের সুব্যবস্থা করিয়া এবং নিয়ত পররাজ্যে

১১৭। চৈত্রে মার্গশীর্ষে বা যাত্রাং যায়াৎ। পরস্য ব্যসনে বা॥ বিষ্ণু, ৩ অ। ২৫।

১১৮। মার্গশীর্ষে শুভে মাসি যায়াদ্‌যাত্রাং মহীপতিঃ।
ফাল্গুনং বাথ চৈত্রং বা মাসৌ প্রতি যথাবলম্॥
অন্যেষ্বপিতু কালেষু যথা পশ্যেদ্‌ধ্রুবং জয়ম্।
তদা যায়াদ্‌বিগৃহ্যৈব ব্যসনে চোত্থিতে রিপোঃ॥
কৃত্বা বিধানং মূলে তু যাত্রিকঞ্চ যথাবিধি।
উপগৃহ্যাস্পদঞ্চৈব চারান সম্যগ্‌ বিধায় চ॥
সংশোধ্য ত্রিবিধং মার্গং ষড়্‌বিধঞ্চ বলং স্বকম্।
সাম্পরায়িককল্পেন যায়াদরিপুরং শনৈঃ॥ মনু, ৭ অ। ১৮২—১৮৫।

---

* রাবণের যুদ্ধযাত্রাকালে এই সকল দুর্লক্ষণ হইয়াছিল।

বাসোপযোগী যাবতীয় দ্রব্যের আয়োজন করিয়া, কৌশলে পরভৃত্যবর্গকে স্বপক্ষ করিয়া তদ্দ্বারা পররাজ্য-বার্ত্তাবগতির উপায়োদ্ভাবনপূর্ব্বক স্থল, জল এবং অরণ্য এই স্থানত্রিতয়ে তিনটি পথ নিরাপদ্ রাখিয়া এবং হস্ত্যশ্ব-রথ-পদাতি প্রভৃতি ষড়্বিধ সৈন্য রণসজ্জায় সুসজ্জিত করিয়া পদব্রজে শত্রু-রাজ্যাভিমুখে ক্রমশঃ অগ্রসর হইবেন। মনু, ৭ অ। ১৮২-১৮৫।

১১৯। চৈত্র এবং মার্গশীর্ষ মাসই সেনাযোগের প্রশস্ত সময়; অতএব যখন পৃথিবী পক্ক-শস্যশালিনী ও অম্বুবতী হইবেন এবং যে সময়ে অতিশয় শীত বা অত্যন্ত উষ্ণ না হইবে, তখনই শত্রুদিগের ব্যসনে সেনাগণকে নিয়োজিত করিবে। কেননা শত্রুনিরাকরণ বিষয়ে এতাদৃশ সেনানিয়োগই প্রশস্ত হইয়া থাকে। জল এবং তৃণযুক্ত সমতল মার্গ সুগম্য, অতএব মার্গকুশল বন-গোচর চরদ্বারা তাহা সুন্দররূপে বারংবার বিদিত হইবে। মৃগগণের ন্যায় অরণ্য পথে গমন করা দুঃসাধ্য, সুতরাং জয়ার্থী নরপতিগণ সেনাসকলকে পূর্ব্বোক্ত পথে প্রেরণ করিয়া থাকেন। ম, শা, ১০০ অ। ১০-১৪।

১১৯। "চৈত্র্যাং বা মার্গশীর্ষ্যাং বা সেনাযোগঃ প্রশস্যতে।"
পক্কশস্যা হি পৃথিবী ভবত্যম্বুমতী তদা।
নৈবাতিশীতো নাত্যুষ্ণঃ কালো ভবতি ভারত॥
তস্মাত্তদা যোজয়েত পরেষাং ব্যসনেঽথবা।
এতে হি যোগাঃ সেনায়াঃ প্রশস্তাঃ পরবাধনে॥
জলবাংস্তৃণবান্মার্গঃ সমগম্যঃ প্রশস্যতে।
চারৈঃ সুবিদিতাভ্যাসঃ কুশলৈর্ব্বনগোচরৈঃ॥
ন হ্যরণ্যেন শক্যেত গন্তুং মৃগগণৈরিব।
তস্মাৎ সেনাসু তানেব যোজয়ন্তি জয়ার্থিনঃ॥ ম, শা, ১০০ অ। ১০—১৪৫

১২০। রাজা পররাষ্ট্রে শস্যচ্ছেদন ও দুর্ভিক্ষের সময় পরিত্যাগ না করিয়া, সমরে শত্রুদিগের হিংসা করিবেন। ম, স, ৫ অ। ৬৪।

১২১। যাত্রাকালে চতুষ্পার্শ্ব হইতে ভয়োপলব্ধি হইলে, রাজা দণ্ডব্যূহ রচনা করিয়া যাত্রা করিবেন। পশ্চাদ্ভয়াশঙ্কায় শকটব্যূহ, উভয়পার্শ্ব হইতে আশঙ্কা উপস্থিত হইলে বরাহ ও মকর ব্যূহ, অগ্র-পশ্চাদ্ভয় উপলব্ধি হইলে সূচীব্যূহ রচনা করিয়া যাত্রা করিবেন। রাজা যখন যে দিকে বিপদাশঙ্কা অধিক বুঝিবেন, তখন সেই দিকে আত্মসৈন্য বিস্তার করিবেন এবং সৈন্যদ্বারা পদ্মব্যূহ রচনাপূর্ব্বক তন্মধ্যে গুপ্তভাবে বাস করিবেন। মনু ৭ অ। ১৮৭—১৮৮।

(যুদ্ধের উপযুক্ত স্থান ও সৈন্যসমাবেশ।)

১২২। সৎকুল-সম্ভূত সামর্থ্যবান্ পুরুষ-সৈন্য সম্মুখে থাকিবে এবং আবাসস্থান জলদুর্গ দ্বারা বেষ্টিত ও একমার্গ হইবে, তাহা হইলেই নিকটস্থ শত্রুগণ কোন ক্রমে আক্রমণ করিতে পারিবে না। যে আবাসস্থানের

১২০। কচ্চিল্লবঞ্চ মুষ্টিঞ্চ পররাষ্ট্রে পরন্তপ।
অবিহায় মহারাজ নিহংসি সমরে রিপূন্॥ ম, স, ৫ অ। ৬৪।

১২১। দণ্ডব্যূহেন তন্মার্গং যায়াৎ তু শকটেন বা।
বরাহমকরাভ্যাং বা সূচ্যা বা গরুড়েন বা॥
যতশ্চ ভয়মাশঙ্কেৎ ততো বিস্তারয়েদ্বলম্।
পদ্মেন চৈব ব্যূহেন নিবিশেত সদা স্বয়ম্॥ মনু, ৭ অ। ১৮৭—১৮৮।

১২২। অগ্রতঃ পুরুষানীকং শক্তং চাপি কুলোদ্গতম্।
আবাসস্তোয়বান্ দুর্গঃ পর্য্যাকাশঃ প্রশস্যতে॥
পরেষামুপসর্পাণাং প্রতিষেধস্তথা ভবেৎ।
আকাশাত্তু বনাভ্যাসং মন্যন্তে গুণবত্তরম্॥

নিকটবর্ত্তী ভূমিতে অবকাশ থাকে এবং তাহার নিকটে বন থাকে, সেই স্থানকেই নৃপতিরা অধিক গুণযুক্ত বলিয়া বোধ করেন; অতএব নিজ সৈন্যের নিকটবর্ত্তী তাদৃশ স্থানে বহু-গুণযুক্ত যুদ্ধ-কুশল জনগণকে সংস্থাপন করিবে। নিজ বনের নিকটে পূর্ব্বোক্ত জনগণের অবস্থান, পদাতিদিগের অবতরণ এবং সংগোপন এই সকল কার্য্যই শত্রু-বিঘাতের পরম উপায় বলিয়া জানিবে! এই বিধি অনুসারে যোদ্ধৃগণ সপ্তর্ষিদিগকে পশ্চাৎ করিয়া পর্ব্বতের ন্যায় অচলভাবে যুদ্ধ করিলে দুর্জ্জয় শত্রুদিগকেও জয় করিতে সমর্থ হয়। ম, শা, ১০০ অ। ১৫—১৯।

১২৩। যুদ্ধ-কুশল জনেরা কর্দ্দম-বিহীন, সলিল-শূন্য, অমর্য্যাদ অর্থাৎ সেতু ও প্রাকারাদি সীমাহীন এবং লোষ্ট্র-রহিত অশ্ব ভূমিকে প্রশংসা করিয়া থাকেন। রথ-ভূমি নিষ্পঙ্ক ও গর্ত্তরহিত হইলে এবং হস্তী ও

বহুভিগু'ণজাতৈশ্চ যে যুদ্ধকুশলা জনাঃ।
উপন্যাসো ভবেৎ তত্র বলানাং নাতিদূরতঃ॥
উপন্যাসাবতরণং পদাতীনাঞ্চ গূহনম্।
অথ শত্রুপ্রতীঘাতমাপদর্থং পরায়ণম্॥
সপ্তর্ষীন্ পৃষ্ঠতঃ কৃত্বা যুধ্যেয়ুরচলা ইব।
অনেন বিধিনা শত্রূন্ জিগীষেতাপি দুর্জ্জয়ান্॥ ম, শা, ১০০ অ। ১৫—১৯।

১২৩। অকর্দ্দমামনুদকামমর্য্যাদামলোষ্ট্রকাম্।
অশ্বভূমিং প্রশংসন্তি যে যুদ্ধকুশলা জনাঃ॥
অপঙ্কাগর্ত্তরহিতা রথভূমিঃ প্রশস্যতে।
নীচদ্রুমা মহাকক্ষা সোদকা হস্তিযোধিনাম্॥
বহুদুর্গা মহাকক্ষা বেণুবেত্রসমাকুলা।
পদাতীনাং ক্ষমাভূমিঃ পর্ব্বতোপবনানি চ॥ ম, শা, ১০০ অ। ২১—২৩।

যোদ্ধাদিগের ভূমি নীচবৃক্ষ, মহাকক্ষ ও সলিলসমন্বিত হইলে তাহা প্রশংসনীয় হয়। পদাতিদিগের আবাস ভূমি বহু-দুর্গদ্বারা বেষ্টিত, মহাকক্ষ-সমন্বিত, বেণু ও বেত্রসমূহে সমাকুল এবং পর্ব্বত ও উপবনযুক্ত হইলে, তাহা প্রশংসনীয় হইয়া থাকে। ম, শা, ১০০ অ। ২১—২৩।

১২৪। বৃষ্টিবর্জ্জিত দিবসে বহু পদাতি, রথ ও অশ্ব-সমন্বিত সেনাই দৃঢ় ও প্রশংসনীয় হয়। প্রাবৃট্‌কালে বহুল নাগ ও পদাতিযুক্ত সেনা প্রশংসনীয়; অতএব নৃপতিগণ এই সকল গুণ ও দেশকাল বিবেচনা করিয়া সেনা প্রয়োগ করিবেন। যে নৃপতি এইরূপ বিবেচনা পূর্ব্বক শুভ তিথি ও নক্ষত্রে শুভাশীর্ব্বাদযুক্ত হইয়া সম্যক্‌রূপে সেনানিয়োগ করেন, তিনি নিত্য জয় লাভ করিয়া থাকেন। ম, শা, ১০০অ। ২৪—২৬।

১২৫। যে যে দিকে বায়ু, সূর্য্য ও শুক্র থাকে, তদভিমুখে যুদ্ধ করিলে জয়, পরন্তু ইহারা সকলে এক দিকে না থাকিলে, পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ হইয়া থাকে। ম, শা, ১০০ অ। ২০।

১২৪। পদাতিবহুলা সেনা দৃঢ়া ভবতি ভারত।
রথাশ্ববহুলা সেনা সুদিনেষু প্রশস্যতে।
পদাতিনাগবহুলা প্রাবৃট্‌কালে প্রশস্যতে।
গুণানেতান্ প্রসংখ্যায় দেশকালৌ প্রযোজয়েৎ।
এবং সঞ্চিন্ত্য যো যাতি তিথিনক্ষত্রপূজিতঃ॥
"বিজয়ং লভতে নিত্যং সেনাং সম্যক্ প্রয়োজনম্।" ম, শা, ১০০অ। ২৪—২৬।

১২৫। যতো বায়ুর্যতঃ সূর্য্যো যতঃ শুক্রস্ততো জয়ঃ।
পূর্ব্বং পূর্ব্বং জ্যায় এষাং সন্নিপাতে যুধিষ্ঠির॥ ম, শা, ১০০ অ। ২০।

১২৬। রাজা সমতল ক্ষেত্রে অশ্ব-রথ-সৈন্য দ্বারা; জলে নৌ সৈন্য এবং গজ সৈন্যদ্বারা, বৃক্ষ-তৃণাবৃত ও লতাচ্ছন্ন স্থলে ধনুর্ব্বাণ দ্বারা এবং পরিষ্কৃত স্থানে ঢাল-তরবারি দ্বারা যুদ্ধ করিবেন এবং বিরাট ও কান্যকুব্জোদ্ভব, কুরুক্ষেত্র দেশীয়, মথুরানিবাসী ও অনতি-স্থূল-দীর্ঘাকার অন্যান্য দেশজ সৈন্যসকলকে সর্ব্বাগ্রে সংস্থাপন করিবেন। মনু ৭ অ। ১৯২--১৯৩।

১২৭। শত্রুগণের প্রতিঘাতার্থে অসি-চর্ম্মধারী পুরুষ সৈন্য অগ্রে, শকটসৈন্য পৃষ্ঠে এবং দুর্গস্থিত সৈন্য মধ্যে থাকিবে। আর পুরঃস্থিত যে সকল প্রধান সৈন্য পুরোগামী হইবে, তাহারা পদাতিদিগকে রক্ষা করিবে। যে সমস্ত অপর বলবান্ মনস্বী শূর পুরুষ অগ্রে থাকিতে অভিমত হইবে, তাহারা প্রথমে পদাতিদিগকে বেষ্টন করিয়া থাকিবে। যত্ন সহকারে ভীরু-

১২৬। স্যন্দনাশ্বৈঃ সমে যুধ্যেদনূপে নৌদ্বিপৈস্তথা।
বৃক্ষগুল্মাবৃতে চাপৈরসিচর্ম্মায়ুধৈঃ স্থলে ॥
কুরুক্ষেত্রাংশ্চ মৎস্যাংশ্চ পাঞ্চালান্ শূরসেনজান্।
দীর্ঘান্ লঘুংশ্চৈব নরানগ্রানীকেষু যোধযেৎ ॥ মনু, ৭ অ। ১৯২--১৯৩।

১২৭। অগ্রতঃ পুরুষানীকমসিচর্ম্মবতাং ভবেৎ।
পৃষ্ঠতঃ শকটানীকং কলত্রং মধ্যতস্তথা ॥
পরেষাং প্রতিঘাতার্থং পদাতীনাং চ বৃংহণম্।
অপি তস্মিন্ পুরে বৃদ্ধা ভবেয়ুর্যে পুরোগমাঃ ॥
যে পুরস্তাদভিমতাঃ সত্ত্ববন্তো মনস্বিনঃ।
তে পূর্ব্বমভিবর্ত্তেরংশ্চৈতানেবেতরে জনাঃ ॥
অপি চোদ্ধর্ষণং কার্য্যং ভীরূণামপি যত্নতঃ।
স্কন্ধদর্শনমাত্রাত্তু তিষ্ঠেয়ুর্ব্বা সমীপতঃ ॥

দিগের উৎসাহবর্দ্ধন করিতে হইবে, যেহেতু তাহারা উৎসাহিত হইলে, সকলে দলবদ্ধ হইয়া সমীপে অবস্থান করিবে। সেনাপতি অল্প সৈন্যগণকে সংহত করিয়া শত্রুসকলের সহিত যুদ্ধ করাইবেন এবং তাহাদিগকে ইচ্ছামত বাহুল্যরূপে বিস্তারিত করিবেন; আর অনেকের সহিত অল্প সৈন্যের যুদ্ধ হইলে, তাহাদিগের সূচীমুখ হইয়া যুদ্ধ করা কর্ত্তব্য; অতএব তাহাও করিবেন। নিকৃষ্ট সৈন্য যুদ্ধার্থ প্রযুক্ত হইয়া বাহুযুদ্ধ করিতে থাকিলে, তাহাদের উৎসাহ বর্দ্ধনার্থ সত্য কিংবা মিথ্যা হউক, "আমার অমিত্র-বল আগত হইয়াছে, তোমরা নির্ভয়ে প্রহার কর; শত্রু ভগ্ন হইল" এই কথা বলিয়া আক্রোশ করিবে। বলবান্ ব্যক্তিরা ভৈরব রব করিয়া শত্রুদিগের প্রতি ধাবমান হইবে; ক্ষেড়া, কিলকিলা, ক্রকচ, ও গোবিষাণিক প্রভৃতি শব্দ করিবে এবং অগ্রচর ব্যক্তিগণ দ্বারা ভেরী, মৃদঙ্গ, পণব বাদ্যসকল নিনাদিত করাইবে। ম, শা, ১০০ অ। ৪৩—৫০।

১২৮। প্রশস্তমনা শূরবর-মানবগণের রণাগ্রে নিত্য অবস্থান করা

সংহতান্ যোধয়েদল্পান্ কামং বিস্তারয়েদ্বহূন্।
সূচীমুখমনীকংস্যাদল্পানাং বহুভিঃ সহ ॥
সম্প্রযুক্তে নিকৃষ্টে বা সত্যং বা যদিবাঽনৃতম্।
প্রগৃহ্য বাহূন্ ক্রোশেত ভগ্না ভগ্নাঃ পরে ইতি।
আগতং মে মিত্রবলং প্রহরধ্বমভীতবৎ।
সত্ববন্তোঽভিধাবেয়ুঃ কুর্ব্বন্তো ভৈরবান্ রবান্ ॥
ক্ষ্বেড়াঃ কিলকিলাশব্দাঃ ক্রকচা গোবিষাণিকাঃ।
ভেরীমৃদঙ্গপণবান্নাদয়েয়ুঃ পুরশ্চরান্ ॥ ম, শা, ১০০ অ। ৪৩—৫০

১২৮। "তস্মাদাত্মবতা নিত্যং স্থাতব্যং রণমূর্দ্ধণি ॥"
গজানাং রথিনো মধ্যে রথানামনুসাদিনঃ।
সাদিনামন্তরে স্থাপ্যং পাদাতমপি দংশিতম্ ॥

অবশ্য কর্ত্তব্য। গজের মধ্যে রথী, রথীদিগের মধ্যে সাদী এবং সাদীদিগের মধ্যে পদাতি স্থাপন করিতে হইবে। যে রাজা এইরূপে ব্যূহ রচনা করেন, তিনি শত্রুদিগকে নিত্য জয় করিয়া থাকেন, অতএব রাজাদিগের নিত্য এইরূপ ব্যূহ রচনা করা কর্ত্তব্য। অতিশয় মন্যুশালী (ক্রোধশালী) শূরগণ সাগরক্ষোভকারী মকরের ন্যায়, সুযুদ্ধ দ্বারা শত্রু সৈন্যসকল ক্ষোভিত করিয়া স্বর্গগতি লাভ করিয়া থাকেন। বিষণ্ণ যোদ্ধৃগণকে পরস্পর যথাবৎ ব্যবস্থাপিত করিয়া হর্ষিত করিবে, জিতভূমি রক্ষিত করিবে, আর যাহারা প্রত্যাগমন ভয়ে রণে ভগ্ন হইবে, স্বীয় সেনা সকলকে তাহাদিগের প্রতি অতিশয় অনুসরণ করাইবে না। জীবিতাশা-শূন্য প্রত্যাগত শূরগণের বেগ অতিদুঃসহ, অতএব তাহাদিগের অত্যন্ত অনুসরণ করা অকর্ত্তব্য। শূরগণ অতিশয় পলায়মান পুরুষদিগকে প্রহার করিতে ইচ্ছা করেন না, অতএব স্বীয় সৈন্যগণকে তাহাদিগের প্রতি অতিশয় অনুসরণ করাইবে না। ম, শা, ৯৯ অ। ৮—১৪।

য এবং ব্যূহতে রাজা স নিত্যং জয়তি দ্বিষঃ।
তস্মাদেবং বিধাতব্যং নিত্যমেব যুধিষ্ঠির॥
সর্ব্বে স্বর্গতিমিচ্ছন্তি সুযুদ্ধেনাতিমন্যবঃ।
ক্ষোভয়েয়ুরনীকানি সাগরং মকরা যথা॥
হর্ষয়েয়ুর্ব্বিষাণাংশ্চ ব্যবস্থাপ্য পরস্পরম্।
জিতাং চ ভূমিং রক্ষেত ভগ্নান্নাত্যনুসারয়েৎ॥
পুনরাবর্ত্তমানানাং নিরাশানাং চ জীবিতে।
বেগঃ সুদুঃসহো রাজংস্তস্মান্নাত্যনুসারয়েৎ॥
ন হি প্রহর্ত্তুমিচ্ছন্তি শূরাঃ প্রদ্রবতো ভৃশম্।
তস্মাৎ পলায়মানানাং কুর্য্যান্নাত্যনুসারণম্॥ ম, শা, ৯৯ অ। ৮—১৪।

১২৯। সৈন্যসংখ্যা অল্প হইলে সংহতভাবে, বহু হইলে বিস্তৃতভাবে সেনা সন্নিবেশপূর্ব্বক সূচীব্যূহ বা বজ্রব্যূহ রচনা করিয়া রাজার যুদ্ধ করা কর্ত্তব্য। মনু ৭ অ। ১৯১।

১৩০। পূর্ব্বোক্ত বিধানানুসারে সৈন্য রচনা করিয়া "সম্মুখ যুদ্ধে মৃত্যু বা জয়লাভ উভয়েই স্বর্গলাভ" ইত্যাদি বাক্যে তাহাদের উৎসাহ-বর্দ্ধন ও উক্ত বাক্যে তাহাদের হর্ষ বা ক্রোধোদ্রেক হইতেছে কি না, তাহার পরীক্ষা করণ এবং শত্রুর সহিত কপট ভাবে বা প্রাণপণে যুদ্ধ করিতেছে কি না, তাহা বিশেষ অবগত হওয়া রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ। ১৯৪।

(যুদ্ধে ব্যূহরচনাপ্রণালী।)

এখন যেরূপ যুদ্ধে ব্যূহরচনাদ্বারা সৈন্যসমাবেশ-প্রথা প্রচলিত আছে, প্রাচীন কালেও যুদ্ধে তদ্রূপ ব্যূহরচনার নিয়ম প্রচলিত ছিল; মহাভারতে কুরুক্ষেত্রের যুদ্ধবিবরণ পাঠে তাহা বিশেষরূপে জানিতে পারা যায় মন্বাদি ঋষিগণও যুদ্ধে ব্যূহ রচনার বিধান করিয়াছিলেন, তাহাও মনুসংহিতাদি শাস্ত্রপাঠে অবগত হওয়া যায়। পূর্ব্বকালে সূচীমুখ, বজ্রাখ্য, ক্রৌঞ্চারুণ, গারুড়, অর্দ্ধচন্দ্র, ব্যাল, মকর, শ্যেন, মণ্ডল, সাগর, শৃঙ্গাটক, চক্র, চক্র-শকট, পদ্ম ইত্যাদি নামধেয় বিবিধ প্রকার ব্যূহ রচনা দ্বারা যুদ্ধ-

১২৯। সংহতান্ যোধয়েদল্পান্ কামং বিস্তারয়েদ্বহূন্।
সূচ্যা বজ্রেণ চৈবৈতান্ ব্যূহেন ব্যূহ্য যোধয়েৎ॥ মনু ৭ অ। ১৯১।

১৩০। প্রহর্ষয়েদ্বলং ব্যূহ্য তাংশ্চ সম্যক্ পরীক্ষয়েৎ।
চেষ্টাশ্চৈব বিজানীয়াদরীন্ যোধয়তামপি॥ মনু, ৭ অ। ১৯৪।

কালে সৈন্যসমাবেশ করিয়া নৃপতিগণ যুদ্ধ করিতেন। এক্ষণে যেমন যুদ্ধকালে নৃপতিগণের যুদ্ধকুশল সেনাপতির প্রত্যুৎপন্ন-মতিপ্রভাবে নিত্য নিত্য নূতন নূতন প্রকারে সেনা-ব্যূহ রচনা করা হইয়া থাকে, পূর্ব্বকালেও যে সেরূপ ছিল না তাহা নহে। কুরুক্ষেত্র-যুদ্ধে ভীষ্ম-সেনাপতির দ্বিতীয় ও নবম দিনের যুদ্ধে দ্রোণ-সেনাপতির দ্বিতীয় দিনের যুদ্ধে, কর্ণ-সেনাপতির দ্বিতীয় দিনের যুদ্ধে ও শল্য-সেনাপতির যুদ্ধ দিবসে ঐরূপ নূতন নূতন ব্যূহরচিত হইয়াছিল, ইহা মহাভারত পাঠে জানা যায়। তদ্ভিন্ন নামপ্রসিদ্ধ যে সকল ব্যূহ কুরুক্ষেত্র যুদ্ধে ব্যবহৃত হইয়াছিল, তাহার কতিপয়ের বিবরণ নিম্নে লিখিত হইতেছে। ব্যূহের রচনা-প্রণালী মহাভারতে যেরূপ লিখিত আছে, ঠিক তাহাই লিখিত হইল; পাঠক মনোযোগপূর্ব্বক পাঠ করিলেই সেই সেই ব্যূহ-রচনা-প্রণালী কিরূপ, তাহা বুঝিতে পারিবেন।

ক্রৌঞ্চারুণব্যূহ;—কুরুক্ষেত্র যুদ্ধের দ্বিতীয় দিনে পাণ্ডবপক্ষে সেনাপতি ধৃষ্টদ্যুম্ন এই অভেদ্য মহাব্যূহ রচনা দ্বারা সৈন্যসমাবেশ করিয়াছিলেন। তাহা এইরূপ যথা;—

১৩১। পরে পার্থ যুধিষ্ঠির, সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে পুনর্ব্বার বলিলেন, ধৃষ্টদ্যুম্ন! ক্রৌঞ্চারুণ নামে সর্ব্বশত্রু-সূদন একটী ব্যূহ আছে, যাহা দেবা-

১৩১। "তমব্রবীত্ততঃ পার্থঃ পার্ষতং পৃতনাপতিম্।"
ব্যূহ ক্রৌঞ্চারুণো নাম সর্ব্বশত্রুনিবর্হণঃ।
যং বৃহস্পতিরিন্দ্রায় তদা দেবাসুরেঽব্রবীৎ॥

সুরের যুদ্ধকালে বৃহস্পতি ইন্দ্রকে কহিয়াছিলেন, বিপক্ষ-সৈন্য বিনাশক সেই ক্রৌঞ্চারুণ ব্যূহ যথাবিধানে প্রতিব্যূহিত কর, কৌরব ও অন্যান্য রাজগণ যাহা পূর্ব্বে কখন দেখেন নাই তাহা দেখুন। ম, ভী, ৫০ অ। ৩৯-৪১। ইত্যাদি ··· ··· ··· ·· মহতী সেনাতে সমাবৃত পাঞ্চালরাজ সেই ক্রৌঞ্চারুণ ব্যূহের মস্তক হইলেন। কুন্তিভোজ ও চেদিরাজ এই দুই রাজা উহার চক্ষু হইলেন। দাশেরকগণের সহিত প্রয়াগ, দশার্ণ, অনূপ ও কিরাত দেশীয় রাজগণ উহার গ্রীবা হইলেন। পটচ্চর, হুণ্ড, কৌরবক ও নিষাদপ্রদেশীয় গণের সহিত রাজা যুধিষ্ঠির উহার পৃষ্ঠ হইলেন। ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পঞ্চপুত্র, মহারথ অভিমন্যু ও সাত্যকি ইহারা উহার উভয় পক্ষের মধ্যবর্ত্তী হইলেন। পিশাচ, দরদ, পৌণ্ড্র, কুন্তীবৃষ, মারুত, ধেনুক, তঙ্গণ, পরতঙ্গণ, বাহ্লীক, তিত্তির, চোল ও পাণ্ড্য এই সকল দেশীয় যোদ্ধৃগণ দক্ষিণপক্ষ হইলেন। অগ্নিবৈশ্য, গজতুণ্ড, মলদ,

তং যথাবৎ প্রতিব্যূহং পরানীকবিনাশনম্।
অদৃষ্টপূর্ব্বং রাজানঃ পশ্যন্তু কুরুভিঃ সহ ॥ ইত্যাদি। ম, ভী, ৫০ অ। ৩৯—৪১।
"শিরোঽভূদ্দ্রুপদো রাজা মহত্যা সেনয়া বৃতঃ ॥"
কুন্তিভোজশ্চ চৈদ্যশ্চ চক্ষুর্ভ্যাং তৌ জনেশ্বরৌ।
দশার্ণকাঃ প্রভদ্রাশ্চ দাসেরকগণৈঃ সহ ॥
অনূপকাঃ কিরাতাশ্চ গ্রীবায়াং ভরতর্ষভ।
পটচ্চরৈশ্চ পৌণ্ড্রৈশ্চ রাজন্ পৌরবকৈস্তথা ॥
নিষাদৈঃ সহিতশ্চাপি পৃষ্ঠমাসীদ্যুধিষ্ঠিরঃ।
পক্ষৌ তু ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
পিশাচা দারদাশ্চৈব পুণ্ড্রাঃ কুন্তীবিষৈঃ সহ ॥

দাশকারী, শবর, কুন্তল, বৎস ও নাকুলদেশীয় যোধগণের সহিত নকুল ও সহদেব বামপক্ষ আশ্রয় করিলেন। পক্ষ ভাগে, অযুত, শিরোভাগে নিযুত পৃষ্ঠভাগে এক অর্ব্বুদ বিংশতি সহস্র এবং গ্রীবাভাগে এক নিযুত সপ্ততি সহস্র রথ থাকিল। পক্ষ কোটি, প্রপক্ষ ও পক্ষান্তে চলন্ত পর্ব্বতের ন্যায় বারণগণ পরিবৃত হইয়া রহিল। কেকয়গণের সহিত বিরাট এবং তিন অযুত রথের সহিত কাশীরাজ ও শৈব্য উহার জঘনদেশ রক্ষা করিতে লাগিলেন। ম, ভী, ৫০ অ। ৪৬—৫৭।

গারুড় ব্যূহ ;—কুরুক্ষেত্রযুদ্ধের তৃতীয় দিবসে সেনাপতি শান্তনুনন্দন ভীষ্ম এই মহাব্যূহ রচনা করিয়াছিলেন ; তাহা এইরূপ যথা ;—

মারুতা ধেনুকাশ্চৈব তঙ্গণাঃ পরতঙ্গণাঃ।
বাহ্লিকাস্তিত্তিরাশ্চৈব চোলাঃ পাণ্ড্যাশ্চ ভারত॥
এতে জনপদা রাজন্ দক্ষিণং পক্ষমাশ্রিতাঃ।
অগ্নিবেশাস্তু হুণ্ডাশ্চ মালবা দানভারয়ঃ॥
শবরা উদ্ভসাশ্চৈব বৎসাশ্চ সহ নাকুলৈঃ।
নকুলঃ সহদেবশ্চ বামং পক্ষং সমাশ্রিতাঃ॥
রথানামযুতং পক্ষৌ শিরস্তু নিযুতং তথা।
পৃষ্ঠমর্ব্বুদমেবাসীৎ সহস্রাণি চ বিংশতি॥
গ্রীবায়াং নিযুতং চাপি সহস্রাণি চ সপ্ততিঃ।
পক্ষকোটিপ্রপক্ষেষু পক্ষান্তেষু চ বারণাঃ॥
জগ্মুঃ পরিবৃতা রাজংশ্চলন্ত ইব পর্ব্বতাঃ।
জঘনং পালয়ামাস বিরাটসহ কেকয়ৈঃ॥
কাশিরাজশ্চ শৈব্যশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
এবমেনং মহাব্যূহং বূহ্য ভারত পাণ্ডবাঃ॥ ম, ভী, ৫০ অ। ৪৬—৫৭।

১৩২। কুরুপিতামহ বৃদ্ধ ভীষ্ম আপনার পুত্রদিগের জয়াকাঙ্ক্ষী হইয়া সেই গারুড় নামক মহাব্যূহ করিলেন। সেই গারুড়ব্যূহের তুণ্ডস্থলে দেবব্রত স্বয়ং থাকিলেন। চক্ষুর্দ্বয়ে দ্রোণ ও সাত্বতকৃতবর্ম্মা রহিলেন। সমবেত ত্রিগর্ত্ত, মৎস্য, কৈকেয় ও বাটধান দেশীয়গণের সহিত অশ্বত্থামা ও কৃপাচার্য্য এই দুই যশস্বী উহার শিরঃস্থলে অবস্থিত হইলেন। ভূরিশ্রবা শল, শল্য, ভগদত্ত ও জয়দ্রথ ইহারা মদ্রক, সিন্ধু, সৌবীর ও পঞ্চনদ দেশীয়গণে সমবেত হইয়া উহার গ্রীবাপ্রদেশে সন্নিবেশিত হইলেন। রাজা দুর্য্যোধন অনুগত ও সহোদরগণে পরিবৃত হইয়া উহার পৃষ্ঠদেশ আশ্রয়

১৩২। গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।
পুত্রাণাং তে জয়াকাঙ্ক্ষী ভীষ্মঃ কুরুপিতামহঃ॥
গরুড়স্য স্বয়ং তুণ্ডে পিতা দেবব্রতস্তব।
চক্ষুষী চ ভরদ্বাজঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ॥
অশ্বত্থামা কৃপশ্চৈব শীর্ষমাস্তাং যশস্বিনৌ।
ত্রৈগর্ত্তৈরথ কৈকয়ৈর্বাটধানৈশ্চ সংযুগে॥
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ।
মদ্রকাঃ সিন্ধুসৌবীরাস্তথা পাঞ্চনদাশ্চ যে॥
জয়দ্রথেন সহিতা গ্রীবায়াং সন্নিবেশিতাঃ।
পৃষ্ঠে দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ॥
বিন্দানুবিন্দাবন্ত্যৌ কাম্বোজশ্চ শকৈঃ সহ।
পুচ্ছমাসন্মহারাজ শূরসেনাশ্চ সর্ব্বশঃ॥
মাগধাশ্চ কলিঙ্গাশ্চ দাসেরকগণৈঃ সহ।
দক্ষিণং পক্ষমাসাদ্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ॥
কারূষাশ্চ বিকুঞ্জাশ্চ মুণ্ডাঃ কুণ্ডীবৃষাস্তথা।
বৃহদ্বলেন সহিতা বামং পার্শ্বমবস্থিতাঃ॥ ম, ভা, ৫৬ অ। ২—৯।

করিলেন। অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজ, শক, ও শূরদেশীয় যোধগণ উহার পুচ্ছদেশে অবস্থিত হইলেন। মাগধ,. কালিঙ্গ ও দাসেরকগণ উহার দক্ষিণপক্ষ অবলম্বন করিয়া রহিলেন। কারুষ, বিকুঞ্জ, মুণ্ড ও কুন্তীবৃষগণ বৃহদ্বলের সহিত উহার বামপক্ষ আশ্রয় করিলেন। ম, ভী, ৫৬ অ। ২--৯।

অর্দ্ধচন্দ্রব্যূহ ;—ঐ তৃতীয় দিনের যুদ্ধে উক্ত গারুড়ব্যূহের প্রতিপক্ষে অর্জ্জুন ধৃষ্টদ্যুম্নের সমভিব্যাহারে এই অর্দ্ধচন্দ্রব্যূহ পাণ্ডবপক্ষে রচনা করিয়াছিলেন ; তাহা এইরূপ যথা ;—

১৩৩। পরন্তপ সব্যসাচী বিপক্ষগণের সেইরূপ ব্যূহ সজ্জিত দেখিয়া ধৃষ্টদ্যুম্নের সমভিব্যাহারে ব্যূহ রচনা করিলেন। পাণ্ডবেরা (ভবৎপক্ষীয় গারুড় ব্যূহের প্রতিপক্ষে) অর্দ্ধচন্দ্র নামক অতিদারুণ ব্যূহ রচনা করিলেন। উহার দক্ষিণ অগ্রভাগে নানা শস্ত্রসমূহ-সম্পন্ন নানাদেশীয় নৃপগণে পরিবৃত হইয়া ভীমসেন বিরাজমান হইলেন। তাঁহার পশ্চাৎ মহারথ বিরাট ও দ্রুপদ, তাঁহাদিগের পরেই নীলায়ুধ-সম্পন্ন নীল রাজা, নীলের পর চেদি, কাশী,

১৩৩। ব্যূঢ়ং দৃষ্ট্বা তু তৎসৈন্যং সব্যসাচী পরন্তপঃ।
ধৃষ্টদ্যুম্নেন সহিত প্রত্যব্যূহত সংযুগে॥
অর্দ্ধচন্দ্রেণ ব্যূহেন ব্যূহং তমতিদারুণম্ ;
দক্ষিণং শৃঙ্গমাস্থায় ভীমসেনো ব্যরোচত॥
নানাশস্ত্রৌঘসম্পন্নৈর্নানাদেশ্যৈর্নৃপৈর্বৃতঃ।
তদন্বেব বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ॥
তদনন্তরমেবাসীন্নীলো নীলায়ুধৈঃ সহ।
নীলাদনন্তরশ্চৈব ধৃষ্টকেতুর্মহাবলঃ॥
চেদিকাশিকরূষৈশ্চ পৌরবৈরপি সংবৃতঃ।

করূষ, ও পৌরবগণে সমাবৃত মহারথ ধৃষ্টকেতু অবস্থিত হইলেন। ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, পাঞ্চাল ও প্রভদ্রকগণ মহৎ সৈন্যদলের সহিত উহার মধ্যস্থলে অবস্থিত হইয়া, যুদ্ধ নিমিত্ত প্রতীক্ষা করিতে লাগিলেন। রাজা যুধিষ্ঠিরও গজবাহিনীতে পরিবৃত হইয়া সেই স্থলেই বিরাজিত রহিলেন। তাঁহার পরেই সাত্যকি, দ্রৌপদীয় পঞ্চপুত্র ও অভিমন্যু রহিলেন। তাঁহাদিগের পরেই ইরাবান্, তৎপরে ঘটোৎকচ, তৎপরে মহারথ কেকয়গণ ত্বরাসহকারে যুদ্ধার্থ সজ্জিত হইয়া রহিলেন। তাঁহাদিগের পরেই বাম অগ্রভাগে সকল জগতের রক্ষক জনার্দ্দন যাঁহার রক্ষক সেই মানবেন্দ্র ধনঞ্জয় অবস্থিত হইলেন। ম, ভী. ৫৬ অ। ১০—১৮।

শ্যেনব্যূহ ;—কুরুক্ষেত্রযুদ্ধের পঞ্চমদিবসে কৌরবপক্ষে সেনাপতি ভীষ্ম মকরব্যূহ রচনা করিলে, পাণ্ডবপক্ষে এই শ্যেন ব্যূহ রচিত হইয়াছিল ; তাহা এইরূপ যথা ;—

ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ ॥
মধ্যে সৈন্যস্য মহতঃ স্থিতা যুদ্ধায় ভারত। ।
তত্রৈব ধর্ম্মরাজোঽপি গজানীকেন সংবৃতঃ ॥
ততস্তু সাত্যকী রাজন্ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
অভিমন্যুস্ততঃ শূর ইরাবাংশ্চ ততঃপরম্ ॥
ভৈমসেনিস্ততো রাজন্ কেকয়াশ্চ মহারথাঃ।
ততোঽভূদ্দ্বিপদাং শ্রেষ্ঠো বামং পার্শ্বমুপাশ্রিতঃ ॥
সর্ব্বস্য জগতো গোপ্তা গোপ্তা যস্য জনার্দ্দনঃ।
এবমেতং মহাব্যূহং প্রত্যব্যূহন্ত পাণ্ডবাঃ ॥ ম, ভী, ৫৬ অ। ১০—১৮।

১৩৪। যশস্বী পাণ্ডবগণ তাহাদিগকে দেখিয়া শত্রুগণের অজেয় আপনাদিগের মহৎ শ্যেনব্যূহে অবস্থিত হইয়া যুদ্ধার্থ সমুদ্যত হইলেন। এই শ্যেনব্যূহের মুখে মহাবল ভীমসেন, নেত্রে দুর্দ্ধর্ষ শিখণ্ডী ও ধৃষ্টদ্যুম্ন এবং শিরঃপ্রদেশে সত্যবিক্রম সাত্যকি থাকিলেন। পার্থ গাণ্ডীব প্রকম্পন করতঃ উহার গ্রীবাস্থলে রহিলেন। মহাত্মা পাঞ্চালরাজ শ্রীমান্ দ্রুপদ-পুত্রগণও এক অক্ষৌহিণী সেনাসহ উহার বামপক্ষে অবস্থিত হইলেন। অক্ষৌহিণীপতি কৈকেয়রাজ উহার দক্ষিণপক্ষে অবস্থিত রহিলেন। দ্রৌপদীপুত্রেরা ও বীর্য্যবান্ অভিমন্যু উহার পৃষ্ঠরক্ষক হইলেন এবং চারুবিক্রম বীর রাজা যুধিষ্ঠির স্বয়ং যমজ দুইভ্রাতার সহিত তাঁহাদিগের পশ্চাৎ অবস্থিতি করিলেন। মা, ভী, ৬৯ অ। ৭—১২।

১৩৪। তান্ দৃষ্ট্বা প্রোদ্যতাঃ সংখ্যে পাণ্ডবাশ্চ যশস্বিনঃ।
শ্যেনেন ব্যূহরাজেন তেনাজয্যেন সংযুগে॥
অশোভত মুখে তস্য ভীমসেনো মহাবলঃ।
নেত্রে শিখণ্ডী দুর্দ্ধর্ষো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ॥
শীর্ষং তস্যাভবদ্বীরঃ সাতকিঃ সত্যবিক্রমঃ।
বিধুন্বন্ গাণ্ডীবং পার্থো গ্রীবায়ামভবত্তদা॥
অক্ষৌহিণ্যা সমং তত্র বামপক্ষোঽভবত্তদা।
মহাত্মা দ্রুপদঃ শ্রীমান্ সহ পুত্রেণ সংযুগে॥
দক্ষিণশ্চাভবৎ পক্ষঃ কৈকেয়োঽক্ষৌহিণীপতিঃ।
পৃষ্ঠতো দ্রৌপদেয়াশ্চ সৌভদ্রশ্চাপি বীর্য্যবান্॥
পৃষ্ঠে সমভবচ্ছ্রীমান্ স্বয়ং রাজা যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভ্যাং সহিতো বীরো যমাভ্যাং চারুবিক্রমঃ॥ ম, ভী, ৬৯ অ। ৭—১২।

মকরব্যূহ ;—কুরুক্ষেত্র যুদ্ধের ষষ্ঠদিবসে যুধিষ্ঠিরকর্ত্তৃক আদিষ্ট হইয়া ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবপক্ষে যেরূপ মকরব্যূহ রচনা করিয়াছিলেন তাহা এইরূপ যথা ;—

১৩৫। রাজা যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্নকে কহিলেন, হে মহাবাহো! শত্রু-তাপপ্রদ মকরব্যূহ নির্ম্মাণ কর। রথি-প্রধান ধৃষ্টদ্যুম্ন রাজা যুধিষ্ঠিরের এইরূপ আদেশানুসারে—সমস্ত রথীদিগকে মকরব্যূহ নির্ম্মাণের অনুমতি করিলেন। ধনঞ্জয় ও দ্রুপদ তাহার মস্তক, নকুল ও সহদেব তাহার দুই

১৩৫। ততো যুধিষ্ঠিরো রাজা ধৃষ্টদ্যুম্নমভাষত।
ব্যূহং ব্যূহ মহাবাহো মকরং শত্রুনাশনম্॥
এবমুক্তস্তু পার্থেন ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
ব্যাদিদেশ মহারাজ রথিনো রথিনাং বরঃ॥
শিরোভূদ্দ্রুপদস্তস্য পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ।
চক্ষুষী সহদেবশ্চ নকুলশ্চ মহারথঃ॥
তুণ্ডমাসীন্মহারাজ ভীমসেনো মহাবলঃ।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ॥
সাত্যকি ধর্ম্মরাজশ্চ ব্যূহগ্রীবাং সমাস্থিতাঃ।
পৃষ্ঠমাসীন্মহারাজ বিরাটো বাহিনীপতিঃ॥
ধৃষ্টদ্যুম্নেন সহিতো মহত্যা সেনয়াবৃতঃ।
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ বামং পক্ষং সমাশ্রিতাঃ॥
ধৃষ্টকেতুর্নরব্যাঘ্রশ্চেকিতানশ্চ বীর্য্যবান্।
দক্ষিণং পক্ষমাশ্রিত্য স্থিতা ব্যূহস্য রক্ষণে॥
পাদয়োস্তু মহারাজ স্থিতঃ শ্রীমান্ মহারথঃ।
কুন্তিভোজঃ শতানীকো মহত্যা সেনয়াবৃতঃ॥
শিখণ্ডী তু মহেষ্বাসঃ সোমকৈঃ সংবৃতোবলী।
ইরাবাংশ্চ নৃপঃ পুচ্ছে মকরস্য ব্যবস্থিতৌ॥ ম, ভী, ৭৫ অ। ৪—১২।

চক্ষু, মহাবল ভীমসেন তাহার তুণ্ড, সুভদ্রা ও দ্রৌপদীর পুত্রেরা, রাক্ষস ঘটোৎকচ, সাত্যকি ও ধর্ম্মরাজ তাহার গ্রীবা, বাহিনীপতি বিরাট মহতী সেনা সমবেত ধৃষ্টদ্যুম্নের সহিত তাহার পৃষ্ঠ; কৈকেয় দেশীয় ভূপতি পঞ্চ-ভ্রাতা তাহার বাম পক্ষ, মহারথ শ্রীমান্ কুন্তিভোজ ও শতানীক মহতী সেনায় সমাবৃত হইয়া তাহার পদদ্বয় এবং সোমকগণসংবৃত মহাধনুর্দ্ধর বলবান্ শিখণ্ডী ও রাজা ইরাবান্ তাহার পুচ্ছ প্রদেশে অবস্থিত হইলেন। ম, ভী, ৭৫ অ। ৪—১২;

ঐ ষষ্ঠ দিবসে কৌরবপক্ষে উক্ত মকরব্যূহের প্রতিপক্ষে ক্রৌঞ্চব্যূহ রচিত হইয়াছিল। ম, ভী, ৭৫ অ।

সাগরব্যূহ;—কুরুক্ষেত্র যুদ্ধে অষ্টম দিবসে ভীষ্মদেব কৌরব-পক্ষে এই ব্যূহ রচনা করিয়াছিলেন, তাহা এইরূপ যথা;—

১৩৬। হে নরাধিপ আপনার পিতা শান্তনুপুত্র ভীষ্ম বাহনরূপ তরঙ্গযুক্ত সাগরসদৃশ ঘোর ব্যূহ রচনা করিয়াছিলেন। ভীষ্ম সর্ব্বসৈন্যময় সেই ব্যূহের অগ্রে মালব, দাক্ষিণাত্য ও আবন্ত্যগণে সমন্বিত হইয়া গমন করিলেন। তাঁহার পশ্চাৎ প্রতাপশালী দ্রোণ পুলিন্দ, পারদ, ক্ষুদ্রক ও মালবগণের সহিত যাত্রা করিলেন। তাঁহার পশ্চাৎ প্রবল-প্রতাপ ভগদত্ত যত্নপরায়ণ হইয়া মগধ, কালিঙ্গ ও পিশাচগণে পরিবৃত হইয়া যুদ্ধে গমন করিলেন। তাঁহার পশ্চাৎ কোশলপতি বৃহদ্বল মেকল, ত্রৈপুর ও চিলুকগণে সম-

---

১৩৬। ভীষ্ম কৃত্বা মহাব্যূহং পিতা তব বিশাম্পতে।
সাগরপ্রতিমং ঘোরং বাহনোর্ম্মিতরঙ্গিণম্॥
অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং ভীষ্মঃ শান্তনবো যযৌ।
মালবৈর্দ্দাক্ষিণাত্যৈশ্চ আবন্ত্যৈশ্চ সমন্বিতঃ॥
ততোঽনন্তরমেবাসীদ্ভারদ্বাজঃ প্রতাপবান্।
কুলিন্দৈঃ পারদৈশ্চৈব তথা ক্ষুদ্রকমালবৈঃ॥

ন্বিত হইয়া যুদ্ধার্থ প্রস্থান করিলেন। বৃহদ্বলের পশ্চাৎ প্রস্থলাধিপতি ত্রিগর্ত্ত বহু কাম্বোজ ও সহস্র প্রবরগণের সহিত প্রস্থিত হইলেন। তাঁহার পশ্চাৎ দ্রোণপুত্র বেগশীল শূর অশ্বত্থামা সিংহনাদে ধরাতল নিনাদিত করতঃ প্রয়াণ করিলেন। তাঁহার পশ্চাৎ রাজা দুর্য্যোধন সোদরগণে পরিবৃত হইয়া সমুদায় সৈন্যের সহিত যুদ্ধে যাত্রা করিলেন। তাঁহার পশ্চাৎ শারদ্বত কৃপ যুদ্ধে প্রয়াত হইলেন। ম, ভী, ৮৭অ। ৫—১৩।

শৃঙ্গাটকব্যূহ ;—উক্ত অষ্টম দিবসের যুদ্ধে ঐ সাগরব্যূহের প্রতিপক্ষে যুধিষ্ঠিরকর্ত্তৃক আদিষ্ট হইয়া ধৃষ্টদ্যুম্ন এই শৃঙ্গাটক * ব্যূহ রচনা করিয়াছিলেন, তাহা এইরূপ যথা ;—

দ্রোণাদনন্তরং যত্তো ভগদত্তঃ প্রতাপবান্।
মগধৈশ্চ কলিঙ্গৈশ্চ পিশাচৈশ্চ বিশাম্পতে॥
প্রাগ্জ্যোতিষাদনু নৃপঃ কৌশল্যোঽথবৃহদ্বলঃ।
মেকলৈঃ কুরুবিন্দৈশ্চ ত্রৈপুরৈশ্চ সমন্বিতঃ॥
বৃহদ্বলস্ততঃ শূরস্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ।
কাম্বোজৈর্ব্বহুভিঃ সার্দ্ধং প্রবরৈশ্চ সহস্রশঃ॥
দ্রৌণিস্তু রভসঃ শূরস্ত্রিগর্ত্তাদনু ভারত।
প্রযযৌ সিংহনাদেন নাদয়ানো ধরাতলম্॥
তথা সর্ব্বেণ সৈন্যেন রাজা দুর্য্যোধনস্তদা।
দ্রোণেরনন্তরং প্রায়াৎ সোদরৈঃ পরিবারিতঃ।
দুর্য্যোধনাদনু ততঃ কৃপঃ শারদ্বতো যযৌ।
এবমেষ মহাব্যূহঃ প্রযযৌ সাগরোপমঃ॥ ম, ভী, ৮৭ অ॥ ৫—১৩।

---

* শৃঙ্গাটক অর্থাৎ পাণিফল (ইহাকে সিঙ্গেরাও বলে)। সিঙ্গেরার মত ত্রিকোণাকার ব্যূহকে শৃঙ্গাটক ব্যূহ বলে।

১৩৭। মহারাজ! তদনন্তর শূর ধৃষ্টদ্যুম্ন বিপক্ষ ব্যূহ বিনাশন সুদারুণ শৃঙ্গাটক ব্যূহ রচনা করিলেন। মহারথ ভীমসেন ও সাত্যকি অনেক সহস্র রথী, সাদী ও পদাতিগণের সহিত ঐ ব্যূহের উভয় শৃঙ্গস্থলে রহিলেন। নরপ্রধান শ্বেতবাহন কৃষ্ণ-সারথি অর্জ্জুন উহার নাভিপ্রদেশে অবস্থিত হইলেন। রাজা যুধিষ্ঠির ও মাদ্রীপুত্রদ্বয় উহার মধ্যস্থলে অবস্থান করিলেন। ব্যূহশাস্ত্রবিশারদ অন্যান্য মহাধনুর্দ্ধর মহারথগণ ঐ শৃঙ্গাটক ব্যূহের যথাস্থানে অবস্থিত হইয়া উহা পরিপূর্ণ করিলেন। তৎপশ্চাৎ মহারথ অভিমন্যু, বিরাট, দ্রৌপদেয়গণ ও রাক্ষস ঘটোৎকচ অবস্থিত হইলেন। ম, ভী, ৮৭ অ। ১৭—২২।

চক্রব্যূহ ;—কুরুক্ষেত্র যুদ্ধের চতুর্দ্দশ দিবসে দ্রোণ সেনাপতি এই ব্যূহ রচনা করিয়াছিলেন। অর্জ্জুনপুত্র অভিমন্যু যুধিষ্ঠির-কর্ত্তৃক আদিষ্ট হইয়া এই ব্যূহভেদ করিয়া প্রবিষ্ট হন, কিন্তু

১৩৭। ততঃ স পার্ষতঃ শূরো ব্যূহং চক্রে সুদারুণম্।
শৃঙ্গাটকং মহারাজ পরব্যূহবিনাশনম্॥
শৃঙ্গাভ্যাং ভীমসেনশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
রথৈরনেকসাহস্রৈস্তথা হয়পদাতিভিঃ॥
নাভ্যামভূন্নরশ্রেষ্ঠঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
মধ্যে যুধিষ্ঠিরো রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ॥
তথেতরে মহেষ্বাসাঃ সহসৈন্যা মহারথাঃ।
ব্যূহং তং পূরয়ামাসুর্ব্যূহশাস্ত্রবিশারদাঃ॥
অভিমন্যুস্ততঃ পশ্চাদ্বিরাটশ্চ মহারথঃ।
দ্রৌপদেয়াশ্চ সংহৃষ্টা রাক্ষসশ্চ ঘটোৎকচঃ॥
এবমেতন্মহাব্যূহং ব্যূহ্য ভারত পাণ্ডবাঃ।
অতিষ্ঠন্ সমরে শূরা যোদ্ধুকামা জয়ৈষিণঃ॥ ম, ভী, ৮৭ অ। ১৭—২২।

নির্গমনোপায় পিতৃসমীপে শিক্ষা লাভ করেন নাই, একারণ ব্যূহ-প্রবিষ্ট অভিমন্যু সপ্তরথীকর্ত্তৃক আক্রান্ত ও পরাজিত হইয়া গতাসু হইয়াছিলেন। ম, দ্রো, ৩৩ অ। ১৩।

চক্রশকটব্যূহ ;—অভিমন্যু বধের পর অর্জ্জুন জয়দ্রথ বধের প্রতিজ্ঞা করিলে, দ্রোণ সেনাপতি জয়দ্রথ-রক্ষার্থে এই চক্রশকট ব্যূহ রচনা করিয়াছিলেন, অবশেষে অর্জ্জুনকর্ত্তৃক জয়দ্রথের মস্তকচ্ছিন্ন ও সমস্তপঞ্চকে তদীয় পিতৃক্রোড়ে নিক্ষিপ্ত হইয়াছিল। সেই চক্রশকটব্যূহ এইরূপ যথা ;—

১৩৮। ভরদ্বাজ পুত্র স্বয়ং যথাস্থানে ব্যবস্থিত রথী, সাদী, গজী ও পদাতি-সমূহ এবং নানা নৃপতি বীরগণ দ্বারা চক্রশকটব্যূহ নির্ম্মাণ করিলেন। ঐ ব্যূহ দৈর্ঘ্যে চতুর্ব্বিংশতি ক্রোশ এবং তাহার পশ্চাতের অর্দ্ধ-ভাগে যে চক্রব্যূহ করিলেন, তাহার বিস্তার দশক্রোশ। সেই দুর্ভেদ্য পদ্মাকার চক্রব্যূহের মধ্যস্থলে সূচীতুল্য গূঢ় এক ব্যূহ প্রস্তুত করিলেন।

১৩৮। দীর্ঘো দ্বাদশগব্যূতিঃ পশ্চার্দ্ধে পঞ্চবিস্তৃতঃ।
ব্যূহ স চক্রশকটো ভারদ্বাজেন নির্ম্মিতঃ॥
নানানৃপতিভির্বীরৈস্তত্র তত্র ব্যবস্থিতৈঃ।
রথাশ্বগজপত্ত্যোঘৈর্দ্রোণেন বিহিতঃ স্বয়ম্॥
পশ্চার্দ্ধে তস্য পদ্মস্তু গর্ভব্যূহ সুদুর্ভিদঃ।
সূচীপদ্মস্য গর্ভস্থো গূঢ়ো ব্যূহঃ কৃতঃ পুনঃ॥
এবমেতং মহাব্যূহং ব্যূহ্য দ্রোণো ব্যবস্থিতঃ।
সূচীমুখে মহেষ্বাসঃ কৃতবর্ম্মা ব্যবস্থিতঃ॥
অনন্তরঞ্চ কাম্বোজো জলসন্ধশ্চ মারিষঃ।
দুর্য্যোধনঃ সহামাত্যস্তদনন্তরমেব চ॥

এইরূপে তিনি মহাব্যূহ সুসজ্জিত করিয়া তাহার অগ্রভাগে থাকিলেন। মহাধনুর্দ্ধর কৃতবর্ম্মা সেই পদ্মগর্ভস্থ সূচীমুখে থাকিলেন। তাহার পর কাম্বোজ ও জলসন্ধ এবং তাহার পর অমাত্যগণের সহিত দুর্য্যোধন অবস্থান করিতে লাগিলেন। তাহার পর যুদ্ধে অনিবর্ত্তী লক্ষ যোদ্ধা থাকিল। সেই সকল শকটব্যূহের মুখরক্ষক যোদ্ধাদিগের পশ্চাদ্‌ভাগে পূর্ব্বোক্ত সূচীতুল্য ব্যূহের পার্শ্বপ্রদেশে মহৎ সৈন্যদলে সমাবৃত হইয়া রাজা জয়দ্রথ অবস্থিত হইলেন। দ্রোণাচার্য্য সেই শকটের মুখে অবস্থান করিলেন। উক্ত কৃতবর্ম্মা তাঁহার পশ্চাতে থাকিয়া তাঁহাকে রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন।

ততঃ শতসহস্রাণি যোধানামনিবর্ত্তিনাম্।
ব্যবস্থিতানি সর্ব্বাণি শকটে মুখরক্ষিণাম্॥
তেষাঞ্চ পৃষ্ঠতো রাজা বলেন মহতাবৃতঃ।
জয়দ্রথস্ততো রাজন্ সূচীপার্শ্বে ব্যবস্থিতঃ॥
শকটস্য তু রাজেন্দ্র ভারদ্বাজো মুখে স্থিতঃ।
অনু তস্যাভবদ্ভোজো জুগোপৈনং ততঃ স্বয়ম্॥
শ্বেতবর্ম্মাম্বরোষ্ণীষো ব্যূঢ়োরস্কো মহাভুজঃ।
ধনুর্ব্বিস্ফারয়ন্ দ্রোণস্তস্থৌ ক্রুদ্ধ ইবান্তকঃ॥
পতাকিনং শোণহয়ং বেদীকৃষ্ণাজিনধ্বজম্।
দ্রোণস্যরথমালোক্য প্রহৃষ্টাঃ কুরবোঽভবন্॥
সিদ্ধচারণ সঙ্ঘানাং বিস্ময়ঃ সুমহানভূৎ।
দ্রোণেন বিহিতং দৃষ্ট্বা ব্যূহং ক্ষুব্ধার্ণবোপমম্॥
সশৈলসাগরবনাং নানাজনপদাকুলাম্।
গ্রসেদ্‌ব্যূহঃ ক্ষিতিং সর্ব্বামিতি ভূতানি মেনিরে॥
বহুরথমনুজাশ্বপত্তিনাগং, প্রতিভয়নিস্বনমদ্ভুতানুরূপম্।
অহিতহৃদয়ভেদনং মহদ্বৈ, শকটমবেক্ষ্য কৃতং ননন্দ রাজা॥ ম, দ্রো, ৮৫ অ। ২১—৩৩।

শ্বেত-বর্ম্ম ও শ্বেত-উষ্ণীষধারী বিশাল-বক্ষা মহাভুজ দ্রোণ ধনুর্বিস্ফারণ করতঃ ক্রুদ্ধ অন্তকের ন্যায় তথায় অবস্থিত হইলেন। কৌরবগণ দ্রোণের রক্তবর্ণ অশ্ব-যোজিত পতাকাসংযুক্তবেদী ও কৃষ্ণাজিন চিহ্নিত ধ্বজ সমন্বিত রথ অবলোকন করিয়া সাতিশয় হর্ষান্বিত হইলেন। সিদ্ধচারণগণ দ্রোণ-রচিত ক্ষুব্ধ-সমুদ্রসদৃশ ব্যূহ দেখিয়া মহাবিস্ময়ান্বিত হইলেন। প্রাণী সকল ঐ ব্যূহ দেখিয়া বিবেচনা করিলেন, এই অদ্ভুত সৈন্যব্যূহ নানা জনপদ সমাকুলা শৈলসাগর ও অরণ্যসংযুক্তা সমস্ত পৃথিবীকে গ্রাস করিতে পারে। রাজা দুর্য্যোধন বহু রথ, মনুষ্য, অশ্ব, হস্তী ও পদাতি-বিশিষ্ট, প্রতিপক্ষের ভয়জনক অদ্ভুতাকার শত্রু-হৃদয়-ভেদক সজ্জিত সেই মহৎ শকটব্যূহ দেখিয়া আনন্দিত হইলেন। ম, দ্রো, ৮৫ অ। ২১—৩৩।

(ব্যূহ বিষয়ে শাস্ত্রবিহিত কতিপয় নিয়ম)

যুদ্ধের ব্যূহ বিষয়ে শাস্ত্রকারেরা বিশেষ বিশেষ নিয়ম লিপিবদ্ধ করিয়াছেন। স্থূলতঃ শাস্ত্রের তাৎপর্য্যার্থ হইতে কয়েকটী নিয়ম নিম্নে লিখিত হইল ;—

(ক) নীতিসার ও নীতিময়ূখ গ্রন্থে লিখিত আছে যে, ব্যূহের সর্ব্বাগ্রভাগে নায়ক অর্থাৎ সেনাপতি অবস্থান করিবেন, অন্যান্য বীরপুরুষ তাঁহাকে বেষ্টন করিয়া যুদ্ধ করিবেন। পরন্তু তাঁহারা সকলেই সেনাপতির রক্ষণাবেক্ষণ কার্য্যে নিযুক্ত থাকিবেন। স্ত্রীলোক, কোষ অর্থাৎ ধনাগার, রাজা, আর ফল্গুসৈন্য অর্থাৎ খাদ্যদ্রব্যাদি ও তদ্রক্ষক, ইহাদিগকে ব্যূহের মধ্যস্থলে সংরক্ষণ করা কর্ত্তব্য।

(খ) হস্তীসৈন্য, অশ্বারোহী, রথারোহী ও পদাতি সৈন্য—এই চতুর্ব্বিধ সৈন্যই ব্যূহে বিন্যস্ত হয়। পরন্তু যে কোন প্রকার ব্যূহ রচিত হউক সমুদায় ব্যূহেই উক্ত সৈন্য স্থাপনের এক সাধারণ বিধি এই যে,

ব্যূহের উভয় পার্শ্বে অশ্বারোহী ও অশ্বারোহীর পার্শ্বে রথারোহী থাকিবেক। রথের পার্শ্বে হস্ত্যারোহী এবং হস্তীর পার্শ্বে পদাতি সৈন্য থাকিবেক।

(গ) নীতিময়ূখকার বলেন, প্রত্যেক বূহে দুই দুই সেনাপতি থাকে। একজন অগ্রণী এবং অন্যজন পশ্চান্নায়ক। ইহাদের একজন অর্থাৎ যিনি অগ্রণী তিনি সম্মুখ ও অন্যজন অর্থাৎ যিনি পশ্চান্নায়ক তিনি পশ্চাদ্ভাগ রক্ষা করিয়া থাকেন।

(ঘ) অগ্নি পুরাণীয় রণদীক্ষা অধ্যায়ে উপদেশ আছে যে, রাজা এককালে—সমস্ত সৈন্য ব্যূহে নিয়োজিত করিবেন না। পাঁচ ভাগ করিয়া দুইভাগ পক্ষে, দুইভাগ অনুপক্ষে এবং অবশিষ্ট একভাগ লুক্কায়িত রাখিবেন। আবশ্যক বিবেচনা করিয়া, কার্য্য সঙ্কট বুঝিয়া, হয় একভাগ, না হয় দুইভাগ দ্বারা যুদ্ধ করিবেন। অন্য তিন ভাগ তাহাদের রক্ষার্থে স্থাপন করিবেন। যিনি রাজা তিনি যদি স্বয়ং সৈন্যাপত্যে অবস্থিত না থাকেন, তবে তিনি কদাচ যুদ্ধ ক্ষেত্রে থাকিবেন না, অন্যূন এক ক্রোশ দূরে রক্ষিবর্গে পরিবৃত হইয়া পলায়মান যোদ্ধাদিগকে আশ্বাসদানার্থ থাকিবেন। যুদ্ধকালে যদি প্রধান সেনাপতি রণে ভঙ্গ দেয়, তবে আর কাহারও রণে থাকা উচিত নহে, সকলেরই আত্মরক্ষার্থ পলায়মান হওয়া উচিত।

(ঙ) অগ্নিপুরাণীয়—শ্লোকের তাৎপর্য্যার্থ এই যে, ব্যূহমধ্যে যোদ্ধাদিগকে সংহত (অত্যন্ত একত্রিত) করিবেক না। বিরল অর্থাৎ অত্যন্ত ফাঁক থাকিতেও দিবে না। অস্ত্র সঞ্চালনের ব্যাঘাত না হয়,—অস্ত্রে অস্ত্রে ঠেকাঠেকি না হয়, এরূপভাবে যোদ্ধাদিগকে পরিচালন করিবেক।

(চ) যখন পরসৈন্যের বা পরকৃত ব্যূহের ভেদ করিবার ইচ্ছা হইবে বা আবশ্যক হইবে, তখন সংহত হইয়া অর্থাৎ বহুসৈন্য একত্রিত হইয়া ও স্রোতের ন্যায় হইয়া ভেদ করিতে হইবে এবং পরসৈন্য যখন

আপন সৈন্যদিগকে অর্থাৎ আপনার ব্যূহকে ভাঙ্গিবার উপক্রম করিবে, তখনও তাহা সংহত হইয়া রক্ষা করিতে হইবে।

(ছ) এরূপ নিয়মে ব্যূহ করিবে যে, ইচ্ছা করিলে তাহা ভিন্ন ভিন্ন (একটী ভাঙ্গিয়া বহু ব্যূহ) করা যাইতে পারে অথবা পরব্যূহ ভেদ করা যাইতে পারে।

(জ) ব্যূহরচনার জন্য বাদ্য অথবা ভাষার সঙ্কেত কল্পনা করিবেক। (অমুক প্রকার বাদ্য বাদিত হইলে অমুক ব্যূহ হইবেক) অথবা (অমুক শব্দ উচ্চারিত হইলে অমুক ব্যূহ করিতে হইবেক ইত্যাদি)। সেই সাঙ্কেতিক বাদ্য অথবা সাঙ্কেতিক ভাষা কেবল স্বীয় সৈন্যেরাই জ্ঞাত থাকিবেক; তাহা অন্য কেহ জানিতে না পারে, এরূপ নিয়ম করিবেক।

(ঝ) রাজা কিম্বা রাজ-প্রতিনিধি ব্যূহসঙ্কেত সকল উচ্চরবে শুনাইবেন। ব্যূহের বামভাগে অথবা দক্ষিণভাগে এবং সময় বিশেষে মধ্যস্থলে থাকিয়া এরূপ উচ্চরবে সাঙ্কেতিক শব্দ করিবেন, যেন ব্যূহস্থ সমস্ত সৈনিকই শুনিতে পায়।

(ঞ) সৈনিকগণ সেই সেই সঙ্কেত ধ্বনি বা সাঙ্কেতিক ভাষা শুনিয়া শিক্ষা কালে যেরূপ উপদেশ পাইয়াছিলেন, ঠিক সেইরূপ কার্য্য করিবেন। সম্মীলন, প্রসরণ. প্রভ্রমণ, আকুঞ্চন, যান, প্রয়াণ, অপযান, পর্য্যায়ক্রমে সাম্মুখ্য, সমুত্থান, লুণ্ঠন, অষ্টদলাকারে অবস্থান, অথবা চক্রাকারে বেষ্টন, সূচীতুল্য, শকটাকার, অর্দ্ধচন্দ্রাকার, পৃথক্ ভবন (পংক্তি ছাড়া হওয়া) অল্পে অল্পে ও পর্য্যায়ক্রমে পঙ্‌ক্তি প্রবেশ, ভিন্ন প্রকারে অস্ত্রশস্ত্রাদির ধারণ, সন্ধান, লক্ষ্যভেদ, অস্ত্রক্ষেপ, শস্ত্রনিপাত, শীঘ্র সন্ধান, শীঘ্র অস্ত্রাদি গ্রহণ, শীঘ্র অস্ত্র নিপাত, শীঘ্র অস্ত্রক্ষেপ, শীঘ্র আত্মরক্ষা অথবা আপনাকে লুক্কায়িত করা, অস্ত্রের দ্বারা, শস্ত্রের দ্বারা অথবা পাদ সঞ্চার দ্বারা আত্মরক্ষা ও পরকীয় সৈন্যের বা প্রহরীর প্রতিঘাত করা, দুই দুই জনে,

তিন তিন জনে কিংবা চারি চারি জনে একাত্রত হইয়া পঙ্‌ক্তিক্রমে গমন করা, পিছু হাঁটা, সম্মুখদিকে বা সম্মুখভাবে পলায়ন করা, পশ্চাদ্ভাগে সৈনিকগণের সঙ্কেত অনুসারে পলায়ন করা, অথবা শত্রুর দিকে ধাবিত হওয়া ইত্যাদি বহুবিধ কার্য্য পূর্ব্বশিক্ষা অনুসারেই করিবেন, অন্যথাচরণ করিবেন না।

(ট) ব্যূহস্থিত সৈনিক অস্ত্রসিদ্ধির নিমিত্ত (অব্যর্থতার নিমিত্ত) উপসরণ অর্থাৎ অগ্রে (সম্মুখে) ধাবিত হইবেন, পশ্চাৎ কিঞ্চিৎ পিছু হাঁটিয়া অস্ত্র পরিত্যাগ করিবেন।

(ঠ) বিক্ষিপ্তাস্ত্র সৈনিক বসিয়া পড়িবেন অথবা পাছু হাঁটিয়া আসিবেন। বিপক্ষকে যখন উপবিষ্ট দেখিবেন, তখনই অমনি তৎসমীপ-বর্ত্তী হইয়া অস্ত্র পরিত্যাগ করিবেন। শুক্রনীতিগ্রন্থে এইরূপ আশ্চর্য্য যুদ্ধকার্য্য সকল বর্ণিত হইয়াছে। অবশেষে কার্য্যসঙ্কট অনুসারে ক্রিয়া পরিবর্ত্তন করিবার উপদেশও প্রদত্ত হইয়াছে। সে সকল ক্রিয়া-কৌশল পর্য্যালোচনা করিলে জ্ঞান হয় যে, ইহা অপেক্ষা গুরুতর ও কঠিন কার্য্য আর নাই। এই কার্য্যে যে কত মনোবল, শারীরবল ও তৎপরতা লাগে তাহা নির্ণয় করা যায় না। এককালে আর্য্যজাতি যুদ্ধবিদ্যায় চরম উন্নতি লাভ করিয়াছিলেন, এখন কেবল আর্য্য-শাস্ত্রই তাহার প্রমাণ।

(যুদ্ধ কার্য্য।)

১৩৯। সমরে অসন্নদ্ধ ক্ষত্রিয়, অকবচী ক্ষত্রিয়ের সহিত যুদ্ধ করিবেন, কেননা এক ব্যক্তি এক জনের সহিত যুদ্ধ করিলে ক্রমশঃ অক্ষম হইয়া

১৩৯। নৈবাসন্নদ্ধকবচো যোদ্ধব্যঃ ক্ষত্রিয়োরণে।
এক একেন বাচ্যশ্চ বিসৃজেতি ক্ষিপামি চ॥

যুদ্ধ পরিত্যাগ করিয়া থাকে। যদি রাজা সন্নদ্ধ হইয়া আগমন করেন, তাহা হইলে সন্নদ্ধ হইবে এবং তিনি সসৈন্যে আগমন করিলে সসৈন্যে তাঁহাকে আহ্বান করিবেন। অপিচ রাজা যদি শঠতা সহকারে যুদ্ধ করেন, তাহা হইলে শঠতা সহকারে প্রতিযুদ্ধ করিবেন এবং ধর্ম্মযুদ্ধ করিলে, ধর্ম্ম-যুদ্ধ দ্বারাই তাঁহাকে নিবারণ করিবেন। অশ্বারূঢ়, রথীর নিকট গমন করিবে না, রথারূঢ় হইয়াই রথীর নিকট যাইবে এবং ব্যসনার্ত্ত, ভীত ও পরাজিত ব্যক্তিকে প্রহার করিবে না। ম, শা, ৯৫ অ। ৭—১০।

১৪০। যুদ্ধকালে নিষ্প্রাণ, অনপত্য, ভগ্ন-শস্ত্র, বিপন্ন এবং হতবাহন ব্যক্তিকে কোন প্রকারে অভিহত করিবে না; প্রত্যুত তাহারা স্বীয় গৃহে ও স্বীয় রাষ্ট্রে উপস্থিত হইলে, তাহাদের চিকিৎসা করিবে। সাধুদিগের মধ্যে যদি কোন সাধু ভেদবশতঃ ব্যসনাপন্ন হন, তাহা হইলে তাঁহাকে ক্ষত না করিয়া মুক্ত করিতে হইবে, ইহাই রাজাদিগের সনাতন ধর্ম্ম।

স চেৎ সন্নদ্ধ আগচ্ছেৎ সন্নদ্ধব্যং ততোভবেৎ।
স চেৎ সসৈন্য আগচ্ছেৎ সসৈন্যস্তমথাহ্বয়েৎ॥
স চেন্নিকৃত্যা যুদ্ধেত নিকৃত্যা প্রতিযোধয়েৎ।
অথচেদ্ধর্ম্মতো যুদ্ধেদ্ধর্ম্মেণৈব নিবারয়েৎ॥
নাশ্বেন রথিনং যায়াদুদিয়াদ্রথিনং রথী।
ব্যসনেন প্রহর্ত্তব্যং ন ভীতায় জিতায় চ॥ ম, শা, ৯৫ অ। ৭—১০।

১৪০। সাধুনাং তু যদা ভেদাৎ সাধুশ্চেদ্ব্যসনী ভবেৎ।
নিষ্প্রাণো নাভিহন্তব্যো নানপত্যঃ কথঞ্চন॥
ভগ্নশস্ত্রো বিপন্নশ্চ কৃত্তজ্যো হতবাহনঃ।
চিকিৎস্যঃ স্যাৎ স্ববিষয়ে প্রাপ্যো বা স্বগৃহে ভবেৎ॥
নির্ব্রণশ্চ স মোক্তব্য এষ ধর্ম্মঃ সনাতনঃ।
তস্মাদ্ধর্ম্মেণ যোদ্ধব্যমিতি স্বায়ম্ভুবোঽব্রবীৎ॥ ম, শা, ৯৫ অ। ১২—১৪।

তজ্জন্য স্বয়ম্ভুপুত্র মনু কহিয়াছেন যে, সাধু সকলের সহিত ধর্ম্মযুদ্ধ করাই কর্ত্তব্য ; সাধুদিগের সনাতন ধর্ম্ম অবলম্বন করা উচিত, কদাচ তাহা নষ্ট করা কর্ত্তব্য নহে। ম, শা, ৯৫ অ। ১২—১৪।

১৪১। উভয়পক্ষীয় সৈন্য সংহত হইলে, যদি ব্রাহ্মণ তাহাদের মধ্যবর্ত্তী হন, তাহা হইলে তৎকালে উভয়পক্ষে শান্তি অবলম্বন করিয়া যুদ্ধ হইতে নিবৃত্ত হইবে। যাহারা ব্রাহ্মণকে লঙ্ঘন করে, তাহারা নিত্যমর্য্যাদা ভেদ করিয়া থাকে। অধিকন্তু যাহারা ঐ মর্য্যাদা লঙ্ঘন করে, তাহারাই অধম ক্ষত্রিয় মধ্যে পরিগণিত হইয়া থাকে। ম, শা ৯৬ অ। ৮—৯।

১৪২। শত্রুদিগকে প্রহার করিবার পূর্ব্বে এবং প্রহারসময়ে প্রিয় বাক্য বলিবে এবং প্রহার করিয়া রোদন ও শোক প্রকাশপূর্ব্বক তাহাদের প্রতি কৃপা করিবে। আর আহত ও প্রহর্ত্তা পুরুষদিগকে গোপনে সম্মান-পূর্ব্বক এই কথা বলিবে "মদীয় সৈন্যগণ সংগ্রামে শূর পুরুষদিগকে নিহত করিয়া আমার অতিশয় অনিষ্ট করিয়াছে, আমি বারংবার তাহাদিগকে

১৪১। অনীকয়ো সংহতয়োর্যদীয়াদ্‌ব্রাহ্মণোঽন্তরা।
শান্তিমিচ্ছন্‌ উভয়তো ন যোদ্ধব্যং তদা ভবেৎ॥
মর্য্যাদাং শাশ্বতীং ভিন্দ্যাদ্‌ ব্রাহ্মণং যোঽভিলঙ্ঘয়েৎ।
অথ চেল্লঙ্ঘয়েদেব মর্য্যাদাং ক্ষত্রিয়ব্রুবঃ॥ ম, শা, ৯৬ অ। ৮—৯।

১৪২। প্রহরিষ্যন্‌ প্রিয়ং ব্রূয়াৎ প্রহরন্নপি ভারত।
প্রহৃত্য চ কৃপায়ীত শোচন্নিব রুদন্নিব॥
ন মে প্রিয়ং যন্নিহতাঃ সংগ্রামে মামকৈর্নরৈঃ।
ন চ কুর্ব্বন্তি মে বাক্যমুচ্যমানাঃ পুনঃ পুনঃ॥
অহো জীবিতমাকাঙ্ক্ষেন্নেদৃশো বধমর্হতি।
সুদুর্লভাঃ সুপুরুষাঃ সংগ্রামেষ্বপলায়িনঃ॥
কৃতং মমাপ্রিয়ং তেন যেনায়ং নিহতো মৃধে।
ইতি বাচা বদন্‌ হন্তৄন্‌ পূজয়েত রহোগতঃ॥

বলিয়াছি, তাহারা আমার নিষেধ বাক্য রক্ষা করে নাই। আহা! সমরে অপরাঙ্মুখ সুপুরুষ অতি দুর্লভ, আমি তাহাদের জীবন আকাঙ্ক্ষা করিতেছি, ঈদৃশ বধ অত্যন্ত অনুপযুক্ত হইয়াছে। যিনি সংগ্রামে এই শূরকে নিহত করিয়াছেন, তিনি আমার অনিষ্ট ভিন্ন ইষ্ট করেন নাই।” এই কথা কহিয়া গোপনে প্রহর্ত্তাদিগকে সম্মানিত করিবেন। জনসংগ্রহণেচ্ছু নরপতি আহত ও প্রহর্ত্তাদিগকে এইরূপ কহিয়া অপরাধী ব্যক্তিদিগের বাহু যুগল গ্রহণপূর্ব্বক তাহাদের প্রতি আক্রোশ করিবেন। নির্ভয় ধর্ম্মজ্ঞ নৃপতি এইরূপে সকল অবস্থাতেই সান্ত্বনাপূর্ব্বক কার্য্য করিলে, সকল প্রাণীরই প্রিয় হন, ইচ্ছামত ভোগ করিতে পারেন এবং সকলেই তাঁহাকে বিশ্বাস করিয়া থাকে। অতএব যে রাজা পৃথিবী ভোগ করিতে অভিলাষী হইবেন, তিনি অকপটে সকলকেই বিশ্বাস করিবেন এবং সর্ব্বতোভাবে রক্ষণাবেক্ষণ করিবেন। ম, শা, ১০২। ৩৪—৪১।

(যুদ্ধে অবধ্য।)

১৪৩। (ক) যে ব্যক্তি “তোমারই আমি” এই কথা বলে, ক্লীব,

হন্তৃণামাহতানাঞ্চ যৎ কুর্য্যুরপরাধিনঃ।
ক্রোশেদ্বাহুং প্রগৃহ্যাপি চিকীর্ষন্ জনসংগ্রহম্॥
এবং সর্ব্বাস্ববস্থাসু সান্ত্বপূর্ব্বং সমাচরেৎ।
প্রিয়ো ভবতি ভূতানাং ধর্ম্মজ্ঞো বীতভীর্নৃপঃ॥
বিশ্বাসং চাত্র গচ্ছন্তি সর্ব্বভূতানি ভারত।
বিশ্বস্তঃ শক্যতে ভোক্তুং যথাকামমুপস্থিতঃ॥
তস্মাদ্বিশ্বাসয়েদ্রাজা সর্ব্বভূতান্যমায়য়া।
সর্ব্বতঃ পরিরক্ষেচ্চ যো মহীং ভোক্তুমিচ্ছতি॥ ম, শা, ১০২ অ। ৩৪—৪১।

১৪৩ (ক) তবাহং বাদিনং ক্লীবং নির্হেতিং পরসঙ্গতম্।
ন হন্যাদ্বিনিবৃত্তঞ্চ যুদ্ধপ্রেক্ষণকাদিকম্॥ যাজ্ঞ, ১ অ। ৩২৬।

নিরস্ত্র, অপরের সহিত যুদ্ধে আসক্ত, যুদ্ধ হইতে বিরত, যুদ্ধদর্শী, এবং বাদ্যকর-চারণাদি, এই সকল ব্যক্তিকে মারিবে না। যাজ্ঞ, ১ অ। ৩২৬। (খ) রথ পরিত্যাগপূর্ব্বক স্থলারূঢ়, নপুংসক, প্রাণভয়ে কৃতাঞ্জলি, মুক্তকেশে পলায়মান, যুদ্ধে নিবৃত্ত হইয়া আসনোবিষ্ট অথবা যে "আমি তোমার" এই কথা বলে, এরূপ শত্রু কদাপি বধ্য নহে। মনু, ৭ অ। ৯১।

১৪৪। বর্ম্মহীন, নিরস্ত্র, নিদ্রিত, উলঙ্গ, যুদ্ধ-বিমুখ, কেবলমাত্র দর্শনার্থ সমাগত এবং অন্যের সহিত যুদ্ধে আসক্ত এ কয়েক ব্যক্তিও যোদ্ধার অবধ্য। ভগ্নাস্ত্র, পুত্রশোকে কাতর, শত্রুবাণে অর্জ্জর-কলেবর, যুদ্ধভয়ে ভীত এবং রণপরাঙ্মুখ, ইহারা সদাশয় রাজার অবধ্য। মনু, ৭ অ। ৯২—৯৩।

১৪৫। অধর্ম্মযুক্ত বিজয় অনিত্য, তাহাতে স্বর্গলাভ হয় না; প্রত্যুত তাদৃশ বিজয় মহী ও মহীপতি উভয়কেই নষ্ট করিয়া থাকে। অতএব যে ব্যক্তি সমরে বিশীর্ণ-কবচ হইয়া কৃতাঞ্জলি সহকারে "আমি আপনার

(খ) ন চ হন্যাৎ স্থলারূঢ়ং ন ক্লীবং ন কৃতাঞ্জলিম্।
ন মুক্তকেশং নাসীনং ন তবাস্মীতি বাদিনম্॥ মনু, ৭ অ। ৯১।

১৪৪। ন সুপ্তং ন বিসন্নাহং ন নগ্নং ন নিরায়ুধম্।
নাযুধ্যমানং পশ্যন্তং ন পরেণ সমাগতম্॥
নায়ুধব্যসনপ্রাপ্তং নার্ত্তং নাতি পরীক্ষিতম।
ন ভীতং ন পরাবৃত্তং সতাং ধর্ম্মমনুস্মরন্॥ মনু, ৭ অ। ৯২—৯৩।

১৪৫। অধর্ম্মযুক্তো বিজয়ো হ্যধ্রুবোঽস্বর্গ্য এব চ।
সাদয়ত্যেষ রাজানং মহীঞ্চ ভরতর্ষভ॥
বিশীর্ণং কবচং চৈব তবাস্মীতি চ বাদিনম্।
কৃতাঞ্জলিং ন্যস্তশস্ত্রং গৃহীত্বা ন বিহিংসয়েৎ॥ ম, শা, ৯৬ অ। ২—৩।

শরণাগত হইলাম” এই কথা বলিয়া শস্ত্র-পরিত্যাগ করে, মহীপতি তাদৃশ মানবকে সমরে হিংসা করিবেন না। ম, শা, ৯৬ অ। ২—৩।

১৪৬। যাহারা মোক্ষমার্গ অবলম্বন করিবে, পলায়ন, গমন, পান এবং ভোজন করিবে তাহাদিগকে এবং প্রসুপ্ত, তৃষিত, শান্ত ও বিক্ষিপ্ত ব্যক্তিগণকে আহত করিবে না। যাহারা অতিক্ষিপ্ত, ব্যতিক্ষিপ্ত, প্রতনূকৃত, অবিশ্রব্ধ, কৃতারম্ভ, সুরুঙ্গাদিগুপ্তউপায়জ্ঞ, প্রতাপিত, তৃণাদি আহরণার্থে বহির্গত, তৃণাদি আহরণকারী; স্বকৃত গৃহের অনুসারী এবং রাজদ্বার ও অমাত্যদ্বারের অনুবর্ত্তী এই সমুদায়ের অধিপতি হয়, তাহাদিগকে নিহত করিবে না। ম, শা, ১০০ অ। ২৬—২৯।

১৪৭। যে মদমত্ত, সুপ্ত, শরণাগত, পলায়নোদ্যত; আয়ুধ-রহিত ও ক্ষীণবল ব্যক্তিকে বিনাশ করে, সে “ভ্রূণহত্যাকারী” বলিয়া লোকমধ্যে বিখ্যাত হয়। বা, কি, ১১ স। ৩৬।

১৪৮। যুদ্ধ হইতে নিবৃত্ত, লুক্কায়িত, কৃতাঞ্জলিপুটে শরণাগত, পলায়মান অথবা মত্ত শত্রুকে নিহত করা বিধেয় নহে। বা, ল, ৮০ স। ৩৯।

১৪৬ “প্রসুপ্তাংস্তৃষিতান্ শ্রান্তান্ প্রকীর্ণান্নাভিঘাতয়েৎ॥”
মোক্ষে প্রয়াণে চলনে পানভোজন কালয়োঃ।
অতিক্ষিপ্তান্ ব্যতিক্ষিপ্তান্ নিহতান্ প্রতনূকৃতান্॥
অবিশ্রব্ধান্ কৃতারম্ভানুপন্যাসান্ প্রতাপিতান্।
বহিশ্চরানুপন্যাসান্ কৃতবেশ্মানুসারিণঃ॥
পারম্পর্য্যাগতে দ্বারে যে কেচিদনুবর্ত্তিনঃ।
পরিচর্য্যাবতো দ্বারে যে চ কেচন বর্গিণঃ॥ ম, শা, ১০০ অ। ২৬—২৯।

১৪৭। যো হি মত্তং প্রমত্তং বা ভগ্নং বা রহিতং কৃশম্।
হন্যাৎ স ভ্রূণহা লোকে ত্বদ্বিধং মদমোহিতম্॥ বা, কি, ১১ স। ৩৬।

১৪৮। অযুধ্যমানং প্রচ্ছন্নং প্রাঞ্জলিং শরণাগতম্।
পলায়মানং মত্তং বা ন হন্তুং ত্বমিহার্হসি॥ বা, ল, ৮০ স। ৩৯।

(যুদ্ধে সন্ধি ব্যবহার।)

সন্ধি দুই স্থলে ব্যবহার করিতে হয় যথা,—(প্রথম) যুদ্ধারম্ভের পূর্ব্বে স্বকীয় বল বিবেচনাপূর্ব্বক অশক্ত বোধ হইলে, সন্ধি। (দ্বিতীয়) যুদ্ধকার্য্যের পর স্বকীয় বলক্ষয় হইয়া অশক্ত হইয়া পড়িলে, পরাজিত হইয়া সন্ধি।

(যুদ্ধারম্ভের পূর্ব্বে সন্ধি করণ।)

১৪৯। এক ব্যক্তির নিয়ত জয় এবং নিয়তই পরাজয় হয় না, জয় পরাজয় উভয়ই হইয়া থাকে, অতএব ভোগ্য বস্তু দ্বারা শত্রুর সহিত সন্ধি করা কর্ত্তব্য। জয় এবং পরাজয় উভয়ই আপনাতে দেখিতে পাওয়া যায়, নিঃশেষকারীদিগের নিঃশেষকরণ নিবন্ধন ভয় হইয়া থাকে। ম, শা, ১০৬ অ। ১৮—১৯।

১৫০। রাজা শত্রুদিগের ভেদার্থ চর প্রেরণ করিবেন, শত্রুদিগের মধ্যে যে প্রধান হইবে, রাজা তাহার সহিত সন্ধি করিবেন। এইরূপ না করিলে যাহাতে শত্রুর সহিত সর্ব্বতোভাবে প্রতিকূলতা হয়, শত্রুদিগকে তাদৃশ পীড়ন করা অসাধ্য হইয়া উঠে। ম, শা, ১০২ অ। ২৭—২৮।

১৪৯। নৈব নিত্যং জয়স্তাত নৈব নিত্যং পরাজয়ঃ।
তস্মাদ্ভোজয়িতব্যশ্চ ভোক্তব্যশ্চ পরোজনঃ॥
আত্মন্যপি চ সংদৃশ্যাবুভৌ জয়পরাজয়ৌ।
নিঃশেষ কারিণাং তাত নিঃশেষ করণাদ্ভয়ম্॥ ম, শা, ১০৬ অ। ১৮—১৯।

১৫০। আন্তরাণাঞ্চ ভেদার্থং চরানভ্যবচারয়েৎ।
যশ্চ তস্মাৎ পরো রাজা তেন সন্ধিঃ প্রশস্যতে॥
ন হি তস্যান্যথা পীড়া শক্যা কর্ত্তুং যথাবিধা।
যথা সার্দ্ধমমিত্রেণ সর্ব্বতঃ প্রতিবাধনম্॥ ম, শা, ১০২ অ। ২৭—২৮।

১৫১। ক্ষয়, বৃদ্ধি, পালন ও সঞ্চয় বিবেচনা করিয়া মতিমান্ নৃপতি ঐশ্বর্য্যকামী ও বিজিগীষু রাজাদিগকে একত্র মিলিত দেখিয়া তাঁহাদিগের সহিত সন্ধি করিবেন; অতএব বুদ্ধিমান্ ব্যক্তিকে আশ্রয় করা রাজার অবশ্য কর্ত্তব্য। ম, শা, ১২০ অ। ৪১।

১৫২। শত্রুসাধারণকার্য্যে দুর্ব্বলব্যক্তি অপেক্ষাকৃত বলবান্ বিপক্ষের সহিত সন্ধি করিয়া, তাহার সহিত পুনঃ সমাগম হইলে, যুক্তি অনুসারে ব্যবহার করিবে এবং কৃতকার্য্য হইয়াও তাহাকে বিশ্বাস করিবে না। এই নীতিবাক্য ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গের সহিত সুসঙ্গত। ম, শা, ১৩৮ অ। ২১৫—২১৬।

১৫৩। যখন রাজা নিশ্চয় বুঝিতে পারিবেন যে, অল্পদিন পরেই তাঁহার সৈন্য সংখ্যা বৃদ্ধি হইবে এবং অপেক্ষাকৃত দৃঢ়তা লাভ করিবে, তখন আপাততঃ সামান্য ক্ষতি স্বীকার করিয়াও তাঁহার যুদ্ধ না করিয়া সন্ধি করা কর্ত্তব্য। মনু, ৭ অ। ১৬৯।

১৫৪। যদি বিপক্ষ রাজা যুদ্ধ না করিয়া মিত্রভাবে বিজিগীষুর হস্তে

১৫১। ক্ষয়ং বৃদ্ধিং পালনং সঞ্চয়ং বা, বুদ্ধ্যাঽপ্যুভৌ সংহতৌ সর্ব্বকামৌ।
তত্তশ্চান্যন্মতিমান্ সন্দধীত, তস্মাদ্রাজা বুদ্ধিমন্তাং শ্রয়েত ॥
ম, শা, ১২০ অ। ৪১।

১৫২। "শত্রুসাধারণে কৃত্যে কৃত্বা সন্ধিং বলীয়সা ॥"
সমাগমে চরেদ্‌যুক্ত্যা কৃতার্থো ন চ বিশ্বসেৎ।
অবিরুদ্ধাং ত্রিবর্গেণ নীতিমেতাং মহীপতে ॥ ম, শা, ১৩৮ অ। ২১৫—২১৬।

১৫৩। যদাবগচ্ছেদায়ত্যামাধিক্যং ধ্রুবমাত্মনঃ।
তদাত্বে চাল্পিকাং পীড়াং তদা সন্ধিং সমাশ্রয়েৎ ॥ মনু, ৭ অ। ১৬৯।

১৫৪। সহ বাপি ব্রজেদ্‌যুক্তঃ সন্ধিং কৃত্বা প্রযত্নতঃ।
মিত্রং হিরণ্যং ভূমিং বা সম্পশ্যংস্ত্রিবিধং ফলম্ ॥ মনু, ৭ অ। ২০৬।

আত্ম-সমর্পণ করেন, অথবা উৎকৃষ্ট রত্নাদি দান কিংবা স্বরাজ্যের কিয়দংশ দান করেন, তবে বিজিগীষুর কর্ত্তব্য, যুদ্ধপরিবর্ত্তে তাঁহার সহিত সন্ধি-সংস্থাপন পূর্ব্বক স্বরাজ্যে প্রস্থান করা। মনু, ৭ অ। ২০৬।

১৫৫। বিজ্ঞব্যক্তির অপেক্ষাকৃত প্রবল বৈরীর সহিত সন্ধি করা বিহিত। ম, শা, ১৩৮ অ। ২০২।

১৫৬। উপযুক্ত সময় উপস্থিত হইলে শত্রুর সহিত সন্ধি করিবে এবং সময়ানুসারে সখার সহিতও বিগ্রহ করিতে প্রবৃত্ত হইবে, সন্ধি-বিগ্রহবিৎ পণ্ডিতগণকর্ত্তৃক এইরূপ সিদ্ধান্ত কর্ত্তব্য বলিয়া কথিত হয়। এই শাস্ত্রার্থ অবগতিপূর্ব্বক ভয়ের কারণ উপস্থিত হইবার পূর্ব্বেই সমাহিত ও সাবধান হইয়া ভীতের ন্যায় অবস্থান করিবে। ভয় উপস্থিত হইবার পূর্ব্বে সভয়

১৫৫। "অরিণাপি সমর্থেন সন্ধিং কুর্ব্বীত পণ্ডিতঃ ॥" ম, শা, ১৩৮ অ। ২০২।

১৫৬। "কালেন রিপুণা সন্ধিঃ কালে মিত্রেণ বিগ্রহঃ ॥"
কার্য্য ইত্যেব সন্ধিজ্ঞাঃ প্রাহুর্নিত্যং নরাধিপ।
এতজ্‌জ্ঞাত্বা মহারাজ শাস্ত্রার্থমভিগম্য চ ॥
অভিযুক্তঃ প্রসন্নশ্চ প্রাগ্‌ভয়াদ্ভীতবচ্চরেৎ।
ভীতবৎ সন্নিধিঃ কার্য্যঃ প্রতিসন্ধিস্তথৈব চ ॥
ভয়াদুৎপদ্যতে বুদ্ধিরপ্রমত্তাভিযোগতঃ।
ন ভয়ং বিদ্যতে রাজন্ ভীতস্যানাগতেভয়ে ॥
অভীতস্য চ বিশ্রস্তাৎ সুমহজ্জায়তে ভয়ম্।
অভীশ্চরতি যো নিত্যং মন্ত্রোদেয়ঃ কথঞ্চন ॥
অবিজ্ঞানাদ্ধি বিজ্ঞাতো গচ্ছেদাস্পদদর্শিষু।
তস্মাদভীতবদ্ভীতো বিশ্বস্তো বহু বিশ্বসন্ ॥
"কার্য্যাণাং গুরুতাং প্রাপ্য নানৃতং কিঞ্চিদাচরেৎ।" ম, শা, ১৩৮ অ। ২০৯—২১৩।

ব্যবহার এবং শত্রুর সহিত সন্ধি করা অবশ্য কর্ত্তব্য ; ভয় হইতে সাবধান-বুদ্ধি হইয়া থাকে। যাহারা ভয়ের কারণ উপস্থিত না হইতেই ভীত হয়, তাহাদের কখনই ভয় জন্মে না। আর যাহারা নির্ভীক-চিত্তে সকলের প্রতি বিশ্বাস করে, তাহাদিগের সর্ব্বদাই ভয় উপস্থিত হইয়া থাকে। "একান্ত ভীরু হইবে না" এরূপ মন্ত্রণা দেওয়া কোন প্রকারে বিহিত নহে, ভয়শীল ব্যক্তি আপনাকে অবিজ্ঞ বিবেচনা করিয়া বহুদর্শী পণ্ডিত-গণের সন্নিধানে সতত গমন করিয়া থাকে, অতএব বিজ্ঞব্যক্তি ভীত হইয়া অভীতের ন্যায় অবস্থান এবং অবিশ্বস্তজনের নিকটে বিশ্বাস প্রদর্শন করতঃ কার্য্য সকলের গুরুতা বিবেচনা করিয়াও লোকের নিকট মিথ্যা ব্যবহার করিবে না। ম, শা, ১৩৮ অ। ২০৭—২১৩।

১৫৭। যখন নরপতি স্বয়ং আপনাকে হীনবল বিবেচনা করিবেন, তৎকালে অমাত্যগণের সহিত মন্ত্রণা করিয়া, বলবানের সহিত সন্ধি করিবেন। ম, শা, ৬৯ অ। ১৪।

১৫৮। যদিও শত্রু অপেক্ষা আপনার হীনত্ব বিবেচনা না করেন, তথাপি কিঞ্চিৎ স্বার্থলাভের প্রত্যাশা থাকিলে, বিচক্ষণ নরপতি শত্রুর সহিত সত্বরে সন্ধি করিবেন। ম, শা, ৬৯ অ। ১৫।

১৫৯। যাঁহারা গুণবান্, মহোৎসাহ, ধর্ম্মজ্ঞ এবং সাধু, ভূপতি এতা-

---

১৫৭। যদা তু হীনং নৃপতির্বিদ্যাদাত্মানমাত্মনা।
অমাত্যৈঃ সহ সংমন্ত্র্য কুর্য্যাৎ সন্ধিং বলীয়সা॥ ম, শা, ৬৯ অ। ১৪।

১৫৮। অজ্ঞায়মানে হীনত্বে সন্ধিং কুর্য্যাৎ পরেণ বৈ।
লিপ্সুর্ব্বা কঞ্চিদেবার্থং ত্বরমাণো বিচক্ষণঃ॥ ম, শা, ৬৯ অ। ১৫।

১৫৯। গুণবন্তো মহোৎসাহা ধর্ম্মজ্ঞাঃ সাধবশ্চ যে।
সন্দধীত নৃপস্তৈশ্চ রাষ্ট্রং ধর্ম্মেণ পালয়ন্॥ ম, শা, ৬৯ অ। ১৬।

দৃশ লোক সকলের সহিত সন্ধি করিয়া ধর্ম্মানুসারে রাজ্য পালন করিবেন। ম, শা, ৬৯ অ। ১৬।

১৬০। যে রাজা চতুর্দ্দশ বিদ্যায় পারদর্শী হইয়া নীতিশাস্ত্র অনুসারে কার্য্য করেন, তিনিই শক্রবর্গকে বশীভূত এবং ঐশ্বর্য্য রক্ষা করিতে সমর্থ হন। যিনি যথাসময়ে শক্রর সহিত সন্ধি অথবা বিগ্রহ করিয়া স্বপক্ষ বর্দ্ধন করেন, তিনিই মহৎ ঐশ্বর্য্য লাভ করিয়া থাকেন। নৃপতি কখনই শক্রর প্রতি অবজ্ঞা প্রদর্শন করিবেন না, স্বয়ং শক্র অপেক্ষা হীনবল অথবা সমান বল হইলেও সন্ধি করিবেন, কিন্তু শক্র অপেক্ষা প্রবল হইলে বিগ্রহ করাই কর্ত্তব্য। বা, ল, ৩৫ স। ৭—৯।

১৬১। কার্য্যসকলের সামর্থ্য নিবন্ধন অমিত্রও মিত্রতা প্রাপ্ত হয়, মিত্রও অমিত্র ভাবে দূষিত হইয়া উঠে, সুতরাং কার্য্যের গতি সততই অনিত্য, অতএব কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয় বিশেষরূপে নিশ্চয় করিতে হইলে, দেশকাল বিবেচনা করিয়া কাহারও প্রতি বিশ্বাস করা এবং কাহারও সহিত বিগ্রহ করা বিধেয়। হিতৈষী পণ্ডিতদিগের সহিত চেষ্টা করিয়াও

১৬০। বিদ্যাস্বভিবিনীতো যো রাজা রাজন্ নয়ানুগঃ।
স শাস্তি চিরমৈশ্চর্য্যমরীংশ্চ কুরুতে বশে॥
সন্দধানো হি কালেন বিগৃহ্ণংশ্চারিভিঃ সহ।
স্বপক্ষে বর্দ্ধনং কুর্ব্বন্ মহদৈশ্বর্য্যমশ্নুতে॥
হীয়মানেন কর্ত্তব্যো রাজ্ঞা সন্ধিঃ সমেন চ।
ন শক্রমবমন্যেত জ্যায়ান্ কুর্ব্বীত বিগ্রহম্॥ বা, ল, ৩৫ স। ৭—৯।

১৬১। অমিত্রো মিত্রতাং যাতি মিত্রঞ্চাপি প্রদুষ্যতি।
সামর্থ্যযোগাৎ কার্য্যাণামনিত্যা বৈ সদা গতিঃ॥
তস্মাদ্বিশ্বসিতব্যঞ্চ বিগ্রহঞ্চ সমাচরেৎ।
দেশং কালঞ্চ বিজ্ঞায় কার্য্যাকার্য্য বিনিশ্চয়ে॥

সন্ধি করা উচিত, আর প্রাণরক্ষার কারণ অমিত্রগণের সহিতও সন্ধিবন্ধন বিধেয়। যে অপণ্ডিত মানব অমিত্রগণের সহিত সন্ধি স্থাপন না করে, সে কোন অর্থ বা ফল প্রাপ্ত হয় না। আর যে ব্যক্তি অর্থযুক্তি অবলোকন-পূর্ব্বক সময়ানুসারে অমিত্রের সহিত সন্ধি এবং মিত্রের সহিত বিরোধ করিয়া থাকে, সে মহৎ ফল প্রাপ্ত হয়। ম, শা, ১৩৮ অ। ১৩—১৭।

(পরাজিত রাজার সন্ধি।)

১৬২। বিজয়ার্থ বহির্গত বিজিগীষু নৃপতি যদি ধর্ম্মতঃ অর্থ উপার্জ্জনে নিপুণ ও শুচি হন, তবে বিপক্ষকর্ত্তৃক বিজিত পূর্ব্বভুক্ত রাজ্য প্রভৃতি সান্ত্বনাবাদ দ্বারা তাহা হইতে বিমোচন করতঃ শীঘ্র সন্ধি স্থাপন করিবেন। যে ব্যক্তি বলবান্ ও পাপবুদ্ধি হইয়া অধর্ম্ম অনুসারে বিজয় ইচ্ছা করে, কতিপয় গ্রাম দান করিয়া তাহার সহিতও সন্ধি করিতে সম্মত হইবে, অথবা রাজধানী পরিত্যাগপূর্ব্বক দ্রব্যসঞ্চয় দান দ্বারা আপদ্ হইতে উত্তীর্ণ

সন্ধাতব্যং বুধৈর্নিত্যং ব্যবস্য চ হিতার্থিভিঃ।
অমিত্রৈরপি সন্ধেয়ং প্রাণা রক্ষ্যা হি ভারত॥
যো হ্যমিত্রৈর্নরো নিত্যং ন সন্দধ্যাদপণ্ডিতঃ।
ন সোঽর্থং প্রাপ্নুয়াৎ কিঞ্চিৎ ফলান্যপি চ ভারত॥
যস্ত্বমিত্রেণ সন্দধ্যান্মিত্রেণ চ বিরুধ্যতে।
অর্থযুক্তিং সমালোক্য সুমহদ্বিন্দতে ফলম্॥ ম, শা, ১৩৮ অ। ১৩—১৭

১৬২। বাহুশ্চেদ্বিজিগীষুঃ স্যাদ্ধর্ম্মার্থকুশলঃ শুচিঃ।
জবেন সন্ধিং কুর্ব্বীত পূর্ব্বভুক্তান্ বিমোচয়েৎ॥
যোঽধর্ম্মবিজিগীষুঃ স্যাদ্বলবান্ পাপনিশ্চয়ঃ।
আত্মানঃ সন্নিরোধেন সন্ধিং তেনাপি রোচয়েৎ॥

হইবে; যদি রাজগুণযুক্ত হইয়া জীবিত থাকে, তবে দ্রব্যাদি পুনরায় উপার্জ্জন করিতে পারে। ধন ও সৈন্য পরিত্যাগ করিলে যে সকল আপদ্ নিরারণ হয়, কোন্ অর্থধর্ম্মজ্ঞ রাজা তদ্বিষয়ে আত্মদান করিয়া থাকেন? অন্তঃপুর-বাসিনী কামিনীগণকে রক্ষা করিতে ইচ্ছা করিবে, তাহারা বিপক্ষের আয়ত্ত হইলে, তদ্বিষয়ে দয়া করিবার আবশ্যক নাই এবং সামর্থ্য সত্ত্বে কোনরূপেই আত্মসমর্পণ করা কর্ত্তব্য নহে। ম, শা, ১৩১অ। ৪-৮।

১৬৩। অমাত্য প্রভৃতি কোপাবিষ্ট, দুর্গ-রাজ্যাদি বিপক্ষকর্ত্তৃক আক্রান্ত, ধনাগার শূন্য, এবং মন্ত্রণা প্রকাশিত হইলে, নৃপতির কর্ত্তব্য এই যে, বিপক্ষ ধর্ম্মিষ্ঠ হইলে, অবিলম্বে তাহার নিকট সন্ধি কামনা করিবেন, তাহা হইলে অচিরাৎ বিপক্ষকে দূরীকৃত করা হয়, অথবা ধর্ম্মযুদ্ধে প্রাণ-পরিত্যাগপূর্ব্বক পরলোক গমনই শ্রেয়স্কর। ম, শা, ১৩১ অ। ১০।

১৬৪। বলবান্ ব্যক্তি বিষম বিপদে পতিত হইলে, জীবন রক্ষার জন্য সন্নিকৃষ্ট শত্রুর সহিত সন্ধি করিবে, ইহা প্রাচীন আর্য্যগণ কহিয়া থাকেন। ম, শা, ১৩৮ অ। ৪৫-৪৬।

অপ্যস্য রাজধানীং বা তরেদ্দ্রব্যেণ চাপদম্।
তদ্ভাবযুক্তো দ্রব্যাণি জীবন্ পুনরুপার্জ্জয়েৎ ॥
যাস্তু কোশবলত্যাগাচ্ছক্যাস্তরিতুমাপদঃ।
কস্তত্রাধিকমাত্মানং সন্ত্যজেদর্থধর্ম্মবিৎ ॥
অবরোধান্ জুগুপ্সেত কা সপত্নধনে দয়া।
নত্বেবাত্মা প্রদাতব্যঃ শক্যে সতি কথঞ্চন ॥ ম, শা, ১৩১ অ। ৪—৮।

১৬৩। ক্ষিপ্রং বা সন্ধিকামঃ স্যাৎ ক্ষিপ্রং বা তীক্ষ্ণবিক্রমঃ।
তদাপনয়নং ক্ষিপ্রমেতাবৎ সাম্পরায়িকম্ ॥ ম, শা, ১৩১ অ। ১০।

১৬৪। "বলিনা সন্নিকৃষ্টস্য শত্রোরপি পরিগ্রহঃ ॥"
"কার্য্যইত্যাহুরাচার্য্য বিষমে জীবিতার্থিনা ॥" ম, শা, ১৩৮অ। ৪৫—৪৬।

১৬৫। সর্ব্বলোক-প্রসিদ্ধ বুদ্ধি আশ্রয়পূর্ব্বক যুদ্ধপক্ষ পরিত্যাগ করিবার নিমিত্ত, যেরূপে বিপক্ষের বিশ্বাস হয়, তাদৃশভাবে বিনয় করিবে, স্বয়ংও সময়ানুসারে শত্রুকে বিশ্বাস করিবে। অমাত্য প্রভৃতি প্রতিকূল থাকায় যুদ্ধে অশক্ত রাজা শান্তবাদ দ্বারা বিপক্ষকে সান্ত্বনা করতঃ দুর্গ হইতে নিষ্ক্রান্ত হইয়া দেশান্তরে কিয়ৎকাল যাপনপূর্ব্বক পরিশেষে মন্ত্রণাবলে স্বয়ং রাজ্য জয় করিতে উপক্রম করিবেন। ম, শা, ১৩১অ। ১৩ ১৪।

(যুদ্ধে পরাজিতের প্রতি ব্যবহার।)

১৬৬। যে ব্যক্তি বল দ্বারা বিজত হইবে, মহীপতি তাহার সহিত যুদ্ধ না করিয়া সংবৎসরকাল "আমি আপনার দাস হইলাম" এই উক্তি জন্য তাহাকে শিক্ষা দিবেন এবং সংবৎসরান্তে ঐরূপে শিক্ষিত হইলে, পুত্রের ন্যায় তাহাকে প্রতিপালন করিবেন। ম, শা, ৯৬ অ। ৪।

১৬৭। ভয়প্রাপ্ত অথবা ক্ষীণবল হইয়া আগত কিংবা যুদ্ধে পরাজিত হইয়া শরণাগত শত্রুকে রাজা পুত্রবৎ পালন করিবেন। ম, স, ৫ অ। ৫৫।

১৬৫। সর্ব্বলোকাগমং কৃত্বা মৃদুত্বং গন্তমেব চ।
বিশ্বাসাদ্বিনয়ং কুর্য্যাদ্বিশ্বসেচ্চাপ্যুপায়তঃ॥
অপচিক্রমিষুঃ ক্ষিপ্রং সাম্না বা পরিসান্ত্বয়ন্।
বিজিগীষেত্তু মন্ত্রেণ ততঃ স্বয়মুপক্রমেৎ॥ ম, শা, ১৩১ অ। ১৩—১৪।

১৬৬। বলেন বিজিতো যশ্চ ন তং যুধ্যেত ভূমিপঃ।
সম্বৎসরং বিপ্রণয়েত্তস্মাজ্জাতঃ পুনর্ভবেৎ॥ ম, শা, ৯৬ অ। ৪।

১৬৭। কচ্চিদ্ভয়াদুপগতং ক্ষীণং বা রিপুমাগতম্।
যুদ্ধে বা বিজিতং পার্থ পুত্রবৎ পরিরক্ষসি॥ ম, স, ৫ অ। ৫৫।

১৬৮। যাহারা শত্রুকর্ত্তৃক পীড়িত হইয়া তাহাদিগের সহিত সম্পূর্ণ-রূপে সন্ধি বিধান করে, তাহাদের সহিত ক্রূরমিশ্রিত সান্ত্বভাবে পুনঃপুনঃ প্রণয় করা কর্ত্তব্য। ম, শা, ১০২ অ। ২৬।

১৬৯। যে নৃপতি জয়লাভ করিয়া ক্ষমা অবলম্বন করেন, তাঁহার যশঃ বিশেষরূপে বর্দ্ধিত হয় এবং শত্রুসকল মহা অপরাধ সত্ত্বেও তাঁহার প্রতি বিশ্বাস করিয়া থাকে। শত্রুকে সন্তপ্ত করিয়া পরে ক্ষমা করাই সাধুকার্য্য, যেহেতু কুটিল বংশাদি-দারুসকলকে সন্তপ্ত না করিয়া সরল করিলে তাহা পুনর্ব্বার প্রকৃতিস্থ হইয়া থাকে। ম, শা, ১০২ অ। ৩০-৩১।

১৭০। রাজা যুদ্ধে জয়লাভ করিয়া লব্ধ-রাজ্যস্থিত দেবতা ও ব্রাহ্মণ-দিগকে পূজার্থ ভূমি, সুবর্ণাদি বহুমূল্য দ্রব্য দান এবং অপর সমস্ত প্রজা-বর্গকে অভয় দান করিবেন। তৎপরে রাজা পরাভূত রাজপুরুষদিগের আচরণ ও অভিপ্রায় সবিশেষ অবগত হইয়া বিপক্ষ-বংশ-সম্ভূত এক ব্যক্তিকে রাজ্যাভিষিক্ত করতঃ তাহাকে তৎকালোচিত কর্ত্তব্যাকর্ত্তব্য-বিষয়ক উপদেশ দান করিবেন। মনু ৭ অ। ২০১-২০২।

১৬৮। তেষাং সান্ত্বং ক্রূরমিশ্রং প্রণয়েৎ্যেবং পুনঃ পুনঃ।
সম্পীড্যমানা হি পরৈর্যোগমায়ান্তি সর্ব্বতঃ॥ ম, শা, ১০২ অ। ২৬।

১৬৯। বিজিত্য ক্ষমমাণস্য যশো রাজ্ঞো বিবর্দ্ধতে।
মহাপরাধে হ্যপ্যস্মিন্, বিশ্বসন্ত্যপি শত্রবঃ॥
মন্যতে কর্ষয়িত্বা তু ক্ষমা সাধ্বীতি শম্বরঃ।
অসন্তপ্তন্তু যদ্দারু প্রত্যেতি প্রকৃতিং পুনঃ॥ ম, শা, ১০২ অ। ৩০—৩১।

১৭০। জিত্বা সম্পূজয়েদ্দেবান্ ব্রাহ্মণাংশ্চৈব ধার্ম্মিকান্।
প্রদদ্যাৎ পরিহারাংশ্চ খ্যাপয়েদভয়ানি চ॥
সর্ব্বেষান্তু বিদিত্বৈষাং সমাসেন চিকীর্ষিতম্।
স্থাপয়েৎ তত্র তদ্বংশ্যং কুর্য্যাচ্চ সময়ক্রিয়াম্॥ মনু, ৭ অ। ২০১—২০২।

১৭১। বিজিত রাজ্যবাসীদিগের দেশাচার ও গুরুপরম্পরাগত শাসনপ্রণালী নিজ দেশাচার-বিরুদ্ধ হইলেও যদি ধর্ম্মসঙ্গত হয়, তবে তাহাই তথায় প্রচলিত রাখা আবশ্যক এবং রত্নাদি উৎকৃষ্টদ্রব্য, দানদ্বারা তত্রত্য অভিষিক্ত রাজা ও তদমাত্যবর্গের পরিতোষ সাধন করা রাজার কর্ত্তব্য। মনু, ৭ অ। ২০৩।

১৭২। যে সময়ে পরদেশ নিজবশে আসিবে, তখন ঐ দেশের আচারব্যবহার এবং কুলাচার, পূর্ব্ব রাজার অধিকারে যেরূপ ছিল, তদ্রূপই রাখিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৪৩।

১৭৩। রাজা যুদ্ধাদি দ্বারা পরকীয় রাজ্য লাভ হইলে, সেই দেশের পূর্ব্বাপর প্রচলিত-ধর্ম্ম উচ্ছেদ করিবেন না। বিষ্ণু, ৩ অ। ২৬।

১৭৪। রাজা পরকীয় রাজ্য প্রাপ্তির পর সেই রাজ্যে পূর্ব্ব-রাজবংশীয় কোন ব্যক্তিকে অভিষিক্ত করিবেন, অর্থাৎ আপনার করদ রাজা করিবেন, রাজবংশ একেবারে উচ্ছিন্ন করিবেন না। কিন্তু সেই রাজবংশ যদি ক্ষত্রিয় না হয়, তাহা হইলে উচ্ছেদ করিতে পারিবেন। বিষ্ণু, ৩ অ। ৩০-৩১।

১৭১। প্রমাণানি চ কুর্ব্বীত তেষাং ধর্ম্ম্যান্ যথোদিতান্।
রত্নৈশ্চ পূজয়েদেনং প্রধানপুরুষৈঃ সহ ॥ মনু, ৭ অ। ২০৩।

১৭২। যস্মিন্ দেশে য আচারো ব্যবহারঃ কুলস্থিতিঃ।
তথৈব পরিপাল্যোঽসৌ যদা বশমুপাগতঃ ॥ যাজ্ঞ, ১ অ। ৩৪৩।

১৭৩। পরদেশাবাপ্তৌ তদ্দেশধর্ম্মান্ নোচ্ছিন্দ্যাৎ ॥ বিষ্ণু, ৩ অ। ২৬।

১৭৪। রাজা পরপুরাবাপ্তৌ তু তত্র তৎকুলীনমভিষিঞ্চেৎ ॥
ন রাজকুলমুচ্ছিন্দ্যাৎ অন্যত্রাকুলীনরাজকুলাৎ ॥ বিষ্ণু, ৩ অ। ৩০—৩১।

১৭৫। রাজা পৈতৃক রাজ্য বা জয়লব্ধ রাজ্যের পূর্ব্বাগত তোরণ-দ্বারের উচ্ছেদ করিবেন না। বিষ্ণু, ৩ অ। ৩৩।

(যুদ্ধে জয়লব্ধ বস্তুর বিভাগ ।)

১৭৬। ধন, ধান্য, পুত্র, অশ্ব, রথ, গজ, স্ত্রী, গবাদিপশু, স্বর্ণ-রৌপ্য ভিন্ন খনিজ তাম্রাদি ধাতু যুদ্ধজয়ী হইয়া যে যাহা প্রাপ্ত হয়, সেই তাহাতে অধিকারী হইয়া থাকে। জয়লব্ধ বস্তু যে যাহা প্রাপ্ত হইয়াছে, সে তন্মধ্যে গজ-ঘোটকাদি যুদ্ধোপযোগী বাহন এবং স্বর্ণ-রজতাদি শ্রেষ্ঠ সম্পত্তি সকল বেদোক্ত বিধি অনুসারে রাজাকে সমর্পণ করিবে এবং রাজাও একত্র জিত সমস্ত সম্পত্তি যথাযোগ্য ভাগ করিয়া যোদ্ধৃবর্গকে প্রদান করিবেন। ইহাই যোদ্ধৃবর্গের অবিগর্হিত নিত্যধর্ম্ম বলিয়া উক্ত হইয়াছে। ক্ষত্রিয় রাজা বা রাজধর্ম্মাক্রান্ত কোন ব্যক্তিরই ইহা হইতে বিচলিত হওয়া উচিত নয়। মনু ৭ অ। ৯৬—৯৮।

১৭৭। যে কন্যা বিক্রম দ্বারা হৃত হইবে, মহীপতি তাহাকে "তুমি

১৭৫। আদ্যদ্বারাণি নোচ্ছিন্দ্যাৎ॥ বিষ্ণু, ৩ অ। ৩৩।

১৭৬। রথাশ্বং হস্তিনং ছত্রং ধনং ধান্যং পশূন্ স্ত্রিয়ঃ।
সর্ব্বদ্রব্যাণি কুপ্যঞ্চ যো যজ্জয়তি তস্য তৎ॥
রাজ্ঞশ্চ দদ্যুরুদ্ধারমিত্যেষা বৈদিকী শ্রুতিঃ।
রাজ্ঞা চ সর্ব্ব যোধেভ্যো দাতব্যমপৃথগ্‌জিতম্।
এষোঽনুপস্কৃতঃ প্রোক্তো যোধধর্ম্মঃ সনাতনঃ।
অস্মাদ্ধর্ম্মান্ন চ্যবেত ক্ষত্রিয়ো ঘ্নন্ রণে রিপূন্॥ মনু, ৭ অ। ৯৬—৯৮।

১৭৭। নার্ব্বাক্ সম্বৎসরাৎ কন্যা প্রষ্টব্যা বিক্রমাহৃতা।
এবমেব ধনং সর্ব্বং যচ্চান্যৎ সহসা হৃতম্॥
ন তু বধ্যধনং তিষ্ঠেৎ পিবেয়ুর্ব্রাহ্মণাঃ পয়ঃ।
যুঞ্জীরন্নপ্যনড়ুহঃ ক্ষন্তব্যং বা তদা ভবেৎ॥ ম, শা, ৯৬ অ। ৫—৬।

আমাকে কি অন্যকে বরণ করিবে?" সংবৎসর কাল এইরূপ জিজ্ঞাসা করিবেন, পরে সেই কন্যা ঐরূপ জিজ্ঞাসিত হইয়া যদি অন্যার্থিনী হয়, তাহা হইলে তাহাকে পরিত্যাগ করিতে হইবে এবং এইরূপে ছল দ্বারা দাস-দাসী প্রভৃতি যাহা কিছু ধন হৃত হইবে, তাহাও প্রত্যর্পণ করিতে হইবে। বধ্য অর্থাৎ তস্কর প্রভৃতি দুষ্ট লোকের যে ধন হৃত হয়, তাহা স্থায়ী হয় না; অতএব তাহা ব্যয় করিতে হইবে। আর তাহাদের গাভী সকল ব্রাহ্মণদিগকে দুগ্ধ পানার্থ প্রদত্ত হইবে; বৃষ সকল ভারবহনার্থ নিযুক্ত হইবে, পরন্তু তাহারা শরণাগত হইলে, তাহাদিগকে ক্ষমা করিতে হইবে। ম, শা, ৯৬ অ। ৫—৮।

(রাজ্য-কামী নরপতির পররাজ্য-আক্রমণ।)

১৭৮। নৃপতির যুদ্ধ-যাত্রায় নির্গত হইবার বাসনা হইলে, পূর্ব্বে নগররক্ষার বিধান ও যাত্রিক দ্রব্যসকল আয়োজন করতঃ কল্যাণজনক বাক্য সকল দ্বারা অভিনন্দিত ও সুমহৎ বল-পরিবৃত হইয়া স্বচ্ছন্দে অজ্ঞ, মন্ত্রহীন, বন্ধুজন-বিহীন, অন্যের সহিত যুদ্ধে অশক্ত, অনবহিত এবং দুর্ব্বল নরপতির প্রতি যাত্রা করিবেন। যদি তাদৃশ ভূপতি বল এবং বীর্য্যে ন্যূন হইয়াও স্বীয় বীর্য্য প্রকাশ করিবার বাসনায় স্বয়ং বশীভূত

১৭৮। যাত্রায়াং যদি বিজ্ঞাতমনাক্রন্দমনন্তরম্।
ব্যাসক্তঞ্চ প্রমত্তঞ্চ দুর্ব্বলঞ্চ বিচক্ষণঃ॥
যাত্রামাজ্ঞাপয়েদ্বীরঃ কল্যঃ পুষ্টবলঃ সুখী।
পূর্ব্বং কৃত্বা বিধানঞ্চ যাত্রায়াং নগরে তথা॥
ন চ বশ্যো ভবেদস্য নৃপো যশ্চাতিবীর্য্যবান্।
হীনশ্চ বলবীর্য্যাভ্যাং কর্ষয়ংস্তৎপরোবসেৎ॥
রাষ্ট্রঞ্চ পীড়য়েত্তস্য শস্ত্রাগ্নিবিষমূর্চ্ছনৈঃ।
অমাত্যবল্লভানাঞ্চ বিবাদাংস্তস্য কারয়েৎ॥ ম, শা, ৬৯ অ। ১৯—২২।

না হন, তাহা হইলে তাঁহার রাজ্যমধ্যে অবস্থান করিয়া তাঁহাকে সর্ব্বতোভাবে উৎপীড়িত করিবেন। শস্ত্র, অগ্নি এবং বিষ দ্বারা প্রজা-বর্গকে বিমোহিত করিয়া তাঁহার রাজ্যকে পীড়িত করিবেন। স্বীয় ভৃত্য-গণের দ্বারা তাঁহার অমাত্য ও বল্লভগণের মধ্যে ভেদ জন্মাইয়া দিবেন। ম, শা, ৬৯ অ। ১৯—২২।

১৭৯। নৃপতি প্রথমতঃ মহতী চতুরঙ্গিণী সেনা সংগ্রহ করিয়া সাম দ্বারা তাহা সংস্থাপন করিবেন এবং তদনন্তর যুদ্ধে নিযুক্ত করিবেন; সংগ্রামে যুদ্ধ করিতে করিতে যদৃচ্ছাক্রমে বা দৈব বশতঃ যে জয় হয়, সেই জয় জঘন্য বলিয়া পরিগণিত হইয়া থাকে। ম, শা, ১০২ অ। ১৬—১৭।

১৮০। যৎকালে পররাজ্য শস্যাদি সম্পন্ন, শত্রু হীনবল, এবং আপনার অশ্ব, গজ, রথ, পদাতি উৎকৃষ্ট বলিয়া বিবেচিত হইবে, নৃপতি তখনই তদ্দেশ জয়ের জন্য যাত্রা করিবেন। যাজ্ঞ, ১ অ। ৩৪৮।

(অন্য নৃপতিকর্ত্তৃক আক্রান্ত ভূপতির কর্ত্তব্য।)

১৮১। (ক) অপর বলবান্ ভূপতিকর্ত্তৃক পীড়িত হইলে, বুদ্ধিমান্

১৭৯। সংভৃত্য মহতীং সেনাং চতুরঙ্গাং যুধিষ্ঠির।
সাম্নৈব বর্ত্তয়েঃ পূর্ব্বং প্রযতেথাস্ততোযুধি॥
জঘন্য এষ বিজয়ো যদ্‌যুদ্ধং নাম ভারত।
যাদৃচ্ছিকো যুধি জয়ো দৈবো বেতি বিচারণম্॥ ম, শা, ১০২ অ। ১৬—১৭।

১৮০। যদা শস্য গুণোপেতং পররাষ্ট্রং তদা ব্রজেৎ।
পরশ্চ হীন আত্মা চ হৃষ্টবাহনপূরুষঃ॥ যাজ্ঞ, ১ অ। ৩৪৮।

১৮১। (ক) যদা তু পীড়িতো রাজা ভবেদ্রাজ্ঞাবলীয়সা।
তদাভিসংশ্রয়েদ্দুর্গং বুদ্ধিমান্ পৃথিবীপতিঃ॥
বিধাবাক্রম্য মিত্রাণি বিধানমুপকল্পয়েৎ।
সামভেদান্ বিরোধার্থং বিধানমুপকল্পয়েৎ॥ ম, শা ৬৯ অ। ৩৩—৩৪।

নৃপতি দুর্গ মধ্যে * আশ্রয় গ্রহণ এবং সময়ানুসারে মিত্রগণকে আহ্বান করিয়া তাঁহাদের সহিত সাম, ভেদ অথবা বিগ্রহ বিষয়ক যুক্তি সকল নির্ণয় করিবেন। ম. শা, ৬৯ অ। ৩৩—৩৪।

(খ) বনপথ সকলে যোধগণকে সন্নিবেশিত করিবেন এবং আবশ্যক হইলে, গ্রাম সকলকে একস্থান হইতে উঠাইয়া উপনগর মধ্যে প্রবেশিত করিবেন। ম, শা, ৬৯ অ। ৩৫।

(গ) রাজ্যের মধ্যে যে সকল গুপ্ত ও দুর্গম স্থান আছে, যুদ্ধ উপস্থিত হইলে, ধনশালী এবং বলমুখ্যগণকে মিষ্ট বাক্যের দ্বারা সান্ত্বনা করিয়া, তাদৃশ স্থানে প্রেরণ করিবেন। ম, শা, ৬৯ অ। ৩৬।

(ঘ) নৃপতি স্বয়ং উপস্থিত থাকিয়া স্বীয় রাজ্যের শস্য সকল আহরণ করিবেন এবং তন্মধ্যে প্রবেশ করিতে না পারিলে, তাহার চতুর্দ্দিকে অগ্নি সংযোগ দ্বারা তৎসমস্ত ভস্মীভূত করিয়া ফেলিবেন। ম, শা, ৬৯ অ। ৩৭।

(ঙ) শত্রুর মিত্রবর্গের মধ্যে ভেদ জন্মাইয়া অথবা স্বীয় বল দ্বারাই হউক, শত্রুর ক্ষেত্রস্থিত শস্য সকল নষ্ট করিবেন। ম, শা, ৬৯ অ। ৩৮।

(খ) যোধান্নাসেত মার্গেষু গ্রামাণুত্থাপয়েদপি।
প্রবেশয়েচ্চ তান্ সর্ব্বান্ শাখানগরকেষ্বপি॥ ম, শা, ৬৯ অ। ৩৫।

(গ) যে গুপ্তাশ্চৈব দুর্গাশ্চ দেশাস্তেষু প্রবেশয়েৎ।
ধনিনো বলমুখ্যাংশ্চ সান্ত্বয়িত্বা পুনঃ পুনঃ। ম, শা, ৬ অ। ৩৬।

(ঘ) তস্যাভিহারং কুর্য্যাচ্চ স্বয়মেব নরাধিপঃ।
অসম্ভবে প্রবেশস্য দহেদ্দাবাগ্নিনা ভৃশম্॥ ম, শা, ৬৯ অ। ৩৭।

(ঙ) ক্ষেত্রস্থেষু চ শস্যেষু শত্রোরুপজপেন্নরাৎ।
বিনাশয়েদ্বা তৎ সর্ব্বং বলেনাথ স্বকেন বা॥ ম, শা, ৬৯ অ। ৩৮।

---

* রাজপুর বিষয়ক সপ্তবিংশ স্তবকের ৮ দফায় য দুর্গের বিষয় লিখিত হইয়াছে আক্রান্ত ভূপতির তদ্রূপ দুর্গই আশ্রয়ণীয়।

(চ) নদীপথস্থিত সংক্রম সকল ভাঙ্গিয়া ফেলিবেন। দীর্ঘিকার জল সকল বাহির করিয়া দিবেন এবং যাহার জল বাহির করিবার উপায় নাই তাদৃশ পল্বলাদির জল বিষাদি দ্বারা দূষিত করিয়া দিবেন। ম, শা, ৬৯ অ। ৩৯।

(ছ) যাহাতে শত্রুবর্গ আশ্রয় লইতে পারে এতাদৃশ ক্ষুদ্র দুর্গ সকল ভাঙ্গিয়া ফেলিবেন। চৈত্য বৃক্ষ ভিন্ন অপর সমস্ত ক্ষুদ্র বৃক্ষের মূলোচ্ছেদন করিবেন। প্রবৃদ্ধ বৃক্ষ সকলের শাখাচ্ছেদন করিবেন, কিন্তু চৈত্যবৃক্ষের পত্র পর্য্যন্তও কোনরূপে পাতিত করিবেন না। ম, শা, ৬৯ অ। ৪১-৪২।

(জ) পরবল-পীড়িত নরপতি তৈল, বসা, মধু, ঘৃত, বহুবিধ ঔষধ এবং অর্থ সকল সঞ্চয় করিবেন। অঙ্গার, কুশ, মুঞ্জপত্র, শর, ঘাস, কাষ্ঠ, এবং বিষাক্তবাণ, শক্তি, ঋষ্টি, প্রাস প্রভৃতি অস্ত্র ও বর্ম্মাদি আবশ্যকীয় দ্রব্য সমস্ত সঞ্চয় করিবেন। ম, শা, ৬৯। ৫৬—৫৮।

(চ) নদীমার্গেষু চ তথা সংক্রমানবসাদয়েৎ।
জলং বিস্রাবয়েৎ সর্ব্বমবিস্রাব্যঞ্চ দূষয়েৎ ॥ ম, শা, ৬৯ অ। ৩৯।

(ছ) দুর্গাণাঞ্চাভিতো রাজা মূলচ্ছেদং প্রকারয়েৎ।
সর্ব্বেষাং ক্ষুদ্রবৃক্ষাণাং চৈত্যবৃক্ষান্ বিবর্জ্জয়েৎ ॥
প্রবৃদ্ধানাঞ্চ বৃক্ষাণাং শাখাং প্রচ্ছেদয়েত্তথা।
চৈত্যানাং সর্ব্বথা ত্যাজ্যমপি পত্রস্য পাতনম্ ॥ ম, শা, ৬৯ অ। ৪১—৪২।

(জ) অর্থসন্নিচয়ং কুর্য্যাদ্রাজা পরবলার্দ্দিতঃ।
তৈলং বসা মধু ঘৃতমৌষধানি চ সর্ব্বশঃ ॥
অঙ্গারকুশমুঞ্জানাং পলাশশরবর্ণিনাম্।
যবসেন্ধনদিগ্ধানাং কারয়ীত চ সঞ্চয়ান্ ॥
আয়ুধানাঞ্চ সর্ব্বেষাং শক্ত্যৃষ্টিপ্রাসবর্ম্মণাম্।
সঞ্চয়ানেবমাদীনাং কারয়ীত নরাধিপঃ। ম, শা, ৬৯ অ। ৫৬—৫৮।

(ঝ) সর্ব্বপ্রকার ঔষধ, মূল ও ফল সকল এবং বিষ, শল্য, রোগ ও কৃত্যা এই চতুর্ব্বিধ উৎপাতের উপশমকারী চতুর্ব্বিধ বৈদ্যগণকে সংগ্রহ করিবেন। ম, শা, ৬৯ অ। ৫৯।

(ঞ) চত্বর, মন্ত্রাদি অষ্টাদশবিধ তীর্থসভা এবং সাধারণ লোক সকলের গৃহে প্রণিধি (চর) নিযুক্ত করিবেন। ম, শা, ৬৯ অ। ৫২।

(ট) ভৃত্য, মন্ত্রী এবং পুরবাসিগণের মধ্যে যাহা হইতে নৃপতির শঙ্কা হইবে, তাহাকেই স্বায়ত্ত করিয়া রাখিবেন। ম, শা, ৬৯ অ। ৬১।

(ঠ) বিশেষ মিত্র কার্য্য উপস্থিত হইলেও তাহা পরিত্যাগ করিয়া বর্ত্তমান এবং ভবিষ্যৎ কার্য্য সকল চিন্তা করতঃ রণভূমিতে শত্রুর প্রতিঘাত সমর্থ শত্রুর শত্রুবর্গের সহিত মিত্রতা করিয়া তাহার শত্রুগণ দ্বারাই শত্রুকে নিজ দেশ হইতে দূরীভূত করিবেন। ম, শা, ৬৯ অ। ৪০।

সৈন্যবিভাগ।

প্রাচীনকালে সেনাবিভাগ ও সেনাগণনার প্রণালী কিরূপ ছিল, তাহা নীতি-প্রকাশিকা নামক গ্রন্থে উত্তমরূপে বর্ণিত আছে। সেনা-বিভাগের পরিভাষিক শব্দ (সাঙ্কেতিক নাম) কিরূপ ছিল এবং তাহার অর্থই বা কি ও গণনা কিরূপে হইত তাহা নিম্নে লিখিত হইল।

(ঝ) ঔষধানি চ সর্ব্বাণি মূলানি চ ফলানি চ।
চতুর্ব্বিধাংশ্চ বৈদ্যান্ বৈ সংগৃহ্ণীয়াদ্বিশেষতঃ॥ ম, শা, ৬৯ অ। ৫৯।

(ঞ) চত্বরেষ্বথ তীর্থেষু সভাস্বাবসথেষু চ।
যথার্থবর্ণং প্রণিধিং কুর্য্যাৎ সর্ব্বস্য পার্থিবঃ। ম, শা, ৬৯ অ। ৫২।

(ট) যতঃ শঙ্কা ভবেচ্চাপি ভৃত্যতোঽথাপি মন্ত্রিতঃ।
পৌরেভ্যো নৃপতের্বাপি স্বাধীনান্ কারয়ীত তান্॥ ম, শা, ৬৯অ। ৬১।

(ঠ) তদাত্বেনায়তীভিশ্চ নিবসেদ্ভূম্যনন্তরম্।
প্রতীঘাতঃ পরস্যাজৌ মিত্রকার্য্যেঽপ্যুপস্থিতে। ম, শা, ৬৯ অ। ৪০।

পত্তি,—১ রথ, ১ হস্তী, ৫ পদাতি, ৩ অশ্বারোহী এইগুলি একযোগে থাকিলে, পত্তিনামে কথিত হয়। সেনামুখ,—৩০ রথী, ৩০ হস্ত্যারোহী, ৩০০০০০ পদাতি ও ৩০০০ অশ্বারোহী সৈন্যের সমবেতকে সেনামুখ বলে। গুল্ম,—গুল্মসৈন্যে ৯ রথী, ৯০ হস্ত্যারোহী, ৯০০০ অশ্বারোহী, ৯০০০০০ পদাতি সৈন্য থাকিবেক। গণ,—২৭ রথী, ২০০ হস্তী, ২৭০০ অশ্ব, ২৭০০০০ পদাতি সৈন্যের নাম গণ। বাহিনী,—৮১ রথ, ৮১০ হস্তী, ২১০০ অশ্ব, ২১০০০০ পদাতি সৈন্যে এক বাহিনী সৈন্য হয়। পৃতনা,—পৃতনা সৈন্যে ২৪৩ রথ, ২৪০০ হস্তী, ৪০০০০ অশ্ব এবং ২০০০০০ পদাতি থাকিবেক। চমূ,—চমূ সৈন্যে ৭২৯ রথ, ৭২৯০ হস্তী, ৭২৯০০০ কিংবা ২৯০০ অশ্ব এবং ৭০০০০০০ কিংবা ২৯0000 পদাতি সম্মিলিত থাকে। অনীকিনী,—অনীকিনী নামক বিভাগে ২১৮৭ রথ, ২১৮৭০ হস্তী, ২১৮৭000 অশ্ব এবং একবিংশতিকোটী-সাতাশীলক্ষ পদাতি থাকে। অক্ষৌহিণী,—অক্ষৌহিণী সৈন্যের মধ্যে ২১৮00 রথ, ৭০ রাজা (সামন্ত), ৭০ হস্তী, ১০৯৩৫০ শস্ত্রধারী পদাতি এবং ৬৫১১০ অশ্ব বিদ্যমান থাকে।*

* অক্ষৌহিণ্যাং প্রদিষ্টানাং রথানাং ধর্ম্মচারিণাং।
সংখ্যা গণিততত্ত্বজ্ঞৈঃ সহস্রাণ্যেকবিংশতিঃ॥
উপর্য্যষ্টৌ শতান্যাহুস্তথা ভূপাশ্চ সপ্ততিঃ।
গজানান্তু পরীমাণমেতদেব বিনির্দ্দিশেৎ॥
জ্ঞেয়ং লক্ষং পদাতীনাং সহস্রাণি তথা নব।
শতানি ত্রীণি পঞ্চাশচ্ছূরাণাং শস্ত্রধারিণাম্॥
পঞ্চষষ্টিসহস্রাণি তথাশ্বানাং শতানি চ।
দশোত্তরাণি যৎপ্রাহুঃ সংখ্যা তত্ত্ববিদো জনাঃ॥

বৃদ্ধ শার্ঙ্গধরকৃত ধনুর্ব্বেদ সংগ্রহে অক্ষৌহিণীর পরিমাণ যাহা উক্ত হইয়াছে, এস্থলে তাহা লিখিত হইল। শার্ঙ্গধর বলেন যে,—

"দ্ব্যম্বরং খরষড়েন্দুনেত্রৈরক্ষৌহিণী মতা।"